The Western Court have recently observed one or two instances, in which according to the Certificate endorsed on the Sessions Judge's Warrants the execution of Capital Sentences has been rendered revolting and cruel by undue haste or carelessness, on the part of those charged with the duty, in taking down the body before life was extinct, and the consequent necessity of again suspending it The Court are therefore pleased to direct that the body of a person sentenced to death shall invariably be allowed to remain suspended for one hour at least, and that it shall not even then be removed until death shall be ascertained to have taken place

W KIRKPATRICK, *Deputy Register*

Fort William, the 27th November, 1848

CIRCULAR ORDER OF THE ACCOUNTANT GENERAL

No 111

To the Magistrates of the Districts as per accompanying Statement

Pursuant to Rule 9, of the new Ferry Fund Rules passed by Government under date the 3d January, 1848, I have the honour to annex a memorandum shewing the Surplus Ferry Funds at the disposal of your District Committee on the 1st May, 1848, prepared agreeably to the orders of Government, dated the 8th July, 1844

W MAPLES,

Asst Acctt to the Govt of Bengal

Fort William, Accountant's Office,

Judicial Department,

The 19th December, 1848

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ২৩ জানুআরি।]

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল ও সেশন জজ সাহেব বরাবরেষু।

গবর্ণমেন্টের গত মাসের ৩০ তারিখের হুকুমানুসারে সিবিল ও সেশন জজ সাহেবদিগকে জ্ঞাত করা যাইতেছে যে ছুটীবিষয়ক বিধির ১১ ধারানুসারে তাঁহারা ছুটী পাইবার যে সকল দরখাস্ত করেন তাহা সদর আদালতের দ্বারা পাঠাইতে হইবেক।

২। অন্য সকল বিষয়ে সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের ১৮৪৩ সালের ২৭ আপ্রিল তারিখের ১২ এবং ১৩৪ নম্বরী সরক্যুলর অর্ডর বহাবৎ রহিল।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ৫ জানুআরি।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত মাজিষ্ট্রেট ও শ্রীযুত জাইন্ট মাজিষ্ট্রেট সাহেব এবং আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত কমিস্যনর সাহেবেরদের শ্রীযুত প্রধান আসিষ্টান্ট সাহেব বরাবরেষু।

পশ্চিম দেশের সদর আদালতের সাহেবেরা সম্প্রতি সেশন জজ সাহেবেরদের ওয়ারন্টের পৃষ্ঠের লিখিত সর্টিফিকটের দ্বারা কএকবার দেখিয়াছেন যে প্রাণদণ্ডের হুকুম জারী করণের কার্য্য যাহারদের প্রতি সমর্পণ হইয়াছে তাহারদের অনুপযুক্ত তাগাদা ও অমনোযোগের দ্বারা যাহার প্রাণদণ্ডের হুকুম হইয়াছে তাহার প্রাণবিয়োগ না হইতেং তাহার শরীর নামাইয়া দেওয়াতে তাহার দ্বিতীয়বার ফাঁসি দিবার আবশ্যক হইয়াছে। তাহাতে ঐ প্রাণদণ্ড করণের কার্য্য অতি ঘৃণাজনক ও নিষ্ঠুর হইয়াছে। অতএব সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে যাহার প্রাণদণ্ডের হুকুম হইয়াছে তাহার শরীর নিত্য অতিক্রম এক ঘণ্টাপর্য্যন্ত টাঙ্গান থাকে এবং তাহার পরও প্রাণবিয়োগ হওনের বিষয় যাবৎ নিশ্চয় না জানা যায় তাবৎ তাহা নামান না যায়।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৮। ২৭ নবেম্বর।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরক্যুলর পত্র।

১১১ নম্বর।

নীচের কৈফিয়তের লিখিত জিলার শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

১৮৪৮ সালের ৩ জানুআরি তারিখে গবর্ণমেন্ট গুদারার টাকার বিষয়ে যে নূতন বিধি করেন তাহার ৯ নম্বরী বিধানমতে ১৮৪৮ সালের ১ মে তারিখে তোমার জিলাতে গুদারার টাকা ব্যয় করণের কমিটির অধীনে যে ফাজিল টাকা রহিল তাহার নীচের লিখিত ফর্দ্দ পাঠাইতেছি। ঐ ফর্দ্দ গবর্ণমেন্টের ১৮৪৪ সালের ৮ জুলাই তারিখের বিধিমতে প্রস্তুত হইয়াছে।

ডবলিউ মেপল্‌স।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট আক্কৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আক্কৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।

জুডিসিয়ল ডিপার্টমেন্ট।

১৮৪৮ সাল ১৯ ডিসেম্বর।

Statement shewing the Surplus Ferry Funds on the 1st May, 1848, at the disposal of each District Committee, prepared on the principle sanctioned under the orders of the Government of Bengal, dated 8th July, 1844, No 1107

	Surplus on the 30th April, 1847	Deduct Disbursements in 1847 48				Balance on the 30th April 1848	Add proportion of Collections in 1847 48	Surplus available on the 1st May, 1848
		As per Magistrate's Cash Account	Proportion of Charges as per Cash Account of the Superintendant of Police, L P	As per Civil Buildings Memorandum	Total			
1st Union								
Sarun,	45,145 9 0½	8 931 5 0	35 9 4¾	0 0 0	8,966 14 4¾	36,178 10 7¾	19,219 2 2¼	55,397 12 10
Chumparun,	49,384 10 0	20 029 10 10½	35 9 4¾	0 0 0	20 065 4 3¼	29,319 5 8¾	19 219 2 2¼	48,538 7 11
Tirhoot,	39,355 5 5¼	12 683 12 1	35 9 4¾	0 0 0	12,722 5 5¾	26,632 15 11½	19,219 2 2¼	45 852 2 1¾
2d Union								
Shahabad,	30,783 3 6¾	10,944 4 5	35 9 4¾	0 0 0	10,979 13 9¾	19,803 5 9	10 460 2 10	30,263 8 7
Patna,	23,018 7 3½	2 817 11 7½	35 9 4¾	0 0 0	2,853 5 0¼	20,165 2 3¼	10,460 2 10	30,625 5 1¼
Behar,	13 429 11 6½	4,761 12 1½	35 9 4¾	0 0 0	4,797 5 6¼	8,632 6 0¼	10,460 2 10	19,092 8 10¼
3d Union								
Monghyr,	14,416 1 6½	375 0 0	35 9 1¾	0 0 0	410 9 4¾	14,005 8 1¾	4 696 5 0¼	18 701 13 2
Bhagulpore,	2,658 0 0½	0 0 0	35 9 4¾	0 0 0	35 9 4¾	2,622 6 7¼	4,696 5 0¼	7,318 11 8
Purneah,	18,284 0 11½	4 094 0 7¾	35 9 4¾	0 0 0	4,129 10 0½	14,154 6 11	4,696 5 0¼	18,850 11 11¼
Maldah,	10,247 1 6½	3,981 1 4	35 9 4¾	0 0 0	4,016 10 8¾	6,230 6 9¾	4,696 5 0¼	10,926 11 10
4th Union								
Dinagepore,	6 641 4 6½	0 0 0	35 9 4¾	0 0 0	35 9 4¾	6,605 11 1¾	2,634 8 7¾	9,240 3 9½
Rajshahye,	3,722 13 7½	1,121 8 1	35 9 4¾	0 0 0	1,157 1 5¾	2,565 12 1¾	2,634 8 7¾	5,200 4 9½
Pubna,	14,425 7 7	227 8 0	35 9 4¾	0 0 0	263 1 4¾	14,162 6 2¼	2 634 8 7¾	16,796 14 10
Rungpore,	8,652 6 0½	2,110 4 0	35 9 4¾	0 0 0	2,145 13 4¾	6 506 8 7¾	2,634 8 7¾	9,141 1 3½
Bograh,	7,248 10 5½	2,260 6 9	35 9 4¾	0 0 0	2 296 0 1¾	4,952 10 3¾	2,634 8 7¾	7,587 2 11½
5th Union								
Mymensingh,	9,676 13 9¼	1 564 2 5	35 9 4¾	0 0 0	1,599 11 9¾	8 077 1 11½	2 053 2 4	10,130 4 3½
Sylhet,	12,981 11 10½	0 0 0	35 9 4¾	0 0 0	35 9 4¾	12,946 2 5¾	2,053 2 4	14,999 4 9¾
Dacca,	11,949 9 10¼	273 0 6	35 9 4¾	0 0 0	308 9 10¾	11,640 15 11½	2,053 2 4	13,694 2 3½
6th Union								
Chittagong,	11,129 11 11¾	8,861 4 3	35 9 4¾	0 0 0	8 896 13 7¾	2 232 14 4	3,214 6 10	5,447 5 2
Tipperah,	6,203 5 8¼	220 1 4	35 9 4¾	0 0	255 10 8¾	5,947 10 11½	3,214 6 10	9 162 1 9½
Noacolly,	18,041 15 10½	12,893 6 0	35 9 4¾	0 0 0	12,928 15 4¾	5,113 0 5¾	3,214 6 10	8,327 7 3¾
7th Union.								
Furreedpore,	2,046 14 10¼	3,528 3 0	35 9 4¾	0 0 0	3,563 12 4¾	(a)1,516 13 6½	1,085 15 11¼	(a) 430 13 7¼
Backergunge	6,125 14 10¼	0 0 0	35 9 4¾	0 0 0	35 9 4¾	6,090 5 5½	1,085 15 11¼	7,176 5 4¾
Jessore	5,489 12 4	273 0 0¾	35 9 4¾	0 0 0	313 9 5½	5,176 2 10½	1,085 15 11¼	6,262 2 9¾

	১৮৪৭ সালের ৩০ অ প্রিলের ফাজিল টাকা	১৮৪৭। ৪৮ সালের খরচ বাদে। মাজিষ্ট্রেট সাহেবের হিসাবমতে	বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্টের হিসাবমতে গড় খরচ।	দওয়ানী ইমারত ফর্দ্দঅনুসারে	মোট	১৮৪৮ সালের ৩০ আপ্রিলের জমা	১৮৪৭। ৪৮ সালে গড়ে আদায় হওয় টাকা	১৮৪৮ সালের ১ মে তারিখের জমা
সপ্তম সংযোগ								
ফরিদপুর ...	২,০৯৬৸৶১০	৩,৫২৮৶	৩৫ ॥৵ ৪৸	০	৩,৫৬৩৸৪৸	*১,৫১৬৸৵ ৬॥	১ ৮৫৸৶১১ ।	*৪৩০৸৵৭ ।
বাকরগঞ্জ	৬,১২৫৸৶১ ।	•	৩৫ ॥৵ ৪৸	০	৩৫ ॥৵ ৪৸	৬,০৯০ ৷৵৫ ॥	১,০৮৫৸৶১১ ।	৭,১৭৬ ৷৵৪৸
যশোহর	৫,৪৮৯৸৪	২৭৮৲৸	৩৫ ॥৵ ৪৸	০	৩১১ ॥৵ ৫ ॥	৫,১০৬৶১০ ॥	১,০৮৫৸৶১১ ।	৬,২৬১৶৯৸
অষ্টম সংযোগ								
নদীয়া	১৭,৭০৮ ॥৪	৫,০৭১ ৷৶৬	৩৫ ॥৵ ৪৸	০	৫,১০৭৲১০৸	১২,৬০১ ৷৶৫ ।	৪,৪৭০৸৶২ ।	১৭, ৭২ ৷৶৭ ॥
মুরশিদাবাদ	১২,৯১৭৸১১	২২,৭০৭ ৷৶৪	৩৫ ॥৵ ৪৸	০	২২,৭৪৩৲৮৸	*৯,৮২৫৶৯৸	৪,৪৭ ৸৶২ ।	৫,৩৫৪ ।৭ ॥
চব্বিশপরগনা	২৪,২৭৫৸৵১	১২৫ ৷৶	৩৫ ॥৵ ৪৸	০	১৬০৸৶৪৸	২৪,১১৪৸৵৮ ।	৪,৪৭০৸৶২ ।	২৮,৫৮৫৸১০ ॥
বারাসত	২৪,২৮৪ ॥৶৪	১,৮৮২৴৬	৩৫ ॥৵ ৪৸	০	১,৯১৭ ॥৶১০৸	২২,৬৬৭৲৫ ।	৪,৪৭০৸৶২ ।	২৭,১৩৭৸৶৭ ॥
নবম সংযোগ								
বীরভূম	১৬,৭৭১ ৷৵৫	২,৯৫৯ ॥৶৬	৩৫ ॥৵ ৪৸	০	২,৯৯৫৶১০৸	১৩,৭৭৬৴ ৬ ।	৩,৯১৩৸৮	১৭,৬৮৯৸৶২ ।
বর্দ্ধমান	১১,৯২৮৲ ৪	১,৭৮১৴ ১১	৩৫ ॥৵ ৪৸	০	১,৮১৬ ॥৶৩৸	১০,১১১ ৷৵ ০ ।	৩,৯১৩৸৮	১৪,০২৫৴৮ ।
বাঁকুড়া	৮,৩৭০৸৵ ৬ ।	৯১১ ৷৵ ৬	৩৫ ॥৵ ৪৸	০	৯৬৬৸৶১০৸	৭,৪০৩৸৶৭ ॥	৩,৯১৩৸৮	১১,৩১৭ ॥৶৩ ॥
মেদিনীপুর	৯,১৩৫৸৶১০ ।	৮,৬৭২ ॥৵ ৮	৩৫ ॥৵ ৪৸	৫১৭ ৷৵ ১১	৯,২২৫ ॥১১৸	*৮৯ ॥৵ ১ ॥	৩,৯১৩৸৮	৩,৮২৪৶৬ ॥
হুগলী	৬,৩৫৮৶৮ ।	৮৬৪৲	৩৫ ॥৵ ৪৸	০	৮৯৯ ॥৵ ৪৸	৫ ৪৫৮ ॥৶৩ ॥	৩,৯১৩৸৮	৯,৩৭২ ৷৶১১ ॥
হাবড়া	৮,১৯২ ৷৵৫ ।	১৯৫ ॥০	৩৫ ॥৵ ৪৸		২৩১৴ ৪৸	৮,৪৬১ ৷৵ ০ ॥	৩,৯১৩৸৮	১২,৩৭৫৴ ৮ ॥

* যে সকল অঙ্কের পূর্ব্বে এই চিহ্ন দেওয় যায় তাহা জিলার স্থানে পাওনা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২৩ জানুআরি।]

No 745

To the Collectors of Land Revenue, of the Bengal Presidency

With reference to the annexed copy of the orders of Government of the 30th ultimo, I have the honor to request, that on application from the Superintendent of Survey of your District you will have the goodness to advance to him upon his personal receipt, any sum not exceeding the monthly expenditure of his Office

C G MANSEL,
Acctt to the Govt of Bengal

Fort William, Accountant's Office,
Revenue Department, the 30th December, 1848

No 953

From the Under Secretary to the Government of Bengal, to C G Mansel Esq Offg Acctt to the Govt of Bengal, dated Fort William, the 30th November, 1848

I am directed to inform you, that his Honor has been pleased to authorize the Superintendents of Survey to draw in advance a sum equal to the monthly expenditure of their Offices, to be subsequently adjusted by audited Bills

(Signed) W SETON KARR,
Under Secy to the Govt of Bengal

(True Copy)

(Signed) C G MANSEL,
Acctt to the Govt of Bengal

৭৪৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

গবর্ণমেন্টের গত মাসের ৩০ তারিখের হুকুমের নীচের লিখিত নকলের উপলক্ষে আদেশ করিতেছি যে তোমার জিলার জরিপের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তোমার নিকটে দরখাস্ত করিলে তুমি তাঁহার নিজের সহী করা রসীদ লইয়া তাঁহার সিরিশ্তার মাসিক খরচের অনধিক যত টাকা চাহেন তাহা তাঁহাকে আগাম দেও।

সি জি মানসেল।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের আকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আকৌণ্টেণ্ট সাহেবের দপ্তরখানা।

রেবিনিউ ডিপার্টমেণ্ট। ১৮৪৮। ৩০ ডিসেম্বর।

৯৫৩ নম্বর।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের একটিং আকৌণ্টেণ্ট শ্রীযুত সি জি মানসেল সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৪৮। ৩০ নবেম্বর।

তোমাকে জানাইতে আদেশ পাইয়াছি যে শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব জরিপের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবদিগকে অনুমতি দিয়াছেন যে আপনারদের সিরিশ্তার মাসিক খরচ যত টাকা লাগে তাহার তুল্য টাকা তোমার স্থানে আগাম লন। ঐ টাকা পরে আডিট হওয়া বিলের দ্বারা মোকাবিলা হইবেক।

ডবলিউ সিটন কার।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী।

(যথার্থ নকল।) সি জি মানসেল।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের আকৌণ্টেণ্ট।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDER OF THE SUDDER BOARD OF REVENUE

No 21

From the Secretary to the Sudder Board of Revenue to the Commissioner of Revenue for the Division of ———

I am directed by the Sudder Board of Revenue to transmit to you, for communication to the several Collectors of your Division, the enclosed copy of a letter from Assistant Accountant Mr Maples, No 353, dated 19th instant, upon the subject of remittances of treasure, and to request you will call the attention of those officers to the Circular instructions referred to in the 2d para No 300, dated the 4th June, 1824, especially to the latter portion of the note to rule 2, and the first part of rule 3, which enjoin that the remitting Collector shall satisfy himself by personal inspection, that the amount of treasure described in the chellan is really contained in the boxes, and that the Collector receiving the remittance (in order to ascertain the contents and amount) shall, without delay, cause each box or bag to be emptied into another and passed through the scales

G PLOWDEN,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 29th December, 1848

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

২১ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমার এলাকার নানা কালেক্টর সাহেবকে জানাইবার নিমিত্তে আসিষ্টাণ্ট আকৌণ্টেণ্ট শ্রীযুত মেপল্স সাহেবের বর্ত্তমান মাসের ১৯ তারিখের ৩৫৩ নম্বরী পত্রের নীচের লিখিত নকল তোমার নিকটে পাঠাইতেছি তাহাতে এক স্থান হইতে অন্য স্থানে টাকা পাঠাইবার বিষয় লেখা আছে। এবং আদেশ করিতেছি যে তুমি ২ দফাতে যে সরকুলর পত্রের বিষয় উল্লেখ হইয়াছে অর্থাৎ ১৮২৪ সালের ৪ জুন তারিখের ৩০০ নম্বরী পত্র তাহার বিষয়ে এবং বিশেষতঃ ২ বিধির মন্তব্য কথার শেষ অংশ ও ৩ বিধির প্রথম অংশের বিষয়ে ঐ কার্য্যকারকদিগকে মনোযোগ করাও, ঐ২ বিধিতে হুকুম আছে যে যে কালেক্টর সাহেব টাকা পাঠান তিনি আপনি তদারক করিয়া দেখিবেন যে চালানের মধ্যে যত টাকা লেখা আছে তত টাকা বাক্সেতে নিতান্তই আছে এবং যে কালেক্টর সাহেবের নিকটে ঐ টাকা পঁহুছে তিনি ঐ বাক্সেতে যে টাকা প্রভৃতি আছে তাহা ও তাহার সংখ্যা নিশ্চয় জানিবার নিমিত্তে অবিলম্বে প্রত্যেক বাক্সের কি তোড়ার টাকা বাহির করিয়া অন্য বাক্সেতে রাখিয়া তাহা তৌল করেন,

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৮। ২৯ ডিসেম্বর।

No 353

To the Secretary to the Sudder Board of Revenue

I have the honor to acknowledge the receipt of your letter, No 67, dated December 13th, 1848, with its accompaniment

2 In reply, I beg to annex for the information of the Board, copy of the Circular instructions issued from this Office regarding remittances, from which they will perceive that any delay in bringing remittances to account is in opposition to its standing orders, and can only be guarded against by dealing with each individual case as it occurs

3 Any Collector who considers unreasonable delay is taking place in adjusting a remittance made by him, should report the same to the Accountant who will call upon the Officer to explain the cause If the explanation appears unsatisfactory, the Accountant will communicate the fact to the Board (should it be deemed advisable), or the Commissioner of the Division, since any such delay constitutes a neglect of duty, and is cognizable rather by the Revenue Authorities, than by the Accountant Further than by the adoption of some such plan as this, I am not aware in what way the evil complained of by Mr Forbes can be remedied

(Signed) W Mailes,
Asst Acctt Govt of Bengal

Fort William, Accountant's Office,
Revenue Department, the 19th December, 1848

(True Copy)

(Signed) G Plowden,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 29th December, 1848

NOTIFICATION

An Examination will be held early in April, 1849, in the College of Fort William, for the purpose of filling up existing Vacancies in the Military Class of the Medical College All candidates will be expected to possess a knowledge of the Hindustani Language, adequate to enable them to read and write it in the Persian or Devanagri character

2nd All Interpreters of Regiments and Battalions will be requested, through the Military Departments, not to grant certificates of qualification to any candidate under the age of fifteen and above that of twenty years, and likewise to reject all who may not pass the prescribed ordeal with a sufficient degree of fluency and facility Much disappointment, expense, and inconvenience have already been experienced by lads from distant stations being furnished with certificates, who were found on examination, quite unqualified for admission and it is with a view to prevent the recurrence of this, that the above measure has been adopted

3rd Candidates for admission will be required

৩৫৩ নম্বর।

সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেব বরাবরেষু।

১ দফা। তোমার ১৮৪৮ সালের ১৩ ডিসেম্বর তারিখের ৬৭ নম্বরী পত্র ও তাহার সঙ্গে প্রেরিত লিপি প্রাপ্ত হইয়াছি।

২ দফা। তদুত্তরে বোর্ডের সাহেবেরদের বিজ্ঞাপনার্থ টাকা পাঠাওনের বিষয়ে এই দফ্তরহইতে যে সরকুলের অর্ডর প্রেরণ করা গিয়াছিল তাহার নকল পাঠাইতেছি তাহাতে তাঁহারা দেখিবেন যে প্রেরিত টাকা খাতায় জমা করণের যে কিছু বিলম্ব হয় তাহা এই দফ্তরের চলিত বিধির বিরুদ্ধ এবং তাহা নিবারণ করণের কেবল এই উপায় যে প্রত্যেক ত্রুটি যে সময়ে ঘটে সে সময়ে তদ্বিষয়ের বিচার করা যায়।

৩ দফা। যদি কোন কালেক্টর সাহেব বোধ করেন যে তিনি যে টাকা পাঠাইয়াছেন তাহার হিসাব মোকাবিলা করিবার অনুপযুক্ত বিলম্ব হইতেছে তবে তাঁহার উচিত যে সেই বিষয়ের রিপোর্ট আকৌণ্টেণ্ট সাহেবের নিকটে করেন তাহাতে আকৌণ্টেণ্ট সাহেব ঐ কর্ম্মকারককে তাঁহার কারণ জানাইতে লিখিবেন। সে কারণ যদি মাতবর বোধ না হয় তবে আকৌণ্টেণ্ট সাহেব উপযুক্ত বোধ হইলে সেই বিষয় বোর্ডের নিকটে জানাইবেন অথবা এলাকার কমিসানর সাহেবকে জানাইবেন যেহেতুক এইমত কোন বিলম্ব কর্ত্তব্য কার্য্যের ত্রুটি হয় এবং তাহা আকৌণ্টেণ্ট সাহেবের বিচার্য্য নহে কিন্তু রাজস্বের কার্য্যকারকেরদের বিচার্য্য। এইমত কোন উপায়ভিন্ন শ্রীযুত ফরবস সাহেব যে দোষ ধরিয়া লিখিতেছেন তাহা নিবারণের অন্য কোন উপায় দেখি না।

ডবলিউ মেপল্স। বাঙ্গালা দেশের গবর্ণমেণ্টের
ফোর্ট উলিয়ম। আসিষ্টাণ্ট আকৌণ্টেণ্ট।
আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট। ১৮৪৮। ১৯ ডিসেম্বর।

(যথার্থ নকল।)

জি প্লোডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৮। ২৯ ডিসেম্বর।

John C Marshman, *Bengalee Translator*

বিদ্যাধ্যাপনের ইশ্‌তিহার।

মেডিকেল কালেজের অন্তঃপাতি দ্বিতীয় অর্থাৎ মিলিটারীসম্পর্কীয় সম্প্রদায়ের কএক পদ শূন্য হইয়াছে অতএব তাহাতে ছাত্র নিযুক্ত করিবার নিমিত্তে ১৮৪৯ সালের আপ্রিল মাসের আরম্ভে ফোর্ট উলিয়ম কালেজে ইমতিহান হইবেক। পদাকাঙ্ক্ষিরদের হিন্দুস্থানী ভাষায় এমত উপযুক্ত জ্ঞান থাকিবেক যে তাহারা পারসী কিম্বা দেবনাগর অক্ষরে তাহা পাঠ করিতে ও লিখিতে পারে।

২। রেজিমেণ্ট এবং বাটালিয়নের সকল দোভাষি সাহেবের প্রতি হুকুম হইল যে তাঁহারা পনের বৎসরের ন্যূন কি বিশ বৎসরের অধিকবয়স্ক কোন পদাকাঙ্ক্ষিকে যোগ্যতার সর্টিফিকট না দেন্ এবং যাহারা নিরূপিত পরীক্ষায় উচিতমত এবং অনায়াসে উত্তীর্ণ না হইতে পারে তাহারদিগকে অগ্রাহ্য করেন্। ইহার পূর্ব্বে দূর স্থানের যে বালকদিগকে সর্টিফিকট দেওয়া গিয়াছিল তাহারা ইমতিহানের সময়ে কালেজে ভর্ত্তি হওনের অযোগ্য বোধ হওয়াতে তাহারদিগের আশাভঙ্গ ও খরচ ও ক্লেশ হইয়াছে এবং এইরূপ বিঘ্ন উত্তর কালে না হয় এই নিমিত্তে উপরের উক্ত হুকুম দেওয়া গেল।

৩। কালেজে ভর্ত্তি হওনের আকাঙ্ক্ষি ব্যক্তিরদের

to present themselves before the Secretary to the Medical College, at least three days prior to the day of examination, in order that a proper descriptive roll may be prepared for transmission to the Examiners of the College of Fort William

4th The preference in selection, attainments being equal, will be given to those who have already been attached to, or served in Civil or Regimental Hospitals

5th No candidate will be allowed to present himself for examination, who cannot produce a written testimonial of his conduct and character, or afford satisfactory evidence as to who and what he is A few individuals of decidedly bad character have, upon recent occasions, managed to obtain admittance, it is supposed, by producing false papers , the strictest care and scrutiny will therefore be exercised in examining the credentials of all future candidates, who will, in addition, require to be furnished with regular muster rolls, in order that they may be identified

6th All pupils must, as a condition of their appointment, reside within the College premises at all times, and never be absent from morning and evening muster without special leave

7th All students in the Military Class are amenable to the Articles of War, and regularly enlisted as Soldiers

8th No candidate will be admitted to the school, who is physically unfit for the duties of a Soldier

(By order,)

FRED JAS MOUAT, M D

Secretary

Council of Education, the 10th January, 1849

আবশ্যক যে ফোর্ট উলিয়ম কালেজের পরীক্ষক সাহেবেরদের নিকটে পাঠাইবার নিমিত্তে তাহারদের এক উপযুক্ত চেহারা লিখিত হয় এজন্যে ইমতিহানের দিনের অন্যূন তিন দিন পূর্ব্বে মেডিকেল কালেজের সেক্রেটারী সাহেবের সম্মুখে তাহারা উপস্থিত হয়।

৪। ছাত্রেরদের নিপুণতা সমান হইলে যাহারা সিবিল কিম্বা সৈন্যসম্পর্কীয় হাসপাটালে ভুক্ত হইয়াছিল কিম্বা কর্ম্ম করিয়াছিল তাহারাই প্রথম মনোনীত হইবেক।

৫। পদাকাঙ্ক্ষি যে কোন ছাত্র আপন সদ্ব্যবহার ও সদাচারিতার বিষয়ে লিখিত সর্টিফিকট দাখিল করিতে না পারে কিম্বা সে কে ও কি প্রকার ব্যক্তি এই বিষয়ে খাতিরজমামতে প্রমাণ দিতে না পারে এমত কোন পদাকাঙ্ক্ষি ইমতিহানের জন্যে উপস্থিত হইতে পারিবেক না। সম্প্রতি অতি দুষ্টাচারি কএক জন বোধ হয় জালকরা সর্টিফিকট দাখিল করিয়া কালেজে ভর্ত্তি হইয়াছে অতএব উত্তর কালে সকল পদাকাঙ্ক্ষির সর্টিফিকট পরীক্ষা করণের বিষয়ে অতিশয় সাবধানতা ও সূক্ষ্ম অনুসন্ধান হইবেক। এবং তদ্ভিন্ন তাহারা তাহারাই বটে ইহা জানিবার নিমিত্তে তাহারদিগকে নিয়মিত তালিকা দেওয়া যাইবেক।

৬। সকল ছাত্রের আবশ্যক যে তাহারা নিত্য কালেজে বাস করে এবং বিশেষ অনুমতি না পাইয়া সকালে ও সায়ংকালে নাম ডাকা যাইবার সময়ে কখনো গরহাজির না হয় এই নিয়মেতে তাহারা পদে নিযুক্ত হইবেক।

৭। মিলেটারীসম্পর্কীয় সম্প্রদায়ের সকল ছাত্র যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন হইবেক এবং সিপাহীস্বরূপ তাহারদের নাম রীতিমতে ফিরিস্তিতে লেখা যাইবেক।

৮। ঐ পদাকাঙ্ক্ষি যে কোন ব্যক্তি শরীরের দোষপ্রযুক্ত সিপাহীর কর্ম্ম করিতে না পারে সে গ্রাহ্য হইবেক না।

(হুকুমক্রমে।)

এফ জে মোআট।

সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৯। ১০ জানুআরি।

রাজকর্ম্মে নিয়োগ।

৩৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ৩ জানুআরি।

শ্রীযুত বি এচ শক সাহেব (Mr V H Schalch,) গত নবেম্বর মাসের ২৯ তারিখঅবধি দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর হইবেন। অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত শ্রীযুত শক সাহেব মেদিনীপুরের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

ছুটী।

১৮৪৮ সাল ২৯ ডিসেম্বর।

মালদহের আবকারীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু হরচন্দ্র ঘোষ গত সেপ্টেম্বর মাসের ২১ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত সাত দিনের ছুটী পাইয়াছেন।

বলুয়ার আবকারীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু ধরণীধর রায় গত সেপ্টেম্বর মাসের ১৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৩ জানুআরি।

পূরণিয়ার ডেপুটী কালেক্টর শ্রীযুত জে পি ডেসা সাহেব (Mr J P Dessa,) গত আগষ্ট মাসের ৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে চারি দিনের ছুটী পাইয়াছেন।

বগুড়ার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি ইউ ইউল সাহেব (Mr G U Yule,) ছুটীবিষয়ক ওরবা বিধির ১১ ধারানুসারে আগামি ফেব্রুআরি মাসের মধ্যঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত জে সি ডজসন সাহেব (Mr J C Dodgson,) তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৯ সাল ৪ জানুআরি।

বীরভূমের সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ কারডিউ সাহেব (Mr F Cardew,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

পূর্ব্ব বর্দ্ধমানের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত ডবলিউ লুক সাহেব (Mr W Luke,) যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে দশ দিনের ছুটী পাইয়াছেন।

নদীয়ার সিবিল ও সেশন জজ শ্রীযুত জে সি ব্রৌন সাহেবকে (Mr J C Brown,) গত মাসের ১ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল ঐ মাসের ১৮ তারিখঅবধি রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ৫ জানুআরি।

শ্রীযুত এম এস গিলমোর সাহেব (Mr M S Gilmore,) গত মাসের ২৩ তারিখে কটকের সিবিল ও সে-

শন জজী কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু তারাকান্ত বিদ্যাসাগরের প্রতি অর্পণ করেন।

শ্রীযুত এ স্কন্স সাহেব (Mr A Sconce,) গত মাসের ২৩ তারিখে চাটিগাঁর অতিরিক্ত সিবিল ও সেশন জজী কর্ম্মের ভার শ্রীযুত এফ স্কিপউইথ সাহেবের (Mr F Shipwith,) স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত সি টি বক্‌লাণ্ড সাহেব (Mr C T Buckland,) গত মাসের ২৩ তারিখে চাটিগাঁর কালেক্টরী কর্ম্মের ভার শ্রীযুত এ স্কন্স সাহেবের (Mr A Sconce,) স্থানে গ্রহণ করেন।

আমাদের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এ এ ষ্টর্ট সাহেব (Captain A A Stuit,) গত মাসের ২৬ তারিখে গোআলপাড়ার দেওয়ানী ও ফৌজদারী ও রাজস্বসম্পর্কীয় ও এজেন্টী কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

ভাগলপুরের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মোআজম হুসেন গত মাসের ২৩ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

নদীয়ার সিবিল ও সেশন জজ শ্রীযুত জে সি ব্রৌন সাহেব (Mr J C Brown,) গত মাসের ২৮ তারিখে আপনার সিরিশ্‌তার কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু রামলোচন ঘোষের স্থানে পুনর্গ্রহণ করেন।

পাটনার সিবিল ও সেশন জজ শ্রীযুত আর জে লফনন সাহেব (Mr R J Loughnan,) গত মাসের ২৮ তারিখে আপনার সিরিশ্‌তার কর্ম্মের ভার অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত লালা শঙ্করলালের স্থানে পুনর্গ্রহণ করেন।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জেমস গ্রাণ্ট সাহেব (Mr James Grant,) ত্রৈমাসিক সেশন করিবার জন্যে মালদহে গমনার্থ গত মাসের ২৯ তারিখে আপন সিরিশ্‌তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী গোলাম আসগরের প্রতি অর্পণ করেন।

শ্রীযুত এফ বি কেম্প সাহেব (Mr F B Kemp,) গত মাসের ২৭ তারিখে দারজিলিঙ্গের সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্মের ভার শ্রীযুত কাপ্তান জি ডবলিউ বিশপ সাহেবের (Captain G W Bishop,) প্রতি অর্পণ করেন।

ফোর্ট উলিয়ম কালেজের সেক্রেটারী শ্রীযুত মেজর জি টি মার্শ্যাল সাহেব (Major G T Marshall,) গত মাসের ৩০ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত লেপ্টেনেণ্ট কর্ণেল এস ডি রাইলি সাহেবের (Lieut Col S D Riley,) স্থানে পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত ই এ ক্লিফটন সাহেব (Mr E A Clifton,) গত মাসের ২৫ তারিখে পুরীর নিমকের এজেণ্টী কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ এম ড্রিরম সাহেবের (Mr W M Dirom,) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

---

৬৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ৫ জানুআরি।

শ্রীযুত এ ফরবস সাহেব (Mr A Forbes,) রাজশাহীর প্রদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

১৮৪৯ সাল ৬ জানুআরি।

শ্রীযুত ডাক্তর ফকনর সাহেবের (Dr Falconer,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর এ সি মাক্রে সাহেব (Dr A C Macrae) কোম্পানি বাহাদুরের বাগানের তত্ত্বাবধারকতা কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৯ সাল ৪ জানুআরি।

সারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের সাবেক আসিষ্টাণ্ট শ্রীযুত সি এচ কাম্বেল সাহেব (Mr C H Campbell,) স্বীয় কর্ম্মোপলক্ষে আঠার দিনের ছুটী পাইয়াছেন।

বগুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি ইউ ইউল সাহেব (Mr G U Yule,) যে তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত ডজ্‌সন সাহেবের (Mr Dodgson,) প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এ এল মেলবিল সাহেব (Mr A L Melville,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

বাঁকুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এ ডবলিউ রসল সাহেব (Mr A W Russell,) স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ১২ তারিখপর্য্যন্ত কলিকাতায় থাকিবার অনুমতি পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

ঘোষণাপত্র আদালতে ফৌজদারী মকাম বাঁকুড়া জেলা বর্দ্ধমান সন ১৮৪৯ সাল তারিখ ৮ জানুআরি বাঙ্গলা সন ১২৫৫ সাল তারিখ ২৬ পৌষ।

তামামী বাশীন্দাগান ও পুলিসের কার্য্যকারকগণ ও ঘাটওয়ালান ও চৌকিদারান ইত্যাদি প্রতি আগে মালুম করিবা।

যেহেতু মোকাম কলিকাতার ডাক বাহাঙ্গী ডাক চৌকি আমড়াশোতাহইতে গরুর গাড়িতে মধুসুদন চাটুয্যা গাড়ওয়ান মারফত ন্যামতপুর থানার অধীন আমনা সোনের ডাক চৌকিতে যাওনকালীন গত নবেম্বর মাসের ২৬ তারিখের রাত্রে রাস্তায় রাহাজানি হইয়া সোণাআদি মাল লুট হইয়াছে এমতে উক্ত রাহাজনদিগের ধৃত বিষয়ে এপক্ষের রেপোর্টঅনুযায়ি পুলিসাধ্যক্ষ শ্রীলশ্রীযুত সুপ্রেনডেণ্ট সাহেব দুই শত টাকা এনাম ধার্য্য করিয়াছেন এমতে ঘোষণাপত্র অত্র বিবরণে প্রচার করা যাইতেছে যে উক্ত রাহাজানী মোকদ্দমার অপরাধিগণকে মালসহিত যে ব্যক্তি ধৃত করিবেক সে ব্যক্তি দুই শত টাকা পুরস্কার অত্র কাছারিহইতে পাইবেক ইতি।

T B. MACTIER, *Offg Joint Magistrate*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২৩ জানুআরি।]

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জিলা চট্টগ্রাম।

যেহেতুক ১৮৪৫ সালের ১ প্রথম আইনের মর্ম্মানুযায়ি নীচের লিখিত মাহালাত বাকী থাকন আদায়ের নিমিত্তে উক্ত আইনের ৬ দফামতে এস্তেহার দেওয়া যাইতেছে যে ঐ সকল মাহাল সন ১৮৪৯ ইঙ্গরেজির তারিখ ৫ ফেব্রুআরি মোতাবেক সন ১২৫৫ বাঙ্গালার তারিখ ২৪ মাঘ রোজ সোমবার জিলা মজকুরের কালেক্টরি কাছারিতে বিনা ওজরে নীলাম হইবেক ইতি সন ১৮৪৯ ইঙ্গরেজী তারিখ ৮ জানুআরি।

নম্বর রকম	মাহালের রকম	মাহালের নম্বর	মাহালের নাম	মালিকের নাম	সদর জমা	বাকী খাজনা	কৈফিয়ৎ
	কায়মী	১২৬	কিসমত বলরাম সরকার	ঈশানচন্দ্র কাননগোয	১০৬৩॥৶৩	৩৪৪৶১১	মাহাল জের বাঁটোয়ারা সবব হাচনআলীর ৮॥৬ পাই জমা বাতেরেক সমুদয় মাহাল বিক্রী হইবেক।
	কায়মী	২৫১	তরফ হোচন ইচমাইন	মাহামুদ ইছুপ ও হাসিম ওয়াহাচন আলি ও মাহামুদ বছির ও কাশীনাথ চক্রবর্ত্তী ও মুরারিধর চক্রবর্ত্তী	১৬১।৵৬	৭৬৶০	
	কায়মী	৩১১	তরফ কৃষ্ণদাস কাননগো	ঈশানচন্দ্র কাননগো	১০৩১৲	৩৯৭।৮	
	কায়মী	৩৮৮	তরফ মাহামুদ আরপ	গুরুপ্রসাদ গৌরীশঙ্কর রায় দাস	১৫৯॥'৬	৭২৶১১	
	কায়মী	৫৭৭	তরফ সাদ্দি রোস্তম	আহছন আলি	১৩৭।৵৯	৬১/১১	
	কায়মী	১০৬১	তরফ কালীশম্ভু	গৌরীমোহন জগমোহন	৮৬৶৬	২৸৶৯	
	কায়মী	১৬০২	তরফ জয়চন্দ্র নারায়ণ	রামসুন্দর ও শামসুন্দর ও অভয়াচরণ সন্তোষরাম সেন	৭০৶১	৩৫/৮	
	কায়মী	১৭৫০	তালুক জানোল্লা আপঝন	খোদ	৫৬৲৩	১০॥০	
	কায়মী	১৮১৪	তরফ খোসাল বুরির চর	মাজম মাহ'রূপ	৫২/০	৮৲৭	
	কায়মী	২৪	তালুক আবুল হোচন	খোদ	৸০	৸০	
	কায়মী	৫৪	তালুক মছরত খাঁ	কাশীনাথ	৸১	৸১	
	কায়মী	১২৬	তালুক অমুরতি	খোদ	৶০	৶০	
	কায়মী	৬৩	তালুক কনিমদ্দীন	খোদ	৶৯	৶৯	
	কায়মী	১২২	তালুক হাচন আলি	খোদ	৶৩	৶৩	
	কায়মী	৮৪	তালুক আছানোল্লা দেওয়ান বিবিজান বিবি লস্কর আলি	খোদ	৶০	৶০	
	কায়মী	১৬	তালুক পার্ব্বতীচরণ	খোদ	।০	।০	
	কায়মী	২৪	তালুক পার্ব্বতীচরণ ঠাকুর	খোদ	।৯	।৯	
	কায়মী	৬৭	তালুক ফকির মহামুদ শ্রীমতী কুসুম বিবি ফতে আলি	খোদ	৶৬	৶৬	
	কায়মী	১৪৪	তালুক অভয়াচরণ রায়	খোদ	/৩	/৩	
	কায়মী	১৫৪	তালুক সাবিহারি	খোদ	৷ ১	৷/ ১	
	কায়মী	২১	তালুক সফর আলি	খোদ	/৯	/৯	
	কায়মী	৪৯	তালুক আছরফি আলি	খোদ	৶৬	৶৬	
	কায়মী	১৩২	তালুক আবদুল কাদির	খোদ	/৬	/৬	
	কায়মী	২৩৫	তালুক রোশন আলি	খোদ	৶৩	৶৩	
	কায়মী	২৩২	তালুক শ্রীমতী বছরা বিবি	খোদ	৶০	৶০	

W J ALLEN, *Collector*

[*Government Gazette, 23d January,* 1849]

NOTICE

The undermentioned Individuals have served as Ameens in measuring Soonderbuns Lands during the year of 1249, 1250 and 1252, B S Should they fail within two months, from the date of this Notification to attend Soonderbuns Commissioner's Office, and receive their respective salaries, it will be carried into the Government account under the head of Profit and Loss, when no claim will be admitted

Names of Ameens	*Residence*
Kistokissore Sain,	Jussurlong, Pergunnah Beekrampore
Hurrochunder Doss,	Cotamacore, Zillah Burdwan
Ramneedee Kylee	Beekrampore, Zillah Dacca
Ramnarain Chuttopadya,	Do, do
Kistokissore Do,	Ramnathpore, do
Kaleechurn Bundopadya,	Do, do
Sreeram Ghosal,	Zillah Hooghly
Shaik Emdaddin,	Zillah Coomeelah
Sibchunder Chund,	Zillah Backergunge
Goureepersad Cor,	Cowkhalee, Zillah do
Ramkanye Roy,	Ramnathpore, do
Bissonath Biswas,	Mowzah Bateesah, Pergh Teeznah, Zh Teepoorah

OOMAKANT SEN, *Commissioner*

Soonderbuns Commissioner's Office, the 10th January, 1849

ইশতিহার।

নীচের লিখিত ব্যক্তিরা বাঙ্গলা ১২৪৯। ১২৫০ ও ১২৫২ সালে সুন্দরবনের জমী জরিপ করণার্থ আমীনা কর্ম্ম করিয়াছিল যদি তাহারা এই ইশতিহার প্রকাশ হওনের পর দুই মাসের মধ্যে সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানায় হাজির হইয়া আপনাবদের মাহিয়ানা না লয় তবে তাহাবদের ঐ মাহিয়ানার টাকা সরকারের লাভ লোকসানের খাতায় লিখিত হইবেক ও কোন দাওয়া গ্রাহ্য হইবেক না।

আমীনেরদের নাম।	বাসস্থান।
কৃষ্ণকিশোর সেন।	যশরলঙ্গ পং বিক্রমপুর।
হরচন্দ্র দাস।	জিলা বর্দ্ধমান কোটামাকর।
রামনিধি কৈলি।	জিলা ঢাকা বিক্রমপুর।
রামনারায়ণ চট্টোপাধ্যায়	ঐ ঐ।
কৃষ্ণকিশোর চট্টোপাধ্যায়।	ঐ রামনাথপুর।
কালীচরণ বন্দ্যোপাধ্যায়।	ঐ ঐ।
শ্রীরাম ঘোষাল।	জিলা হুগলী।
সেখ ইমদাদ দীন।	জিলা কুমিল্লা।
শিবচন্দ্র চাঁদ।	জিলা বাকরগঞ্জ।
গৌরীপ্রসাদ কর।	ঐ কাউখালী।
রামকানাই রায়।	ঐ রামনাথপুর।
বিশ্বনাথ বিশ্বাস।	জিলা ত্রিপুরা পং তিজনা মৌং বাতিসা।

সুন্দরবনের কমিস্যনর সাহেবের দফ্তরখানা। ১৮৪৯ সাল ১০ জানুআরি। উমাকান্ত সেন। কমিস্যনর।

INSOLVENT COURT — যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

In the matter of WILLIAM PATRICK, WILLIAM HUNTER SMOULT, and others, Insolvents

On Saturday, the 23d day of December, 1848, upon an application of the Official Assignee in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Co's Rs 59,300, in his hands pay a dividend at the rate of Co's Rs Two and Six annas (which will amount to the sum of Co's Rs 45,601 12 0,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee

NOTICE whereof is hereby given

Assignee's Office, 13th January, 1849 — JOHN GORDON, *Official Assignee*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

যোত্রহীন উলিয়ম পাট্রিক সাহেব ও উলিয়ম হন্টর স্মোল্ট সাহেবের বিষয়ে

অফিসেল আসৈনি সাহেবের দরখাস্তমতে ১৮৪৮ সালের ২৩ ডিসেম্বর তারিখ শনিবারে হুকুম হইল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে সেই দাওয়া উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাব্যস্ত হইলে তিনি যে ৫৯,৩০০৲ টাকা তাঁহার হাতে আছে তাহাহইতে প্রত্যেক দাওয়ার উপর শতকরা ২ ।৶০ টাকা ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৪৫,৬০১৸০ টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

আসৈনির দফ্তরখানা। ১৮৪৯। ১৩ জানুআরি। — জান গর্ডন। অফিসেল আসৈনি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২৩ জানুআরি।]

NOTICE is hereby given, that by an order made in the matter of JOHANNES CATCHICK MICHAEL, an Insolvent, on the sixth day of January instant, upon the application of the Insolvent abovenamed, it was ordered (amongst other things) that the said Insolvent be for ever discharged from all liability whatsoever for or in respect of the several debts due from him to the following persons (that is to say,) Ramneedy Singhy, J D Crouch, Francis Robert Neilson, Golucknauth Sandial, Muttyloll Seal, Ramchurn Mullick, Juggernauth Sing, Juggernauth Sing, Buddenchunder Roy Degumber Mookerjee, Dhurmodoss Bonnerjee, Nundololl Sain, and Boloram Roy, Prosunnocoomar Paul, Dyalchund Seal and Woodychund Seal, Nobinchunder Chatterjee, Nobinchunder Chatterjee, G R Naylor, Bhoyrubchunder Shaw, J G Arrakiel and Carrapiet G Arrakiel, Hullodhur Doss, George Purvis, and A M Cardoza, Sreenauth Chatterjee, A G Aviet, Messieurs Black and Murray, G T Crompton, F Perry, Messieurs B W Lazarus and Company, Messieurs Cook and Company, and Messieurs Willis and Company, unless cause be shewn to the contrary on Saturday, the Third day of February next

W N Hedger, *Attorney*

যোত্রহীন জোহানিস কাচিক মাইকেল সাহেবের দরখাস্তমতে বর্ত্তমান জানুআরি মাসের ৬ তারিখে অন্যান্য বিষয়ের মধ্যে ইহারো হুকুম হইল যে আগামি ফেব্রুআরি মাসের ৩ তারিখ শনিবারে বিপরীত কারণ দর্শান না গেলে উক্ত যোত্রহীন নীচের লিখিত মহাশয়েরদের যে সকল কর্জ্জ ধারেন সেই সকল দায়হইতে সম্পূর্ণরূপে মুক্ত হন বিশেষত. রামনিধি সিংহ, জে ডি ক্রোচ সাহেব, ফ্রান্সিস রবর্ট নৈলসন সাহেব, গোলোকনাথ সান্ন্যাল, মতিলাল শীল, রামচরণ মল্লিক, জগন্নাথ সিংহ, জগন্নাথ সিংহ, বদনচন্দ্র রায়, দিগম্বর মুখুয্যা, ধর্ম্মদাস বাঁড়ুয্যা, নন্দলাল সেন ও বলরাম রায়, প্রসন্নকুমার পাল, দয়ালচাঁদ শীল, ও উদয়চাঁদ শীল নবীনচন্দ্র চাটুয্যা, নবীনচন্দ্র চাটুর্য্যা, জি আর নেলর সাহেব, ভৈরবচন্দ্র শা, জে জি আরাকিএল সাহেব ও কারাপিট জি আরাকিএল সাহেব, হলধর দাস, জার্জ পরবিস সাহেব ও এ এম কারডোজা সাহেব, শ্রীনাথ চাটুয্যা, এ জি আবিএট সাহেব, ব্লাক ও মরে সাহেব, জি টি ক্রমটন সাহেব, টি পেরি সাহেব, বি ডবলিউ লাজারস কোম্পানি, কুক কোম্পানি এবং ওয়ালিস কোম্পানি।

ডবলিউ এন হেজর। উকীল।

In the matter of the petition of JOHN BECKWITH, lately carrying on business in copartnership together with Albert John De Hochepied Larpent, in Calcutta, as Merchants and Agents, under the style or firm of Cockerell and Company

NOTICE is hereby given, that by an order of this Court, made in this matter on the 6th day of January instant, it was ordered that Saturday, the 3d day of February next, be appointed for the further hearing of the matters of the petition of the said John Beckwith for the purpose of making a dividend, any Creditors or other persons interested who may be desirous of establishing or opposing any claims upon the estate of the Insolvent, may attend and be heard upon any affidavits which shall have been filed in the Office of the Chief Clerk of this Court, three clear days before the day of hearing

Frith, Sandes and Watts, *Attornies*

কাকরেল কোম্পানির নামে সওদাগর ও এজেন্ট পূর্ব্বে কলিকাতা নগরে আলবর্ট জান ডিহচিপিড লারপেট সাহেবের সঙ্গে বখরাকারি জান বেকউইথ সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেও। যাইতেছে যে বর্ত্তমান জানুআরি মাসের ৬ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে ডিবিডেণ্ড করণের নিমিত্তে উক্ত জান বেকউইথ সাহেবের দরখাস্তের মর্ম্ম আগামি ফেব্রুআরি মাসের ৩ তারিখ শনিবারে শুনা যায়। যে কোন মহাজন কিম্বা এই বিষয়ে লিপ্ত অন্য যে কোন ব্যক্তি উক্ত যোত্রহীনের ইস্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে এই আদালতের প্রধান ক্লার্ক সাহেবের সেরিশতায় কোন আফিডেবিট দাখিল করিবে। তিনি হাজির হইতেপারেন এবং তাঁহার কথা শুনা যাইবেক।

ফ্রিথ ও সাণ্ডিস ও ওয়াটস। উকীল।

In the matter of FRANCIS BAILEY, ROBERT THOMAS, JAMES STEWART BLAKIE SCOTT, RICHARD DODD and CHARLES MARTIN, lately carrying on business in copartnership at Calcutta, as Merchants and Brokers, under the style or firm of Hickey Bailey and Company

NOTICE is hereby given, that by an order of the Court, for the Relief of Insolvent Debtors at Calcutta, made on the Third day of January instant, the matters of the petition for an adjudication of Insolvency, against the said Insolvents, were appointed to be heard in the said Court, on Saturday the Third day of March next

The names of the Creditors of the said Insolvents appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer

Frith, Sandes and Watts, *Attornies*

হিকি বেলি কোম্পানির নামে পূর্ব্বে কলিকাতা নগরে যৌতায় সওদাগরী ও দালালী কর্ম্মকারী ফ্রান্সিস বেলি সাহেব ও রবর্ট তামস সাহেব ও জেমস ষ্টুয়ার্ট ব্লেকি স্কট সাহেব ও রিচার্ড ডড সাহেব ও চার্লস মার্টিন সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কলিকাতায় যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আদালতে বর্ত্তমান জানুআরি মাসের ৩ তারিখে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনেরদের নামে যোত্রহীনতা নির্দ্ধারণার্থ দরখাস্তের মর্ম্ম আগামি মার্চ মাসের ৩ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত যোত্রহীনেরদের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের সেরিশতায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

ফ্রিথ ও সাণ্ডিস ও ওয়াটস। উকীল।

In the matter of the petition of FRANCIS BAILEY, of the Town of Calcutta, lately a member of the firm of Hickey, Bailey and Company, of Calcutta, Merchants and Brokers

NOTICE is hereby given, that by an order of the Court for the Relief of Insolvent Debtors, at Calcutta, made on the Third day of January instant, the matters of the petition of the said Insolvent were appointed to be heard in the said Court on Saturday, the Third day of March next

The names of the Creditors of the said Francis Bailey appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer

Frith, Sandes and Watts, *Attornies*

হিকি বেলি কোম্পানির নামে পূর্ব্বে কলিকাতা নগরে সওদাগরী ও দালালী কর্ম্মকারি কুঠী সম্পর্কীয় কলিকাতা নগরনিবাসি ফ্রান্সিস বেলি সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কলিকাতায় যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আদালতে বর্ত্তমান

জানুআরি মাসের ৩ তারিখে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্ম আগামি মার্চ মাসের ৩ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত যোত্রহীনের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্তায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন। ফ্রিথ ও সাণ্ডিস ও ওয়াটস। উকীল।

In the matter of the petition of JAMES STEWART BLAIKIE SCOTT, of the Town of Calcutta, lately a member of the firm of Hickey, Bailey and Company, of Calcutta, Merchants and Brokers

NOTICE is hereby given, that by an order of the Court for the Relief of Insolvent Debtors at Calcutta, made on the Third day of January instant, the matters of the Petition of the said Insolvent were appointed to be heard in the said Court, on Saturday, the Third day of March next

The names of the Creditors of the said Insolvent, appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer

FRITH, SANDES and WATTS, *Attornies*

হিকি বেলি কোম্পানির নামে পূর্ব্বে কলিকাতা নগরে সওদাগরী ও দালালী কর্ম্মকারী কুঠীসম্পর্কীয় কলিকাতা নগরনিবাসি জেমস ষ্টুয়ার্ট ব্লেকি স্কট সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কলিকাতায় যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আদালতে বর্ত্তমান জানুআরি মাসের ৩ তারিখে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্ম আগামি মার্চ মাসের ৩ তারিখ শনিবারে শুনা যায়।

উক্ত যোত্রহীনের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্তায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন। ফ্রিথ ও সাণ্ডিস ও ওয়াটস। উকীল।

In the matter of the Petition of RICHARD DODD, of Writers' Buildings, in the Town of Calcutta, lately a member of the firm of Hickey, Bailey and Company, of Calcutta, Merchants and Brokers

NOTICE is hereby given, that by an order of the Court for the Relief of Insolvent Debtors, at Calcutta, made on the Third day of January instant, the matters of the Petition of the said Insolvent, were appointed to be heard in the said Court, on Saturday, the Third day of March next

The names of the Creditors of the said Insolvent, appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer

FRITH, SANDES and WATTS, *Attornies*

হিকি বেলি কোম্পানির নামে পূর্ব্বে কলিকাতা নগরে সওদাগরী ও দালালী কর্ম্মকারী কুঠীসম্পর্কীয় কলিকাতা নগরের রাইটর্স বিলডিং নিবাসি রিচার্ড ডড সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কলিকাতায় যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আদালতে বর্ত্তমান জানুআরি মাসের ৩ তারিখে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্ম আগামি মার্চ মাসের ৩ তারিখ শনিবারে শুনা যায়।

উক্ত যোত্রহীনের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্তায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন। ফ্রিথ ও সাণ্ডিস ও ওয়াটস। উকীল।

In the matter of the Petition of CHARLES MARTEN, late of Mission Row, in the Town of Calcutta, lately a member of the firm of Hickey, Bailey and Co, of Calcutta, Merchants and Brokers

NOTICE is hereby given, that by an order of the Court for the Relief of Insolvent Debtors, at Calcutta, made on the Third day of January instant, the matters of the Petition of the said Insolvent were appointed to be heard in the said Court, on Saturday, the Third day of March next

The names of the Creditors of the said Insolvent appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer

FRITH, SANDES and WATTS, *Attornies*

হিকি বেলি কোম্পানির নামে পূর্ব্বে কলিকাতা নগরে সওদাগরী ও দালালী কর্ম্মকারী কুঠীসম্পর্কীয় কলিকাতা নগরের মিসন রো নিবাসি চার্লস মার্টিন সাহেবের দরখাস্তের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কলিকাতায় যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আদালতে বর্ত্তমান জানুআরি মাসের ৩ তারিখে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্ম আগামি মার্চ মাসের ৩ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত যোত্রহীনের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্তায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন। ফ্রিথ ও সাণ্ডিস ও ওয়াটস। উকীল।

MISCELLANEOUS ADVERTISEMENT — সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

NOTICE

NOTICE is hereby given that on an early day the under mentioned Talook and Landed Property will be put up for sale by Public Auction by Messrs Tulloh, Adam and Co, Auctioneers, by the instructions of the mortgagee, under power of sale, for particulars of the title (which must be taken as it appears on the face of the deeds) apply to Messrs Denman and Abbott, No 11, Old Post Office Street

All that Talook commonly called and known by the name of Degulgram, situate in the district of Nuddeah, and Twenty-four Pergunnahs, in the Province of Bengal, comprising and consisting of six mouzahs or villages, that is to say, Neiz Degulgram, Aumunkandy, Sreepore, Barrasat, Khooroo and Singa

DENMAN and ABBOTT

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বন্ধকলওনিয়া ব্যক্তির হুকুমানুসারে নীলামকরণের ক্ষমতাক্রমে নীলামকরণিয়া টালো আডম কোম্পানি নীচের লিখিত তালুক ও ভূমি সম্পত্তি অতি শীঘ্র নীলাম করিবেন ঐ তালুকের স্বত্ববিষয়ক দলীলদস্তাবেজ কেহ দেখিতে চাহিলে ওলড পোষ্ট আফিস ষ্ট্রিটের ১১ নম্বরী বাটীতে শ্রীযুত ডেনমান ও আবট সাহেবের নিকটে দরখাস্ত করিলে দেখিতে পাইবেন ঐ দলীলদস্তাবেজে যেমন লেখা আছে তেমন ঐ তালুকের ভোগ করিতে হইবেক। বাঙ্গলা দেশের জিলা নদীয়া ও চব্বিশপরগনার মধ্যস্থিত দেগলগ্রাম নামে বিখ্যাত তালুক ঐ তালুকে ছয় মৌজা আছে অর্থাৎ নিজ দেগলগ্রাম আমনকাণ্ডি শ্রীপুর বারাসত খুরু ও সিঙ্গা।

ডেনমান ও আবট।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২৩ জানুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান ক্লার্ক মার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JANUARY 30, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ৩০ জানুআরি।

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

APPOINTMENT

The 23d January, 1849

Fuzeelut Hossein, who has obtained a diploma, to be Acting Moonsiff of Manickgunge, Zillah Dacca

LEAVES OF ABSENCE.

The 19th January, 1849

Baboo Ramgopal Shome, Moonsiff of Lohagurrah, Zillah Jessore, from 30th October to 12th December

Baboo Goopeemohun Roy, Moonsiff of Manickgunge, Zillah Dacca, for six months from 8th instant.

Baboo Kassiesur Mitter, 1st Grade Moonsiff of Sooksagur, Zillah Nuddea, for fifteen days, in extension of that granted to him on the 12th instant

Baboo Radhanath Burroah, Moonsiff of Rungeah, Assam, from the 18th to the 27th instant

Baboo Annundeeram Phokun, Acting Moonsiff of Nulbarree, Assam, from the 11th to the 18th instant

The 25th January, 1849

Anund Gopal Biddalunkar, Pundit of the Dacca Circle, for one week in excess of that granted to him on the 29th ultimo

B J COLVIN, *Register*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ২৩ জানুআরি।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত ফজিলৎ হুসেন জিলা ঢাকার মাণিকগঞ্জের এক্‌টিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ১৯ জানুআরি।

জিলা যশোহরে লোহাগড়ার মুনসেফ শ্রীযুত বাবু রামগোপাল সোম অক্টোবর মাসের ৩০ তারিখঅবধি ডিসেম্বর মাসের ১২ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

জিলা ঢাকার মাণিকগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু গোপীমোহন রায় বর্ত্তমান মাসের ৮ তারিখঅবধি ছয় মাসের ছুটী পাইয়াছেন।

জিলা নদীয়ার সুখসাগরের প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত বাবু কাশীশ্বর মিত্র বর্ত্তমান মাসের ১২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

আসামে রঙ্গিয়ার মুনসেফ শ্রীযুত বাবু রাধানাথ বড়ুআ বর্ত্তমান মাসের ১৮ তারিখঅবধি ২৭ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

আসামে নলবাড়ীর এক্‌টিং মুনসেফ শ্রীযুত বাবু আনন্দীরাম ফুকন বর্ত্তমান মাসের ১১ তারিখঅবধি ১৮ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২৫ জানুআরি।

ঢাকা চক্রের পণ্ডিত শ্রীযুত আনন্দগোপাল বিদ্যালঙ্কার গত মাসের ২৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৬৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৪৯ সাল ৫ জানুআরি।

বকুড়ার আবকারীর এক্‌টিং সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত

ডবলিউ এচ রৈলাণ্ড সাহেব (Mr W H Ryland,) যে তারিখে আপন কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

বেহারের আফীমের এজেণ্ট শ্রীযুত এচ এস ওল্‌ড্‌ফিল্‌ড্‌ সাহেবকে (Mr H S Oldfield,) গত সেপ্টেম্বর মাসের ২৭ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট

কাজ গত মাসের ১২ তারিখঅবধি রহিত হইল ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ৯ জানুআরি।

পূর্ব্বীয় সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে সি স্মিথ সাহেব (Mr J C Smith,) গত মাসের ২৫ তারিখে ঐ স্থানের চিকিৎসকত্ত্ব কর্ম্মের ভার সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র দত্তের প্রতি অর্পণ করেন।

শ্রীযুত এডগার এফ লাটুর সাহেব (Mr Edgar F Latour,) গত মাসের ২৯ তারিখে ফরিদপুরের জাইণ্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটী কালেকটরী কর্ম্মের ভার শ্রীযুত এড্বার্ড লাটুর সাহেবের (Mr Edward Lautour,) স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত টি সাণ্ডিস সাহেব (Mr T Sandys,) বর্ত্তমান মাসের ১ তারিখে বেহারের সিবিল ও সেশন জজী ও অতিরিক্ত জজী কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ ইবরাহিমের স্থানে গ্রহণ করেন।

পূরণিয়ার সিবিল ও সেশন জজ শ্রীযুত ডেবিড প্রিঙ্গল সাহেব (Mr David Pringle,) বর্ত্তমান মাসের ২ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

ভাগলপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত ডবলিউ এস আলেকজাণ্ডর সাহেব (Mr W S Alexander,) মুঙ্গেরে এবং আপন জিলার মফঃসলে গমনার্থ আপনার কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মোয়াজিম হুসেনের প্রতি অর্পণ করেন।

শ্রীযুত এড্বার্ড লাটুর সাহেব (Mr Edward Lautour,) বর্ত্তমান মাসের ২ তারিখে নওয়াখালীর জাইণ্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটী কালেক্টরী কর্ম্মের ভার শ্রীযুত এচ আথর্টন সাহেবের (Mr H Atherton,) স্থানে গ্রহণ করেন।

মুরশিদাবাদের একটিং কালেকটর শ্রীযুত এচ সি হালকেট সাহেব (Mr H C Halkett) আপন জিলার মফঃসলে গমনার্থ বর্ত্তমান মাসের ৩ তারিখে আপন খাজানাখানার ভার শ্রীযুত এচ প্রাট সাহেবের (Mr H Pratt,) প্রতি অর্পণ করেন।

ফোর্ট উলিয়ম কালেজের পরীক্ষক সাহেবের গবর্ণমেণ্টে বিজ্ঞাপন করিয়াছেন যে সিবিলসম্পর্কীয় সিবিল সার্ব্বণ্ট শ্রীযুত ই জেনকিন্স সাহেব (Mr E Jenkins,) বাঙ্গলা ভাষায় অতিনিপুণ অতএব বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব তাঁহাকে সম্ভ্রমসূচক পদবী প্রদান করিয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

---

৭৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৮ সাল ২৯ নবেম্বর।

শ্রীযুত কাপ্তান এস আর পিকল সাহেব ও শ্রীযুত কাপ্তান আর স্মিথ সাহেব ও শ্রীযুত এ ওয়াইয়েট সাহেব ও শ্রীযুত জে জে পেম্বর্টন সাহেব (Captain S R Pickell, Captain R Smyth, Mr A Wyatt, Mr J J Pemberton,) যে সকল জিলার জরিপী কর্ম্মে নিযুক্ত আছেন সেই সকল জিলাতে ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেকটরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৮ সাল ৩০ ডিসেম্বর।

শাহাবাদের মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত ও টুগুড সাহেব (Mr O Toogood,) জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৯ সাল ৬ জানুআরি।

শ্রীযুত লেপ্টেনেণ্ট ডবলিউ এচ ওকস সাহেব (Lieut W H Oakes,) দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের প্রধান আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট জি এন ওকস সাহেব (Lieut G N Oakes,) দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট হইবেন।

১৮৪৯ সাল ৯ জানুআরি।

নীচের লিখিত মহাশয়েরা ১৮৪৭ সালের ১৬ আইনানুসারে কলিকাতা নগর পরিপাটী করণার্থ কমিস্যনরী পদে মনোনীত হইয়াছেন।

প্রথম খণ্ডে শ্রীযুত বাবু ভুবনমোহন মিত্র।

দ্বিতীয় খণ্ডে শ্রীযুত বাবু তারিণীচরণ বাঁড়ুয্যা।

তৃতীয় খণ্ডে শ্রীযুত বাবু দীনবন্ধু দে।

চতুর্থ খণ্ডে শ্রীযুত হেনরি এড্বার্ড ওয়াট্স সাহেব। (Mr Henry Edward Watts)

উচ্চ পদে নিয়োগ।

১৮৪৯ সাল ১২ জানুআরি।

শ্রীযুত পাদরি আর এবরেষ্ট সাহেব (Revd R Everest,) কর্ম্মে ইস্তাফা দেওয়াতে ফোর্ট উলিয়ম কিল্লার ও খিদিরপুরের ভজনালয়ের আসিষ্টাণ্ট ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এফ ফিসর সাহেব (Revd F Fisher,) গত ডিসেম্বর মাসের ১৫ তারিখঅবধি ধর্ম্মোপদেশক হইবেন।

শ্রীযুত পাদরি এ হামণ্ড সাহেব (Revd A Hammond,) কর্ম্মে ইস্তাফা দেওয়াতে অম্বালার আসিষ্টাণ্ট ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি সি গারবেট সাহেব (Revd C Garbett,) বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি ধর্ম্মোপদেশক হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ৮ জানুআরি।

চাটিগাঁর অতিরিক্ত সিবিল ও সেশন জজ শ্রীযুত এ স্কন্স সাহেব (Mr A Sconce,) ছুটীবিষয়ক বিধির ১১ ও ১২ ধারানুসারে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি এক মাস ও দশ দিনের ছুটী পাইয়াছেন।

হুগলীতে জাহানাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র ঘোষাল গত মাসের ২ তারিখে যে ছয় সপ্তাহের ছুটী পান তাহা ঐ মাসের ১৪ তারিখঅবধি গণ্য হইবেক ঐ তারিখে তিনি ছুটী গ্রহণ করেন।

১৮৪৯ সাল ৯ জানুআরি।

মেদিনীপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ টি রেকস সাহেব (Mr H T Raikes,) রাজধানীতে গমনার্থ আট দিনের ছুটী পাইয়াছেন।

ফোর্ট উলিয়ম কালেজের ছাত্র শ্রীযুত সি জে রিচার্ড্স সাহেব (Mr C J Richards,) স্বীয় স্বাস্থ্যার্থে সমুদ্রে গমনার্থ তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ১০ জানুআরি।

কটকের ও মেদিনীপুরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি তামস ষ্টিল সাহেব (Revd Thomas Steel,) যে তারিখে আপন কর্ম্ম স্থান ত্যাগ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে রাজধানীতে গমনার্থ দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

হাবড়ার ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জে বেল সাহেব (Revd J Bell,) গত মাসের ৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের সিবিল ও সেশন জজ শ্রীযুত ডবলিউ জে এচ মনি সাহেব (Mr W J H Money,) যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ৩০ জানুআরি।]

শ্রীরামপুরের সাবেক সদর আমীন শ্রীযুত এ ডেবিডসন সাহেব (Mr A Davidson,) বর্ত্তমান মাসের ৬ তরিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ৯ জানুআরি।

VII The Administrator General shall receive for the discharge of his duties as such Administrator General under all such grants of Letters as aforesaid made after the passing of this Act, or on Probates of Wills so granted after the passing of this Act, wherein he is named Executor by virtue of his Office, instead of the Commission heretofore received by the Ecclesiastical Registrar, a Commission calculated after the rate of Three Rupees in every Hundred Rupees which he shall actually distribute, or which he shall set apart and invest as herein provided, for the benefit of the parties ultimately entitled thereto, if the same are not immediately payable, and, out of the said Commission of Three Rupees in the Hundred, shall defray the expences of the necessary Establishment, and all other charges, to which the said Office may be subject

VIII No person, other than the Administrator General, shall be entitled to charge any Commission or Agency, as Executor of any Will, of which Probate shall have been granted in the said Presidency after the passing of this Act, or as Administrator of any Effects whereof Administration shall have been granted in the said Presidency after the passing of this Act but this enactment is not to be deemed to hinder any Executor from having the benefit of any legacy bequeathed to him, either of a specific sum or residuary bequest, or by way of Commission, or in any other manner

IX The Assets belonging to the Estates administered by the said Administrator General shall be kept by him in the Treasury of the East India Company, or otherwise kept and invested by him, in such manner as the Governor General of India in Council shall from time to time order, which order shall be published in the Calcutta Gazette, and shall be full authority, protection and indemnity in all Courts whatsoever for such keeping and investing

X The said Administrator General shall enter into books to be kept by him for that purpose separate and distinct accounts of each Estate, and of all such sums of Money, Bonds and other Securities for Money, Goods, Effects and things, as shall come to his hands or to the hands of any per-

সামান্য এক্সেকিটর অথবা আডমিনিষ্ট্রেটর কি লেটর্স আড কালিজেণ্ডা বোনাপাওনিয়া ব্যক্তি যেরূপে ঐ সুপ্রিম কোর্টে দায়ী কেবল সেইরূপে ঐ আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব ঐ কোর্টে দায়ী হইবেন ইতি।

৬ ধারা। প্রত্যেক আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব আপনার পদের কর্ম্ম উপযুক্তরূপে নির্ব্বাহ করণের জন্যে কোম্পানি বাহাদুরকে আপনি এক লক্ষ টাকার জামিনের বণ্ড দিবেন এবং দুই বা ততোধিক ব্যক্তিকে সাধারণে এবং একেং আর এক লক্ষ টাকার জামিন দিবেন এবং পূর্ব্বোক্ত সেই প্রকার কোন লেটর্স পাওনের সময়ে সুপ্রিম কোর্টের দ্বারা তাঁহার প্রতি ঐ আদালতে কোন আডমিনিষ্ট্রেসন বণ্ড অথবা আর কোন জামিন দিবার হুকুম হইবেক না ইতি।

৭ ধারা। এই আইন জারী হওনের পর ঐ আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে যে সকল লেটর্স দেওয়া যায় এবং যে উইলের মধ্যে তিনি আপন পদোপলক্ষে একসেকিটর নিযুক্ত হইয়াছেন সেই উইলের যে প্রোবেট তাঁহাকে দেওয়া যায় সেই লেটর্স ও সেই প্রোবেটঅনুসারে কার্য্য নির্ব্বাহ করণের জন্যে ইহার পূর্ব্বে ইক্লিসিআষ্টিকেল রেজিষ্ট্রার সাহেবকে যে কমিস্যন দেওয়া যাইত তাহার পরিবর্ত্তে তিনি যত টাকা বিতরণ করেন অথবা যে টাকা তৎসময়ে দেয় হয় এমত টাকা তিনি উত্তর কালে প্রাপ্য ব্যক্তির নিমিত্তে ন্যস্ত করেন অথবা কোম্পানির কাগজে অর্পণ করেন সেই সকল টাকার উপর তিনি শতকরা তিন টাকা কমিস্যন পাইবেন। এবং ঐ শতকরা তিন টাকা কমিস্যনহইতে তাঁহার আবশ্যক সিরিশ্তার সকল খরচ এবং তাঁহার পদের যে সকল ব্যয়ের প্রয়োজন হয় তাহা দিবেন ইতি।

৮ ধারা। এই আইন জারী হওনের পর উক্ত রাজধানীর মধ্যে যে কোন উইলের প্রোবেট দেওয়া যায় ঐ উইলের একসেকিটরস্বরূপ অথবা এই আইন জারী হওনের পরে উক্ত রাজধানীর মধ্যে যে কোন সম্পত্তির সরবরাহ করণের ক্ষমতা দেওয়া যায় ঐ সম্পত্তির আডমিনিষ্ট্রেটরস্বরূপ আডমিনিষ্ট্রেটর জেনরলভিন্ন অন্য কোন ব্যক্তি কোন কমিস্যন কি এজেন্সীর দাওয়া করিতে পারিবেন না। কিন্তু এই বিধানের এইমত অর্থ করিতে হইবেক না যে কোন একসেকিটরকে দানপত্রের দ্বারা যে দান করা যায় তাহা নির্দ্দিষ্ট টাকা হউক কিম্বা টাকা বিতরণ করিলে পর যে টাকা বাঁচে তাহা হউক অথবা কমিস্যন হউক কিম্বা অন্য কোন প্রকারে দত্ত টাকা হউক তাহা ভোগ করিতে নিষেধ আছে ইতি।

৯ ধারা। ঐ আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব যে সকল ইষ্টেটের সরবরাহ করেন সেই ইষ্টেটের সম্পত্তি কোম্পানি বাহাদরের ত্রেজুরীতে অর্পণ করিবেন অথবা যেমতে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে সময়ক্রমে হুকুম করেন সেইমতে রাখিবেন ও আমানৎ করিবেন। এবং ঐ হুকুমনামা কলিকাতা গেজেটে প্রকাশ হইবেক এবং ঐ হুকুমনামার দ্বারা সকল আদালতের এমত বোধ হইবেক যে ঐ সম্পত্তি রাখণের ও আমানৎ করণের বিষয়ে ঐ আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে সম্পূর্ণ ক্ষমতা দেওয়া গিয়াছে এবং তিনি তৎকর্ম্মের দায়হইতে মুক্ত আছেন এবং তাঁহার উপর কোন ঝুঁকী হইতে পারে না ইতি।

১০ ধারা। উক্ত আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব তন্নিমিত্তে প্রস্তুত করা হিসাব বহীর মধ্যে প্রত্যেক ইষ্টেটের আলাহিদা ও সুস্পষ্ট হিসাব রাখিবেন এবং এই আইনানুসারে যে সকল নগদ টাকা ও বণ্ড ও টাকার অন্যান্য নিদর্শন ও জিনিস ও সম্পত্তি ও দ্রব্য তাঁহার হাতে বা তাঁহার দ্বারা নিযুক্ত বা তাঁহার জন্যে গচ্ছিত-

son employed by him, or in trust for him under this Act, and likewise of all payments made by him on account of the said Estates and of all debts due by or to the same, specifying the dates of such receipts and payments respectively, which said books shall be kept in the Administrator General's Office, and shall be open for the inspection of all such persons, practitioners in the said Courts and others, as may have occasion to inspect the same, at office hours, paying only such reasonable fee as may be from time to time fixed therefore by the Governor General of India in Council and published in the Calcutta Gazette

XI The Administrator General shall twice in every year, that is, on the First day of March and on the Tenth day of August, or on the First day on which the said Court shall be sitting after those days, exhibit and deliver in open Court a true Schedule, shewing the gross amount of all sums of Money received or paid by him on account of each Estate in his charge, and the balances, during the period of six months ending severally on the Thirty-first day of December and Thirtieth day of June next before the day of delivering such Schedule, and a true list of all Bonds or other Securities received on account of each of the said Estates during the same period, and also a true Schedule of all Administrations whereof the final balances shall have been paid over to the persons entitled to the same, during the same period specifying the amount of such balances, and the persons to whom paid, which Schedules shall be filed for record in the said Court and shall within fourteen days afterwards, be published in the Calcutta Gazette by the said Administrator General and copies thereof in triplicate shall be delivered to the Secretary of the said Presidency, and sent by the Governor of the said Presidency to the Court of Directors of the East India Company for publication in the London Gazette

XII The Governor General of India in Council shall from time to time appoint an Auditor or Auditors to examine the Accounts of the Administrator General at the time of the delivery of the said Schedules, and also at any other time when the Governor General in Council shall think fit

XIII The Auditor or Auditors shall examine the Schedules and accounts, and report to the said Governor General in Council whether they contain a full and true account of every thing which ought to be inserted therein, and whether the Books by this Act directed to be kept by the Administrator General are duly and regularly kept, and whether the Assets are duly kept and invested in such manner as is by Law prescribed

XIV Every Auditor shall have power to summon as well the Administrator General as any

লওনিয়া কোন ব্যক্তিরদের হাতে আইসে তাহার স্বতন্ত্র ও স্পষ্ট হিসাব ঐ বহীতে রাখিবেন এবং উক্ত ইষ্টেটের নিমিত্তে তিনি যে সকল টাকা ব্যয় করেন তাহা এবং ঐ ইষ্টেটের দেনা বা পাওনা সকল টাকা ঐ হিসাবের বহীতে লিখিবেন এবং ঐ টাকা পাওনের ও দেওনের তারিখ নির্দ্দিষ্ট করিয়া লিখিবেন এবং ঐ বহী আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের দফ্তরখানায় থাকিবেক এবং যে সকল ব্যক্তির অর্থাৎ উক্ত আদালতের উকীলপ্রভৃতির বা অন্য ব্যক্তির তাহা দেখিবার প্রয়োজন থাকে তাহারা দফ্তর খোলা থাকিবার সময়ে ঐ বহী দেখিতে পারিবেন এবং ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের দ্বারা সময়ক্রমে যে উপযুক্ত রসুম নির্দ্দিষ্ট হয় ও কলিকাতা গেজেটে প্রকাশ হয় তাহা ঐ২ ব্যক্তি দিবেন ইতি।

১১ ধারা। আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব প্রতিবৎসরে দুইবার অর্থাৎ মার্চ মাসের প্রথম তারিখে ও আগষ্ট মাসের দশম তারিখে অথবা ঐ২ দিবসের পর উক্ত আদালতের যে প্রথম দিবসে বৈঠক হয় সেই দিবসে এক সত্য তফসীল আদালতের বৈঠকের সময়ে দেখাইবেন ও দাখিল করিবেন ঐ তফসীলের মধ্যে তাহার দাখিল করণের পূর্ব্ব ডিসেম্বর মাসের ৩১ তারিখপর্য্যন্ত ছয় মাসে ও জুন মাসের ৩০ তারিখপর্য্যন্ত ছয় মাসে তাহার জিম্মায় থাকা প্রত্যেক ইষ্টেটের বাবতে তিনি যে সকল নগদ টাকা পাইয়াছেন ও খরচ করিয়াছেন এবং যাহা বাকী থাকে তাহার মোট লিখিবেন এবং ঐ কালপর্য্যন্ত প্রত্যেক ইষ্টেটের বাবতে যে সকল বণ্ড কি অন্য নিদর্শন তিনি পাইয়াছেন তাহার এক সত্য ফিরিস্তি দেখাইবেন ও দাখিল করিবেন এবং ঐ সময়ে যে২ ইষ্টেটের বাকী টাকা তিনি সেই২ টাকাপাওনিয়া ব্যক্তিরদিগকে দিয়াছেন তাহারো সত্য তফসীল দেখাইবেন ও দাখিল করিবেন এবং তাহাতে ঐ সকল বাকী টাকার সংখ্যা ও যে২ ব্যক্তিকে তাহা দেওয়া গিয়াছে তাহার বেওরা লেখা থাকিবেক এবং ঐ২ তফসীল ঐ আদালতের রোবকারের মধ্যে রিকার্ডস্বরূপ দাখিল হইবেক তৎপরে চৌদ্দ দিবসের মধ্যে ঐ আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব তাহা কলিকাতা গেজেটে প্রকাশ করিবেন এবং আরো তাহার তিন প্রস্থ নকল করিয়া ঐ রাজধানীর সেক্রেটারী সাহেবের নিকটে দাখিল করা যাইবেক এবং ঐ রাজধানীর শ্রীযুত গবরনর সাহেব তাহা লণ্ডন গেজেটে প্রকাশ করিবার নিমিত্তে কোম্পানি বাহাদুরের কোর্ট অফ ডৈরেক্টস সাহেবেরদের নিকটে পাঠাইবেন ইতি।

১২ ধারা। ঐ তফসীল দাখিল করণের সময়ে এবং অন্য যে কোন সময়ে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে উপযুক্ত বোধ করেন সেই সময়ে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের হিসাব তজবীজ করিবার নিমিত্তে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে এক কি ততোধিক আডিটরকে সময়ে২ নিযুক্ত করিবেন ইতি।

১৩ ধারা। ঐ আডিটর সাহেব কি সাহেবেরা ঐ তফসীল ও হিসাব তজবীজ করিবেন এবং শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে ইহার রিপোর্ট করিবেন যে ঐ বহীর মধ্যে যে২ বিষয় লিখিতে হয় সেই২ বিষয়ের সম্পূর্ণ ও যথার্থ বেওরা লেখা আছে কি না এবং এই আইনের দ্বারা উক্ত আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের যে২ বহী রাখণের হুকুম আছে সেই২ বহী উপযুক্ত মতে ও রীতিমতে রাখা গিয়াছে কি না এবং ঐ সম্পত্তি রাখণ এবং অর্পণ করণের বিষয়ে আইনে যে প্রকার হুকুম আছে তদনুসারে রীতিমতে রাখা গিয়াছে ও অর্পণ হইয়াছে কি না ইতি।

১৪ ধারা। প্রত্যেক আডিটর সাহেব উক্ত আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে এবং অন্য যে ব্যক্তি বা

other person or persons whose presence he may think necessary, to attend him from time to time, and to examine the Administrator General or other party or parties if he shall think fit on Oath, or Solemn Affirmation to be by him administered, and to call for all Books, Papers and Documents which may appear to him to be necessary for the purposes of the said reference and if the Administrator General, or other person or persons when summoned shall refuse or without reasonable cause neglect to attend, or to produce any Books, Papers or Documents required, or shall attend and refuse to be sworn or make a Solemn Affirmation when by law an Affirmation may be substituted for an Oath, or shall refuse to be examined, the Auditor or Auditors shall certify such neglect or refusal in writing to the Supreme Court of Judicature at Fort William in Bengal, and every person so refusing or neglecting shall thereupon be punishable, in like manner as if such refusal or neglect had been in contempt of the said Supreme Court

ব্যক্তিবদেব হাজিব হইবাব তিনি আবশ্যক বোধ করেন সেই ব্যক্তিবদিগকে সময়ে২ আপনাব নিকটে হাজিব হইতে তলব কবিতে পাবেন এবং আবশ্যক বোধ হইলে ঐ আডমিনিষ্ট্রেটব জেনবল সাহেবেব বা অন্য ব্যক্তি বা ব্যক্তিবদেব শপথ বা সুকৃতি কবাইয়া জোবানবন্দী লইতে পাবেন এবং উক্ত অর্পিত কর্ম্মেব নির্ব্বাহেব নিমিত্তে যে সকল বহী ও কাগজপত্র ও দলীলদস্তাবেজ তাঁহাব প্রয়োজন বোধ হয় তাহা আনিবাব হুকুম দিতে পাবেন এবং যদি ঐ আডমিনিষ্ট্রেটব জেনরল সাহেবের বা অন্য ব্যক্তি বা ব্যক্তিবদেব সেইরূপে তলব হইলে তাঁহাবা হাজিব হইতে অথবা হুকুমহওয়া বহী বা কাগজপত্র কি দলীলদস্তাবেজ দাখিল কবিতে ক্রটি অথবা উপযুক্ত কাবণ বিনা অস্বীকাব কবেন অথবা হাজির হইয়া শপথ কবিতে কি আইনানুসাবে শপথেব পবিবর্ত্তে যেরূপ প্রতিজ্ঞা কবা যাইতে পাবে সেইরূপ প্রতিজ্ঞা কবিতে স্বীকাব না কবেন অথবা জোবানবন্দী দিতে স্বীকৃত না হন তবে ঐ আডিটব সাহেব বা সাহেবেবা ঐ ক্রটি বা অস্বীকাব লিখনেব দ্বাবা বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়মেব সুপ্রিম কোর্টে জানাইবেন তাহাতে ঐ প্রকাব ক্রটি বা অস্বীকাবকাবক প্রত্যেক ব্যক্তি উক্ত সুপ্রিম কোর্টেব অবজ্ঞাপূর্ব্বক সেইরূপ ক্রটি কি অস্বীকাব কবিলে যেরূপে দণ্ডনীয় হইতেন সেইরূপে দণ্ডনীয় হইবেন ইতি।

XV The costs and expenses of preparing and publishing the said Schedules and copies thereof and of every such reference and examination shall be defrayed proportionably by all the Estates, the accounts of which are then under examination, which costs and proportions shall be ascertained and settled by the Auditor or Auditors, subject to the approval of the Governor General in Council and shall be paid out of the said Estates accordingly by the Administrator General

১৫ ধাবা। ঐ২ তফসীল ও তাহাব নকল প্রস্তুত ও প্রকাশ করণেব এবং ঐ দর্শন ও তজবীজ কবণেব সকল খবচ ও ব্যয় তৎসময়ে যে সকল ইষ্টেটেব হিসাবের তজবীজ হয় সেই২ ইষ্টেটেব সম্পত্তিহইতে অংশাংশমতে দেওয়া যাইবেক এবং আডিটব সাহেব বা সাহেবেবা সেই খবচ ও সেই অংশ নিরূপণ কবিয়া স্থিব কবিবেন কিন্তু তাহাতে শ্রীযুত গবনবর জেনবল বাহাদুবেব হজুব কৌন্সেলেব মঞ্জুবীব অপেক্ষা থাকিবেক এবং ঐ সকল খবচ আডমিনিষ্ট্রেটব জেনবল সাহেব তদনুসাবে উক্ত ইষ্টেটেব সম্পত্তিহইতে দিবেন ইতি।

XVI If upon any such reference and examination the Auditor or Auditors shall see reason to believe that the said Schedules do not contain a true and correct account of the matters therein, or which ought to be therein contained, he or they shall report accordingly to the Governor General of India in Council, specifying the substance of the objections thereto

১৬ ধাবা। যদি সেইরূপ দর্শন ও তজবীজেব দ্বাবা ঐ আডিটব সাহেব বা সাহেবেবদেব এইমত বোধ হয় যে ঐ তফসীলেতে যে২ বিষয় লেখা আছে কি যে২ বিষয় তাহাতে লিখনেব আবশ্যক ছিল সেই২ বিষয় ঠিক ও যথার্থ নহে তবে তিনি বা তাঁহাবা শ্রীযুত গবনবর জেনবল বাহাদুবেব হজুব কৌন্সেলে তাহাব বিপোর্ট কবিবেন এবং ঐ তফসীলেব বিষয়ে যে আপত্তি থাকে তাহা বিশেষ কবিয়া লিখিবেন ইতি।

XVII The Governor General in Council shall refer every such report as last aforesaid to the consideration of the Advocate General of the East India Company in Bengal, who shall thereupon if he shall think fit proceed summarily by petition for an account against the said Administrator General or against the late Administrator General after his removal from Office, or against his personal representatives in case of his death, in respect of all or any of the Estates then or formerly under his care as the said Advocate General shall think fit, and shall have power to exhibit interrogatories to the said Administrator General, or other person or persons defendants, who shall be bound to answer the same as fully as if the same had been contained in a Bill filed for the like purpose, and the Court shall have power on any such petition filed to examine orally the parties

১৭ ধাব। শ্রীযুত গবনবর জেনবল বাহাদুব হজুব কৌন্সেলে শেষোক্ত প্রত্যেক বিপোর্ট বাঙ্গলা দেশস্থ কোম্পানি বাহাদুবেব আডবোকেট জেনবল সাহেবেব বিবেচনাব নিমিত্তে তাঁহাব নিকটে অর্পণ কবিবেন এবং তাহাতে আডবোকেট জেনবল সাহেব যদি উপযুক্ত বোধ কবেন তবে ঐ আডমিনিষ্ট্রেটব জেনবল সাহেবেব প্রতিকূলে কি তিনি পদচ্যুত হইলে অপদস্থ আডমিনিষ্ট্রেটব জেনবল সাহেবেব বিরুদ্ধে অথবা তাঁহাব মৃত্যু হইলে তাঁহাব স্থলাভিষিক্ত ব্যক্তিব প্রতিকূলে ঐ আডবোকেট জেনবল সাহেবেব বিবেচনামতে যে সকল বা যে কোন ইষ্টেট তৎকালে বা তাহার পূর্ব্বে আডমিনিষ্ট্রেটব জেনবল সাহেবেব জিম্মায় ছিল তাহাব সম্পর্কীয় হিসাবেব জন্যে সবাসবীমতে দবখাস্ত কবিবেন এবং ঐ আডমিনিষ্ট্রেটব জেনবল সাহেবকে অথবা অন্য যে ব্যক্তি বা ব্যক্তিবা আসামী হন তাঁহারদিগকে লিখনের দ্বাবা জিজ্ঞাসা করিতে পাবেন এবং তদ্বিষয়ে বিল ফাইল হইলে ঐ আডমিনিষ্ট্রেটব জেনবল সাহেবপ্রভৃতিব যেরূপে জওয়াব দিতে হইত সেইরূপে এই স্থলেও তাঁহাবদেব জওয়াব দিতে হইলে এবং সুপ্রিম কোর্টে

before it and all witnesses, or to refer the accounts to be taken in the ordinary way

XVIII The costs of the reference and examination, and those of the Advocate General, when such are directed to be paid, shall be defrayed either by the defendant or defendants, in case he or they shall be decreed to pay the costs, or out of the Estates rateably as the said Court shall direct, and whenever the costs of any reference and examination shall be recovered from the defendant or defendants, the same shall be repaid to the Estates by which the same were in the first instance contributed, and the Court shall have power to order the Administrator General, or other person or persons defendants, to receive his or her costs out of the said Estates if it shall think fit

XIX The said Court shall have power on such petition to make such original and subsequent orders as upon a Bill filed, and such Orders shall have the same effect, and be executed in the same manner as Decretal Orders

XX Whenever any British subject shall die within the said Presidency intestate, and Letters of Administration to his or her Effects shall not be taken out for three months after the death, and the Administrator General shall be satisfied that such Effects do not exceed in the whole Five Hundred Rupees, he may, if he shall think fit, grant, to any person claiming to be entitled to a principal share of the Effects of the deceased, Certificates under his hand entitling the claimant to receive the sums or securities for money therein severally mentioned belonging to the Effects of the deceased, to the value of any sum not exceeding in the whole Five Hundred Rupees

XXI The Administrator General shall not be bound to grant any such Certificate unless he is satisfied of the title of the claimant, and of the value of the Effects of the deceased, either by the Oath or Affidavit of the claimant, or by such other evidence as he shall require

XXII Any such Certificate, with a receipt annexed under the hand of the person to whom the Certificate is granted, shall be a full receipt and discharge for payment or delivery to him or her of the money or security for money therein mentioned, with respect to the claim of any other person upon the person paying or delivering the same but any next of kin or representative or creditor of the deceased shall have remedy for recovery thereof against the person receiving the same

XXIII The Administrator General shall not be bound to take out Letters of Administration to the Effects of any deceased person on account of whose Estate he shall grant any such Certificate, but may do so, if he shall discover any fraud or

সেইরূপ দরখাস্ত হইলে ঐ ব্যক্তিরদিগকে এবং অন্য সকল সাক্ষিকে ঐ কোর্ট আপনার সম্মুখে ডাকিয়া জোবানী জোবানবন্দী লইতে পারেন অথবা সামান্যমতে হিসাব তজবীজের নিমিত্তে হুকুম করিতে পারেন ইতি।

১৮ ধারা। যখন ঐ দর্শন ও তজবীজ করণের এবং আডবোকেট জেনরল সাহেবের খরচ দেওনের হুকুম হয় তখন আসামী বা আসামীরদিগের খরচা দিবার হুকুম হইলে তাহারা তাহাই দিবেক অথবা ঐ আদালত যেমত হুকুম করিবেন সেইমত তাহা অংশাংশমতে ইষ্টেটহই তে দেওয়া যাইবেক এবং যখন ঐ দর্শন ও তজবীজ করণের খরচা আসামী বা আসামীরদের স্থানে পাওয়া যায় তখন যে ইষ্টেটহইতে তাহা আদৌ দেওয়া গিয়াছিল সেই ইষ্টেটের প্রতি ঐ খরচা ফিরিয়া দেওয়া যাইবেক। এবং ঐ সুপ্রিম কোর্ট উপযুক্ত বোধ করিলে ঐ আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে বা অন্য আসামী কি আসামীরদিগকে আপন২ খরচা ঐ ইষ্টেটহইতে লইতে হুকুম করিতে পারেন ইতি।

১৯ ধারা। উক্ত আদালত বিল ফাইল হইলে যেরূপ প্রথম ও তৎপরে হুকুম দিতে পারেন সেই প্রকারে এইমত দরখাস্ত হইলে হুকুম করিতে পারেন। এবং ডিক্রীর হুকুমের যেরূপ ফল হয় ও তাহা যেরূপে জারী হয় এই হুকুমেরো সেইরূপ ফল হইবেক এবং তাহা সেইরূপে জারী হইবেক ইতি।

২০ ধারা। যখন কোন ব্রিটনীয় প্রজা উইল না করিয়া উক্ত রাজধানীর অধীন দেশের মধ্যে মরেন এবং তাঁহার মৃত্যুর পর তিন মাসপর্য্যন্ত তাঁহার সম্পত্তির বিষয়ে লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন না লওয়া যায় এবং আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব হৃদ্বোধমতে জানেন যে ঐ সম্পত্তি মোটে পাচ শত টাকার অধিক নহে তবে তিনি উপযুক্ত বোধ করিলে যে কোন ব্যক্তি ঐ মৃত ব্যক্তির সম্পত্তির প্রধান অংশে অধিকারিত্বের দাওয়া করেন তাঁহাকে আপন দস্তখৎ করা সর্টিফিকট দিতে পারেন এবং ঐ সর্টিফিকটের দ্বারা ঐ মৃত ব্যক্তির সম্পত্তির মোটে পাঁচ শত টাকার অনধিক মুল্যের যে সকল টাকা কি টাকার নিদর্শন ঐ সর্টিফিকটের মধ্যে বিশেষ করিয়া লেখা থাকে তাহা গ্রহণ করিতে দাওয়াদারকে ক্ষমতা দেওয়া যাইবেক ইতি।

২১ ধারা। যদি দাওয়াদারের শপথ কি সুকৃতি অথবা অন্য যে সাক্ষ্য আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব চাহেন তৎক্রমে দাওয়াদারের অধিকারিত্বের বিষয় এবং মৃত ব্যক্তির সম্পত্তির মুল্যের বিষয়ে ঐ সাহেবের হৃদ্বোধ না হয় তবে তিনি উক্ত প্রকার কোন সর্টিফিকট দিতে বদ্ধ নহেন ইতি।

২২ ধারা। এইমত কোন সর্টিফিকট এবং তাহা যে ব্যক্তিকে দেওয়া যায় তাহার দস্তখৎকরা রসীদ তাহার মধ্যের লিখিত টাকা অথবা টাকার নিদর্শন তাহাকে দিবার বা তাহার হাতে দাখিল করণের বিষয়ের সম্পূর্ণ রসীদ এবং ফারখৎ হইবেক এবং ঐ সর্টিফিকট ও রসীদ থাকিলে যে ব্যক্তি ঐ টাকাপ্রভৃতি দিয়াছে বা দাখিল করিয়াছে তাহার উপর অন্য কোন ব্যক্তি দাওয়া করিতে পারিবেক না কিন্তু যে ব্যক্তি ঐ টাকাপ্রভৃতি পাইয়াছে তাহার স্থানে তাহা ফিরিয়া পাইবার জন্যে মৃত ব্যক্তির কুটুম্ব বা স্থলাভিষিক্ত কি মহাজনের উপায় থাকিবেক ইতি।

২৩ ধারা। আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব যে কোন মৃত ব্যক্তির ইষ্টেটের বিষয়ে এমত সর্টিফিকট দেন তাঁহার সম্পত্তির বিষয়ে তিনি লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন বাহির করিতে বদ্ধ নহেন। কিন্তু যদি তিনি অবগত হন যে কোন কারসাজী হইয়াছে কিম্বা কোন অপ্রকৃত এজহার তাঁহার নিকটে দেওয়া গিয়াছে অথবা

misrepresentation made to him, or that the value of the Estate exceeded Five Hundred Rupees

XXIV For every such Certificate the Administrator General shall be entitled to charge a fee calculated after the rate of Three Rupees in the Hundred on the amount mentioned in the Certificate

XXV Every person who, having been sworn or having taken a Solemn Affirmation under this Act, shall wilfully give false testimony upon any examination authorized by this Act, shall be deemed guilty of perjury, and if convicted thereof, shall be liable to fine and imprisonment, or to fine or imprisonment, which imprisonment may be at the discretion of the Court with or without hard labour, and may extend to two years

Ordered, that the said Draft be re considered at the first meeting of the Legislative Council of India, after the 2nd day of April, 1849

F J HALLIDAY,
Secy to the Govt of India

সম্পত্তির মূল্য পাঁচ শত টাকার অধিক আছে তবে তিনি লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন বাহির করিতে পাবেন ইতি।

২৪ ধারা। এইমত প্রত্যেক সর্টিফিকটের নিমিত্তে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব ঐ সর্টিফিকটের লিখিত মোট টাকার ফি শত টাকার উপর তিন টাকার হারে রসুম লইতে পারেন ইতি।

২৫ ধারা। যে প্রত্যেক ব্যক্তি এই আইনানুসারে শপথ কি প্রতিজ্ঞা করিয়া এই আইনের হুকুম করা কোন জোবানবন্দী দেওন সময়ে জানিয়া শুনিয়া কোন মিথ্যা সাক্ষ্য দেয় সেই ব্যক্তি মিথ্যা শপথের দোষী জ্ঞান হইবেক এবং তাহার অপরাধ সাব্যস্ত হইলে জরীমানা এবং কয়েদের অথবা জরীমানা কিম্বা কয়েদের যোগ্য হইবেক এবং আদালতের বিবেচনাক্রমে সেই কয়েদ কঠিন পরিশ্রমবিশিষ্ট বা তাহা ব্যতিরিক্ত হইতে পারে এবং তাহা দুই বৎসরপর্য্যন্ত হইতে পারে ইতি।

হুকুম হইল যে ১৮৪৯ সালের আপ্রিল মাসের ২ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 4

To the Civil Judges in the Lower Provinces

The Court hereby notify that Examinations of Candidates for the Office of Moonsiff will be held on the 1st June next at Patna, Dacca, and Chittagong

2 The Judges are requested to cause notice to this effect to be published in the several Courts within their districts, with a view to enable candidates to submit their applications within the prescribed time

W KIRKPATRICK, *Deputy Register*

Fort William, the 28th February, 1849

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা ইহার দ্বারা জানাইতেছেন যে মুনসেফী পদাকাঙ্ক্ষিরদের ইমতিহান আগামি জুন মাসের ১ তারিখে পাটনায় ও ঢাকায় ও চাটিগাঁয় হইবেক।

২ দফা। পদাকাঙ্ক্ষিরা নির্দ্দিষ্ট সময়ের মধ্যে আপনারদের দরখাস্ত দাখিল করিতে পারেন এই নিমিত্তে জজ সাহেবেরদের প্রতি আদেশ হইতেছে যে তাঁহারা আপন২ জিলার প্রত্যেক আদালতে এই বিষয়ের এত্তেলা প্রকাশ করেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯ সাল ২৮ ফেব্রুআরি।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

রাজকর্ম্মে নিয়োগ।

২৯০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ১৯ ফেব্রুআরি।

শ্রীযুত ডাক্তর জে জৌয়েট সাহেব (Dr J Jowett,) জিলা দিনাজপুরের দলীলদাস্তাবেজের রেজিষ্টর হইবেন।

শ্রীযুত ডাক্তর ডবলিউ এস ডিকেন সাহেব (Dr W S Dicken,) পাটনাতে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত মাকার্থর সাহেব (Mr McArthur,) মেদিনীপুরে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

১৮৪৯ সাল ২৬ ফেব্রুআরি।

শ্রীযুত আর এচ মিটন সাহেব (Mr. R H Mytton,) বর্ত্তমান মাসের ১৯ তারিখঅবধি চব্বিশপরগনার সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত ডবলিউ এচ এলিয়ট সাহেব (Mr W H Elliott,) বর্ত্তমান মাসের ১৯ তারিখঅবধি চব্বিশপরগনার মাজিষ্ট্রেট ও আলীপুরের জেলখানার সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন এবং কলিকাতা শহরের মধ্যে মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৪৯ সাল ২৭ ফেব্রুআরি।

শ্রীযুত টি সাণ্ডিস সাহেব (Mr T Sandys,) বর্ত্তমান মাসের ২৫ তারিখঅবধি পূরণিয়ার কালেকটর হইবেন কিন্তু অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত বেহারের সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত আর এম স্কিনর সাহেব (Mr R M Skinner,) ঐ তারিখঅবধি পাটনার কালেক্টর হইবেন।

শ্রীযুত জি জি মাকিণ্টশ সাহেব (Mr G G Mackintosh,) বর্ত্তমান মাসের ২৫ তারিখঅবধি ভাগলপুরের কালেকটর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত পূর্ব্ব বর্দ্ধমানের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

[*Government Gazette, 6th March*, 1849]

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENT.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

হুকুম এস্তেনানাম কাছারী কালেক্টরী জেলা বর্দ্ধমান এই যে।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ১৬ দফার বিধানমতে নীচের লিখিত মহাল সন ১৮৪৯ সালের ২০ মার্চ মোং সন ১২৫৫ সালের ৮ চৈত্র মঙ্গলবার দিবা দুই প্রহরের সময় এই কাছারীতে ছানি নীলামে বিক্রয় হইবেক এবং নিশ্চয় নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৪৯। ১ মার্চ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম ও পরগনা	সদর মালিকের নাম যাহা তৌজীতে লেখা যায়	বাকী সন ১২৫৫ সালের লাং অগ্রহায়ণ সন ১৮৪৮। লাং নবেম্বর সদর জমা ঐ।	কৈ
১ নং	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল	২৯৫৪ নং	মৌং জামস্বান প. মের-গড়	শ্রীনাথ রায়চৌধুরী	১৮৸৶৮	চলিত সনের ২৫ জানুআরি তারিখে খরিদার মজকুর মহাল খরিদ করিয়া ৩০ দিবস মধ্যে অবশিষ্ট মূল্যের টাকা দাখিল না করিবায় পুনরায় ছানি নীলামে মহাল মজকুর অবধারিত করা গেল ইতি।

G G MACKINTOSH, *Offg Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বীরভূম এই যে।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ প্রথম আইনের মর্ম্মানুসারে সন ১২৫৫ সাল ইস্তক আশ্বিন লাগাদী কিস্তী অগ্রহায়ণের বাকী রাজস্ব আদায় কারণ সন ১৮৪৮ সালের ২৮ ডিসেম্বর মতাবক সন ১২৫৫ সাল তারিখ ১৫ পৌষ সূর্য্য অস্তপর্য্যন্ত টাকা দাখিলের দিবস নিরূপণ ছিল, কিন্তু নীচের লিখিত মহালের বাকীদার উক্ত তারিখ সূর্য্য অস্তপর্য্যন্ত আপন বাকী দাখিল না করাপ্রযুক্ত ঐ আইনের ৬ ধারার বিধিক্রমে সন হাল ২৬ জানুআরি নীলামের দিবস ধার্য্য রীতিমত ইস্তাহার প্রচার করা গিয়াছিল পরে ঐ তারিখে নীচের লিখিত মহাল নীলাম হওয়াতে সেখ মখাউদ্দীন ৪৭ টাকা পণ বাহাতে মহাল মজকুর নীলাম খরিদ করিয়া তাহার সিকী ফিচ ১১৸০ টাকা দাখিল করিয়া বক্রী পণের টাকা নিয়মমত ত্রিংশত্তম দিবসের মধ্যে দাখিল না করা মতে উক্ত আইনের ১৬ ধারার মর্ম্মানুসারে সিকীর টাকা সরকারে জব্দ হইয়া পুনরায় ঐ আইনের ৬ ধারাঅনুসারে ইস্তাহার প্রচার করা যাইতেছে যে সন ১৮৪৯ সাল তারিখ ১৯মার্চ মতাবক সন ১২৫৫ সাল তারিখ ৭ চৈত্র রোজ সোমবার বেলা দুই প্রহরের পর অত্র কাছারীর প্রকাশ স্থানে নীচের লিখিত মাহাল নীলাম বিক্রী হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ উচিত যে ঐ তারিখ ও সময়ে এই কাছারীতে হাজির হইয়া খরিদ করহ আর যে অধিক ডাকিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক ইতি। সন ১৮৪৯ সাল তারিখ ২৮ফেব্রুআরি মতাবক সন ১২৫৫ সাল তারিখ ১৮ ফাল্গুণ।

শ্রেণীর নম্বর	মাহালের শ্রেণী	নম্বর রেজিষ্টরি	নাম মাহাল	নাম মালিকান	সদর জমা	বাকী লাগাদী অগ্রহ.-যণ সন ১২৫৫ সাল	কৈফিয়ৎ
২	দায়েমী	৫৮৪ নং	নোহানগর	দুর্গাপ্রসাদ ঘোষাল	৫৯৶৩	৩১৲	মুছলয় মাহাল ধান্যআদি হরিএক ফসল হয়।

A OGILVIE, *Collector*

ইশ্‌তিহার।

কলিকাতার সদর দেওয়ানী আদালতের মোকদ্দমার নূতন রিপোর্ট ঐ আদালতের উকীল চৌরঙ্গীর সদর রাস্তার ২ নম্বরনিবাসি শ্রীযুত আলেন আলেকজাণ্ডর সেবেষ্টর সাহেবকর্ত্তৃক প্রস্তুত হইয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ৬ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 13, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ১৩ মার্চ।

DRAFT OF ACT

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,

THE 8TH MARCH, 1849

The following Draft of a proposed Act was read in Council, for the first time, on the 8th March, 1849

Act No —— of 1849

An Act for the registry of Merchant Seamen

Whereas it is expedient to form a register of Merchant Seamen It is enacted as follows

I A General Register Office for Merchant Seamen, shall be established at each of the Ports of Calcutta, Madras and Bombay, and at such other Ports as the Governor General of India in Council shall hereafter deem necessary

II For every such Office there shall be a Registrar, with such Assistants, Clerks and servants, at such salaries and allowances, and subject to such regulations as shall be from time to time directed, with the approval of the Governor General of India in Council, by the Governor, or Governor in Council, of the Presidency or place where the Office is established

III Each Registrar, before entering on the duties of his Office, shall, with two Sureties, execute a joint and several bond to the East India Company, according to such form as shall be from time to time approved by the Governor General of India in Council, conditional for the faithful performance of his duty, and for the due application and account of all monies that shall come to him,

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ৮ মার্চ।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ৮ মার্চ তারিখে হুজুর কোন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

বাণিজ্য জাহাজের খালাসীরদের রেজিষ্টরী করণের বিষয়ি আইন।

যেহেতুক বাণিজ্য জাহাজের খালাসীরদের রেজিষ্টরী করা বিহিত বোধ হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের প্রত্যেক বন্দরে এবং ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে উত্তর কালে অন্য যে২ বন্দরে আবশ্যক বোধ করেন সেই২ বন্দরে বাণিজ্য জাহাজের খালাসীরদের জন্যে এক সাধারণ রেজিষ্টরী দফ্তর স্থাপন হইবেক ইতি।

২ ধারা। এইমত প্রত্যেক দফ্তরে এক জন রেজিষ্ট্রার নিযুক্ত হইবেন এবং যে রাজধানীতে বা স্থানে ঐ দফ্তর স্থাপিত হয় সেই রাজধানী বা স্থানের শ্রীযুত গবরনর সাহেব বা শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের অনুমতিক্রমে সময়ে২ যেরূপ হুকুম করেন সেইরূপে ঐ দফ্তরের আসিষ্টাণ্ট ও মুহুরীর ও চাকর নিযুক্ত হইবেক এবং তাহারদের মাহিয়ানা ও বেতন ধার্য্য হইবেক এবং তাহার বিষয়ি নিয়ম নির্দ্দিষ্ট হইবেক ইতি।

৩ ধারা। প্রত্যেক রেজিষ্ট্রার আপনার পদের কার্য্যে প্রবৃত্ত হওনের পূর্ব্বে তাঁহার কর্ত্তব্য কার্য্য বিশ্বস্তরূপে নির্ব্বাহ করণের বিষয়ে এবং ঐ রেজিষ্ট্রারস্বরূপ তাঁহার হাতে যে সকল টাকা আইসে সেই সকল টাকার যথার্থরূপে ব্যয় করণের ও হিসাব রাখণের বিষয়ে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে সময়ক্রমে যে পাঠে সম্মত হন সেই পাঠানুসারে দুই জন জামিন সমেত কোম্পানি বাহাদুরের প্রতি সাধারণে ও

as such Registrar, under such amount of penalty as shall be from time to time fixed by the Governor or Governor in Council of the Presidency or Place

IV Every person intending to serve, (otherwise than as Master or Surgeon) on board of any Vessel navigated from a Port within the territories under the Government of the East India Company, and registered as a British Vessel under the Statutes of Parliament and Acts of the Governor General of India in Council in force for the time being for the registry of British Vessels, shall be bound to appear at the Register Office appointed for the Port to which he belongs, for the purpose of procuring himself to be registered, and shall be bound to answer truly to the best of his ability and knowledge the several questions set forth in the Schedule (A) annexed to this Act, and such other questions as shall be from time to time directed by the Governor General of India in Council, and until so registered shall not be allowed to serve in any capacity, (other than Master or Surgeon,) on board of any such registered Vessel

V The Registrar shall be bound to register every Seaman, who shall appear at his Office for that purpose, and truly answer the said questions to the best of his ability and knowledge

VI The Registrar shall give to every Seaman whom he shall register a Register Ticket, containing as accurate a description as may be of such Seaman in such form as shall be from time to time approved by the Governor General of India in Council, for which he shall be entitled to take such Fee, not exceeding (   ), as shall be from time to time allowed by the Governor or Governor in Council, and shall keep recorded in his Office a duplicate of every such Register Ticket The Registrar shall ascertain to the best of his ability, and specify on the Register Ticket, the class or rating of Seafaring persons to which each registered Seaman appears to him to belong, and from time to time shall note on any Ticket produced to him for that purpose any superior rating to which the holder of the Ticket appears at that time to be entitled

VII The Master of any such Vessel shall not engage or employ any unregistered Seaman at any Port in the said Territories, and shall cause to be delivered to him the Register Ticket of every Seaman whom he shall engage at any such Port before putting to Sea, which Ticket the Master shall keep safely (unless in the cases hereinafter mentioned) until the end of the service of such Seaman with him, and shall then give it back to the Seaman to whom it belongs and every Master of a Vessel, who shall wilfully offend against this enactment, shall be liable to a penalty not exceeding One Hundred Rupees for each Seaman so unlawfully engaged or employed

VIII. Whenever any Seaman shall lose his

প্রত্যেকে বণ্ড লিখিয়া দিবেন এবং ঐ রাজধানী বা স্থানের শ্রীযুত গবরনর সাহেব বা শ্রীযুত গবরনর সাহেব হুজুর কৌন্সেলে সময়ক্রমে যত সংখ্যক গুনাহগারীর দণ্ড ধার্য্য করেন সেই গুনাহগারী ঐ বণ্ডে লেখা থাকিবেক ইতি।

৪ ধারা। কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যস্থিত কোন বন্দরহইতে প্রস্থানকারী যে জাহাজ ব্রিটনীয় জাহাজের রেজিষ্টরীর বিষয়ে তৎসময়ে পার্লিমেন্টের যে আইন এবং ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হুজুর কৌন্সেলের যে২ আইন প্রবল থাকে সেই২ আইনানুসারে ব্রিটনীয় জাহাজস্বরূপ রেজিষ্টরী হইয়াছে সেই জাহাজের উপর (মালিম বা চিকিৎসক বিনে) অন্য যে কোন ব্যক্তি খাটিতে মানস করে সেই ব্যক্তির আবশ্যক যে যে বন্দরের সঙ্গে তাহার সম্পর্ক থাকে সেই বন্দরের স্থাপিত রেজিষ্টরী দফ্তরে আপনাকে রেজিষ্টরী করাওনার্থে হাজির হয় এবং এই আইনের শেষের লিখিত A চিহ্নিত তফসীলে যে নানা জিজ্ঞাসা লেখা আছে এবং সময়ক্রমে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে যে২ জিজ্ঞাসার হুকুম করেন সেই২ জিজ্ঞাসার উত্তর আপন বুদ্ধি সাধ্যপর্য্যন্ত সত্য করিয়া দেয় এবং যাবৎ সেই ব্যক্তি সেইরূপে রেজিষ্টরী না হয় তাবৎ (মালিম বা চিকিৎসক বিনে) অন্য কোন পদে ঐরূপ রেজিষ্টরীহওয়া জাহাজের উপরে খাটিতে পারিবেক না ইতি।

৫ ধারা। যে প্রত্যেক খালাসী রেজিষ্ট্রারের দফ্তরে রেজিষ্টরী হওনার্থে আইসে এবং আপনার বুদ্ধিসাধ্য পর্য্যন্ত ঐ জিজ্ঞাসার সত্য জওয়াব দেয় এইমত প্রত্যেক খালাসীকে ঐ রেজিষ্ট্রার রেজিষ্টরী না করিলে নয় ইতি।

৬ ধারা। যে প্রত্যেক খালাসীকে ঐ রেজিষ্ট্রার রেজিষ্টরী করেন তাহাকে তিনি এক রেজিষ্টর টিকিট দিবেন এবং শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে সময়ক্রমে যে পাঠেতে সম্মত হন সেই পাঠানুসারে ঐ খালাসীর সাধ্যপর্য্যন্ত যথার্থ চেহারা লেখা থাকিবেক এবং শ্রীযুত গবরনর সাহেব বা শ্রীযুত গবরনর সাহেব হুজুর কৌন্সেলে সময়ক্রমে যে রসুমের অনুমতি দেন সেই রসুম ঐ রেজিষ্ট্রার ঐ টিকিটের জন্যে লইতে পারিবেন কিন্তু তাহা এত টাকার অধিক হইবেক না এবং ঐ রেজিষ্ট্রার ঐ রেজিষ্টর টিকিটের এক নকল আপনার দফ্তরে রাখিবেন। এবং প্রত্যেক রেজিষ্টরীহওয়া খালাসী সমুদ্র গমনাগমনকারি ব্যক্তিরদের যে সম্প্রদায় অথবা বেতনভোগী হয় তাহা ঐ রেজিষ্ট্রার সাধ্যপর্য্যন্ত নির্ণয় করিয়া রেজিষ্টর টিকিটে নির্দ্দিষ্ট করিয়া লিখিবেন। এবং ঐ টিকিটে উচ্চস্থ বেতন ভোগিস্বরূপ লিখিত হওনের জন্যে টিকিটপ্রাপ্ত ব্যক্তি ঐ টিকিট রেজিষ্ট্রারের নিকটে আনিলে সেই সময়ে ঐ ব্যক্তির যে উচ্চস্থ বেতনভোগি হওনের স্বত্ব থাকে তাহা ঐ রেজিষ্ট্রার ঐ টিকিটেতে লিখিবেন ইতি।

৭ ধারা। এইমত প্রত্যেক জাহাজের মালিম উক্ত রাজ্যের কোন বন্দরে রেজিষ্টরী না হওয়া খালাসীর সঙ্গে বন্দোবস্ত করিবেন না বা তাহাকে কর্ম্ম দিবেন না এবং উক্ত বন্দরে যে প্রত্যেক খালাসীর সঙ্গে বন্দোবস্ত করেন তাহার রেজিষ্টর টিকিট সমুদ্রে গমনের পূর্ব্বে আপন হাতে সমর্পণ করাইবেন এবং (পশ্চাৎ লিখিত গতিকব্যতিরেকে) ঐ খালাসীর চাকরীর শেষপর্য্যন্ত ঐ জাহাজের মালিম অতিসাবধান করিয়া তাহা রাখিবেন এবং তৎপরে ঐ টিকিট যে খালাসীর হয় তাহাকে তাহা ফিরাইয়া দিবেন এবং জাহাজের যে প্রত্যেক মালিম জানিয়া শুনিয়া এই আইন উল্লঙ্ঘন করেন তিনি যে প্রত্যেক খালাসীকে এইরূপে আইনবিরুদ্ধে নিযুক্ত করেন বা চাকরী দেন তাহার জন্যে ১০০২ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

৮ ধারা। যখন কোন খালাসী আপনার রেজিষ্টর

Register Ticket, he shall apply personally to the Registrar, and shall be bound to answer truly, to the best of his ability and knowledge, all questions which the Registrar or one of his Assistants shall put to him touching the time and manner of the loss, and if it shall appear that no fraud has been committed or intended, the Registrar shall furnish another Ticket to him, upon payment of such Fee, not exceeding five Rupees, beside the common Fee for the issue of a Register Ticket, as the Registrar shall think fit, having regard to the time and manner of the loss of the former Ticket

IX Whenever any registered Seaman shall be committed to prison, or to any house of correction, the Court or Justice of the Peace shall cause his Register Ticket to be delivered to the keeper of such prison or house of correction, who shall keep it during the term of the Seaman's imprisonment, and at the end of the imprisonment give it to him again, and whenever any registered Seaman shall be sentenced to death or transportation, the person having him in custody shall send his Register Ticket to the Registrar

X The Registrar shall cancel every Register Ticket, which shall come again into his possession, and from time to time shall make out lists, shewing the number and name upon every Ticket, cancelled during the twelve months then last past, and of every Ticket which shall have been represented to him to have been lost, and in respect of which he shall have issued another Ticket during the same twelve months, and shall cause such lists to be published in the Gazette, and shall also send them to the Collector of Customs and Chief Magistrate of Police at such Towns or Ports as shall be directed by the Governor or Governor in Council, to be by them respectively exhibited in some conspicuous part of the Custom House and Police Office, and copies of such lists shall be sent to the Master Attendant at every such Port, and shall be delivered to any Master or Owner of a registered Vessel on application, and on payment of a Fee of (   )

XI Every person applying for a Register Ticket, who shall wilfully give a false answer to any question which the Registrar or his Assistant is entitled to ask of him, or wilfully make any false statement before the Registrar or his Assistant as to the loss of any Register Ticket, shall be liable to a penalty not exceeding Two Hundred Rupees

XII Every person who shall wilfully alter, deface or destroy any Register Ticket, or counterfeit any such Register Ticket, or transfer or traffic in any such Ticket, issued or purporting to be issued under this Act, shall be liable to a penalty not exceeding One Hundred Rupees

XIII Every person who shall become possessed of any Register Ticket other than that lawfully issued to him, (except Masters of Vessels and others directed to keep any such Tickets by this

টিকিট হারায় তখন সেই ব্যক্তি স্বয়ং রেজিষ্ট্রারের নিকটে দরখাস্ত করিবেক এবং সেই টিকিট যে সময়ে ও যেপ্রকারে খোয়া গেল তাহার বিষয়ে রেজিষ্ট্রার বা তাঁহার কোন এক জন আসিষ্টাণ্ট যে সকল জিজ্ঞাসাবাদ করেন তাহার আপন বুদ্ধি সাধ্যপর্য্যন্ত সত্যরূপে উত্তর দিতে হইবেক। এবং যদ্যপি দৃষ্ট হয় যে ইহাতে কোন চাতুরী ছিল না বা চাতুরীর মানস ছিল না তবে রেজিষ্টর টিকিট দেওনার্থে যে রসুম নির্দ্দিষ্ট আছে তাহার অতিরিক্ত পূর্ব্বের টিকিট হারাইবার সময় ও প্রকার বিবেচনা করিয়া রেজিষ্ট্রার যে রসুম উচিত বুঝেন এইমত ৫৲ টাকার অনধিক রসুম লইয়া তাহাকে অন্য এক টিকিট দিবেন ইতি।

৯ ধারা। যখন কোন রেজিষ্টরীহওয়া খালাসী কারাগারে বা কোন হরিণবাড়ীতে কয়েদ হয় তখন আদালত অথবা জষ্টিস অফ দি পীস তাহার রেজিষ্টর টিকিট ঐ কারাগার বা হরিণবাড়ীর অধ্যক্ষের হাতে দেওয়াইবেন এবং তিনি খালাসীর কয়েদ থাকন সময়ে তাহা রাখিবেন এবং কয়েদের শেষ হইলে তাহাকে ফিরাইয়া দিবেন। এবং যখন কোন রেজিষ্টরীহওয়া খালাসীর প্রাণদণ্ড বা দ্বীপান্তর প্রেরণের দণ্ড হয় তখন যে ব্যক্তির নিকটে ঐ খালাসী কয়েদ থাকে সেই ব্যক্তি ঐ রেজিষ্টর টিকিট রেজিষ্ট্রারের নিকটে পাঠাইবেন ইতি।

১০ ধারা। যে প্রত্যেক রেজিষ্টর টিকিট রেজিষ্ট্রারের নিকটে ফিরিয়া আইসে তাহা তিনি বাতিল করিবেন এবং সময়ক্রমে তালিকা প্রস্তুত করিবেন এবং তাহার পূর্ব্ব বারো মাস ব্যাপিয়া যে প্রত্যেক টিকিট বাতিল হইয়াছে ও যে প্রত্যেক টিকিট হারাইয়া যাওনের বিষয়ে তাঁহাকে সম্বাদ দেওয়া গিয়াছে এবং তাহার পরিবর্ত্তে তিনি ঐ বারো মাস ব্যাপিয়া অন্য টিকিট দিয়াছেন এমত টিকিটের নম্বর ও নাম ঐ তালিকাতে নির্দ্দিষ্ট থাকিবেক। এবং ঐ তালিকা গেজেটে প্রকাশ করাইবেন এবং শ্রীযুত গবরনর সাহেব বা শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে যে সকল নগর বা বন্দর নিরূপণ করেন সেই২ নগর বা বন্দরের হাসিলের কালেক্টর সাহেব এবং পোলীসের প্রধান মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবেন এবং ঐ সাহেবেরা তাহা পরমিট ঘরে এবং পোলীসের দফ্তরের দৃষ্টিগোচর কোন স্থানে লট্কাইবেন। এবং ঐ তালিকার নকল এমত প্রত্যেক বন্দরের মাষ্টর আটেণ্ডাণ্ট সাহেবের নিকটে পাঠান যাইবেক এবং কোন রেজিষ্টরীহওয়া জাহাজের মালিম বা অধ্যক্ষ দরখাস্ত করিলে এবং এত টাকা রসুম দিলে তাঁহাকে ঐ তালিকার নকল দেওয়া যাইবেক ইতি।

১১ ধারা। যে প্রত্যেক ব্যক্তি রেজিষ্টর টিকিটের নিমিত্তে দরখাস্ত করে সেই ব্যক্তি যদি রেজিষ্ট্রার অথবা তাঁহার আসিষ্টাণ্ট যে জিজ্ঞাসা করিতে পারেন সেই জিজ্ঞাসার মিথ্যা উত্তর জানিয়া শুনিয়া দেয় অথবা জানিয়া শুনিয়া রেজিষ্ট্রার অথবা তাঁহার আসিষ্টাণ্টের সম্মুখে আপনার টিকিট হারাইয়া যাওনের বিষয়ে কোন মিথ্যা এজহার করে সেই ব্যক্তি ২০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

১২ ধারা। যে কোন ব্যক্তি জানিয়া শুনিয়া কোন রেজিষ্টর টিকিট মতান্তর করে কি বিরূপ করে কি নষ্ট করে অথবা এইমত কোন রেজিষ্টর টিকিট কৃত্রিম করে বা এই আইনানুসারে যে টিকিট দেওয়া গিয়াছে অথবা দেওয়া গিয়াছে কথিত হয় সেই টিকিট হস্তান্তর করে বা ক্রয় বিক্রয় করে সেই ব্যক্তি ১০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

১৩ ধারা। জাহাজের মালিম এবং অন্য যে ব্যক্তিকে এই আইনানুসারে সেই প্রকার টিকিট রাখিবার হুকুম হইয়াছে সেই ব্যক্তিছাড়া যে কোন ব্যক্তি আপনাকে আইনমত দেওয়া টিকিটব্যতিরেকে কোন

Act), either by the death of the Seaman to whom it belonged or otherwise, shall forthwith send it to the Registrar and in default of so doing, shall be liable to a penalty not exceeding One Hundred Rupees

XIV All penalties which may be imposed by this Act may be recovered with costs on summary conviction before a Magistrate or Justice of the Peace, as if they were imposed by a Magistrate under Act II of 1839

XV To defray the expences of this Act a yearly duty of per ton shall be levied on all registered Vessels belonging to Ports within the Territories under the Government of the East India Company, and that the production of a certificate of payment at one Port of Registry shall free at all others during the current year, to be reckoned from the first day of to the last day of ( )

SCHEDULE A

1 What is your name and surname ?

2 What is your Father's name, and usual dwelling place ?

3 Have you been registered before ?

4 Where were you born ?

5 When were you born ?

6 When did you first go to Sea ?

7 In what capacity did you first go ?

8 In what capacity have you since served ?

9 Have you served in the Royal or Indian Navy ? or in the Marine of the East India Company ?

10 If you have, how long ? and in what Ships and in what capacity ?

11 Have you been in Foreign Service ?

12 If you have, how long ? and in what capacity ? and under what Flag ?

13 How have you been generally employed at Sea ?

14 Where do you usually live when unemployed ?

টিকিট খালাসীর মরণের দ্বারা বা প্রকারান্তরে প্রাপ্ত হয় সেই ব্যক্তি তৎক্ষণাৎ তাহা রেজিষ্ট্রারের নিকটে পাঠাইবেক এবং তাহা না করিলে ১০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

১৪ ধারা। যে সকল জরীমানা এই আইনের দ্বারা নির্দ্দিষ্ট হইল সেই সকল জরীমানা ১৮৩৯ সালের ২ আইনানুসারে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা হুকুম হইলে যেরূপ হইত সেইরূপে মাজিষ্ট্রেট সাহেব অথবা জুষ্টিস অফ দি পীসের সম্মুখে সরাসরীমতে দোষ সাব্যস্ত হইলে পর খরচাসমেত আদায় হইতে পারিবেক ইতি।

১৫ ধারা। এই আইনের খরচ দেওনার্থে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যস্থিত বন্দরের সকল রেজিষ্টরী জাহাজের উপর টনপ্রতি এত টাকা বার্ষিক মাসুল লওয়া যাইবেক এবং রেজিষ্টরী এক বন্দরে এ টাকা দেওনের সর্টিফিকট দেখান গেলে তদ্দ্বারা সেই সনের মধ্যে অন্য সকল বন্দরে কোন মাসুল দিতে হইবেক না এবং ঐ সন অমুক মাসের প্রথম দিনাবধি অমুক মাসের শেষ দিনপর্য্যন্ত হিসাব হইবেক ইতি।

A চিহ্নিত তফসীল।

১। তোমার নাম ও তোমার পদবী কি।

২। তোমার পিতার নাম কি এবং তাহার সামান্য বাস কোথায় আছে।

৩। ইহার পূর্ব্বে তোমার রেজিষ্টরী হইয়াছিল কি না।

৪। তোমার জন্মস্থান কোথায়।

৫। তোমার জন্মদিন কি।

৬। তুমি কখন্ প্রথমে সমুদ্রে গমন করিলা।

৭। তুমি কোন্ পদে প্রথমে সমুদ্রে গমন করিলা।

৮। তৎপরে তুমি কোন্ পদের কর্ম্ম করিয়াছ।

৯। তুমি রাজার যুদ্ধজাহাজে বা কোম্পানি বাহাদুরের যুদ্ধজাহাজে কি কোম্পানি বাহাদুরের কোন জাহাজে কর্ম্ম করিয়াছ কি না।

১০। যদি করিয়াছ তবে কত কালাবধি এবং কোন্২ জাহাজে এবং কোন্২ পদে।

১১। তুমি ভিন্নাধিকারি জাহাজে কর্ম্ম করিয়াছ কি না।

১২। যদি করিয়া থাক তবে কত কালাবধি এবং কোন্ পদে এবং কোন্ পতাকার অধীনে।

১৩। সমুদ্রে থাকিয়া তুমি কোন্ কার্য্য করিয়াছ।

১৪। কর্ম্ম না থাকিলে তুমি সামান্যতঃ কোথায় বাস কর।

SCHEDULE B

Names and numbers of the Register Tickets of the Crew (including Apprentices) now serving on board the of the Port of of the burden of

Tons, on taking departure from the Port of in the East Indies bound on a voyage to

No and date of Ship's Register	Name.	Capacity	No of Register Ticket

Dated this day of 18

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪১। ১০ মার্চ।]

B চিহ্নিত তফসীল।

ভারতবর্ষের অমুক বন্দরহইতে অমুক স্থানে গমনশীল এত টন বোঝাইধারি অমুক বন্দরের অমুক নামক জাহাজে খালাসীরদের ও কর্ম্মশিক্ষাকারিরদের নাম ও রেজিষ্টর টিকিটের নম্বর।

জাহাজের নম্বর ও রেজিষ্টরের তারিখ	নাম	পদ	রেজিষ্টর টিকিটের নম্বর

অমুক সাল   অমুক তারিখ   অমুক মালিম।

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be re considered at the first meeting of the Legislative Council of India, after the 8th day of June next

F J HALLIDAY,

Secy to the Govt of India

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৮ জুন তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদপুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।

ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL

No 748

To the Collectors of Land Revenue of the Lower Provinces

I have the honor to request that you will favor me with an Estimate of the probable Receipts and Disbursements of your Treasury for March April, and May next, drawn up in the annexed form

2 You will observe that it is not intended that any new arrangements of heads differing from that already in use in the preparation of the ordinary Monthly Estimates of Receipts and Disbursements of your District, should be adopted, the same heads are to be used as heretofore, but the transactions instead of being limited to one month are to be estimated for three months respectively

3 I request that the form of Estimate annexed may be carefully adopted in the preparation of your Monthly Estimate for April, and for each subsequent month (the names of the months being of course varied as required) until further orders

4 The Estimate under requisition being urgently needed, you will oblige me by preventing any delay in its preparation and transmission to this Office

(Signed) C G MANSEL

Offg Accountant to the Govt of Bengal

Fort William, Accountant's Office,

Revenue Department,

The 1st March, 1849

আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরকুলর আর্ডর।

৭৪৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক টর সাহেব বরাবরেষু।

তোমাকে আদেশ করিতেছি যে তোমার খাজানাখানার আগামি মার্চ ও আপ্রিল ও মে মাসের আন্দাজে যত টাকা জমা ও খরচ হইবেক তাহার এক বরাওর্দের ফর্দ্দ নীচের লিখিত পাঠ নুসারে প্রস্তুত করিয়া পাঠাও।

২। তোমার দৃষ্ট হইবেক যে তোমার জিলার জমা ও খরচের সাধারণ মাসিক ফর্দ্দ প্রস্তুত করণে যে শিরোভাগের কথা ব্যবহার আছে তাহার পরিবর্ত্তন করিয়া কোন নূতন নিয়ম করিবার অভিপ্রায় নাই। এইপর্য্যন্ত শিরোভাগের যে কথা লিখিত হইয়া আসিতেছে তাহাই চলিবেক কিন্তু ফর্দ্দের রেওরা কেবল এক মাসের না হইয়া তিন মাসের হইবেক।

৩। আদেশ করিতেছি যে অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত আপ্রিল মাসের এবং তৎপরের প্রত্যেক মাসের ফর্দ্দ প্রস্তুত করণার্থে তুমি নীচের লিখিত পাঠানুসারে মনোযোগপূর্ব্বক হিসাব প্রস্তুত কর সুতরাং মাসের নাম আবশ্যকমতে পরিবর্ত্তন হইবেক।

৪। যে বরাওর্দের ফার্দ্দের বিষয়ে আদেশ হইতেছে তাহা অত্যন্ত আবশ্যক অতএব তাহা প্রস্তুত করণের এবং এই দফ্তরে পাঠাওনের বিষয়ে কোন বিলম্ব না হয়।

সি জি মানসেল।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের একটিং আকৌন্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আকৌন্টেন্ট সাহেবের দফ্তরখানা।

রেবিনিউ ডিপার্টমেন্ট।

১৮৪৯। ১ মার্চ।

[*Government Gazette*, 13*th March*, 1849]

Dr — Estimate of the probable Receipts and Disbursements of the ——— Collectorship, for the months of March, April, May, 1849 — **Cr**

Dr	March	April	May	March	April	May
To Balance of last Month viz						
Cash in the Treasury, viz						
Company's Rupees,	000	000	000			
Short Weight Sa Rs						
March April May						
Tale, 00 00 00 value	00	00	00			
Bank of Bengal Notes,	000	000	000			
Pyce (enter details),	00	00	00			
(Enter further details if necessary),	000	000	000			
Inefficient Balance,	00	00	00			
	000	000	000			
Deduct Inefficient Balance as above,	000	000	000	0000	0000	0000
To Land Revenue						
Expected these months						
On account current year,	000	000	000			
Do former years,	00	00	00	000	000	000
To Sayer Revenue.						
Expected these months,	,,	,,	,,	00	00	00
To Profit and Loss, &c &c						
(And so on with reference to each head of Receipt),						
Company's Rupees,				0000	0000	0000

Cr	March	April	May	March	April	May
By Bills Payable of the Revenue Department						
Expected to be disbursed by Drafts drawn by Bengal Revenue Collectors,	,,	,,	,,	000	000	000
By Revenue Remittances						
Expected to be remitted in Bank Notes to the General Treasury,	00	00	00			
Do to be remitted to the Collector of ——— in Company's Rs,	000	,,	000			
Do to be remitted to the Mint Master in Rupees of sorts, &c,	,,	000	,,	000	000	000
By Military Department.						
Expected to be disbursed under this head,	,,	,,	,,	00	,	00
By Bills Payable Military Department						
believe, either from information given by any Abkaree Officer or other person, to be taken down in writing, or from his own knowledge, or from the proceedings in any other case, that any spirituous or fermented Liquors or intoxicating drugs, liable to confiscation under this Act, are kept or concealed in any place, the Collector, by warrant under his hand, may empower any Abkaree Officer above the rank of Jemadar of Peons, by day or by night, but always in the presence of a Constable or other Officer of the Peace, to enter into every such place, where any such liquors or drugs are suspected to be kept or concealed, and to seize and carry away such liquors or drugs, and, in case of resistance, to break open any door, and to force and remove any other obstacle to such entry, search, seizure or removal, as aforesaid, and to arrest and detain the owner or occupant of the premises, with all parties whom he suspects to be concerned in the unlawful keeping or concealing of such liquors or drugs, whom he shall find on the premises Provided, that where there is ground to suspect that such liquors or drugs are unlawfully concealed in any zenana, the Officer, charged with the execution of the warrant, shall follow, as closely as may be, the rules for the seizure of property so concealed, adopted by the Supreme Court of Judicature at Fort William

XVIII All Constables, and other Ministerial Officers of the Peace are required to help the Abkaree Officers in the due execution of this Act upon notice given, or request made by any such Abkaree Officer

XIX Whenever any Abkaree Officer, duly authorized under this Act, shall arrest any person, or shall seize any spirituous or fermented Liquors or intoxicating drugs, or shall enter any house or shop for the purpose of searching for such illicit articles, he shall carry the person arrested, with the illicit articles seized, with all convenient dispatch, to the Collector, and shall, within twenty-four hours thereafter, make a full report to the Collector of all the particulars of such arrest, seizure or search

XX Every person, who shall maliciously give false information, against any person for being engaged in the unlicensed sale of spirituous or fermented Liquors or intoxicating drugs, or for having in his possession, or carrying or in respect of there being in any house or shop any spirituous or fermented Liquors or intoxicating drugs in contravention of this Act, shall be liable to a fine, not exceeding five hundred Rupees

XXI Every person, who shall obstruct or molest any Abkaree Officer, or any person acting in aid of such Officer, in the due execution of this Act, shall be liable to a fine not exceeding five hundred Rupees, and such person shall be fur

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪১। ২০ মার্চ।]

কোন আমলা বা অন্য ব্যক্তির এজহারক্রমে (সেই এজহার লিখিয়া রাখিতে হইবেক) অথবা আপনার বোধক্রমে কি অন্য কোন মোকদ্দমার কার্য্যক্রমে ইহা বিশ্বাস করণের মাতবর কারণ থাকে যে এই আইনানুসারে জব্দের যোগ্য কোন মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য কোন স্থানে গচ্ছিত আছে বা লুক্কায়িত আছে তবে কালেক্টর সাহেব আপনার দস্তখৎকরা ওয়ারন্টের দ্বারা পেয়াদারদের জমাদারঅপেক্ষা উচ্চ পদস্থ আবকারীর কোন আমলাকে এই ক্ষমতা দিতে পারেন যে তিনি দিনে বা রাত্রিতে কিন্তু নিয়ত ইউরোপীয় কোন সারজন বা পোলীসের অন্য কোন আমলার সাক্ষাতে যে প্রত্যেক স্থানে ঐ শরাব বা মাদক দ্রব্য গচ্ছিত বা লুক্কায়িত থাকনের বিষয়ে শোবে হয় সেই স্থানের মধ্যে প্রবেশ করেন এবং সেই শরাব অথবা মাদক দ্রব্য ক্রোক করেন এবং লইয়া যান। এবং প্রতিবন্ধক হইলে কোন দরওয়াজা ভাঙ্গেন এবং পূর্ব্বোক্তমতে ঐ প্রবেশ বা তালাশ কি ক্রোক বা স্থানান্তর করণের যে কোন বাধা থাকে তাহা বলপূর্ব্বক উঠাইয়া দেন এবং ঐ স্থানের মালিক অথবা সেই স্থানে বাসকারি ব্যক্তিকে এবং অন্য যে সকল ব্যক্তি বেআইনীমতে ঐ শরাব বা মাদক দ্রব্য গচ্ছিত করণ বা লুকাইয়া রাখণের কার্য্যে লিপ্ত থাকনের বিষয়ে তাঁহার শোবে হয় এবং সেই বাটীর মধ্যে পাওয়া যায় তাহারদিগকে গ্রেক্তার করেন ও আটকাইয়া রাখেন। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ শরাব অথবা মাদক দ্রব্য বেআইনীমতে কোন অন্তঃপুরে লুক্কায়িত থাকনের বিষয়ে শোবে করণের কারণ থাকিলে যে আমলার প্রতি ঐ ওয়ারন্ট জারী করণের ভার আছে তিনি সেইরূপে লুক্কায়িত সম্পত্তি ক্রোক করণার্থে ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্টের যে২ বিধি আছে সাধ্যপর্য্যন্ত সেই২ বিধির অনুসারে কার্য্য করিবেন ইতি।

১৮ ধারা। সকল ইউরোপীয় সারজন এবং পোলীসের অন্য২ আমলারদের প্রতি হুকুম হইল যে আবকারীর আমলা তাঁহারদিগকে এত্তেলা দিলে কিম্বা তাঁহারদের নিকটে দরখাস্ত করিলে ঐ আবকারীর আমলারদিগের এই আইন রীতিমতে জারী করণের কার্য্যে সাহায্য করেন ইতি।

১৯ ধারা। এই আইনানুসারে রীতিমত ক্ষমতাপ্রাপ্ত কোন আবকারীর আমলা যখন কোন ব্যক্তিকে গ্রেক্তার করেন অথবা কোন মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য ক্রোক করেন অথবা ঐরূপ কোন বিনানুমতির দ্রব্য তালাশ করণের জন্যে কোন ঘর বা দোকানে প্রবেশ করেন তখন ঐ আমলা গ্রেক্তারহওয়া ব্যক্তিকে এবং ক্রোকহওয়া দ্রব্য যথাসাধ্য শীঘ্র কালেক্টর সাহেবের নিকটে লইয়া যাইবেন এবং তাহার পর চব্বিশ ঘন্টার মধ্যে সেই গ্রেক্তার বা ক্রোক কি তালাশীর সমস্ত বৃত্তান্তের সম্পূর্ণ রিপোর্ট কালেক্টর সাহেবকে দিবেন ইতি।

২০ ধারা। এই আইনের বিধির বিরুদ্ধ কোন ব্যক্তির মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্যের বিনানুমতির নীলামে লিপ্ত হওনের বিষয়ে অথবা তাহার নিকটে কোন মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য থাকনের বা তাহা বহনের কি তাহার ঘর বা দোকানে তাহা থাকনের বিষয়ে যে প্রত্যেক ব্যক্তি দ্বেষপূর্ব্বক মিথ্যা এজহার করে সেই২ ব্যক্তি ৫০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

২১ ধারা। এই আইন রীতিমত জারীকরণ সময়ে যদি কোন ব্যক্তি আবকারীর কোন আমলা বা ঐ আমলার সহকারি কোন ব্যক্তির বাধা জন্মায় বা তাহাকে উত্যক্ত করে তবে সেই ব্যক্তি ৫০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। এবং তাহার ঐ প্রতিবন্ধকতা-

ther liable, if an affray or breach of the peace shall happen in consequence of his resistance, on conviction of the same before a competent tribunal, to such punishment as is prescribed by law for cases of affray and breach of the peace, in addition to the penalty above prescribed for resistance of process

XXII Any Abkaree Officer, who shall delay carrying to the Collector any person arrested or any, illicit articles seized under this Act, or who shall neglect to report the particulars of an arrest, seizure or search, within twenty four hours there after, shall be liable to a fine, not exceeding two hundred Rupees

XXIII Any Abkaree Officer, who shall vexatiously and unnecessarily seize the goods or chattels of any person, on the pretence of seizing or searching for illicit spirituous or fermented Liquors or intoxicating drugs, or who shall vexatiously and unnecessarily arrest any person, or commit any other excess, not required for the execution of his duty, shall be liable to a fine, not exceeding five hundred Rupees

XXIV Any Officer employed in the Abkaree Department, who shall unlawfully release or connive at the escape of any person arrested under this Act, or connive at the sale of spirituous or fermented Liquors or intoxicating drugs without license, or by any licensed Dealer contrary to the terms of such license, or act in a manner inconsistent with his duty, for the purpose of enabling any person to do any thing, whereby any of the provisions of this Act may be evaded or broken, or the Abkaree Revenue detrimented, shall be liable to a fine, not exceeding five hundred Rupees

XXV Any Officer, employed in the Abkaree Department, who shall ask or take any gratuity, not authorized by any Law or Order of Government or of the Board of Customs, Salt and Opium, in consideration of doing, or of omitting to do any act in his official capacity, and any person, who shall offer a bribe to any such Officer, in order to induce such Officer to act in a manner inconsistent with his duty shall be liable, for every such offence, to a fine, not exceeding five hundred Rupees

XXVI Whenever any goods or chattels shall be seized by an Abkaree Officer, as liable to confiscation under this Act, such seizure shall upon information, exhibited by order of the Collector, be heard and determined in a summary way, by any Justice of the Peace for the Town of Calcutta, nominated by the Governor of Bengal to try offenders under this Act, and such Justice shall cause the persons to whom such goods and chattels belong, to be summoned to appear before him, and upon their appearance or default shall examine into the cause of the seizure thereof, and give judgment, and if such judgment shall be for confiscation of the goods or chattels seized, shall issue his warrant to the Collector for the sale or

[*Government Gazette, 20th March,* 1849]

তে যদি কোন দাঙ্গা কি শান্তিভঙ্গ হয় তবে সেই ব্যক্তির অপরাধ ক্ষমতাপ্রাপ্ত আদালতে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি হুকুমের প্রতিবন্ধকতার নির্দ্দিষ্ট গুনাহগারীর অতিরিক্ত দাঙ্গা এবং শান্তিভঙ্গের অপরাধের বিষয়ে আইনে যে দণ্ড নিরূপণ আছে সেই দণ্ডের যোগ্য হইবেক ইতি।

১২ ধারা। এই আইনক্রমে গ্রেপ্তারহওয়া কোন ব্যক্তিকে অথবা ক্রোকহওয়া বিনানুমতির কোন দ্রব্য কালেক্টর সাহেবের নিকটে লইয়া যাইতে যদি আবকারীর কোন আমলা বিলম্ব করেন অথবা গ্রেপ্তার কি ক্রোক বা তালাশী করণের পর চব্বিশ ঘণ্টার মধ্যে তাহার বৃত্তান্তের রিপোর্ট করিতে ত্রুটি করেন তবে সেই ব্যক্তি ২০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

১৩ ধারা। আবকারীর যে কোন আমলা বিনানুমতির মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য ক্রোক অথবা তালাশী করণের ছলে বৈরক্তিরূপে এবং অনাবশ্যকমতে কোন ব্যক্তির জিনিস কি দ্রব্য ক্রোক করেন অথবা কোন ব্যক্তিকে ক্লেশজনকরূপে এবং অনাবশ্যকমতে গ্রেপ্তার করেন অথবা আপনার কর্ত্তব্য কার্য্যের নিমিত্তে যে কর্ম্মের আবশ্যক না থাকে এমত কোন অত্যাচারের কর্ম্ম করেন সেই ব্যক্তি ৫০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

১৪ ধারা। আবকারীর সিরিশতায় নিযুক্ত যে কোন আমলা এই আইনক্রমে গ্রেপ্তার হওয়া কোন ব্যক্তিকে বেআইনীমতে খালাস করেন অথবা তাহার পলায়নের বিষয় জানিয়া শুনিয়া চুপ করিয়া থাকেন কি পাট্টা বিনা মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্যের বিক্রয়ের বিষয় অথবা পাট্টার নিয়মের বিরুদ্ধে কোন পাট্টাপ্রাপ্ত ব্যবসায়ির বিক্রয় করণের বিষয় জানিয়া শুনিয়া চুপ করিয়া থাকেন অথবা যে কার্য্যের দ্বারা এই আইনের কোন বিধি এড়ান যাইতে বা উল্লঙ্ঘন হইতে পারে অথবা আবকারীর রাজস্বের হানি হইতে পারে এইমত কর্ম্ম কোন ব্যক্তিকে করিতে দেওনের জন্যে আপনার কর্ত্তব্য কার্য্যের বিরুদ্ধে কোন কর্ম্ম করেন সেই আমলা ৫০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

১৫ ধারা। আবকারীর সিরিশতায় নিযুক্ত যে কোন আমলা আপনার পদোপলক্ষের কোন কার্য্য করণ বা না করণের পুরস্কারস্বরূপ আইনের অথবা গবর্ণমেন্টের কি হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের হুকুম না হওয়া কোন পুরস্কার চাহেন বা লন এবং আবকারীর আমলাকে আপনার কর্ত্তব্য কার্য্যের বিরুদ্ধ কোন কর্ম্ম করণে প্রবৃত্তি দেওনার্থে যে কোন ব্যক্তি সেইরূপ কোন আমলাকে ঘুষ দিতে প্রবৃত্ত হয় সেই ব্যক্তি প্রত্যেক অপরাধের জন্যে ৫০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

১৬ ধারা। এই আইনানুসারে জব্দ হওনের যোগ্য বলিয়া যখন আবকারীর কোন আমলা কোন জিনিস বা দ্রব্য ক্রোক করেন তখন সেই ক্রোকী মোকদ্দমা কালেক্টর সাহেবের হুকুমে করা নালিশক্রমে বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব এই আইনের নির্দ্দিষ্ট অপরাধিরদের বিচার করণার্থে শহর কলিকাতার যে জুষ্টিস অফ দি পীস নিযুক্ত করেন সেই জুষ্টিস অফ দি পীসের দ্বারা সরাসরীমতে শুনা যাইবেক ও নিষ্পত্তি হইবেক এবং সেই জিনিস ও দ্রব্য যে ব্যক্তিরদের তাহারদিগকে ঐ জুষ্টিস অফ দি পীস আপনার সম্মুখে হাজির হইতে তলব করিবেন এবং তাহারা হাজির হইলে অথবা হাজির হইতে ত্রুটি করিলে ঐ ক্রোকের কারণের তজবীজ করিবেন এবং ডিক্রী করিবেন। এবং ঐ ক্রোকহওয়া জিনিস ও দ্রব্য যদি জব্দ করণের ডিক্রী হয় তবে ঐ জুষ্টিস অফ দি পীস সাহেব হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের

disposal thereof, according to such orders as he may receive from the Board of Customs, Salt and Opium.

XXVII Whenever any goods or chattels shall be seized as aforesaid, and within one Calendar month no person shall appear before the Collector to claim the same, the Justice shall examine into the cause of the seizure, at a place and time of which notice shall have been given by the Collector in the Calcutta Gazette, and give judgment for the confiscation of such of the goods and chattels, as, upon such examination, shall appear to him confiscable, and, upon confiscation thereof, shall issue his warrant for the disposal of them, as if the owner had been summoned to attend the said Justice

XXVIII All fines leviable under this Act shall be adjudged by any Justice of the Peace, nominated as aforesaid, and the said Justice, upon information exhibited before him by order of the Collector, shall, within three calendar months next after the act by which the fine was incurred and not afterwards, summon the parties accused, and, upon their appearance or default, shall examine into the matter, and upon due proof made thereof, by the voluntary confession of the parties, or by the oath or solemn affirmation, in cases, wherein a solemn affirmation is receivable by law instead of an oath, of one or more credible witnesses, shall give judgment accordingly, and, in default of payment of any fine to which an offender is adjudged, he shall be liable, by order of the said Justice, to imprisonment in the Common Jail for a period not exceeding six months, or until the fine is sooner paid

XXIX Whenever any person shall be convicted before any such Justice as aforesaid of an offence against this Act, after having been previously convicted of a like offence, he shall be liable, in addition to the penalty attached to such offence, to imprisonment in the Common Jail for a period not exceeding six months, and a like punishment of imprisonment, not exceeding six months, shall be incurred, in addition to the punishment, which may be inflicted for a first offence, upon every subsequent conviction after the second

XXX One-half of all fines levied from persons convicted of the illicit possession, carrying or sale of spirituous or fermented Liquors or intoxicating drugs, and of the proceeds from sale of articles confiscated, except Opium, and in the case of Opium confiscated and declared by the Opium Examiner at the Presidency to be fit for use, a reward of one Rupee eight Annas for each seer, shall, upon adjudication of the case, be awarded to the Officer or Officers who apprehended the offender or seized the illicit articles, and the other half, or in the case of Opium as aforesaid, a reward of one Rupee eight Annas for each seer, shall be given to the Informer; and, if no fine is realized, the Board of

স্থানে কালেক্টর সাহেব যে২ হুকুম পাইয়া থাকেন সেই২ হুকুমানুসারে তাহা নীলাম কি হস্তান্তর করিতে কালেক্টর সাহেবের প্রতি আপনার ওয়ারেন্ট পাঠাইবেন ইতি।

২৭ ধারা। যখন কোন জিনিস অথবা দ্রব্য পূর্ব্বোক্তমতে ক্রোক হয় এবং তাহার বিষয়ে দাওয়া করিবার জন্যে কোন ব্যক্তি এক মাসের মধ্যে কালেক্টর সাহেবের নিকটে হাজির না হয় তখন যে স্থান ও যে সময়ের বিষয়ে কালেক্টর সাহেব কলিকাতা গেজেটে এত্তেলা দিয়াছেন সেই স্থানে ও সেই সময়ে ঐ জষ্টিস সাহেব ঐ ক্রোকের কারণের তজবীজ করিবেন এবং ঐ তজবীজক্রমে যে জিনিস এবং দ্রব্য তাঁহার বোধে জব্দের যোগ্য হয় তাহা জব্দ করণের ডিক্রী করিবেন। এবং তাহা জব্দ হইলে ঐ জিনিসের মালিক ঐ জষ্টিস সাহেবের নিকটে হাজির হইবার নিমিত্তে তলব হইলে যেরূপ হইত সেইরূপে ঐ জিনিস নীলাম করণের ওয়ারেন্ট দিবেন ইতি।

২৮ ধারা। যে সকল জরীমানা এই আইনানুসারে উসুল হইতে পারে তাহার বিষয়ে পূর্ব্বোক্তমতে নিযুক্ত কোন জষ্টিস অফ দি পীস হুকুম দিবেন। এবং কালেক্টর সাহেবের আজ্ঞানুসারে ঐ জষ্টিস সাহেবের নিকটে যে এজহার দেওয়া যায় সেই এজহারক্রমে যে ক্রিয়ার দ্বারা জরীমানার দায় হয় সেই ক্রিয়াকরণের পর তিন মাসের মধ্যে (কিন্তু তিন মাসের পরে হইবেক না) নালিশগ্রস্ত ব্যক্তিরদিগকে তলব করিবেন এবং তাহারা হাজির হইলে অথবা হাজির হইতে ত্রুটি করিলে সেই বিষয়ের তজবীজ করিবেন এবং নালিশগ্রস্ত ব্যক্তিরদের স্বেচ্ছাতে কবুলক্রমে অথবা এক বা ততোধিক বিশ্বাসযোগ্য সাক্ষিরদের শপথক্রমে কি যেং গতিকে শপথের পরিবর্ত্তে আইনানুসারে প্রতিজ্ঞা গ্রাহ্য হইতে পারে সেই২ গতিকে তাহারদের প্রতিজ্ঞার দ্বারা সেই বিষয়ের মাতবর প্রমাণ পাইলে তদনুসারে ডিক্রী করিবেন। এবং অপরাধির যে জরীমানার হুকুম হয় তাহা না দেওয়া গেলে সেই ব্যক্তি উক্ত জষ্টিস সাহেবের হুকুমক্রমে জেলখানায় ছয় মাসের অনধিক কালপর্য্যন্ত কয়েদ থাকনের যোগ্য হইবেক কিন্তু ছয় মাসের মধ্যে যে কোন সময়ে জরীমানা দেওয়া যায় সেই সময়ে সেই ব্যক্তি খালাস হইবেক ইতি।

২৯ ধারা। যখন উক্ত জষ্টিসের সম্মুখে এই আইনের বিরুদ্ধ কোন অপরাধ কোন ব্যক্তির সাব্যস্ত হয় এবং তৎপরে সেই ব্যক্তির পুনরায় সেই প্রকার অপরাধ সাব্যস্ত হয় তখন সেই অপরাধের যে জরীমানা নির্দ্দিষ্ট আছে তাহার অতিরিক্ত সেই ব্যক্তি জেলখানায় ছয় মাসের অনধিক কাল মিয়াদে কয়েদ হওনের যোগ্য হইবেক। এবং দ্বিতীয় অপরাধের পর যতবার তাহার ঐ অপরাধ সাব্যস্ত হয় ততবার প্রথম অপরাধের জন্যে যে দণ্ড নিরূপণ আছে তদতিরিক্ত ছয় মাসের অনধিক মিয়াদে কয়েদের যোগ্য হইবেক ইতি।

৩০ ধারা। মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য বিনানুমতিতে রাখণ বা শহরের মধ্যে বহন কি বিক্রয় করণের অপরাধে যে সকল জরীমানা অপরাধিরদের স্থানে আদায় হয় তাহার অর্দ্ধেক এবং আফীনছাড়া জব্দহওয়া জিনিস বিক্রয়ের উৎপন্নের অর্দ্ধেক টাকা মোকদ্দমার নিষ্পত্তি হইলে পর যে আমলা বা আমলারা অপরাধিকে গ্রেপ্তার করিয়াছিলেন অথবা বিনানুমতির দ্রব্য ক্রোক করিয়াছিলেন তাঁহারদিগকে দেওয়া যাইবেক এবং যে আফীন জব্দ হয় এবং তাহা রাজধানীতে আফীনের পরীক্ষক সাহেব ব্যবহারের উপযুক্ত কহেন তাহার সের প্রতি১॥০ টাকা পুরস্কার ঐ আমলা বা আমলারদিগকে দেওয়া যাইবেক। এবং অবশিষ্ট অর্দ্ধেক জরীমানা এবং পূর্ব্বোক্তমতে আফীনের বিষয়ি সের প্রতি ১॥০ টাকা পুরস্কার গোয়েন্দাকে দেওয়া যাইবেক। এবং যদি কোন জরীমানা

Customs, Salt and Opium may grant such reasonable reward, not exceeding the sum of two hundred Rupees as may appear to them fit Provided, that the Board of Customs, Salt and Opium may direct, by General Order, what class of Abkaree Officers shall receive rewards, and what classes shall have no title to share therein

XXXI All fines levied under this Act, the disposal of which is not specially provided for, shall belong to Government, but the Board of Customs, Salt and Opium may grant any portion thereof, not exceeding one half, as rewards to Informers, or as compensation to parties injured by any proceedings under this Act

XXXII No Writ of *Certiorari* shall be issued at the suit of any party out of the Supreme Court of Judicature, to supersede, stay, remove or in any wise affect any information or judicial proceeding before any Justice of the Peace, in pursuance of this Act, and no judgment thereupon shall be quashed except for error of law apparent on the face of the judgment

XXXIII When any penalty or confiscation shall be adjudged by a Justice of the Peace under this Act, the Commissioner of Abkaree, and in his absence, the Board of Customs, Salt and Opium, within ten days after judgment given, may call for the proceedings of the case (with which requisition the Justice of the Peace shall be bound to comply) and, if he or they shall see cause, may direct that the seizure, or any part thereof, be restored and may remit or mitigate any penalty, and discharge the party

XXXIV All actions and prosecutions to be commenced against the Collector or any Abkaree Officer, or any person acting in aid of any such Officer, for any thing done in pursuance of this Act, shall be commenced within three calendar months after the fact committed, and not afterwards, and notice in writing of such action and of the cause thereof shall be given to the Defendant one calendar month at least before the commencement of the action, and no Plaintiff shall recover in any such action, if tender of sufficient amends shall have been made before such action brought or if after action brought, a sufficient sum of money shall have been paid into Court with costs, by or on behalf of the Defendant

XXXV The Collector, in respect of the duties to be performed by him, under this Act, shall have power to punish any contempt committed in his presence in open Cutcherry by fine, not exceeding two hundred Rupees, commutable, if not paid, to imprisonment in the Common Jail, for a period not exceeding one month Provided, that an appeal, from any order passed under this section shall lie to the Commissioner of Abkaree, and, in

উসুল না হয় তবে হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরদের যেমত উচিত বোধ হয় সেইমতে তাঁহারা ২০০৲ টাকার অনধিক কোন উপযুক্ত পুরস্কার দিতে হুকুম করিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে আবকারীর আমলারদের মধ্যে যে সম্প্রদায় ঐ পুরস্কার পাইবেন এবং যেং সম্প্রদায় ঐ পুরস্কারের কোন অংশ পাইবেন না তাহা হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা এক সাধারণ হুকুমের দ্বারা নির্দ্দিষ্ট করিতে পারেন ইতি।

৩১ ধারা। এই আইনক্রমে উসুলহওয়া যে সকল জরীমানা বিতরণের বিষয়ে কোন বিশেষ হুকুম নির্দ্দিষ্ট নাই তাহা সরকারের হইবেক। কিন্তু হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা তাহার অর্দ্ধেকের অনধিক গোয়েন্দারদিগকে পুরস্কারস্বরূপ অথবা এই আইনক্রমে কোন কার্য্যের দ্বারা যে ব্যক্তিরদের ক্ষতি হইয়াছে সেই ক্ষতি পূরণ করণার্থে তাহারদিগকে দিতে পারেন ইতি।

৩২ ধারা। এই আইনের বিধিক্রমে কোন জুষ্টিস অফ দি পীসের সম্মুখে করা কোন নালিশ বা আদালত সংক্রান্ত কার্য্য অন্যথা করিতে বা স্থগিত করিতে বা উঠিয়া লইতে কি কোন প্রকারে ব্যাঘাত করিতে কোন ব্যক্তির নালিশক্রমে সুপ্রিম কোর্টহইতে কোন সর্সিওরারি রিট বাহির হইবেক না এবং এইরূপে কোন মোকদ্দমার ডিক্রীতে স্পষ্টতঃ আইনের বিষয়ে ভ্রম দৃষ্ট না হইলে সেই ডিক্রী অন্য কোন কারণে অন্যথা হইতে পারে না ইতি।

৩৩ ধারা। যখন কোন জুষ্টিস অফ দি পীস এই আইনক্রমে কোন জরীমানা অথবা জব্দের হুকুম দিয়া থাকেন তখন আবকারীর কমিস্যনর সাহেব এবং তিনি উপস্থিত না থাকিলে হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা ডিক্রীর পর দশ দিবসের মধ্যে ঐ মোকদ্দমার সমস্ত কাগজপত্র তলব করিতে পারেন এবং জুষ্টিস অফ দি পীস সাহেবের সেই কাগজপত্র অবশ্য পাঠাইতে হইবেক এবং যদি ঐ কমিস্যনর সাহেব অথবা বোর্ডের সাহেবেরা উপযুক্ত কারণ দেখেন তবে তিনি বা তাঁহারা ঐ ক্রোকহওয়া সমুদয় জিনিস বা তাহার কোন অংশ ফিরিয়া দিতে হুকুম করিতে পারেন এবং কোন গুনাহগারী ক্ষমা করিতে কি কমাইতে পারেন এবং ঐ ব্যক্তিকে খালাস করিতে পারেন ইতি।

৩৪ ধারা। এই আইনক্রমে করা কোন কার্য্যের জন্যে কালেক্টর সাহেব অথবা আবকারীর কোন আমলার কিম্বা ঐ আমলার সহকারি কোন ব্যক্তির বিরুদ্ধে যে সকল নালিশ ও মোকদ্দমা আরম্ভ হয় তাহা সেই কর্ম্ম হওনের পর তিন মাসের মধ্যে আরম্ভ করিতে হইবেক এবং তাহার পর করিতে হইবেক না। এবং নালিশ আরম্ভের অন্যূন এক মাস পূর্ব্বে সেই নালিশ এবং তাহার কারণের এত্তেলা লিপির দ্বারা আসামীকে দিতে হইবেক। এবং সেই নালিশ হওনের পূর্ব্বে যদি ক্ষতি পূরণের উপযুক্ত টাকা দিবার প্রস্তাব হয় অথবা নালিশ হওনের পর আসামীর দ্বারা বা তাহার পক্ষে উপযুক্ত সংখ্যার টাকা মায় খরচা আদালতে দাখিল হয় তবে কোন ফরিয়াদী এই মত মোকদ্দমার কিছু টাকা পাইতে পারিবেক না ইতি।

৩৫। এই আইনক্রমে কালেক্টর সাহেবের যে কার্য্য কর্ত্তব্য তাহার সম্পর্কে কালেক্টর সাহেব আপনার সম্মুখে খোলা কাছারীতে যে অবজ্ঞা হয় তাহার ২০০৲ টাকার অনধিক জরীমানার দণ্ড করিতে পারেন এবং যদি সেই জরীমানার টাকা না দেওয়া যায় তবে তাহার পরিবর্ত্তে এক মাসের অনধিক মিয়াদপর্য্যন্ত অপরাধি ব্যক্তিকে জেলখানায় কয়েদ করিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে এই ধারাক্রমে যে কোন হুকুম হয় তাহার উপর আপীল আবকারীর কমিস্যনর সাহেবের

his absence, to the Board of Customs, Salt and Opium, and the decision of the Commissioner or Board thereon shall be final

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first meeting of the Legislative Council of India, after the 24th day of April next

F J HALLIDAY,
Secy to the Govt of India

নিকটে এবং তিনি উপস্থিত না থাকিলে হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরদের নিকটে হইতে পারে এবং কমিসানর সাহেব অথবা বোর্ডের সাহেবেরা যে নিষ্পত্তি করেন তাহা চূড়ান্ত হইবেক ইতি।

হুকুম হইল যে এই মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ২৪ আপ্রিল তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

রাজকর্ম্মে নিযোগ।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেন্ট।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১২ মার্চ।
বিজ্ঞাপন।

শ্রীযুত অনরবিল সর তামস হর্বর্ট মাডক সাহেব (The Hon'ble Sir Thomas Herbert Maddock, Knight,) ভারতবর্ষের কৌন্সেলের মেম্বরী পদে ইশতাফা দেওয়াতে শ্রীযুত মেজর জেনরল অনরবিল সর জান হন্টর লিটলর সাহেব (Major General the Hon'ble Sir John Hunter Littler, G C B) অদ্য ভারতবর্ষের কৌন্সেলের প্রসীডেন্টী পদে উপবিষ্ট হন এবং তৎসময়ে ফোর্ট উলিয়ম কিল্লাহইতে রীতিমত তোপধ্বনি হইল আরো শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের রাজধানীতে অনুপস্থানপর্য্যন্ত উক্ত শ্রীযুত অনরবিল সর জান হন্টর লিটলর সাহেব বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর ও ফোর্ট উলিয়ম কিল্লার ও সৈন্যেরদের ও কলিকাতা শহরের ডেপুটী গবরনরী পদ গ্রহণ করিয়াছেন।

শ্রীযুত অনরবিল সর ফ্রেড্রিক করি সাহেব (Hon'ble Sir Frederick Currie, Bart,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা ভারতবর্ষের কৌন্সেলের মেম্বরী পদে পুনরায় নিযুক্ত হইয়া অদ্য শপথ গ্রহণপূর্ব্বক ভারতবর্ষের কৌন্সেলের দ্বিতীয় মেম্বরী পদে উপবিষ্ট হন এবং তৎসময়ে ফোর্ট উলিয়ম কিল্লাহইতে রীতিমত তোপধ্বনি হইল।

ভারতবর্ষের হজুর কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেন্ট সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেন্ট।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১২ মার্চ।
বিজ্ঞাপন।

ভারতবর্ষের হজুর কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেন্ট সাহেব ও বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেব অদ্য নীচের লিখিত নিযোগ করিয়াছেন।

শ্রীযুত এ সি বিডওএল সাহেব (Mr A C Bidwell,) ভারতবর্ষের হজুর কৌন্সেলের শ্রীযুত প্রসীডেন্ট সাহেবের ও বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের স্বীয় সেক্রেটারী হইবেন।

হরিয়ানার লঘু অস্ত্রধারি সৈন্যেরদের কাপ্তান শ্রীযুত টি ই কোলব্রুক সাহেব (Captain T E Colebrooke,) উক্ত শ্রীযুতের সৈন্যসম্পর্কীয় কার্য্যের সেক্রেটারী হইবেন।

ইউরোপীয় দ্বিতীয় সংখ্যক পল্টনের কাপ্তান শ্রীযুত জে এচ ডবলিউ মেয়ো সাহেব (Captain J H W Mayow,) পূর্ব্বোক্ত শ্রীযুতের মুসাহেব হইবেন ও খেলাতী ঘিলজীর পল্টনের লেপ্টেনেন্ট শ্রীযুত এচ জে হিউস সাহেব (Lieutenant H J Hughes,) একটিং মুসাহেব হইবেন।

শ্রীযুত কাপ্তান টি ই কোলব্রুক সাহেব ও শ্রীযুত কাপ্তান জে এচ ডবলিউ মেয়ো সাহেব (Captains T E Colebrooke and J H W Mayow,) যাবৎ না পঁহুছেন তাবৎ শ্রীশ্রীমতী মহারাণীর ৯৬ সংখ্যক পল্টনের কাপ্তান শ্রীযুত ই ক্রোকর সাহেব (Captain E Croker,) তাঁহারদের কর্ম্ম নির্ব্বাহ করিবেন। ইহাতে শ্রীযুত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেবের মঞ্জুরীর অপেক্ষা আছে।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

৩২৯ নম্বর।
বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।
নিয়োগ।
১৮৪৯ সাল ৬ মার্চ।

শ্রীযুত এ ডেবিডসন সাহেব (Mr A Davidson,) মেদিনীপুরের প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু লোকনাথ বসু হুগলীর প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত জে রাইলি সাহেব (Mr J Reily,) চাটিগাঁর অতিরিক্ত প্রধান সদর আমীন হইবেন।

১৮৪৯ সাল ৮ মার্চ।

শ্রীযুত এচ পর্টর সাহেব (Mr H Porter,) ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে মুরশিদাবাদে ডেপুটী মাজিষ্ট্রেট হইবেন।

বিজ্ঞাপন।
১৮৪৯ সাল ১০ মার্চ।

শ্রীযুত এফ বি কেম্প সাহেব (Mr F B Kemp,) বর্ত্তমান মাসের ২ তারিখে শ্রীযুত জে কুম সাহেবের (Mr J Combe,) স্থানে সারণের কালেক্টরীর ভার গ্রহণ করেন।

শ্রীযুত ডবলিউ ট্রাবর্স সাহেব (Mr W Travers,) বর্ত্তমান মাসের ৫ তারিখে শাহাবাদের কালেক্টরীর ভার শ্রীযুত ও টুগুড সাহেবের (Mr O Toogood,) স্থানে গ্রহণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত আর পি হারিসন সাহেব (Mr R P Harrison,) "হাডিংটন" নামক বাষ্পীয় জাহাজে নিরঞ্জিত ছুটীহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৭ তারিখে খাজরীতে পঁহুছে।

শ্রীযুত ডবলিউ বালমেন সাহেব ও শ্রীযুত সি পি সি স্মাইথ সাহেব ও শ্রীযুত এ ও হিউম সাহেব (Messrs

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ২০ মার্চ।

W Balmain, C P C Smyth and A O Hume,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিবিশ্‌তায় নিযুক্ত হইয়া "হাডিংটন" নামক বাষ্পীয় জাহাজে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৭ তারিখে খাজুরীতে পঁহুছে।

১৮৪৯ সাল ১২ মার্চ।

এদেশীয় ৬৭ সংখ্যক পল্টনের লেপ্টেনেন্ট শ্রীযুত টি লাটর সাহেব (Lieut T Latter,) যে তারিখে থনাসরীম প্রদেশে শালবনের সুপরিন্টেণ্ডেন্টী কর্ম্মে ইশ্‌তাফা দেন সেই তারিখঅবধি মিলিটারী ডিপার্টমেন্টের আজ্ঞাধীন হইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

৩৩৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ১ মার্চ।

পূরণিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জি সি চাপমান সাহেব (Mr G C Chapman,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৯ সাল ৫ মার্চ।

বর্দ্ধমানের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত ডবলিউ সি লকনর সাহেব (Mr W C Lochner,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৯ সাল ৮ মার্চ।

বেহারের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এচ রোস সাহেব (Mr H Rose) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৯ সাল ৯ মার্চ।

শ্রীযুত রিচার্ড উইটল সাহেব (Mr Richard Whittall,) শাহাবাদে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয়করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত এ ডবলিউ রসেল সাহেব (Mr A W Russell,) বাঁকুড়াতে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ৬ মার্চ।

পূরণিয়ার সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত জেমস আলেন সাহেব (Mr James Allen,) ঔষধালয়ে নিযুক্ত সব-আসিষ্টান্ট চিকিৎসকের প্রতি আপন কর্ম্মের ভার অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ১৩ মার্চ।

যশোহরের প্রধান সদর আমীন শ্রীযুত সি মাকি সাহেব (Mr C Mackay,) বর্ত্তমান মাসের ১৫ তারিখঅবধি অথবা যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি স্বীয় কর্ম্মোপলক্ষে সাত দিনের ছুটী পাইয়াছেন।

খাসিয়া পর্ব্বতে পোলিটিকাল এজেন্ট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এচ ইংলিস সাহেব (Mr H Inglis,) গত মাসের ৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

মুঙ্গেরে জরিপী কর্ম্মের সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত জে ওয়ার্ড সাহেব (Mr J Ward,) স্বীয় কর্ম্মোপলক্ষে কুড়ি দিনের ছুটী পাইয়াছেন।

সারণের মাজিষ্ট্রেট সাহেবের সাবেক আসিষ্টান্ট শ্রীযুত সি এচ কাম্বেল সাহেব (Mr C H Campbell,) গত জানুআরি মাসের ১০ তারিখে যে আঠার দিনের ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল।

নদীয়ার শান্তিপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বি উড সাহেব (Mr B Wood,) গত জানুআরি মাসের ৩০ তারিখে যে তিন মাসের ছুটী পান তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইল।

গৌহাটীতে আসামের কমিস্যনর সাহেবের একটিং ছোট আসিষ্টান্ট শ্রীযুত সি লিমণ্ড সাহেব (Mr C Limond) গত মাসের ৫ তারিখে যে এক মাসের ছুটী পান তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ১৪ মার্চ।

সারণের প্রধান সদর আমীন শ্রীযুত মির্জা মহম্মদ সাদিক বর্ত্তমান মাসের ১ তারিখে আপন কর্ম্ম গ্রহণ করেন।

সিবিলসম্পর্কীয় সিবিশ্‌তার শ্রীযুত জে ওয়াটসন সাহেব (Mr J Watson,) "বেণ্টিঙ্ক" নামক বাষ্পীয় জাহাজে ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১০ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

শ্রীযুত সি ই বয়লো সাহেব ও শ্রীযুত জে ডবলিউ পওয়ার সাহেব (Messrs C E Boileau, and J W Power,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেকটর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিবিশ্‌তায় নিযুক্ত হইয়া "হাডিংটন" নামক বাষ্পীয় জাহাজে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৭ তারিখে খাজুরীতে পঁহুছে।

১৮৪৯ সাল ১৫ মার্চ।

সিবিলসম্পর্কীয় সিবিশ্‌তার শ্রীযুত আর এন ফারকর্সন সাহেব (Mr R N Farquharson) "বেণ্টিঙ্ক" নামক বাষ্পীয় জাহাজে ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১০ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেন্টের ইশ্‌তিহার।

NOTICE

The undermentioned Soonderbun Grants or Lots, the property of Government in the district of 24 Pergunnahs, will be put up to public sale Parties desirous of purchasing and obtaining any information are requested to apply to the undersigned

Lot 38 and Lot 39

OOMAKANTH SAIN, *Commissioner*

Soonderbun Commissioner's Office, Allipore, the 5th March, 1849

[*Government Gazette, 20th March*, 1849]

ইশ্‌তিহার।

জিলা চব্বিশপরগনার সুন্দরবনের নীচের লিখিত লাট গবর্ণমেণ্টের সম্পত্তি নীলাম হইবেক যে কেহ তাহা খরীদ করিতে চাহেন কি তদ্বিষয়ে কিছু অবগত হইতে চাহেন তিনি নীচের লিখিত মহাশয়ের নিকটে দরখাস্ত করিলে অবগত হইতে পারিবেন।

লাট ৩৮ এবং ৩৯।

উমাকান্ত সেন। কমিস্যনর।

সুন্দরবনের কমিস্যনরের দপ্তরখানা। আলীপুর। ১৮৪৯। ৫ মার্চ।

INSOLVENT COURT — যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

In the matter of JOHN LACKERSTEEN, CHARLES ROBERT LACKERSTEEN, WILLIAM RICHARD LACKERSTEEN and GEORGE FRANCIS LACKERSTEEN

NOTICE is hereby given, that by an order made by this Court, on and bearing date the 3d day of March instant, it was ordered that the further hearing of the matters of the Petition of the said Insolvents, for the purpose of making a dividend in this matter, be and the same was thereby adjourned to Saturday, the seventh day of April next, on which day or on any other day to which the further hearing shall be adjourned, any Creditor or other person interested who may be desirous of establishing or opposing any claim may attend and be heard upon Affidavits, which shall have been filed by them in the Office of the Chief Clerk of this Court, three clear days previous to the day of hearing

SHAW, LYONS and BELL,

Attornies for John Cochrane, Esq, Assignee of Insolvents' Estate

শহর কলিকাতার অক্ষম ঋণিদিগের পরিত্রাণার্থ আদালত।

জান লাকর্ষ্টিন সাহেব ও চার্লস রাবর্ট লাকর্ষ্টিন সাহেব ও উলিয়ম রিচার্ড লাকর্ষ্টিন সাহেব ও জর্জ ফ্রান্সিস লাকর্ষ্টিন সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মার্চ মাসের ৩ তারিখে এই আদালতে হুকুম হইল যে ডিবিডেণ্ড প্রকাশ করণের নিমিত্তে উক্ত যোত্রহীনেরদের দরখাস্তের মর্ম্ম আগামি আপ্রিল মাসের ৭ তারিখ শনিবারে পুনরায় শুনা যায়। যে কোন মহাজন কিম্বা এই বিষয়ে লিপ্ত অন্য যে কোন ব্যক্তি কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে এই আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দিবিশতায় আফিডেবিট দাখিল করিলে তৎক্রমে তিনি উক্ত শুনানির দিবসে অথবা অন্য যে কোন দিবসে শুনানি হয় সেই দিবসে উপস্থিত হইলে তাহার কথা শুনা যাইবেক।

শা ও লায়ন্স ও বেল।

যোত্রহীনেরদের ইষ্টেটের আসৈনি জান ককরেন সাহেবের উকীল।

MISCELLANEOUS ADVERTISEMENT — সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

ইশ্‌তিহার।

কলিকাতার সদর দেওয়ানী আদালতের মোকদ্দমার নূতন রিপোর্ট ঐ আদালতের উকীল চৌরঙ্গীর সদর ষ্ট্রিট ২ নম্বরনিবাসি শ্রীযুত আলেন্ আলেকজাণ্ডর সেবেষ্টর সাহেবকর্ত্তৃক প্রস্তুত হইয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২০ মার্চ

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান মার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 27, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ২৭ মার্চ।

DRAFT OF ACT

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,

THE 24TH FEBRUARY, 1849

The following Draft of a proposed Act was read in Council, for the first time, on the 24th of February, 1849

ACT No —— OF 1849

To prevent the Smuggling of Salt into Calcutta

For the prevention of smuggled salt in Calcutta, It is enacted as follows

I The Governor of Bengal may establish as many Chokies as he shall deem necessary for preventing the smuggling of alimentary salt into the Town of Calcutta, and upon that part of the River Hooghly, which lies within the local jurisdiction of the Supreme Court, and such Chokies shall be under the charge of an Officer to be styled "The Superintendent of Salt Chokies," who, in the exercise of his functions, shall be subject to the control of the Board of Customs, Salt and Opium

II The Superintendent may appoint Darogahs, Mohurrers, Jemadars, Burkundauzes, and other Officers to assist him in the discharge of his duties, and the Officers so appointed, beside their ordinary respective designations, shall be styled "Officers of Salt Chokies"

III Excepting salt imported by sea, and stored under bond, as provided by Act No XXV of 1836, it shall not be lawful to import alimentary salt into the Town of Calcutta, or to carry such salt within the said Town or upon the River Hooghly as aforesaid, in excess of the quantity of ten seers of eighty Tolahs to the seer, or to store such salt within the said Town in quantities ex-

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল ২৪ ফেব্রুআরি।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ২৪ ফেব্রুআরি তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

কলিকাতার মধ্যে বিনানুমতির লবণ আনয়নের নিবারণের আইন।

কলিকাতার মধ্যে বিনানুমতির লবণ আনয়নের নিবারণার্থে নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। কলিকাতা শহরে এবং হুগলী নদীর যে ভাগ সুপ্রিম কোর্টের বিশেষ এলাকার মধ্যে থাকে তাহাতে আহারীয় লবণ বিনানুমতিতে আনয়নের নিবারণার্থে বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেব যত চৌকী আবশ্যক বোধ করেন তত চৌকী স্থাপন করিতে পারেন এবং ঐ২ চৌকী "নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট" এই নামে বিখ্যাত এক জন কর্ম্মকারকের অধীনে থাকিবেক এবং তিনি আপন কার্য্য নির্ব্বাহ করণেতে হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের সাহেবেরদের কর্ত্তৃত্বাধীনে থাকিবেন ইতি।

২ ধারা। ঐ সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব আপন কর্ম্ম নির্ব্বাহ করিতে আপনার সাহায্যের জন্যে দারোগা ও মুহুরীর ও জমাদার ও বরকন্দাজ ও অন্যান্য আমলা নিযুক্ত করিতে পারেন। এবং ঐরূপে নিযুক্ত আমলারা আপন২ সাধারণ খ্যাতির অতিরিক্ত "নিমক চৌকীর আমলা" এই নামবিশিষ্ট হইবেন ইতি।

৩ ধারা। সমুদ্র পথে আমদানী হওয়া এবং ১৮৩৬ সালের ২৫ আইনের নির্দ্দিষ্টমতে বণ্ডক্রমে গোলাজাত হওয়া লবণব্যতিরেকে হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের সাহেবেরদের দেওয়া রওয়ানা অথবা বিশেষ পাস বিনা কিম্বা উক্ত সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের ছাড়চিঠী কি পাস বিনা ৮০ তোলা সেরের ।০ দশ সেরের অধিক আহারীয় লবণ কলিকাতা শহরের মধ্যে আমদানী করিতে অথবা ঐ শহরের মধ্যে কিম্বা পূর্ব্বোক্তমতে নির্দ্দিষ্ট হুগলী নদীর

ceeding one maund, except under a Rowannah or Special Pass from the Board of Customs, Salt and Opium, or a Charchittee or Pass from the said Superintendent, to be granted under such rules, and on the payment of such fees, as the said Board shall direct

IV All alimentary salt, found within the said Town or upon the River Hooghly as aforesaid, in contravention of this Act, shall be deemed contraband and liable to seizure and confiscation, and if several persons shall be found carrying salt, unprotected by a Rowannah, or Charchittee, as aforesaid, in gangs or companies, which salt shall exceed in the whole quantity ten seers, such salt shall be deemed contraband, but no salt, found in store in any house or warehouse, shall be deemed to be contraband, unless, when the search is made, there shall be found more thereof than one maund, and the owner or person in charge shall be unable to account, satisfactorily, for the manner of its being found in his possession

V The provisions contained in Sections 36 to 47, Regulation X 1819, and in Regulation IV 1832, as to the preparation, currency, renewal, production, endorsement, delivering up and falsifying of Rowannahs or other protective documents shall be applicable within Calcutta, and on the River Hooghly as aforesaid

VI Whenever any salt shall be seized, as contraband under Section IV, the vessels packages, and coverings in which such salt shall be found, and the animals and conveyances used in carrying it, shall also be liable to seizure and confiscation

VII All persons in whose possession contraband Salt shall be found shall be liable to a fine, calculated at a rate, not exceeding five Rupees for each maund, upon the quantity so found, and each one of a party of smugglers, or of the parties to the fraud on the Revenue, shall be liable to the whole fine

VIII The Superintendent of Salt Chokies, and any of his Subordinate Officers, and any Officer of any other Department, whom the Governor of Bengal shall authorize in that behalf, may stop and detain any person removing or carrying any salt, without a Rowannah or Charchittee, or otherwise liable to confiscation under this Act, and may seize the salt, with the vessels, packages and coverings, in which the salt is found, and the animals and conveyances used in carrying it

IX If the Superintendent has good reason to believe, either from information given by any of his Subordinate Officers or other person, to be taken down in writing, or from his own knowledge or from the proceedings in any other case, that contraband salt, exceeding in quantity one maund, is stored in any place, it shall be lawful for him, by day or by night, but always in the presence of a Constable or other Officer of the Peace, to enter

উপর বহিতে অথবা ১/ মোনের অধিক সেইপ্রকার লবণ ঐ শহরের মধ্যে গচ্ছিত করিতে নিষেধ হইল। এবং ঐ রওয়ানা অথবা ছাড়চিঠী উক্ত বোর্ডের সাহেবেরদের নির্দ্দিষ্ট নিয়মানুসারে এবং তাঁহারা যে রসুম নিরূপণ করেন সেই রসুম দিলে পর দেওয়া যাইবেক ইতি।

৪ ধারা। ঐ শহরের মধ্যে অথবা পূর্ব্বোক্তমতে ঐ হুগলী নদীর উপর এই আইনের বিরুদ্ধে যে সকল আহারীয় লবণ পাওয়া যায় তাহা বিনানুমতির এবং তাহা ক্রোক ও জব্দের যোগ্য বোধ হইবেক এবং পূর্ব্বোক্তমত রওয়ানা কি ছাড়চিঠী না পাইয়া যদি কএক ব্যক্তি দলে২ বা সম্প্রদায়ে ঐ লবণ বহনেতে ধরা পড়ে এবং ঐ লবণ সর্ব্বসুদ্ধ ।০ দশ সেরের অধিক হয় তবে ঐ লবণ বিনানুমতির জ্ঞান হইবেক। কিন্তু যে লবণ কোন বাটীতে বা গুদামে গচ্ছিত পাওয়া যায় যদি তলাশীর সময়ে তাহা ১/ মোনের অধিক দৃষ্ট না হয় এবং তাহার মালিক কি যাহার জিম্মায় থাকে সেই ব্যক্তি তাহার স্থানে ঐ লবণ থাকনের মাতবর কারণ দিতে না পারে তবে সেই লবণ বিনানুমতির জ্ঞান হইবেক না ইতি।

৫ ধারা। ঐ রওয়ানা এবং লবণ ছাড়িয়া দিবার অন্য দলীলদস্তাবেজ প্রস্তুত করণের এবং চলন থাকনের ও নূতন করণের এবং দেখাওনের ও পৃষ্ঠে দস্তখৎ করণের ও তাহা ফিরিয়া দেওনের ও তাহাতে মিথ্যা লিখনের বিষয়ে ১৮১৯ সালের ১০ আইনের ৩৬ ধারাঅবধি ৪৭ ধারাপর্য্যন্ত এবং ১৮৩২ সালের ৪ আইনে যে২ বিধি আছে তাহা কলিকাতার মধ্যে এবং পূর্ব্বোক্তমত হুগলী নদীর উপরে খাটিবেক ইতি।

৬ ধারা। যখন ৪ ধারাক্রমে বিনানুমতির বলিয়া কোন লবণ ক্রোক হয় তখন যে পাত্র ও বস্তা ও ঢাকনিতে সেই লবণ পাওয়া যায় তাহা এবং যে পশু ও গাড়িতে তাহা বোঝাই থাকে তাহা ক্রোক ও জব্দের যোগ্য হইবেক ইতি।

৭ ধারা। যে সকল ব্যক্তির নিকটে বিনানুমতির লবণ পাওয়া যায় সেই২ ব্যক্তি ঐরূপে পাওয়া লবণের প্রত্যেক মোনের জন্যে ৫৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক এবং মাসুল চোরের দলের অথবা যাহারা রাজস্ব চুরী করে এমত প্রত্যেক ব্যক্তি ঐ সমুদয় জরীমানার যোগ্য হইবেক ইতি।

৮ ধারা। যে কোন ব্যক্তি রওয়ানা বা ছাড়চিঠী বিনা বা প্রকারান্তরে এই আইনানুসারে জব্দ হওনের যোগ্য কোন লবণ স্থানান্তর করে কি বহে ঐ ব্যক্তিকে নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব এবং তাঁহার তাবে আমলারদের মধ্যে কোন ব্যক্তি এবং অন্য যে কোন সিরিশ্তার আমলাকে বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেব তন্নিমিত্তে ক্ষমতা দেন তিনি ধরিয়া রাখিতে এবং আটক করিতে পারেন। এবং ঐ লবণ ও সেই লবণ যে পাত্র ও বস্তা ও ঢাকনিতে পাওয়া যায় তাহা এবং যে পশু কি গাড়িতে তাহা বোঝাই থাকে তাহা ক্রোক করিতে পারেন ইতি।

৯ ধারা। যদি সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব আপনার অধীন কোন আমলার বা অন্য ব্যক্তির এজহারক্রমে (সেই এজহার লিখিয়া রাখিতে হইবেক) অথবা আপনার বোধক্রমে কি অন্য কোন মোকদ্দমার কার্য্যক্রমে ইহা বিশ্বাস করণের মাতবর কারণ দেখেন যে ১/ মোনের অধিক বিনানুমতির লবণ কোন স্থানে গচ্ছিত আছে তবে তিনি দিনে কি রাত্রিতে কিন্তু নিরত ইউরোপীয় কোন সারজন বা পোলীসের অন্য কোন আমলার সাক্ষাতে যে প্রত্যেক স্থানে ঐ বিনানুমতির লবণ থাকনের বিষয়ে শোবে হয় তাহাতে

into every such place where any such contraband salt as aforesaid is suspected to be stored, and to seize and carry away the same, and, in case of resistance, to break open any door, and to force and remove any other obstacle to such entry, search, seizure or removal as aforesaid, and to arrest and detain the owner or occupant of the premises, with all parties whom he suspects to be concerned in the unlawful storing whom he shall find on the premises and if the Superintendent shall not be able to proceed in person to make the seizure he may, by warrant under his hand, empower any Officer of Salt Chokies, above the rank of a Jemadar of Peons, to make the same, and the Officer so authorized shall proceed in the same manner, and with the same powers, as above provided in respect of the Superintendent himself Provided that, where there is ground to suspect that such contraband salt as aforesaid is concealed in any zenana, the Superintendent or Officer authorized as aforesaid, shall follow, as closely as may be the rules for the seizure of property so concealed, adopted by the Supreme Court of Judicature at Fort William

X All Constables, and other Ministerial Officers of the Peace, are required to help the Superintendent and his Subordinate Officers and other Officers authorized to make a seizure of salt, in the due execution of this Act, upon notice given or request made by the Superintendent or any such Officer

XI Whenever a seizure of salt in store, in any place, shall be made by the Superintendent, the facts of the seizure shall be recorded in an Official proceeding to be placed on record in his Office, and if the seizure shall be made by a Subordinate Officer, such Officer shall report the circumstances, within twenty four hours, to the Superintendent

XII Every person, who shall maliciously give false information against any person for importing or transporting or in respect of there being in any house or shop any salt, in contravention of this Act, shall be liable to a fine, not exceeding five hundred Rupees

XIII Every person, who shall obstruct or molest the Superintendent, or any Officer of Salt Chokies, or any Officer of another Department duly authorized to make a seizure of salt, or any person acting in aid of the Superintendent or any Officer as aforesaid, in the due execution of this Act, shall be liable to a fine, not exceeding five hundred Rupees and such person shall be further liable, if an affray or breach of the peace shall happen in consequence of his resistance, on conviction of the same before a competent tribunal, to such punishment as is prescribed by law for cases of affray and breach of the peace, in addition to the penalty above prescribed for resistance of process

XIV Any Officer of Salt Chokies, or any

প্রবেশ করিতে পারেন এবং তাহা ক্রোক করিয়া লইয়া যাইতে পারেন। এবং প্রতিবন্ধক হইলে কোন দরওয়াজা ভাঙ্গিতে পারেন এবং ঐরূপ প্রবেশ বা তালাশী কি ক্রোক বা স্থানান্তর করণের যে কোন বাধা থাকে তাহা বলপূর্ব্বক উঠাইতে পারেন এবং ঐ স্থানের মালিক অথবা সেই স্থানে বাসকারি ব্যক্তিকে এবং অন্য যে সকল ব্যক্তি বেআইনীমতে ঐ লবণ গচ্ছিত করণের কার্য্যে লিপ্ত থাকনের বিষয়ে তাঁহার শোবে হয় এবং সেই বাটীর মধ্যে পাওয়া যায় তাহারদিগকে গ্রেফ্তার করিতে ও আটকাইয়া রাখিতে পারেন। এবং যদি সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব আপনি ঐ ক্রোক করিবার জন্যে যাইতে পারেন না তবে তিনি আপনার দস্তখৎকরা এক ওয়ারন্টের দ্বারা পেয়াদারদের জমাদারঅপেক্ষা উচ্চ পদস্থ নিমক চৌকীর কোন আমলাকে তাহা করিতে ক্ষমতা দিতে পারেন। এবং সেইরূপ ক্ষমতাপ্রাপ্ত আমলা সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের বিষয়ে যেরূপ উপরে নির্দ্দিষ্ট আছে সেইরূপে এবং সেই ক্ষমতানুসারে কার্য্য করিবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্তমতে বিনানুমতির লবণ কোন অন্তঃপুরে লুক্কায়িত থাকনের শোবে করণের কারণ থাকিলে ঐ সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব অথবা পূর্ব্বোক্তমতে ক্ষমতাপ্রাপ্ত আমলা সেইরূপে লুক্কায়িত সম্পত্তি ক্রোক করণার্থে ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্টের যে বিধি আছে সাধ্য-পর্য্যন্ত সেই বিধির অনুসারে কার্য্য করিবেন ইতি।

১০ ধারা। সকল ইউরোপীয় সারজন এবং পোলীসের অন্যান্য আমলারদের প্রতি হুকুম হইল যে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব এবং তাঁহার অধীন আমলা এবং লবণ ক্রোক করিতে অন্য২ যে আমলারদের ক্ষমতা দেওয়া গিয়াছে তাঁহারা এত্তেলা দিলে কি দরখাস্ত করিলে এই আইন রীতিমত জারী করণকার্য্যে তাঁহারদের সাহায্য করেন ইতি।

১১ ধারা। যখন সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের দ্বারা কোন স্থানে গচ্ছিতহওয়া লবণ ক্রোক হয় তখন তিনি ঐ ক্রোকের সমুদয় বৃত্তান্ত এক রুবকারীতে লিখিবেন এবং ঐ রুবকারী তাঁহার দফ্তরের রোয়দাদের মধ্যে রাখা যাইবেক। এবং ঐ ক্রোক যদি কোন অধীন আমলার দ্বারা করা যায় তবে সেই আমলা চব্বিশ ঘণ্টার মধ্যে তাহার সমস্ত বৃত্তান্তের রিপোর্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে দিবেন ইতি।

১২ ধারা। এই আইনের বিধির বিরুদ্ধ কোন ব্যক্তির কোন লবণ আমদানী করণ বা বহনের কি কোন দোকানে কিম্বা বাটীতে কোন লবণ থাকনের বিষয়ে যে কেহ দ্বেষপূর্ব্বক মিথ্যা এজহার করে সেই ব্যক্তি ৫০০৲ পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

১৩ ধারা। এই আইনের রীতিমত কার্য্য করণের সময়ে যদি কোন ব্যক্তি সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের কিম্বা নিমক চৌকীর কোন আমলার কি লবণ ক্রোক করণের রীতিমত ক্ষমতাপ্রাপ্ত অন্য সিরিশ্তার কোন আমলার অথবা সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের কিম্বা পূর্ব্বোক্ত কোন আমলার সহকারি কোন ব্যক্তির বাধা জন্মায় কি তাঁহারদিগকে উত্যক্ত করে তবে সেই ব্যক্তি ৫০০৲ পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। এবং তাহার ঐ প্রতিবন্ধকতা করণপ্রযুক্ত যদি কোন দাঙ্গা কি শান্তিভঙ্গ হয় তবে সেই ব্যক্তির অপরাধ ক্ষমতাপ্রাপ্ত আদালতে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি হুকুমের প্রতিবন্ধকতাচরণের নির্দ্দিষ্ট গুনাহগারীর অতিরিক্ত দাঙ্গা এবং শান্তিভঙ্গের বিষয়ে আইনে যে দণ্ড নিরূপণ আছে সেই দণ্ডের যোগ্য হইবেক ইতি।

১৪ ধারা। নিমক চৌকীর কোন আমলা অথবা

Officer of another Department, duly empowered to make a seizure of salt, who shall delay carrying any person arrested, or any illicit articles seized, under this Act, to the Superintendent, or who shall neglect to report the particulars of an arrest, seizure or search, within twenty-four hours thereafter shall be liable to a fine, not exceeding two hundred Rupees

XV Any Officer of Salt Chokies, or any Officer of another Department, as aforesaid, who shall vexatiously and unnecessarily seize the goods or chattels of any person, on the pretence of seizing or searching for contraband salt, or who shall vexatiously or unnecessarily arrest any person, or commit any other excess, not required for the execution of his duty, shall be liable to a fine, not exceeding five hundred Rupees

XVI Any Officer employed in the Salt Chokie Department, or any Officer of another Department as aforesaid, who shall connive at the smuggling of salt, or unlawfully release or connive at the escape of any person arrested under this Act, or act in a manner inconsistent with his duty, for the purpose of enabling any person to do any thing whereby any of the provisions of this Act may be evaded or broken, or the revenue derived from salt defrauded, shall, be liable to a fine, not exceeding five hundred Rupees

XVII Any Officer employed in the Department of Salt Chokies, or any Officer of another Department as aforesaid, who shall ask or take any gratuity, not authorised by any law or order of Government, or of the Board of Customs, Salt and Opium, in consideration of doing or of omitting to do any act in his Official capacity, and any person who shall offer a bribe to any such Officer, in order to induce such Officer to act in a manner inconsistent with his duty, shall be liable, for every such offence, to a fine, not exceeding five hundred Rupees

XVIII Whenever the Superintendent shall arrest any person, or shall seize any contraband salt, he shall, with all convenient despatch, carry the person arrested, with the salt, and any other chattels liable to confiscation, seized therewith, before any Justice of the Peace for the Town of Calcutta, nominated by the Governor of Bengal to adjudicate cases under this Act, and if the arrest or seizure shall be made by any of his Subordinate Officers or other Officer duly empowered, such Officer shall immediately carry the person arrested, and the articles seized, to the Superintendent, who shall thereupon proceed as if the arrest or seizure had been made by himself Provided that nothing in this section shall be construed to prevent the Superintendent releasing any persons arrested, or property seized, when he considers such persons or property to have been improperly arrested or seized

XIX Whenever any salt or other chattels

লবণ ক্রোক করণের রীতিমত ক্ষমতাপ্রাপ্ত অন্য সিরিশতার কোন আমলা যদি এই আইনক্রমে গ্রেফ্তারহওয়া কোন ব্যক্তিকে বা ক্রোকহওয়া বিনানুমতির কোন দ্রব্য সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে লইয়া যাইতে বিলম্ব করেন অথবা গ্রেফ্তার কি ক্রোক বা তালাশী করণের পর চব্বিশ ঘণ্টার মধ্যে তাহার বৃত্তান্তের রিপোর্ট করিতে ক্রটি করেন তবে সেই ব্যক্তি ২০০৲ দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

১৫ ধারা। নিমক চৌকীর কোন আমলা অথবা পূর্ব্বোক্তমত অন্য সিরিশতার কোন আমলা যদি বিনানুমতির লবণ ক্রোক অথবা তালাশী করণের ছলে বৈরক্তিরূপে এবং অনাবশ্যকমতে কোন ব্যক্তির জিনিস কি দ্রব্য ক্রোক করেন কিম্বা কোন ব্যক্তিকে ক্লেশজনকরূপে অথবা অনাবশ্যকমতে গ্রেফ্তার করেন বা আপনার কর্ত্তব্য কার্য্যের নিমিত্তে যে কর্ম্মের আবশ্যক না থাকে এইমত কোন অত্যাচারের কর্ম্ম করেন তবে সেই ব্যক্তি ৫০০৲ পাঁচশত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

১৬ ধারা। নিমক চৌকীর সিরিশ্তায় নিযুক্ত কোন আমলা অথবা পূর্ব্বোক্তমত অন্য সিরিশ্তার কোন আমলা যদি বিনানুমতিতে লবণ আনয়নের বিষয় জানিয়া শুনিয়া তাচ্ছল্য করেন অথবা এই আইনক্রমে গ্রেফ্তারহওয়া কোন ব্যক্তিকে বেআইনমতে খালাস করেন বা তাহার পলায়নের বিষয় জানিয়া শুনিয়া তাচ্ছল্য করেন কিম্বা যে কার্য্যের দ্বারা এই আইনের কোন বিধি এড়ান যাইতে বা উল্লঙ্ঘন হইতে পারে অথবা লবণের রাজস্বের হানি হইতে পারে এইমত কর্ম্ম কোন ব্যক্তিকে করিতে দেওনের জন্যে আপনার কর্ত্তব্য কার্য্যের বিরুদ্ধে কোন কর্ম্ম করেন তবে সেই আমলা ৫০০৲ পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

১৭ ধারা। নিমক চৌকীর সিরিশতায় নিযুক্ত যে কোন আমলা অথবা পূর্ব্বোক্তমত অন্য সিরিশতার যে কোন আমলা আপনার পদোপলক্ষের কোন কার্য্য করণ বা না করণের পুরস্কারস্বরূপ আইনের কি গবর্ণমেণ্টের কি হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের হুকুম না হওয়া কোন পুরস্কার চাহেন বা লন এবং এইমত কোন আমলাকে আপনার কর্ত্তব্য কার্য্যের বিরুদ্ধে কোন কর্ম্ম করণের প্রবৃত্তি দেওনার্থে যে কোন ব্যক্তি সেইরূপ কোন আমলাকে ঘুষ দিতে প্রবৃত্ত হয় সেই ব্যক্তি প্রত্যেক অপরাধের জন্যে ৫০০৲ পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

১৮ ধারা। যখন সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব কোন ব্যক্তিকে গ্রেফ্তার করেন অথবা কোন বিনানুমতির লবণ ক্রোক করেন তখন তিনি যথাসাধ্য শীঘ্র ঐ গ্রেফ্তারহওয়া ব্যক্তি এবং ক্রোক হওয়া লবণ এবং লবণের সঙ্গে অন্য যে কোন জব্দ হওনের যোগ্য দ্রব্য ক্রোক হইয়াছিল তাহা বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব এই আইনানুসারে মোকদ্দমা নিষ্পত্তি করণার্থে শহর কলিকাতার যে জুষ্টিস অফ দি পীস নিযুক্ত করেন তাঁহার নিকটে লইয়া যাইবেন। এবং যদি ঐ গ্রেফ্তার অথবা ক্রোক কোন অধীন আমলারদের দ্বারা কি রীতিমত ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন আমলার দ্বারা হয় তবে সেই২ আমলা তৎক্ষণাৎ ঐ গ্রেফ্তার হওয়া ব্যক্তি ও ক্রোক হওয়া জিনিস সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে লইয়া যাইবেন এবং তিনি আপনি গ্রেফ্তার অথবা ক্রোক করিলে যেরূপ করিতেন সেইরূপ তিনি কার্য্য করিবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে এই ধারার লিখিত কোন কথার এমত অর্থ করিতে হইবেক না যে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের যখন বোধ হয় যে ঐ২ ব্যক্তি অনুচিতমতে গ্রেফ্তার হইয়াছে অথবা ঐ২ সম্পত্তি অনুপযুক্তমতে ক্রোক হইয়াছে তখন সেই গ্রেফ্তার হওয়া ব্যক্তিরদিগকে অথবা সেই ক্রোক হওয়া সম্পত্তি খালাস করিতে পারেন না ইতি।

১৯ ধারা। এই আইনানুসারে জব্দ হওনের যোগ্য

shall be seized by the Superintendent, or other duly authorized Officer, as liable to confiscation under this Act, such seizure shall, upon information exhibited by the Superintendent, be heard and determined in a summary way by such Justice of the Peace as aforesaid, and such Justice shall cause the persons, to whom such salt or other chattels belong, to be summoned to appear before him, and, upon their appearance or default, shall examine into the cause of the seizure thereof, and give judgment, and upon confiscation thereof shall issue his Warrant to the Superintendent for the disposal thereof, according to the orders of the Board of Customs, Salt and Opium

XX Whenever any salt or other chattels shall be seized as aforesaid, and no person shall appear before the Superintendent, within one calendar month, to claim the same, the Justice shall examine into the cause of the seizure, at a place and time of which notice shall have been given by the Superintendent in the Calcutta Gazette, and give judgment for the confiscation of such salt and other chattels, as, upon such examination, shall appear to him confiscable, and, upon confiscation thereof shall issue his warrant for the disposal of them, as if the owner had been summoned to attend the said Justice

XXI All fines, leviable under this Act, shall be adjudged by any Justice of the Peace nominated as aforesaid, and the said Justice, upon information exhibited before him by the Superintendent, shall, within three calendar months after the act for which the fine may be demandable summon the parties accused, and, upon their appearance or default shall examine into the matter, and upon due proof made thereof, by the voluntary confession of the parties, or by the oath or solemn affirmation, in cases wherein a solemn affirmation is receivable by law instead of an oath, of one or more credible witnesses, shall give judgment accordingly, and, in default of payment of any fine to which an offender is adjudged, he shall be liable, by order of the said Justice, to imprisonment in the Common Jail, for a period not exceeding six months, or until the fine is sooner paid

XXII Whenever any person shall be convicted before any Justice as aforesaid, of an offence against this Act, after having been previously convicted of a like offence, he shall be liable, in addition to the penalty attached to such offence, to imprisonment in the Common Jail, for a period not exceeding six months, and a like punishment of imprisonment, not exceeding six months, shall be incurred, in addition to the punishment which may be inflicted for a first offence, upon every subsequent conviction after the second

XXIII One-half of all fines levied from per-

বলিয়া যখন সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব অথবা রীতিমত ক্ষমতাপ্রাপ্ত অন্য আমলা কোন লবণ বা অন্য দ্রব্য ক্রোক করেন তখন সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নালিশক্রমে ঐ ক্রোকী মোকদ্দমা পূর্ব্বোক্তমতে নিযুক্ত জুষ্টিস অফ দি পীসের দ্বারা সরাসরীমতে শুনা যাইবেক এবং নিষ্পত্তি হইবেক। এবং সেই লবণ কিম্বা অন্য দ্রব্য যে ব্যক্তিরদের তাহারদিগকে ঐ জুষ্টিস অফ দি পীস আপনার সম্মুখে হাজির হইতে তলব করিবেন এবং তাহারা হাজির হইলে অথবা হাজির হইতে ত্রুটি করিলে তিনি ঐ ক্রোকের কারণ তজবীজ করিয়া ডিক্রী করিবেন এবং ঐ২ জিনিসের জব্দহওনের হুকুম হইলে হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরদের হুকুমানুসারে ঐ জিনিস লইয়া যাহা করিতে হইবেক তাহা করিবার বিষয়ে ঐ জুষ্টিস সাহেব সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে আপনার ওয়ারণ্ট দিবেন ইতি।

২০ ধারা। যখন কোন লবণ অথবা অন্য কোন দ্রব্য পূর্ব্বোক্তমতে ক্রোক হয় এবং তাহার বিষয়ে দাওয়া করিবার জন্যে কোন ব্যক্তি এক মাসের মধ্যে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে হাজির না হয় তখন যে স্থান ও সময়ের বিষয়ে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব কলিকাতা গেজেটে এত্তেলা দিয়া থাকেন সেই স্থানে ও সেই সময়ে ঐ জুষ্টিস অফ দি পীস সাহেব ঐ ক্রোকের কারণের তজবীজ করিবেন এবং ঐ তজবীজক্রমে যে লবণ এবং অন্যান্য দ্রব্য তাঁহার বোধে জব্দের যোগ্য হয় তাহা জব্দ করণের ডিক্রী করিবেন। এবং তাহা জব্দ হইলে ঐ জিনিসের মালিক ঐ জুষ্টিস সাহেবের নিকটে হাজির হইবার নিমিত্তে তলব হইলে যেরূপ হইত সেইরূপে ঐ জিনিস নীলাম করণের ওয়ারণ্ট দিবেন ইতি।

২১ ধারা। যে সকল জরীমানা এই আইনানুসারে উসুল হইতে পারে তাহার বিষয়ে পূর্ব্বোক্তমতে নিযুক্ত কোন জুষ্টিস অফ দি পীস হুকুম দিবেন। এবং সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের দ্বারা ঐ জুষ্টিস সাহেবের নিকটে যে নালিশ হয় সেই নালিশক্রমে যে ক্রিয়ার দ্বারা জরীমানার দায় হয় সেই ক্রিয়া করণের পর তিন মাসের মধ্যে ঐ জুষ্টিস সাহেব নালিশগ্রস্ত ব্যক্তিরদিগকে তলব করিবেন এবং তাহারা হাজির হইলে বা হাজির হইতে ত্রুটি করিলে সেই বিষয়ের তজবীজ করিবেন এবং নালিশগ্রস্ত ব্যক্তিরদের স্বেচ্ছাতে কবুলক্রমে অথবা এক বা ততোধিক বিশ্বাসযোগ্য সাক্ষিরদের শপথক্রমে কি যে যে গতিকে শপথের পরিবর্ত্তে আইনানুসারে প্রতিজ্ঞা গ্রাহ্য হইতে পারে সেই২ গতিকে তাহারদের প্রতিজ্ঞার দ্বারা সেই বিষয়ের মাতবর প্রমাণ পাইলে তদনুসারে ডিক্রী করিবেন। এবং অপরাধির যে জরীমানার হুকুম হয় তাহা না দেওয়া গেলে সেই ব্যক্তি উক্ত জুষ্টিস সাহেবের হুকুমক্রমে জেলখানায় ছয় মাসের অনধিক কালপর্য্যন্ত কয়েদ থাকনের যোগ্য হইবেক কিন্তু ছয় মাসের মধ্যে যে কোন সময়ে জরীমানার টাকা দেওয়া যায় সেই সময়ে সেই ব্যক্তি খালাস হইবেক ইতি।

২২ ধারা। যখন উক্ত জুষ্টিসের সম্মুখে এই আইনের বিরুদ্ধ কোন অপরাধ কোন ব্যক্তির প্রতি সাব্যস্ত হয় এবং তৎপরে সেই ব্যক্তির পুনরায় সেই প্রকার অপরাধ সাব্যস্ত হয় তখন সেই অপরাধের যে জরীমানা নির্দ্দিষ্ট আছে তাহার অতিরিক্ত সেই ব্যক্তি ছয় মাসের অনধিক কাল মিয়াদে জেলখানায় কয়েদ হওনের যোগ্য হইবেক। এবং দ্বিতীয় অপরাধের পর যতবার তাহার ঐ অপরাধ সাব্যস্ত হয় ততবার প্রথম অপরাধের জন্যে যে দণ্ড নিরূপণ আছে তদতিরিক্ত ছয় মাসের অনধিক মিয়াদে সেই ব্যক্তি কয়েদের যোগ্য হইবেক ইতি।

২৩ ধারা। বিনানুমতির লবণ আমদানী করণ কিম্বা

sons convicted of the illicit importation, transportation or storing of salt, and of the proceeds from sale of articles confiscated, shall, upon adjudication of the case, be awarded to the Officer or Officers subordinate to the Superintendent, or other duly authorized Officer of another Department, who apprehended the offender or seized the illicit articles, and the other half of all such fines and proceeds shall be given to the Informer, and if no fine is realized, the Board of Customs, Salt and Opium may grant such reasonable reward, not exceeding the sum of two hundred Rupees, as may appear to them fit, and such Officers and Informers shall further be entitled to the rewards specified in Section IV Act No IX of 1835 Provided that the Board of Customs, Salt and Opium may direct, by General Order, what classes of Officers of Salt Chokies shall receive rewards, and what classes shall have no title to participate in them

XXIV All fines, levied under this Act, the disposal of which is not specially provided for, shall belong to Government, but the Board of Customs, Salt and Opium may grant any portion thereof, not exceeding one half, as rewards to Informers, or as compensation to parties injured by any proceedings under this Act

XXV No Writ of *Certiorari* shall be issued at the suit of any party, out of the Supreme Court of Judicature, to supersede, stay, remove or in anywise affect any information or judicial proceeding before any Justice of the Peace in pursuance of this Act, and no judgment thereupon shall be quashed, except for error of law apparent on the face of the judgment

XXVI When any penalty or confiscation shall be adjudged by a Justice of the Peace under this Act, the Board of Customs, Salt and Opium, within ten days after judgment given, may call for the proceedings of the case (with which requisition the Justice of the Peace shall be bound to comply,) and, if they shall see cause, may direct that the seizure or any part thereof be restored, and remit or mitigate the penalty and discharge the party

XXVII All actions and prosecutions to be commenced against the Superintendent or any Officer of Salt Chokies, or any Officer of another Department duly empowered to seize contraband salt, or any person acting in aid of the Superintendent or other Officer as aforesaid, for any thing done in pursuance of this Act, shall be commenced within three calendar months after the fact committed, and not afterwards, and notice in writing of such action, and of the cause thereof, shall be given to the Defendant, one calendar month at least, before the commencement of the action, and no Plaintiff shall recover, in any such

বহন অথবা গচ্ছিত করণের অপরাধে যে সকল জরীমানা অপরাধিরদের স্থানে আদায় হয় তাহার অর্দ্ধেক টাকা এবং জব্দ হওয়া জিনিসের নীলামে যাহা উৎপন্ন হয় তাহার অর্দ্ধেক টাকা মোকদ্দমার নিষ্পত্তি হইলে পর সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের অধীন যে আমলা বা আমলারা কি অন্য সিরিশ্তার রীতিমত ক্ষমতাপ্রাপ্ত যে আমলা অপরাধিকে গ্রেপ্তার করিয়াছিলেন অথবা বিনানুমতির দ্রব্য ক্রোক করিয়াছিলেন তাঁহাকে দেওয়া যাইবেক এবং অবশিষ্ট অর্দ্ধেক জরীমানা এবং জব্দহওয়া জিনিসের উৎপন্ন টাকার অর্দ্ধেক গোয়েন্দাকে দেওয়া যাইবেক। এবং যদি কোন জরীমানা উসুল না হয় তবে হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা ২০০৲ দুই শত টাকার অনধিক যে পুরস্কার উপযুক্ত বোধ করেন তাহা দিবার হুকুম করিতে পারেন। এবং ১৮৩৫ সালের ৯ আইনের ৪ ধারায় যেং পুরস্কার নির্দ্দিষ্ট আছে তাহা সেইং আমলা ও গোয়েন্দা পাইতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে নিমক চৌকীর আমলারদের মধ্যে যে সম্প্রদায় ঐ পুরস্কার পাইবেন এবং যেং সম্প্রদায় ঐ পুরস্কারের কোন অংশ পাইবেন না তাহা হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা এক সাধারণ হুকুমের দ্বারা নির্দ্দিষ্ট করিতে পারেন ইতি।

২৪ ধারা। এই আইনক্রমে উসুলহওয়া যে সকল জরীমানা বিতরণের বিষয়ে কোন হুকুম নির্দ্দিষ্ট নাই তাহা সরকারের হইবেক। কিন্তু হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা তাহার অর্দ্ধেকের অনধিক কোন অংশ গোয়েন্দারদিগকে পুরস্কারস্বরূপ অথবা এই আইনক্রমে কোন কার্য্যের দ্বারা যে ব্যক্তিরদের ক্ষতি হইয়াছে সেই ক্ষতি পূরণ করণার্থে তাহারদিগকে দিতে পারেন ইতি।

২৫ ধারা। এই আইনের বিধিক্রমে কোন জুষ্টিস অফ দি পীসের সম্মুখে করা কোন নালিশ বা আদালত সংক্রান্ত কার্য্য অন্যথা করিতে বা স্থগিত করিতে বা উঠিয়া লইতে কি কোন প্রকারে ব্যাঘাত করিতে কোন ব্যক্তির নালিশক্রমে সুপ্রিম কোর্টহইতে কোন সর্সিওরারি রিট বাহির হইবেক না এবং এইরূপে কোন মোকদ্দমার ডিক্রীতে স্পষ্টতঃ আইনের বিষয়ে ভ্রম দৃষ্ট না হইলে সেই ডিক্রী অন্য কোন কারণে অন্যথা হইতে পারে না ইতি।

২৬ ধারা। যখন কোন জুষ্টিস অফ দি পীস এই আইনক্রমে কোন জরীমানা অথবা জব্দের হুকুম দিয়া থাকেন তখন হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা ডিক্রীর পর দশ দিবসের মধ্যে ঐ মোকদ্দমার সমস্ত কাগজপত্র তলব করিতে পারেন এবং জুষ্টিস অফ দি পীস সাহেবের সেই কাগজপত্র অবশ্য পাঠাইতে হইবেক এবং যদি বোর্ডের সাহেবেরা উপযুক্ত কারণ দেখেন তবে তাঁহারা ঐ ক্রোকহওয়া সমুদয় জিনিস বা তাহার কোন অংশ ফিরিয়া দিতে হুকুম করিতে পারেন এবং কোন দণ্ড ক্ষমা করিতে কি কমাইতে পারেন এবং ঐ ব্যক্তিকে খালাস করিতে পারেন ইতি।

২৭ ধারা। এই আইনক্রমে করা কোন কার্য্যের জন্যে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের অথবা নিমক চৌকীর কোন আমলার কিম্বা বিনানুমতির লবণ ক্রোক করণের উপযুক্ত মতে ক্ষমতাপ্রাপ্ত অন্য সিরিশ্তার কোন আমলার কিম্বা ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের অথবা পূর্ব্বোক্ত অন্য আমলার সহকারি কোন ব্যক্তির বিরুদ্ধে যে সকল নালিশ ও মোকদ্দমা আরম্ভ হয় তাহা সেই কর্ম্ম হওনের পর তিন মাসের মধ্যে আরম্ভ করিতে হইবেক এবং তাহার পর করিতে হইবেক না। এবং নালিশ আরম্ভের অন্যূন এক মাস পূর্ব্বে সেই নালিশ এবং তাহার কারণের এত্তেলা লিপির দ্বারা আসামীকে দিতে হইবেক। এবং সেই নালিশ হওনের পূর্ব্বে যদি ক্ষতিপূরণের উপযুক্ত টাকা দিবার প্রস্তাব হয় অথবা নালিশ হওনের

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪১। ২৭ মার্চ।]

action, if tender of sufficient amends shall have been made before such action brought, or if after action brought a sufficient sum of money shall have been paid into Court, with costs, by or on behalf of the Defendant

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first meeting of the Legislative Council of India, after the 24th day of April next

F J HALLIDAY,
Secy to the Govt of India

EDUCATION NOTICE

The next Meeting of the Committee appointed for the Examination of Candidates for promotion and employment in the Education Department, will be held in the Hindu College, on Saturday, the 7th of April, 1849, at 10 A M

Detailed particulars of the nature and extent of the Examinations, the number of Vacancies in the Department, &c &c, will be afforded by the Secretary to the Council of Education to all Candidates on personal application

(By order,)

FRED J MOUAT, M D,
Secy Council of Education

Fort William, March 17, 1849

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

The 16th March, 1849

LEAVES OF ABSENCE

Mr J Snell, Moonsiff of Nemal, Zillah Midnapore, for two weeks from the 1st proximo

The 21st March, 1849

Baboo Mohunlaul Pandey, Moonsiff of Burjorah, West Burdwan, for ten days from the date of his quitting his station

The 23d March, 1849

Baboo Ghunnoolal, Moonsiff of Meherpore, Zillah Nuddea, for ten days from the 12th instant

The leave of absence for four days granted on the 7th instant, to Baboo Goopeenath Bose, Acting Moonsiff of Santipore, Zillah Nuddea, is cancelled at his own request

B J COLVIN, *Register*

রাজকর্ম্মে নিয়োগ।

৩৬২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ৮ মার্চ।

শ্রীযুত আর পি হারিসন সাহেব (Mr R P Harrison,) মুরশিদাবাদের মাজিষ্ট্রেট হইবেন।

[*Government Gazette, 27th March*, 1849]

পর আসামীর দ্বারা বা তাহার পক্ষে উপযুক্ত সংখ্যার টাকা মায় খরচা আদালতে দাখিল হয় তবে কোন ফরিয়াদীর পক্ষে এইমত মোকদ্দমার কিছু টাকা ডিক্রী হইবেক না ইতি।

হুকুম হইল যে এই মুসাবিদা সর্ব্ব সাধারণ লোকেক জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ২৪ আপ্রিল তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

বিদ্যাধ্যাপনের ইশ্‌তিহার।

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে উচ্চ পদ প্রাপণের এবং কর্ম্মে নিযুক্ত হওনের আকাঙ্ক্ষিরদের পরীক্ষার্থ কমিটির আগামি বৈঠক ১৮৪৯ সালের ৭ আপ্রিল তারিখ শনিবার বেলা দশ ঘণ্টার সময়ে হিন্দু কালেজে হইবেক।

পরীক্ষার প্রকার এবং যেপর্য্যন্ত পরীক্ষা হইবেক ও বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে যত পদ শূন্য আছে ইত্যাদি বিস্তারিত বৃত্তান্ত কর্ম্মাকাঙ্ক্ষি যে কোন জন বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেবের নিকটে স্বয়ং উপস্থিত হইয়া জানিতে চাহেন তিনি তাঁহার স্থানে জানিতে পারিবেন।

হুকুমক্রমে।

এফ জে মৌআট।
বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। ১৮৪৯ সাল। ১৭ মার্চ।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৯ সাল ১৬ মার্চ।

জিলা মেদিনীপুরের নিমালের মুনসেফ শ্রীযুত জে স্নেল সাহেব আগামি মাসের ১ তারিখঅবধি দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২১ মার্চ।

পশ্চিম বর্দ্ধমানের বড়যোড়ার মুনসেফ শ্রীযুত বাবু মোহনলাল পাঁড়ে আপন কর্ম্ম স্থান ছাড়িবার তারিখঅবধি দশ দিনের ছুটী পাইযাছেন।

১৮৪৯ সাল ২৩ মার্চ।

জিলা নদীয়ার মেহেরপুরের মুনসেফ শ্রীযুত বাবু ঘনুলাল বর্ত্তমান মাসের ১২ তারিখঅবধি দশ দিনের ছুটী পাইয়াছেন।

জিলা নদীয়ার শান্তিপুরের একটিং মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ বসুকে বর্ত্তমান মাসের ৭ তারিখে যে চারি দিনের ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইল।

বি জে কলবিন। রেজিষ্টর।

১৮৪৯ সাল ১৭ মার্চ।

শ্রীযুত বাবু উদয়চন্দ্র আঢ্য চাটিগাঁয় বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ১৫ মার্চ।

আসামের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টাণ্ট শ্রীযুত জে বেডফোর্ড সাহেবকে (Mr J Bedford,) গত জানুআরি মাসের ১৭ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা

গত মাসের ১৬ তারিখঅবধি আরম্ভ হইবেক ঐ তারিখে তিনি ছুটী গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

৩৭০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিযোগ।

১৮৪৯ সাল ১৯ মার্চ।

শ্রীযুত ডবলিউ ট্রাবর্স সাহেব (Mr W Travers,) বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি শাহাবাদের কালেক্টর হইবেন।

শ্রীযুত এচ আথর্টন সাহেব (Mr H Atherton,) বর্ত্তমান মাসের ১০ তারিখ অবধি দ্বিতীয়সংখ্যক অর্থাৎ ঢাকা এলাকার আবকারীর কমিস্যনর হইবেন।

শ্রীযুত এড্বার্ড লাটূর সাহেব (Mr Edward Lautour,) বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি নওয়াখালীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত এডগার এফ লাটূর সাহেব (Mr Edgar F Lautour,) বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি ফরিদপুরের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

১৮৪৯ সাল ২০ মার্চ।

বর্দ্ধমানের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত ডবলিউ সি লকনর সাহেব (Mr W C Lochner,) ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৯ সাল ২১ মার্চ।

শ্রীযুত লেপ্টেনেন্ট সেক্সপিয়র সাহেব (Lieutenant Shakespear,) যাবৎ যুদ্ধস্থলের কর্ম্মেতে থাকেন তাবৎ শ্রীযুত কাপ্তান বর্থউইক সাহেব (Captain Borthwick,) কাম্পতির ডাকাধ্যক্ষের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৯ সাল ১৭ মার্চ।

কলিকাতায় গবর্ণমেণ্টের হাসিলের কালেক্টর শ্রীযুত ডবলিউ ব্রাকেন সাহেব (Mr W Bracken,) আপনার কর্ম্মের ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত জে ডবলিউ এচ কাম্বেল সাহেবের (Mr J W H Campbell,) প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত তাঁহার সিরিশ্তার চলিত কর্ম্ম শ্রীযুত কাম্বেল সাহেব চালাইবেন।

১৮৪৯ সাল ২০ মার্চ।

হুগলীর সাবেক প্রধান সদর আমীন শ্রীযুত জেম্স রাইলি সাহেব (Mr James Reily,) চাটিগাঁয় যে নূতন কর্ম্মে নিযুক্ত হইয়াছেন হুগলী থাকিয়া সেই স্থানে গমনে যত দিন লাগে তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

বর্দ্ধমানের সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু উমাচরণ সেট স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২২ মার্চ।

বহরমপুরের ডাকাধ্যক্ষ শ্রীযুত লেপ্টেনেন্ট ডবলিউ ব্রিষ্টো সাহেব (Lieutenant W Bristow,) যে তারিখে আপনার কর্ম্মের ভার এদেশীর ১৪ সংখ্যক পল্টনের এনসাইন শ্রীযুত টেলর সাহেবের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি পনের দিনের ছুটী পাইয়াছেন।

আসামের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টান্ট শ্রীযুত সি আর ষ্ট্রং সাহেব (Mr C R Strong,) গত ডিসেম্বর মাসের ১৩ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ৮ তারিখঅবধি রহিত হইল ঐ তারিখে তিনি আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ২৪ মার্চ।

শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব (Mr W M Dirom,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে বেহারের অতিরিক্ত জজী কর্ম্মের ভার শ্রীযুত টি সাণ্ডিস সাহেবের (Mr T Sandys,) স্থানে গ্রহণ করেন।

রঙ্গপুরের মাজিষ্ট্রেট শ্রীযুত এ জি মাকডনাল্ড সাহেব (Mr A G Macdonald,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ টি ট্রটর সাহেবের (Mr W T Trotter,) স্থানে গ্রহণ করেন।

দিনাজপুরের কালেক্টর শ্রীযুত সি ষ্টিয়র সাহেব (Mr C Steer,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে আপন খাজানাখানার ভার শ্রীযুত জি কুপর সাহেবের (Mr G Couper,) স্থানে পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেণ্টের ইশ্তিহার।

NOTICE

The undermentioned Soonderbun Grants or Lots, the property of Government in the district of 24 Pergunnahs, will be put up to public sale Parties desirous of purchasing and obtaining any information are requested to apply to the undersigned

Lot 38 and Lot 39

OOMAKANTH SAIN, *Commissioner*

Soonderbun Commissioner's Office, Allipore, the 5th March, 1849

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ২৭ মার্চ।]

ইশ্‌তিহার।

জিলা চব্বিশপরগনার সুন্দরবনের নীচের লিখিত লাট* গবর্ণমেন্টের সম্পত্তি নীলাম হইবেক যে কেহ তাহা খরীদ করিতে চাহেন কি তদ্বিষয়ে কিছু অবগত হইতে চাহেন তিনি নীচের লিখিত মহাশয়ের নিকটে দরখাস্ত করিলে অবগত হইতে পারিবেন।

*লাট ৩৮ এবং ৩৯।

উমাকান্ত সেন। কমিস্যনর।

সুন্দরবনের কমিস্যনরের দপ্তরখানা। আলীপুর। ১৮৪৯। ৫ মার্চ।

INSOLVENT COURT — যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

In the matter of ALBERT JOHN DE HOCHEPIED LARPENT and JOHN BECKWITH, Merchants and Agents, lately carrying on trade and business in copartnership together in Clive Street, in the Town of Calcutta, in Bengal, under the style or firm of Cockerell and Company

NOTICE is hereby given, that by an order of this Court, made in this matter on the Seventh day of March, it was ordered that the further hearing of the matters of the Petition of the said Insolvents, should be adjourned to Saturday the Seventh day of April next, for the purpose of making a dividend Any Creditor or other persons interested who may be desirous of establishing or opposing any claims upon the Estate of the Insolvents, may attend and be heard upon any Affidavits, which shall have been filed in the Office of the Chief Clerk of this Court, three clear days before the day of hearing

FRITH, SANDES and WATTS, *Attornies*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

কাকরেল কোম্পানির নামে পূর্ব্বে বাঙ্গলা দেশের কলিকাতা নগরের ক্লাইব ষ্ট্রিটে যৌতায় সওদাগরী ও এজেন্টী কর্ম্মকারি আলবর্ট জান ডিহচিপিড লার্পেন্ট সাহেব ও জান বেকউইথ সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে মার্চ মাসের ৭ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে ডিবিডেণ্ড করণের নিমিত্তে উক্ত যোত্রহীনেরদের দরখাস্তের মর্ম্ম আগামি আপ্রিল মাসের ৭ তারিখ শনিবারে পুনর্ব্বার শুনা যায়। কোন মহাজন কি এই বিষয়ে লিপ্ত অন্য যে কোন ব্যক্তি উক্ত যোত্রহীনেরদের ইষ্টেটের উপর দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে এই আদালতের প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্‌তায় আফিডেবিট দাখিল করিলে তৎক্রমে তিনি হাজির হইতে পারেন এবং তাঁহার কথা শুনা যাইবেক।

ফ্রিথ ও সাণ্ডিস ও ওযাট্‌স। উকীল।

In the matter of the Petition of JAMES STEWART BLAIKIE SCOTT, of the Town of Calcutta, lately a Member of the Firm of Hickey, Bailey and Company, of the same place, Merchants and Brokers

NOTICE is hereby given, that by an order of this Court, made in this matter on the Third day of March instant, the matter of the Petition of the said Insolvent was adjourned to Saturday, the Fourth day of August next

FRITH, SANDES and WATTS, *Attornies*

পূর্ব্বে কলিকাতা নগরে সওদাগর ও দালাল হিকি বেলি কোম্পানির বুঠীর অংশী জেমস ষ্টুআর্ট ব্লেকি স্কট সাহেবের দরখাস্তের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মার্চ মাসের ৩ তারিখে উক্ত আদালতের হুকুমক্রমে উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্ম আগামি আগষ্ট মাসের ৪ তারিখ শনিবারে শুনা যাইবেক।

ফ্রিথ ও সাণ্ডিস ও ওযাট্‌স। উকীল।

MISCELLANEOUS ADVERTISEMENT — সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

ইশ্‌তিহার।

কলিকাতার সদর দেওয়ানী আদালতের মোকদ্দমার নূতন রিপোর্ট ঐ আদালতের উকীল চৌরঙ্গীর সদর ষ্ট্রিট ২ নম্বরনিবাসি শ্রীযুত আলেন আলেকজাণ্ডর সেবেষ্টর সাহেবকর্ত্তৃক প্রস্তুত হইয়াছে।

[*Government Gazette, 27th March,* 1849]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান ক্লার্কমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 3, 1849

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ৩ আপ্রিল।

ACT

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 17TH MARCH, 1849

The following Act is passed by the Hon'ble the President of the Council of India in Council, on the 17th March, 1849, with the assent of the Right Hon'ble the Governor General of India, which has been read and recorded

Ordered, that the Act be promulgated for general information

ACT No VI OF 1849

For securing Military and Naval Pensions and Superannuation Allowances

Whereas it is expedient to consolidate and extend the operation of the law, as to the exemption of Military and Naval Pensions, and other Superannuation Allowances, from seizure under process of law, It is enacted as follows

I Regulation XII 1814 of the Bengal Code, and Act XXXI 1845, are repealed

II The reduced pay or pension, however called, of any Invalid Officer, Soldier, Sailor or Retainer of the Army or Navy, in the Military or Naval Service of the East India Company, and also any monthly or yearly pension, or pecuniary allowance to any person, in consideration of past services and present infirmities or old age, granted by authority of the Governor General in Council, or of the Governor or Governor in Council, or Lieutenant Governor, of any Presidency or Place within the territories under the Government of the East India Company, and also the pension of any Out Pensioner of Chelsea or

আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১৭ মার্চ।

ভারতবর্ষের শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুরের সম্মতিক্রমে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪৯ সালের ১৭ মার্চ তারিখে পশ্চাৎ লিখিত আইন জারী করিলেন। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ঐ সম্মতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে অর্পণ হইয়াছে।

হুকুম হইল যে এই আইন সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল ৬ আইন।

সৈন্যসম্পর্কীয় ও জাহাজসম্পর্কীয় পেন্‌শাহেরা ও বার্দ্ধক্যপ্রযুক্ত আল্‌ফা রক্ষা করণের আইন।

যেহেতুক সৈন্যসম্পর্কীয় ও জাহাজসম্পর্কীয় যোদ্ধারদের পেন্‌শাহেরা ও বার্দ্ধক্যপ্রযুক্ত অন্যান্য আল্‌ফা আদালতের পরওয়ানাক্রমে ক্রোক করণ নিবারণার্থ আইন সংগ্রহ করা এবং তাহার কর্ম্ম বিস্তারিত করা উচিত বোধ হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৮১৪ সালের ১২ আইন ও ১৮৪৫ সালের ৩১ আইন রদ হইল ইতি।

২ ধারা। কোম্পানি বাহাদুরের সৈন্যসম্পর্কীয় কি জাহাজসম্পর্কীয় সিবিশতার অকর্ম্মণ্য কোন অম্মাদার কি সিপাহী কি নাবিক কিম্বা সৈন্যের বা জাহাজের এলাকাদার ব্যক্তিকে যে কমীহওয়া মাহিয়ানা কিম্বা যে কোন নামেতে খ্যাত পেন্‌শাহেরা এবং কোন ব্যক্তিকে পূর্ব্বকালীন কার্য্যের নিমিত্তে ও বর্ত্তমান ক্ষীণতা অথবা বৃদ্ধাবস্থার জন্যে যে কোন মাসিক কি বার্ষিক পেন্‌শাহেরা কিম্বা আলুফা শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের কিম্বা কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে কোন রাজধানীর অথবা কোন স্থানের শ্রীযুত গবরনর সাহেবের অথবা হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর সাহেবের কিম্বা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুমক্রমে দেওয়া যায় তাহা এবং চেল্‌সি নগর কিম্বা

Greenwich Hospital, granted by authority of the Commissioners of Chelsea or Greenwich Hospital respectively, and also all money due, or to become due on account of any such pension or allowance, shall be exempt from seizure, attachment or sequestration by process of any Court within the said territories, at the instance of a creditor, for any demand against the Pensioner, or in satisfaction of a decree or order of any such Court

III All assignments, agreements, orders, sales and securities of every kind made by any such Pensionei, in respect of any money not payable at or before the making thereof, on account of any such pension, or for giving or assigning any future interest therein, are null and void

IV This Act shall not apply to any process of any Court established by Royal Charter, issued out of such Court before the passing of this Act, or to any assignment, agreement, order, sale or security by any such Pensioner, made before the passing of this Act in respect of a Chelsea or Gitenwich pension, or a pension or allowance granted in the Presidency of Madras, or before the 27th December, 1845, in respect of a pension or allowance granted in the Presidency of Bombiy, or before the 27th May, 1814, in respect of a pension or allowance granted in the Presidency of Bengal

F J Halliday,

Secy to the Govt of India

গ্রেনিচ নগবের হাসপিটালেব বৃত্তিভোগী যে ব্যক্তি ঐ২ আলয়ে বাস করে না তাহারদের যে মুশাহেরা ঐ চেল্‌সি নগরের অথবা গ্রেনিচ নগরের হাসপিটালের কমিস্যনর্‌ সাহেবেরদের হুকুমক্রমে দেওয়া যায় তাহা এবং ঐ প্রকার কোন মুশাহেবা কি আলুফাব বাবতে যে সকল টাকা পাওনা থাকে বা উত্তব কালে পাওনা হয তাহা সেই২ মুশাহেবাদার কি আলুফাদাবেব উপর কোন দাওয়াপ্রযুক্ত কোন মহাজনেব মালিশক্রমে ঐ২ দেশের মধ্যে কোন আদালতেব দ্বাবা বা কোন আদালতের হুকুম কি ডিক্রী জারীর অনুসাবে ক্রোক বা আটক কবা যাইবেক না ইতি।

৩ ধাবা। এমত কোন মুশাহেবাদার কি আলুফাদা- বেব কোন মুশাহেবাব বাবৎ যে টাকা নিয়মপত্রাদি লিখনেব সময়ে বা তাহার পূর্ব্বে পাওনা ছিল না সেই টাকাব উপর যে কোন নিয়মপত্র কি একবারনামা বা ববাৎ কিম্বা বিক্রয়পত্র কি জামিনীনামা লিখিয়া দেওয়া যায তাহা বাতিল হইবেক। এবং যে মুশাহেরা উত্তব কালে পাওনা হইবেক তাহার উপব যে কোন বরাৎ কি নিয়মপত্র দেওয়া যায় তাহা বাতিল হইবেক ইতি।

৪ ধাবা। রাজদত্ত চার্টবেব দ্বাবা স্থাপিত কোন আ- দালতহইতে এই আইন জারী হওনেব পূর্ব্বে যে কোন পরওযানা বাহিব হইয়াছে তাহার বিষয়ে অথবা উক্ত প্রকার কোন মুশাহেবাদাব চেল্‌সি কি গ্রেনিচ নগব সম্পর্কীয় মুশাহেরার বাবৎ অথবা মান্দ্রাজ রাজধানীতে দত্ত কোন মুশাহেবা কি আলুফার বাবৎ যে কোন নিয়মপত্র কি একবারনামা বা ববাৎ কিম্বা বিক্রযপত্র অথবা জামিনীনামা এই আইন জারী হওনেব পূর্ব্বে করিয়াছে কিম্বা বোম্বাই রাজধানীতে দত্ত মুশাহেবা কি আলুফাব বাবৎ যে দানপত্রপ্রভৃতি ১৮৪৫ সালের ২৭ ডিসেম্বর তারিখেব পূর্ব্বে কবা গিযাছে অথবা বাঙ্গলা রাজধানীতে দত্ত কোন মুশাহেবা কি আলুফাব বাবৎ যে দানপত্রপ্রভৃতি ১৮১৪ সালের ২৭ মে তা- রিখেব পূর্ব্বে কবা গিয়াছে তাহার বিষয়ে এই আইন খাটিবেক না ইতি।

এফ জে হালিডে।

ভাবতবর্ষের গবর্ণমেন্টেব সেক্রেটারী।

John C Marshman, *Bengalee Translator*

DRAFTS OF ACTS

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,

The 8th March, 1849

The following Extract from the Proceedings of the Hon'ble the President of the Council of India in Council, in the Legislative branch of the Home Department, under date the 8th March, 1849, is published for general information

Read a second time the Draft of a proposed Act, dated the 26th September, 1846, and published in the *Bengalee Government Gazette* of the 17th November, 1846, to declare and enact the competency of the Courts of Nizamut Adawlut and the Courts of Session to punish offences by fine

Resolution —The President in Council resolves that the following amended Draft on the subject be published for general information

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল ৮ মার্চ।

দেশীয় ডিপার্টমেণ্টের ব্যবস্থাপক সিরিশতায় ভাবতবর্ষের হজুব কৌন্সেলেব শ্রীযুত প্রসীডেণ্ট সাহে- বের হজুর কৌন্সেলে ১৮৪৯ সালের ৮ মার্চ তাবিখেব কার্য্যেব নীচেব লিখিত চুম্বক সর্ব্ব সাধারণ লোককে জানাইবাব নিমিত্তে প্রকাশ কবা যাইতেছে।

সদব নিজামৎ আদালত এবং সেশন আদালতেব জরীমানাব দ্বাবা অপরাধের দণ্ড করণেব ক্ষমতা প্রকাশ করণার্থে এবং ক্ষমতা দেওনার্থে ১৮৪৬ সালের ২৬ সেপ্টেম্বব তাবিখের প্রস্তাবিত আইনের যে মুসাবিদা ১৮৪৬ সালেব ১৭ নবেম্বব তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তাহা দ্বিতীয়বার পাঠ করা গেল।

নির্দ্ধাবণ।

হজুর কৌন্সেলের শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব নির্দ্ধাবণ করিয়াছেন যে উক্ত বিষয়ে নীচের লিখিত শুধরা মুসা বিদা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যায়।

ACT No —— 1849

An Act to enable the Bengal Courts of Nizamut and of Session to punish certain Offences by Fine

Whereas doubts have arisen whether the Courts of Nizamut and of Session, within the Territories subject to the Presidency of Fort William in Bengal, have power to punish certain offences by fine, It is declared and enacted as follows

I The Courts of Nizamut and of Session within the said Territories, may punish by reasonable fine, at the discretion of the Courts, any offenders, convicted before them, of any offence, which, by the Mahomedan Law, renders them liable to discretionary punishment, and, in default of payment of the fine, may sentence them to imprisonment, with or without labour, for any term not exceeding seven years in the case of sentences passed by the Courts of Session, or fourteen years in the case of sentences passed by the Nizamut Adawlut

Ordered, that the said Draft be reconsidered at the first meeting of the Legislative Council of India, after the 8th day of May next

F J HALLIDAY,
Secy to the Govt of India

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

বাঙ্গলা দেশের সদর নিজামৎ আদালত এবং সেশন আদালতের জরীমানার দ্বারা কোন২ অপরাধের দণ্ড করণের ক্ষমতা দেওনের আইন।

যেহেতুক বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশের মধ্যে নিজামৎ আদালত এবং সেশন আদালত জরীমানার দ্বারা কোন২ অপরাধের দণ্ড করিতে পারে কি না এই বিষয়ে সন্দেহ হইয়াছে অতএব নীচের লিখিতমতে প্রকাশ ও হুকুম হইল।

১ ধারা। মুসলমানের শরামতে যে২ অপরাধ বিবেচনামতে দণ্ডের যোগ্য হয় সেই২ অপরাধে যে কোন ব্যক্তি উক্ত দেশস্থ নিজামৎ ও সেশন আদালতের সাহেবেরদের সম্মুখে অপরাধী এমত সাব্যস্ত হয় ঐ সাহেবেরা আপন২ বিবেচনাক্রমে তাহারদিগের উপযুক্ত জরীমানার দ্বারা দণ্ড করিতে পারেন এবং ঐ জরীমানার টাকা না দেওয়া গেলে যদি সেশনের আদালতে সেই দণ্ডের হুকুম হইয়া থাকে তবে সাত বৎসরের অনধিক মিয়াদে কিম্বা যদি নিজামৎ আদালতে ঐ দণ্ডের হুকুম হইয়া থাকে তবে চৌদ্দ বৎসরের অনধিক মিয়াদে অপরাধিকে পরিশ্রমবিশিষ্ট কি পরিশ্রম বিনা কয়েদ করণের হুকুম দিতে পারেন।

হুকুম হইল যে আগামি ৮ মে তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 17TH MARCH, 1849

The following Draft of a proposed Act was read in Council, for the first time, on the 17th March, 1849

ACT No —— OF 1849

For exempting certain Public Officers from serving on Juries

For remedy of the inconvenience which may be caused by the summons of persons employed in the Public Service of the Government to serve on Juries, It is enacted as follows

I The Governor General of India in Council, and also the Governor or Governor in Council of the several Presidencies of Fort William in Bengal, Fort St George, and Bombay shall, from time to time, cause a list to be made out of all persons employed under the said several Governments, who in their opinion ought to be exempt from serving on Juries, and shall send a copy of such list to the Sheriff of Calcutta, Madras and Bombay respectively, and the name of every person in such list qualified to serve on Juries shall be struck out of the Jury List, and no such person shall be liable or summoned to serve on any Grand or Petit Jury, or be liable to any penalty, or to be proceeded against for contempt of any Court, for not attending, if summoned

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১৭ মার্চ।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ১৭ মার্চ তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

কোন২ সরকারী কার্য্যকারকদিগকে জুরির কর্ম্ম করণের ভারহইতে মুক্ত করণের আইন।

সরকারী কার্য্যে নিযুক্ত লোকদিগের জুরির কর্ম্ম করিতে তলবকরণের দ্বারা যে অনিষ্ট জন্মিতে পারে তাহা নিবারণের নিমিত্তে নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর এবং বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর ও ফোর্ট সেণ্ট জর্জ অর্থাৎ মান্দ্রাজ রাজধানীর ও বোম্বাই রাজধানীর শ্রীযুত গবর্নর সাহেব অথবা হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর সাহেব উক্ত প্রত্যেক গবর্ণমেণ্টের অধীনে নিযুক্ত যে সকল ব্যক্তিরদিগকে জুরির কর্ম্মের ভারহইতে মুক্ত হইবার উপযুক্ত বোধ করেন তাঁহারদের নামের এক ফিরিস্তি সময়ে২ প্রস্তুত করিতে হুকুম দিবেন এবং সেই ফিরিস্তির এক নকল স্থানবিশেষে কলিকাতা এবং মান্দ্রাজ এবং বোম্বাইর সরিফ সাহেবের নিকটে পাঠাইবেন এবং জুরির কর্ম্মে নিযুক্ত হওনের উপযুক্ত যে সকল ব্যক্তির নাম ঐ ফিরিস্তিতে লেখা আছে তাঁহারদের নাম জুরির ফিরিস্তিহইতে উঠান যাইবেক। এবং এইমত কোন ব্যক্তি কোন গ্রাণ্ড জুরি কি পেটি জুরির কর্ম্ম করিবার যোগ্য হইবেন না এবং তাঁহারদের তলব হইবেক না অথবা যদি তাঁহারদের তলব হয় কিন্তু তাঁহারা হাজির না হন তবে কোন দণ্ডের যোগ্য হইবেন না অথবা কোন আদালতের অবজ্ঞাকরণ দোষে তাঁহারদের নামে নালিশ হইতে পারিবেক না ইতি।

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be re considered at the first Meeting of the Legislative Council of India, after the 17th day of June next

F J HALLIDAY,

Secy to the Govt of India

FORT WILLIAM,

HOME DEPARTMENT,

LEGISLATIVE,

THE 17TH MARCH, 1849

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 17th of March, 1849

ACT No —— OF 1849

For enabling the Commander in Chief to pardon Military Offences

Whereas the power of pardoning persons under sentence of a Court Martial, for offences which are not punishable by any other authority, may be entrusted to the Commander in Chief of the Military Forces in the service of the East India Company in each Presidency, but in all other cases ought to belong only to the Supreme Government, It is enacted as follows

I The Commander in Chief of the Military Forces in the service of the East India Company, in each Presidency, shall have power to pardon any person belonging to the said Forces, who is convicted by sentence of a Court Martial of any offence against the Articles of War, which, wherever committed, is not punishable otherwise than by sentence of a Court Martial, or, instead of granting a full pardon to any such person, may remit any part of the punishment awarded for such offence

II In such cases, the Commander in Chief shall issue a Warrant under his hand, setting forth the offence, and a copy of the warrant by which the offender was taken into custody in execution of the sentence, and pardoning or remitting such part of the punishment awarded for the offence as to him shall seem fit

III The said Warrant shall be countersigned by the Magistrate of the Zillah, or city in which the offender is undergoing his sentence or, if he is confined in any prison belonging to one of the Supreme Courts of Judicature established by Royal Charter, shall be countersigned by a Judge of such Court, if it shall appear to such Magistrate or Judge that the offence, wherever committed, is not punishable by any authority other than that of a Court Martial, but not otherwise

IV All Sheriffs, Gaolers, and other persons having custody, within the said territories, of any offender under sentence of a Court Martial, shall

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ১৭ জুন তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।

ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।

দেশীয় ডিপার্টমেন্ট।

লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১৭ মার্চ।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ১৭ মার্চ তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

প্রধান সেনাপতি সাহেবকে সৈন্যসম্পর্কীয় অপরাধ ক্ষমা করণের ক্ষমতা দেওনের আইন।

যেহেতুক যেং অপরাধ কোর্ট মার্স্যাল ছাড়া অন্য কোন হুকুমের দ্বারা দণ্ডনীয় নহে সেইং অপরাধের জন্যে যে ব্যক্তিরদিগকে কোর্ট মার্স্যাল দণ্ডের হুকুম করিয়াছেন সেই অপরাধিরদের ক্ষমা করণের ক্ষমতা প্রত্যেক রাজধানীতে কোম্পানি বাহাদুরের কার্য্যে নিযুক্ত সৈন্যেরদের প্রধান সেনাপতি সাহেবকে অর্পণ হইতে পারে কিন্তু অন্যান্য সকল গতিকে ঐ ক্ষমতা কেবল সুপ্রিম গবর্ণমেন্টের থাকা উচিত অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। যুদ্ধবিষয়ক আইন উল্লঙ্ঘন করণের যে অপরাধ যে কোন স্থানে করা যায় সে অপরাধ কোর্ট মার্স্যালের হুকুমছাড়া অন্যমতে দণ্ডনীয় হইতে পারে না এইমত অপরাধ করণের বিষয়ে কোম্পানি বাহাদুরের সৈন্যেরদের মধ্যে যে কোন ব্যক্তি কোর্ট মার্স্যালের হুকুমক্রমে দোষীকৃত হয় সেই ব্যক্তিকে প্রত্যেক রাজধানীতে কোম্পানি বাহাদুরের সৈন্যেরদের প্রধান সেনাপতি সাহেব ক্ষমা করিতে পারেন অথবা এইমত ব্যক্তিকে ঐ প্রধান সেনাপতি সাহেব সম্পূর্ণরূপে ক্ষমা না করিয়া উক্ত প্রকার অপরাধের নিমিত্তে যে দণ্ডের হুকুম হয় তাহার কোন অংশ রহিত করিতে পারেন ইতি।

২ ধারা। এইমত গতিকে প্রধান সেনাপতি সাহেব আপনার দস্তখৎকরা এক ওয়ারন্ট দিবেন তাহাতে ঐ অপরাধ নির্দ্দিষ্ট থাকিবেক এবং দণ্ডের হুকুমমতে যে ওয়ারন্টক্রমে অপরাধী কয়েদ হইয়াছিল তাহার নকল থাকিবেক এবং ঐ অপরাধের নিরূপিত দণ্ডের যে ভাগ ক্ষমা করিতে কিম্বা রহিত করিতে শ্রীযুত প্রধান সেনাপতি সাহেব উচিত বোধ করেন তাহা ঐ ওয়ারন্টের দ্বারা ক্ষমা বা রহিত হইবেক ইতি।

৩ ধারা। যে জিলাতে কি শহরে ঐ অপরাধী দণ্ড ভোগ করিতেছে সেই জিলার কিম্বা শহরের মাজিষ্ট্রেট সাহেব ঐ ওয়ারন্টে দস্তখৎ করিবেন অথবা যদি ঐ অপরাধী রাজদত্ত চার্টরের দ্বারা স্থাপিত কোন সুপ্রিম কোর্টের এলাকার মধ্যের কোন জেলখানাতে কয়েদ হয় তবে ঐ কোর্টের এক জন জজ সাহেব তাহাতে দস্তখৎ করিবেন অর্থাৎ যদি ঐ মাজিষ্ট্রেট সাহেব অথবা ঐ জজ সাহেব বোধ করেন যে ঐ অপরাধ যে কোন স্থানে হইয়াছিল তাহা কোর্ট মার্স্যাল ছাড়া অন্য কোন হুকুমক্রমে দণ্ডনীয় নহে তবে তাঁহারা ঐ ওয়ারন্টে দস্তখৎ করিবেন কিন্তু যদি তাঁহারদের এমত বোধ না হয় তবে দস্তখৎ করিবেন না ইতি।

৪ ধারা। উক্ত দেশের মধ্যে যে কোন সরিফ সাহেবের কি জেলরক্ষকের বা অন্য ব্যক্তির জিম্মায় কোর্ট মার্স্যালের হুকুমক্রমে কোন অপরাধী কয়েদ থাকে তাঁ-

obey and give effect to any Warrant of the Commander in Chief, countersigned by a Magistrate, or Judge of the Supreme Court as aforesaid, for the pardon of any offender in their custody respectively, or for the remission of any part of his sentence

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India, after the 17th day of June next

F J HALLIDAY,

Secy to the Govt of India

দ্বারা আপনং নিকটে কয়েদ থাকা কোন অপরাধির ক্ষমা করণের বিষয়ে কিম্বা দণ্ডের কোন অংশ রহিত করণের বিষয়ে উক্ত প্রকারে মাজিষ্ট্রেট সাহেবের অথবা সুপ্রিম কোর্টের জজ সাহেবের দস্তখৎকরা প্রধান সেনাপতি সাহেবের কোন ওয়ারণ্ট মানিবেন ও তদনুসারে কার্য্য করিবেন ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ১৭ জুন তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE

No 2

From the Secretary to the Sudder Board of Revenue to the Commissioner of Revenue for the Division of ———

With a view to the introduction of uniformity of practice in the matter of leasing out Estates acquired by Government by purchase or otherwise, after measurement and ascertainment of their present assets and future capabilities and when there is no person having a preferential claim to the lease, I am desired by the Sudder Board of Revenue to request, that you will ascertain and report under what varieties of system such Estates are, under such circumstances, given in Farm, whether by public competition or at the discretion of the Collector and what are the considerations which regulate the choice in either case

2 The advantages of farming by public competition are these—All jobbing—all favoritism—all intrigue and interference of the Native Umlah are prevented—confidence is greatly increased, and he who has most means is likely to become the farmer The objections, on the other hand, appear to be, the risk of obtaining a bad farmer, but it is no greater than is run in the case of every Zemindarry that is exposed for sale, and the apprehension that a party who has paid a high price will endeavour to reimburse himself by rack renting, but against this the Ryots, if the settlement has been properly made, have been protected by Pottahs fixing their rent

3 It occurs to the Board, that the best system might be, to sell the lease, by public competition, to the person bidding the highest cash price for it, at the rent fixed by the Revenue authorities, or to give to him who publicly offered to take it at the least profit on the mofussil assets, giving adequate security for the performance of his engagement,

[*Government Gazette, 3d April,* 1849]

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

২ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

গবর্ণমেণ্ট যে মহাল খরীদ করণের দ্বারা কি অন্য কোন প্রকারে প্রাপ্ত হন সেই সকল মহাল জরিপ করণের পরে ও তাহাহইতে এক্ষণে যে মালগুজারী আদায় হয় ও উত্তর কালে যে লভ্য হইতে পারে তাহা নিশ্চয় করণের পরে যখন ঐ মহালের পাট্টা পাওনের কোন ব্যক্তির অন্যাপেক্ষা প্রবল দাওয়া না থাকে তখন ঐ প্রকার মহালের পাট্টা দেওনের বিষয়ে একি প্রকার ব্যবহার নির্দ্দিষ্ট করণের অভিপ্রায়ে সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে আদেশ করিতেছি যে উক্ত প্রকার মহাল সেই২ গতিকে কি২ নিয়মক্রমে ইজারা দেওয়া যাইতেছে তাহা তুমি নিশ্চয় করিয়া রিপোর্ট কর অর্থাৎ তাহা সাধারণ লোকেরদের আড়াআড়ি করণপূর্ব্বক কি কালেক্টর সাহেবের বিবেচনামতে দেওয়া যাইতেছে এবং এই উভয় গতিকে কি বিবেচনা মতে পাট্টাদার মনোনীত হয় তাহা বিশেষ করিয়া লেখ।

২ দফা। সাধারণ লোকেরদের আড়াআড়ি করণপূর্ব্বক ইজারা দেওনেতে উপকার এই২ যে সকল প্রকার অনুগ্রহ ও সকল প্রকার পক্ষপাতের এবং এদেশীয় আমলারদের সকল শঠতা ও হস্তক্ষেপকরণ নিবারণ হয় এবং লোকেরদের বিশ্বাসের অতিশয় বৃদ্ধি হয় এবং যে জনের অধিক সংস্থান সেই ব্যক্তি ইজারদার হইবেক এইমত সম্ভাবনা হয়। পক্ষান্তরে এই নিয়মের বিষয়ে এই আপত্তি হইতে পারে যে তাহাতে মন্দ ব্যক্তি ইজারদার হইতে পারে। কিন্তু যে প্রত্যেক জমীদারী নীলাম করা যায় তদ্বিষয়েও সেই প্রকার আশঙ্কা থাকে। অন্য আপত্তি এই যে যে ব্যক্তি ঐ মহালের নিমিত্তে ভারি টাকা দিয়াছে সেই ব্যক্তি রাইয়তেরদের নিষ্পীড়ন করিয়া আপনার দত্ত টাকা পোষাইবার উদ্যোগ করিবেক কিন্তু যদি বন্দোবস্ত উপযুক্ত প্রকারে করা গিয়া থাকে তবে রাইয়তেরদের খাজানা পাট্টাতে নির্দ্দিষ্ট হওয়াতে ঐ পাট্টার দ্বারা তাহারদের রক্ষা হইতে পারিবেক।

৩ দফা। সদর বোর্ডের সাহেবেরা বোধ করেন যে মহালের পাট্টা নীলামে ধরিয়া রাজস্বের কার্য্যকারকেরদের নির্দ্দিষ্ট মালগুজারী দিতে সম্মত হওনপূর্ব্বক যে ব্যক্তি অধিক নগদ টাকা ডাকে তাহাকে দিলে উত্তম নিয়ম হয়। অথবা যে ব্যক্তি মফঃসল মালগুজারের উপর অন্যাপেক্ষা অল্প মুনাফা লইতে প্রকাশরূপে স্বীকার করে ও আপন বন্দোবস্তক্রমে কর্ম্ম করিতে উপযুক্ত জামিন দেয় তাহাকে দিলে অতি উত্তম নিয়ম হয় এবং

and they request to be favored with your opinion on the subject

4 You are also requested to forward a List of the Mehals in your division which have been summarily farmed without any regular settlement having been made in the form under written

সদর বোর্ডের সাহেবেরা এই বিষয়ে তোমারদের মত অবগত হইতে চাহেন।

৪ দফা। আরো তোমার প্রতি হুকুম হইতেছে যে তোমার এলাকার মধ্যে যে সকল মহালের রীতিমতে বন্দোবস্ত না হইয়া সরাসরীমতে ইজারা দেওয়া গিয়াছে তাহার এক ফিরিস্তি নীচের লিখিত পাঠানুসারে পাঠাও।

Name of District	Name of Mehal	Sudder Jumma	On what date leased	Period of lease

G PLOWDEN, *Secretary*

Sudder Board of Revenue, Fort William,
The 15th February, 1849

জিলার নাম	মহালের নাম	সদর জমা	যে তারিখে পাট্টা দেওয়া যায়	পাট্টার মিয়াদ

জি প্লোডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম।
১৮৪৯। ১৫ ফেব্রুআরি।

No 3

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

I am desired by the Sudder Board of Revenue to circulate for your own information, and for communication to your subordinates, that they have ruled, that in future, whenever improper delay takes place in the payment of money ordered to be refunded or disbursed, by the Special Commissioner, or other competent authority, any interest which may be chargeable on the payment, owing to such delay, shall be paid by the officer in consequence of whose dilatoriness the interest accumulated

2 Whenever a refund or disbursement of money has been sanctioned, a notice should be served on, and at the expense of, the party entitled to receive it, requiring him to make immediate application for payment, on pain of forfeiture of interest from a given date, which should be fixed with reference to the distance of the party's residence from the Collector's Treasury

(Signed) G PLOWDEN,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 22d February, 1849

৩ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমাকে ও তোমার অধীন কার্য্যকারকদিগকে জানাইবার নিমিত্তে জ্ঞাত করিতেছি যে বোর্ডের সাহেবেরা বিধান করিয়াছেন যে স্পেসিয়ল কমিস্যনর সাহেব অথবা অন্য উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত সাহেব যখন কোন টাকা ফিরিয়া দিতে কিম্বা ব্যয় করিতে হুকুম করেন এবং ঐ টাকা দেওনেতে অনুচিত বিলম্ব হয় তখন সেই বিলম্বপ্রযুক্ত ঐ টাকার উপর যে সুদ দিতে হয় তাহা যে কার্য্যকারকের শৈথিল্যের দ্বারা ঐ সুদ জমে তাঁহারি দিতে হইবেক।

২। যখন কোন টাকা ফিরিয়া দেওনের কি খরচ করণের অনুমতি হইয়াছে তখন ঐ টাকাপাওনিয়া ব্যক্তির নামে এত্তেলানামা জারী করিতে হয় ঐ এত্তেলানামা জারী করণের খরচা সেই ব্যক্তির আপনার দিতে হইবেক এবং তাহাতে ঐ টাকার বিষয়ে অবিলম্বে দরখাস্ত করণের হুকুম হইবেক এবং ঐ দরখাস্ত না করিলে কোন নির্দ্দিষ্ট তারিখঅবধি ঐ টাকার সুদ বন্দ হইবেক। ঐ তারিখ কালেক্টর সাহেবের খাজানাখানাহইতে টাকাপাওনিয়া ব্যক্তির বাসস্থানের দূরতানুসারে নিরূপণ করা যাইবেক।

জি প্লোডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম।
১৮৪৯। ২২ ফেব্রুআরি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ৩ আপ্রিল।]

EDUCATION NOTICE.

The next Meeting of the Committee appointed for the Examination of Candidates for promotion and employment in the Education Department, will be held in the Hindu College, on Saturday, the 7th of April, 1849, at 10 A M

Detailed particulars of the nature and extent of the Examinations, the number of Vacancies in the Department, &c &c, will be afforded by the Secretary to the Council of Education to all Candidates on personal application

(By order,)

FRED J MOUAT, M D,

Secy Council of Education

Fort William, March 17, 1849

বিদ্যাধ্যাপনের ইশ্‌তিহার।

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেন্টে উচ্চ পদ প্রাপণের এবং কর্ম্মে নিযুক্ত হওনের আকাঙ্ক্ষিবদের পরীক্ষার্থ কমিটির আগামি বৈঠক ১৮৪৯ সালের ৭ আপ্রিল তারিখ শনিবার বেলা দশ ঘণ্টার সময়ে হিন্দু কালেজে হইবেক।

পরীক্ষার প্রকার এবং যেপর্য্যন্ত পরীক্ষা হইবেক ও বিদ্যাধ্যাপনের ডিপার্টমেন্টে যত পদ শূন্য আছে ইত্যাদি বিস্তারিত বৃত্তান্ত কর্ম্মাকাঙ্ক্ষি যে কোন জন বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেবের নিকটে স্বয়ং উপস্থিত হইয়া জানিতে চাহেন তিনি তাঁহার স্থানে জানিতে পারিবেন।

হুকুমক্রমে।

এফ জে মৌআট।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। ১৮৪৯ সাল। ১৭ মার্চ।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

LEAVES OF ABSENCE

The 23d March, 1849

Cazee Hamid Ally, Moonsiff of Sonamookey, Zillah West Burdwan, for three days from the 12th instant

The 30th March, 1849

Baboo Radhanath Chatterjee, Moonsiff of Comercolly, Zillah Jessore, for fifteen days

B J COLVIN, *Register*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৯ সাল ২৩ মার্চ।

জিলা পশ্চিম বর্দ্ধমানের সোণামুখীর মুনসেফ শ্রীযুত কাজী হামিদ আলী বর্ত্তমান মাসের ১২ তারিখঅবধি তিন দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৩০ মার্চ।

জিলা যশোহরের কুণ্ডারখালীর মুনসেফ শ্রীযুত বাবু রাধানাথ চাটুয্যা পনের দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৬ নম্বর।

ফোর্টউলিয়ম।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

১৮৪৯ সাল ২৩ মার্চ।

ছুটী।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং আকৌণ্টেণ্ট শ্রীযুত সি জি মানসেল সাহেব (Mr C G Mansel,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

নিয়োগ।

শ্রীযুত জর্জ আডম্‌স সাহেব (Mr George Adams,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্টী ও মিলিটারী ডিপার্টমেণ্টের আকৌণ্টেণ্টী ও বাঙ্গাল বেঙ্কের কর্ত্তৃত্বকারি ও টাকশালের কমিটির মেম্বরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর এচ স্নেল সাহেব (Mr R H Snell,) আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের এবং বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট সাহেবের প্রথম আসিষ্টাণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডবলিউ মেপল্‌স সাহেব (Mr W Maples,) আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের এবং বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট সাহেবের দ্বিতীয় আসিষ্টাণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত সি পি হবহৌস সাহেব (Mr C P Hobhouse,) অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত আপনার কর্ম্ম রাখিয়া আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের এবং বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

জে এ ডোরিন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[*Government Gazette, 3d April*, 1849]

---

৩৮৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ২১ মার্চ।

দিনাজপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জি ই ডবলিউ কুপর সাহেব (Mr. G E W Couper,) সরাসরী মোকদ্দমা নিষ্পত্তি করণার্থে বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৯ সাল ২৬ মার্চ।

শ্রীযুত ডাক্তর জে এসডেল সাহেব (Doctor J Esdaile,) অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত নাবিকেরদের চিকিৎসকতা কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

নীচের লিখিত কার্য্যকারক সাহেবেরা বিদেশীয় ডিপার্টমেণ্টে দেওয়ানী কার্য্যে নিযুক্ত হওনার্থে ভারতবর্ষের শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুরের আজ্ঞাধীনে অর্পিত হইয়াছেন।

সিবিলসম্পর্কীয় সিবিলিয়ন শ্রীযুত আলঞ্জ মনি সাহেব (Mr Alonzo Money,)

সিবিলসম্পর্কীয় সিবিলিয়ন শ্রীযুত জি ই ডবলিউ কুপর সাহেব (Mr. G E W Couper,)

শ্রীযুত কাপ্তান ডবলিউ সি বর্চ সাহেব (Captain W C Birch,)

শ্রীযুত কাপ্তান জে লাঙ্গ সাহেব (Captain J Lang,)

শ্রীযুত কাপ্তান এফ ই বয়ল সাহেব (Captain F E Voyle)

ছুটী।

১৮৪৯ সাল ২৭ মার্চ।

কটকের কমিস্যনর শ্রীযুত এফ গুল্‌ডসবেরি সাহেবকে (Mr F. Gouldsbury,) গত মাসের ২০ তারিখে যে

ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ২২ তারিখঅবধি বঞ্চিত হইল। ঐ তারিখে তিনি আপন কর্ম্ম স্থানে পুনর্গমন করেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ২৭ মার্চ।

শ্রীযুত ডবলিউ বি বকল সাহেব (Mr W B Buckle,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে ছিলটের মাজিষ্ট্রেটী কর্ম্মের ভার শ্রীযুত সি এফ মন্ট্রেসর সাহেবের (Mr C F Montresor,) স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেব (Mr G D Wilkins,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে ময়মুনসিংহের কালেকটরী কর্ম্মের ভার শ্রীযুত এ এল মেলবিল সাহেবের (Mr A L Melville,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৪০৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ২৬ মার্চ।

শ্রীযুত এফ ডবলিউ সিমস সাহেবের (Mr F W Simms,) অনুপস্থানপর্য্যন্ত সিবিলসম্পর্কীয় সিবিশতাব শ্রীযুত এফ লশিংটন সাহেব (Mr F Lushington,) ১৮৪৭ সালের ১৬ আইনানুসারে কলিকাতা নগর পরিপাটী করণার্থ এক জন কমিসানর হইবেন।

১৮৪৯ সাল ২৮ মার্চ।

শ্রীযুত হলিং সাহেবের (Mr Holling,) অনুপস্থান পর্য্যন্ত শ্রীযুত এ এচ টর্ণবুল সাহেব (Mr A H Turnbull,) বেহারে আফীনের সব ডপুটী এজেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৯ সাল ২৯ মার্চ।

মেডিকাল কালেজে সৈন্যসম্পর্কীয় সম্প্রদায়ে ব্যবচ্ছেদ বিদ্যা ও অস্ত্র চিকিৎসার বিদ্যার সুপরিন্টেণ্ডেণ্ট ও শিক্ষক শ্রীযুত বাবু মধুসূদন গুপ্ত ১৮৪৯ সালের ২৭ জানুআরি তারিখের প্রকাশিত বিধির অনুসারে সব-আসিষ্টাণ্ট চিকিৎসকেরদের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

ঐ কালেজে ঔষধবিদ্যা ও মাটিবিদ্যা মেডিকাশিক্ষক শ্রীযুত বাবু শিবচন্দ্র কর্ম্মকার পূর্ব্বোক্ত বিধির অনুসারে সব-আসিষ্টাণ্ট চিকিৎসকেরদের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৯ সাল ১৬ ফেব্রুআরি।

মালদহের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে লাম সাহেব (Dr J Lamb,) ১৮৪৮ সালের ৯ মার্চ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২০ মার্চ।

বালেশ্বরে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের ক্ষমতানুসারে কার্য্যকারী শ্রীযুত আর আলেকজাণ্ডর সাহেব (Mr R Alexander,) ছুটীবিষয়ক বিধির ১২ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বালেশ্বরের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট শ্রীযুত এফ লৌথ সাহেবকে (Mr F Lowth,) গত মাসের ১৫ তারিখে যে চৌদ্দ দিনের ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

১৮৪৯ সাল ২২ মার্চ।

পাটনার ডেপুটী কালেকটর শ্রীযুত রায় জয়গোপাল বাঁড়ুয্যা চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২৮ মার্চ।

কলিকাতার সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের জজ শ্রীযুত আর এচ রাটরি সাহেব (Mr R H Rattray,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে কেপে গমণার্থ দুই বৎসরের ছুটী পাইয়াছেন।

হাবড়ার ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জে বেল সাহেব (Revd J Bell,) স্বীয় স্বাস্থ্যার্থে সিংহপুরে গমনার্থ দশ মাসের ছুটী পাইয়াছেন।

ছিলটের মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত সি ডবলিউ ম্যাকিলপ সাহেব (Mr C W Mackillop,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

পশ্চিম বর্দ্ধমানের সিবিল ও সেশন জজ শ্রীযুত সি গার্ষ্টিন সাহেবকে (Mr C Garstin,) গত জানুআরি মাসের ৩০ তারিখে যে দশ দিনের ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ৩০ মার্চ।

কলিকাতার সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের জজ শ্রীযুত আর এচ রাটরি সাহেব (Mr R H Rattray,) বর্ত্তমান মাসের ২০ তারিখে ঐ আদালতে স্বীয় কর্ম্মে উপবিষ্ট হন।

রঙ্গপুরের কালেকটর শ্রীযুত ডবলিউ টি ট্রটর সাহেব (Mr W T Trotter,) মফঃসলে গমনার্থ বর্ত্তমান মাসের ২০ তারিখে আপনার খাজানাখানার ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মুকুন্দপ্রসাদ রায়ের প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISFMENT   গবর্ণমেণ্টের ইশতিহার।

NOTICE

The undermentioned Soonderbun Grants or Lots, the property of Government in the district of 24 Pergunnahs, will be put up to public sale Parties desirous of purchasing and obtaining any information are requested to apply to the undersigned

Lot 38 and Lot 39

OOMAKANTH SAIN, *Commissioner*

Soonderbun Commissioner's Office, Allipore, the 5th March, 1849

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ৩ আপ্রিল।]

ইশ্‌তিহার।

জিলা চব্বিশপরগনার সুন্দরবনের নীচের লিখিত লাট* গবর্ণমেণ্টের সম্পত্তি নীলাম হইবেক যে কেহ তাহা খরীদ করিতে চাহেন কি তদ্বিষয়ে কিছু অবগত হইতে চাহেন তিনি নীচের লিখিত মহাশয়ের নিকটে দরখাস্ত করিলে অবগত হইতে পারিবেন।

*লাট ৩৮ এবং ৩৯।

উমাকান্ত সেন। কমিস্যনর।

সুন্দরবনের কমিস্যনরের দপ্তরখানা। আলীপুর। ১৮৪৯। ৫ মার্চ।

INSOLVENT COURT যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

In the matter of JOHN PALMER and others, Insolvents

On Saturday, the Third day of March, 1849, upon an application of the Official Assignee in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Company's Rupees Two Hundred and Fifty one Thousand Eight Hundred and Seventeen and one pie in his hands, pay a dividend at the rate of Company's Fourteen Annas per 100 Sicca Rupees, which will amount to the sum of Co.'s Rupees 2,27,500, upon the several claims admitted on the Schedule of the said Insolvents, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee

NOTICE whereof is hereby given

JOHN COCHRANE, *Official Assignee.*

Assignee's Office, 31st March, 1849

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

যোত্রহীন জান পামর সাহেব ও অন্যেরদের বিষয়ে।

১৮৪৯ সালের ৩ মার্চ তারিখ শনিবারে আসৈনি সাহেবের দরখাস্তমতে হুকুম হইল যে উক্ত যোত্রহীনেরদের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাব্যস্ত হইলে তাঁহার হাতে কোং যে ২,৫১,৮১৭৲১ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর সিক্কা শত করা ৸৵০ আনার ডিবিডেণ্ড দিবেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ কোং ২,২৭,৫০০৲ টাকা দিবেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে।

আসৈনির দপ্তরখানা। ১৮৪৯। ৩১ মার্চ। জান কাকরেন। আসৈনি।

MISCELLANEOUS ADVERTISEMENT সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

ইশ্‌তিহার।

কলিকাতার সদর দেওয়ানী আদালতের মোকদ্দমার নূতন রিপোর্ট ঐ আদালতের উকীল চৌরঙ্গীর সদর স্ত্রিট ১ নম্বরনিবাসি শ্রীযুত আলেন আলেকজাণ্ডর সেরেষ্টর সাহেবকর্ত্তৃক প্রস্তুত হইয়াছে।

[*Government Gazette*, 3d *April*, 1849]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা রাজশাহির নীচের লিখিত মহাল ইংরেজী ১৮৪৯ সালের মার্চ মাসের ২৮ তারিখপর্য্যন্ত পাওনা বাকী মালগুজারি নিমিত্তে ইংরেজী সন ১৮৪৯ সালের ২৫ আপ্রেল মোতাবেক বাঙ্গলা সন ১২৫৬ সালের ১৪ বৈশাখ বুধবার দিবা দুই প্রহরের পর কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৯ ইংরেজী তারিখ ৩১ মার্চ মোতাবেক বাঙ্গলা সন ১২৫৫ সাল তারিখ ১৯ চৈত্র।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১৮৪৯ সালের ২৮ মার্চ তারিখপর্য্যন্ত পাওনা বাকী	মন্তব্য কথা।
১	এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল	৭৪৫	চক দেবীপুর পং কাটাবমন্ন	গঙ্গাধর পোদ্দার	২৩/২	২৩/২	
ঐ	ঐ	৭৫১	চক দেবীপুর পং কাটাবমন্ন	অটলবেহারি মজুমদার কালীকান্ত তপাপাত্র	৩৩৲	১৯৲	
ঐ	ঐ	৮৪১	কিং হরিপুর পং সোণাবাজু	রামনাথ লাহাড়ি রাধানাথ লাহাড়ি আনন্দনারায়ণ মজুমদার মঙ্গলনারায়ণ মজুমদার কৃষ্ণনাথ লাহাড়ি	৪০৵৪	১৬৸৩	
ঐ	ঐ	৯০১	কিং ষষ্ঠীদাস বাটী পং আমরুল	রামচন্দ্র চট্টোপাধ্যায়	৮৸/২	৮৸/২	
ঐ	ঐ	৯০৮	কিং সগুনপুর পং বড়বড়িয়া	গিরিশচন্দ্র শর্ম্মা বাগচি	২৮/৫	১৮/৫	
ঐ	ঐ	১২৭৯	কিং পং হুজুরাপুর পং হুজুরাপুর	বৃন্দাবনচন্দ্র মল্লিক	৭৬৸১০	২৬।১০	
ঐ	ঐ	১১৮২	কিং বাঙ্গালপাড়া পং নেজামপুর	বৃন্দাবনচন্দ্র মল্লিক	৩৶২	১/০	
ঐ	ঐ	১৩৬৫	কিং বাগবাড়ি পং আমিরাবাদ	কোণ্ডবকৃষ্ণ ভূঞা	২৶২	২৶২	
ঐ	ঐ	১৫১৯	কিং তেঘরিদিগর তপ্পে ব্যাস	বড় কাশীশ্বরী দেব্য	২৩৷৶৯	১২৶৯	
ঐ	ঐ	১৫২০	কিং তেঘরিদিগর তপ্পে ব্যাস	ছোট কাশীশ্বরী দেব্য,	২৩৷৶৯	১২৶৯	

G P LEYCESTER, *Offg Collector*

এস্তেহানামা কাছারী কালেক্টরী জেলা রঙ্গপুর।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ ইংরেজীর ১ আইনের ৬ ধারার মর্ম্মমত এতৎ জেলার নিম্নের লিখিত মহালাত সন ১২৫৫ বাঙ্গলার লাগাএদ কিস্তী ফাল্গুণের বক্রী রাজস্ব আদায় জন্য সন ১৮৪৯ ইংরেজীর ২৬ আপ্রিল মোতাবেক সন ১২৫৬ সাল বাঙ্গলার ১৫ বৈশাখ রোজ বৃহস্পতিবার ইংরেজী ১১ ঘণ্টা বাজামাত্র মোকাম ধাপের এই কালেক্টরীর কাছারীর প্রকাশস্থলে বিনাওজরে নীলামে ধরা যাইবেক এবং নিশ্চিত বিক্রী হইবেক ইতি সন ১৮৪৯ ইং তারিখ ২৯ মার্চ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজির মহালের নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	সন ১২৫৫ বাঙ্গলার লাং কিস্তী ফাল্গুণের বাকী	মন্তব্য কথা
১	ইস্তমুরারী জমা ধার্য্য হওয়া মহাল	১১৯	মৌজে অমুরখাই ওগয়রহ	কালীমোহন চৌধুরী ও গোপালপ্রসাদ বসু	১১১৪৲৯	৩১৮ ॥/১১	সমুদয় মহালাত নীলাম হইবেক।
ঐ	ঐ	১৪৫	মৌজে রামকল	জনার্দ্দন কুন্ডু	১১৫৯ ।৶৯	৬২২৸৶১০	
ঐ	ঐ	৩১৮	মৌজে আপুয়ার খাতা মোঃ পং বাহারবন্দ	সাকের মাহামুদ	২১৸১ ॥	১১৸/২ ॥	
ঐ	ঐ	৩৭৯	তাং কুখাপাড়া মোং চাং কান্দীহাট	সরফউদ্দিন হুসেন	৩০ ।১০	১৫ ।৮	
ঐ	ঐ	৩৯৩	তাং বারোপাটিয়া মাড়েরা মোং চাং বোদা	ত্রিপুরাসুন্দরী দেব্যা	৩৩৸৶১	১৭৸৶১	
ঐ	ঐ	৪ ৭	মৌজে চন্দনবাড়ি চাং বোদা	কনকসুন্দরী দেব্যা	৫৩ ।/৫	২০ ।/৫	
ঐ	ঐ	৪৩৫	তাং ভেলাকোবা পং বৈকুণ্ঠপুর	বিশ্বেশ্বরী দেব্যা	১৮৶৫	৪৶৫	
ঐ	ঐ	৫০৭	তাং সুকালি পং বৈকুণ্ঠপুর	চন্দ্রমোহন মোহন্ত	৮৲৮	৩৲৮	

MOOROONDPERSAUD RAI, Unc Deputy Collector in Charge

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইন ধারানুসারে জেলা মুঙ্গেরের নীচের লিখিত মহাল সন ১৮৪৯ সালের মাহ মার্চ মাসের ২৮ তারিখপর্য্যন্ত পাওনা বাকী মালগুজারির নিমিত্তে এবং অন্যান্য চলিত আইনক্রমে বাকী মালগুজারির ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৪৯ সালের এপ্রেল মাসের ২৫ তারিখে মোতাবেক ১৮ বৈশাখ সন ১২৫৬ ফসলি মুঙ্গেরের কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজর ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীত মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকী তারিখ ২৮ ফিরবেরি সন ১৮৪৯	কৈফিয়ৎ
১	ইস্তমুরারি জমা ধার্য্য হওয় মহাল	৩১৮১	শেরপুর পরগনে সুরজগড়া	সাএদ বেলাএত হোসেন ওরফ মির মহম্মদী এবং নুরউল হোসেন খাঁওগয়রহ	৪০১৸৶০	১২৫ ।০	
৬	মহাল যহা অন্যান্য পাওনার নিমিত্তে বাকী মালগুজারির ন্যায় বিক্রয় হইবেক	৯৮১	হরপুর আথবণ পরগনে মনকি	চুন চৌধুরী ওগয়রহ	৯১৲০	৫১৮৲০	কমি মুন্দ্য যাহা মৌজা লোহগা জেলা পাটনার পুনর্নীলামে আদায় হয় তাহার জন্য হক হিস্যা জয়রাম সিংহের বিক্রয় হইবেক।

মুঙ্গের কাছারী কালেক্টরী তারিখ ৩০ মার্চ সন ১৮৪৯

W BELL, Collector

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ১০ আপ্রিল।]

সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সনের ১ আইনের ৩ ধারানুসারে জিলে ঢাকা জালালপুরের নীচের লিখিত মহাল বাঙ্গলা ১২৫৫ সনের ১ চৈত্রের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে ইঙ্গরেজী ১৮৪৯ সনের ১১ আপ্রিল মোং ১২৫৬ সনের ৫ বৈশাখ সোমবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রী হইবেক ইতি সন ১৮৪৯ ইং তারিখ ২৯ মার্চ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	মহালের মালিক	সদর জমা	১২৫৫ সনের লাং ১ চৈত্রের পাওনা বাকী
১	ইস্তমুরারী জমা দাখিলহওয়া মহাল	৮৪৮	জিলে বিক্রমপুর খাং পং বিক্রমপুর হাং রামসেন কবিরাজ নিং রামদয়াল গুপ্ত	রামদয়াল গুপ্ত	৭৸৴১০॥	৵৲
		১৭১২	জিলে দৌলতপুর খাং কাসিমপুর শামনদাসন তাং এওজদ্দীন নিং রাজনারায়ণ দাস	রাজনারায়ণ দাস	॥১॥	।০
		১৯৪৪	খাং পং গোবিন্দপুর তাং গোপীধর নিং রামকান্ত শর্ম্মা	রামকান্ত শর্ম্মা	৸৯॥	।৶
		১৩২৯	খাং মুং বৃন্দাবনচন্দ্র সেন তাং রামকৃষ্ণ গুপ্ত নিং রামকিশোর বসু	রামকিশোর বসু	১৷৷৺৪৲	৶৴
		৫১৮৪	জিলে নুরুল্লাপুর খাং তপ্পে খোরদধামরাই তাং রাধাকৃষ্ণ বক্শী	রাধাকৃষ্ণ বক্শী	১ ১	॥০
		৫৭০৬	খাং তপ্পে পাড়িল তাং বিদ্যালঙ্কার চক্রবর্ত্তী নিং খং রাজনাথ চৌধুরী	রাজনাথ চৌধুরী	১॥৶১৲	১।৶
		৫৭২৯	খাং তপ্পে পাড়িল তাং আলীমামুদ নিং খং রাজনাথ চৌধুরী	রাজনাথ চৌধুরী	১৷৷৺৭॥	৸০
		৫৭৮১	খাং তপ্পে সফিপুর খোর্দ্দ তাং রামনাথ চৌধুরী নিং কালীশঙ্কর ধর	কালীশঙ্কর ধর	৫৴৪	২৸০
		৬৮৪	মুং জিলে পাএন্দাবেগ খাং পং সুলতান প্রতাপ তাং রামপ্রসাদ কামানন্দী আছাদানী চৌধুরী নিং খং রাজনাথ চৌধুরী	রাজনাথ চৌধুরী	৫।৶২	৪৲
		১০৭৮	খাং পং জাহাঙ্গির নগর তাং ভিকম পেয়াদা	ভিকম পেয়াদা	৷৶৩	৶
		১৩৫৯	খাং পং সুলতান প্রতাপ তাং সেখ জান নিং খং গোলোকচন্দ্র মুখোপাধ্যায়	গোলোকচন্দ্র মুখোপাধ্যায়	৪৸৴৯	২।০
		১৪৪৯	খাং তপ্পে কাঠাদিয়া তাং রামলোচন মিত্র	রামলোচন মিত্র	৪৸৯॥	২।৶
		৭২৫৭	জিলে রাজনগর খাং পং রাজনগর হাং গঙ্গাকৃষ্ণ রাজা মাণিক্য রায় নিং খং হরিনারায়ণ গুহ	হরিনারায়ণ গুহ	১৴১	॥০

C. TOTTENHAM, *Collector*

সংবাদ দেওয়া যাইতেছে যে ইং ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারানুসারে জিলা দিনাজপুরের নীচের লিখিত মহালসকল সরকারের প্রাপ্য ১২৫৫ সনের ফাল্গুণ মাসের কিস্তীপর্য্যন্তের বাকী মালগুজারির নিমিত্তে ইংরেজী ১৮৪৯ সনের আপ্রিল মাসের ২৩ মতাবেক সন ১২৫৬ সালের বৈশাখ মাসের ১২ তারিখ সোমবারে কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি তারিখ ৩০ মার্চ ১৮৪৯ সাল ইঙ্গরেজী মোঃ ১৮ চৈত্র ১২৫৫ সাল।

শ্রেণীর নম্বর	মহালের প্রকার	জিলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১২৫৫ সালের ফাল্গুণ মাসের কিস্তী পর্য্যন্তের বাকী	কৈফিয়ৎ।
১	চিরস্থায়ি বন্দোবস্ত মহাল	২২৫	মৌজে সেনুয়া গয়রহ পরগনে শান্দাড়ী	শ্রীকান্ত রায়	৫৫০০।/৪	১১৮০৲	
তথা	তথা	৫২৬	মৌজে বাজাপুখরী ওগয়রহ পরগনে সর্ব্বরীর ২১৩৮১৮	সাহসুলতান বগয়রহ আলী রহমান	১১৭৬৶৭	১৭৬৶৭	
তথা	তথা	১৭২	মৌজে মুগ্রীহারি ও দিনাজপুর পরগনে বিজানগর ১৬৶।	দৈবকী দাস্যা	৩৲১॥	৩৲১॥	
তথা	তথা	০১৮	মৌজে মুরাদপুর পরগনে বিজানগর ৪০।১	কৃপাময়ী দাস্যা গয়রহ	২৫৶৭॥	১২৶৭।	

C Steer, *Collector*

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা বর্দ্ধমান মকাম বাঁকুড়ায় নীচের লিখিত মহালাত সন ১২৫৫ সালের লাগাদ মাঘ মাসের কিস্তীর বাকী মালগুজারির নিমিত্তে সন ১৮৪৯ সালের ২৪ আপ্রিল বাঙ্গলা সন ১২৫৬ সালের ১৩ বৈশাখ মঙ্গলবারে এই ডিপুটী কালেক্টরী কাছারীতে বিনা ওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৯ সাল তারিখ ২৮ মার্চ বাঙ্গলা সন ১২৫৫ সাল তারিখ ১৬ চৈত্র দিন বুধবার।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলাতে জে জিব মহালের নম্বর	মহালের ও পরগনার নাম	মহালের লিখিত মালিক	সদর জমা কোম্পানি	বাকী লাগাদ সন ১২৫৫। মাঘ ও ই. লাং ফেব্রুআরি সন ১৮৪৯	মন্তব্য কথা
১	ইস্তমুরারী জমা ধার্য্য হওন মহাল	১৭০	সেওবাবুনি পরগনে বিষ্ণুপুর	সাগর দাস ও রামবক্স দাস	৬৲৬	৬৲৬	এই মহালের এই মালিকের সমুদয় স্বত্ত্ব নীলাম হইবেক।
২	ঐ	৩১৬	আমস্যাড়াঙ্গ পরগনে ঐ	ভৈরব সেন	১৸৵১	১৸৵১	ঐ
৩	ঐ	৩৪৮	দুনাডাঙ্গা	কেনারাম হাজারী ও চৈতন হাজারী ও গোপাল হাজারী	১	১	ঐ

I B Mactier, *Offg Deputy Collector*

জেল' হুগলী।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৩৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেল' হুগলীর নীচের লিখিত মহালাত সন ১২৫৫ সালের লাগাদী ফাল্গুণ তলবি পাওন বাকি মালগুজারির নিমিত্তে সন ১৮৪৯ সালের ১৭ আপরেল মোতাবক সন ১২৫৬ সালের ১৬ বৈশাখ তারিখ শুক্রবার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজর নিলামে চর ঘাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৯ সাল তারিখ ৫ আপরেল।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম ও পরগনা	মহালের লিখিত মালিক	সদর জমা	যে সনের মালের বাকী	মন্তব্য কথা
১ নং	ইস্তমরারী জম ধার্য্য হওর মহাল	৬ নং	দ্বারবাসিনি পরগনে পাণ্ডুয়া	হরিনারায়ণ দে হেমনাথ বসু উপেন্দ্রনারায়ণ দেব সরকার মহেন্দ্র দেব সরকার ব্রজেন্দ্রকুমার দেব সরকার যোগেন্দ্রচন্দ্র সরকার আমিরুদ্দীন আহমুদ	১০১০৬৶১	সন ১২৫৫ সালের লাং ফাল্গুণ ৬৮৮৬০৮	
ঐ	ঐ	১৪ নং	লাট মানকুণ্ডর সামিল নিজ মানকুণ্ড ও উথ উদহ ও পাইকপাড় ওবৈপানা ও অলিআশনবপুর চুমুন ৫ পাং মেক্ক পংক্তি নন্দপুর	হাজী মহমুদ মহছন	৩০২৪॥১০	সরকারের খাস মহাল বেলকুলি ও খরমবাই ও চক্রবেড় ও বামবোটির সন১২৫৫ সালের লাং ফাল্গুণের বাকী ৩০০৲	ইজারাদার মহম্মদ হছনের ইজারার জামিনিতে ৪ কালমের লিখিত জায়দাদ যে আবদ্ধ আছে তাহাই নীলামে বিক্রয় হইবেক ঐ বস্তুতে জামিনদারের যে স্বত্ত্ব ও লাভ আছে তাহাই খরিদারকে অর্শিবেক।
ঐ	ঐ	৩৪ নং	মামুদপুর পং মেদমুহ	নবকৃষ্ণ মিত্র	১০৭১২৸৶১ চাকরাণ ৩৮।৶৮ ─── ১০৮৩১।১	ঐ ৩৬১৭।০ ১২।৶৮ ─── ৩৬৩১॥৶৮	
ঐ	ঐ	৩৮ নং	শাকথালী পং বালিয়া	জয়কৃষ্ণ মুখোপাধ্যায় রামকৃষ্ণ মুখোপাধ্যায় প্রাণনাথ চৌধুরী নীলমাধব হালদার প্যারীচন্দ্র চট্টোপাধ্যায় নবীনচন্দ্র ... বিবি ঠাকুরাণী দাসী বিবি	১০১১৪৲৮	বকেয়া ।৶৮ আনার বাকী লাগাইদ ঐ ১৪০১৸৮	এই মহাল জের বাঁটওয়ারার আছে জয়কৃষ্ণ মুখোপাধ্যায় ও রামকৃষ্ণ মুখোপাধ্যায়ের অংশ বয়ক ।৶৮ আনা নীলামে বিক্রয় হইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ১০ আপ্রিল।]

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম ও পরগনা	মহালের লিখিত মালিক	সদর জমা	যে সনের মাসের বাকী	মন্তব্য কথা
২ নং	ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল	২১৭ নং	ব'ড় হানেনের পং মণ্ডলঘাট	মছলন্দআলী খঁ ও শুভহরি মিত্র	১২২/৫	ঐ ১১৯॥৶১	
ঐ	ঐ	৭৭৭ নং	আয়মা মটুকপুর দী° পং পাণ্ডুয়	গঙ্গাধর দাস	১৬৶৬	ঐ ১৬৶৬	
					মাহিনা মাথটী ৫	মাহিন মাথটী ৫	
					১৬৶/১১	১৬৶/১১	
ঐ	ঐ	১৩৪৭ নং	আয়মা বালি পং বালীয়া	শ্রীকৃষ্ণ সান্যাল	॥৶৩	ঐ ॥৶৩	
ঐ	ঐ	১৫৯৬ নং	বায়পুর পং পাণ্ডুয়া	তোরাফ সর্দ্দার	১ ।/৯	ঐ ১ ॥৶৯	
ঐ	ঐ	১৬৯৯ নং	বামুন ডাঙ্গা পং বালীয়	হরিনারায়ণ সরকার	৬/	ঐ ৬/	
ঐ	ঐ	১৭০৬ নং	ঐ	মুজিবদ্দীন আহমুদ	।০	ঐ ।০	
ঐ	ঐ	১৭২৬ নং	শ্রীবরা পং মণ্ডলঘাট	বিশ্বনাথ চক্রবর্ত্তী	১৬৶৩	ঐ ১৬৶৩	
ঐ	ঐ	১৭২৯ নং	ঐ	ভৈরবচন্দ্র বন্দোপাধ্যায়	১ ।৩	ঐ ১ ।৩	
ঐ	ঐ	১৮৩১ নং	নরেন্দ্রপুর পং বালীয়া	শিবানী দেব্য ও নবীনচন্দ্র চট্টোপাধ্যায়	।৯	ঐ ।৯	
ঐ	ঐ	১৮৪১ নং	দেবখণ্ড পং জাহানাবাদ	সরূপ দেব্যা	১৬ ॥৶৯	ঐ ৮৶৬	
ঐ	ঐ	১৮৪৪ নং	হেযাতপুর পং ভূরশুট	খিরুকাজী ও হেমত কাজী	৬ ॥৶৫	ঐ ৬ ॥৶৫	
ঐ	ঐ	১৮৫৮ নং	বল্লপুর পং ভূরশুট	রামজী বন্দোপাধ্যায়	১/ ১১	ঐ ১/ ১১	
ঐ	ঐ	১৮৮১ নং	শাবনা পং মণ্ডলঘাট	নন্দকুমার মল্লীক	॥/৪	ঐ ॥৶৪	
ঐ	ঐ	১৮৮২ নং	ঐ	ঐ	॥৶১০	ঐ ॥৶১০	
ঐ	ঐ	১৮৮৩ নং	ঐ	রামজী বন্দোপাধ্যায়	৬৶	ঐ ৬৶	
ঐ	ঐ	১৮৮৫ নং	ঐ	ঐ	১৬৶৬	ঐ ১৬৶৬	
ঐ	ঐ	১৮৯৭ নং	চিঙ্গড়্যাজোল পং মণ্ডলঘাট	সেখ জামু	৪ ॥৶ ১১	ঐ ৪ ॥৶ ১১	
ঐ	ঐ	১৯২১ নং	খানপুর পং চৌমুহা	গোলাম হোসেন	৯৶২	ঐ ৯৶২	
ঐ	ঐ	১৯৪৭ নং	সুন্দীপুর পং বরদা	পুখুরদাস ঘোষ ও সদানন্দ ঘোষ	৪৶৪	ঐ ৪৶৪	
ঐ	ঐ	২০১৫ নং	সুন্দরয় পং ভূরশুট	রামজী বন্দোপাধ্যায়	১ ।৶১	ঐ ১ ॥৶১	
ঐ	ঐ	২০১৬ নং	ঐ	ঐ	৪ ॥৶ ৭	ঐ ৪ ॥৶ ৭	
ঐ	ঐ	২০১৭ নং	ঐ	ঐ	১৮৶৮	ঐ ১৬৶৮	
ঐ	ঐ	২০১৮ নং	ঐ	ঐ	৩ ।৶৫	ঐ ৩ ।৶৫	
ঐ	ঐ	২০১৯ নং	ঐ	ঐ	১৬৶৫	ঐ ১৬/৫	
ঐ	ঐ	২০২১ নং	ঐ	ঐ	॥৶৪	ঐ ॥৶৪	
ঐ	ঐ	২২৬৫ নং	বিবিচন্দ্রপুর পং ভূরশুট	বৈকুণ্ঠ চট্টোপাধ্যায়	॥৶ ৮	ঐ ॥৶ ৮	

[*Government Gazette*, 10*th April*, 1849]

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম ও পরগনা।	মহালের লিখিত মালিক	সদর জমা	যে সনের মালসর বাকী	মন্তব্য কথা
২ নং	ইস্তমুরারী জমা ধার্য্য হওয়া মহাল	২২৪৬ নং	বিধিচন্দ্রপুর পং ভুরশাট্ট	লালমোহন চট্টোপাধ্যায়	৷৶৮	ঐ ৷৶৮	
ঐ		২২৬৪ নং	শেহাখালা পং বালীয়া	উমেশচন্দ্র মুখোপাধ্যায়	৶৬	ঐ ৶৬	
ঐ	ঐ	২৩১০ নং	চণ্ডীনগর পং জাহানাবাদ	রামতারক মুখোপাধ্যায় ও জগদীশ মুখোপাধ্যায়	২ ৷৷০	ঐ ২ ৷৷০	
ঐ	ঐ	২৩২০ নং	ঐ	শ্যামাচরণ ভট্টাচার্য্য	৷৷০	ঐ ৷৷০	
ঐ	ঐ	২৩৬৩ নং	আবদুলচক পং চন্দ্রকোণা	জয়কৃষ্ণদাস মোহন্ত	৩৮ ৷৶৪	ঐ ২২ ৷৶৪	
ঐ	ঐ	২৩৭৪ নং	রামেশ্বরপুর পং পাণ্ডুয়া	কৃষ্ণমোহন ঘোষ	৶১১	ঐ ৶১১	
ঐ	ঐ	২৪৩৬ নং	রাজনরনি পং বরদা	মধুসূদন অধিকারী	৷৯	ঐ ৷৯	
ঐ	ঐ	২৪৬৬ নং	নিত্যানন্দপুর পং সিলেমপুর	লোকনাথ মুখোপাধ্যায়	৸৮	১২৫৪ । ৸৮	
						১২৫৫ । ৸৴	
						১ ৷৶ ৪	
ঐ	ঐ	১৪৭১ নং	ঐ	তারাচাঁদ বন্দোপাধ্যায়	১ ৷৯	১২৫৪ । ২ ৷৯	
						১২৫৫ । ২ ৷৯	
						৪ ৷৶ ৬	
ঐ	ঐ	১৫১৮ নং	কুড়কুড়ি পং ভুরশাট্ট	কাশীনাথ আদক	২ ৷৵৯	সন ১২৫৫ । ২ ৷৵৮	
ঐ	ঐ	১৫৪৪ নং	বাড়ৈগড়্যা পং চন্দ্রকোণ	ভক্তহরি ঘোষ নারায়ণ ঘোষ ও সদানন্দ ঘোষ	১ ৷৷১১	১২৫৩ । ১ ৷৷১১	
						১২৫৪ । ১ ৷৷১১	
						১২৫৫ । ১ ৷৷১১	
						৪ ৷৷৶৯	
ঐ	ঐ	১৫৪৫ নং	ঐ	নন্দকুমার রায়	১৸৵৬	১২৫৩ । ১৸৵৬	
ঐ	ঐ	১৫৪৬ নং	ঐ	ঠাকুরদাস পণ্ডিত	৷৮	১২৫৩ । ৷৷৮	
						১২৫৪ । ৷৷৴	
						১২৫৫ । ৷৷৴	
						১ ৷৷৶	
ঐ	ঐ	১৫৬১ নং	গুজরাট পং মণ্ডলঘাট	মির পানাউল্লা	৸৶৭	১২৫০ । ৷৷৵৯	
						১২৫১ । ৸৶৭	
						১২৫২ । ৸৶৭	
						১২৫৩ । ৸৶৭	
						১২৫৪ । ৸৶৭	
						১২৫৫ । ৸৶৭	
						৫ ৷৮	

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম ও পরগ়ং	মহালের লিখিত মালিক	সদর জমা	যে সনের মালের বাকী	মন্তব্য কথা
২ নং	ইস্তমুরারী জমা ধার্য্য হওয়া মহাল	২৫৬২ নং	ধুকবাট পং মণ্ডলঘাট	মথুর মণ্ডল	১ ॥৴৯	১২৪৯ । ১ ।৬ ১২৫০ । ১ ॥৴৯ ১২৫১ । ১ ॥৴৯ ১২৫২ । ১ ॥৴৯ ১২৫৩ । ১ ॥৴৯ ১২৫৪ । ১ ॥৴৯ ১২৫৫ । ১ ॥৴৯ ১১ ৶	
ঐ	ঐ	২৫৬৩ নং	ঐ	রামচাঁদ কামার	২৶৩	১২৪৮ । ৴৩ ১২৪৯ । ২৶৩ ১২৫০ । ২৶৩ ১২৫১ । ৶৩ ১২৫২ । ১৶৩ ১২৫৩ । ২৶৩ ১২৫৪ । ২৶৩ ১২৫৫ । ২৶৩ ১২৴	
ঐ	ঐ	২৫৭১ নং	বামুনগ্রাম পং মণ্ডলঘাট	রাধাগোবিন্দ চট্টোপাধ্যায়	॥৯	১২৫৪ । ॥৯ ১২৫৫ । ॥৯ ১৴৬	
ঐ	ঐ	২৫৭৫ নং	ঐ	জগন্নাথ দুবে	৩ ।৶১০	১২৫৫ । ৩ ।৶১০	
ঐ	ঐ	২৫৯৮ নং	দিঘরুই পং ভুরশুট	কাশীনাথ চক্রবর্ত্তী	১ ।৫	ঐ ১ ।৫	
ঐ	ঐ	২৬০০ নং	ঐ	হরপ্রসাদ চৌধুরী	২ ।৶৭	১২৫৪ । ২ ।৶৭ ১২৫৫ । ২ ।৶৭ ৪৸২	
ঐ	ঐ	২৬০১ নং	ঐ	সেখ পঞ্চু সেখ হাদী সেখ মানু	২৴১০	১২৫৪ । ২৴১০ ১২৫৫ । ২৴১০ ৪৩৮	
ঐ	ঐ	২৬০৪ নং	ঐ	নিকদামী	১৸৶৮	১২৫৫ । ১৸৶৮	
ঐ	ঐ	২৬০৫ নং	ঐ	রামানন্দ মিত্র	১ ॥৩	১২৫৪ । ১ ॥৩ ১২৫৫ । ১ ॥৩ ৩১৬	

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম ও পরগনা	মহালের লিখিত মালিক	সদর জমা	যে সনের মাসের বাকী	মন্তব্য কথা
৩ নং	মেয়াদী বন্দোবস্ত	২০৩৬ নং	জগন্নাথপুর পং চন্দ্রকোণ	নিধিরাম দাস চিন্তামণি দাস রাধামোহন দাস	১২ ॥/৩	১২৫৫। ৬ ॥/৩	
ঐ	ঐ	২৩৪১ নং	বিষ্ণুচক পং চন্দ্রকোণা	দেবীচরণ বন্দোপাধ্যায়	৬৸০	ঐ ৬৸০	
ঐ	ঐ	২৩৯১ নং	পুরুষোত্তমপুর পং চন্দ্রকোণা	গোপাল ঘোষ	৷৵	১২৫৪। ৷৵ ১২৫৫। ৷৵ ——— ১৵	
ঐ	ঐ	২৫৮৭ নং	বলরামপুর পং চন্দ্রকোণা	পেলারাম চৌধুরী অনুদাপ্রসাদ চৌধুরী করালীচরণ চৌধুরী	২।০	১২৫৫। ২।০	
			জাহানাবাদ পরগনার মধ্যে নন্দনপুর গ্রামের এক্সহারি লাখরাজ জমি ২৴৩	রামতারক বন্দোপাধ্যায়		২৪৫১ নং তৌজীর ইজার মহাল চক উকণ্ডার সন ১২৫৪ সালের বাকী ১৪৲৯ ১২৫৫। ১৪৲৯ ——— ২৮৴৬	এই বাকি আদায় কারণ খোদ ইজারদার রামতারক বন্দোপাধ্যায় জামিনি সুরত আবাদীর এক্সহারি লাখরাজ ২৴৩ বিঘা জমী নিলাম হইবেক।
১	ইস্তমুরারি বন্দোবস্ত	খাস ২০৮ নং	বক্সপুর পং ভুরশাট্ট শিবনারায়ণ চক পং ঐ নিয়তান্দী পং ঐ পষপুর পং ঐ গৌরাঙ্গ চক পং ঐ কলাহার পং ঐ জঙ্গল পাড়া পং বালীয়া ডোঙ্গাজোল পং ঐ চিতনান পং মণ্ডলঘাট বাউতড় পং ঐ চক কাটল্যা পং ঐ কাষডিহা পং ঐ চক পীতাম্বর পং ঐ আমতাগড়ি পং ঐ	প্যারমেহের বিবি	৪৯ ৷৶১০	১২৫৪ সাল ৪৯ ৷৶১০ ১২৫৫ সাল ৪৯ ৷৶১০ ——— ৯৮৸৶৮	এই মহালের বন্দোবস্ত চুড়ান্ত মঞ্জুর হয় নাই
ঐ	ঐ	২৭৩ নং খাস	তাজপুর পং মণ্ডলঘাট	শ্রীমত্যা কমলমণি দেব্যা	৩ ৷৶৩	১২৫৫ ৩ ৷৶৩	ঐ
ঐ	ঐ	ঐ	ঐ	গোলাম নবি	॥৴৩	ঐ ॥৴৩	
ঐ	ঐ	ঐ	ঐ	মধুসূদন প্রধান	৷৶৮	ঐ ৷৶৮	
ঐ	ঐ	ঐ	ঐ	সরূপ পাল	৸১	ঐ ৸১	
ঐ	ঐ	ঐ	ঐ	আনন্দ ঘোষ	১ ৷৵	ঐ ১ ৷৵	
ঐ	ঐ	ঐ	ঐ	রামহরি শামুই	॥৶৩	ঐ ॥৶৩	

A. Reid, *Collector*

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারাঅনুসারে জেলা হুগলীর নীচের লিখিত সম্পত্তিসকল সরকারী পাওনা আদায়ের নিমিত্তে সন ১৮৪৯ সালের ২৭ আপ্রেল মোতাবক বাঙ্গলা সন ১২৫৬ সালের ১৬ বৈশাখ শুক্রবার তারিখে কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৯ সাল তারিখ ৭ আপ্রেল।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম ও পরগনা	মহালের লিখিত মালিক	সদর জমা	যে সনের মাসের বাকী	মন্তব্য কথন
,	"	"	প ওুয়া পরগনার বৈঞ্চি গ্রামের উত্তর মাঠে চান্দপুষ্করিণীর পূর্ব্ব জোৎ ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায় জমি ৩।১ মধ্যে ১/২ বিঘা	হেরম্বচন্দ্র চট্টোপাধ্যায় সাং বৈঞ্চি	"	ডিহি পঞ্চানন গ্রামের মতালক দ্বিতীয় ডিহির মাজুল এতমামদার হেরম্বচন্দ্র চট্টোপাধ্যায় তহবিল তছরুপাতি বাবুদ ১১৯৬৮/২	শহর কলিকাতার শ্রীযুত কালেক্টর সাহেবের ১৮৪৮ সালের ৯ জুন তারিখের হুকুম মতে এই জাবদাদের নীলাম আমলে আসিবেক। এই জাবদাদের পর লাট বৈঞ্চির তালুকদার জয়কৃষ্ণ মুখোপাধ্যায় বাজকৃষ্ণ মুখোপাধ্যায় মালেক আপত্তি করায় এই কালেক্টরির সন১৮৪৯ ১৩ জানুআরির বোর্ডের হুকুমমতে মোলাহেজানের আপত্তি অগ্রাহ্য হইয়াছে আর জানান যাইতেছে যে এহাতে দেনাদার মজকুরের যে হক তাহাই নীলাম হইয় খরিদারকে অর্শিবেক।
"	"	"	দফে ঐ বন্দ্যোপাধ্যায় জোত জমি ৫/ মধ্যে ১॥৩ ৮ বিঘা	ঐ	ঐ		
"	"	"	ঐ গ্রামের ডিপার মাঠে ও পৌডিং তলার জোত দং কস্থানন্দ মুখোপাধ্যায় লাখরাজ খরিদা হরবিক রকম ৫৸০ মধ্যে ১৸৩ ৮ বিঘা	ঐ	"	ঐ	ঐ
"	"	"	ঐ গ্রামের পশ্চিম মাঠে সুকশ্যা পুষ্করিণীর উত্তর বাজরাগানের পশ্চিম নকন ছোট পরাণ মন্দারর জোত পৈতৃক খরিদ লাখরাজ হরবিক ৪/ বিঘার মধ্যে ১।১॥ বিঘা	ঐ	,	ঐ	ঐ
"	"	"	ঐ গ্রামের পশ্চিম মাঠে পৈতৃক খরিদ লাখরাজ হরবিক জমি ৬/ বিঘার মধ্যে ২/ বিঘা	ঐ	,	ঐ	ঐ
"	"	"	ঐ গ্রামের পূর্ব্ব পাড়ার এতমামদারের শ্বশুরের দত্ত লাখরাজ পুষ্করিণী রকম ।৴ আনার কাত মায জলকর ও বৃক্ষাদি ও পাহাড় ও চতু পার্শ্বের প্রজার বসতি জমি ৪।০ বিঘা	ঐ	"	ঐ	ঐ
"	"	"	ঐ গ্রামের পূর্ব্ব পাড়ার এতমামদারের শ্বশুরের দত্ত লাখরাজমক গিরিবাগাত মায় বৃক্ষাদি তালগাছ ৬০ টার কাত রকম হিস্যা ॥০ আনার কাত ৪/ বিঘা	ঐ	"	ঐ	ঐ
"	"	"	ঐ গ্রামের পূর্ব্ব পাড় এতমামদারের শ্বশুরের দত্ত লাখরাজ আমগড্ডা বাগাত রকম হিস্যা ॥০ আনার কাত জমি ২ বিঘা	ঐ	"	ঐ	ঐ

A. REID, *Collector*

হুকুম ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা হুগলী এই যে

প্রথম ডিবিজিয়নের শ্রীযুত একজিকিউটির আফীসের সন হালের ১ ফেব্রুআরি তারিখের ৭৭৫ নম্বরের চিঠী শহর শ্রীরামপুরের মধ্যস্থিত নীচের লিখিত প্রদামসকল বিক্রয় করিবার আদেশে পঁহুছিয়াছে এমতে ঐ সকল প্রদাম সন ১৮৪৯ সালের ১ মেই মোং সন ১২৫৬ সালের ২০ বৈশাখ মঙ্গলবার তারিখ এই কালেক্টরীতে শ্রীযুত কালেক্টর সাহেবের সম্মুখে নীলামে বিক্রয় হইবেক যে কেহ বেশী মূল্য ডাক করিবেক তাহাকেই বিক্রয় করা যাইবেক অতএব এই ইস্তাহারের দ্বারা সকল লোককে জানান যাইতেছে যে যে কেহ নীচের লিখিত প্রদামসকল খরিদ করণের বাসনা রাখহ তাহার কর্ত্তব্য যে ঐ দিবস দিবা দুই প্রহরের সময় স্বয়ং বা মোখ্তারের দ্বারা এ কাছারীতে উপস্থিত হইয়া খরিদ করিবে আর জানান যায় যে ঐ সকল প্রদাম খরিদারানের স্বেচ্ছামতে পৃথক২ কিম্বা একত্র বিক্রয় হইবেক এবং খরিদারকে নীলামী কিম্মতের চতুর্থাংশের একাংশ নীলামকালীন ও বাকী নীলামী কিম্মত ঐ নীলামের তারিখহইতে ৩০ দিনের মধ্যে দাখিল করিতে হইবেক এবং ইহাও প্রকাশ করা যায় যে প্রদাম বিক্রী হইলে খরিদার ব্যক্তি প্রদাম ভাজিয়া লব বা স্থিরতর রাখে তাহাকে ঐ প্রদামের তলকর জমিনের বাজস্ব ফি কাটা স লিয়ানা ৬ টাকা হিসাবে ইজার থাকা কালপর্য্যন্ত ইজারদার বরাবর পরে সরকারের খাস হইলে সরকারে আদায় করিতে হইবেক ইতি সন ১৮৪৯ সাল তারিখ ৭ আপ্রেল।

প্রদামের সংখ্যা	তলকর জমি	ফি কাট ৬ টাকার হি সালিআনা খাজনা
১ নং	/৸৵১৩॥	৫॥১
২ নং	/৷৶৬৷	১৸০
৩ নং	/৭১॥	৩৲৬
৪ নং	/॥১॥	৩৲৬
৫ নং	/৷৶৬॥	২৸০
৬ নং	/॥১॥	৩৲৬
৭ নং	/॥১॥	৩৲৬
৮ নং	/৷৴২॥	২৸০
৯ নং	/১৷১৫	৭৸৬
১০ নং	/৷৶৬॥	২৸০
১১ নং	/৷৶৬॥	২৸০
১২ নং	/৷৵	২৷০
১৩ নং	/॥১৫	৩৷৬
১৪ নং	/॥৶১৩	৩॥৶১০
১৫ নং	/॥১৫	৩৷৬
১৬ নং	/৷৵১২৭	২৷৶৯
১৭ নং	/৷৵১২॥	২৷৶৯
১৮ নং	/৷৴১৭॥	২॥৶৩
	৪৸৵১২॥	৫২৵২

চৌহদ্দী

উত্তর বাস্তু পূর্ব্ব ২ নং প্রদাম পশ্চিম সদর থানার বাস্তু দক্ষিণ রাস্তাবের জমি
উত্তর বাস্তু পূর্ব্ব ৩ নং প্রদাম পশ্চিম ১ নম্বরের প্রদাম দক্ষিণ রাস্তাবের জমি
উত্তর বাস্তু পূর্ব্ব ৪ নং প্রদাম পশ্চিম ২ নং প্রদাম দক্ষিণ রাস্তাবের জমি
উত্তর বাস্তু পূর্ব্ব ৫ নং প্রদাম পশ্চিম ৩ নং প্রদাম দক্ষিণ রাস্তাবের জমি
উত্তর বাস্তু পূর্ব্ব ৬ নং প্রদাম পশ্চিম ৪ নং প্রদাম দক্ষিণ রাস্তাবের জমি
উত্তর বাস্তু পূর্ব্ব ৭ নং প্রদাম পশ্চিম ৫ নং প্রদাম দক্ষিণ রাস্তাবের জমি
উত্তর বাস্তু পূর্ব্ব ৮ নং প্রদাম পশ্চিম ৬ নং প্রদাম দক্ষিণ রাস্তাবের জমি
উত্তর বাস্তু পূর্ব্ব ৯ নং প্রদাম পশ্চিম ৭ নং প্রদাম দক্ষিণ রাস্তাবের জমি
উত্তর বাস্তু পূর্ব্ব ১০ নং প্রদাম পশ্চিম ৮ নং প্রদাম দক্ষিণ রাস্তাবের জমি
উত্তর বাস্তু পূর্ব্ব ১১ নং প্রদাম পশ্চিম ৯ নং প্রদাম দক্ষিণ রাস্তাবের জমি
উত্তর বাস্তু পূর্ব্ব ১২ নং প্রদাম পশ্চিম ১০ নং প্রদাম দক্ষিণ রাস্তাবের জমি
উত্তর বাস্তু পূর্ব্ব ১৩ নং প্রদাম পশ্চিম ১১ নং প্রদাম দক্ষিণ রাস্তাবের জমি
উত্তর বাস্তু পূর্ব্ব ১৪ নং প্রদাম পশ্চিম ১২ নং প্রদাম দক্ষিণ রাস্তাবের জমি
উত্তর বাস্তু পূর্ব্ব ১৫ নং প্রদাম পশ্চিম ১৩ নং প্রদাম দক্ষিণ রাস্তাবের জমি
উত্তর বাস্তু পূর্ব্ব ১৬ নং প্রদাম পশ্চিম ১৪ নং প্রদাম দক্ষিণ রাস্তাবের জমি
উত্তর বাস্তু পূর্ব্ব ১৭ নং প্রদাম পশ্চিম ১৫ নং প্রদাম দক্ষিণ রাস্তাবের জমি
উত্তর বাস্তু পূর্ব্ব রাস্তাবের বাস্তু পশ্চিম ১৬ নং প্রদাম দক্ষিণ রাস্তাবের বাস্তু
উত্তর সরূপচন্দ্র দাস্তর খরিদ প্রদাম পূর্ব্ব ডাক্টর উলি সাহেবের জমি পশ্চিম রাস্তাবের বাস্তু দক্ষিণ কাস্তু ঘোষের প্রদাম।

A Reid, *Collector*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ১০ আপ্রিল।]

[Government Gazette, 10th April, 1849]

এস্তাহার।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার অনুমত্যানুসারে জেলা মেদিনীপুরের মোতালক নীচের লিখিত মিনকিসত সন ১৮৪৯ সালের ২১ আপ্রেল মোতাবেক বাঙ্গলা সন ১২৫৬ সালের ১০ বৈশাখ মওয়াফকে আমলি সন ১২৫৬ সালের ১১ বৈশাখ রোজ শনিবার জেলা মজকুরের কালেক্টরী কাছারিতে নীলামে বেচা যাইবেক এবং নিশ্চয় বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৯ সাল তারিখ ৩ আপ্রেল মোতাবেক সন ১২৫৫ সাল ২২ চৈত্র মওয়াফকে সন ১২৫৬ সাল ২৩ চৈত্র।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১৮৪৯। ২৮ মার্চ তারিখের বাকী	
১	দাইমি বন্দোবস্তী মহাল	২৬০	মির চক এনাএতপুর পরগনে সিং মেদিনীপুর	গোস্বামি হারদব	১৪৬২ ৵৬৸	৭২১৸৩	
		৯৫০	চক কালু পরগনে কাদ্দার	কুচিলরাম রাউত	৭৫৲৯	২৪৴৬	
		১৩৮৩	কল্যাণপুর পরগনে মাতকদপুর	জগবন্ধু রায়	৩১৮ ৵১১৸	১৬০৲	
		২২৯৮	খরিদা লোচনমণিচক পরগনে খর্গপুর	ঈশ্যানান্দ রায়	৶২॥	৶২॥	
		২৪৯৪	আকুহাটক পং হাং জলেশ্বর	সাহেবজান খাঁ	৭॥৵১৸	৭॥৴১৸	
২	দাইমি বন্দোবস্ত ন হওয়া মহাল	১১৮০	বৈতা পরগনে মাতকদপুর	নন্দকুমার ভুঞা	৩২৫৮৸৵৭	১১১৮॥৵৩।	এই মহাল সন ১২৭০ সালপর্য্যন্ত মিয়াদে এক্ষণকার মালিকের নিকট কবুলতি লওয়া গিয়াছে ইতি।
		১৭৬১	জলামুটা ওগয়রহ পরগনে জলামুটা ওগয়রহ	রাজা কৃষ্ণইন্দ্রনারায়ণ রায় নাবালগ জমীদার মাদরে রাণী কৃষ্ণপ্রিয়া অছি	২৮৩০৪॥৵৭।	৩৬৯২১৵৮॥	এই মহাল বসদি সুরত জমাতে লাগাদ সন ১২৭৪ সালতক মিয়াদে এক্ষণকার মালিকের নিকট কবুলতি লওয়া গিয়াছে।
		২১৪৯	মদনমোহনচক ম মঙ্গলপুর পরগনে পটাসপুর	শ্রীমত্যা চৌধুরাণী গোলাপদেহ মাদরে অক্ষরনারায়ণ চৌধুরী নাবালগ ও বধু সুন্দরনারায়ণ চৌধুরী ও চন্দ্রনারায়ণ ও বৃন্দ বন ও কেশব ও দর্পনারায়ণ ও দেবনারায়ণ ও কৃপারাম মহাপাত্র ও অহল্যা দেই ও শ্রীমতী দেই মাদরে গিরিধারি মহাপাত্র নাবালগ	৭৮।৭	৬৫৴১১॥	এই মহালের মালিকানের নিকট লাগায়েদ সন ১২৭৮ সালতক মিয়াদে কবুলতি লওয়া গিয়াছে।
		২২২৪	নারায়ণচক ওগয়রহ তরফ এড়েঞ্চ ওগয়রহ	চন্দ্রশেখর ও হরমোহন বন্দোপাধ্যায়	৪৬৵৭॥	১॥৵১১	এই মহাল লাং সন ১২৭৮ সালতক মিয়াদে এক্ষণকার মালিকের নিকট কবুলতি লওয়া গিয়াছে এই মহালের চন্দ্রশেখর বন্দোপাধ্যায়ের হিস্যা নীলাম হইবেক।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১৮৪৯। ২৮ মার্চ তারিখের বাকী	
		২৪৫৬	গুরুপ্রসাদ চকওগয়রহ পরগনে মাজনামুটা	কৃষ্ণপ্রসাদ পটনায়ক	৬।৸/২৸	১৸৮	এই মহাল লাং সন ১২৭৮ সালতক মিয়াদে এক্ষণকার মালিকের নিকট কবুলতি লওয়া গিয়াছে।
		২৪৫৭	জগন্নাথ চকওগয়রহ পরগনে মাজনামুটা	জনার্দ্দন মাইতি	২৬৴	২৬॥০	ঐ
		২৪৫৮	রঘুনাথ চকওগয়রহ পরগনে মাজনামুটা	যুগলকিশোর মাইতি	৬৸৶	৭৴	ঐ
৪	অন্য মহালের বাকী মালগুজারি আদায় কারণ যে নীলাম	১১	মহিষপুর পরগনে কাশীজোড়া	সীতারাম দাস ও ব্রজমোহন দাস ও শ্যামচরণ দাস ও রামচাঁদ দাস ও গোবর্দ্ধন দাস	১৪৫॥৮॥	৫১॥৴৫॥	এই মহালের মধ্যে সীতারাম দাস জামিনদারের জায়দাদ জামিনি প্রতিবন্ধকী বস্তু হকহকুক নীলাম হইবেক।
		১৬১	ময়নাগড়্যা পরগনে শাহাপুর	শান্তিরাম ভূঞা	৪৪৯৻১০॥	৫১৯৻৬৭	এই মহালের মধ্যে গোকুলমোহন ভূঞা জামিনদারের জায়দাদ প্রতিবন্ধকী বস্তু হকহকুক নীলাম হইবেক।
		১৬১	ময়নাগড়্যা পরগনে শাহাপুর	ঐ			ঐ
		১৬২	গম্ভেরপুর পরগনে ঐ	বেচারাম ভূঞা	ঐ ৩২৭৻৫।	৩৮২৸৶১১॥ ৫৩৴	বেচারাম ভূঞা জামিনদারের জায়দাদ প্রতিবন্ধকী বস্তু হকহকুক নীলাম হইবেক।
		১৯২	ধরা ডাঙ্গা পরগনে ঐ	ভবানীচরণ দত্ত ও ধর্ম্মদাস দত্ত ও মধুসূদন দত্ত	১৯৪৻৯।	৩৭।৶১	ভবানীচরণ দত্ত জামিনদারের জায়দাদ জামিনি প্রতিবন্ধকী বস্তু হকহকুক নীলাম হইবেক।
		১৯২	ধরাডাঙ্গ পরগনে ঐ	ঐ	ঐ	১৫৪॥৪	ঐ
		২২৯	ইটাই পরগনে ঐ	ভবতচরণ সৎপথি	৩৪৩ ৮॥	৪৮১॥৶১০	ভবতচরণ সৎপথি জামিনদারের জায়দাদ জামিনি প্রতিবন্ধকী বস্তু হকহকুক নীলাম হইবেক।
		২৩৭	কিং ওড় পং ঐ	কামিনী বাই ও দীনবন্ধু ছুই ও তারাপ্রসাদ ভূঞা ও ক্ষেত্রমোহন নাগ ও শ্রীমন্ত লালবাস ও গঙ্গারাম দে	২২১৴১	১২৪৶৯॥	দীনবন্ধু ছুই জামিনদারের জায়দাদ জামিনি প্রতিবন্ধকীবস্তু হকহকুক নীলাম হইবেক।
		৩০৯	দণ্ডশিরা পং সরজ	মাহেন্দ্রনাথ পাল ও জয়গোবিন্দ দত্ত	১৮৯৫৻১০	৩০৪/০৸	জয়গোবিন্দ দত্ত জামিনদারের জায়দাদ জামিনি প্রতিবন্ধকী বস্তু হকহকুক নীলাম হইবেক।

শ্রেণীর নম্বর	মহালের নম্বর	জেলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১৮৪৯। ২৮ মার্চ তারিখের বাকী	
		৪৩৫	বাউতবাপুর পং ঐ	বামমোহন মাইতি	১৩৫ ৵০।	৪৫৮৶১॥	বামমোহন মাইতি জামিনদারের জায়দাদ জামিনি প্রতিবন্ধকী বস্তু হকহকুক নীলাম হইবেক।
		৫১৬	কিং পেকষা পং ঐ	শ্রীমতী ভৈরবী দাসী	৯২ ॥৵১০	৯৯৴৭॥	ভৈরবী দাসী জামিনদারের জায়দাদ জামিনি প্রতিবন্ধকী বস্তু হকহকুক নীলাম হইবেক।
		৫১৬	ঐ	ঐ	ঐ	৯৮৶৩	ঐ
		৫৬৬	আম্বা ত. ধাবেন্দ	মাণিকর ম পাল	৪০৩৸৴১০।	১৪২ ।১০॥	গঙ্গানারায়ণ রায় ইজারদারের জায়দাদ জামিনি প্রতিবন্ধকী বস্তু হকহকুক নীলাম হইবেক।
		৫৬৬	ঐ	ঐ	ঐ	১৪২৸৶৬	ঐ
		৫৬৯	জগন্নথপুর ত ধাবেন্দা	মণিরাম মাইতি ও বামপ্রসাদ মাইতি ও শ্রীমত্যা প্রিয়াবিমণি	৪১৫৸০॥	৪৩৬৸৴১০।	বামপ্রসাদ মাইতি ও প্রিয়াবিমণির জায়দাদ জামিনি প্রতিবন্ধকী বস্তু হকহকুক নীলাম হইবেক।
		৯১১	বাড় পুরুষোত্তম পং ঐ	বিপ্রপ্রসাদ ভূঞা ও জগন্নাথ দে ও বামপ্রসাদ মাইতি ও বৈদ্যনাথ মাইতি ও দুর্গাপ্রসাদ দে ও রাজনারায়ণ ভূঞা ও বৃন্দাবন দে ও কাশীনাথ দত্ত ও বিনোদরামমহাপাত্র	৬৩৮৸৴১৸		রাজনারায়ণ ও দর্পনারায়ণ ভূঞা জামিনদারের জামিনি প্রতিবন্ধকী বস্তু হকহকুক নীলাম হইবেক।
		৯১৭	বাড ফকির পং ঐ	বিপ্রপ্রসাদ ভূঞা	৩২৯ ॥৴৭	১৭৯০৴৬	ঐ
		৯৫৩	বাড হিদু ভূঞা ওরফে বাড হিদু পং ঐ	বামনারায়ণ চন্দ	১৫১ ।৶৯		ঐ
		১০৫৩	বাড বৃন্দাবন পং ঐ	বিপ্রপ্রসাদ ভূঞা, ও বৈষ্ণব দাস মহাপাত্র ও কমললোচন মহাপাত্র	৩০৸৴১০		ঐ
		১১১৩	দুড়্যা বাটীটাকী পং খান্দার	উদয়নারায়ণ চৌধুরী	৭৯৩৴১।	৭৬৩৴১।	উদয়নারায়ণ চৌধুরী জামিনদারের জায়দাদ জামিনি প্রতিবন্ধকী বস্তু হকহকুক নীলাম হইবেক।
		১১৩৫	আনান পাড়া পবগনে গাগানপুর	গোলোকচন্দ্র সামান্ত ও ক্ষেত্রমোহন সামান্ত ও অক্ষয়রাম ও ভগীরথ চক্রবর্ত্তী ...	১১৯৬৸৴২॥	২৩০৸৴১০	ভগীরথ চক্রবর্ত্তী জামিনদারের জায়দাদ জামিনি প্রতিবন্ধকী বস্তু হকহকুক নীলাম হইবেক।

শ্রেণীর নম্বর	মহালের নম্বর	জেলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১৮৪৯। ২৮ মার্চ তারিখের বাকি	
		১৪৪৪	বাজপুর পরগনে খটনগর	বিপ্রপ্রসাদ ভূঞা	৫৪৯৯৶১১৮		দর্পনারায়ণ ভূঞা জামিনদারের জায়দাদ জামিনি প্রতিবন্ধকী বস্তু হকহকুক নীলাম হইবেক আর যে বাকীর নিমিত্তে নীলাম হইবেক তাহা ৯১১ নম্বরে লেখা গেল।
		১৫৬০	কাডারেনে তঃ গগণেশ্বর	গৌরমোহন পটনাএক ও পূর্ণানন্দ সডঙ্গী ও চৌং হরনারায়ণ দত্ত	১৭৫৪৸৵৭॥	১০৯৷৴১০॥	গৌরমোহন পটনাএক ইজারদারের জায়দাদ জামিনি প্রতিবন্ধকী বস্তু হকহকুক নীলাম হইবেক।
		১৫৭০	ধনেশ্বরপুর পং উত্তর বেহার	চৌং বৈদ্যনাথদাস মহাপাত্র ও কাশীনাথ দাস মহাপাত্র	৪৬৮৮॥৶১০	৬০২৷৴১০॥	বৈদ্যনাথ চৌধুরী ইজারদারের জায়দাদ জামিনি প্রতিবন্ধকী বস্তু হকহকুক নীলাম হইবেক।
		১৬২৩	চৌরা পং মযনাচোর	বৈদ্যনাথ দত্ত ও হরনারায়ণ দত্ত ও রামকানাঞি চৌধুরী	২১৩৩৷৴৪।	৬৩॥৶১০॥	হরনারায়ণ দত্ত জামিনদারের জায়দাদ জামিনি প্রতিবন্ধকী বস্তু হকহকুক নীলাম হইবেক।
		১৬২৩	ঐ	ঐ	ঐ	২২৸৽৯	ঐ
		১৬২৩	ঐ	ঐ	ঐ	৮॥৶২	ঐ
		২০১৩	নাগার চক পং দোবদুরনান	গৌরমোহন ও মদনমোহন দাস	৫৭৴৬৸	১৮॥৴১॥	মদনমোহন দাস ইজারদারের জায়দাদ জামিনি প্রতিবন্ধকী বস্তু হকহকুক নীলাম হইবেক।
		২৩০৪	বাগবিন্দ্‌ তঃ বলরামপুর	শ্রীমত্যা রাণী অনঙ্গমঞ্জরী	১২৮।৪।	২৩৮॥৴৭	গোবিন্দপ্রসাদ অধিকারি জামিনদারের জায়দাদ জামিনি প্রতিবন্ধকী বস্তু হকহকুক নীলাম হইবেক।
		২৫৫৭	কোনকা পং খান্দার	সুন্দরনারায়ণ ভূঞা ও রাজনারায়ণ ভূঞা ও দর্পনারায়ণ ভূঞা ও লক্ষ্মীনারায়ণ ভূঞা	২১৷৶৪।		রাজনারায়ণ ও দর্পনারায়ণ ভূঞা জামিনদারের জায়দাদ জামিনি প্রতিবন্ধকী বস্তু হকহকুক নীলাম হইবেক আর যে বাকীর কারণ নীলাম হইবেক তাহা ৯১১ নং লেখা গেল।
			মৌজে ঝাঝিরা ও মৌজে কাজীচক পং কেদারকুণ্ড বহালি কমদর' জমী ২৫।৩	কৃষ্ণপ্রসাদ হুই			কৃষ্ণপ্রসাদ হুএর জায়দাদ বহালি কমদরা জমি যাহার জমা মং ২৬৸৩ সদর মহাল কেদারকুণ্ডের শামিল আদায় হয় তাহা নীলাম হইবেক আর যে বাকির নিমিত্তে নিলাম হইবেক তাহা ২৩৭ নম্বরে লেখা গেল।

শ্রেণীর নম্বর	মহালের নম্বর	জেলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম		মহালের লিখিত মালিকের নাম		সন ১৮৪৯। ২৮ মার্চ তারিখের বাকী	
			মৌজে ভগবান চক পং ঐ বহালি কমদবা জমী	১৩/	কৃষ্ণপ্রসাদ ছুই	০		•যে বাকী আদায় কারণ এই জমি নীলাম হইবেক তাহা ২৩৭ নম্বর লেখা গেল।
			মৌজে চক কাশীম পং ঐ ১৮৫২২ নং সনন্দী ও ৬৭৪ নং কানন নহম জমিন	৩	ঐ	০		
			মৌজে দামাদরপুর পং ঐ ৮০৮৫ নং সনন্দী ১৯৫ নং কানন নহমের বহালি জমী	১।১	ঐ	০		
			মৌজে ডুঞা পং কেদারকুণ্ড ১৭৯৮৯ নং সনন্দী জমি	৬ ২।				
			১১৩৬৮ নং সনন্দী	১।১				
			১৭১৫৬ নং সনন্দী	১/২	গুরুপ্রসাদ দাস	০	১০১।/২।	
			৬২৪৩ নং সনন্দী	১ ৩				
			৭৫৬ নং সনন্দী	৫ ১				
				১৬।০॥				
			মৌজে চক অর্জুনি পং ভেলবাগোর ৭৪৬৬ নং সনন্দী জমি	২০/	পানা চেলা	০		
			মৌজে চক পানলা পং কেদারকুণ্ড ৭১৭৪ নং সনন্দী	২।০	পীতাম্বর বেরা ও রামধন ভট্ট বামদুবান বের	•		
			৭১ ৪ নং সনন্দী	৸৩			৫৭।০।	
				৩/৩				
			মৌজে চক নান্দচন্দ্র পং ঐ ৭১৭৪ নং সনন্দী	২ ২	গুরুপ্রসাদ মিস্ত্রী ও রামধন ভট্ট	০		
			মৌজে চক জমা পং ঐ ঐ নম্বরের সনন্দী	১॥১	গুরুপ্রসাদ মিস্ত্রী	০		
			মৌজে চক শ্যাম পং ঐ ঐ নম্বরের সনন্দী জমি	১ ৩	নারায়ণ মিস্ত্রী	০		
			মৌজে কেশপান পং স্বর্গপুর ৭০৪৩ নং সনন্দী	২১/	গণেশহজার ও কার্ত্তিক হাজর	০		
			মৌজে কবকাই পং খান্দার ৯৭০০ নং সনন্দী	৯৸৩	ক্ষেত্রমোহন সিংহ	০		
			মৌজে বলরামপুর পং কেদারকুণ্ড ৭১১০ নং সনন্দী জমি	৬॥০	ঐ	•	১১০।১॥	
			মৌজে আডাগলি তং বলরামপুর ১৭৯০৮ নং সনন্দী	৩ ৪	ঐ	•		
			মৌজে ডুঞা পং কেদারকুণ্ড ঐ নম্বরের সনন্দী	১/২	ঐ	•		

শ্রেণীর নম্বর	মহালের নম্বর	জেলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সন ১৮৪৯। ২৮ মার্চ তারিখের বাকী
			মৌজে জুনগেড়্যা ডেকসিমি পং খর্গপুর ১৪৩৫১ নং সনন্দী জমী ৩/	কমললোচন ঘোষ	২২৶৭
			মৌজে চক গোপীনাথ পং ঐ ১৪০৯৯ নং সনন্দী ৶৩/	ঐ	
			মৌজে বালবন্দা ওঃ ধারেন্দা ১৮৯৪৭ নং সনন্দী ১৮০০/ বিঘার মধ্যে ৯৩/৩	নন্দদুলাল ও সুন্দরনারায়ণ ও সরূপনারায়ণ ও রূপনারায়ণ পাল	৩১৩॥৶১১।
			মৌজে মুড়াকাটা পং খর্গপুর ১২৫ নং নহম বহালি ২॥৪৮	রাজনারায়ণ সেন	১৮/৭।
			মৌজে ঐ পং ঐ ১২৪ নং নহম বহালি ১৮২॥	মধুসুদন রায়	
			মৌজে কেউড়্যেড়্যা পং কেদারকুণ্ড ৭৩০১ নং সনন্দী জমি ১৫॥৪	মাধবরাম বন্দোপাধ্যায়	১৫১॥৶২
			মৌজে খাটডাঙ্গা পং খর্গপুর ঐ নম্বরের সনন্দী জমি ৩॥০	ঐ	
			মৌজে পপর আড়া পং খর্গপুর ১৬৮৮৮ নং সনন্দী ১॥০	রামপ্রসাদ পান	
			মৌজে মিরপুরের অন্তঃপাতি চক শারদা তং রামপুর ১৪১৭৩ নং সনন্দী ২/ ১৭৩০৫ নং ঐ ২/ ৪/	জগমোহন মাইতি	২৬১॥৶৩
			মৌজে আমড়াতলা তং ঐ ১৪২৬৭ নং সনন্দী ১/	ঐ	
			মোং চক গররা ওরফে চক গোপীনাথ পং খর্গপুর ১৪১৭৩ নং সনন্দী ১।০	ঐ	
			মৌজে নবাবসান পং ঐ ১৫২৩৫ নং সনন্দী জমি ।১॥	ঐ	
			মোং ঝাঝিরা পং ঐ ঐ নম্বরের সনন্দী জমি /২৮	ঐ	
			মৌজে আম্রী পং ঐ ঐ নম্বরের সনন্দী জমি ।১৮	ঐ	
			মৌজে ইছাইপুর পং ঐ ঐ নম্বরের সনন্দী জমি ১/	ঐ	
			মৌজে ধিতপুর পং নারায়ণগড় ঐ নম্বরের সনন্দী জমি ১॥০	ঐ	
			মৌজে বহড়া পং বলরামপুর ১৪০৬০ নং সনন্দী ১॥৪	গঙ্গানারায়ণ ঘোষাল	

শ্রেণীর নম্বর	মহালের নম্বর	জেলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম		সন ১৮৪৯।১৮ মার্চ তারিখের বাকী
			মৌজে পপর আড়া পং খর্গপুর ঐ নম্বরের সনন্দী জমি . ৩৸৹	গঙ্গানারায়ণ ঘোষাল	০	
			মৌজে প্রধানআড়া পং ঐ ঐ নম্বরের সনন্দী জমি ১৴	ঐ	০	
			মৌজে রাধাবল্লভপুর পং ঐ ঐ নম্বরের সনন্দী জমি ২॥৹	ঐ	০	
			মৌজে দক্ষিণ শিমুল্যা পং ঐ ঐ নম্বরের সনন্দী জমি ৸৪॥	ঐ	০	
			মৌজে চক গোপীনাথ পং ঐ ঐ নম্বরের সনন্দী জমি ১৴	ঐ	০	
			মৌজে সুরঙ্গপুর পং ঐ ঐ নম্বরের সনন্দী জমি ২।৩	ঐ	০	
			মৌং রাধানগর পং ঐ ঐ নম্বরের সনন্দী জমি ৸৪	ঐ	০	২৬৩॥৶৩
			মৌজে আড়াসিনি তঃ বলরামপুর ৮২৬১ নং সনন্দী জমি ৩৴০।	অক্রূরাম মিশ্রী	০	
			মৌজে ঘোনঘরা তঃ ঐ ঐ নম্বরের সনন্দী জমি ৸২	ঐ	০	
			মৌজে চক শারদা ত. ঐ ঐ নম্বরের সনন্দী জমি ৩।১	ঐ	০	
			মৌজে আমড়াতল্যা ত. ঐ ঐ নম্বরের সনন্দী জমি ॥১	ঐ	০	
			মৌজে চক ভসি ওরফে চক গোপীনাথ পং খর্গপুর ৮২৬১ নং সনন্দী জমি ২৴	ঐ	০	
			মৌজে চক মকারামপুর পং ঐ ঐ নম্বরের সনন্দী জমি ১।৹	ঐ	০	
			মৌজে সালুকার অন্তঃপাতি কানাচক পং ঐ ঐ নম্বরের সনন্দী জমি ৸৹।	ঐ	০	
			মৌজে বেনদাড়িরা পং ভেলরাচোর ৭৪৬৬ নং সনন্দী জমি ৩৮৴২	পানওল্লা	০	
			মৌজে আকুরডাঙ্গা ওরফে গোকুলডাঙ্গা পং ব্রাহ্মণভোম বহালি জমি ৫০৴ বিঘার মধ্যে ২৫৴	হুসন আলী .	০	৩১৫৴৩॥
			মৌজে প্রতাপচক পং ঐ ৭৯ নং বহালি জমি ৫॥৹	আবদুসুমদ	০	
			মৌজে চক সুরদি পং খর্গপুর ১২৪ নং বহালি কমদর জমি ১৫৴৪৸	মধুসূদন বসু .	০	১৭১।৶১১।

শ্রেণীর নম্বর	মহালের নম্বর	ক্লেনার তৌজীর মহালের নম্বর	মহালের নাম		মহালের লিখিত মালিকের নাম		সন ১৮৪৯। ২৮ মার্চ তারিখের বাকী
			মৌজে ক্রুনা পং ঐ ২০৪১ নং সনন্দী জমি	১৸১	সুন্দরনারায়ণ চক্রবর্ত্তী	০	
			৬২০০ নং সনন্দী জমি	১৴			
			৬১৪১ নং সনন্দী জমি	২৴১৭			
				৪৸২৮			
			মৌজে মাজুগাম পং ঐ ২০৪১ নং সনন্দী জমি	১৴			
			৬১০০ নং সনন্দী জমি	৩।১			
				৪।১	ঐ	০	১৭১৸১১।
			মৌজে কুইসাগু পং ঐ ৬১৪১ নং সনন্দী জমি	১৴২	ঐ	০	
			মৌজে বাধানগর পং ঐ ২০৪১ নং সনন্দী জমি	১৴	ঐ	০	
			মৌজে নিরঞ্জন বাড় পংঐ ৬২০০ নং সনন্দী জমি	১৴০	ঐ	০	
			মৌজে বাবরেট পং ঐ ৬২০০ নং সনন্দী জমি	১৴	ঐ	০	
			মৌজে বেলগেড়্যা পং ঐ ৬২০০ নং সনন্দী জমি	॥০	ঐ	০	
			মৌজে ঝুঝারপুর পং ঐ ৬২০০ নং সনন্দী জমি	॥১	ঐ	০	
			মৌজে নগরা পং ঐ ১৫০৫৮ নং সনন্দী জমি	১॥০	দেবীপ্রসাদ চক্রবর্ত্তী	০	

J S Torrens, *Collector*

OPIUM

আফিমের ইশ্‌তিহার।

আফীম।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৯ সাল তারিখ ১৬ এপ্রেল সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময় মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৪৭। ৪৮ সালের পয়দায়শী আফিমের ষষ্ঠ নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩০৪০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	২২২০৴
বানারসের পয়দায়শী আফিম	৮২০৴
জুমলা সিন্দুক	৩০৪০৴

২ দফা। উপরের লিখিত বেহার ও বানারসের পয়দায়শী আফিমের অন্দরে ৭৫ সিন্দুক আফিম ফরাসিস গবর্ণমেণ্টের নিমিত্তে মৌজুদ রাখা গেল।

সিন্দুক
বেহার ৭০
বানারস ৫
সিন্দুক —

৩ দফা। এক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত যেরূপ ধারাবাহিকরূপে আমলে আসিতেছে সেইরূপ সকলি বহালবহিল উক্ত সমুদয় শরতের বিবরণ সন ১৮৪৮ সালের ১৩ সেপ্টেম্বর তারিখে কলিকাতা গেজেট এবং এক্সচেঞ্জ গেজেট কাগজে যে ইশ্‌তেহার প্রকাশ হইয়াছিল তাহা দৃষ্টি করিলে অথবা পরমিট ও নেমক ও আফিম বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৪ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিম্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৪৯ সালের ১৮ এপ্রেল ও ১ মে এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিশরী নোট অর্থাৎ তমঃসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব ত্রেজরর সাহেবের দস্তখতী ত্রেজরী রসীদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৪৯ সালের ১৮ এপ্রেল বুধবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পরে আর লওয়া যাইবেক না এবং ঐ অফিমের লাট শালামী সবরে কিম্মতের পুরা টাকার দরুন কোন ত্রেজরী রসীদ সন ১৮৪৯ সালের ১ মে মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর লওয়া যাইবেক না ইতি।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট ও নেমক ও আফিম ইতি। সন ১৮৪৯ সাল তারিখ ৩১ মার্চ।

সি বীডন। সেক্রেটারী।

অতিরিক্ত

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, THURSDAY, APRIL 12, 1849.

কলিকাতা বৃহস্পতিবার ১৮৪৯ সাল ১২ আপ্রিল।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্তিহার

LAND ADVERTISEMENTS

ভূমিবিষয়ক ইশ্তিহার।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারানুসারে জেলা মালদহের নীচের লিখিত মহালাত সন ১২৫৫ সালের লাগাত কিস্তী ফালগুণের বাকী বাজের আদায় জন্য সন ১৮৪৯ ইঙ্গরেজীর ২৭ আপ্রিল মোতাবক সন ১২৫৬ সালের ১৬ বৈশাখ রোজ শুক্রবার শ্রীযুত ডিপুটী কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজর নিলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রী হইবেক ইতি সন ১৮৪৯ ইঙ্গরেজী তারিখ ১ আপ্রিল মোতাবক সন ১২৫৫ সাল তাং ২১ চৈত্র।

শ্রেণীর নম্বর	মহালের প্রকার	জেলার তৌজির নম্বর	মহালের নাম ও পরগনা	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১২৫৫ সালের লাগাত ফালগুণের বাকি	মন্তব্য কথা
১	স্থিরতর বন্দবস্ত	১৪৫	মৌজে খাজাবাড়ি পরগনে কোতওয়ালি	তীর্থানন্দ সিংহ	১০১ ৷৴ ৪	৪১ ৷৷৵৮	
২	ঐ	২৫৫	মৌজে এমামবাড়ি মোং জগদীশপুর পরগনে হোসনপুর	মনরাজগীর গোঁসাঞী	৭৬ ।১	২৫ ।১	
৩	ইস্তমুরারি জমা ধার্য্য ন হওয়া মহাল	•	মৌজে জামালপুর পরগনে সুলতানগঞ্জ	সিনু সিংহ •	৫৸৵১১৸	৫৸৵১১৸	
৪	ঐ	ঐ	মৌজে ঐ পং ঐ	বামনারায়ণ মিত্র	১৸৶	১৸৶	

A. LITTLEDALE. *Offg. Deputy Collector*

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারার মর্ম্মানুযায়ি জেলা মুরশিদাবাদ সংক্রান্ত নীচের তপসিলের মাহালসকল সন ১২৫৫ সালের লাগাইদ কিস্তী ফাল্গুণের সরকারের রাজস্বের বাকী আদায় কারণ সন ১৮৪৯ সালের ২০ আপ্রেল মোতাবেক সন ১২৫৬ সালের ৯ বৈশাখ শুক্রবার উক্ত জেলার কালেক্টরির কাছারিতে অবশ্য নীলাম হইবেক ইতি সন ১৮৪৯ সাল তারিখ ৩ আপ্রিল মতাবেক সন ১২৫৫ সাল তারিখ ২২ চৈত্র।

শ্রেণীর নম্বর	মাহালের প্রকরণ	তৌজির নম্বর	মাহালের নাম	তালুকদারের নাম	সদর জমা মালি না	বাকী মালগুজারী লাগাইদ কীস্তী ফাল্গুণ সন ১২৫৫ সাল	কৈফিয়ৎ।
১	কাএমি বন্দোবস্ত	১৯১	কীসমত মৌজে ধর্নাইপুর	কালীকান্ত সেন	৩৩২৯৶৫	১৩৬৸৯	সমুদয় মাহাল নীলাম হইবেক
২	ঐ	৩১৮	কীসমত মৌজে বাজদাড়ি	৺বৃন্দাবনচন্দ্র ঠাকুর সেবাইত রায় গৌরবল্লভ	২৩৮৮৷৶২	১১৯১৷৶৮	ঐ
৩	ঐ	৪২৬	ছদাসৈদপুর	গৌরগোবিন্দ সরকার	১১৫৪৷৵১১	৪৭৩৶৫	ঐ
৪	ঐ	৬৭৬	কীসমত ভেগপুর	কাশীনাথ সন্ন্যাল	১০৪৲	৮৫৲	ঐ
৫	ঐ	৭৮৩	কীসমত কায়ুরবাটী	রায় গৌরবল্লভ	৯০॥৴২	৬০॥৶১	ঐ
৬	ঐ	৮৩৭	কীসমত মৌজে জজুনি	কৃষ্ণপ্রসাদ ও গঙ্গানারায়ণ ও সদানন্দ ও দ মী দাস্য	৬৩৲৯	২৩৷৶৭	ঐ
৭	ঐ	৮৫৫	কীসমত জোত বঘু	বিশ্বনাথ রায়	৯২।৶৯	৬০॥৴১	ঐ
৮	ঐ	৮৪৯	কীসমত জোত বাজীর	জগন্নাথ ঘোষ	৬১৷৵৫	৩৯৷৶৫	ঐ
৯	ঐ	৮৫৬	কীসমত জোত রসওয়ান	গওহর হুসেন	৬৭৸১১	৩৮৷৴৪	ঐ
১০	ঐ	৯২৪	কীসমত মানিহাটী	নরকান্ত দাস	৯১৴৯	৪৭॥১	ঐ
১১	ঐ	১১৬৭	কীসমত পচ্চনভরাটী ইনিমপুর	তিনকড়ি সিংহ	৩৬৶৩	২৫॥৴৭	ঐ
১২	ঐ	১২২৫	কীসমত মিত্রপুরা	মহমুদ আসরফ	৫৩৲৬	২৩৷৶৫	ঐ
১৩	ঐ	১২৫৮	কীসমত সিমুনন্দী	ভবানীপ্রসাদ উপাধ্যায় ও বিশ্বনাথ রায়	৩৮৷৴২	২৩৷৶৬	ঐ
১৪	ঐ	১৩১৫	কীসমত গৌরীপুর	তমিজুদ্দীন	১০৶৮	৩৷৩	ঐ
১৫	ঐ	১৪০৭	কীসমত জোত বঘু	বিশ্বনাথ রায়	১৩৸৭	০৶৯	ঐ
১৬	ঐ	১৪৬৪	কীসমত বংশবাটী	রামচন্দ্র দোবে	১৯৸১১	১৪৸৶১১	ঐ
১৭	ঐ	১৫৪৯	কীসমত কান্দিরাপুর	বর্দ্দনের শাহা	৸৪	॥৬	ঐ
১৮	ঐ	১৫৯৭	কীসমত জানকীপুর	নকু ভট্টাচার্য্য	৭৲৫	৭॥৶৫ মায় বকেয়া	ঐ
১৯	ঐ	১৬২৫	কীসমত বালুচর	গুরুচরণ দত্ত	১৸১	১॥৴৮	ঐ
২০	ঐ	১৬৮৪	কীসমত মণ্ডল জোত মনোহর	দুলাল সাহেবরায় বাক কৃষ্ণনাথ রায়	৪৶০	২৸৶	ঐ
২১	ঐ	১৭৩৫	কীসমত সন্নাবাদ	সেখ আইনদী	৪৸৶৮	৪৸১০	ঐ
২২	ঐ	২০৫৯	কীসমত সালাড়	আছরাউদ্দীন	২৸৶৫	২৸৶৫	ঐ
২৩	ঐ	২০৬৫	কীসমত সালাড়	আইনদ্দীন	৪।১৩	৪।১৩	ঐ
২৪	ঐ	২২০৮	কীসমত দত্তবড়ট্যা	শ্রীনিবাস শাহা	৮॥৶৯	৮॥৶৯	ঐ
২৫	ঐ	২২৫৪	কীসমত শাহাপুর	আইনদ্দীন	৮৷৶১০	৮৷৶১০	ঐ

শ্রেণীর নম্বর	মাহালের প্রকরণ	তৌজীর নম্বর	মাহালের নাম	তালুকদারের নাম	সদর জমা মালিকানা	বাকী মালগুজারী লাগাইদ কীস্তী ফাল্গুণ সন ১২৫৫ সাল	কৈফিয়ৎ
২৬	ঐ	২৩০৩	কীসমত কুলুট্যা	সৈয়দ বাহাউদ্দীন	৮৷৷৵৫	৮৷৷৵৫	ঐ
২৭	ঐ	২৪০৩	কীসমত সন্তোষপুর	গোপীমোহন ঘোষ	৷৷৶৯	৷৷৶৯	ঐ
২৮	ঐ	২৪০৯	কীসমত সন্তোষপুর	গোপীমোহন ঘোষ	৷৶৪	৷৶৪	ঐ
২৯	ঐ	২৪১৫	কীসমত সন্তোষপুর	গোপীমোহন ঘোষ	৵৩	৵৩	ঐ
৩০	ঐ	২৪১৭	কীসমত সন্তোষপুর	গোপীমোহন ঘোষ	।২	।২	ঐ
৩১	ঐ	২৪২৫	কীসমত মনোহরপুর	নজমদ্দীন মহম্মদ	১৸১০	১৸১০	ঐ
৩২	ঐ	২৪৩৩	কীসমত জঙ্গনি	নীলমাধব মুখুয্যা ও ঈশানচন্দ্র ঘোষ	৭৷৵১০	৭৷৵১	ঐ
৩৩	ঐ	৩	কীসমত পরগনে কড়গ	গুরুদয়াল ও বেণিমাধব ও মধুসূদন ও পদ্মলোচন ও সৈদ আহমুদ ও নুরন্নবি ও পার্বতীনাথ ও রামশঙ্কর ও রামকৃষ্ণ ও বিষ্ণুরাম ও বিশ্বনাথ ও ভুবনেশ্বর ও নন্দনন্দন ও রামকিশোর ও রামধন ও শিতিকণ্ঠ ও মহমুদ মুজতহদ ও বিনোদ মণি ও লক্ষ্মীশ্বর ও শিবঠাকুরের সেবাইত গোবর্দ্ধন ও কেদার বিশ্বনাথ ও মুক্তকেশী ও মহেন্দ্রনারায়ণ ও গোহরন্নেসা বিবি ও খোন্দকার গোলাম রহমন উনি উছী গোলাম রব্বানি ও ঈশ্বরচন্দ্র মুখুয্যা ও সৈয়দ আবদন হকীম ও রামদুলাল ও কালীশঙ্কর চন্দ ও রামযাদব মুখুয্য ও উত্তম কুমারী	১৩৭০৸৶৯ মধ্যে রকম ৷১৯।৫ তিনের কাত সদর জমা ১৪২৷৷৶১১ হিস্যা পওহরন্নেসা বিবি ও খোন্দকার গোলামরহমন উনিউছি গোলাম রব্বানি নীলাম হইবেক	৩২৸৶১১	বাটওয়ারার অধীন মতে রকম নীলাম হইবেক।
৩৪	ঐ	৭	ডিহি গোবিন্দপুর	লক্ষ্মী সরকার ও মথুরানাথ শাহ ও মকরমতন্নেস ও মকরমা বিবি ও অমুর বিবি ও রহমওন্নেসা ও রাজন বিবি	৬২৪১৸৩ মধ্যে রকম ৷৹ চারিআনা কাত জমা ১৫৬০৷৮৸ পাই হিস্যা মকরমতন্নেসা ও মকরম বিবি ও অমুর বিবি ও রহমওন্নেসা নীলাম হইবেক	৫৩১৸৵৫	ঐ
						২৮৮৫৷৷৵৫	

H. C HALKETT, *Offg Collector*

সংবাদ দেওর যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে জিলা বেহারের নীচের লেখা ১২৫৬ সালের লাগায়দ কীস্তি ২৮ মার্চ ১৮৪৯ সালের পাওয়ানা বাকি মালগুজারির নিমিত্তে ১৮৪৯ সালের আপরেল মাসের ২৩ তারিখে মোতাবিক ১১ বৈশাখ ১২৫৬ ফসলি রোজ সোমবার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে বরা গিয়া বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৯ সাল তারিখ ৩ আপরেল।

শ্রেণির নম্বর	মহালের শ্রেণী	তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লেখা মালিক	সদর জমা	সন ১৮৪৯ সালের লাং কীস্তি ২৮ মার্চ	কৈফিয়ৎ
১	চিরস্থ বন্দোবস্তী মহাল	২	বেলখরা ওগয়রহ পরগনা অরওল	বাবু ধীর সিং ও বাবু দিবগোপাল সিং ও বাবু ছত্রধারী সিং ও বাবু পহলওয়ান সিং ও বাবু তিলকধারী সিং ও বাবু হরনাম সিং ও মুনশী চিরাগ আলী ও ওজুধিয়া সিং ও রামনারায়ণ সিং ও দিলাবর সিং ও ঈশ্বর সিং ও বিশ্বেশ্বর সিং ও মহমদ এবরাহিম অলি অথবা গোলাম কমর ও জুমাই ও ওয়াহিদ আলী ও দাউদ আলী ও জোয়াদ আলী ও মোসম্মাত অর্ম্মন	২৬৩১৮ ৷৵২	১৫২৪৸৮	এই মহাল বিক্রয় হইবেক ব্যতিরেকে মৌজে ঘরারি বসুলপুর ঘরারি বটওয়ারা অধীনস্থ ইহারদিগের মালগুজারি আদায় হইয়াছে বিমরজিম দফ ৩৩ আইন ১১ সন ১৮১৪।
		৯	দদপি নিসফ পং দাদর	দুব্য বিজয় সিং ও বৈজনাথ সিং ও গঙ্গাপ্রসাদ	২৭১ ৷/১০	৮৪৸৶৬	সমুদয় মৌজে বিক্রয় হইবেক।
		১০	চক অকবৌজা পং অরঅল	চোয় সিং ও কুবর সিং ও বৈজনাথ সিং	২১৭৲	৬১ ৷/৬	ঐ
		১০ খ	হাজিপুর খানরবে পং অরঅল	বাবু ধরমধারী সিং ও রামধারী সিং ও দেবী সহায়	৮৭৸৩	১৩৸১০	ঐ
		১১	ফাজিলপুর মৌজা তিমারপুর ওগয়রহ পং মনোরা	ছত্রধারী সিং	৬১৩৸৴৭	৩০ ৷৷৵৩	ঐ
		২২	ছৈতিপুর বারা পং ভেলওর	বেহারিলাল	২৬৭ ৷৷৵৯	২৫ ৷/৪	ঐ
		২২	হরসিংরা মদনগোপাল পং সনোথ	খাজে মহমদ ইয়ার খাঁ	৫০৸০	২৫ ৷/০	ঐ
		৩৩	ঝরনা তপে খযরা পং বেলৌজা	রামদয়ালরাম পাঁড়ে ও কদররাম পাঁড়ে ও বেণীরাম পাঁড়ে ও সুকবিতরাম পাঁড়ে ও জয়নাৎরাম পাঁড়ে ও দীনদয়ালরাম পাঁড়ে ও রণজিৎরাম পাঁড়ে ও শিওদয়ালরাম পাঁড়ে	৫২৲	১৭ ৷/৪	ঐ
		৩৫	উসমান পরগনে অরওল	সেখ ওলাদ হুসেন ও সেখ একরাম হুসেন ও সেখ অমির অহসন ও মোসম্মাত রজবন	১০৭২৲	১৩৮ ।০	ঐ
		৫০	করমানেহৎ পং কুটুম্বা তালুকা	নন্দলাল	১১৩৸০	৫০৸৵২	ঐ
		৫৩	মালিডানি পং ঐ	রায় নীলমণি মিত্র	২৫০৬৯৶৯	৭৪৩৪ ৷৷০৲১০ ক্রান্তি	ঐ
		১০৪	মদন খাপ পং গিরিশ	শিওদয়াল সিং ও সরদার সিং	১৫২৶৩	৪৭ ৷৶১০	ঐ

শ্রেণীর নম্বর	মহালের নম্বর	তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লেখা মালিক	সদর জমা	সন ১৮৪৯ সালের ১লা কীস্তি ২৮ মার্চ	কৈফিয়ৎ
		১২২	ইমন্ত্রা অজবকরে ববপা পং সিবিশ	তাজ্ঞনাথ পাঠক ও অগন্দ পাঠক ও তনাম পাঠক ও পবশন পাঠক ও পুনাই পাঠক ও গনদৌবি পাঠক ডোমন পাঠক অজুধিয় পাঠক ও সুবলস পাঠক ও বিশ্বম্ভব পাঠক ও শিওদযাল পাঠক	১১৪ ৷৵৭	৩৮৸০	সমুদয় মৌজে বিক্রয় হইবেক।
		১৩০	খএবা মিবজা পং সিবিশ	সেখ নজিব অলি ও সেখ অজিব অলি ও বিবি সিফত বিবি নজ্জো ও বিবি জমাল ও আবদুল আলী ও গেলাম বেজা ও বিবি মবিয়ম ও বিবি কমাল ও বিবি জেনব ও বিবি ফজিনত ও সেখ তফজুল হুসেন ও সেখ অবদুল বহিম ও গোলাম মোবতজা ও অমজদ অলি ফৈজ অলি ও মহমদ অলি মহমদবফি ও মহমদ বক্‌শ খোদ ও ওআনি মহমদ অলি অকবব অলি ও মেহব অলি ও অলিমহমদ ও ইমাম বক্‌শ	২৩১ ৷৶৫	৭১ ॥৶৩	ঐ
		১৬৯	সেখপুব ববডি পং সিবিশ	বিবি অমানি ও মিব ওআহিদ অলি মযওজিব অলি ও বিবি অমানত ও বিবি ননকে ভাবজে মেহবাব অলি বিবি নুটফন ও মিব খাদিম অলি ও মিব কেআমউদী ও বিবি জদনেব ভাবজে ইযাব অলি ও মিব ইযাব অলি ও বিবি সঘিবণ ও মিবকযব অলি ও মিব মেহবাব অলি ও মিব হুসেন বক্‌শ	৮৭৲	২৯৲	ঐ
		২৮২	হমজাপুব পবগনে শহবঘাটী	সইদ অনআব অলি ও সইদ দিলঅব অলি ও মজহব অলি ও মতবে অলি ও গৌহব অলি ও বিআজ অলি ও জৌহব অলি ও ফৈআজ অলি ও মসমাত বুধন ও নাদীব অলি ও হসন অলি ও অতমান অলি ও বিআসত অলি ও ববকত অলি ফত অলি উকপ ফেন্দ ও ঝংগা ও অসগব অলি ও অমিব অলি ও বজব অলি ও বমজান অলি	৩৫ ৷৵১	২১৸৮	ঐ
২	অচিবস্থ বন্দোবস্তী মহাল	১২	ভুবদুবমা পং বেনৌনজ	লছমন দিক্ষিত ও জিনত দিখিত ও শিউনাথ ও দেওনাথ ও বলদেও ও বামশবণ ও জগন ও দিহু ও দীপু ও উদিত ও জিত দিখিত ও বুধু ও অননদী ও কুলজন ও নিবধন ও শিউশঙ্কব ও পবতাপ ও শিউবক্‌শ ও শিউদয়ল ও সেওক ও সিওন ও পূবংমাসী	৮১৸৶০	১৭৸৶	এ মৌজেব বন্দোবস্তকুডি বৎসবেব জন্য হইযাছে মালিকেব সঙ্গে ইং ১২৪৮ লাগাত ১২৬৭ ফসলি ইশ্‌তহাব জাবি হইয়াছে মোতাবেক কানুন ১ ধাবা ৫ সন ১৮৪৫।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লেখ্য মালিক	সদর জমা।	সন ১৮৪৯ সালের লাং কিস্তী ২৮ মার্চ	কৈফিয়ৎ
		৩৮	মছলি তপ্পে পাহাবি পং বেনেনজ।	গণেশরাম ও ভিখনরাম ও শিউপরশন রাম পাঁড়ে	৫৬।৮৩	৩৭৲	এ মৌজের বন্দোবস্ত কুড়ি বৎসরের জন্যে হইয়াছে মালিকের সঙ্গে ইং ১২৪৮ লাং ১২৬৭ ফসলী ইস্তাহার জারী হইয়াছে মোতাবেক কানুন ১ ধারা ৫ সন ১৮৪৫।
		৪৩	পানডেনবার পানডো মহুগারা ঝরখনডি কবমড়ি বনডিহা পং ঐ	রুদররাম ও বেনীরাম ও রামপ্রসাদরাম ও বিশ্বম্ভররাম ও ভেলারাম ও ডিল অর্জ্জনরাম ও দেওনারায়ণরাম ও চতুরগুণরাম ও রামনাথরাম ও জগনাথরাম ও দীনদয়ালরাম ও নন্দকুমাররাম ও মুকুন্দরাম ও বণজিতরাম ও জয়প্রকাশরাম ও হরিপ্রকাশরাম ও কিরতপ্রকাশরাম ও নিধিরাম ও ছবেনাথরাম ও দোওলকারাম ও বৈজনাথরাম ও বিষ্ণুদয়ালরাম ও বমণরাম ও কৃষ্ণরাম ও ভাগীরথীরাম ও জয়সিংরাম ও রামকিষুনরাম ও হরগোবিন্দরাম ও রামশরণরাম ও বালগোবিন্দরাম ও লছমনরাম ও শিউনারায়ণরাম ও গোবিন্দরাম	২৪৬৲	৬১৷৹	ঐ ইং ১২৫৩ লাং ১২০২ ঐ
		১৫১	চন্দ্রি গোবিন্দপুর পং শহরঘাটী	হরকানন্দ পাঠক ও নুবানন্দ পাঠক অর্থাৎ টৌবন পাঠক ও পরমানন্দ পাঠক ও রামানন্দ পাঠক ও ভার্যে নিত্যানন্দ পাঠক	৭০৲	১৩৶০	ঐ দশ বৎসর ইং ১২৪৭ ফসলি ঐ
			জয়পুর বরাসনি পং পচরুক্কি	টিকইত জগন্নাথ সিং ও বিশ্বনাথ সিং ও পরতুনারায়ণ সিং ও মোসমাত ক্ষেমকুঅর ভার্য্যে নীলবরণ সিং মোতওফ ও নরসিংনারায়ণ ও রতনচাঁদ	৮১৷৶১০৲১৫	২৭৲	এ মৌজের বন্দোবস্ত চিরস্থ হইয়াছে মালিকের সংগে কিন্তু ঐ লাগাইত কমিস্যনর সাহেব মনজুর বন্দোবস্ত করেন নাই। ইশতেহার জারি হইয়াছে মোতাবেক কানুন ১ ধারা ৫ সন ১৮৪৫।
Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first meeting of the Legislative Council of India after the 7th day of July next

F J HALLIDAY,
Secy to the Govt of India

করিতে পারেন এবং কোন আদালতের সামান্য এলাকার মধ্যে তাহার ঐ অপরাধ হইলে সেই আদালত যেরূপে তাহার বিচার করিতে ক্ষমতা রাখেন সেইরূপ অন্য কোন আদালত তাহার বিচার করিতে পারেন ইতি।

৩ ধারা। এই আইনানুসারে কোন অপরাধের বিচার করণসময়ে কোন আদালত কোন মৌলবীর স্থানে ফতওয়া চাহিবেন না ইতি।

৪ ধারা। যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন কোন ব্যক্তি কোর্ট মার্শ্যালের দ্বারা ও যুদ্ধসম্পর্কীয় আইন দ্বারা দণ্ড হইতে এই আইনের দ্বারা মুক্ত হইবেক না এবং ভারতবর্ষের যুদ্ধজাহাজসম্পর্কীয় কোন ব্যক্তি কোর্ট মার্শ্যালের দ্বারা বিচারহইতে ও ভারতবর্ষের যুদ্ধজাহাজসম্পর্কীয় ব্যক্তিবর্গের শাসনার্থে যে আইন হইয়াছে সেই আইনানুসারে দণ্ডহইতে মুক্ত হইবেক না। কিন্তু একি অপরাধের জন্যে ঐ যুদ্ধ কি জাহাজসম্পর্কীয় আইন এবং এই আইন উভয় অনুসারে কোন ব্যক্তির বিচার হইবেক না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৭ জুলাই তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT

No 4

To the Session Judges and Magistrates in the Lower Provinces

The Court desire to draw the attention of the Magistrates to the necessity of enforcing the observance of the Rules laid down in paragraph 3 of the Circular Order No 138, dated the 16th June, 1843, for abridging the proceedings of Police Officers These Rules being deemed of much importance, the Magistrates are expected to be particularly careful that they are not neglected, and to call to account such officers as may persist in not conforming to them

2 The Session Judges should avail themselves of every opportunity to point out to the Magistrates any instances of neglect of the Rules in question, which they may observe when they have occasion to refer to the proceedings of the Police in cases committed to the Sessions or called for by them

W KIRKPATRICK, *Deputy Register*

Fort William, the 7th April, 1849

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব ও মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

পোলীসের কর্ম্মকারকেরদের কার্য্য সংক্ষেপ করণ বিষয়ি ১৮৪৩ সালের ১৬ জুন তারিখের ১৩৮ নম্বর সরকুলার অর্ডরের ৩ দফাতে যেই বিধি আছে তাহার মতাচরণ করাইবার আবশ্যকতার বিষয়ে সদর আদালতের সাহেবেরা মাজিষ্ট্রেট সাহেবদিগকে মনোযোগ করিতে হুকুম দিতেছেন। এই বিধি অতিআবশ্যক অতএব তাহার প্রতিপালনের কিছু ত্রুটি না হয় এই বিষয়ে মাজিষ্ট্রেট সাহেবেরা বিশেষরূপে মনোযোগ করিবেন এবং যে সকল কার্য্যকারক ঐ বিধিমতে নিতান্ত আচরণ না করেন তাঁহারদিগকে তাঁহারা চেতাইবেন।

২ দফা। সেশন জজ সাহেবেরদের প্রতি যেই মোকদ্দমা সোপর্দ্দ হয় কিম্বা তাঁহারা যেই মোকদ্দমা তলব করেন তাহাতে পোলীসের কার্য্যকারকেরদের কর্ম্মকারী তে দৃষ্টি করিলে যখন তাঁহারা ঐ বিধি পালনের বিষয়ে কোন ত্রুটি দেখেন তখন তাঁহারা সেই সুযোগে সেই বিষয় মাজিষ্ট্রেট সাহেবেরদিগকে জানাইবেন।

ডবলিউ কর্কপাত্রিক।
ডপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ৭ আপ্রিল।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

APPOINTMENT

The 4th May, 1849

Baboo Moheschunder Roy, to be Moonsiff of Dhamnuggur, Zillah Cuttack

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ১৫ মে।]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

১৮৪৯ সাল ৪ মে।

নিয়োগ।

শ্রীযুত বাবু মহেশচন্দ্র রায় জিলা কটকের ধামনগরের মুনসেফ হইবেন।

LEAVES OF ABSENCE

The 4th May, 1849

Moonshee Noorooddeen, Moonsiff of Korriapara, Zillah Durrung, from the 11th to the 18th ultimo

The leave of absence for four days, granted on the 24th ultimo, to Baboo Ramnarain Sandyal, Moonsiff of Nyehatty, 24 Pergunnahs, is cancelled at his own request

The Moonshee Kefyutoollah Acting Moonsiff of Nulbarice in Kamroop, for seven days from the 25th ultimo, in extension of the leave granted on the 24th idem

The 11th May, 1849

Baboo Mohunlaul Panaey, Moonsiff of Burjora, Zillah West Burdwan, for three weeks in addition to the leave granted on the 21st March last

Moulvee Abdool Jubbar, Moonsiff of Sundeep, Zillah Chittagong, for seven days

B J COLVIN, *Register*

রাজকর্ম্মে নিযোগ ।

৬০৪ নম্বর ।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম ।

নিযোগ ।

১৮৪৯ সাল ৪ মে ।

বাকরগঞ্জের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত জি প্যাক্সটন সাহেব (Mr G Paxton,) ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দিষ্ট বিশেষ ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন ।

ছুটী ।

১৮৪৯ সাল ১ মে ।

টনার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ব্রজগোপাল
প চিকিৎসক সর্টিফিকটক্রমে পাঁচ মাসের ছুটী
বাঁড়ুয্যা ন ।
পাইয়া ছ

১৮৪৯ সাল ৫ মে ।

সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর
হুগলীর বস সাহেব (Dr W H B Rose,) স্বর-
ডবলিউ এচ বি ক্ষ কৃষ্ণনগরে গমনার্থে তিন দিনের ছুটী
কারা কর্ম্মোপল শ্রীযুত ডাক্তর বস সাহেবের (Dr Rose,)
পাইয়াছেন । শ্রীযুত বাবু মদনচন্দ্র চৌধুরী হুগলীতে
অনুপস্থানপর্য্যন্ত নির্ব্বাহ করিবেন ।
চিকিৎসকতা কর্ম্ম পদেশক শ্রীযুত পাদরি এফ ডবলিউ
মলাকার মধ্যে Rev F W Lindstedt,) স্বীয় কর্ম্মো-
লীনষ্টেড সাহেব (I ।মনার্থে বারো দিনের ছুটী পাইয়-
পদকে সিংহপুরে
ছেন ।

ট ও কালেকটর সাহেবের আসি
ছিস্টেটর মাজিষ্ট্রে লিউ মাকিলপ সাহেবকে (Mr C
ষ্টান্ট শ্রীযুত সি ডব ত মার্চ মাসের ২৮ তারিখে যে এক
W Mackillop,) ছু । যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত
মাসের ছুটী দেওয়
হইল ।

th মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের
চব্বিশপরগনার সি এস বেলাই সাহেবকে (Mr C S
আসিষ্টান্ট শ্রীযুত ১১ তারিখে যে ছুটী দেওয়া যায় তা-
Belli,) গত মাসের হার বর্ত্তমান মাসের ৩ তারিখঅবধি
হার অবশিষ্ট কা রিখে তিনি আপন কর্ম্মে প্রত্যাগমন
রহিত হইল ঐ তা
করেন । রব

সিবিলসম্পর্কীয় সিবিশ্তার শ্রীযুত এ মনি সাহেবকে
(Mr A Money,) ছুটীবিষয়ক স্তধরা বিধির ১১ ধারা-

ছুটী ।

১৮৪৯ সাল ৪ মে ।

জিলা দরঙ্গের কড়িয়াপাড়ার মুনসেফ শ্রীযুত মুনশী নুরুদ্দীন গত মাসের ১১ তারিখঅবধি ১৮ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন ।

জিলা চব্বিশপরগনার নইহাটীর মুনসেফ শ্রীযুত বাবু রামনারায়ণ সান্ন্যাল গত মাসের ২৪ তারিখে যে চারি দিনের ছুটী পান তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইল ।

কামরূপে নলবাড়ীর এক্টিং মুনসেফ শ্রীযুত মুনশী কিফাগতুল্লা গত মাসের ২৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত গত মাসের ২৫ তারিখঅবধি সাত দিনের ছুটী পাইয়াছেন ।

১৮৪৯ সাল ১১ মে ।

জিলা পশ্চিম বর্দ্ধমানের বড়যোড়ার মুনসেফ শ্রীযুত বাবু মোহনলাল পাড়ে গত মার্চ মাসের ২১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন ।

জিলা চাটিগাঁর সন্দীপের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল জব্বর সাত দিনের ছুটী পাইয়াছেন ।

বি জে কলবিন, রেজিষ্টর ।

নুসারে গত মাসের ২ তারিখঅবধি যে তিন সপ্তাহের ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইল ।

বিজ্ঞাপন ।

১৮৪৯ সাল ৮ মে ।

শ্রীযুত মেজর ডবলিউ রিডল সাহেব (Major W Riddle,) গত মাসের ৩০ তারিখে পাটনা এলাকায় ঠগীনিবারণার্থ আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্টী কর্ম্ম শ্রীযুত এফ জে কোবর্ণ সাহেবের (Mr F J Cockburn,) স্থানে এবং বেহারে নিযুক্ত তৈনাতী সিপাহিদের অধ্যক্ষতা কর্ম্ম শ্রীযুত কাপ্তান জান ফুল্টন সাহেবের (Capt John Fulton,) স্থানে গ্রহণ করেন ।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে ।

জে পি গ্রাণ্ট ।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী ।

৬৩৪ নম্বর ।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম ।

নিযোগ ।

১৮৪৯ সাল ৪ মে ।

শ্রীযুত এস এফ ডেবিস সাহেব যশোহরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের (Mr S F Davis,) আসিষ্টান্ট হইবেন ।

শ্রীযুত এ এল মেলবিল সাহেব (Mr A L Melville,) ময়মনসিংহের কালেকটরী কর্ম্মের ভার যে তারিখে অন্য সাহেবের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি ঐ জিলাতে জমালপুর এলাকা খণ্ডের ভারপ্রাপ্ত হইবেন ।

ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত আর পি জেনকিন্স সাহেব (Mr R P Jenkins,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন ।

১৮৪৯ সাল ৮ মে ।

শ্রীযুত ডাক্তর এচ আর বণ্ড সাহেব (Dr H R Bond,) মিলিটারী ডিপার্টমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হওয়াতে, শ্রীযুত ডাক্তর টি হেষ্টিংস সাহেব (Dr T Hastings,) পূর্ব্ব বর্দ্ধমানের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক হইবেন ।

শ্রীযুত ডাক্তর জে সি কলিন্স সাহেব (Dr J C Collins,) মুঙ্গেরে সিবিল আসিষ্টান্ট চিকিৎসক হইবেন ।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে । জে পি গ্রাণ্ট ।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী ।

[*Government Gazette, 15th May*, 1849]

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

In the matter of ALLAN GILMORE, JAMES PELHAM McKILLIGIN, WILLIAM FAIRLEY GILMORE, GRAHAM MOORE ROBERTSON and WILLIAM COLVILLE, late of Calcutta, in the province of Bengal, Merchants, heretofore carrying on trade and business in Calcutta, together under the copartnership, style and firm of Colville, Gilmore and Company, Insolvents

NOTICE is hereby given, that upon the application of Murray Gladstone, Esquire, one of the Assignees of the Insolvents, the Court was pleased to order that unless cause be shewn to the contrary on or before Saturday, the Seventh day of July next, the Indenture of Assignment of the Eighth day of January, One thousand Eight hundred and Forty eight, from Patrick O Hanlon, Esquire, the Common Assignee of this Court, to the said Murray Gladstone, and William Macpherson, his then Co-Assignee, should be declared vacated, in so far as the same relates to the said Murray Gladstone, but so nevertheless that no act or thing done by the said Murray Gladstone, prior to the said order, shall be annulled or in any wise affected thereby, and further that the said Murray Gladstone, and the Official Assignee should file their accounts with the Estate up to the Seventh July next

SMOULT and HEDGER, *Attornies*

কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

যোত্রহীন কলবিন গিলমোর কোম্পানির নামে পূর্ব্বে বাঙ্গলা দেশের কলিকাতা নগরে সওদাগর আলেন গিলমোর সাহেব ও জেম্স পেলহম মাকিলিগিন সাহেব ও উলিয়ম ফেলি গিলমোর সাহেব ও গ্রেহাম মোর রাবর্টসন সাহেব ও উলিয়ম কলবিন সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত যোত্রহীনেরদের এক জন আসৈনি শ্রীযুত মরে গ্লাডষ্টন সাহেবের দরখাস্তমতে উক্ত আদালতে হুকুম হইল যে আগামি জুলাই মাসের ৭ তারিখ শনিবারে বিপরীত কারণ দর্শান না গেলে ঐ আদালতের সাধারণ আসৈনি শ্রীযুত পাত্রিক ওহানলন সাহেব ১৮৪৮ সালের ৮ জানুআরি তারিখে যে আসৈনমেন্টের পত্র উক্ত মরে গ্লাডষ্টন সাহেবকে ও তাঁহার তৎকালীন সহ আসৈনি শ্রীযুত উলিয়ম মাকফর্সন সাহেবকে দেন তাহাতে উক্ত মরে গ্লাডষ্টন সাহেবের যেপর্য্যন্ত সম্পর্ক থাকে সেইপর্য্যন্ত ঐ পত্র বাতিল প্রকাশ হইবেক তথাপি উক্ত হুকুমহওনের পূর্ব্বে উক্ত শ্রীযুত মরে গ্লাডষ্টন সাহেব যে কোন বিষয় বা কার্য্য করিয়াছেন তাহা কোন প্রকারে বাতিল কি কোন বিষয়ে হ্রাসবৃদ্ধি হইবেক না। আরো হুকুম হইল যে উক্ত মরে গ্লাডষ্টন সাহেব এবং অফিসেল আসৈনি সাহেব আগামি জুলাই মাসের ৭ তারিখপর্য্যন্ত ঐ ইষ্টেটের সম্পর্কে আপনারদের হিসাব দাখিল করেন।

স্মোল্ট ও হেজর। উকীল।

In the matter of the Petition of ALBERT JOHN DeHOCHEPIED LARPENT carrying on business in Copartnership together with John Beckwith, in Calcutta, as Merchants and Agents, under the style or firm of Cockerell and Company

NOTICE is hereby given, that by an order of this Court, made in this matter on the fifth day of May instant, it was ordered that the further hearing of the matters of the Petition of the said Insolvent should be adjourned to Saturday, the Second day of June next, for the purpose of making a Dividend, any Creditors or other persons interested who may be desirous of establishing or opposing any claims upon the Estate of the Insolvent may attend and be heard upon any Affidavits which shall have been filed in the Office of the Chief Clerk of this Court, three clear days before the day of hearing

FRITH, SANDES and WATTS, Attornies

কাকরেল কোম্পানির নামে কলিকাতা নগরে জান বেকউইথ সাহেবের সঙ্গে সওদাগরী ও এজেন্... আলবর্ট জান ডিহচিপিড লার্পেন্ট সাহেবের দরখাস্তের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মে মাসের ৫ তারিখে উক্ত আদালতে হুকুম... বিভেণ্ড করণের নিমিত্তে উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্ম আগামি জুন মাসের ২ তারিখ শনিবারে... যাইবেক যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কোন ব্যক্তি উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর... স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে উক্ত আদালতের... সাহেবের সিরিশ্তায় কোন আফিডেবিট দাখিল করিলে তদনুসারে হাজির হইতে পারিবেন... যাইবেক।

ফ্রিথ ও সাণ্ডিস ও ...

MISCELLANEOUS ADVERTISEMENTS — সাধারণ ব্যক্তিরদে...

DECISIONS OF THE SUDDER DEWANNY ADAWLUT

The terms of Subscription to the Decisions are reduced from the comme... 1849, to Twenty Rupees, or Sixteen Rupees per annum if paid in advance

Applications to be made to Mr R Norris, Sudder Dewanny Adawlut

সদর দেওয়ানী আদালতের নিষ্পত্তি।

সদর আদালতের নিষ্পত্তির বহীর মূল্য ১৮৪৯ সালের আরম্ভঅবধি কম করা গিয়া... ২০৲ টাকা অথবা আগাম দেওয়া গেলে ১৬৲ টাকা মূল্য হইয়াছে।

যে কেহ ঐ বহী চাহেন তিনি সদর দেওয়ানী আদালতে শ্রীযুত আর নরিস সাহেবের... পাইতে পারেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ১৫ মে।]

...,০০০৲
...,০০০৲
...,০০০৲
১৫,০০০৲
২,০০০৲
৫,০০০৲
৫,০০০৲
১২,০০০৲
৮,০০০৲
৩,০০০৲
১০,০০০৲
১০,০০০৲
৩,০০০৲
৭৩,০০০৲
৭,০০০৲
৩,০৯,০০০৲
...র মোক্তারকার।

NOTIFICATION OF THE DEWANNY ADAWLUT OF ZILLAH PURNEAH

This day a Petition having been presented by Rajah Bejye Govind Singh Bahadur, Respondent, Decreeholder, in the suit wherein Gopaul Singh for himself and as Executor of Kerrut Singh and Rajindernarayn Roy and Mohendurnarayn Roy, were Appellants (debtors), for the recovery of 7,59,384-2-3, besides interest, praying that 45 Promissory Notes belonging to Mohendurnarayn Roy, one of the debtors, may be delivered to him, therefore, in accordance with the Roobikarry of this Court, dated the 24th day of April, 1849, Notice is hereby given, that if Mohendurnarayn Roy, one of the debtors, inhabitants of Saif Gunge, Pergunnah Cutteehar, offer the Promissory Notes mentioned below for sale or otherwise to part with the same, nobody shall purchase them, if they do, the purchase shall be invalid and inadmissible Dated the 24th of April, 1849

	Notes No		Date	Amount
2d 5 per Cent Notes No	11425 of 1214	of 1825-26	8th January, 1826, for Sa Rs	5,600
	2846	of Do	8th November, 1825,	2,000
	2924	of Do	17th Do,	2,000
	5701	of Do	19th August, 1826,	5,000
	1596 of 6068	of Do	16th September, „	1,700
	3679 of 2033	of Do	26th Do 1830,	20,000
	3680 of 2033	of Do	Do	10,000
	3807 of 6602	of Do	4th October, 1826,	2,000
	4437 of 4019	of Do	30th October, 1828,	5,000
	4629 of 8188	of Do	1st May, 1827,	8,000
	5404 of 4344	of Do	8th February, 1826,	2,500
	5655 of 2499	of Do	25th October, 1825,	2,000
	5332 of 4345	of Do	8th February, 1826,	10,000
	6861 of 8359	of Do	16th June, 1827,	3,000
	7383 of 7767	of Do	1st May, 1827,	2,400
	7534 of 1586	of Do	14th December, 1831,	3,000
	7907 of 3380	of Do	5th January, 1826,	600
	8022 of 3380	of Do	5th Do,	1,200
	8446 of 4345	of Do	8th February, 1826,	4 700
	8973 of 7262	of Do	23d December, 1826,	6,500
	9261 of 7767	of Do	1st May, 1827,	7,700
	10058 of 5370	of Do	2d June, 1826,	2,000
	10093 of 2037	of Do	22d September, 1825,	2,500
	10457 of 8533	of Do	2d June, 1827,	1,600
				1,11,000

	Notes No		Date	Amount
3d 5 per Cent Notes No	1038 of 1986	of 1829 30	31st January, 1831, for	10,000
	1098 of 1374	of Do	17th November 1830,	3,600
	1138 of 1993	of Do	31st January, 1831,	3,000
	1367 of 1050	of Do	12th September, 1830,	5,000
	2902	of Do	1st November, 1830,	1,400
	1662	of Do	12th January, 1831,	8,000
	8089 of 1977	of Do	31st Do,	40,000
	1001 of 4154	of Do	23d February, 1831,	2,000
	1021 of 1976	of Do	31st January, 1831,	2,500
	1022 of 1976	of Do	Ditto	25,000
				1,18,000

I In
any port o
the Gover

	Notes No		Date	Amount
per Cent Notes No	5118 of 1832 33,		1st May, 1832, for	15,000
registered a	11917	of Do	Do	2,000
of Parliamei	11928	of Do	Do	5,000
of India in (	11936	of Do	Do	5,000
for the Registr	12245	of Do	Do	12,000
to Sea any Seam	5 of 20,	of Do	Do	8,000
tices excepted),	1133 of 5073,	of Do	Do	3,000
enter into an ag	1719 of 6228,	of Do	Do	10,000
man, specifying	1720 of Do,	of Do	Do	10,000
ceive, and the	4687 of 11771,	of Do	Do	3,000
				73,000

he is to receive, (ent Notes No 553 of 9751 of 1835 36, 31st March, 1836, for Co's Rs 7,000

or serve, and the v

45 Notes, Three Lacs Nine Thousand Rs 3,09,000

be employed

Lollah Sewrutton Loll, Mooktearkar for Rajah Bejye Govind Singh Bahadur

II Every such May, 1849

set forth in Schedu

such other form a

জিলা পূরণিয়ার দেওয়ানী আদালতের বিজ্ঞাপন।

proved by the Gov যাতে গোপাল সিংহ আপনি ও কীরত সিংহের অছিস্বরূপ এবং রাজেন্দ্রনারায়ণ রায় ও

cil, and shall be pr আপেলান্ট কর্জদার সেই মোকদ্দমায় মারফুর ৭,৫৯,৩৮৪৶৩ টাকা ফিরিয়া পাইবার জন্যে রাজা

ed by the Master i বাহাদুর রেস্পাণ্ডেন্ট ডিক্রীদার অদ্য এই দরখাস্ত করিয়াছেন যে মহেন্দ্রনারায়ণ রায় নামক

presence of the Reg ৪৫ খান প্রোমিসরি নোট আমাকে দেওয়া যায় অতএব ১৮৪৯ সালের ২৪ আপ্রিল তারিখের

one appointed by him রোবকারীক্রমে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কাটিহার পরগনার সাএফগঞ্জনিবাসি

hearing the agreemen এক জন কর্জদার যদি নীচের লিখিত প্রোমিসরি নোট বিক্রয় করিতে কিম্বা অন্য কোন প্রকারে

[*Government Gazette*, *15th May*, 1849]

তাহা হস্তান্তর করিতে উদ্যত হন তবে কোন কেহ তাহা খরীদ করিবেন না যদি কেহ তাহা খরীদ করেন তবে সেই খরীদ বাতিল ও নামঞ্জুর হইবেক। ইতি ১৮৪৯ সাল তারিখ ২৪ আপ্রিল।

দ্বিতীয় শতকরা ৫৲ টাকার নোট ১৮২৫। ২৬ সালের

১২১৪ নম্বরের	১১৪২৫	নম্বরী	১৮২৬	সালের	৮ জানুআরি তারিখের সিক্কা	৫,৬০০৲ টাকা
২৮৪৬		ঐ	১৮২৫	ঐ	৮ নবেম্বর	২,০০০৲
২৯২৪		ঐ	১৮২৫	ঐ	১৭ নবেম্বর	২,০০০৲
৫৭০১		ঐ	১৮২৬	ঐ	১৯ আগস্ট	৫,০০০৲
৬০৬৮ ঐ	১৫৯৬	ঐ	১৮২৬	ঐ	১৬ সেপ্টেম্বর	১,৭০০৲
২০৩৩ ঐ	৩৬৭৯	ঐ	১৮৩০	ঐ	২৬ সেপ্টেম্বর	২০,০০০৲
২০৩৩ ঐ	৩৬৮০	ঐ	ঐ	ঐ	ঐ	১০,০০০৲
৬৬০২ ঐ	৩৩০৭	ঐ	১৮২৬	ঐ	৪ অক্টোবর	২,০০০৲
৪০১৯ ঐ	৪৪৩৭	ঐ	১৮২৮	ঐ	৩০ অক্টোবর	৫,০০০৲
৮১৮৮ ঐ	৪৬২৯	ঐ	১৮২৭	ঐ	১ মে	৮,০০০৲
৪৩৪৪ ঐ	৫৪০৪	ঐ	১৮২৬	ঐ	৮ ফেব্রুআরি	২,৫০০৲
২৪৯৯ ঐ	৫৬২৫	ঐ	১৮২৫	ঐ	২৫ অক্টোবর	২,০০০৲
৪৩৪৫ ঐ	৫৩৩২	ঐ	১৮২৬	ঐ	৮ ফেব্রুআরি	১০,০০০৲
৮৩৫৯ ঐ	৬৮৬১	ঐ	১৮২৭	ঐ	১৬ জুন	৩,০০০৲
৭৭৬৭ ঐ	৭৩৮৩	ঐ	১৮২৭	ঐ	১ মে	২,৪০০৲
১৫৮৮ ঐ	৭৫৩৪	ঐ	১৮৩১	ঐ	১৪ ডিসেম্বর	৩,০০০৲
৩৩৮০ ঐ	৭৯০৭	ঐ	১৮২৬	ঐ	৫ জানুআরি	৬০০৲
[illegible]৩৮০ ঐ	৮০২২	ঐ	ঐ	ঐ	ঐ	১,২০০৲
৪৩৪৫ ঐ	৮৪৪৬	ঐ	১৮২৬	ঐ	৮ ফেব্রুআরি	৪,৭০০৲
৭২৬২ ঐ	৮৯৭৩	ঐ	১৮২৬	ঐ	২৩ ডিসেম্বর	৬,৫০০৲
৭৭৬৭ ঐ	৯২৬১	ঐ	১৮২৭	ঐ	১ মে	৭,৭০০৲
৫৩৭০ ঐ	১০০৫৮	ঐ	১৮২৬	ঐ	২ জুন	২,০০০৲
২০৩৭ ঐ	১০০৯৩	ঐ	১৮২৫	ঐ	২২ সেপ্টেম্বর	২,৫০০৲
৮৫৩৩ ঐ	১০৪৫৭	ঐ	১৮২৭	ঐ	২ জুন	১,৬০০৲
					মোট	১,১১,[illegible]০০৲

তৃতীয় শতকরা ৫৲ টাকার নোট। ১৮২৯। ৩০ সালের

১৯৮৬ নম্বরের	১০৩৮	নম্বর	১৮৩১	সালের	৩১ জানুআরি	১০,০০০৲
১৩৭৪ ঐ	১০৯৮	ঐ	১৮৩০	ঐ	১৭ নবেম্বর	৩,৬০০৲
১৯৯৩ ঐ	১১৩৮	ঐ	১৮৩১	ঐ	৩১ জানুআরি	৩,০০০৲
[illegible]০৫০ ঐ	১৩৬৭	ঐ	১৮৩০	ঐ	১২ সেপ্টেম্বর	৫,০০০৲
২৯০২ ঐ			১৮৩০	ঐ	১ নবেম্বর	১,৪০০৲
১৬৬২ ঐ			১৮৩১	ঐ	১২ জানুআরি	৩,০০০৲
১৯৭৭ ঐ	৮০৮৯	ঐ	ঐ	ঐ	৩১ জানুআরি	৪০,০০০৲
৪৪৫৪ ঐ	১০০১	ঐ	১৮৩১	ঐ	২৩ ফেব্রুআরি	২,০০[illegible]
১৯৭৬ ঐ	১০২১	ঐ	১৮৩১	ঐ	৩১ জানুআরি	২,[illegible]
১৯৭৬ ঐ	১ ২২	ঐ	ঐ	ঐ	ঐ	২[illegible]০০৲
					মোট	১,১[illegible]০০৲

তৃতীয় শতকরা ৪৲ টাকার নোট ১৮৩২। ৩৩ সালের

৫১১৮ নম্বর		১৮৩২ সালের	১ মে	[illegible]০০০৲
১১৯১৭ ঐ		ঐ	ঐ	১৫,০০০৲
১১৯২৮ ঐ		ঐ	ঐ	২,০০০৲
১১৯৩৬ ঐ		ঐ	ঐ	৫,০০০৲
১২২৪৫ ঐ		ঐ	ঐ	৫,০০০৲
২০ নম্বরের	৫ নম্বর	ঐ	ঐ	১২,০০০৲
৫০৭৩ ঐ	১১৩৩	ঐ	ঐ	৮,০০০৲
৬২২৮ ঐ	১৭১৯	ঐ	ঐ	৩,০০০৲
ঐ ঐ	১৭২০	ঐ	ঐ	১০,০০০৲
১১৭৭১ ঐ	৪৬৮৭	ঐ	ঐ	১০,০০০৲
			মোট	৩,০০০৲
				৭৩,০০০৲

চতুর্থ শতকরা ৪৲ টাকার নোট ১৮৩৫। ৩৬ সালের ৯৭৫১ নম্বরের
৫৫৩ নম্বর ১৮৩৬ সালের ৩১ মার্চ ৭,০০০৲

৪৫ নোট মোট মূল্য ৩,০৯,০০০৲

শ্রীলালা শিবরতন লাল। শ্রীযুত রাজা বিজয়গোবিন্দ সিংহ বাহাদুরের মোক্তারকার।

কলিকাতা। ১৮৪৯ সাল ১০ মে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ১৫ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান ক্লার্কমন সাহেবকর্তৃক মুদ্রিত [illegible]

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 22, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ২২ মে।

DRAFT OF ACT

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 8TH MARCH, 1849

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 8th of March, 1849

ACT No —— OF 1849

An Act for the Encouragement of Merchant Seamen

For the encouragement and protection of Merchant Seamen, It is enacted as follows

I The Master of any Vessel navigated from any port of Registry within the Territories under the Government of the East India Company, and registered as a British Vessel, under the Statutes of Parliament and Acts of the Governor General of India in Council, in force for the time being, for the Registry of British Vessels shall not carry to Sea any Seaman, as one of his Crew, (Apprentices excepted), unless he shall first make and enter into an agreement in writing with such Seaman, specifying what wages such Seaman is to receive, and the quantity and quality of provisions he is to receive, the capacity in which he is to act, or serve, and the voyage in which the Vessel is to be employed

II Every such agreement shall be in the form set forth in Schedule (A) annexed to this Act, or such other form as shall be from time to time approved by the Governor General of India in Council, and shall be properly dated, and shall be signed by the Master and Seamen respectively in the presence of the Registrar of Seamen, or by some one appointed by him for that purpose, who, after hearing the agreement read over and explained to

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ৮ মার্চ।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ৮ মার্চ তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

বাণিজ্য জাহাজের খালাসীরদের প্রবৃত্তি জন্মাওনের আইন।

বাণিজ্য জাহাজের খালাসীরদের প্রবৃত্তি দেওন এবং রক্ষা করণার্থে নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। যে কোন জাহাজ ব্রিটনীয় জাহাজের রেজিষ্টরী করণের বিষয়ে সময়ক্রমে পার্লিমেণ্টের যে২ আইন ও শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের যে২ আইন চলন থাকে তাহার অনুসারে ব্রিটনীয় জাহাজ বলিয়া রেজিষ্টরী হইয়াছে এবং কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে রেজিষ্টরীসম্পর্কীয় কোন বন্দরহইতে বক্ত হয় সেই জাহাজের অধ্যক্ষ যদি কোন খালাসীর সঙ্গে লিখিত বন্দোবস্ত না করেন এবং ঐ খালাসীরা যে২ মাহিয়ানা পাইবেক এবং যত অথবা যে প্রকার আহারাদি পাইবেক এবং যে পদে নিযুক্ত হইবেক অথবা কর্ম্ম করিবেক এবং ঐ জাহাজ যে যাত্রাতে নিযুক্ত হইবেক তাহা ঐ বন্দোবস্তপত্রে নির্দ্দিষ্ট না করেন তবে আপ্রেণ্টিসছাড়া আপনার জাহাজী ব্যক্তির এক জনস্বরূপ কোন খালাসীকে সমুদ্রপথে লইয়া যাইবেন না ইতি।

২ ধারা। এই আইনের শেষের লিখিত A চিহ্নিত তফসীলে যে পাঠ নির্দ্দিষ্ট আছে অথবা সময়ক্রমে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে অন্য যে পাঠে সম্মত হন সেই পাঠানুসারে এইমত প্রত্যেক বন্দোবস্তপত্র লেখা যাইবেক এবং তাহাতে উপযুক্তমত তারিখ থাকিবেক এবং তাহাতে খালাসীরদের রেজিষ্টার সাহেবের অথবা তাঁহার দ্বারা তন্নিমিত্তে নিযুক্ত অন্য সাহেবের সাক্ষাতে ঐ জাহাজের অধ্যক্ষ ও খালাসীরা দস্তখৎ করিবেন। এবং ঐ রেজিষ্টার সাহেব প্রত্যেক খালাসীকে যে তাবৎ

each Seaman, in a language understood by him, shall, if the Seaman assent, cause him to put his signature or mark thereunto, and shall attest the same by his own signature, and shall keep record ed in his office a duplicate of such agreement executed and attested as aforesaid

III Every copy of such an agreement, certified by the Registrar to be a true copy, shall in all cases be taken as evidence of the contents thereof on behalf of the Seaman, and no Seaman shall in any case be required to produce such agreement, or such copy as aforesaid, or to give notice for the production thereof, but, if the agreement shall not be produced and proved, he shall be at liberty to prove the contents or purport thereof, or to establish his claim by other evidence according to the nature of the case

IV No Seaman, shipped under this Act, shall, by reason of any agreement, forfeit his lien upon the Ship, or be deprived of any remedy for the recovery of his wages to which he would otherwise be entitled against any person or persons whatever, and no agreement contrary to or inconsistent with this Act, nor any clause, contract, or engagement, whereby any Seaman shall consent or promise to forego, or give up any right or claim to wages in the case of Freight earned by a Ship afterwards lost, or any right or claim to salvage or reward for salvage services or such share of salvage or reward for salvage services as may be due to him by decree or award, or otherwise shall be binding on such Seaman

V The wages of any Seaman engaged to serve on any Vessel under this Act, shall be calculated by the calendar month

VI No Seaman shall be entitled to have more than one, two, or three months wages in advance when the destination of the Vessel is clearly specified, and does not extend beyond a Port, which is usually reached within those periods respectively, and if any dispute shall arise between the Master or Owner, and any Seaman as to the amount of advance to be received, the amount of such advance shall be determined by the Registrar, whose decision shall be final

VII If any Seaman, serving under the provisions of this Act, shall by a writing according to a form set forth in Schedule (B) annexed to this Act, or such other form as shall be from time to time approved by the Governor General of India in Council, attested by the signature of the Registrar or his Assistant, and by the signature of the Master of the Vessel on which he is engaged to serve, and in which writing the purpose shall be stated, authorise the said Registrar to receive monthly from the Owner of the said Vessel or his

সে ব্যক্তি বুঝে সেই ভাষায় ঐ বন্দোবস্ত শুনাইয়া ও বুঝাইয়া দেওনের পর যদি ঐ খালাসী তাহাতে সম্মত হয় তবে তাঁহাকে তাহাতে আপনার সহী বা ঢেরা দিতে হুকুম করিবেন এবং তাহাতে আপনি দস্তখৎ করিবেন এবং ঐ বন্দোবস্তপত্রের এক নকল পূর্ব্বমতে লিখিত ও সাক্ষির দ্বারা সহী হইলে তাঁহার দফ্তরের রোয়দাদে থাকিবেক ইতি।

৩ ধারা। এমত বন্দোবস্তপত্রের যে প্রত্যেক নকল রেজিষ্ট্রার সাহেব যথার্থ নকলের ন্যায় সর্টিফিকট লিখেন তাহা ঐ খালাসীর পক্ষে প্রত্যেক গতিকে ঐ বন্দোবস্তপত্রের মর্ম্মের বিষয়ে সাক্ষ্যস্বরূপ গ্রাহ্য হইবেক এবং কোন গতিকে কোন খালাসীকে ঐ বন্দোবস্তপত্র অথবা পূর্ব্বোক্তমত প্রস্তুতহওয়া তাহার নকল দেখাইতে কি তাহা দাখিল করণের এত্তেলা দিতে হুকুম করা যাইতে পারিবেক না। কিন্তু যদি ঐ বন্দোবস্তপত্র দাখিল না হয় এবং প্রমাণ করা না যায় তবে ঐ খালাসী ঐ বন্দোবস্তের মর্ম্ম অথবা তাহার অভিপ্রায়ের প্রমাণ দিতে পারিবেক অথবা বিষয়বিশেষে অন্য কোন সাক্ষ্যের দ্বারা আপনার দাওয়া সাব্যস্ত করিতে পারিবেক ইতি।

৪ ধারা। এই আইনানুসারে যে খালাসী কোন জাহাজে নিযুক্ত হয় এমত কোন খালাসীর করা কোন বন্দোবস্তক্রমে জাহাজের উপর তাহার যে দাওয়া আছে তাহা লোপ হইতে পারে না অথবা কোন ব্যক্তি বা ব্যক্তিরদের স্থানে আপনার মাহিয়ানা পাইবার যে প্রতিকারের স্বত্ব আছে তাহা কোন বন্দোবস্তের দ্বারা লোপ হইতে পারে না। এবং এই আইনের বিরুদ্ধ কি তাহার অনৈক্য কোন বন্দোবস্তের দ্বারা কোন খালাসী বদ্ধ হইতে পারে না। যে জাহাজ পরে নষ্ট হয় সেই জাহাজের ভাড়ার সম্পর্কে খালাসীর যে মাহিয়ানার অধিকার কিম্বা দাওয়া থাকে কিম্বা জাহাজ রক্ষা করণের পুরস্কারের বিষয়ে কি জাহাজ রক্ষা করণের উদ্যোগের বিষয়ে পারিতোষিকের যে কোন স্বত্ব ও দাওয়া থাকে অথবা ডিক্রী কি ফয়সলা বা প্রকারান্তরে জাহাজ রক্ষা করণের পুরস্কারের বা জাহাজ রক্ষা করণের উদ্যোগের পারিতোষিকের যে অংশের স্বত্ব ও দাওয়া থাকে তাহা ত্যাগ করিতে যদি কোন খালাসী কোন নিয়ম বা চুক্তি কিম্বা বন্দোবস্তের দ্বারা অনুমতি করে কি অঙ্গীকার করে তবে তাহার দ্বারা ঐ খালাসী বদ্ধ থাকিবেক না ইতি।

৫ ধারা। এই আইনক্রমে যে খালাসী কোন জাহাজে কর্ম্ম করিতে বন্দোবস্ত করে সেই খালাসীর মাহিয়ানা কালেণ্ডর মাসক্রমে গণ্য হইবেক ইতি।

৬ ধারা। যে বন্দরে কোন জাহাজ যাইতেছে তাহা যখন স্পষ্ট নির্দ্দিষ্ট হয় এবং সেই বন্দরে সেই জাহাজ পঁহুছিতে সামান্যতঃ এক বা দুই কি তিন মাসের অধিক কাল লাগে না তখন কোন খালাসী এক বা দুই কি তিন মাসের অধিক মাহিয়ানার দাদনীর দাওয়া করিতে পারে না। এবং যদি জাহাজের অধ্যক্ষ কি জাহাজের মালিকের কোন খালাসীর সঙ্গে ঐ প্রাপ্য দাদনীর সংখ্যার বিষয়ে বিরোধ জন্মে তবে ঐ দাদনীর সংখ্যা রেজিষ্ট্রার সাহেবের দ্বারা নির্ণয় হইবেক এবং তদ্বিষয়ে তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবেক ইতি।

৭ ধারা। এই আইনের বিধানের অনুসারে কর্ম্মকারি কোন খালাসী যদি এই আইনের শেষের লিখিত B চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট পাঠানুসারে অথবা সময়ক্রমে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনেরল বাহাদুর হজুর কৌন্সেলে অন্য যে পাঠ নির্দ্দিষ্ট করেন তদনুসারে এক লিপির দ্বারা রেজিষ্ট্রার সাহেবকে এই ক্ষমতা দেয় যে ঐ লিপিতে যে ব্যক্তি বা ব্যক্তিরা নিযুক্ত হইয়াছে তাহারদিগকে দেওনার্থে যে কালের নিমিত্তে আমি দাদনী পাই নাই সেই কালের নিমিত্তে আমার মাহিয়ানার তিন ভাগের এক ভাগের অনধিক টাকা উক্ত জাহাজের মালিক অথবা তাহার এজেন্টের স্থানে মাসেং

Agent, any part of his wages, not exceeding one-third thereof, for the time for which he shall not have received any advance, for the purpose of paying the same to such person or persons as he may have appointed in such writing, the said Owner or his Agent shall on demand of the said Registrar pay such sum to him, to be applied as aforesaid, without requiring any proof from the said Registrar that the said Seaman is still on board the said Vessel

VIII All such payments whether by the Owner, his Agent or by the Registrar, shall cease from and after the production of a certificate from the Master of the Vessel of the death, desertion or discharge of the said Seaman, but no payment actually made by the Registrar to the party appointed by the said Seaman, shall be reclaimable by reason of his death, desertion, or discharge

IX All such receipts and payments shall be entered in a book, and all entries in the said book shall be authenticated by the Registrar under his signature, or the signature of his Assistant, and the said book shall be at all times open to the inspection of the parties concerned

X At the time of witnessing the execution of the agreement for service, the Registrar shall explain to the Seamen parties thereunto the conditions on which they can allot a part of their pay to their families during their service, and it shall be the duty of the Registrar to see that all Seamen leaving the Port have the option of allotting part of their pay as aforesaid

XI The Master of every such Vessel before leaving the port of Registry shall deliver to the Registrar a list signed by himself of the name of every Seaman engaged by him at that port (including Apprentices) with their rating and the number of their Register Tickets according to the form of Schedule (B) annexed to this Act, or such other form as shall be from time to time approved by the Governor General of India in Council, and, if he shall not have engaged any Seaman at that Port, the Master shall deliver to the Registrar a certificate of the fact signed by himself and on receiving the said list or certificate, and, on being satisfied of its truth, the Registrar shall give to the Master a certificate under his hand that the Master of such Vessel has complied with the regulations of the Registry Office

XII For the purpose of preventing any Seaman from being shipped on board of any Vessel in any Port of Registry, contrary to the provisions of this Act, the Registrar of the port by himself, or his Agents, in a peaceable manner may enter at any time on board of any such Vessel, and muster and examine the several Seamen employed therein, and any person, who shall ob-

লন্ তবে সেই জাহাজের মালিক অথবা তাহার এজেন্ট উক্ত রেজিষ্ট্রার সাহেব দাওয়া করিলে সেই টাকা পূর্ব্বোক্তমতে ব্যয় হওনার্থে তাঁহাকে দিবেন এবং ঐ খালাসী এক্ষণেও উক্ত জাহাজে খাটিতেছে ইহার কোন প্রমাণ ঐ রেজিষ্ট্রার সাহেবের স্থানে চাহিবেন না। উক্ত লিপিতে রেজিষ্ট্রার সাহেব কি তাঁহার আসিষ্টান্টের এবং খালাসী যে জাহাজে খাটিতে অঙ্গীকার করিয়াছে সেই জাহাজের মালিকের সহী থাকিবেক এবং যে অভিপ্রায়ে ঐ লিপি দেওয়া গেল তাহা ঐ লিপির মধ্যে নির্দ্দিষ্ট থাকিবেক ইতি।

৮ ধারা। জাহাজের মালিক উক্ত খালাসীর মরণ কি পলায়ন কিম্বা তগীর হওনের এক সর্টিফিকট যে সময়ে দাখিল করেন সেই সময়অবধি এবং তাহার পর ঐ জাহাজের মালিক কিম্বা তাহার এজেন্ট অথবা রেজিষ্ট্রার সাহেবের দ্বারা সেইরূপ আর কোন টাকা দেওয়া যাইবেক না। কিন্তু ঐ খালাসী যে ব্যক্তিকে টাকা লইতে নিযুক্ত করিয়াছিল সেই ব্যক্তিকে রেজিষ্ট্রার সাহেব যে টাকা নিতান্ত দিয়াছেন তাহা ঐ খালাসীর মৃত্যু বা পলায়ন অথবা তগীর হওনেতে ফিরিয়া পাইবার দাওয়া হইতে পারিবেক না ইতি।

৯ ধারা। এইরূপ সকল রসীদ ও দেওয়া টাকা এক বহীর মধ্যে লেখা যাইবেক এবং ঐ বহীর মধ্যে যে কিছু লেখা যায় তাহা প্রমাণ হওনার্থে রেজিষ্ট্রার সাহেব কি তাঁহার আসিষ্টান্ট তাহাতে সহী করিবেন এবং সেই বিষয়ে যে২ ব্যক্তি লিপ্ত আছে তাহারদের তদারক করণার্থে সেই বহী নিয়ত খোলা থাকিবেক ইতি।

১০ ধারা। যখন রেজিষ্ট্রার সাহেব চাকরীর বন্দোবস্তপত্রে সাক্ষিস্বরূপ আপনার নাম লেখেন তখন ঐ সাহেব যে২ নিয়মক্রমে খালাসী চাকরী করণের সময়ে আপন২ পরিবারেরদিগকে তাহারদের মাহিয়ানার কতক ভাগ অর্পণ করিতে পারে তাহা ঐ২ খালাসীকে বুঝাইয়া দিবেন এবং রেজিষ্ট্রার সাহেবের কর্ত্তব্য যে বন্দর হইতে যত খালাসী যায় তাহারদিগকে বিশেষরূপে জ্ঞাত করেন যে তাহারা চাহিলে পূর্ব্বোক্তমতে তাহারদের মাহিয়ানার এক ভাগ তাহারা অর্পণ করিতে পারে ইতি।

১১ ধারা। ঐরূপ প্রত্যেক জাহাজের অধ্যক্ষ রেজিষ্টরীর বন্দরহইতে গমনের পূর্ব্বে আপ্রেণ্টিসসমেত ঐ বন্দরে তিনি যত খালাসীকে আপন জাহাজে নিযুক্ত করিয়াছেন তাহারদের নামের এবং তাহারদের মাহিয়ানার এবং এই আইনের শেষের লিখিত B চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট পাঠানুসারে অথবা সময়ক্রমে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে অন্য যে পাঠ নির্দ্দিষ্ট করেন তদনুসারে লিখিত তাহারদের রেজিষ্টরী টিকিটের নম্বর এক ফর্দ্দে লিখিয়া এবং তাহাতে দস্তখৎ করিয়া তাহা রেজিষ্ট্রার সাহেবকে দিবেন। এবং ঐ জাহাজের অধ্যক্ষ যদি ঐ বন্দরে কোন খালাসীকে নিযুক্ত না করিয়া থাকেন তবে তিনি সেই কথা এক সর্টিফিকটের মধ্যে লিখিয়া তাহাতে দস্তখৎ করিবেন এবং তাহা রেজিষ্ট্রার সাহেবকে দিবেন। এবং রেজিষ্ট্রার সাহেব ঐ ফর্দ্দ অথবা ঐ সর্টিফিকট পাইলে এবং তাহার সত্যতার বিষয়ে তাঁহার হৃদ্বোধ হইলে তিনি ঐ জাহাজের অধ্যক্ষকে আপনার দস্তখৎকরা এইমত এক সর্টিফিকট দিবেন যে ঐ জাহাজের অধ্যক্ষ রেজিষ্টরী দফতরের সকল নিয়ম প্রতিপালন করিয়াছেন ইতি।

১২ ধারা। রেজিষ্টরীর বন্দরে কোন জাহাজে কোন খালাসী এই আইনের বিধির বিরুদ্ধে নিযুক্ত না হয় এ নিমিত্তে ঐ বন্দরের রেজিষ্ট্রার সাহেব স্বয়ং কিম্বা তাঁহার এজেন্টেরা কোন সময়ে শিষ্টরূপে ঐপ্রকার কোন জাহাজের মধ্যে প্রবেশ করিতে পারেন এবং ঐ জাহাজে নিযুক্ত নানা খালাসীরদিগকে গণনা করিতে এবং জিজ্ঞাসাবাদ করিতে পারেন এবং এইরূপ কর্ম্ম করণেতে ঐ রেজিষ্ট্রার সাহেবের অথবা তাঁহার এজেন্টেরদিগের যে

struct the said Registrar or his Agents in such duty, shall be liable to a penalty not exceeding One Hundred Rupees

XIII In cases when the Registrar shall have reason to believe that any of the provisions of this Act has been evaded or neglected by the Master, Owner or Agent of any Ship about to go to sea, the Registrar, by a writing under his hand, may order the Pilot not to move with such Ship until leave is given by the Master Attendant, and every Pilot in charge of an outward bound Ship shall obey the written order of the Registrar in this respect

XIV The Master of every such Vessel, on which any Seamen, engaged under this Act, may be serving, shall, within seven days after the arrival of such Vessel at the Port, where the voyage ends, according to the agreement entered into in accordance with this Act, pay or cause to be paid to such Seamen the wages remaining due to them for their services during the said voyage, taking a receipt from each man for the amount paid to him, either separately or on a general list, which receipt shall be certified by the Chief or Second Officer, or other credible witness and otherwise shall be of no force or validity

XV If any Seaman, to whom any wages are due, die before the wages due have been paid, then the wages shall be paid to the Registrar, and the Registrar shall pay the same to his legal representative, and failing such legal representative, after the expiration of twelve months, from the First of January next ensuing from the day on which he shall have received the said balance, into the Treasury of the East India Company, after having given due notice of such unclaimed balance being in his possession, by advertisement in the Gazette, at least twice during such period

XVI Every Master of a Vessel, who shall be convicted before a Magistrate of having neglected to pay to the Registrar within ten days of the Ship's arrival in the Port as aforesaid, the wages due to deceased Seamen, shall forfeit three times the amount of wages so neglected to be paid And further shall be subject to such fine not exceeding One Hundred Rupees for each case of neglect, as to such Magistrate shall seem fit

XVII The Master Attendant at every Port shall be bound to furnish, on application, to any Seaman belonging to any Vessel, whose voyage is ended, or which has been safely anchored for forty eight hours, a certificate of the fact, and no Master or Owner of any Vessel so certified, shall detain any Seaman, not being a Mate, Gunner, or Steward, against his will, who has served the time for which he has received the regulated advance

XVIII If any Vessel on board of which there shall be any Seaman, who has received an advance under this Act, shall, before going on the

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪১। ২২ মে।]

কেহ প্রতিবন্ধকতা করে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

১৩ ধারা। যখন রেজিষ্ট্রার সাহেবের ইহা বোধ করিবার কারণ জন্মে যে সমুদ্রে গমনশীল জাহাজের অধ্যক্ষ কি মালিক অথবা এজেন্ট এই আইনের কোন বিধান এড়াইয়াছেন কি তাহা প্রতিপালন করেন নাই তখন ঐ রেজিষ্ট্রার সাহেব আপনার দস্তখৎকরা এক লিপির দ্বারা যাবৎ মাষ্টর এটেণ্ডান্ট সাহেবের অনুমতি না হয় তাবৎ ঐ জাহাজ সরাইতে কোন আড়কাটিকে নিষেধ করিতে পারেন। এবং সমুদ্রে গমনশীল জাহাজ যে আড়কাটির জিম্মায় থাকে সেই আড়কাটি এই বিষয়ে রেজিষ্ট্রার সাহেবের লিখিত হুকুম প্রতিপালন করিবেন ইতি।

১৪ ধারা। এই আইনানুসারে নিযুক্ত কোন খালাসী যে জাহাজে কর্ম্ম করিতেছে সেই জাহাজের অধ্যক্ষ যে বন্দরে যাত্রার শেষ হয় সেই বন্দরে ঐ জাহাজের পঁহুছনের পর সাত দিনের মধ্যে এই আইনক্রমে করা বন্দোবস্তের অনুসারে ঐ যাত্রায় ঐ২ খালাসীর মেহনতের জন্যে যে মাহিয়ানা বাকী থাকে তাহা ঐ খালাসীকে দিবেন বা দেওয়াইবেন। এবং প্রত্যেক ব্যক্তিকে যে টাকা দেওয়া যায় তাহার বিষয়ে তাহার স্থানে আলাহিদারূপে কি সাধারণ ফর্দ্দে এক রসীদ লইবেন এবং ঐ রসীদ জাহাজের প্রথম কি দ্বিতীয় মালিম অথবা অন্য বিশ্বাসযোগ্য সাক্ষী সাব্যস্ত করিবেন নতুবা তাহা বিফল ও বাতিল হইবেক ইতি।

১৫ ধারা। যে খালাসীর কোন মাহিয়ানা পাওনা থাকে সেই খালাসী যদি মাহিয়ানা পাইবার পূর্ব্বে মরে তবে ঐ মাহিয়ানা রেজিষ্ট্রার সাহেবের হাতে দেওয়া যাইবেক এবং ঐ রেজিষ্ট্রার সাহেব সেই খালাসীর আইনমত স্থলাভিষিক্ত ব্যক্তিকে তাহা দিবেন এবং তাহার ঐরূপ আইনমত স্থলাভিষিক্ত ব্যক্তি না থাকিলে যে দিবসে রেজিষ্ট্রার সাহেব ঐ টাকা পাইয়াছিলেন তাহার পর ১ জানুআরি তারিখঅবধি বারো মাস শেষ হইলে ঐ অবশিষ্ট টাকা কোম্পানি বাহাদরের খাজানাখানায় দাখিল করিবেন কিন্তু তাহার পূর্ব্বে অন্যূন দুইবার ঐ দাওয়া না হওয়া টাকা তাঁহার স্থানে থাকনের বিষয়ে গেজেটে ইশ্‌তিহারের দ্বারা উপযুক্ত এত্তেলা দিবেন ইতি।

১৬ ধারা। জাহাজের যে অধ্যক্ষের এই অপরাধ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হয় যে তিনি পূর্ব্বোক্ত মত বন্দরে জাহাজ পঁহুছনের পর দশ দিনের মধ্যে মৃত খালাসীর পাওনা মাহিয়ানা রেজিষ্ট্রার সাহেবকে দিতে ত্রুটি করিয়াছেন সেই জাহাজের অধ্যক্ষ যে মাহিয়ানা দিতে এইরূপ ত্রুটি করিয়াছিলেন তাহার তিনগুণ জরীমানা দিবেন এবং আরো মাজিষ্ট্রেট সাহেব যেমত উচিত বুঝেন সেইমতে প্রত্যেক ত্রুটির বিষয়ে ঐ অধ্যক্ষের এক শত টাকার অনধিক জরিমানা করিতে পারেন ইতি।

১৭ ধারা। প্রত্যেক বন্দরের মাষ্টর এটেণ্ডান্ট সাহেবের প্রতি হুকুম হইল যে যে জাহাজের যাত্রা শেষ হইয়াছে অথবা যে জাহাজ আটচল্লিশ ঘণ্টাপর্য্যন্ত নির্ব্বিঘ্নে নঙ্গর করিয়া আছে সেই জাহাজের কোন খালাসীকে তাহার দরখাস্তক্রমে সেই বিষয়ের সর্টিফিকট দেন। এবং যে জাহাজের বিষয়ে এইরূপ সর্টিফিকট হয় সেই জাহাজের অধ্যক্ষ অথবা মালিক "মেট" কি "গনর" কিম্বা "ষ্টুয়ার্ড" এই২ প্রকার ব্যক্তিভিন্ন যে কোন খালাসী যে মিয়াদের জন্যে নিয়মিত দাদন পাইয়াছিল সেই মিয়াদপর্য্যন্ত খাটিয়াছে তাহাকে তাহার ইচ্ছার বিরুদ্ধে জাহাজে আটক রাখিবেন না ইতি।

১৮ ধারা। যে কোন খালাসী এই আইনানুসারে কোন দাদন পাইয়াছে এমত খালাসী যে জাহাজে থাকে সেই জাহাজ যে যাত্রার জন্যে ঐ দাদন দেওয়া গিয়াছে

voyage for which such advance shall have been paid, be destroyed or injured by fire or other cause so as to prevent her going on her then intended voyage, or if such voyage shall be discomfited at the beginning, the Master, Owner, or Agent of such Vessel may demand from such Seaman, unless he shall pay back the amount so advanced to him, service to the full amount of the advance received by him, on board of any other Vessel, and such Seaman, until he has worked out such advance, shall not be entitled, without the consent of such Master, Owner, or Agent, to take service in any Vessel other than that on which he is so required to serve, and any such Seaman, who, on being taken to the Registrar either for the purpose of such transfer or for employment in another Vessel, shall refuse to go on board such Vessel, or to sign such agreements as are required by this Act, on summary conviction of such refusal before any Magistrate or Justice of the Peace, shall be liable to be imprisoned with hard labour for any term not exceeding six months

XIX The Registrar of Seamen may grant from time to time to such persons as he may deem fit, a license to act as broker for procuring Seamen for Vessels shipping men under this Act, and also may revoke and annul such license on the misconduct of any such person and every such license shall be granted for such term upon such conditions and upon such security given, as the said Registrar shall from time to time appoint

XX Every person not licensed as aforesaid, and not being the Owner, part Owner, Master, or person in charge of the Vessel, on board which the men are to serve, who shall hire, engage, supply, or provide a Seaman to be entered on board any Merchant Ship, at any Port of Registry, and every person, whether licensed or not, other than the Owner, part Owner, Master, or person in charge of the Merchant Ship on board of which the men are to serve, who shall demand or obtain the Register ticket of any Seaman, for the purpose or under the pretence of engaging him on board of any Merchant Ship, shall be liable to a penalty not exceeding Five Hundred Rupees

XXI Every Ghaut Serang, Crimp or other person, who shall persuade or endeavour to persuade, or hinder any Seaman from complying with any of the provisions of this Act, or who shall counsel such Seaman to desert, or who shall conceal, or aid in concealing or maintaining any Seaman, who has deserted, shall be liable to a penalty not exceeding Five Hundred Rupees

XXII. Any parents or guardians having the lawful charge of any boy, who has attained the age of twelve years, may bind him by Indenture,

[*Government Gazette, 22d May,* 1849]

সেই যাত্রায় গমনের পূর্ব্বে যদি বিনষ্ট হয় অথবা অগ্নি কি অন্য কোন কারণপ্রযুক্ত তাহার এইমত ক্ষতি হয় যে কল্পিত যাত্রায গমন করিতে পারে না অথবা সেই যাত্রার আরম্ভ সময়ে তাহা বিফল হয় তবে সেই জাহাজের অধ্যক্ষ কি মালিক কিম্বা এজেন্ট ঐ মত খালাসীর উপর এইমত দাওয়া করিতে পারেন যে ঐ ব্যক্তি যে দাদন পাইয়াছিল সেই দাদন ফিরিয়া দেয অথবা যত দাদন পাইয়াছিল তাহার সম্পূর্ণ সংখ্যার তুল্য অন্য কোন জাহাজে খাটে। এবং ঐ খালাসী যাবৎ খাটনের দ্বারা ঐ দাদন পরিশোধ না করে তাবৎ ঐ জাহাজের অধ্যক্ষ কি মালিক অথবা এজেন্টের অনুমতি বিনা যে জাহাজে তাহাকে খাটিবার হুকুম হইয়াছিল সেই জাহাজভিন্ন অন্য জাহাজে খাটিতে পারিবেক না। এবং এইমত যে কোন খালাসীকে এইরূপ অর্পণ হওনের জন্যে অথবা অন্য জাহাজে নিযুক্ত হওনের জন্য রেজিষ্ট্রার সাহেবের নিকটে লওয়া যায় সেই খালাসী যদি সেই জাহাজে যাইতে অথবা এই আইনের হুকুমমত বন্দোবস্তপত্রে সহী করিতে স্বীকার না করে তবে সেই অস্বীকার সরাসরীমতে কোন মাজিষ্ট্রেট সাহেব কি জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি ছয় মাসের অনধিক কাল কঠিন পরিশ্রমবিশিষ্ট কয়েদ হওনের যোগ্য হইবেক ইতি।

১৯ ধারা। খালাসীরদের রেজিষ্ট্রার সাহেব যাহারদিগকে উচিত বোধ করেন এমত ব্যক্তিরদিগকে সময়ক্রমে এই আইনানুসারে যেং জাহাজে খালাসী গ্রহণ হয সেইং জাহাজের জন্য খালাসী যোটাইবার দালালী কর্ম্ম করিতে পাট্টা দিতে পারেন এবং ঐ ব্যক্তি দুষ্কর্ম্ম করিলে সেই পাট্টা রদ ও বাতিল করিতে পারেন। এবং সময়ক্রমে ঐ রেজিষ্ট্রার সাহেব যে মিয়াদ ও যে নিয়ম এবং যে জামিন নিরূপণ করেন সেই মিয়াদের জন্যে এবং সেই নিয়মক্রমে এবং সেই জামিন লইয়া ঐ পাট্টা দেওয়া যাইবেক ইতি।

২০ ধারা। যে প্রত্যেক ব্যক্তি পূর্ব্বোক্তমতে পাট্টা না পাইয়া এবং যে জাহাজে খালাসীরা চাকরী করিতে স্বীকার করিযাছে সেই জাহাজের মালিক কি এক অংশের মালিক কিম্বা অধ্যক্ষ অথবা জাহাজ যাঁহার জিম্মায থাকে এমত ব্যক্তি না হইয়া কোন রেজিষ্টরী বন্দরে কোন বাণিজ্য জাহাজে নিযুক্ত হওনার্থে কোন খালাসীকে কেরায়া করে কি তাহার সঙ্গে বন্দোবস্ত করে বা তাহাকে যোটায বা প্রস্তুত করে এবং যে বাণিজ্য জাহাজের উপর খালাসীরা চাকরী করিতে স্বীকার করিযাছে সেই জাহাজ যাঁহার জিম্মায আছে তিনি কিম্বা সেই জাহাজের মালিক বা এক অংশের মালিক কিম্বা অধ্যক্ষছাড়া যে কোন ব্যক্তি পাট্টাদার হউক বা না হউক কোন বাণিজ্য জাহাজে কোন খালাসীকে নিযুক্ত করণের অভিপ্রায় বা তাহার ছলে ঐ খালাসীর রেজিষ্টরী টিকিট প্রাপ্ত হয় সেই ব্যক্তি পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

২১ ধারা। যে ঘাটের সারাঙ্গ বা দালাল কি অন্য ব্যক্তি এই আইনের কোন বিধির মতাচরণ না করিতে কোন খালাসীকে পরামর্শ দেয বা পরামর্শ দিতে উদ্যোগ করে বা আইন প্রতিপালন করণের প্রতিবন্ধকতা করে অথবা যে কোন ব্যক্তি কোন খালাসীকে পলায়ন করিতে পরামর্শ দেয কি যে খালাসী পলায়ন করিয়াছে তাহাকে আশ্রয দেয অথবা আশ্রয দেওনের বা খোরাক দিবার সাহায্য করে সেই ব্যক্তি পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

২২ ধারা। বারো বৎসর বয়ঃপ্রাপ্ত কোন বালকের পিতামাতা অথবা আইনমতে যে ব্যক্তি তাহার রক্ষক হয় সেই ব্যক্তি এই আইনের শেষের লিখিত B চিহ্নিত তফ-

of the form set forth in Schedule (B) annexed to this Act, or such other form as shall be from time to time approved by the Governor General of India in Council, to be an Apprentice in the Sea Service, to any Owner of such Vessel as aforesaid, for a term not exceeding five years, nor less than three years

XXIII Every such Indenture shall be executed by the contracting parties in the presence of the Registrar, who, on the personal appearance of the Apprentice, shall countersign the same, and make an entry thereof, with all the particulars of the said binding in a book to be kept for that purpose, and shall endorse such entry on the said Indenture, and the said Registrar shall be entitled to demand such fee for every such entry, as may be fixed by the Governor or Governor in Council of the Presidency or place, and shall be entitled to withhold such Indenture till such fee be paid

XXIV No Master of any Vessel, sailing under the provisions of this Act, shall carry to sea any Apprentice from any Port of Registry, until he shall have obtained such Indenture in the manner herein provided, and in case of default shall be liable to a penalty not exceeding Five Hundred Rupees

XXV All Indentures under this Act shall cease to be binding when the Apprentice has attained his legal age of majority, but, if any apprenticeship end during a voyage, and before the Ship's return to the Port of departure, such Apprentice shall notwithstanding continue until the return of the Ship to the said Port, but, after one calendar month from the end of such apprenticeship, the Apprentice shall receive the same wages as a Seaman of the Ship according to his qualifications

XXVI Any Magistrate or Justice of the Peace, residing at, or near any Port within the Territories subject to the East India Company, to which any such Vessel, having on board any Apprentice, shall at any time arrive, shall have full power to hear, and determine all claims of Apprentices upon their Masters under their Indentures, and all complaints of ill usage by their respective Masters toward any such Apprentices, or of misbehaviour on the part of any such Apprentices, and, if it shall appear to such Magistrate or Justice of the Peace, after due enquiry, that either party has been guilty of misbehaviour toward the other, he shall record a summary conviction of the same, and in his discretion may cancel the Indentures, and levy a fine not exceeding two hundred Rupees on the offender, any part of which he may give by an order in writing, by way of amends to the party injured Provided always, in case of the Indentures being cancelled, that the Magistrate or Justice of the Peace shall forthwith send them to the Registrar of the port at which they were executed

সীলের পাঠ অথবা সময়ক্রমে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে অন্য যে পাঠ নির্দ্দিষ্ট করেন তদনুসারে একরারনামার দ্বারা ঐ বালককে সমুদ্র কার্য্যে আপ্রেণ্টিসস্বরূপ পাঁচ বৎসরের অধিক না হয় এবং তিন বৎসরের কম না হয় এমত মিয়াদের জন্য পূর্ব্বোক্তমতে কোন জাহাজের অধ্যক্ষের নিকটে বদ্ধ করিতে পারে ইতি।

২৩ ধারা। এমত প্রত্যেক একরারনামাতে বন্দোবস্তকারি ব্যক্তিরদের দ্বারা রেজিষ্টর সাহেবের সম্মুখে সহী হইবেক এবং ঐ আপ্রেণ্টিস স্বয়ং তাঁহার নিকটে উপস্থিত হইলে তিনি তাহাতে স্বয়ং দস্তখৎ করিবেন এবং ঐ একরারনামা এবং তাহার সকল বৃত্তান্ত তন্নিমিত্তে প্রস্তুত হওয়া এক বহীর মধ্যে লিখিয়া রাখিবেন এবং ঐ একরারনামার পৃষ্ঠে লিখিবেন যে তাহা বহীর মধ্যে তোলা গিয়াছে এবং এমত প্রত্যেক বহীর মধ্যে লিখনের জন্যে সেই রাজধানীর বা স্থানের শ্রীযুত গবরনর সাহেব বা শ্রীযুত গবরনর বাহাদুর হজুর কৌন্সেলে যে রসুম নির্দ্দিষ্ট করেন সেই রসুম ঐ রেজিষ্টর সাহেব লইবেন এবং যাবৎ ঐ রসুম না দেওয়া যায় তাবৎ রেজিষ্টর সাহেব ঐ একরারনামা আপনার হাতে রাখিতে পারেন ইতি।

২৪ ধারা। এই আইনের বিধির অনুসারে যে জাহাজ সমুদ্রে গমন করে সেই জাহাজের অধ্যক্ষ যাবৎ এই আইনের নির্দ্দিষ্টমতে ঐ একরারনামা না পান তাবৎ ঐ জাহাজের অধ্যক্ষ রেজিষ্টরী কোন বন্দরহইতে কোন আপ্রেণ্টিস সমুদ্রপথে লইয়া যাইতে পারিবেন না এবং তাহার বিষয় ত্রুটি করিলে সেই ব্যক্তি পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

২৫ ধারা। এই আইনানুসারে যে সকল একরারনামা লেখা যায় তাহা ঐ আপ্রেণ্টিস আইনমতে বয়ঃপ্রাপ্ত হইলে আর প্রবল থাকিবেক না। কিন্তু যদি এমত কোন আপ্রেণ্টিসী বন্দোবস্তের মিয়াদ যাত্রার সময়ে এবং যে বন্দরহইতে জাহাজ রওয়ানা হইয়াছিল সেই বন্দরে জাহাজ পুনর্ব্বার না আসিতে২ সমাপ্ত হয় তবে ঐ আপ্রেণ্টিস জাহাজের ঐ বন্দরে পঁহুছনপর্য্যন্ত সেই জাহাজে কর্ম্ম করিতে থাকিবেক। কিন্তু ঐ আপ্রেণ্টিসের বন্দোবস্ত সমাপ্ত হওনের এক কালেণ্ডর মাস পরে ঐ আপ্রেণ্টিস আপনার যোগ্যতানুসারে ঐ জাহাজের খালাসীর তুল্য মাহিয়ানা পাইবেক ইতি।

২৬ ধারা। যে জাহাজের উপর এইমত কোন আপ্রেণ্টিস থাকে সেই জাহাজ কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে কোন সময়ে কোন বন্দরে পঁহুছিলে সেই বন্দর বা সেই বন্দরের নিকট নিবাসী কোন মাজিষ্ট্রেট কিম্বা জষ্টিস অফ দি পীস সাহেব আপন২ একরারনামাক্রমে আপন২ মনিবের উপর ঐ আপ্রেণ্টিসেরদের যে কোন দাওয়া থাকে এবং ঐ মনিবের ঐ আপ্রেণ্টিসেরদের প্রতি অন্যায়াচরণের বিষয়ে যে সকল নালিশ থাকে অথবা ঐ আপ্রেণ্টিসের কুক্রিয়ার বিষয়ে তাহার মনিবেরদের যে কোন নালিশ থাকে তাহা শুনিতে ও নিষ্পত্তি করিতে সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন। এবং যদি ঐ মাজিষ্ট্রেট অথবা জষ্টিস অফ দি পীস সাহেবের যথোচিত তদারকের পর দৃষ্ট হয় যে পরস্পর পরস্পরের প্রতি কোন কুব্যবহার করিয়া থাকে তবে তাহা সরাসরীমতে সাব্যস্ত হইয়াছে ইহা রোয়দাদের মধ্যে লিখিবেন এবং আপনার বিবেচনাক্রমে ঐ একরারনামা রাতিল করিতে পারেন এবং অপরাধি ব্যক্তির দুই শত টাকার অনধিক জরীমানা করিতে পারেন এবং লিখিত হুকুমের দ্বারা ঐ জরীমানার কোন ভাগ ক্ষতিগ্রস্ত ব্যক্তির ক্ষতি পূরণার্থে তাহাকে দিতে পারেন। কিন্তু যদি ঐ একরারনামা রদ হয় তবে ঐ মাজিষ্ট্রেট সাহেব কি জষ্টিস অফ দি পীস সাহেব তৎক্ষণাৎ যে বন্দরে তাহা লিখিত হইয়াছিল সেই বন্দরের রেজিষ্ট্রার সাহেবের নিকটে তাহা ফিরিয়া পাঠাইবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২২ মে।]

XXVII. Any Master of any such Vessel, who shall refuse or neglect without reasonable cause to send on shore, in charge of the Mate or other trustworthy person, any Apprentice desirous of complaining to a Magistrate, so soon as the service of the Vessel will allow, shall be liable to a penalty not exceeding One Hundred Rupees

XXVIII If a Seaman, whether before or during any voyage, shall at any time neglect or refuse to join the Vessel, on board of which he shall have engaged to serve, or shall refuse to go to sea in such Vessel, or shall absent himself therefrom without leave, or shall desert, any Justice of the Peace or Magistrate in the Territories under the Government of the East India Company at or near to the place, where such Vessel shall happen to be or where such Seaman shall be found, upon complaint made upon oath, by the Master, Mate, or Owner, or his Agent, may issue his warrant and cause such Seaman to be taken into custody and brought before him, and, upon due proof of such neglect, refusal, or absence, without reasonable excuse, or of desertion, may commit such Seaman to prison, or to the House of Correction, there to be imprisoned with or without hard labour for a term not exceeding thirty days, or, if he shall think fit, at the request of the Master, Mate, or Owner, or his Agent, instead of committing such Seaman, may cause him to be taken on board the said vessel, or to be delivered to the Master, Mate or Owner or his Agent, for the purpose of being so taken and going on the voyage, and also may award to the Master, or Owner, or his Agent, such costs incurred in the apprehension of the Seaman, as to such Justice or Magistrate shall seem reasonable, not exceeding in any case the sum of twenty Rupees, which shall be chargeable against, and may be deducted from the wages of such Seaman

[To be continued]

২৭ ধারা। যে আপ্রেন্টিস মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নালিশ করিতে চাহে যদি কোন জাহাজের অধ্যক্ষ জাহাজের কর্ম্মের যখন ব্যাঘাত হইবেক না এমত সময়ে তাহাকে কোন মালিম বা অন্য কোন বিশ্বস্ত ব্যক্তির জিম্মা করিয়া উপযুক্ত কারণবিনা কিনারায় পাঠাইতে ত্রুটি বা অস্বীকার করেন তবে তিনি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

২৮ ধারা। যদি কোন খালাসী যাত্রার পূর্ব্বে বা যাত্রার কোন সময়ে যে জাহাজে চাকরী করিতে অঙ্গীকার করিয়াছে সেই জাহাজে যাইতে ত্রুটি কি অস্বীকার করে অথবা সেই জাহাজে সমুদ্রে গমন করিতে স্বীকার না করে কি অনুমতি না পাইয়া জাহাজহইতে গরহাজির হয় অথবা পলায়ন করে তবে যে স্থানে বা যে স্থানের নিকটে ঐ জাহাজ থাকে অথবা ঐ খালাসীকে পাওয়া যায় সেই স্থানের কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে কোন মাজিষ্ট্রেট সাহেব বা কোন জুষ্টিস অফ দি পীস সাহেব জাহাজের অধ্যক্ষ কি মালিম কি মালিক ব তাহার এজেন্ট শপথপূর্ব্বক নালিশ করিলে ওয়ারেণ্ট বাহির করিয়া ঐ খালাসীকে গ্রেস্তার করিয়া আপনার নিকটে আনিবার হুকুম দিতে পারেন। এবং ঐ ত্রুটি বা অস্বীকার বা মাতবর কারণ বিনা গরহাজির অথবা পলায়নের উপযুক্ত প্রমাণ দেওয়া হইলে ঐ মাজিষ্ট্রেট সাহেবপ্রভৃতি ঐ খালাসীকে জেলখানায় কয়েদ করিতে পারেন অথবা হরিণবাড়ীতে পাঠাইতে পারেন এবং সেই ব্যক্তি সেখানে পরিশ্রমবিশিষ্ট বা তাহাবিনা ত্রিশ দিনের অধিক না হয় এমত মিয়াদে থাকনের যোগ্য হইবেক। অথবা ঐ মাজিষ্ট্রেট সাহেবপ্রভৃতি উচিত বোধ করিলে ঐ জাহাজের অধ্যক্ষ কি মালিম কি তাহার মালিক কিম্বা এজেন্টের প্রার্থনামতে ঐ খালাসীকে কয়েদ না করিয়া ঐ জাহাজে তাহাকে লইয়া যাইবার অথবা ঐ জাহাজে লইয়া যাওনার্থে এবং সমুদ্রে গমনার্থে ঐ জাহাজের অধ্যক্ষ কি মালিম কি মালিক বা এজেন্টের হাতে অর্পণ করিবার হুকুম দিতে পারেন। এবং ঐ খালাসীকে গ্রেস্তার করণের যে খরচা ঐ মাজিষ্ট্রেট কিম্বা জুষ্টিস অফ দি পীস সাহেব উপযুক্ত বোধ করেন তাহা যদি কুড়ি টাকার অধিক না হয় তবে জাহাজের অধ্যক্ষ কিম্বা মালিক অথবা এজেন্টকে দিবার হুকুম করিতে পারেন এবং তাহা খালাসীর শিরে পড়িবেক এবং তাহার মাহিয়ানাহইতে বাদ দেওয়া যাইতে পারে ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

LEAVES OF ABSENCE

The 16th May, 1849

Moulvee Abdool Jubbar, Moonsiff of Sundeep, Zillah Chittagong, for seven days in extension of the leave granted on the 11th instant

The 18th May, 1849

Mr R Finney, Moonsiff of 2d Town Division, Zillah Chittagong, for one month from the 1st proximo

The unexpired portion, viz, eleven days, of the leave of absence for six months, granted on the 21st December last, to Baboo Nobinchunder Mitter, Moonsiff of Rajapore, Zillah Hooghly, is cancelled at his own request

B J Colvin, *Register*

[*Government Gazette, 22d May,* 1849]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৯ সাল ১৬ মে।

জিলা চাটিগাঁর সন্দীপের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল জবর বর্ত্তমান মাসের ১১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত সাত দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ১৮ মে।

জিলা চাটিগাঁর নগরীর দ্বিতীয় খণ্ডের মুনসেফ শ্রীযুত আর ফিনি সাহেব আগামি মাসের ১ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা হুগলীর রাজাপুরের মুনসেফ শ্রীযুত বাবু নবীনচন্দ্র মিত্রকে গত ডিসেম্বর মাসের ২১ তারিখে যে ছয় সপ্তাহের ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্টকাল অর্থাৎ এগার দিন তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৬৪৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৪৯ সাল ৩ মে।

চব্বিশপরগনার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোবিন্দপ্রসাদ পণ্ডিত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৪ মে।

ভাগলপুরের সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ রফিক খাঁ স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ২৫ তারিখঅবধি চারি মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৬ মে।

হুগলীর প্রধান সদর আমীন শ্রীযুত বাবু লোকনাথ বসু বর্ত্তমান মাসের ৪ তারিখঅবধি দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ৮ মে।

শ্রীযুত এড্বার্ড ফ্রান্সিস হারিসন সাহেব (Mr Edward Francis Harrison,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেকটর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিবিশ্তায় নিযুক্ত হইয়া "বেণ্টিঙ্ক"নামক বাষ্পীয় জাহাজে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৬ তারিখে খাজুরীতে পঁহুছে।

১৮৪৯ সাল ১১ মে।

সিবিলসম্পর্কীয় সিবিশ্তার শ্রীযুত আর এম এড্বার্ডস সাহেব (Mr R M Edwards,) ও শ্রীযুত এফ বি সিমসন সাহেব (F B Simson,) এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

পাটনার মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টান্টী পদে নিযুক্ত শ্রীযুত জি এচ রিকেট্স সাহেব (Mr G H Ricketts,) বর্ত্তমান মাসের ১ তারিখে আপন কর্ম্মস্থানে পঁহুছেন।

শ্রীযুত জে ডনবার সাহেব (Mr J Dunbar,) বর্ত্তমান মাসের ৫ তারিখে সদর আদালতের একটিং জজী পদে উপবিষ্ট হন।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী ও মেডিকাল কালেজের সেক্রেটারী ও ত্রেজুরর শ্রীযুত ডাক্তর এফ জে মৌআট সাহেব (Dr F J Mouat,) বর্ত্তমান মাসের ৭ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৬৬৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ১০ মে।

বীরভূমের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত জি এ পেপর সাহেব (Mr G A Pepper,) জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত জে নেস্মিথ সাহেব (Mr J Nasmyth,) হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট কর্ণেল লারেন্সন সাহেব (Lieut Colonel Lawrenson,) উত্তর পশ্চিম দেশে গমন করিতেছেন তাঁহার পরিবর্ত্তে শ্রীযুত ব্রিবেট মেজর জি এচ সুইনবি সাহেব (Brevet Major G H Swinby,) দমদমার ডাকাধ্যক্ষ হইবেন।

১৮৪৯ সাল ১১ মে।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত জি ব্রাইট সাহেব (Mr G Bright,) ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৯ সাল ১০ মে।

সিবিলসম্পর্কীয় সিবিশ্তার শ্রীযুত ই জে সি রিচার্ডসন সাহেব (Mr E J C Richardson,) গত মাসের ২৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ১১ মে।

জিলা হুগলীর জাহানাবাদের ঔষধালয়ে নিযুক্ত সব আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু দয়ালচাঁদ বসাক যে তারিখে ছুটী লন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ১৫ মে।

কটকের সিবিল ও সেশন জজ শ্রীযুত এম এস গিলমোর সাহেব (Mr M S Gilmore,) দায়েরসায়েরী কর্ম্মে বালেশ্বরে গমনার্থ বর্ত্তমান মাসের ৫ তারিখে আপনার সিবিশ্তার কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু তারাকান্ত বিদ্যাসাগরের প্রতি অর্পণ করেন।

শ্রীযুত এ জি মাকডনাল্ড সাহেব (Mr A G Macdonald) বর্ত্তমান মাসের ৮ তারিখে রঙ্গপুরের মাজিষ্ট্রেটী কর্ম্মের ভার শ্রীযুত বি এচ কুপর সাহেবের (Mr B H Cooper,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত ডবলিউ টি ট্রটর সাহেব (W T Trotter,) বর্ত্তমান মাসের ৯ তারিখে রঙ্গপুরের সিবিল ও সেশন জজী কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত এ জি মাকডনাল্ড সাহেব (Mr A G Macdonald,) বর্ত্তমান মাসের ৯ তারিখে রঙ্গপুরের কালেকটরী কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ টি ট্রটর সাহেবের (Mr W T Trotter,) স্থানে গ্রহণ করেন।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জে গ্রান্ট সাহেব (Mr J Grant,) বর্ত্তমান মাসের ৯ তারিখে আপন সিবিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী গোলাম আসগরের প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৬৮৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ১৫ মে।

শ্রীযুত এম লিটল সাহেব (Mr M Little,) ত্রিপুরার আবকারীর সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন এবং ১৮৪০ সালের ২৫ আইনের ৩ ধারার নির্দ্দিষ্ট বিচারার্থ ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

শ্রীযুত ডবলিউ সি গ্রান্ট সাহেব (Mr W C Grant,) বাকরগঞ্জের আবকারীর সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন এবং ১৮৪০ সালের ২৫ আইনের ৩ ধারার নির্দ্দিষ্ট বিচারার্থ ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২২ মে।]

শ্রীযুত ডাক্তর নরমান চিবর্স সাহেব (Dr Norman Chevers,) চাটিগাঁর সিবিল আসিষ্টান্ট চিকিৎসক হইবেন।

১৮৪৯ সাল ১৬ মে।

শ্রীযুত এফ বি সিমসন সাহেব (Mr F B Simson,) রাজশাহীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

১৮৪৯ সাল ১৮ মে।

শ্রীযুত ডবলিউ টি লা সাহেব (Mr W T Law,) কলিকাতা নগরের পোলীসের সুপারিন্টেণ্ডেণ্ট হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ১৫ মে।

ত্রিহুতের ডেপুটী কালেক্টর শ্রীযুত এল এচ বয়লার্ড সাহেব (Mr L H Boilard,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে অতিরিক্ত চারি মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ১৮ মে।

বর্ত্তমান মাসের ২৪ তারিখ আগামি বৃহস্পতিবার শ্রীশ্রীমতী মহারাণীর জন্মদিন অতএব বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব হুকুম করিতেছেন যে সরকারী সকল দপ্তরখানা বন্দ হয়।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

INSOLVENT COURT

যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

In the matter of JOHN LACKERSTEEN, CHARLES ROBERT LACKERSTEEN, WILLIAM RICHARD LACKERSTEEN, and GEORGE FRANCIS LACKERSTEEN, Insolvents

NOTICE is hereby given, that by an order made by this Court, in this matter, on the Fifth day of May instant, the Official Assignee was directed to pay a Dividend of Company's Rupees Three per Cent upon all proved claims, and it was further ordered, that the said Official Assignee be allowed a commission of Five per Cent on the sum to be distributed as Dividends under this order, and that the same be accordingly allowed to him on passing his accounts of the said Estate

LYONS and BELL,
Attornies for John Cochrane, Esq, Official Assignee

কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

যোত্রহীন জান লাকর্ষ্টিন সাহেব ও চার্লস রাবর্ট লাকর্ষ্টিন সাহেব ও উলিয়ম রিচার্ড লাকর্ষ্টিন সাহেব ও জর্জ ফ্রান্সিস লাকর্ষ্টিন সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মে মাসের ৫ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে প্রমাণহওয়া সকল দাওয়ার উপর অফিসল আসৈনি সাহেব শতকরা কোং ৩১ টাকা ডিবিডেণ্ড দেন। আরো হুকুম হইল যে এই হুকুমক্রমে ডিবিডেণ্ডস্বরূপ যত টাকা দেওয়া যায় তাহার উপর শতকরা ৫১ টাকা কমিসান ঐ অফিসল আসৈনি সাহেবকে দেওয়া যায় তদনুসারে উক্ত ইষ্টেটের সম্পর্কে তাঁহার হিসাব নিকাশ হইলে পর ঐ টাকা তাঁহাকে দেওয়া যাইবেক।

লায়ন্স ও বেল।
অফিসল আসৈনি শ্রীযুত জান কাক্রেন সাহেবের উকীল।

On Saturday, the 5th day of May instant, it was ordered that the Assignee on claims duly established pay,

In the matter of FRANCIS BAILEY, a member of the Firm of Hickey, Bailey and Co, of Calcutta, Merchants and Brokers, an Insolvent

From Co's Rs 7,377 3 5 in his hands, a Dividend of Co's Rs 4 per Cent, which will amount to the sum of Co's Rs 6,698 13 6

বর্ত্তমান মে মাসের ৫ তারিখ শনিবারে হুকুম হইল যে দাওয়া উপযুক্তমতে সাবুদ হইলে আসৈনি সাহেব নীচের লিখিত বিষয়ে নীচেক্ত লিখিত টাকা দেন।

কলিকাতা নগরে সওদাগর ও দালাল যোত্রহীন হিক্কি বেলি কোম্পানির এক জন অংশী ফ্রান্সিস বেলি সাহেবের বিষয়ে

আসৈনি সাহেবের হাতে যে ৭,৩৭৭৶৫ টাকা আছে তাহাহইতে তিনি শতকরা ৪১ টাকা ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৬,৬৯৮৸৶৬ টাকা।

In the matter of RICHARD DODD, a member of the Firm of Hickey, Bailey and Co, of Calcutta, Merchants and Agents, an Insolvent

From Co's Rs 6,159 13 7 in his hands, a Dividend of Co's Rs 5 8 per Cent, which will amount to the sum of Co's Rs 5,671 12 7

কলিকাতা নগরে সওদাগর ও এজেন্ট যোত্রহীন হিক্কি বেলি কোম্পানির এক জন অংশী রিচার্ড ডড সাহেবের বিষয়ে

আসৈনি সাহেবের হাতে যে ৬,১৫৯৸৶৭ টাকা আছে তাহাহইতে তিনি শতকরা ৫৷৷০ টাকা ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৫,৬৭১৸৭ টাকা।

In the matter of CHARLES MARTEN, a member of the Firm of Hickey, Bailey and Co, of Calcutta, Merchants and Agents, an Insolvent

From Co.'s Rs 2,163 13 10 in his hands, a Dividend of Co's Rs 1 14 per Cent, which will amount to the sum of Co's Rs 1,918 15 4

কলিকাতা নগরে সওদাগর ও এজেন্ট যোত্রহীন হিকি বেলি কোম্পানির অংশী চার্লস মার্টিন সাহেবের বিষয়ে।

আসৈনি সাহেবের হাতে যে ১,১৬৩৬৵১০ টাকা আছে তাহাহইতে তিনি শতকরা ১৬৵ টাকা ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১,৯১৮৬৵৪ টাকা।

In the matter of PETRUSE JOHANNES SARKIES and WILLIAM WOOLLEY, the Younger, carrying on business under the name, style and firm of P J Sarkies and Co Insolvents

From Co's Rs 7,181 2-3 in his hands, a Dividend of Co's Rs 2 4 per Cent, which will amount to the sum of Co's Rs 6,467 9 0

যোত্রহীন পি যে সার্কিস কোম্পানির নামে কর্ম্মকারী পিত্রুস জোহানিস সার্কিস সাহেব ও ছোট উলিয়ম উলি সাহেবের বিষয়ে।

আসৈনি সাহেবের হাতে যে ৭,১৮১৶৩ টাকা আছে তাহাহইতে তিনি শতকরা ২ ।০ টাকা ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৬,৪৬৭ ॥৵ ০ টাকা।

In the matter of PETRUSE JOHANNES SARKIES, a member of the firm of P J Sarkies and Co, in Insolvent

From Co's Rs 2,983 4 4 in his hands, a Dividend of Co's Rs 1-12 per Cent, which will amount to the sum of Co's Rs 2703 11 7

Official Assignee's Office, Calcutta, 19th May, 1819

যোত্রহীন পি যে সার্কিস কোম্পানির অংশী পিত্রুস জোহানিস সার্কিস সাহেবের বিষয়ে

আসৈনি সাহেবের হাতে যে ২,৯৮৩ ।৪ টাকা আছে তাহাহইতে তিনি শতকরা ১৸০ টাকা ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ,৭০৩৸৶৭ টাকা।

অফিসল আসৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৪৯ সাল ১৯ মে।

MISCELLANEOUS ADVERTISEMENTS — সাধারণ ব্যক্তিবদের ইশ্তিহার।

NOTIFICATION OF THE DEWANNY ADAWLUT OF ZILLAH PURNEAH

This day a Petition having been presented by Rajah Bejye Govind Singh Bihadur, Respondent Decreeholder, in the suit wherein Gopaul Singh for himself and as Executor of Keerut Singh and Rajindernarayn Roy and Mohendurnarayn Roy, were Appellants (debtors), for the recovery of 7,59,384 2 , besides interest, praying that 45 Promissory Notes belonging to Mohendurnarayn Roy one of the debtors, may be delivered to him, therefore, in accordance with the Roobikarry of this Court, dated the 24th day of April, 1849, Notice is hereby given, that if Mohendurnarayn Roy, one of the debtors, inhabitants of Saif Gunge, Pergunnah Cuttehar, offer the Promissory Notes mentioned below for sale or otherwise to part with the same, nobody shall purchase them, if they do, the purchase shall be invalid and inadmissible Dated the 24th of April, 1849

	No.		Loan	Date	Sa Rs
2d 5 per Cent Notes No	11425	of 1214	of 1825 26,	8th January 1826, for Sa Rs	5 600
	2846		of Do	8th November, 1825,	2,000
	2924		of Do	17th Do,	2,000
	5701		of Do	19th August, 1826,	5,000
	1596	of 6068	of Do	16th September ,	1 700
	3679	of 2033	of Do	26th Do, 1830,	20,000
	3680	of 2033	of Do	Do,	10,000
	3807	of 6602	of Do	4th October, 1826,	2,000
	4457	of 4019	of Do	30th October, 1828,	5 000
	4629	of 8188	of Do	1st May, 1827,	8,000
	5404	of 4314	of Do	8th February, 1826,	2,500
	5655	of 2499	of Do	25th October, 1825	2,000
	5332	of 4315	of Do	8th February, 1826,	10 000
	6861	of 8359	of Do	16th June 1827,	3,000
	7383	of 7767	of Do	1st May, 1827,	2,100
	7534	of 1588	of Do	14th December, 1831,	3,000
	7907	of 3380	of Do	5th January, 1826,	600
	8022	of 3380	of Do	5th Do,	1,200
	8446	of 4315	of Do	8th February, 1826,	4,700
	8973	of 7262	of Do	23d December, 1826,	6,500
	9261	of 7767	of Do	1st May, 1827,	7,700
	10058	of 5370	of Do	2d June, 1826	2,000
	10093	of 2037	of Do	22d September, 1825,	2 500
	10457	of 8533	of Do	2d June, 1827,	1,600
					1,11,000

	No.		Loan	Date	Rs
3d 5 per Cent Notes No	1038	of 1986	of 1829 30,	31st January, 1831, for	10,000
	1098	of 1574	of Do	17th November 1830,	3,600
	1138	of 1993	of Do	31st January, 1831,	3,000
	1367	of 1050	of Do	12th September, 1830,	5 000
	2902		of Do	1st November, 1830,	1 400
	1662		of Do	12th January, 1831,	3 000
	8089	of 1977	of Do	31st Do,	40,000
	1001	of 1504	of Do	23d February, 1831,	2,000
	1021	of 1976	of Do	31st January, 1831,	2,500
	1022	of 1976	of Do	Ditto	25,000
					1,18,000

3d 4 per Cent Notes No 5118 of 1832 33,	1st May, 1832, for		15,000
11917	of Do	Do	2,000
11928	of Do	Do	5,000
11936	of Do	Do	5,000
12245	of Do	Do	12,000
5 of 20,	of Do	Do	8,000
1133 of 5073,	of Do	Do	3,000
1719 of 6228,	of Do	Do	10,000
1720 of Do,	of Do	Do	10,000
4687 of 11771,	of Do	Do	3,000
			73,000

4th 4 per Cent Notes No 553 of 9751 of 1835 36, 31st March, 1836, for Co's Rs 7,000

45 Notes, Three Lacs Nine Thousand Rs 3,09,000

Lollah Sewrutton Loll, Mooktearkar for Rajah Bejye Govind Singh Bahadur
Calcutta, 10th May, 1849

জিলা পূরণিয়ার দেওয়ানী আদালতের বিজ্ঞাপন।

যে মোকদ্দমাতে গোপাল সিংহ আপনি ও কারত সিংহের অছিস্বরূপ এবং রাজেন্দ্রনারায়ণ রায় ও মহেন্দ্রনারায়ণ রায় আপেলান্ট কর্জদার সেই মোকদ্দমায় মায়সুদ ৭,২৯,৩৮৪৶৩ টাকা ফিরিয়া পাইবার জন্যে রাজা বিজয়গোবিন্দ সিংহ বাহাদুর রেসপাণ্ডেন্ট ডিক্রীদার অদ্য এই দরখাস্ত করিয়াছেন যে মহেন্দ্রনারায়ণ রায় নামক এক জন কর্জদারের ৪৫ খান প্রোমিসরি নোট আমাকে দেওয়া যায় অতএব ১৮৪৯ সালের ২৪ আপ্রিল তারিখের এই আদালতের রুবকারীক্রমে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কাটিহার পরগনার সায়েফগঞ্জনিবাসি মহেন্দ্রনারায়ণ রায় এক জন কর্জদার যদি নীচের লিখিত প্রোমিসরি নোট বিক্রয় করিতে কিম্বা অন্য কোন প্রকারে হস্তান্তর করিতে উদ্যত হন তবে কোন কেহ তাহা খরীদ করিবেন না যদি কেহ তাহা খরীদ করেন তবে সেই খরীদ বাতিল ও নামঞ্জুর হইবেক ইতি। ১৮৪৯ সাল তারিখ ২৪ আপ্রিল।

দ্বিতীয় শতকরা ৫৲ টাকার নোট ১৮২৫। ২৬ সালের

১২১৪ নম্বরের	১১৪২৫	নম্বরী	১৮২৬	সালের	৮ জানুআরি তারিখের সিক্কা		৫,৬০০৲ টাকা
২৮৪৬		ঐ	১৮২৫	ঐ	৮ নবেম্বর		২,০০০৲
২৯২৪		ঐ	১৮২৫	ঐ	১৭ নবেম্বর		২,০০০৲
৫৭০১		ঐ	১৮২৬	ঐ	১৯ আগষ্ট		৫,০০০৲
৬০৬৮ ঐ	১৫৯৬	ঐ	১৮২৬	ঐ	১৬ সেপ্টেম্বর		১,৭০০৲
২০৩৩ ঐ	৩৬৭৯	ঐ	১৮৩০	ঐ	২৬ সেপ্টেম্বর		২০,০০০৲
১০৩৩ ঐ	৩৬৮০	ঐ	ঐ	ঐ	ঐ		১,০০০৲
৬৬০১ ঐ	৩৩০৭	ঐ	১৮২৬	ঐ	৪ অকটোবর		১,০০০৲
৪০১৯ ঐ	৪৪৩৭	ঐ	১৮২৮	ঐ	৩০ অকটোবর		৫,০০০৲
৮১৮৮ ঐ	৪৬২৯	ঐ	১৮২৭	ঐ	১ মে		৮, ০০৲
৪৩৪৪ ঐ	৫৪০৪	ঐ	১৮২৬	ঐ	৮ ফেব্রুআরি		২,৫০ ৲
২৪৯৯ ঐ	৫৬৫৫	ঐ	১৮২৫	ঐ	২৫ অকটোবর		১,০০০৲
৪৩৪৫ ঐ	৫৩৩১	ঐ	১৮২৬	ঐ	৮ ফেব্রুআরি		১০,০০০৲
৮৩২৯ ঐ	৬৮৬১	ঐ	১৮২৭	ঐ	১৬ জুন		৩,০০০৲
৭৭৬৭ ঐ	৭৩৮৩	ঐ	১৮২৭	ঐ	১ মে		২,৪০০৲
১৫৮৮ ঐ	৭৫৩৪	ঐ	১৮৩১	ঐ	১৪ ডিসেম্বর		৩, ০০৲
৩৩৮০ ঐ	৭৯০৭	ঐ	১৮২৬	ঐ	৫ জানুআরি		৬০০৲
৩৩৮০ ঐ	৮ ২১	ঐ	ঐ	ঐ	ঐ		১,২০০৲
৪৩৪৫ ঐ	৮৪৪৬	ঐ	১৮২৬	ঐ	৮ ফেব্রুআরি		৪,৭০০৲
৭২৬১ ঐ	৮৯৭৩	ঐ	১৮২৬	ঐ	১৩ ডিসেম্বর		৬,৫০০৲
৭৭৬৭ ঐ	৯২৬১	ঐ	১৮২৭	ঐ	১ মে		৭,৭০০৲
৫৩৭০ ঐ	১০০৫৮	ঐ	১৮২৬	ঐ	১ জন		২,০০০৲
২০৩৭ ঐ	১০০৯৩	ঐ	১৮২৫	ঐ	১২ সেপ্টেম্বর		২,৫০০৲
৮৫৩৩ ঐ	১০৪৫৭	ঐ	১৮২৭	ঐ	২ জুন		১,৬০০৲
						মোট	১,১১,০০০৲

তৃতীয় শতকরা ৫৲ টাকার নোট। ১৮২৯। ৩০ সালের

১৯৮৬ নম্বরের	১০৩৮	নম্বর	১৮৩১	সালের	৩১ জানুআরি		১,০০০৲
১৩৭৪ ঐ	১০৯৮	ঐ	১৮৩০	ঐ	১৭ নবেম্বর		২,৬০০৲
১৯৯৩ ঐ	১১৩৮	ঐ	১৮৩১	ঐ	৩১ জানুআরি		৩,০০০৲
১০৫০ ঐ	১৩৬৭	ঐ	১৮৩০	ঐ	১২ সেপ্টেম্বর		৫,০০০৲
২৯০১ ঐ			১৮৩০	ঐ	১ নবেম্বর		১,৪০০৲
১৬৬২ ঐ			১৮৩১	ঐ	১২ জানুআরি		৩,০০০৲
১৯৭৭ ঐ	৮০৮৯	ঐ	ঐ	ঐ	৩১ জানুআরি		৪০,০০০৲
৪৪৫৪ ঐ	১০০১	ঐ	১৮৩১	ঐ	২৩ ফেব্রুআরি		১,০০০৲
১৯৭৬ ঐ	১০২১	ঐ	১৮৩১	ঐ	৩১ জানুআরি		২,৫০ ৲
১৯৭৬ ঐ	১০২২	ঐ	ঐ	ঐ	ঐ		২৫,০০০৲
						মোট	১,১৮,০০০৲

[*Government Gazette, 22d May, 1849*]

তৃতীয় শতকরা ৪৲ টাকার নোট ১৮৩২। ৩৩ সালের

৫১১৮ নম্বর	১৮৩২	সালের	১ মে	১৫,০০০৲
১১৯১৭ ঐ		ঐ	ঐ	২,০০০৲
১১৯২৮ ঐ		ঐ	ঐ	৫,০০০৲
১১৯৩৬ ঐ		ঐ	ঐ	৫,০০০৲
১২২৪৫ ঐ		ঐ	ঐ	১২,০০০৲
২০ নম্বরের	৫ নম্বর	ঐ	ঐ	৮,০০০৲
৫০৭৩ ঐ	১১৩৩	ঐ	ঐ	৩,০০০৲
৬২২৮. ঐ	১৭১৯	ঐ	ঐ	১০,০০০৲
ঐ ঐ	১৭২০	ঐ	ঐ	১০,০০০৲
১১৭৭১ ঐ	৪৬৮৭	ঐ	ঐ	৩,০০০৲
			মোট	৭৩,০০০৲

চতুর্থ শতকরা ৪৲ টাকার নোট ১৮৩৫। ৩৬ সালের ৯৭৫১ নম্বরের
৫৫৩ নম্বর ১৮৩৬ সালের ৩১ মার্চ . . . ৭,০০০৲

৪৫ নোট মোট মূল্য ৩,০৯,০০০৲

শ্রীলালা শিববক্স লাল। শ্রীযুত রাজা বিজয়গোবিন্দ সিংহ বাহাদুরের মোখ্তারকার।
কলিকাতা। ১৮৪৯ সাল ১০ মে।

DECISIONS OF THE SUDDER DEWANNY ADAWLUT

The terms of Subscription to the Decisions are reduced from the commencement of the year 1849, to Twenty Rupees, or Sixteen Rupees per annum, if paid in advance

Applications to be made to Mr R Norris, Sudder Dewanny Adawlut

সদর দেওয়ানী আদালতের নিষ্পত্তি।

সদর আদালতের নিষ্পত্তির বহীর মূল্য ১৮৪৯ সালের আরম্ভঅবধি কম করা গিয়াছে। অর্থাৎ বৎসরে ২০৲ টাকা অথবা আগাম দেওয়া গেলে ১৬৲ টাকা মূল্য হইয়াছে।

যে কেহ ঐ বহী চাহেন তিনি সদর দেওয়ানী আদালতে শ্রীযুত আর নরিস সাহেবের নিকটে পত্র পাঠাইলে পাইতে পারেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২২ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

SOLI SPECTO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 29, 1849

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ২৯ মে।

DRAFTS OF ACTS

ACT No —— of 1849

An Act for the Encouragement of Merchant Seamen

[Continued from page 263]

XXIX Every Seaman engaged under this Act, who, during the term of his service shall wilfully, and, without leave, absent himself from the vessel, or otherwise from his duty, shall, (in all cases, not of desertion, or not treated as such by the Master,) forfeit out of his wages the amount of two days' pay, and for every twenty four hours of such absence the amount of six days' pay, or, at the option of the Master, the amount of such expences as shall have been necessarily incurred in hiring a substitute, and every Seaman, who, while he shall belong to the vessel, shall without sufficient cause neglect or refuse to perform his duty reasonably required of him by the Master, or other person in command of the vessel, shall be subject to a like forfeiture in respect of every such offence, and of every twenty four hours' continuance thereof, and every such Seaman, who, after the vessel's arrival at her port of delivery, shall leave the vessel without a discharge, or leave from the Master, shall forfeit one month's pay out of his wages Provided always, that no such forfeiture shall be incurred unless the fact of the Seaman's absence, neglect, or refusal shall be duly entered in the Log Book, the truth of which entry the Owner, Master or Agent in all cases of dispute, shall be bound to substantiate by the evidence of the Mate, or some other credible witness

XXX. Every Seaman engaged under this Act, who shall desert his vessel, shall forfeit to the Owner all his clothes and effects which he may

আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

বাণিজ্য জাহাজের খালাসীরদের প্রবৃত্তি জন্মাওনের আইন।

[২৬৩ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

২৯ ধারা। যে প্রত্যেক খালাসী এই আইনানুসারে নিযুক্ত হয় সেই খালাসী আপন চাকরীর সময়ে যদি জানিয়াশুনিয়া এবং অনুমতি বিনা আপনার জাহাজহইতে স্থানান্তর হন বা প্রকারান্তরে আপনার কর্ম্মহইতে গরহাজির হয় এবং তাহার অপরাধ পলায়নের অপরাধ না হয় কি আপন মনিব পলায়নের অপরাধের ন্যায় তাহা জ্ঞান না করেন তবে সেই খালাসীর দুই দিনের মাহিয়ানা জরীমানা হইবেক এবং যে প্রত্যেক চব্বিশ ঘণ্টা সেই ব্যক্তি গরহাজির থাকে তাহার জন্যে ছয় দিবসের মাহিয়ানা জরীমানা দিবেক অথবা আপনার মনিবের বিবেচনা ও ইচ্ছাক্রমে তাহার পরিবর্ত্তে এক জনকে নিযুক্ত করণেতে যাহা লাগে তাহা সেই ব্যক্তি দিবেক। এবং জাহাজে নিযুক্ত থাকন সময়ে যে প্রত্যেক খালাসী আপন মনিব বা যে ব্যক্তির অধীনে জাহাজ থাকে সেই ব্যক্তি ওয়াজিবীমতে তাহাকে যে কর্ম্ম করিতে হুকুম দেন তাহা মাতবর কারণ বিনা করিতে অস্বীকার বা ত্রুটি করে সেইরূপ প্রত্যেক অপরাধের জন্যে তাহার উপরের উক্ত দণ্ড হইবেক এবং যে প্রত্যেক চব্বিশ ঘণ্টাপর্য্যন্ত সেইরূপ অপরাধ হয় তাহার জন্যে উপরের উক্তমতে দণ্ড হইবেক। এবং এইরূপ যে প্রত্যেক খালাসী জাহাজের লক্ষিত বন্দরে পঁহুছিলে পর খালাস না হইয়া অথবা আপনার মনিবের অনুমতি না পাইয়া জাহাজ ত্যাগ করে সেই ব্যক্তির এক মাসের মাহিয়ানা জরীমানা লাগিবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে যদি ঐ খালাসীর গরহাজির অথবা ত্রুটি বা অস্বীকার রীতিমতে "লগ বুক" অর্থাৎ জাহাজের বৃত্তান্তের বহীতে লেখা না যায় তবে সেই ব্যক্তির সেইরূপ জরীমানা হইবেক না এবং সেই বিষয়ের বিরোধ হইলে তাহার লিপির সত্যতা ঐ জাহাজের মালিক বা অধ্যক্ষ কি এজেণ্ট মালিমের বা অন্য কোন বিশ্বাস যোগ্য সাক্ষ্যের প্রমাণেতে দ্বারা সাব্যস্ত করিবেন ইতি।

৩০ ধারা। এই আইনানুসারে নিযুক্ত যে প্রত্যেক খালাসী আপন জাহাজহইতে পলায়ন করে ঐ জাহাজে সেই ব্যক্তির যে সকল কাপড় এবং দ্রব্যাদি থাকে এবং

leave on board, and also all wages and emoluments to which he might otherwise be entitled, Provided always, that every desertion be entered in the Log Book at the time, and certified by the signatures of the Master and the Mate, or the Master and one credible witness

XXXI If any Seaman shall desert, during the term for which he has engaged to serve, in any place beyond the Port where he was engaged, and the Master of the vessel shall engage a substitute at a higher rate of wages than that stipulated in the agreement to be paid to the Seaman so deserting, the Owner, Agent or Master of the vessel shall be entitled to recover from the deserter, by summary proceeding in the same manner as penalties are by this Act made recoverable, (so far as the same can be applied,) any excess of wages or portion thereof, which such Owner, Agent, or Master shall pay to such substitute, beyond the amount which would have been payable to the deserter, if he had duly performed his service Provided always, that no Seaman shall be imprisoned longer than three calendar months for non-payment of any such excess of wages

XXXII The absence of a Seaman from his vessel for any time within twenty four hours immediately before the sailing of a vessel from any Port, whether before or during any voyage, wilfully or knowingly, without leave, or the wilful absence of a Seaman from his vessel, at or for any time, without leave, and in such manner as to shew an intention to abandon his vessel and not return thereto, shall be deemed desertion

XXXIII Every person, who shall wilfully harbour or conceal any Seaman or Apprentice, who shall have deserted, knowing or having reason to believe such Seaman or Apprentice to be a deserter, shall for every such Seaman or Apprentice so harboured or concealed, be liable to a penalty not exceeding One Hundred Rupees

XXXIV No debt exceeding in amount three Rupees, incurred by any Seaman after he shall have engaged to serve under this Act, shall be recoverable until the service agreed for shall be ended, nor shall any Keeper of a Public House, or of a Lodging House for Seamen be entitled to detain any chest, tools, or other property of any Seaman for any debt alleged to have been contracted by him, and in case of such detention of the chest, tools, or other property of a Seaman any Justice of the Peace or Magistrate at or near the place, upon complaint upon oath to be made by such Seaman, or by any person on his behalf, may enquire into the matter upon oath, in a summary way, and by warrant under his hand and seal may cause such property to be seized and delivered over to such Seaman, and the person so detaining the same shall be liable to a penalty not exceeding One Hundred Rupees

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৯ মে।]

যে সকল মাহিয়ানা এবং প্রাপ্তি তাহার পাওনা থাকে তাহা জব্দ হইয়া জাহাজের মালিককে দেওয়া যাইবেক। কিন্তু জান্য কর্ত্তব্য যে এইরূপ প্রত্যেক পলায়নের সম্বাদ তৎকালেই পূর্ব্বোক্ত "লগ বুকের" মধ্যে লিখিতে হইবেক এবং জাহাজের অধ্যক্ষ ও মালিম কিম্বা ঐ অধ্যক্ষ এবং এক জন বিশ্বাস যোগ্য সাক্ষী তাহাতে সহী করিবেন ইতি।

৩১ ধারা। যে বন্দরে কোন খালাসী চাকরীতে নিযুক্ত হইয়াছিল তাহাছাড়া অন্য কোন স্থানে যদি কোন খালাসী আপনার বন্দোবস্তের মিয়াদের মধ্যে পলায়ন করে এবং যদি ঐ জাহাজের অধ্যক্ষ পলাতক খালাসীকে যে মাহিয়ানা দিবার বন্দোবস্ত করিয়াছিলেন তদপেক্ষা অধিক মাহিয়ানাতে তাহার এওজে কোন ব্যক্তিকে নিযুক্ত করেন তবে ঐ জাহাজের মালিক কি এজেণ্ট বা অধ্যক্ষ এই আইনের লিখিত জরীমানা যেরূপে আদায় করা যায় তাহা যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত সেইরূপে সরাসরী কার্য্যক্রমে পলাতক ব্যক্তি আপনার কর্ম্ম রীতিমত করিলে তাহাকে যে টাকা দেয় হইত তদপেক্ষা অধিক যত মাহিয়ানা বা তাহার যে অংশ ঐ জাহাজের মালিক কি অধ্যক্ষ বা এজেণ্ট ঐ এওজী ব্যক্তিকে দিয়াছেন তাহা ঐ পলাতক ব্যক্তির স্থানে আদায় করিতে পারিবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে কোন খালাসী ঐ মাহিয়ানার টাকার আধিক্য না দেওনপ্রযুক্ত তিন কালেণ্ডর মাসের অধিক কাল কয়েদ হইবেক না ইতি।

৩২ ধারা। যদি কোন খালাসী যাত্রার আরম্ভের পূর্ব্বে বা যাত্রার সময়ে কোন বন্দরহইতে কোন জাহাজের গমনের পূর্ব্বে অব্যবহিত চব্বিশ ঘণ্টার মধ্যে খামখা অথবা জানিয়াশুনিয়া ও বিনানুমতিতে গরহাজির হয় তাহা পলায়নের অপরাধ জ্ঞান হইবেক। এবং যদি কোন খালাসী কোন সময়ে বা কোন সময়পর্য্যন্ত আপনার জাহাজহইতে খামখা এইরূপে গরহাজির হয় যে সেই জাহাজ ত্যাগ করিতে এবং তাহাতে ফিরিয়া না যাইতে তাহার অভিপ্রায় আছে তবে তাহা পলায়নের অপরাধ জ্ঞান হইবেক ইতি।

৩৩ ধারা। যদি কোন ব্যক্তি কোন খালাসী বা আপ্রেণ্টিসকে পলাতক জানিয়া অথবা তাহাকে পলাতক বিশ্বাস করণের কারণ জানিয়া ঐ পলাতক খালাসী বা আপ্রেণ্টিসকে জানিয়াশুনিয়া আশ্রয় দেয় অথবা লুকাইয়া রাখে তবে এইরূপ আশ্রিত বা লুক্কায়িত প্রত্যেক খালাসী বা আপ্রেণ্টিসের জন্যে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

৩৪ ধারা। যে কোন খালাসী এই আইনানুসারে কার্য্য করিতে বন্দোবস্ত করিয়াছে তাহার ঐ নিয়মিত চাকরীর শেষ না হওনের পূর্ব্বে তাহার স্থানে তিন টাকার অধিক কোন কর্জ্জ আদায় করা যাইতে পারিবেক না। এবং কোন সরাইয়ের অধ্যক্ষ অথবা নাবিকেরদের বাসার অধ্যক্ষ খালাসী তাঁহার কথিত যে টাকা ধারে তাহার বাবৎ ঐ খালাসীর কোন সিন্দুক কি হাতিয়ার বা অন্য সম্পত্তি আটক করিতে পারেন না এবং যদি এমত কোন ব্যক্তি কোন খালাসীর সিন্দুক বা হাতিয়ার কি অন্য সম্পত্তি আটক করেন তবে ঐ স্থানের বা তাহার নিকটের কোন জুষ্টিস অফ দি পীস সাহেব কি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ঐ খালাসী অথবা তাহার পক্ষে কোন ব্যক্তি তাহার বিষয়ে শপথ করিয়া নালিশ করিলে ঐ জুষ্টিস অফ দি পীস সাহেব কি মাজিষ্ট্রেট সাহেব সরাসরীমতে শপথ করাইয়া সেই বিষয়ের তজবীজ করিতে পারেন এবং আপনার দস্তখৎ ও মোহরকরা ওয়ারেণ্টের দ্বারা সেই সম্পত্তি ক্রোক করণের এবং ঐ খালাসীকে ফিরিয়া দিবার হুকুম করিতে পারেন। এবং যে ব্যক্তি ঐ জিনিস আটক করিয়াছেন সেই ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

XXXV Any Justice of the Peace or Magistrate within the Territories subject to the East India Company, upon complaint made by any three or more of the Crew of any such vessel, shall survey and examine, or cause to be surveyed and examined, the provisions, water, and medicines, put or supplied on board of the vessel for the use and consumption of the Crew, and, if on such survey and examination, it shall be found that such provisions, water, or medicines are of a bad quality or unfit for use, or not such as should be provided, or there shall not appear to be a sufficient quantity thereof, the Surveying Officer shall signify the same in writing to the Master of the vessel, and, if such Master shall not thereupon provide other fit provisions, water or medicines, instead of any which may be signified by the said Surveying Officer to be of a bad quality or unfit, or if any such Master shall not thereupon procure the needful quantity of provisions, water and medicines, or shall use any provisions, water, and medicines, which shall have been signified by the Surveying Officer to be of a bad quality, or unfit, he shall in each of such cases be liable to a penalty not exceeding Five Hundred Rupees

XXXVI A place of shelter shall be provided below a well caulked and substantial deck for the men engaged under this Act, to the extent of six superficial feet for every two men, and if the place allotted be under the Top gallant Forecastle, such Forecastle deck be not less than four feet six inches above the one below it

XXXVII All penalties, which may be imposed by this Act may be recovered with costs on summary conviction before a Magistrate or Justice of the Peace as if they were imposed by a Magistrate under Act II of 1839

XXXVIII All claims for wages or forfeitures due and incurred under the agreements entered into under this Act, may be heard and determined by any Justice of the Peace or Magistrate, and the amount, with costs awarded by such Justice or Magistrate, shall be recovered from the party against whom the award is made, in the same manner as fines levied under the provisions of Act II of 1839

XXXIX Every person having the charge or command of any vessel sailing under this Act, shall be deemed to be the Master of such vessel, within the meaning of this Act, and every other person (Apprentices excepted) who shall be employed or engaged to serve in any capacity on board, except as Surgeon, shall be deemed to be a Seaman within the meaning of this Act, and the term "Owner" shall be deemed to comprehend all the several persons, if more than one, to whom the vessel belongs, and the term "Agent" shall be deemed to comprehend all the several persons, if more than one, who are Agents of the "Owner"

৩৫ ধারা। কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে কোন জুষ্টিস অফ দি পীস সাহেব কি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে এইরূপ কোন জাহাজের তিন জন অথবা তাহাহইতে অধিক জন খালাসী নালিশ করিলে ঐ জুষ্টিসপ্রভৃতি ঐ জাহাজী ব্যক্তিরদের ব্যবহার ও ব্যয়ের জন্যে ঐ জাহাজের উপর যে আহার ও জল ও ঔষধ দেওয়া যায় কি রাখা যায় তাহা তজবীজ ও তদারক করিতে পারেন কি তজবীজ ও তদারক করাইতে পারেন। এবং যদি ঐ তজবীজ ও তদারক করিলে দৃষ্ট হয় যে ঐ আহার অথবা জল কি ঔষধ মন্দ অথবা ব্যবহারের অনুপযুক্ত কি যেরূপ আহারাদি দিতে হয় সেইরূপ নহে অথবা যদি তাহা অপ্রচুর বোধ হয় তবে যে কর্ম্মকারক তাহা তদারক করেন তিনি ঐ জাহাজের অধ্যক্ষকে এই বিষয় লিখনের দ্বারা জানাইবেন। এবং যদি তাহাতে ঐ জাহাজের অধ্যক্ষ যে আহার বা জল কি ঔষধ ঐ তদারককারি কর্ম্মকারক মন্দ বা অনুপযুক্ত জ্ঞাত করিয়াছেন তাহার পরিবর্ত্তে উপযুক্ত আহার বা জল কি ঔষধ না দেন অথবা যদি ঐ জাহাজের অধ্যক্ষ তাহাতে যত আহার ও জল ও ঔষধের আবশ্যক তত আহারাদি না যোগান কিম্বা যে আহার ও জল ও ঔষধ তদারককারি কর্ম্মকারক মন্দ এবং অনুপযুক্ত কহিয়াছেন তাহা ব্যবহার করেন তবে ঐ ব্যক্তি এমত প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

৩৬ ধারা। এই আইনানুসারে যে খালাসীরা নিযুক্ত হয় তাহারদের জন্যে উপযুক্তমতে কালাপাত্তীকরা এবং মজবুত ডুডকের নীচে এক বাসস্থান প্রস্তুত করা যাইবেক এবং দুই২ জনের জন্যে চতুরস্র ছয়২ ফুট স্থান নিযুক্ত করা যাইবেক। এবং যে স্থান এইরূপে নিযুক্ত হয় তাহা যদি "টপগালান্ট ফোরকাসলের" নীচে হয় তবে ফোরকাসল ডুডক ও তাহার নীচের মাজিয়ার মধ্যে সাড়ে চারি ফুটের কম না হয় এমত ব্যবধান থাকিবেক ইতি।

৩৭ ধারা। যে সকল জরীমানা এই আইনের দ্বারা নির্দ্দিষ্ট হয় তাহা ১৮৩৯ সালের ২ আইনানুসারে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা হুকুম হইলে যেরূপ হইত সেইরূপে তাহা কোন মাজিষ্ট্রেট সাহেব অথবা জুষ্টিস অফ দি পীস সাহেবের নিকটে সরাসরীমতে সাব্যস্ত হইলে তাহা মায় খরচা উসুল হইতে পারে ইতি।

৩৮ ধারা। এই আইনানুসারে করা কোন বন্দোবস্তক্রমে যে মাহিয়ানা পাওনা হয় অথবা যে জরীমানা নির্দ্দিষ্ট হয় তাহার বিষয়ি সকল দাওয়া কোন জুষ্টিস অফ দি পীস সাহেব অথবা মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা শুননি ও নিষ্পত্তি হইতে পারে এবং যত টাকা ঐ জুষ্টিস অফ দি পীস সাহেব ও মাজিষ্ট্রেট সাহেব হুকুম করেন তাহা মায় খরচা যে ব্যক্তির বিরুদ্ধে হুকুম হয় তাহার স্থানে ১৮৩৯ সালের ২ আইনের বিধিক্রমে জরীমানা যেরূপ আদায় হয় সেইরূপে আদায় হইবেক ইতি।

৩৯ ধারা। এই আইনের বিধিক্রমে যে জাহাজ সমুদ্রে গমন করে সেই জাহাজ যাঁহার জিম্মায় বা কর্তৃত্বাধীনে থাকে সেই ব্যক্তি এই আইনের অর্থের মধ্যে সেই জাহাজের "অধ্যক্ষ" জ্ঞান হইবেন এবং আপ্রেণ্টিস ছাড়া যে কোন ব্যক্তি ঐ জাহাজে জাহাজের চিকিৎসকব্যতিরিক্ত কোন পদে খাটিতে নিযুক্ত হয় বা বন্দোবস্ত করে সেই ব্যক্তি এই আইনের অর্থের মধ্যে "খালাসী" জ্ঞান হইবেক। এবং "মালিক" এই কথা যদি ঐ জাহাজ একের অধিক ব্যক্তির সম্পত্তি হয় তবে সেই সকল ব্যক্তিকে বুঝাইবেক এবং "একেণ্ট" এই কথা একের অধিক যে ব্যক্তি মালিকের একেণ্ট হন সেই সকলকে বুঝাইবেক ইতি।

SCHEDULE (A)

An agreement made pursuant to an Act passed by the Governor General of India in Council and numbered No of 1849, between the Master of the Ship of the Port of and of the burden of Tons, and the several persons whose names are set hereto

It is agreed by and on the part of the said persons, and they severally hereby engage to serve on board the said Ship in the several capacities against their respective names expressed on a voyage from the Port of to (*where the intended voyage is to be described as nearly as can be done and the places at which it is intended the Ship shall touch or if that cannot be done, the nature of the voyage in which she is to be employed*) and the said Crew further engage to conduct themselves in an orderly, faithful, honest, careful and sober manner, and to be at all times diligent to their respective duties and stations, and to be obedient to the lawful commands of the Masters in every thing relating to the said Ship, and the Materials, Stores and Cargo thereof, whether on board such Ship, in boats or on shore, (*here may be inserted any other clauses which the parties may think proper to be introduced into the agreement provided that the same be not contrary to or inconsistent with the provisions and spirit of this Act,*) in consideration of which services, to be duly, honestly, carefully and faithfully performed, the said Master doth hereby promise and agree to pay to the said Crew by way of compensation or wages, the amount against their names respectively expressed And it is hereby agreed, that any embezzlement, or wilful or careless loss or destruction of any part of the Ship's Cargo or Stores shall be made good to the Owner out of the wages (so far as they will go) of the Seaman guilty of the same, and if any Seaman shall have entered himself as qualified for a duty for which he shall prove unfit he shall be liable to a reduction of the rate of wages hereby agreed for, in proportion to his unfitness In witness whereof the said parties have hereto set their names on the days against their respective signatures mentioned

No and date of Ship's Register	Place and time of Entry				Men's names set forth at full length	Number of Register Ticket	Name of the Ship in which the Seaman last served	Age	Town or Country where born or place of birth	Caste or profession	Amount of Wages per calendar month, Share or Voyage	Amount of Wages advanced at time of Entry	Amount of monthly allotment	Quantity and quality of Provisions per day	Signature	Witnesses to signature
		Day	Month	Year												

I hereby declare the truth of all the particulars set forth in this agreement made at the Port of ( ) this day of 18

Master
Mate

A চিহ্নিত ইস্তাহার।

১৮৪৯ সালের অমুক নম্বরী ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হুজুর কৌন্সলের কর্‌ আইনানুসারে এই বন্দোবস্ত এত টন বোঝাইয়ের অমুক বন্দরের অমুক জাহাজের অমুক অধ্যক্ষের এবং যে নানা ব্যক্তির ইহাতে সহী আছে তাঁহারদের মধ্যে করা গেল।

উক্ত ব্যক্তিরদের দ্বারা এবং উক্ত ব্যক্তিরদের পক্ষে এই বন্দোবস্ত হইল এবং তাহারা একে২ উক্ত জাহাজে আপন২ নামের নিকটে যে২ কর্ম্ম লেখা আছে সেই২ কর্ম্মেতে অমুক বন্দরঅবধি অমুক বন্দরপর্য্যন্ত যাত্রাতে খাটিতে ইহার দ্বারা অঙ্গীকার করিতেছে (জাহাজের কল্পিত যাত্রা এই স্থানে সাধ্যপর্য্যন্ত বর্ণনা করিতে হইবেক এবং যে২ স্থানে ঐ জাহাজের লঙ্গর করণের কল্প আছে তাহা লিখিতে হইবেক অথবা যদি তাহা না হইতে পারে তবে যেপ্রকার যাত্রায় জাহাজ নিযুক্ত হয় তাহা লিখিতে হইবেক।) এবং উক্ত মল্লার আরো এই বন্দোবস্ত করিতেছে যে তাহারা আজ্ঞাধীনে থাকিয়া বিশ্বস্ত ও সবল ও মনোযোগ ও বাহোদ্যোগে কার্য্য করিবেক এবং আপন২ কার্য্য ও পদে নিত্য মনোযোগপূর্ব্বক সেব করিবেক এবং উক্ত জাহাজ ও তাহার সরঞ্জাম ও তাহার জিনিস ও তাহার মালের বিষয়ে তাহা জাহাজের উপর থাকুক কি নৌকায় থাকুক বা কিনারায় থাকুক তাহার মনিবের যথার্থ হুকুম প্রতিপালন করিবেক। (অন্য যে২ নিয়ম এই আইনের বিধি ও ভাবের বিপরীত বা অনুপযুক্ত না হয় এবং ঐ ব্যক্তিরা এই বন্দোবস্তের মধ্যে লেখা উচিত বোধ করে তাহা এই স্থলে লিখিতে হইবেক।) এবং খালাসী উক্ত কর্ম্ম রীতিমতে ও সবলতা ও মনোযোগ ও বিশ্বাসপূর্ব্বক করিলে উক্ত জাহাজের অধ্যক্ষ মাহিয়ানাস্বরূপ উক্ত মল্লারদিগকে প্রত্যেক নামের পার্শ্বে যে টাকা লেখা আছে তাহা দিতে স্বীকার ও অঙ্গীকার করিতেছেন। এবং ইহার দ্বারা আরো বন্দোবস্ত হইল যে জাহাজের মাল অথবা ন্যস্ত দ্রব্যের কোন ভাগ যদি তছরুফ হয় কি খামখা বা অমনোযোগিতাপূর্ব্বক ক্ষতি বা বিনষ্ট হয় তবে যে খালাসী সেই অপরাধ করিয়াছে তাহার মাহিয়ানাহইতে আপনার মনিবের ক্ষতিপূরণ যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত হইবেক এবং যদি কোন খালাসী আপনাকে কোন কার্য্যের যোগ্য বলিয়া জাহাজে চাকরী লয় এবং তৎপরে দৃষ্ট হয় যে সেই ব্যক্তি সেই কর্ম্ম করিতে পারে না তবে তাহার অযোগ্যতার অনুসারে এই বন্দোবস্তেতে যে মাহিয়ানার নির্বিধ হইল তাহাহইতে কম মাহিয়ানা পাইবার যোগ্য হইবেক। ইহার প্রমাণস্বরূপ উক্ত ব্যক্তিরা লিখিত দিবসে ইহাতে দস্তখৎ করিয়াছে।

জাহাজের রেজিষ্টরের নম্বর ও তারিখ	যে স্থানে ও সময়ে নিযুক্ত হয়				নাবিকেরদের সম্পূর্ণ নাম	রেজিষ্টরী টিকিটের নম্বর	নাবিক শেষ যে জাহাজে কর্ম্ম করিয়াছে	বয়স	যে নগরে কি দেশে জন্ম হইয়াছিল	জাতি কি ব্যবসা	কালেণ্ডর মাসে অংশ বুঝিয়া কি যাত্রানুসারে যত মাহিয়ানা পাইবেক	কর্ম্মে ভর্ত্তি হওন সময়ে অগ্রিম যত মাহিয়ানা দেওয়া যায়	মাসে২ যত অর্পণ করিতে হইবেক	প্রতিদিন যত ও যেপ্রকার আহার পাইবেক	দস্তখৎ	দস্তখতের সাক্ষী
		দিন	মাস	সাল												

অমুক বন্দরে করা এই বন্দোবস্তপত্রের লিখিত সমস্ত বেওরা সত্য ইহা আমি ইহার দ্বারা জানাইতেছি অমুক সালের অমুক তারিখ

অধ্যক্ষ।
মালিম।

SCHEDULE (B)

Ticket of allotment of wages by a Registered Seaman at the Port of

I Registered Number now serving as on board the vessel at monthly wages of Rupees hereby authorize and request the Registrar of Seamen at to receive from the Agents of the one third of my monthly wages as it becomes due after I shall have served the time for which I have received advance, which time will expire on the day of next, and I hereby authorize the Registrar to pay the same to or the person holding this paper, taking his or their receipt monthly on the back hereof

SCHEDULE (C)

This Indenture made the day of in the year of Christ One Thousand Eight Hundred and between aged years, a Native of of the one part, and of the other part, witnesseth That the said hath of his free will put and bound himself Apprentice into the said with him, his Executors, Administrators, and Assigns, after the manner of Apprentice to dwell, remain and serve from the day of the date hereof for years, during all which term the said Apprentice, his said Master shall well and faithfully serve, his secrets keep, his lawful commands every where do and execute, hurt or damage to his said Master he shall not do, consent or see to be done by others, but to the utmost of his power shall hinder the same, and forthwith his said Master thereof warn, Taverns or Ale houses he shall not frequent, (unless about his said Master's business,) at dice, cards, tables, bowls, or any other unlawful games he shall not play, the Goods of his said Master he shall not embezzle or waste, or lend or give to any person or persons without his said Master's license, nor from the service of his said Master, without his consent, at any time absent himself, but as a true and faithful Apprentice shall demean and behave himself toward his said Master, his Executors, Administrators or Assigns, during the said term, and true and just accounts of his said Master's Goods, Chattels, and Money committed to his charge, or which shall come to his hands, faithfully he shall give at all times, when thereunto required, and shall also render an account of, and well and truly pay or cause to be paid unto his said Master, his Executors, Administrators or Assigns, all such wages, Prize Money and other sum or sums of Money as shall become due and payable unto him from Her Majesty, Her Heirs, Successors, or any other person, in case he shall be impressed, enter, or go, into Her Majesty's service during the said term In consideration whereof the said

B চিহ্নিত তফসীল।

অমুক বন্দরে রেজিষ্টরীহওয়া খালাসীর মাহিয়ানা অর্পণের টিকিট।

আমি অমুক নম্বরে রেজিষ্টরীহওয়া অমুক ব্যক্তি মাসে২ এত টাকা মাহিয়ানাতে অমুক জাহাজের উপর অমুক পদে খাটিতেছি এবং আমি অমুক বন্দরে খালাসীদের রেজিষ্ট্রার সাহেবকে ক্ষমতা দিতেছি ও প্রার্থনা করিতেছি যে অমুক জাহাজের এজেন্টের স্থানে যে মিয়াদের জন্যে আমি দাদনী পাইয়াছি সেই মিয়াদপর্য্যন্ত খাটনের পর আমার যে মাহিয়ানা পাওনা হইবেক তাহার তৃতীয়াংশ লন এবং ঐ মিয়াদ আগামি অমুক মাসের অমুক তারিখে সমাপ্ত হইবেক এবং ঐ টাকা অমুক ব্যক্তিকে অথবা যে ব্যক্তির হাতে এই কাগজ থাকে সেই ব্যক্তিকে দিতে আমি ইহার দ্বারা ঐ রেজিষ্ট্রার সাহেবকে ক্ষমতা দিলাম এবং তিনি ইহার পৃষ্ঠে ঐ ব্যক্তির স্থানে মাসে২ রসীদ লেখাইয়া লইবেন ইতি।

C চিহ্নিত তফসীল।

এই একরারনামা এক পক্ষে অমুক স্থাননিবাসী এত বৎসরবয়স্ক অমুক ব্যক্তির অন্য পক্ষে অমুক ব্যক্তির সঙ্গে ইঙ্গরেজী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে এই মজমুনে করা গেল যে অমুক ব্যক্তি আপনার স্বেচ্ছাক্রমে অমুক ব্যক্তির নিকটে এবং তাঁহার অছি ও আডমিনিষ্ট্রেটর ও আসৈনের নিকটে আপনাকে আপ্রেণ্টিসস্বরূপ নিযুক্ত এবং বদ্ধ করিয়াছে এবং ঐ ব্যক্তি এই একরারনামার তারিখঅবধি এত বৎসরের জন্যে আপ্রেণ্টিসস্বরূপ বাস করিবেক ও থাকিবেক ও খাটিবেক এবং ঐ কালপর্য্যন্ত ঐ আপ্রেণ্টিস আপনার মনিবের উত্তম ও বিশ্বস্তরূপে সেবা করিবেক এবং তাঁহার গুপ্ত বিষয় গোপনে রাখিবেক এবং তাঁহার উপযুক্ত হুকুম সর্ব্বত্র প্রতিপালন করিবেক এবং আপনার ঐ মনিবের কোন ক্ষতি বা নোকসান করিবেক না বা অন্যের করণেতে সম্মত হইবেক না বা করিতে দিবেক না কিন্তু সাধ্যপর্য্যন্ত তাহা নিবারণ করিবেক এবং তৎক্ষণাৎ তাহার মনিবকে তদ্বিষয়ের সম্বাদ দিবেক। এবং আপনার মনিবের কার্য্যের জন্যব্যতিরেকে সরাই বা মদের দোকানেতে যাইবেক না এবং পাসা বা তাস কি অন্য বেআইনী খেলা খেলিবেক না। আপনার মনিবের জিনিস তছরুফ বা ক্ষতি করিবেক না অথবা আপনার মনিবের অনুমতি বিনা কোন ব্যক্তি বা ব্যক্তিরদিগকে তাহা ভাড়া দিবেক না বা দান করিবেক না এবং আপনার উক্ত মনিবের অনুমতি বিনা কোন সময়ে গরহাজির হইবেক না। কিন্তু ঐ মিয়াদপর্য্যন্ত সত্য এবং বিশ্বস্ত আপ্রেণ্টিসস্বরূপ আপনার উক্ত মনিবের ও তাঁহার অছির ও তাঁহার আডমিনিষ্ট্রেটর বা আসৈনের প্রতি সদাচার ও ব্যবহার করিবেক এবং আপনার উক্ত মনিবের যে জিনিসপত্র ও নগদ টাকা তাহার জিম্মায় রাখা যায় অথবা তাহার হাতে আইসে তাহার সত্য ও যথার্থ হিসাব আপনার মনিব চাহিলে তাঁহাকে অতিবিশ্বস্তরূপে নিত্য দিবেক। এবং ঐ মিয়াদের মধ্যে যদি শ্রীশ্রীমতী মহারাণীর যুদ্ধ জাহাজে অগত্যা বা ইচ্ছাপূর্ব্বক নিযুক্ত হয় তবে শ্রীশ্রীমতী মহারাণীর বা তাঁহার উত্তরাধিকারির বা তাঁহার পর সিংহাসনপ্রাপ্ত ব্যক্তিরদের বা অন্য ব্যক্তির স্থানে যে সকল মাহিযানা বা লুঠ এবং অন্যান্য টাকা তাহার পাওনা থাকে এবং তাহাকে দেয় হয় সেই মাহিয়ানাপ্রভৃতির যথার্থমতে আপনার ঐ মনিব কি তাঁহার অছি বা তাঁহার আডমিনিষ্ট্রেটর কি আসৈনকে হিসাব দিবেক এবং সেই টাকা তাঁহাকে দিবেক অথবা দেওয়াইবেক। এবং ইহার বদলে উক্ত অমুক ব্যক্তি উক্ত অমুক আপ্রেণ্টিসের সঙ্গে এই অঙ্গীকার ও বন্দোবস্ত করিতেছেন যে অমুক ব্যক্তি এবং তাঁহার অছি ও আডমিনিষ্ট্রেটর কি আসৈন ঐ এত বৎসর মিয়াদপর্য্যন্ত ঐ আপ্রেণ্টিসকে জাহাজের কর্ম্ম

doth hereby covenant and agree to and with the said the Apprentice, that he the said his Executors, Administrators or Assigns, during the said term of years, will teach the said Apprentice, or cause him to be taught, the business of a Mariner or Seaman, with all things thereunto belonging, and find for the said Apprentice sufficient meat, drink, washing, lodging, medicine and medical and surgical aid and advice to pay unto the said Apprentice the sum of Rupees in manner following, (that is to say,) the said finding for himself all manner of sea bedding, wearing apparel and other necessaries (except meat, drink, lodging, washing, medicine, and medical and surgical aid and advice) And it is hereby agreed between the said parties, that the said may from time to time during the said term, retain in his hands, out of the several yearly payments above mentioned, all such money as he shall at any time during the said term lay out in buying any apparel or sea bedding for the said Apprentice as need shall be And for the true performance of all and each of the covenants and agreements aforesaid, each of them the said and , doth hereby bind and oblige himself, his Heirs, Executors, and Administrators, unto the other of them, his Executors and Administrators, firmly by these presents in the penal sum of Rupees of lawful money current in the Territories subject to the Government of the East India Company

In Witness whereof the said Parties to these presents have hereunto set their hands and seals the day and year above written

Signed, sealed and delivered }
in the presence of us }

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be re considered at the first Meeting of the Legislative Council of India, after the 8th day of June next

F J HALLIDAY,
Offg Secy to the Govt of India

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 12TH MAY, 1849

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 12th of May, 1849

ACT NO —— OF 1849

An Act to amend Act IV of 1846

Whereas judgment debtors fraudulently avail themselves of the provision in Section V, Act IV of 1846, that forfeited deposits at Sales of Land in execution of decrees shall be applied as if they were purchase money, in order to evade immedi-

সর্ব্বতোভাবে শিক্ষা করাইবেন বা অন্যের দ্বারা শিখাইবেন এবং ঐ আপ্রেণ্টিসকে যথোচিত আহার ও পেয় দ্রব্য দিবেন ও তাহার ধোবার খরচ দিবেন এবং তাহাকে বাসস্থান দিবেন ও ঔষধ দিবেন ও তাহার চিকিৎসা করাইবেন এবং পশ্চাৎ লিখিতমতে ঐ আপ্রেণ্টিসকে মাসে২ এত টাকা দিবেন অর্থাৎ উক্ত অমুক আপ্রেণ্টিস আহার ও পেয় ও বাসস্থান ও ধোবার খরচ ও ঔষধ ও চিকিৎসকতা কর্ম্মছাড়া আপনার নিমিত্তে সকল প্রকার জাহাজের বিছানা ও পোশাক ও অন্যান্য আবশ্যক দ্রব্য কিনিবেক। এবং উক্ত উভয় ব্যক্তির মধ্যে এই বন্দোবস্ত হইল যে উক্ত ব্যক্তি ঐ আপ্রেণ্টিসের আবশ্যকমতে ঐ মিয়াদের মধ্যে পোশাক ও জাহাজের বিছানার জন্যে যত টাকা ব্যয় করেন সেই টাকা উক্ত বার্ষিক দেয় টাকা হইতে লইয়া আপন হাতে রাখিতে পারেন। এবং এই সকল ও প্রত্যেক বন্দোবস্ত ও একরারের যথার্থরূপে প্রতিপালনের জন্যে উক্ত অমুক ব্যক্তি ও অমুক ব্যক্তি উভয়ে আপনাকে ও আপনার উত্তরাধিকারি ও অছি ও আডমিনিষ্ট্রেটরদিগকে অপর ব্যক্তির প্রতি ও তাহার একসেকিটর ও আডমিনিষ্ট্রেটরের প্রতি এই একরারের দ্বারা অতিদৃঢ়রূপে অঙ্গীকার করিতেছে। এবং এই একরার পরস্পরের দ্বারা প্রতিপালন না হইলে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে চলন এত টাকা জরীমানা হইবেক।

ইহার সাক্ষ্যস্বরূপ উক্ত ব্যক্তিরা পূর্ব্বোক্ত বৎসর ও তারিখে এই একরারনামাতে দস্তখৎ ও মোহর করিলেন।

আমারদের সম্মুখে সহী ও মো- }
হর করা গেল ও দাখিল হইল। }

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৮ জুন তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১২ মে।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ১২ মে তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

১৮৪৬ সালের ৪ আইন শুধরিবার আইন।

যেহেতুক ১৮৪৬ সালের ৪ আইনের ৫ ধারাতে হুকুম হইয়াছিল যে ডিক্রী জারীক্রমে ভূমির নীলামের সময়ে বায়নার টাকা জব্দ হইলে খরীদের টাকা লইয়া যাহা করা যায় ঐ বায়নার টাকা লইয়া তাহা করা যাইবেক এবং যে২ খাতকের প্রতিকূলে ডিক্রী হইয়াছে তাহারা আপনারদের বিরুদ্ধে অতিশীঘ্র ডিক্রী জারী না হইবার

ate execution of the judgment against them It is enacted as follows :

I So much of Sections V and IX, Act IV 1846, as provides that the deposit at any Sale of Land, or any interest in Land, under the said Act, if forfeited, shall be applied as if it were purchase money, is repealed.

II Any such forfeited deposit shall be applied to defray the expenses of the sale, and the surplus shall be forfeited to Government, and appropriated as if it were Land Revenue

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be re considered at the first meeting of the Legislative Council of India, after the 12th day of July next

F J HALLIDAY,
Secy to the Govt of India

নিমিত্তে ঐ ধারাক্রমে প্রবঞ্চনার কার্য্য করে। অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। ১৮৪৬ সালের ৪ আইনের ৫ ও ৯ ধারার যে ভাগে হুকুম আছে যে উক্ত আইনানুসারে ভূমির বা তৎসম্পর্কীয় স্বত্বের নীলামেতে যে বায়নার টাকা দেওয়া যায় তাহা জব্দ হইলে খরীদের টাকায় যাহা করা যায় ঐ বায়নার টাকা লইয়া তাহা করা যাইবেক সেই ভাগ রদ হইল ইতি।

২ ধারা। এই প্রকার জব্দহওয়া বায়নার টাকা লইয়া নীলামের খরচার জন্যে ব্যয় হইবেক এবং বাকী টাকা সরকারে জব্দ হইবেক এবং ভূমির রাজস্ব লইয়া যাহা করা যায় ঐ বায়নার টাকা লইয়া তাহা করা যাইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্বসাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি জুলাই মাসের ১২ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

NOTIFICATION

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT

LEAVE OF ABSENCE

The 18th May, 1849

Baboo Radhakanth Boroowa, Moonsiff of Rungeah, Zillah Kamroop, from the 9th to the 11th instant.

B J COLVIN, *Register*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৯ সাল ১৮ মে।

জিলা কামরূপের রঙ্গিয়ার মুনসেফ শ্রীযুত বাবু রাধাকান্ত বড়ুয়া বর্ত্তমান মাসের ৯ তারিখঅবধি ১১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বি জে কল্বিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিযোগ।

৭০৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিযোগ।

১৮৪৯ সাল ১৮ মে।

মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এচ প্রাট সাহেব (Mr H Pratt,) হাবড়ার মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন এবং ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ২২ মে।

শ্রীযুত সি এফ মন্ট্রেসর সাহেব (Mr C F Montresor,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে নদীয়ার মাজিষ্ট্রেটী কর্ম্মের ভার শ্রীযুত এ হোপ সাহেবের (Mr A Hope,) স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত এ গ্রোট সাহেব (Mr A Grote,) বর্ত্তমান মাসের ১৯ তারিখে জিলা চব্বিশপরগনায় রাজস্ব সম্পর্কীয় জরীপার সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্মের ভার শ্রীযুত সি বি ট্রেবর সাহেবের (Mr C B Trevor,) স্থানে গ্রহণ করেন।

সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর ডবলিউ এ রলফ সাহেব (Dr W A. Rolfe,) গত মাসের ২৬ তারিখে কাছাড়ের সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্মের ভার গ্রহণ করেন।

শ্রীযুত কাপ্তান জি বর্ণর সাহেব (Captain G Verner,) বর্ত্তমান মাসের ৩ তারিখে শ্রীযুত ডাক্তর ডবলিউ এ রলফ সাহেবের (Dr W A. Rolfe,) স্থানে কাছাড়ের সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্মের ভার কিঞ্চিৎ কালের নিমিত্তে গ্রহণ করিয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৭২৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ২১ মে।

পাটনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এফ জে কোবর্ণ সাহেব (Mr F J Cockburn,) জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

বাঁকুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এ ডবলিউ রসেল সাহেব (Mr A. W. Russell,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৯ সাল ২১ মে।

কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত ই এ ক্লিফটন সাহেব (Mr E A Clifton,) যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ছুটীবিষয়ক মুধরা বিধির ৯১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২৯ মে।]

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

এলাহাবনামা কাছারি কালেক্‌টরি জিলে বাকরগঞ্জ।

* এই জিলার অধীন আজাবিয়া থানার অন্তঃপাতি তর্পে আজিমপুরের অন্তঃপাতি চচামর্দীনিবাসী মৃত আবমান আলী মোং চৌধুরীর হুজুরি ও মফঃসলী তাবৎ মিলকিয়ৎ ইজারা দেওয়ার বিষয়ে।

যেহেতুক মৃত ব্যক্তি তাহার পুত্র কন্যা নাবালগ এবং স্ত্রীগণকে মিলকিয়তের কর্ম্মে অযোগ্য ওয়ারিস রাখিয়া মৃত্যু হওয়াতে খারিজা ও লিকিমী নিজ ও শরিকী তাবৎ বিষয় শ্রীযুত রাজস্বের কমিস্যনর সাহেবের আজ্ঞামতে হাল সনের ২ মার্চঅবধি কোর্ট অফ ওয়ার্ডসের অধীন আসিয়াছে এবং পূর্ব্বে আদালতের হুকুমমতে সরবরাহকারের দ্বারা কতক কতক রাজস্ব উসুল ও তহসীল হইয়াছে এইক্ষণে সন ১২৫৬ সালহইতে উক্ত মিলকিয়ৎ সমস্ত ইজারা দেওয়া বিবেচনা হইয়া অদ্যকার বোরকারির আদেশমতে সমস্ত ব্যক্তিগণকে এই ইস্তাহার দ্বারা জ্ঞাত করাণ যাইতেছে যে যাহারদিগের মৃত ব্যক্তির মিলকিয়ৎ ইজারা লওয়া বাসনা থাকে তবে তাহারা ১৫ রোজ মিয়াদ মধ্যে মাল জামিন সহিত এই কালেক্‌টরি কাছারিতে হাজির আসিয়া রীতিমত ইজারার বন্দোবস্ত করিয়া লয়েন ও মহালাতের সদর জমা ও মফঃসল স্থিতের ও অন্য অন্য হালত জানা আবশ্যক হইলে অত্র কাছারিতে হাজির থাকিলে দেখিতে পারিবেক ইতি সন ১৮৪৯ সাল তাং ১৯ মেই মোতাবেক সন ১২৫৬ সাল তাং ৭ জ্যৈষ্ঠ।

F E READ, *Collector.*

সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সনের ১ আইনের ১৬ ধারানুসারে ঢাকার জিলার নীচের লিখিত বন্দোবস্তি মহালাত ১২৫৫ সনের ১ ফাল্গুণপর্য্যন্তের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে ইং ১৮৪৯ সনের ৭ জুন মোতাবেক ১২৫৬ সনের ২৬ জ্যৈষ্ঠ বৃহস্পতিবার জিলে ঢাকার শ্রীযুত কালেক্‌টর সাহেবের কাছারীতে দিন৷ ওজরে রাজ নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রী হইবেক ইতি সন ১৮৪৯ ইং তারিখ ১৯ মেই মোতাবেক সন ১২৫৬ বাং তারিখ ৭ জ্যৈষ্ঠ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	১২৫৫ সনের লাং ফাল্গুণের বাকী	মন্তব্য কথা
১	ইস্তমুরারী বন্দোবস্তি মহাল	৫৭২৯	জিলে নুরল্লাপুর খাং তৎ পারিন তালুক আলি মাহামুদ নিং খং রাজনাথ চৌধুরী	রাজনাথ চৌধুরী	১॥/৭॥	৸০	এই বাকীর কারণ ১৮৪৯ সনের ১৬ আপ্রিল নীলাম হয় তাহাতে খরিদার ত্রিশ দিবসের দিন বাকী কিস্তত না দেওয়াতে তাহার দাখিলি রাজনা সরকারে জব্দ হইয়াছে ১৬ ধারামতে মহাল রাজ নীলাম হইবেক ইতি।
	ঐ	৫৭৮১	জিলে তথা খাং তৎ সফিপুর খোর্দ্দ তাং রামনাথ চৌধুরী নিং খং কালীশঙ্কর ধর	কালীশঙ্কর ধর	৫৲/৪	২৸০	ঐ

C TOTTENHAM, *Collector*

NOTIFICATION OF THE DEWANNY ADAWLUT OF ZILLAH PURNEAH

This day a Petition having been presented by Rajah Bejye Govind Singh Bahadur, Respondent Decreeholder, in the suit wherein Gopaul Singh for himself and as Executor of Keirut Singh and Rajindernarayn Roy and Mohendurnarayn Roy, were Appellants (debtors), for the recovery of 7,59,384 2 3, besides interest, praying that 45 Promissory Notes belonging to Mohendurnarayn Roy, one of the debtors, may be delivered to him, therefore, in accordance with the Roobikarry of this Court, dated the 24th day of April, 1849, Notice is hereby given, that if Mohendurnarayn Roy, one of the debtors, inhabitants of Saif Gunge, Pergunnah Cutteehar, offer the Promissory Notes mentioned below for sale or otherwise to part with the same, nobody shall purchase them, if they do, the purchase shall be invalid and inadmissible Dated the 24th of April, 1849

	No.			Date	Rs
2d 5 per Cent Notes No	11425 of 1214	of 1825 26,		8th January, 1826, for Sa Rs	5,600
	2846	of	Do	8th November, 1825,	2,000
	2924	of	Do	17th Do,	2,000
	5701	of	Do	19th August, 1826,	5,000
	1596 of 6068	of	Do	16th September, „	1,700
	3679 of 2033	of	Do	26th Do, 1830,	20,000
	3680 of 2033	of	Do	Do,	10,000
	3807 of 6602	of	Do	4th October, 1826,	2,000
	4437 of 4019	of	Do	30th October, 1828,	5,000
	4629 of 8188	of	Do	1st May, 1827,	8,000
	5101 of 4344	of	Do	8th February, 1826,	2,500
	5655 of 2499	of	Do	25th October, 1825,	2,000
	5332 of 4345	of	Do	8th February, 1826,	10,000
	6861 of 8359	of	Do	16th June, 1827,	3,000
	7383 of 7767	of	Do	1st May, 1827,	2,400
	7534 of 1588	of	Do	14th December, 1831,	3,000
	7907 of 3380	of	Do	5th January, 1826,	600
	8022 of 3380	of	Do	5th Do,	1,200
	8446 of 4315	of	Do	8th February, 1826,	4,700
	8973 of 7262	of	Do	23d December, 1826,	6,500
	9261 of 7767	of	Do	1st May, 1827,	7,700
	10058 of 5370	of	Do	2d June, 1826,	2,000
	10093 of 2037	of	Do	22d September, 1825,	2,500
	10457 of 8533	of	Do	2d June, 1827,	1,600
					1,11,000

	No.			Date	Rs
3d 5 per Cent Notes No	1038 of 1986	of 1829 30,		31st January, 1831, for	10,000
	1098 of 1374	of	Do	17th November 1830,	3,600
	1138 of 1993	of	Do	31st January, 1831,	3,000
	1367 of 1050	of	Do	12th September, 1830,	5,000
	2902	of	Do	1st November, 1830,	1,100
	1662	of	Do	12th January, 1831,	3,000
	8089 of 1977	of	Do	31st Do,	40,000
	1001 of 4454	of	Do	23d February, 1831,	2,000
	1021 of 1976	of	Do	31st January, 1831,	2,500
	1022 of 1976	of	Do	Ditto	25,000
					1,18,000

	No.			Date	Rs
3d 4 per Cent Notes No	5118 of 1832 33,			1st May, 1832, for	15,000
	11917	of	Do	Do	2,000
	11928	of	Do	Do	5,000
	11936	of	Do	Do	5,000
	12215	of	Do	Do	12,000
	5 of 20,	of	Do	Do	8,000
	1133 of 5073,	of	Do	Do	3,000
	1719 of 6228,	of	Do	Do	10,000
	1720 of Do,	of	Do	Do	10,000
	4687 of 11771,	of	Do	Do	3,000
					73,000

4th 4 per Cent Notes No 553 of 9751 of 1835 36, 31st March, 1836, for Co's Rs 7,000

45 Notes, Three Lacs Nine Thousand Rs 3,09,000

Lollah Sewrutton Loll, Mooktearkar for Rajah Bejye Govind Singh Bahadur

Calcutta, 10th May, 1849

জিলা পুর্ণিয়ার দেওয়ানী আদালতের বিজ্ঞাপন।

যে মোকদ্দমাতে গোপাল সিংহ আপনি ও কীরত সিংহের অছিস্বরূপ এবং রাজেন্দ্রনারায়ণ রায় ও মহেন্দ্রনারায়ণ রায় আপেলাণ্ট কর্জদার সেই মোকদ্দমায় মায়সুদ ৭,৫৯,৩৮৪৶৩ টাকা ফিরিয়া পাইবার জন্যে রাজা বিজয়গোবিন্দ সিংহ বাহাদুর রেস্পাণ্ডেণ্ট ডিক্রীদার অদ্য এই দরখাস্ত করিয়াছেন যে মহেন্দ্রনারায়ণ রায় নামক

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২৯ মে।]

এক জন কর্জদারের ৪৫ খান প্রোমিসরি নোট আমাকে দেওয়া যায় অতএব ১৮৪৯ সালের ২৪ আপ্রিল তারিখের এই আদালতের হুকুমজারীক্রমে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কাটিহার পরগণার সায়েফগঞ্জনিবাসি মহেন্দ্রনারায়ণ রায় এক জন কর্জদার যদি নীচের লিখিত প্রোমিসরি নোট বিক্রয় করিতে কিম্বা অন্য কোন প্রকারে তাহা হস্তান্তর করিতে উদ্যত হন তবে কোন কেহ তাহা খরীদ করিবেন না যদি কেহ তাহা খরীদ করেন তবে সেই খরীদ বাতিল ও নামঞ্জুর হইবেক ইতি। ১৮৪৯ সাল তারিখ ২৪ আপ্রিল।

দ্বিতীয় শতকরা ৫৲ টাকার নোট ১৮২৫। ২৬ সালের

১২১৪ নম্বরের		১১৪২৫	নম্বরী	১৮২৬	সালের	৮ জানুআরি তারিখের সিক্কা	৫,৬০০৲ টাকা
২৮৪৬			ঐ	১৮২৫	ঐ	৮ নবেম্বর	২,০০০৲
২৯২৪			ঐ	১৮২৫	ঐ	১৭ নবেম্বর	২,০০০৲
৫৭০১			ঐ	১৮২৬	ঐ	১৯ আগষ্ট	৫,০০০৲
৬০৬৮	ঐ	১৫৯৬	ঐ	১৮২৬	ঐ	১৬ সেপ্টেম্বর	১,৭০০৲
২০৩৩	ঐ	৩৬৭৯	ঐ	১৮৩০	ঐ	২৬ সেপ্টেম্বর	২০,০০০৲
২০৩৩	ঐ	৩৬৮০	ঐ	ঐ	ঐ	ঐ	১০,০০০৲
৬৬০২	ঐ	৩৩০৭	ঐ	১৮২৬	ঐ	৪ অক্টোবর	২,০০০৲
৪০১৯	ঐ	৪৪৩৭	ঐ	১৮২৮	ঐ	৩০ অক্টোবর	৫,০০০৲
৮১৮৮	ঐ	৪৬২৯	ঐ	১৮২৭	ঐ	১ মে	৮,০০০৲
৪৩৪৪	ঐ	৫৪০৪	ঐ	১৮২৬	ঐ	৮ ফেব্রুআরি	২,৫০০৲
২৪৯৯	ঐ	৫৬৫৫	ঐ	১৮২৫	ঐ	২৫ অক্টোবর	১,০০০৲
৪৩৪৫	ঐ	৫৩৩২	ঐ	১৮২৬	ঐ	৮ ফেব্রুআরি	১০,০০০৲
৮৩৫৯	ঐ	৬৮৬১	ঐ	১৮২৭	ঐ	১৬ জুন	৩,০০০৲
৭৭৬৭	ঐ	৭৩৮৩	ঐ	১৮২৭	ঐ	১ মে	২,৪০০৲
১৫৮৮	ঐ	৭৫৩৪	ঐ	১৮৩১	ঐ	১৪ ডিসেম্বর	৩,০০০৲
৩৩৮০	ঐ	৭৯০৭	ঐ	১৮১৬	ঐ	৫ জানুআরি	৬০০৲
৩৩৮০	ঐ	৮০২২	ঐ	ঐ	ঐ	ঐ	১,২০০৲
৪৩৪৫	ঐ	৮৪৪৬	ঐ	১৮১৬	ঐ	৮ ফেব্রুআরি	৪,৭০০৲
৭১৬২	ঐ	৮৯৭৩	ঐ	১৮১৬	ঐ	২৩ ডিসেম্বর	৬,৫০০৲
৭৭৬৭	ঐ	৯২৬১	ঐ	১৮২৭	ঐ	১ মে ...	৭,৭০০৲
৫৩৭০	ঐ	১০০৫৮	ঐ	১৮১৬	ঐ	১ জুন	২,০০০৲
২০৩৭	ঐ	১০০৯৩	ঐ	১৮২৫	ঐ	২২ সেপ্টেম্বর	২,৫০০৲
৮৫৩৩	ঐ	১০৪৫৭	ঐ	১৮২৭	ঐ	২ জুন	১,৬০০৲
						মোট	১,১১,০০০৲

তৃতীয় শতকরা ৫৲ টাকার নোট। ১৮২৯। ৩০ সালের

১১৮৬ নম্বরের		১০৩৮	নম্বর	১৮৩১	সালের	৩১ জানুআরি	১০,০০০৲
১৩৭৪	ঐ	১০৯৮	ঐ	১৮৩০	ঐ	১৭ নবেম্বর	৩,৬০০৲
১৯৯৩	ঐ	১১৩৮	ঐ	১৮৩১	ঐ	৩১ জানুআরি	৩,০০০৲
১০৫০	ঐ	১৩৬৭	ঐ	১৮৩০	ঐ	১১ সেপ্টেম্বর ...	৫,০০০৲
২৯০২	ঐ			১৮৩০	ঐ	১ নবেম্বর	১,৪০০৲
১৬৬২	ঐ			১৮৩১	ঐ	১১ জানুআরি	৩,০০০৲
১৯৭৭	ঐ	৮০৮৯	ঐ	ঐ	ঐ	৩১ জানুআরি	৪০,০০০৲
৪৪৫৪	ঐ	১০০১	ঐ	১৮৩১	ঐ	১৩ ফেব্রুআরি	১,০০০৲
১৯৭৬	ঐ	১০২১	ঐ	১৮৩১	ঐ	৩১ জানুআরি	১,৫০০৲
১৯৭৬	ঐ	১০২২	ঐ	ঐ	ঐ	ঐ	২৫,০০০৲
						মোট	১,১৮,০০০৲

তৃতীয় শতকরা ৪৲ টাকার নোট ১৮৩২। ৩৩ সালের

৫১১৮ নম্বর			১৮৩১ সালের	১ মে	১৫,০০০৲
১১৯১৭	ঐ		ঐ	ঐ	১,০০০৲
১১৯২৮	ঐ		ঐ	ঐ	৫,০০০৲
১১৯৩৬	ঐ		ঐ	ঐ	৫,০০০৲
১২২৪৫	ঐ		ঐ	ঐ	১১,০০০৲
২০ নম্বরের		৫ নম্বর	ঐ	ঐ	৮,০০০৲
৫০৭৩	ঐ	১১৩৩	ঐ	ঐ	৩,০০০৲
৬২২৮	ঐ	১৭১৯	ঐ	ঐ	১০,০০০৲
ঐ	ঐ	১৭২০	ঐ	ঐ	১০ ০০০৲
১১৭৭১	ঐ	৪৬৮৭	ঐ	ঐ	৩,০০০৲
				মোট	৭৩,০০০৲

চতুর্থ শতকরা ৪৲ টাকার নোট ১৮৩৫। ৩৬ সালের ৯৭৫১ নম্বরের
৫৫৩ নম্বর ১৮৩৬ সালের ৩১ মার্চ — ৭,০০০৲

৪৫ নোট মোট মূল্য ৩,০৯,০০০৲

শ্রীলালা শিববর্ত্ত লাল। শ্রীযুত রাজা বিজয়গোবিন্দ সিংহ বাহাদুরের মোক্তারকার।

কলিকাতা। ১৮৪৯ সাল ১০ মে।

[*Government Gazette*, 29th May, 1849]

DECISIONS OF THE SUDDER DEWANNY ADAWLUT

The terms of Subscription to the Decisions are reduced from the commencement of the year 1849, to Twenty Rupees, or Sixteen Rupees per annum, if paid in advance

Applications to be made to Mr R. Norris, Sudder Dewanny Adawlut

সদর দেওয়ানী আদালতের নিষ্পত্তি।

সদর আদালতের নিষ্পত্তির বহীর মূল্য ১৮৪৯ সালের আরম্ভাবধি কম করা গিয়াছে। অর্থাৎ বৎসরে ২০৲ টাকা অথবা আগাম দেওয়া গেলে ১৬৲ টাকা মূল্য হইয়াছে।

যে কেহ ঐ বহী চাহেন তিনি সদর দেওয়ানী আদালতে শ্রীযুত আর নরিস সাহেবের নিকটে পত্র পাঠাইলে পাইতে পারেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ২৯ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 5, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ৫ জুন।

DRAFT OF ACT

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 12TH MAY, 1849

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 12th of May, 1849

ACT NO —— OF 1849

An Act for the more easy recovery of Small Debts and demands in Calcutta, Madras and Bombay

Whereas it is expedient to amend the constitution and practice, and to extend the jurisdiction, of the several Courts established at Calcutta, Madras and Bombay, for the recovery of Small Debts, It is enacted as follows

I The several Courts of Commissioners and of Requests, for the recovery of Small Debts, now holden in the towns of Calcutta, Madras and Bombay, under the authority of the Charter of Justice of King George the Second, and of two Acts of Parliament severally passed in the 37th and 39th year of the reign of King George the Third, and of the Regulations and Proclamations made from time to time for constituting, and for new modelling, altering and reforming the constitution and practice of the said Courts respectively, and of Act XII 1848, shall be holden according to the provisions of this Act, from and after such several days as shall be declared within the said Towns by proclamation, to be made and published in due form of law in each of the said Towns by the Governor in Council

II Where in this Act the words "Governor in Council," or "Supreme Court," are used, they shall be taken to apply severally to the person or persons administering the executive Government,

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১২ মে।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ১২ মে তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইতে অল্প কর্জ ও দাওয়া পূর্ব্বাপেক্ষা সুগমমতে আদায় করণের আইন।

যেহেতুক কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইতে অল্প কর্জ আদায়ের জন্যে যে নানা আদালত স্থাপন আছে তাহার মূল নিয়ম ও কার্য্যের রীতি সংশোধন করা এবং তাহার এলাকা বিস্তার করা উচিত বোধ হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। দ্বিতীয় জর্জের দত্ত "চার্টর অফ জুষ্টিসের" এবং তৃতীয় জর্জের রাজ্য কালের ৩৭ ও ৩৯ বৎসরের দুই আক্ট পার্লিমেণ্টের এবং "কোর্ট কমিস্যনর ও রিক্রেষ্টের" স্থাপনার্থে ও তাহার মূল নিয়ম ও কার্য্যের রীতি পুনর্নির্ম্মাণ এবং মতান্তর করণ ও শুধরণার্থে সময়ক্রমে যেং আইন ও ঘোষণা হইয়াছে তাহার এবং ১৮৪৮ সালের ১২ আইনের ক্ষমতানুসারে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই শহরে অল্প কর্জ আদায় করণের জন্যে এক্ষণে যে নানা কোর্ট কমিস্যনর ও রিক্রেষ্ট আছে সেই নানা কোর্ট অর্থাৎ ছোট আদালত উক্ত প্রত্যেক শহরে শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে আইনের রীত্যনুসারে প্রকাশ ও জারীকরা ঘোষণাক্রমে উক্ত শহরের মধ্যে যেং দিবস নির্দ্দিষ্ট করেন সেইং দিবসঅবধি এবং তাহার পর এই আইনের বিধির অনুসারে স্থাপন হইবেক ইতি।

২ ধারা। এই আইনের মধ্যে "হজুর কৌন্সেলের শ্রীযুত গবরনর সাহেব" এবং "সুপ্রিম কোর্ট" এইং কথা যেখানে ব্যবহার হয় সেইখানে বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের রাজধানীতে যে

and to the Supreme Court, of each of the Presidencies of Fort William in Bengal, Fort St George and Bombay, with reference only to the Court holden under this Act, in the same Presidency

ব্যক্তি বা ব্যক্তিরা গবর্ণমেণ্টের কর্ত্তৃত্ব করিতেছেন তাঁহারদিগকে এবং সুপ্রিম কোর্টকে বুঝাইবেক। কিন্তু সেই২ রাজধানীতে কেবল এই আইনানুসারে স্থাপিত আদালতের সম্পর্কে বুঝাইবেক ইতি।

III From and after the day declared in any such proclamation, all provisions of the said Charter of Justice, and Acts of Parliament, and of any Regulation, Act or Proclamation heretofore made concerning the constitution or practice of the Court, referred to in such proclamation, which are repugnant to this Act, shall be rescinded and repealed

৩ ধারা। উক্ত কোন ঘোষণাতে যে দিবস নির্দ্দিষ্ট হয় তদবধি ও তাহার পর ঐ আদালতের মূল নিয়ম অথবা কার্য্যের রীতির বিষয়ি ঐ ঘোষণাতে উল্লিখিত উক্ত "চার্টর অফ জুষ্টিসের" এবং ঐ২ আক্ট পার্লিমেণ্টের সকল বিধান ও যে কোন আইন বা ঘোষণা ইহার পূর্ব্বে করা গিয়াছে তাহার যে সকল বিধান এই আইনের বিরুদ্ধ হয় তাহা রদ ও বাতিল হইবেক ইতি।

IV The style of the several Courts holden under this Act shall be the (   ) Court of Requests, inserting in the blank space, Calcutta, Madras or Bombay, as the case requires

৪ ধারা। এই আইনানুসারে যে নানা আদালত স্থাপন হয় তাহার নাম (   ) স্থানের কোর্ট রিক্বেষ্ট হইবেক এবং ঐ শূন্য স্থানে বিষয় বিশেষে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই লিখিতে হইবেক ইতি।

V The jurisdiction of the several Courts holden under this Act shall extend over the whole district now within the jurisdiction thereof respectively, and over such further district as may, from time to time, be declared by proclamation of the Governor in Council provided, that no proclamation for extending the district of any of the said Courts be made without the previous sanction of the Governor General of India in Council

৫ ধারা। যে সকল প্রদেশ এক্ষণে কোর্ট রিক্বেষ্টের এলাকার মধ্যে আছে এবং সময়ক্রমে অন্য যে প্রদেশ শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে ঘোষণার দ্বারা নির্দ্দিষ্ট করেন সেই২ প্রদেশের মধ্যে এই আইনানুসারে স্থাপিত নানা আদালতের এলাকা থাকিবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে উক্ত কোন আদালতের এলাকা বিস্তার করণের কোন ঘোষণা ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের অনুমতিবিনা করা যাইবেক না ইতি।

VI Every Court holden under this Act shall be a Court of Record

৬ ধারা। এই আইনানুসারে যে প্রত্যেক আদালত স্থাপন হয় তাহা "কোর্ট রিকার্ড" হইবেক ইতি।

VII All proceedings commenced in any of the said Courts, before the time when the constitution and practice of such Court shall be altered under this Act, may be continued, executed and enforced against all persons liable thereunto, in the same manner as if they had been commenced according to this Act and each of the said Courts shall be empowered in any case of doubt as to the proper manner of continuing, executing or enforcing any such proceedings, to make such orders thereon as shall appear to the Court to be necessary for giving full effect to this enactment

৭ ধারা। এই আইনের দ্বারা ঐ আদালতের মূল নিয়ম ও কার্য্যের রীতির মতান্তর হওনের পূর্ব্বে উক্ত কোন আদালতে যে সকল কার্য্য আরম্ভ হইয়াছিল তাহা এই আইনানুসারে আরম্ভ হইলে যেরূপ হইত সেইরূপে সেই কার্য্যসম্পর্কীয় সকল ব্যক্তির বিরুদ্ধে অনবরত চলিবেক ও জারী ও প্রবল হইবেক। এবং যদি সেই২ কার্য্য অনবরত চলন বা জারী কি প্রবল করণের উপযুক্ত নিয়মের বিষয়ে কোন সন্দেহ হয় তবে ঐ আদালত এই আইন সম্পূর্ণরূপে জারী করণার্থে যে হুকুম করণের আবশ্যক হয় সেই হুকুম করিতে পারেন ইতি।

VIII The Governor in Council shall appoint one, two or three persons to be Judges of the Court, one of whom shall be a Barrister at Law, or Advocate of the Supreme Court, or of the Court of Sessions in Scotland

৮ ধারা। শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে ঐ আদালতে এক কি দুই কিম্বা তিন ব্যক্তিকে জজী কর্ম্মে নিযুক্ত করিবেন এবং তাঁহারদের মধ্যে এক জন সুপ্রিম কোর্টের অথবা স্কটলণ্ড দেশের সেশন আদালতের বারিষ্টর অথবা আডবোকেট অর্থাৎ কৌন্সেলী সাহেব হইবেন ইতি।

IX No Judge appointed under this Act shall during his continuance as such Judge practise as an Advocate, Attorney, or Vakeel in any of the Queen's Courts, or in any Court of the East India Company, or trade or traffic for his own benefit, or for the benefit of any other person

৯ ধারা। এই আইনানুসারে নিযুক্ত কোন জজ ঐ জজী পদে থাকন সময়ে রাজকীয় কোন আদালতে অথবা কোম্পানি বাহাদুরের কোন আদালতে আডবোকেট অর্থাৎ কৌন্সেলী বা আটর্ণি কি উকীলী কর্ম্ম করিবেন না অথবা আপনার উপকারের জন্যে কি অন্য কোন ব্যক্তির উপকারের জন্যে বাণিজ্য বা ব্যবসা করিবেন না ইতি।

X The Governor General of India in Council may remove any such Judge on the application of the Governor in Council

১০ ধারা। শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলের দরখাস্তক্রমে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে কোন জজকে তগীর করিতে পারেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪১। ৫ জুন।]

XI. There shall be a Clerk for every Court holden under this Act, whom the Judges of the Court shall appoint, subject to the approval of the Governor in Council, and may remove, subject to the like approval.

১১ ধারা। এই আইনানুসারে যে প্রত্যেক আদালত স্থাপন হয় তাহাতে এক জন ক্লার্ক সাহেব থাকিবেন এবং শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলের অনুমতিক্রমে ঐ আদালতের জজ সাহেবেরা তাঁহাকে নিযুক্ত করিবেন এবং ঐ শ্রীযুতের অনুমতি লইয়া তাঁহাকে তগীর করিতে পারেন ইতি।

XII. The Clerk of each Court shall issue all Summonses, Warrants, Precepts and Writs of Execution, and register all Orders and Judgments of the Court, and keep an account of all proceedings of the Court, and shall take charge of, and keep an account of all Court Fees, and Fines payable or paid into Court, and of all Monies paid into, and out of Court, and shall enter an account of all such Fees, Fines, and Monies in a book belonging to the Court, to be kept by him for that purpose, and shall monthly, or at such other times as shall be directed by the Governor in Council, submit his accounts to be audited or settled in such manner as the Governor in Council, from time to time, shall direct.

১২ ধারা। প্রত্যেক আদালতের ক্লার্ক সাহেব সকল সমন ও ওয়ারণ্ট ও প্রিসেপ্ট ও ডিক্রী জারীর পরওয়ানা দিবেন এবং আদালতের সকল হুকুম ও ডিক্রী রেজিষ্টরী করিবেন এবং আদালতের সকল কার্য্যের বিবরণ লিখিয়া রাখিবেন এবং আদালতের সকল রসুম এবং আদালতের মধ্যে যে সকল জরীমানা দেয় হয় অথবা আদালতহইতে দেওয়া যায় এবং যে সকল টাকা আদালতে দাখিল হয় বা আদালতহইতে বাহির করা যায় তাহা ঐ ক্লার্ক সাহেবের জিম্মায় থাকিবেক এবং তিনি তাহার হিসাব রাখিবেন এবং সেই সকল রসুম ও জরীমানা ও টাকার হিসাব আদালতের যে এক বহী তিনি তন্নিমিত্তে রাখেন সেই বহীর মধ্যে তুলিবেন এবং মাসে২ অথবা অন্য যে২ সময় শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে নির্দ্দিষ্ট করেন সেই২ সময়ে শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে যেরূপ নিয়ম করেন সেইরূপে ঐ হিসাব বিবেচনা অথবা নিষ্পত্তি হওনের জন্যে দরপেশ করিবেন ইতি।

XIII. The Judges of every such Court shall, from time to time appoint a sufficient number of persons to be Bailiffs of the Court, not exceeding the number, from time to time, allowed by the Governor in Council, and may at their pleasure suspend or dismiss any Bailiff so appointed.

১৩ ধারা। ঐরূপ প্রত্যেক আদালতের জজ সাহেবেরা সময়ক্রমে যত ব্যক্তির আবশ্যক হয় তত ব্যক্তিকে আদালতের বেইলিফী কর্ম্মে নিযুক্ত করিবেন কিন্তু শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে সময়ক্রমে যত বেইলিফের হুকুম করেন তদপেক্ষা অধিক ব্যক্তি নিযুক্ত হইবেক না। এবং ঐ জজ সাহেবেরা আপনারদের বিবেচনামতে এইমত নিযুক্ত কোন বেইলিফকে সসপেণ্ড অথবা তগীর করিতে পারেন ইতি।

XIV. The Bailiffs shall attend every sitting of the Court, for such time as shall be required by the Judges, and shall serve all the Summonses and Orders, and execute all the Warrants, Precepts, and Writs, issued out of the Court, and shall, in the execution of their duties, conform to all such general Rules as shall be, from time to time, made for regulating the proceedings of the Court.

১৪ ধারা। ঐ বেইলিফ জজ সাহেবেরা যত কাল নিরূপণ করেন তত কাল আদালতের প্রত্যেক বৈঠকে হাজির হইবেক এবং আদালতহইতে যে সকল সমন ও হুকুম দেওয়া যায় এবং যে সকল ওয়ারণ্ট ও প্রিসেপ্ট ও রিট অর্থাৎ পরওয়ানা বাহির হয় তাহা জারী করিবেক এবং ঐ২ কার্য্য নির্ব্বাহ করণে আদালতের কার্য্যের রীতির নিয়মের জন্যে সময়ক্রমে যে সকল সাধারণ বিধি হয় তদনুসারে কার্য্য করিবেক ইতি।

XV. Every Clerk, or other Officer of any such Court, who shall be, by himself or by any partner, or in any way, directly or indirectly, concerned as Attorney, Vakeel or Agent for any party in any proceeding in the said Court, shall forfeit and pay the sum of Five Hundred Rupees, to any person who shall sue for the same in the Supreme Court by action of debt or on the case.

১৫ ধারা। উক্ত আদালতের কোন ক্লার্ক সাহেব অথবা অন্য কর্ম্মকারক যদি আপনি অথবা আপনার কোন বখরাদারের দ্বারা স্পষ্টরূপে বা অস্পষ্টরূপে কোন প্রকারে ঐ আদালতে উপস্থিত কোন কার্য্যে কোন ব্যক্তির জন্যে আটর্নি অথবা উকীল কি মোখ্তারের ন্যায় কার্য্য করেন তবে যে কোন ব্যক্তি কর্জের নালিশেতে বা আইন উল্লঙ্ঘনের বিষয়ে তাঁহার নামে সুপ্রিম কোর্টে নালিশ করে তাহাকে পাঁচ শত টাকা জরীমানা দিবেক ইতি।

XVI. The Clerk and Bailiffs shall give security for such sum, and in such manner and form, as the Governor in Council, from time to time, shall order, for the due performance of their several offices, and for the due accounting for and payment of all Monies received by them under this Act, or which they may become liable to pay for any misbehaviour in their office.

১৬ ধারা। ঐ ক্লার্ক সাহেব এবং বেইলিফ আপন২ পদের কার্য্য উপযুক্তরূপে নির্ব্বাহের জন্যে এবং এই আইনক্রমে তাঁহারা যে সকল টাকা পান তাহার উপযুক্তমতে হিসাব দেওনের জন্যে অথবা আপনার পদোপলক্ষে কুক্রিয়ার বিষয়ে যে টাকা তাঁহারদের দিতে হয় সেই টাকা দিবার জন্যে শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে সময়ক্রমে যত টাকা ও যে রীতি ও নিয়ম নির্দ্দিষ্ট করেন তত টাকার জামিন তাঁহারা সেই রীতি এবং নিয়মানুসারে দিবেন ইতি।

XVII. There shall be payable in the Courts

১৭ ধারা। এই আইনানুসারে স্থাপিত আদালতে

holden under this Act the Fees set forth in the annexed Schedule,* beside the sum of two annas in the rupee on the amount of the sum claimed, which Fees shall be paid over to an account to be termed the General Fund of the Court

XVIII The rateable Fee or Commission shall be paid by the plaintiff before the summons issues; the other Fees on every proceeding shall be paid in the first instance by the plaintiff or party on whose behalf such proceeding is to be had, on or before such proceeding if the plaintiff recovers a less sum than he has demanded, the defendant shall not, in any case, be required to repay to him more than the Fees and Commission calculated upon the sum recovered If the case is settled by agreement of the parties, before hearing, half the amount of the Fees paid up to that time shall be returned to the parties by whom they have been severally paid

XIX The Governor in Council may, at any time, lessen the amount of the Fees to be taken in the Courts holden under this Act in such manner as to him shall seem fit, and may again increase such Fees, so that the scale of Fees given in this Act be not in any case surpassed

XX The Governor in Council, shall from time to time, make such Rules as to him shall seem meet for securing the balances, and other sums of money in the hands of any Officers of every Court holden under this Act, and for the due accounting for and application of all such balances and other sums of money

XXI The Courts shall sit daily, except on Sundays, Christmas day, and Good Friday, and on Native or other Holidays which the Governor in Council shall direct the Court to observe, and each of the Judges may sit apart from the other two, or with either of them, at the same time or at different times, and any one or two of the said Judges so sitting apart shall have all the judicial authority which is herein given to all the Judges

XXII. A Seal shall be made for every Court holden under this Act, under the direction of the Governor in Council, and all Summonses and

** Schedule of Fees*

Sums not above	Every Summons or Subpœna		Warrant	
Rupees	Rupees	Annas	Rupees	Annas
10	0	2	0	2
20	0	4	0	4
50	0	8	0	8
100	1	0	1	0
200	1	4	2	0
300	1	8	3	0
400	1	12	4	0
500	2	0	5	0

পশ্চাৎ লিখিত* তফসীলের বসুম দেওয়া যাইবেক এবং অতিরিক্ত যত টাকার দাওয়া হয় তাহার টাকা প্রতি দুই আনা কমিসান। এবং যে হিসাব ঐ আদালতের "সাধারণ হিসাব" নামে নির্দ্দিষ্ট হয় সেই হিসাবে ঐ বসুমসকল জমা হইবেক ইতি।

১৮ ধারা। উক্ত নিরিখানুসারে বসুম অথবা কমিসান সমন দেওনের পূর্ব্বে ফরিয়াদীর দিতে হইবেক। অন্য প্রত্যেক কার্য্যের বসুম কার্য্য হওনের সময়ে বা তাহার পূর্ব্বে প্রথমতঃ ফরিয়াদী অথবা যে ব্যক্তির নিমিত্তে ঐ কার্য্য হয় সেই ব্যক্তি দিবেক। ফরিয়াদী যত টাকার দাওয়া করিয়াছিল যদি তাহাহইতে কম টাকার ডিক্রী হয় তবে আসামী কোন গতিকে ডিক্রী হওয়া টাকার হিসাবে যে বসুম অথবা কমিসান দেয় হয় তদপেক্ষা অধিক টাকা ফরিয়াদীকে ফিরিয়া দিবেক না। মোকদ্দমা শুনানি হওনের পূর্ব্বে যদি বাদিপ্রতিবাদিরদের সোলেনামার দ্বারা মোকদ্দমা মিটান যায় তবে সেই সময়পর্য্যন্ত যে বসুম দাখিল হইয়াছে তাহার অর্দ্ধেক যে২ ব্যক্তি তাহা দিল তাহারদিগকে ফিরিয়া দেওয়া যাইবেক ইতি।

১৯ ধারা। এই আইনানুসারে স্থাপিত আদালতে যে২ বসুম লইতে হইবেক তাহার সংখ্যা শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে যেরূপ উচিত বুঝেন সেইরূপে কমাইতে পারেন এবং পুনরায় তাহা বাড়াইতে পারেন কিন্তু কোন গতিকে এই আইনের নির্দ্ধারিত নিরিখ অপেক্ষা অধিক বসুম লওয়া যাইবেক না ইতি।

২০ ধারা। শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে সময়ক্রমে এই আইনানুসারে স্থাপিত আদালতের কোন আমলার হাতে যে বাকী টাকা থাকে বা অন্য যে কোন টাকা থাকে তাহা নির্ব্বিঘ্নে রাখণের জন্যে এবং ঐ প্রকার বাকী টাকা এবং অন্যান্য টাকার রীতিমত হিসাব দেওন ও ব্যয় করণের বিষয়ে যে২ নিয়ম উপযুক্ত বোধ করেন সেই২ নিয়ম করিতে পারেন ইতি।

২১ ধারা। রবিবার দিন ও ক্রিসমিসডে অর্থাৎ বড় দিন ও গুড ফ্রাইডে এবং এদেশীয় বা অন্য যে পরবের দিন শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে ঐ আদালতকে মানিতে হুকুম দেন সেই দিবসছাড়া ঐ আদালত প্রতিদিন বৈঠক করিবেন। এবং জজ সাহেবেরদের প্রত্যেক জন একি সময়ে অথবা ভিন্ন২ সময়ে অন্য দুই জজহইতে পৃথক বৈঠক করিতে পারেন অথবা তাঁহারদের কোন একের সঙ্গে বৈঠক করিতে পারেন। এবং উক্ত জজ সাহেবের এক জন বা দুই জন সেইরূপে পৃথক বৈঠক করিলে সমুদয় জজকে ইহার দ্বারা যে আদালতসম্পর্কীয় ক্ষমতা দেওয়া গেল সেই সকল ক্ষমতা তাঁহার থাকিবেক ইতি।

২২ ধারা। এই আইনানুসারে স্থাপিত প্রত্যেক আদালতের জন্যে শ্রীযুত গবরনর সাহেবের হজুর কৌন্সেলের হুকুমক্রমে এক মোহর করা যাইবেক। এবং

* বসুমের তফসীল।

যাহার অধিক নহে	প্রত্যেক তলবচিঠী কি সফীনা	ওয়ারন্ট।
১০৲ টাকা	৶	৶
২০৲	।০	।০
৫০৲	॥০	॥০
১০০৲	১৲	১৲
২০০৲	১।০	২৲
৩০০৲	১॥০	৩৲
৪০০৲	১৸০	৪৲
৫০০৲	২৲	৫৲

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ৫ জুন।]

other Process issuing out of the Court shall be sealed or stamped with the seal of the Court, and every person, who shall forge the Seal or any Process of the Court, or who shall serve or enforce any such forged Process, knowing the same to be forged, or deliver or cause to be delivered to any person any paper falsely purporting to be a copy of any Summons, or other Process of the said Court, knowing the same to be false, or who shall act or profess to act under any false colour or pretence of the Process of the said Court, shall be guilty of felony

XXIII All suits where the debt or damage claimed is not more than Five Hundred Rupees, whether on balance of account or otherwise, may be brought in the Court of Requests, and all such suits brought in the said Court shall be heard and determined in a summary way Provided always, that the Court shall not have jurisdiction in any matter concerning the revenue, or concerning any act ordered or done by the Governor or Governor General or any Member of the Council of India or of any Presidency in his public capacity, or done by any person by order of the Governor General or Governor in Council, or concerning any act ordered or done by any Judge or Judicial Officer in the execution of his office, or by any person in pursuance of any judgment or order of any Court or any such Judge or Judicial Officer

XXIV On the application of any person desirous to bring a suit under this Act, the Clerk of the Court shall issue under the seal of the Court a Summons, which shall be numbered, and shall set forth the names of the plaintiff and defendant, the cause of action and the amount sued for, and shall be served on the defendant, so many days before the day on which the Court shall be holden at which the cause is to be tried as shall be directed by the Rules for regulating the practice of the Court, and delivery of such Summons to the defendant, or in such other manner as shall be specified in the Rules of practice, shall be deemed good service, and no misnomer or inaccurate description of any person or place in any such Summons shall vitiate the same, if the person or place be therein described so as to be commonly known

XXV All persons shall be deemed within the jurisdiction of the Court, who dwell or carry on their business or work for gain within the district of the Court at the time of bringing the action, or who did so dwell or carry on their business or work therein at the time when the cause of action arose, or within six months before the time of bringing the action

XXVI Any Summons or other Process of any of the said Courts, service of which is needed out of the district of the Court, may be exhibited in any Court of Law or before any Magistrate, and

ঐ আদালতহইতে যে সকল সমন ও অন্যান্য হুকুম দেওয়া যায় তাহাতে ঐ আদালতের মোহর লায় দ্বারা বা কালি দিয়া বসান যাইবেক। এবং যে কোন ব্যক্তি ঐ আদালতের মোহর বা কোন হুকুম কৃত্রিম করে অথবা ঐ হুকুম কৃত্রিম জানিয়া তাহা জারী করে বা চালায় বা যে কোন লিপি মিথ্যারূপে ঐ আদালতের কোন সমন বা অন্য হুকুমের নকল কহা যায় এইমত লিপি কৃত্রিম জানিয়া যে কেহ কোন ব্যক্তিকে দেয় বা দেওয়ায় অথবা যে কেহ উক্ত আদালতের হুকুমের মিথ্যা হেতুতে অথবা সেই হুকুমের ছলে কোন কার্য্য করে বা কার্য্য করিতেছি কহে সেই ব্যক্তি "ফেলোনির" অপরাধের দোষী হইবেক ইতি।

২৩ ধারা। যে সকল মোকদ্দমায় কর্জ বা ক্ষতিপূরণের দাওয়া পাঁচ শত টাকার অধিক না হয় তাহা হিসাবের মোকাবিলার বাকীর বা প্রকারান্তরের হউক সেই সকল মোকদ্দমা ঐ কোর্ট রিকেষ্টে উপস্থিত করা যাইতে পারে। এবং উক্ত আদালতে যে সকল মোকদ্দমা উপস্থিত হয় তাহা সরাসরীমতে শুনা যাইবেক ও নিষ্পত্তি হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে রাজস্বের বিষয়ে বা যে কোন ক্রিয়া শ্রীযুত গবরনর সাহেব অথবা শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর বা ভারতবর্ষের কিম্বা কোন রাজধানীর কৌন্সেলের অন্য.পাতি সাহেব আপনার সরকারী পদোপলক্ষে করেন বা করিবার হুকুম দেন সেই কর্ম্মের বিষয়ে অথবা শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের অথবা শ্রীযুত গবরনর সাহেবের হজুর কৌন্সেলের হুকুমক্রমে কোন ব্যক্তির দ্বারা যে কর্ম্ম করা যায় তাহার বিষয়ে অথবা কোন জজ সাহেব অথবা আদালতসম্পর্কীয় কর্ম্মকারক আপনার পদোপলক্ষে যে কর্ম্ম করেন বা করিতে হুকুম দেন সেই কর্ম্মের বিষয়ে কিম্বা কোন আদালতের কি জজ সাহেবের বা আদালত সম্পর্কীয় কর্ম্মকারকের কোন ডিক্রী বা হুকুম অনুসারে কোন ব্যক্তি যে কর্ম্ম করেন তাহার বিষয়ে ঐ আদালতের কোন এলাকা থাকিবেক না ইতি।

২৪ ধারা। যে কোন ব্যক্তি এই আইনানুসারে কোন নালিশ করিতে চাহে সেই ব্যক্তি দরখাস্ত করিলে ঐ আদালতের ক্লার্ক সাহেব আদালতের মোহর করা এক সমন দিবেন তাহাতে নম্বর থাকিবেক এবং তাহাতে ফরিয়াদী ও আসামীর নাম ও মোকদ্দমার হেতু ও যত টাকার দাওয়া হয় তাহার সংখ্যা লেখা থাকিবেক। এবং ঐ আদালতের যে দিবসের বৈঠকে ঐ মোকদ্দমার বিচার হইবেক তাহার পূর্ব্বে যত দিবস আদালতের ব্যবহার নিয়মেতে নির্দ্দিষ্ট আছে তত দিবসের পূর্ব্বে ঐ সমন আসামীর উপর জারী হইবেক। এবং ঐ সমন আসামীকে দেওয়া গেলে অথবা অন্য যেপ্রকার কার্য্যের রীতিতে নির্দ্দিষ্ট হয় সেইপ্রকারে দেওয়া গেলে তাহা প্রকৃতরূপে জারীহওয়া জ্ঞান হইবেক। এবং ঐ সমনে লিখিত ব্যক্তি বা স্থান যদি এমতে বর্ণনা করা যায় যে তাহা সামান্যতঃ জানা যাইতে পারে তবে সমনে নামের ভুল থাকিলে বা ব্যক্তির কিম্বা স্থানের অনুপযুক্ত বর্ণনা থাকিলে তাহাতে ঐ সমন বাতিল হইবেক না ইতি।

২৫ ধারা। মোকদ্দমা উপস্থিত করণের সময়ে যে সকল ব্যক্তি আদালতের প্রদেশের মধ্যে বাস করিতেছে বা ব্যবসা করিতেছে কি লাভের জন্যে খাটিতেছে অথবা মোকদ্দমার কারণ উপস্থিত হওন সময়ে কিম্বা নালিশ উপস্থিত করণের ছয় মাসের মধ্যে সেই প্রদেশে বাস করিতেছিল বা ব্যবসা করিতেছিল কি লাভের জন্যে খাটিতেছিল সেই সকল ব্যক্তি ঐ আদালতের এলাকার মধ্যে আছে জ্ঞান করা যাইবেক ইতি।

২৬ ধারা। উক্ত আদালতের কোন সমন কি অন্য হুকুম আদালতের প্রদেশের বাহিরে জারী করিতে হইলে তাহা কোন আদালতে অথবা কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে দেখান যাইতে পারে এবং তাহাতে ঐ

shall be thereupon endorsed by the Magistrate or Judge of such Court, and, when so endorsed, may be served in like manner as any order or Process from such Court or Magistrate, and such service shall be as valid as if the same had been made by the Bailiff of the Court out of which such Summons or other Process shall have issued within the jurisdiction of the Court for which he acts

XXVII Service of any Summons or other Process of the Court, which shall require to be served out of the district of the Court, may be proved by affidavit, or solemn affirmation, purporting to be sworn or made before any Judge or Magistrate, and, in every case of the unavoidable absence of the Bailiff by whom any Summons or other Process of the Court has been served, the service of such Summons or other Process may be proved, if the Judges think fit, in the same manner as a Summons served out of the district of the Court

XXVIII Any minor may prosecute a suit in any Court holden under this Act for any sum of money not greater than Five Hundred Rupees, which may be due to him for wages or piecework, or for work as a servant, in the same manner as if he were of full age

XXIX The jurisdiction of the Court shall extend to the recovery of any demand, not exceeding the sum of Five Hundred Rupees, which is the whole or part of the unliquidated balance of a partnership account or the amount or part of the amount of a distributive share under an intestacy, or of any legacy under a Will

XXX Any Executor or Administrator may sue and be sued in any Court holden under this Act, in like manner as if he were a party in his own right, and judgment and execution shall be such as in the like case would be given or issued in any Superior Court

XXXI A plaintiff shall not be allowed to divide any cause of action, for the sake of bringing two or more suits in any of the said Courts, but any plaintiff, having cause of action for more than Five Hundred Rupees, may abandon the excess, which shall be stated in the Summons, and thereupon the plaintiff shall, on proving his case, recover to an amount not exceeding Five Hundred Rupees, and the judgment of the Court shall be in full discharge of all demands in respect of such cause of action, and entry of the judgment shall be made accordingly

XXXII The Governor General, and Members of the Supreme Council of India, the Governors and Members of Council of the Presidencies of Fort William in Bengal, Fort St George and Bombay respectively, and the Chief Justices and Judges of the several Supreme Courts established therein by Royal Charter, shall not be liable to arrest or imprisonment by Process issuing out of any Court holden under this Act

XXXIII Where any plaintiff shall have any

মাজিষ্ট্রেট অথবা আদালতের জজ সাহেব তাহার পৃষ্ঠে দস্তখৎ করিবেন। এবং এইরূপ পৃষ্ঠে দস্তখৎ হইলে ঐ আদালত কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের কোন হুকুমের ন্যায় তাহা জারী হইতে পারে। এবং এইরূপে জারী হইলে যে আদালতের সমন বা হুকুম হয় সেই আদালতের বেইলিফ ঐ আদালতের এলাকার মধ্যে তাহা জারী করিলে যেরূপ সিদ্ধ হইত সেইরূপ সিদ্ধ হইবেক ইতি।

২৭ ধারা। ঐ আদালতের যে সমন বা অন্য হুকুম আদালতের প্রদেশের বাহিরে জারী করিতে হয় সেই সমন বা হুকুম নিতান্ত জারী হইয়াছে ইহার প্রমাণ কোন জজ বা মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে করা সুকৃতি বা প্রতিজ্ঞার দ্বারা হইতে পারে। এবং যে প্রত্যেক ব্যক্তিকে আদালতের সমন বা হুকুম জারী করণিয়া বেইলিফ অগত্যা অবর্ত্তমান হন সেই ব্যক্তিকে আদালতের প্রদেশের বাহিরে সমন জারীহওনের যেরূপ প্রমাণ দেওয়া যায় জজ সাহেবেরা উচিত বুঝিলে এই সমনের বা অন্য হুকুম জারীহওনের প্রমাণ সেইরূপ দেওয়া যাইতে পারে ইতি।

২৮ ধারা। এই আইনানুসারে স্থাপিত আদালতে কোন নাবালগের যে মাহিয়ানা অথবা চুক্তির জন্যে অথবা চাকরের ন্যায় খাটনের জন্যে টাকা পাওনা হয় সেই টাকা পাঁচ শতের অধিক না হইলে সেই নাবালগ বয়ঃপ্রাপ্ত হইলে যেরূপে নালিশ করিতে পারিত সেইরূপে নালিশ করিতে পারে ইতি।

২৯ ধারা। যে দাওয়া সরীকী হিসাব মোকাবিলা করণে বাকী টাকার সমুদয় বা কিয়দংশ হয় কিম্বা যে ব্যক্তি উইল না করিয়া মরে তাহার সম্পত্তি বিভাগকরণপূর্ব্বক অথবা উইলক্রমে কোন দানের টাকা বা টাকার এক অংশ হন এইমত দাওয়া পাচ শত টাকার অধিক না হইলে তাহার বাবৎ নালিশ ঐ আদালতে হইতে পারে ইতি।

৩০ ধারা। কোন একসেকিটর কিম্বা আডমিনিষ্ট্রেটর আপনার হক যেরূপ নালিশ করিতে পারেন সেইরূপে এই আইনের দ্বারা স্থাপিত আদালতে নালিশ করিতে পারেন এবং তাঁহার নামে নালিশ হইতে পারে। এবং এইরূপ ব্যক্তিকে উপরিস্থ কোন আদালতে যেরূপ ডিক্রী হইত ও তাহা যেরূপে জারী হইত সেইরূপে ডিক্রী হইবেক ও জারী হইবেক ইতি।

৩১ ধারা। উক্ত আদালতে দুই বা ততোধিক মোকদ্দমা করিবার অভিপ্রায়ে কোন ফরিয়াদী আপনার মোকদ্দমার কারণ খণ্ড করিতে পারে না। কিন্তু যদি কোন ফরিয়াদীর পাঁচ শত টাকার অধিক নালিশের কারণ হয় তবে সেই ব্যক্তি ঐ অধিক টাকা ত্যাগ করিতে পারে এবং তাহা সমনে লিখিতে হইবেক। এবং তাহাতে ফরিয়াদী আপনার মোকদ্দমা প্রমাণ করিলে পাঁচ শত টাকার অনধিক টাকার ডিক্রী পাইবেক কিন্তু আদালতের এই ডিক্রী হইবেক যে মোকদ্দমার সেই কারণসম্পর্কে যত দাওয়া ছিল সেই সকল এই ডিক্রীর দ্বারা সম্পূর্ণরূপে নিষ্পত্তি হইয়াছে এবং তদনুসারে ডিক্রী লেখা যাইবেক ইতি।

৩২ ধারা। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর এবং ভারতবর্ষের সুপ্রিম কৌন্সেলের অন্তঃপাতি সাহেব এবং বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর কৌন্সেলের শ্রীযুত গবরনর সাহেব ও অন্তঃপাতি সাহেব এবং রাজকীয় চার্টরের দ্বারা স্থাপিত নানা সুপ্রিম কোর্টের চিফ জুষ্টিস এবং জজ সাহেবেরা এই আইনানুসারে স্থাপিত কোন আদালতের পরওয়ানাক্রমে গ্রেপ্তার অথবা কয়েদ হইতে পারেন না ইতি।

৩৩ ধারা। এই আইনানুসারে যে দাওয়া আদায়

demand recoverable under this Act against two or more persons jointly answerable, it shall be sufficient if any of such persons be served with Process, and judgment may be obtained and execution issued against the person or persons so served, notwithstanding that others, jointly liable, may not have been served or sued, or may not be within the jurisdiction of the Court, and every such person against whom judgment shall have been obtained under this Act, and who shall have satisfied such judgment, shall be entitled to demand and recover in the Court, holden under this Act, contribution from any other person jointly liable with him, and in all cases of misjoinder of defendants, the Judges may order the suit to proceed against such of the defendants only against whom cause of action appears, and may give judgment against them only, giving also judgment for costs for the defendants improperly joined

XXXIV The Judges of the Court shall determine all questions as well of fact as of Law, in all cases which they have authority to try

XXXV On the day in that behalf named in the Summons, the plaintiff shall appear, and thereupon the defendant shall be required to appear to answer and on answer being made in Court, the Judges shall proceed in a summary way to try the cause and give judgment, without further pleading or formal joinder of issue

XXXVI The Judges may, in any case, with the consent of both parties to the suit, order the same, with or without other matters within the jurisdiction of the Court in dispute between such parties, to be referred to arbitration, to such person or persons, and in such manner, and on such terms as they shall think reasonable and just and such reference shall not be revocable by either party, except by consent of the Judges, and the award of the arbitrator or arbitrators or umpire shall be entered as the judgment in the cause, and shall be as binding and effectual to all intents as if given by the Judges, provided, that the Judges may, if they think fit, on application to them at the first Court held after the expiration of one week, after the entry of such award, set aside any such award, or may, with the consent of both parties revoke the reference, or order another reference to be made in the manner aforesaid

XXXVII The Judges of each Court holden under this Act, subject to the approval of the Judges of the Supreme Court, shall have power to make and issue all the general rules for regulating the practice and proceedings of the Court, and also to frame forms for every proceeding in the Court for which they shall think it necessary that a form

[*Government Gazette, 5th June,* 1849]

হইতে পারে যখন কোন ফরিয়াদীর এমত দাওয়া দুই বা ততোধিক ব্যক্তির প্রতিকূলে থাকে এবং তাহারা সাধারণে তদ্বিষয়ে দায়ী তখন ঐ ব্যক্তিরদের কোন এক জনের উপর হুকুম জারী করিলে তাহা প্রচুর হইবেক এবং অন্য যে ব্যক্তিরা সেই বিষয়ে সাধারণে দায়ী আছে তাহারদের উপর যদ্যপি হুকুম জারী না হইয়া থাকে বা তাহারদের নামে নালিশ না হইয়া থাকে অথবা যদ্যপিও তাহারা আদালতের এলাকার মধ্যে না থাকে তথাপি যে ব্যক্তি বা ব্যক্তিরদের উপর হুকুম জারী হইয়াছে তাহারদের প্রতিকূলে ডিক্রী হইতে পারে এবং সেই ডিক্রী জারী হইতে পারে। এবং এইরূপ যে প্রত্যেক ব্যক্তির বিরুদ্ধে এই আইনানুসারে ডিক্রী হইয়াছে এবং সেই ডিক্রীর মতাচরণ হইয়াছে সেই ব্যক্তির সঙ্গে অন্য যে কোন ব্যক্তি সাধারণে দায়ী ছিল তাহার স্থানে এই আইনানুসারে স্থাপিত আদালতে ঐ দেনার অংশের দাওয়া করিতে পারে ও পাইতে পারে। এবং যদি ভ্রমক্রমে কোন ব্যক্তিরদিগকে আসামী করা গিয়াছে তবে যে আসামীরদের বিরুদ্ধে নালিশ করণের কারণ দৃষ্ট হয় কেবল তাহারদের প্রতিকূলে মোকদ্দমা চালাইতে জজ সাহেব হুকুম দিতে পারেন এবং কেবল তাহারদের প্রতিকূলে ডিক্রী করিতে পারেন। এবং যে ব্যক্তিরদিগকে অনুচিতমতে আসামী করা গিয়াছিল সেই ব্যক্তিরদিগকে তাহারদের খরচা ফিরিয়া দিতে হুকুম করিতে পারেন ইতি।

৩৪ ধারা। আদালতের জজ সাহেবেরা যেং মোকদ্দমার বিচার করিতে ক্ষমতা পাইয়াছেন সেইং মোকদ্দমার ক্রিয়ার বিষয় এবং আইনের বিষয় নিষ্পত্তি করিবেন ইতি।

৩৫ ধারা। যে দিবস সমনে নির্দ্দিষ্ট থাকে সেই দিবসে ফরিয়াদী উপস্থিত হইবেক এবং আসামীকে জওয়াব দেওনার্থে উপস্থিত হইবার হুকুম হইবেক। এবং আদালতে উত্তর দেওয়া গেলে জজ সাহেবেরা সরাসরীমতে সেই বিষয়ের বিচার করিবেন এবং আর কোন সওয়ালজওয়াব বিনা এবং বিরোধি বিষয়ে আর কোন উদ্যোগ না করিয়া ডিক্রী করিবেন ইতি।

৩৬ ধারা। জজ সাহেবেরা কোন মোকদ্দমার উভয়পক্ষের সম্মতিক্রমে যে ব্যক্তির বা ব্যক্তিরদিগকে এবং যেরূপ এবং যে নিয়ম যথার্থ ও উপযুক্ত বোধ করেন সেইরূপে সেই মোকদ্দমা এবং উভয় বিবাদির মধ্যে ঐ আদালতের বিচার্য্য অন্য যে কোন বিষয়ের বিরোধ থাকে তাহাসমেত বা তাহা বিনা সালিসীতে অর্পণ করিতে পারেন। এবং ঐ সালিসীতে অর্পিত মোকদ্দমা জজ সাহেবেরদের অনুমতিবিনা বাদিপ্রতিবাদী উঠাইয়া লইতে পারে না। এবং সালিস বা সালিসেরদের কিম্বা মধ্যস্থ ব্যক্তির ফয়সলা এই মোকদ্দমার ডিক্রীস্বরূপ লেখা যাইবেক এবং জজ সাহেবের দ্বারা করা গেলে যেরূপ প্রবল ও সিদ্ধ হইত সর্ব্বতোভাবে সেইরূপ প্রবল ও সিদ্ধ হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে জজ সাহেবেরা উচিত বোধ করিলে ঐ ফয়সলা হওনের পর এক সপ্তাহ অতীতে যে প্রথম দিবসে আদালতের বৈঠক হয় সেই দিবসে তাঁহারদের নিকটে দরখাস্ত হইলে সেই ফয়সলা অন্যথা করিতে পারেন অথবা উভয় পক্ষের সম্মতিক্রমে সেই অর্পিত মোকদ্দমা উঠাইয়া লইতে পারেন কি পূর্ব্বোক্তমতে অন্য ব্যক্তিরদের প্রতি তাহা সালিসীতে অর্পণ করণের হুকুম দিতে পারেন ইতি।

৩৭ ধারা। এই আইনানুসারে স্থাপিত প্রত্যেক আদালতের জজ সাহেবদিগকে সুপ্রিম কোর্টের জজ সাহেবেরদের অনুমতিক্রমে এই ক্ষমতা দেওয়া গেল যে আদালতের ব্যবহার ও কার্য্যের রীতির জন্যে সকল সাধারণ বিধি করিতে ও প্রকাশ করিতে পারেন এবং আদালতের যে প্রত্যেক কার্য্যের বিষয়ে কোন পাট নির্দ্দিষ্ট করা তাঁহারদের উচিত বোধ হয় সেই কার্য্যের

be provided, and also for keeping all books, entries, and accounts to be kept by the Clerk of the Court, and from time to time to alter any such rule or form, and the rules so made and the forms so framed, shall be observed and used in the Court of that Presidency, and shall be sent to the Supreme Court for approval, but shall be of force until disapproved, and in any case, not expressly provided for herein, or by the said rules, the general principles of practice in the Supreme Court may be adopted and applied at the discretion of the Judges, to actions and proceedings in their Court

XXXVIII If upon the day of the return of any Summons, or at any continuation or adjournment of the said Court, or of the cause for which the said Summons shall have been issued, the plaintiff shall not appear, the cause shall be struck out, and if he shall appear, but shall not make proof of his demand to the satisfaction of the Court, the Judges may nonsuit the plaintiff or give judgment for the defendant, and, in either case, where the defendant shall appear and shall not admit the demand, may award to the defendant, by way of costs and satisfaction for his trouble and attendance, such sum as they, in their discretion, shall think fit, and such sum shall be recoverable from the plaintiff by such ways and means as any debt or damage ordered to be paid by the same Court can be recovered provided always, that if the plaintiff shall not appear when called upon, and the defendant, or some one duly authorized on his behalf, shall appear, and admit the cause of action to the full amount claimed, and pay the fees payable in the first instance by the plaintiff, the Court, if it shall think fit, may proceed to give judgment, as if the plaintiff had appeared

XXXIX If on the day so named in the Summons, or at any continuation or adjournment of the Court, or cause in which the Summons was issued, the defendant shall not appear or sufficiently excuse his absence, or shall neglect to answer when called in Court, the Judges, upon due proof of service of the Summons, may issue a Writ of Attachment to compel the appearance of the defendant, or in their discretion may proceed to the hearing or trial of the cause on the part of the plaintiff only, and the judgment thereupon shall be as valid as if both parties had attended, provided always, that the Judges in any such case, at the same or any subsequent Court, may set aside any judgment so given in the absence of the defendant, and the execution thereupon, and may grant new trial of the cause, upon such terms, as to payment of costs, giving security for debt or costs, or otherwise, as they think fit, on sufficient cause shown to them for that purpose

XL. The Judges may in any case make orders

জন্যে তাঁহারা পাঠ নির্দ্দিষ্ট করিতে পারেন এবং আদালতের ক্লার্ক সাহেবের যে সকল বহী ও খাতা ও হিসাব রাখিতে হয় তাহা রাখণের বিষয়ের পাঠ নির্দ্দিষ্ট করিতে পারেন। এবং সময়ক্রমে ঐ বিধি অথবা পাঠ মতান্তর করিতে পারেন। এবং যে বিধি এইরূপে করা যায় এবং যে পাঠ এইরূপে নির্দ্দিষ্ট হয় তাহা ঐ রাজধানীর আদালতে প্রতিপালন ও ব্যবহার হইবেক এবং তাহা মঞ্জুর হওনার্থে সুপ্রিম কোর্টে পাঠান যাইবেক কিন্তু ঐ আদালতে তাহা যাবৎ গরমঞ্জুর না হয় তাবৎ তাহা প্রবল থাকিবেক। এবং যে কোন গতিকে এই আইনের মধ্যে অথবা উক্ত বিধির মধ্যে কোন বিশেষ নিয়ম না থাকে সেই২ গতিকে জজ সাহেবেরা আপন২ বিবেচনাক্রমে আপনারদের আদালতের সকল নালিশের বিষয়ে এবং কার্য্যের বিষয়ে সুপ্রিম কোর্টের সাধারণ ব্যবহারের নিয়ম গ্রহণ করিতে ও খাটাইতে পারেন ইতি।

৩৮ ধারা। যে দিবসে সমন ফিরিয়া আইসে সেই দিবসে অথবা উক্ত আদালতের বৈঠক কিম্বা যে মোকদ্দমার জন্যে সমন দেওয়া গিয়াছিল সেই মোকদ্দমা যে দিনপর্য্যন্ত স্থগিত হয় সেই দিবসে যদি ফরিয়াদী হাজির না হয় তবে মোকদ্দমার নম্বর খারিজ হইবেক। এবং যদি ফরিয়াদী উপস্থিত হয় কিন্তু আপনার দাওয়ার বিষয় আদালতের হৃদ্বোধ মতে প্রমাণ দিতে না পারে তবে জজ সাহেবেরা ফরিয়াদীকে ননসুট করিতে পারেন অথবা আসামীর পক্ষে ডিক্রী করিতে পারেন। এবং এই উভয় গতিকে যদি আসামী উপস্থিত হয় কিন্তু দাওয়া স্বীকার না করে তবে জজ সাহেবেরা আসামীকে তাহার খরচার জন্যে ও তাহার ক্লেশ ও সময় হরণের জন্যে যে টাকা তাঁহারদের বিবেচনায় ওয়াজিবী বোধ হয় তাহা তাহাকে দেওয়াইতে পারেন। এবং যে কর্জের টাকা অথবা ক্ষতিপূরণের টাকা দিতে আদালত হুকুম করেন সেই কর্জপ্রভৃতি যেমতে ও যে উপায়ের দ্বারা আদায় হয় সেই মতে ফরিয়াদীর স্থানে ঐ টাকা আদায় হইতে পারে। কিন্তু জানা কর্ত্তব্য যে যদি ফরিয়াদীর তলব হইলে হাজির না হয় এবং যদি আসামী অথবা তাহার স্থানে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত অন্য ব্যক্তি হাজির হয় এবং যত টাকার দাওয়া হইয়াছিল তাহা সমুদয় স্বীকার করে এবং ফরিয়াদীর প্রথমত যে রসুম দেয় হয় তাহা দেয় তবে আদালত উচিত বোধ করিলে ফরিয়াদী উপস্থিত হইলে যেরূপ করিতেন সেইরূপ ডিক্রী করিতে পারেন ইতি।

জেলা হিজলীর ঘাট কালীনগরহইতে শালিখার গোলায় ন্যূনসংখ্যা ছয় লক্ষ মোন লবণ চোলাই করিবার জন্য টেণ্ডর অর্থাৎ দরখাস্ত এই ইশতেহারের দ্বারা তলব করা যাইতেছে।

উক্ত ঘাটহইতে আগামি ১ ডিসেম্বর তারিখে ওজন দেওয়া আরম্ভ হইবেক।

দরখাস্তকারি ব্যক্তি যে দরে লবণ চোলাই করিতে ইচ্ছুক হইবেক সেই দর প্রত্যেক দরখাস্তে লিখিয়া দাখিল করিবেক।

উক্ত নেমক কালীনগরের ঘাটে ওজন করিয়া নদীর কিনারায় কানট্রাকটদারকে দেওয়া যাইবেক তদনন্তর কানট্রাকটদারের নিজ খরচায় নৌকায় বোঝাই করিতে হইবেক পরে শালিখা মোকামে সরকারী খরচে কিস্তীহইতে ঘাটপেট ও ওজন করা যাইবেক।

উক্ত কানট্রাকটের টেণ্ডর অর্থাৎ দরখাস্ত এই দপ্তরখানায় সন হালের ১ আগষ্ট বুধবার বেলা দুই প্রহর দুই ঘণ্টার পূর্ব্বে লওয়া যাইবেক আর সাহেবান বোর্ডের এক্তিয়ার বহিল যে কোন কারণ না দর্শাইয়া টেণ্ডর নামঞ্জুর করিতে পারিবেন।

নিম্নলিখিত হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফীম। সন ১৮৪৯ সাল তারিখ ১৮ জুলাই মোতাবেক বাঙ্গলা সন ১২৫৬ সাল তারিখ ৪ শ্রাবণ।

সি বীডন। সেক্রেটারী।

ইশতেহার দেওয়া যাইতেছে যে সাগর উপদ্বীপের পোক্তানী যে নেমক এক্ষণে মোং শালিখার গোলায় মৌজুদ আছে এ নেমক ফিশত মোন কোং ৩৫৪৲ টাকা দরে বিক্রয় করা যাইবেক ইতি।

বমোজিব হুকুম সাহেবান আলীশান বোর্ড পরমিট নেমক ও আফিম সন ১৮৪৯ সাল তাং ১৬ জুলাই মোতাবেক বাঙ্গলা সন ১২৫৬ সাল তাং ২ শ্রাবণ।

সি বীডন। সেক্রেটারী।

ADVERTISEMENT OF THE SOONDERBUNS COMMISSIONER'S OFFICE

NOTICE.—That the Pottah of the undermentioned Lots situated within the limits of the Soonderbuns, in the district of Backergunge, known by the name of Chuck Khowlia Burrisaul, the property of Government, will be put up for Public Sale, at Noon, on Tuesday, the 20th day of August, 1849, corresponding with 13th Bhadoor, 1256 B S, at the Office of the Soonderbuns Commissioner, Allipore. The individual who will bid for the Pottah above the others, and will immediately pay to the Soonderbuns Commissioner the full amount of his purchase money, the Pottah will be drawn up in his name and will be made over to him with the confirmation of Government, and the said individual will become the grantee of the said Lot or Lots, in every respect, and he will be subject to the conditions of the Pottah. It is further notified that the intending purchaser wishing to see or be informed of the conditions of the Pottah, or the present state of the Lot, Map, &c, can see and be informed with its particulars, on their personally or through Agent applying at the Office, and which will be moreover proclaimed at the time of sale.

Lots 2, 4, 5, 6 and 7

OOMAKANTH SAIN, *Commissioner*

Soonderbuns Commissioner's Office, Allipore, the 19th July, 1849

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২৪ জুলাই।]

সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানার ইশ্‌তিহার।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে সুন্দরবনের মধ্যে জিলা বাকরগঞ্জের চক খোলিয়া বরিশাল নামে খ্যাত নীচের লিখিত নিজ সরকারী লাটের পাট্টা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ২০ আগষ্ট তারিখ মোতাবেক বাঙ্গলা ১২৫৬ সালের ১৩ ভাদ্র মঙ্গলবার বেলা দুই প্রহরের সময়ে আলীপুরের সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানায় নীলাম হইবেক। যে ব্যক্তি ঐ পাট্টার জন্যে অধিক ডাকিবেক ও খরীদের সমুদয় টাকা অবিলম্বে সুন্দরবনের কমিস্যনরকে দিবেক তাহার নামে পাট্টা করা যাইবেক ও গবর্ণমেণ্টের মঞ্জুরীক্রমে তাহাকে দেওয়া যাইবেক। এবং সেই ব্যক্তি সর্ব্ব বিষয়ে ঐ লাটভোগী হইবেক এবং পাট্টার সকল নিয়মে বদ্ধ থাকিবেক। আরো সম্বাদ দেওয়া যাইতেছে যে খরীদ করণাকাঙ্ক্ষী যে কেহ ঐ পাট্টার নিয়ম কি লাটের বর্ত্তমান দশা কি নক্‌শাপ্রভৃতি দেখিতে কি জ্ঞাত হইতে চাহে সেই ব্যক্তি আপনি হাজির হইয়া কি গোমাশ্‌তার দ্বারা সুন্দরবনের কমিস্যনরের নিকটে তদ্বিষয় জ্ঞাত হইতে পারে আরো নীলামের দিবসে ঐ পাট্টার নিয়মইত্যাদি প্রকাশ করা যাইবেক ইতি।

২। ৪। ৫। ৬। ৭ নম্বরী লাট। উমাকান্ত সেন। সুন্দরবনের কমিস্যনর।

সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানা। আলীপুর। ১৮৪৯ সাল ১ জুলাই।

ইস্তাহারনামা কাছারী কালেকটরী জেলা বর্দ্ধমান মোকাম বাঁকুড়া এই যে

যেহেতু অত্র কাছারীর খাজাঞ্চীগিরি কর্ম্ম খালী এমতে জানান যাইতেছে খাজাঞ্চী কর্ম্মের বেতন ২৫৲ টাকা আর ৬৫৲ টাকার জন্য রিপোর্ট হইয়াছে যে কেহ উক্ত কর্ম্মের প্রার্থনীয় আছহ দশ হাজার টাকার কোম্পানির কাগজ সহ উপস্থিত হইয়া প্রার্থনীয় হইবা ইতি সন ১৮৪৯। ২ জুলাই।

T B Mactier, *Offg Deputy Collector*

INSOLVENT COURT — যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

In the matter of ANDREW HERVEY, an Insolvent

NOTICE is hereby given, that Saturday, the 4th day of August next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an account in detail of the receipts and disbursements of the Assignee, has been filed and may be inspected in the Office of the Chief Clerk Any Creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing

Official Assignee's Office, 14th July, 1849

কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

যোত্রহীন আন্দ্রু হার্বি সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করণের নিমিত্ত এই বিষয়ের শুননি আগামি আগষ্ট মাসের ৪ তারিখ শনিবারে পুনরায় হইবেক এবং আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল হইয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্‌তায় দেখা যাইতে পারে যে কোন মহাজন কিম্বা এই বিষয়ে লিপ্ত যে কোন ব্যক্তি উক্ত যোত্রহীনের ইস্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের সিরিশ্‌তায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনির সিরিশ্‌তা।

১৮৪৯ সাল ১৪ জুলাই।

The like Notice in the matter of BENJAMIN HARVEY, an Insolvent

যোত্রহীন বেঞ্জামিন হার্বি সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া গেল।

The like Notice in the matter of GEORGE JAMES GORDON, an Insolvent

যোত্রহীন জর্জ জেমস গার্ডন সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া গেল।

In the matter of JAMES CALDER, and others, Insolvents

On Saturday, the 7th day of July instant, upon the application of John Cochrane Esquire, the Official Assignee in this matter, it was ordered, that the said Assignee out of the sum of Company's Rupees Eighty one Thousand and Thirteen, Ten Annas and One Pie, now in his hands, pay a dividend at the rate of Co's Five Annas per 100 Sa Rs which will amount to the sum of Co's Rs 75,000, upon the several claims admitted in the Schedule of the said Insolvents, so soon as such claims shall be duly substantiated

Calcutta, 19th July, 1849 — John Cochrane, *Official Assignee*

যোত্রহীন জেম্‌স কাল্‌ডর সাহেব ও অন্যেরদের বিষয়ে

বর্ত্তমান জুলাই মাসের ৭ তারিখ শনিবারে সরকারী আসৈনি শ্রীযুত জন কক্রেন সাহেবের দরখাস্তমতে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনেরদের তফসীলে লিখিত যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উপযুক্তমতে সাব্যস্ত হইলে উক্ত সাহেবের হাতে যে ৮১,০১৩৸৴১ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর সিক্কা শতকরা ।৴ আনার ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৭৫,০০০৲ টাকা।

জান কক্রেন। সরকারী আসৈনি।

কলিকাতা। ১৮৪৯ সাল ১৯ জুলাই।

[*Government Gazette, 24th July*, 1849]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্ম্মন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

cession, arrear or of whatever nature, connected with any Mouzah, is to be kept together Each case to be tied up separately, and all the cases of any Mouzah to be included in one Envelope, and with each Envelope a list of the cases enclosed therein (not the papers but merely the cases,) and the date of the year in which they occurred, is to be put up When any fresh case is added, the name and year should be added to the list "

Para 68 " All papers of a general nature, not connected with any Mouzah, as Hil Towjees, fifteen days' Reports, &c of course have a separate press assigned for them "

3 In many of the Bengal Districts it may not be possible to carry out a Mouzahwar or Pergunnahwar arrangement, but the Board are of opinion that it should be followed where practicable

4 Where impracticable, such other arrangement as is more suited to the condition of landed property in the District must be introduced The object of the arrangement is, that it should be known what papers are in the Office and where they are to be found, and uniformity, though desirable, must not be sought at an expence of time and trouble which may be saved by suiting the arrangement in each District to the circumstances thereof The Board may suggest, generally, however, that the principle of keeping together the papers connected with each Mehal or estate or where the estate is extensive, with each division of an estate, should be observed as much as possible

5 In cases where the papers belonging to different bundles, or relating to different subjects, have become intermixed, the first thing to be done is to separate them, and string together all papers relating to the same case or subject

6 It would be useful also to attach to each Missil a fly leaf, on which a list of the contents of the Missil should be inscribed, with a suitable heading descriptive of the nature of the case, the name of the Mehal and Pergunnah to which it pertains, and (if the space will admit of it) the names of the principal parties concerned

Note —By *Missil* in this place and elsewhere, is intended what is often denominated a *Nuthee*, or collection of papers relating to one case, and by *bustah*, a collection of Missils or Nuthees tied together in the same envelope.

7 From the lists of contents of the bustahs, a register should be prepared for each shelf or almirah, and from these again, a general register of the whole contents of the Record Office ought to be compiled

8 All the useless papers found in the course of arranging the records, should be set apart with a view to their being destroyed Documents which have become entirely illegible from age, or worms, should also be kept apart for eventual

কি খারিজদাখিল বা উত্তরাধিকারিত্ব কিম্বা কোন প্রকার বাকীর বিষয় হউক তাহা একত্র রাখিতে হইবেক। প্রত্যেক মোকদ্দমার কাগজপত্র আলাহিদা করিয়া বাঁধিতে হইবেক এবং কোন মৌজার সকল মোকদ্দমা এক মোড়কের শামিল রাখিতে হইবেক এবং প্রত্যেক মোড়কের সঙ্গে তন্মধ্যে রাখা মোকদ্দমার ফিরিস্তি এবং যে বৎসরের যে তারিখে তাহা উপস্থিত হইল তাহা লিখিতে হইবেক। প্রত্যেক কাগজের ফিরিস্তি লিখিবার আবশ্যক নাই কেবল মোকদ্দমার ফিরিস্তি। যখন কোন নূতন মোকদ্দমা তাহার মধ্যে দেওয়া যায় তখন তাহার নাম ও সন ফিরিস্তিতে লিখিতে হইবেক।"

৬৮ দফা। "হাল তৌজী ও পনের দিবসের রিপোর্ট ইত্যাদি যে সকল কাগজপত্র সাধারণ প্রকার হয় এবং কোন মৌজার সঙ্গে সম্পর্ক রাখে না তাহার জন্যে সুতরাং এক স্বতন্ত্র আলমারি করিতে হইবেক।"

৩। বাঙ্গলা দেশের অনেক জিলার মধ্যে মৌজাওয়ার অথবা পরগনাওয়ারকপে কাগজপত্র সাজান অসাধ্য হইবেক কিন্তু বোর্ডের সাহেবেরা বোধ করেন যে যেখানে সাধ্য হয় সেখানে সেই নিয়মানুসারে কার্য্য করিতে হইবেক।

৪। যেখানে তাহা অসাধ্য হয় সেইখানে ঐ জিলার ভূমি সম্পত্তির অবস্থা দৃষ্টে অন্য যে নিয়ম উপযুক্ত বোধ হয় তদনুসারে সাজাইতে হইবেক। এইরূপে কাগজপত্র সাজাওনের অভিপ্রায় এই যে কাছারীতে যেং কাগজ থাকে এবং তাহা যেং স্থানে পাওয়া যায় তাহা সুজ্ঞাত হওয়া যাইতে পারে এবং যদ্যপি এক নিয়ম করা অভিবাঞ্ছনীয় বিষয় তথাপি যদি তাহাতে সময় হরণ ও ক্লেশ হয় তবে তাহার চেষ্টা করিতে হইবেক না। বরং প্রত্যেক জিলার অবস্থা বুঝিয়া তদনুসারে কাগজপত্র সাজাইয়া রাখিতে হইবেক কিন্তু বোর্ডের সাহেবেরা সাধারণে এই পরামর্শ দিতেছেন যে প্রত্যেক মহাল অথবা জমীদারী সম্পর্কীয় কাগজপত্র অথবা জমীদারীর বাহুল্য হইলে তাহার প্রত্যেক অংশের কাগজপত্র একত্র রাখণের নিয়ম সাধ্যপর্য্যন্ত প্রতিপালন করিতে হইবেক।

৫। যেং গাতিকে ভিন্নং বস্তার অথবা ভিন্নং বিষয়সম্পর্কীয় কাগজপত্র মিশ্রিত হইয়াছে সেইং গাতিকে ঐ কাগজপত্র স্বতন্ত্র করা এবং এক মোকদ্দমা অথবা এক বিষয়ের সকল কাগজপত্র একত্র বাঁধিয়া রাখা মুখ্য কার্য্য।

৬। প্রত্যেক মিসিলে এক ফর্দ সাদা কাগজ দিলে উপকারক হয়। মিসিলে যত কাগজপত্র থাকে তাহার ফিরিস্তি ঐ ফর্দে লিখিতে হয় এবং ঐ মোকদ্দমার ভাব যাহাতে জানা যায় এমত উপযুক্ত শিরনামা এবং যে মহাল ও পরগনার সঙ্গে তাহার সম্পর্ক থাকে তাহার নাম এবং স্থান থাকিলে সেই মোকদ্দমাসম্পর্কীয় মুখ্য ব্যক্তিবর্গের নাম।

মন্তব্য কথা। এই সরকুলরের এই স্থানে এবং অন্যান্য স্থানে যাহা মিসিল কহি তাঁহা কখনং "নথী" কহা যায় অর্থাৎ এক মোকদ্দমাসম্পর্কীয় সকল কাগজপত্র এবং "বস্তা" এই কথা এক মোড়কের মধ্যে যত মিসিল অথবা নথী বাঁধা যায় তাহার নাম।

৭। বস্তায়ং থাকা কাগজপত্রের ফিরিস্তি দেখিয়া প্রত্যেক সেল্ফ অথবা আলমারির এক রেজিস্টর প্রস্তুত করিতে হয় এবং সেই রেজিস্টর দেখিয়া মহাফেজ দপ্তরের সমুদয় কাগজপত্রের এক সাধারণ রেজিস্টর করিতে হইবেক।

৮। রোয়দাদ সাজাইয়া রাখণেতে যে সকল অনাবশ্যক কাগজপত্র পাওয়া যায় তাহা নষ্ট করণার্থে স্বতন্ত্র রাখিতে হইবেক। যেং দলীল প্রাচীনত্ব অথবা পোকায় খাওয়াপ্রযুক্ত নিতান্ত অপাঠ্য হইয়াছে তাহা কালেক্টর সাহেবের নিজে দেখিলে পর বিনষ্ট হওনার্থে আলাহিদা

destruction, after personal inspection by the Collector. Lists are to be prepared of all papers the destruction of which is proposed; no document is to be destroyed which is likely at any time to be useful to any party, whether the Government or the public. As a general rule, no papers less than twelve years old should be set apart for destruction, unless their uselessness is beyond question. The papers particularly to be preserved, without reference to age, are, settlement papers, all decrees in summary suits, all collection papers, and all books of registry, but Tehsildaree papers, above twelve years old need not be preserved.

9. When the papers to be destroyed have been selected from the rest of the records, the Collector is to report on their nature and the grounds on which they are deemed worthless, for the orders of the Board, previous to their destruction by fire or otherwise. These reports should not be delayed till the re-arrangement shall have been completed. They should be submitted from time to time in order that the room occupied by the useless papers may become available for the systematic stowage of the papers to be retained.

10. For the maintenance of order in the arrangement of the records, when a systematic arrangement has once been effected, the Rules prescribed by the Western Board may be adopted. They are as follows.

Paras 55 to 62. "The Collector in conjunction with his Serishtadar is to divide the business into departments to be placed under charge of particular officers, so that every sort of business which comes into the office may go to the assigned Officer, who is to have charge of the papers connected with his department until a final order shall have been passed on each case.

"Separate presses or other fit receptacles for the secure preservation of the papers are to be assigned to each department of business, the key of which is to be in the custody of the officer in charge of the department.

"This is of course not intended to preclude the assignment of two or more departments to one officer, or the allotting of two or more officers to one department as the business may be light or heavy in each department.

"A book is to be kept by the officer in charge of each department, in which he is to enter every case as it comes in, and a fly leaf is to be affixed to each case as soon as entered, on which a list of the papers first given in is to be written, and every additional paper is to be entered in the list as soon as received.

"The Serishtadar is to be responsible for seeing that the papers daily received are daily made over to the officers in charge of the different departments and duly filed and entered on the lists and in the books, and disposed of with due care and attention to arrangement.

"It should be the duty of the Serishtadar also to

করিয়া রাখিতে হইবেক। যে সকল কাগজপত্র নষ্ট করণের প্রস্তাব হয় তাহার ফিরিস্তি প্রস্তুত করিতে হইবেক। যে দলীল সরকারের কি সাধারণ কোন ব্যক্তির কোন সময়ে উপকারক হইবার সম্ভাবনা আছে তাহা নষ্ট করিতে হইবেক না। সাধারণ এই নিয়ম হইবেক যে কোন কাগজের অকর্ম্মণ্যতা যদি নিঃসন্দেহ না হয় তবে বারো বৎসরের কমের যে কোন কাগজ থাকে তাহা নষ্ট করণার্থে স্বতন্ত্র রাখিতে হইবেক না। যে কাগজপত্র প্রাচীনত্বের বিষয় বিবেচনা না করিয়া বিশেষরূপে রক্ষাকরণ আবশ্যক তাহ, এই২। সকল বন্দোবস্তের কাগজ এবং সরাসরী মোকদ্দমার সকল ডিক্রী এবং টাকা আদায় হওনের কাগজ এবং সকল রেজিষ্টরী বহী কিন্তু বারো বৎসরের অধিক তহসীলদারী কাগজ রাখণের আবশ্যক নাই।

৯। যে২ কাগজ নষ্ট করিতে হইবেক তাহা রোয়দাদের অন্যান্য ভাগহইতে বাচনি হইলে পর অগ্নির দ্বারা বা প্রকারান্তরে তাহা নষ্ট করণের পূর্ব্বে বোর্ডের সাহেবেরদের হুকুম পাইবার জন্যে কালেক্টর সাহেব ঐ কাগজপত্র কি২ প্রকার তাহার বিষয়ের এবং যে২ কারণে তাহ অকর্ম্মণ্য বোধ হইয়াছে তাহার বিষয়ের রিপোর্ট করিবেন। ঐ২ রিপোর্ট যাবৎ কাগজপত্র পুনর্ব্বার সাজাওনের কর্ম্ম সমাপ্ত না হয় তাবৎ বিলম্ব করিতে হইবেক না। কিন্তু অকর্ম্মণ্য কাগজের স্থানে কর্ম্মণ্য কাগজ বিলি করিয়া রাখণের জন্যে অকর্ম্মণ্য কাগজের রিপোর্ট সময়ে২ করিতে হইবেক।

১০। যখন সাজাওনের নিয়ম একবার নিরূপণ হইয়াছে তখন সেই নিয়ম নিয়ত প্রতিপালন হওনার্থে উত্তর পশ্চিম দেশের সদর বোর্ডের সাহেবেরা যে নিয়ম করিয়াছেন তদনুসারে কার্য্য হইতে পারে তাহা এই।

৫৫ দফা অবধি ৬২ দফাপর্য্যন্ত। "কালেক্টর সাহেব আপনার সিরিশ্তাদারের সঙ্গে পরামর্শ করিয়া কার্য্য সকল দফ্তরে২ বিলি করিবেন এবং তাহ বিশেষ২ আমলার জিম্মায় রাখা যাইবেক তাহার অভিপ্রায় এই যে যে প্রত্যেক প্রকার কার্য্য কাছারীতে আইসে তাহা নির্দ্দিষ্ট আমলার হাতে অর্পণ করা যায় এবং যাবৎ প্রত্যেক মোকদ্দমার চূড়ান্ত হুকুম না করা যায় তাবৎ প্রত্যেক আমলার জিম্মায় তাহার দফ্তরসম্পর্কীয় কাগজপত্র থাকে।

"কাগজপত্র নির্বিঘ্নে রাখণার্থ আলাহিদা২ আলমারি অথবা অন্য উপযুক্ত আধার প্রত্যেক দফ্তরে দেওয়া যাইবেক এবং সেই দফ্তর যে আমলার জিম্মায় থাকে সেই আমলার নিকটে ঐ আলমারির চাবি থাকিবেক।

"এই নিয়মের সুতরাং এই অভিপ্রায় নহে যে প্রত্যেক দফ্তরের কার্য্য অল্পতা বা বাহুল্যানুসারে দুই বা ততোধিক দফ্তর এক আমলাকে নিরূপণ করিয়া দেওনের অথবা দুই বা ততোধিক আমলাকে একি দফ্তর নিরূপণ করিয়া দেওনের নিষেধ আছে।

"প্রত্যেক দফ্তর যে আমলার জিম্মায় থাকে তিনি এক বহী রাখিবেন এবং তাহার মধ্যে প্রত্যেক মোকদ্দমা যেমন আইসে তেমনি লেখা যাইবেক। এবং প্রত্যেক মোকদ্দমা সেইরূপে লেখা গেলে তাহার সঙ্গে এক ফর্দ্দ সাদা কাগজ দিতে হইবেক এবং যে২ কাগজপত্র প্রথম দাখিল হইয়াছিল তাহার ফিরিস্তি তাহাতে লেখা যাইবেক এবং তৎপরে যত নূতন কাগজ পঁহুছে তাহাও ঐ ফিরিস্তির মধ্যে লিখিতে হইবেক।

"সিরিশ্তাদারের উপর এই বিষয়ের ঝুঁকী থাকিবেক যে প্রতিদিন যত কাগজ আইসে তাহা নানা দফ্তর যে আমলার জিম্মায় আছে তাঁহার প্রতি দিন২ অর্পণ হয় এবং রীতিমতে নথীর শামিল করা যায় এবং ফিরিস্তির মধ্যে ও বহীর মধ্যে লেখা যায় এবং এই নিয়মের প্রতি দৃষ্টি করিয়া অতিসাবধানরূপে রাখা যায়।

"সিরিশ্তাদারের প্রতি আরো ইহা দেখিবার হুকুম

see that cases required for the Collector's proceedings are duly brought forward by the officers in charge of the departments at the times appointed, and that each case or paper is returned to the proper department before the Office breaks up

"The record of every case, as soon as a final order has been passed, and the Perwannahs or other necessary measures for due execution completed, is to be immediately made over without reference to order of time to the Record-keeper, and the date of transfer is to be written against the entry of the case in the Department Book, and the Mohafiz-dufter is to sign the entry in evidence of having received the case

"The Serishtadar is to be responsible for these instructions being duly attended to"

Para 67 "The Record keeper is to receive every completed case whenever tendered to him, and is not to decline, on pretence of waiting for other cases of the same date He is to put every case in the place to which it belongs, and add it to his List of Records"

Para 69 "When any case is required from the Record Office either for reference, or to put up with a new case under proceedings, the officer of the department is to give a note to the [illegible]na fiz-dufter mentioning the case required, The [illegible]rd is immediately to be furnished, [illegible] the [illegible] note kept in the envelope On the [illegible] w[illegible]n of the record, the note should be given up to [illegible] cancelled"

11 The above Rules ought, in the Board's opinion, to be sufficient, provided the responsibility of the departmental officers is systematically and stringently enforced, and the Collector occasionally inspects the state of the Record department in person In practice they will be found to save time, to fix responsibility, and in many ways increase the efficiency of the Office

12 As an improvement on the existing practice, and conducive to the preservation of order for the future, it appears to the Board desirable that instead of long slips of paper formed into rolls, or sheets of every variety of form, paper of a uniform and convenient size should be adopted for the transaction of business The size of small foolscap* seems to be more conveniently adapted for the purpose than any other size It is handy, capable of being neatly folded, and the bundles formed thereby are not only more compact and uniform, but admit of being confined above and below with thin boards cut of a required size, and tied together with tape This mode of securing papers, especially those exposed to constant friction, is cheap and thoroughly effectual, in fact, papers so protected are to papers without the pro-

* When folded 12½ inches by 7 9/10 A pattern of the paper is enclosed

আছে যে কালেক্টর সাহেবের কার্য্যের জন্যে যেং মোকদ্দমার আবশ্যক তাহা ঐ দপ্তর যেং আমলার জিম্মায় থাকে সেইং আমলার দ্বারা নিরূপিত সময়ে তাঁহার নিকটে উপস্থিত করা যায় এবং কাছারী বন্দ হওনের পূর্ব্বে প্রত্যেক মোকদ্দমা কি দলীল উপযুক্ত দপ্তরে ফিরিয়া দেওয়া যায়।

"প্রত্যেক মোকদ্দমার চূড়ান্ত হুকুম হইলে এবং সেই হুকুম উপযুক্তমতে জারী হওনার্থে পরওয়ানা অথবা অন্যান্য আবশ্যক কার্য্য সমাপ্ত হইলে ঐ মোকদ্দমার রোয়দাদ সময়ের ক্রমের প্রতি দৃষ্টি না করিয়া তৎক্ষণাৎ মহাফেজকে দেওয়া যাইবেক এবং ঐরূপ কাগজপত্র দাখিলদাখিল করণের তারিখ দপ্তরের বহীতে প্রত্যেক মোকদ্দমা যে স্থানে লেখা আছে তাহার নিকটে লিখিতে হইবেক এবং মহাফেজ ঐ কাগজ পাওনের প্রমাণস্বরূপ ঐ লিপিতে দস্তখৎ করিবেন।

"এই সকল হুকুম রীতিমতে প্রতিপালন হওনের ঝুঁকী সিরিশ্‌তাদারের উপর থাকিবেক।"

৬৭ দফা। "সমাপ্তহওয়া মোকদ্দমার কাগজপত্র যে কোন সময়ে মহাফেজকে দিতে প্রস্তাব হয় তিনি তাহা সেই সময়ে লইবেন এবং সেই তারিখের অন্যান্য মোকদ্দমার কাগজপত্রের অপেক্ষা করিতেছি এই ছলে তাহা লইতে অস্বীকার করিবেন না। প্রত্যেক মোকদ্দমা যে স্থানে রাখিতে হয় সেই স্থানে তিনি তাহা রাখিবেন এবং আপনার রোয়দাদের ফিরিস্তির মধ্যে তাহা লিখিবেন।"

৬৯ দফা। "যখন কোন মোকদ্দমা দৃষ্টি করণার্থ অথবা বিবেচনার অধীন কোন নূতন মোকদ্দমার সঙ্গে রাখিবার জন্যে মহাফেজ দপ্তরহইতে তাহা আনিতে হয় তখন ঐ দপ্ত[illegible]রের আমলা যে মোকদ্দমার আবশ্যক হয় তাহা এক চিঠী[illegible]তে লিখিয়া মহাফেজ দপ্তরে পাঠাইবেন। ঐ রোয়দাদ[illegible] তৎক্ষণাৎ দিতে হইবেক এবং ঐ চিঠী মোড়কের মধ্যে রাখিতে হইবেক। রোয়দাদ ফিরিয়া দেওয়া গে[illegible] ঐ চিঠী বাতিল করণার্থে ফিরিয়া দিতে হইবেক।"

১১। বোর্ডের সাহেবেরা বোধ করেন যে নানা দপ্তরের আমলার উপর যে ঝুঁকী থাকে তাহা যদি নিয়মমত এবং অতি আঁটাআঁটিরূপে প্রবল করা যায় এবং যদি কালেক্টর সাহেব মধ্যেং মহাফেজ দপ্তরের অবস্থার বিষয়ের স্বয়ং তদারক করেন তবে উপরের নিয়মের দ্বারা কার্য্য অবশ্য সিদ্ধ হইতে পারে। সেই সকল নিয়মের ব্যবহার করণেতে সময় বাঁচিবেক এবং প্রত্যেক জনের ঝুঁকী নির্দ্দিষ্ট হইবেক এবং নানাপ্রকারে কাছারীর কর্ম্মণ্যতার বৃদ্ধি হইবেক।

১২। বোর্ডের সাহেবেরা বোধ করেন যে লম্বা ফর্দ্দ কাগজ নানাপ্রকার পরিমাণে কাটনের যে ব্যবহার আছে তাহার পরিবর্ত্তে কার্য্য নির্ব্বাহের জন্যে একিমত এবং উপযুক্ত পরিমাণের কাগজ ব্যবহার করিলে উত্তর কালে কর্ম্মের অত্যন্ত সুগম হইতে পারে। অন্য কোন পরিমাণের কাগজঅপেক্ষা যে কাগজের নাম "ছোট ফুলিস্কেপ"* তাহার ব্যবহার করিলে সুগম বোধ হয়। তাহা মুটার মধ্যে থাকিতে পারে এবং তাহা পরিপাটীরূপে ভাঁজ করা যাইতে পারে এবং সেই কাগজ লইয়া যে বস্তা করা যায় তাহা দৃঢ় এবং একিপ্রকার হইবেক কেবল নহে কিন্তু ঐ বস্তা নিয়মিত পরিমাণে কাটা অতিপাতলা তক্তার দ্বারা উপরি ভাগে এবং নিম্ন ভাগে বাঁধা যাইতে পারে এবং ফিতার দ্বারা বান্ধিয়া রাখা যাইতে পারে। কাগজপত্র এবং বিশেষতঃ যে কাগজপত্র নিত্য নাড়াচাড়া হয় সেই কাগজপত্র এইরূপ রক্ষা করাতে অধিক খরচ লাগে না এবং নিতান্ত সফল হইবেক। ফলতঃ যেমন জিল্দ করা বহী জিল্দ না করা বহীঅপেক্ষা সুরক্ষণীয় হয় তেমনি এইরূপে

* ভাঁজ করিলে পরিমাণ সাড়ে বারো ইঞ্চি দীর্ঘ ও সাত ইঞ্চি ও ইঞ্চির ১০ ভাগের ৯ ভাগ প্রস্থ। তাহার এক নমুনা পাঠাইতেছি।

tection as a bound book to one unbound How an unbound book fares, if constantly handled, it cannot be necessary to explain

13 The paper used in the transaction of business ought not only to be of a uniform size, but its manufacture might also be improved, so as to render it proof against the attacks of insects and worms The suggestions of Mr Ricketts when Commissioner of the Chittagong Division, are extracted on the margin* from his letter to Government on the subject, dated the 30th June, 1846 If paper is made at either of the Jails in your Division, you should endeavour to induce the Magistrate to prepare paper of this description and cause it be used in every Office As it is more expensive than the commonest paper, of course it should not be used for covers and such like purposes

14 If good paper is not procurable in your Division you should direct the Collectors to indent on the Serampore Mills The foolscap there prepared of the size above alluded to is strong, useful for all purposes, and not liable to destruction by worms The cost is 3 Rs per ream This paper, or paper like it if procurable nearer, and at a cheaper rate, should be used for Roobicaries, arsenic paper, prepared in the Jails, for depositions, &c and the commonest light paper for covers There may be a trifling increase of cost, but very trifling, and of no moment, compared with the object to be obtained

15 The re-arrangement of the records now ordered will, the Board conceive, furnish a favourable opportunity, of which Collectors ought to avail themselves, for bringing up the arrears of the Registers prescribed by Regulation XLVIII of 1793, which, the Board have reason to believe, have not been regularly kept up in all Districts This Register being once completed, the mutations that may occur from time to time, by order of the Civil Court, or, at the request of the recorded

* "I would also solicit attention to the composition of the enclosed sheet of paper, experience "having shown that every sort of Country paper "now procurable is liable to be destroyed by "worms and maggots Oftentimes records not "above five or six years old being found illegible "from the ravages of these vermin, I caused this "paper to be prepared, having a strong solution "of common arsenic, mixed with it at the time of "manufacture It promises to answer admirably, "no insect will touch it, and it is as agreeable for "writing on with the poison as without it The "additional cost of this, the commonest paper, is "about 25 per cent Of course the difference would "be considerably less with paper of superior texture It may be made anywhere Much of that "now used for the Chittagong settlements is manufactured by the prisoners in the Jail I would "strongly recommend paper so prepared being "always used for settlement records "

[*Government Gazette*, 31*st July*, 1849.]

রাখা কাগজ এলুয়াযেলুয়া করিয়া রাখা কাগজঅপেক্ষা সুরক্ষণীয় হয়। জিল্দ না হওয়া বহী নিত্য নাড়াচাড়া করিলে যেরূপে নষ্ট হয় তাহা লিখনের আবশ্যক নাই।

১৩। যে কাগজ সরকারী কার্য্যে ব্যবহার হয় তাহা একি পরিমাণ হওনের আবশ্যক কেবল ইহা নহে কিন্তু তাহা এইমতে উত্তমরূপে প্রস্তুত করিতে হয় যে তাহা পোকায় না খাইতে পারে। শ্রীযুত রিকেট্স সাহেব যে সময়ে চাটিগাঁ এলাকার কমিস্যনর ছিলেন সেই সময়ে গবর্ণমেণ্টকে তিনি যে পরামর্শ দিলেন তাহা তাঁহার ১৮৪৬ সালের ৩০ জুন তারিখের পত্রহইতে গ্রহণ হইয়া নিম্নে* দেওয়া যাইতেছে। যদি তোমার এলাকার কোন জেলখানায় কাগজ প্রস্তুত হইতেছে তবে মাজিষ্ট্রেট সাহেবকে এই প্রকার কাগজ প্রস্তুত করাইতে তোমার উদ্যোগ করিতে হয় এবং তাহা প্রত্যেক দপ্তরে ব্যবহার করাইতে হয়। ঐ কাগজ সামান্য কাগজঅপেক্ষা দুর্মূল্য, অতএব তাহা সুতরাং খাম এবং সেই প্রকার অন্যং কার্য্যে ব্যবহার করিতে হইবেক না।

১৪। যদি তোমার এলাকার মধ্যে উত্তম কাগজ পাওয়া না যায় তবে কালেক্টর সাহেবদিগকে শ্রীরামপুরের কলহইতে কাগজ আনিতে হুকুম দিবা। উক্ত প্রকার ফুলিস্কেপ যে কাগজ সেখানে প্রস্তুত হইয়া থাকে তাহা শক্ত ও সকল বিষয়ে কর্ম্মণ্য এবং তাহা পোকায় খাইতে পারে না তাহার মূল্য ৩৲ টাকা করিয়া রিম। এই কাগজ অথবা যদি তাহার মত কিন্তু তাহাহইতে সুমূল্য কাগজ তোমার জিলাতে পাওয়া যায় তবে তাহার উপর রুবকারী লিখিতে হয় এবং জেলখানায় প্রস্তুত করা হরিতালের কাগজে জোবানবন্দীপ্রভৃতি লিখিতে হইবেক এবং অতিহালকা কাগজ খামের জন্যে ব্যবহার করিতে হইবেক। ইহাতে ঐ খরচ কিছু বৃদ্ধি হইতে পারে কিন্তু তাহা অতি অল্প ঐ যে অভিপ্রায় সফল করিতে হইবেক তদৃষ্টে ঐ খরচ গণ্য নহে।

১৫। বোর্ডের সাহেবেরা বোধ করেন যে রোয়দাদ পুনর্ব্বার সাজাওনের এক্ষণে যে হুকুম দেওয়া যাইতেছে তাহার দ্বারা ১৭৯৩ সালের ৪৮ আইনের নির্দ্দিষ্ট রেজিষ্টরীর যে বাকী পড়িয়াছে তাহা প্রস্তুত করণের সুগম হইবেক। এবং বোর্ডের সাহেবেরা বোধ করেন যে ঐ২ রেজিষ্টর জিলার মধ্যে রীতিমত রাখা যায় নাই অতএব কালেক্টর সাহেবের উচিত যে এই সুযোগে ঐ বাকী রেজিষ্টর প্রস্তুত করেন। ঐ রেজিষ্টর একবার সমাপ্ত হইলে সময়ে২ দেওয়ানী আদালতের হুকুমক্রমে অথবা রেজিষ্টরীহওয়া ভূম্যধিকারিরদের দরখাস্তক্রমে

* "তোমার নিকটে যে কাগজ পাঠাইতেছি তাহার "বিষয়ে মনোযোগ করিতে প্রার্থনা করি। কার্য্যে২ দৃষ্ট "হইতেছে যে এদেশে প্রস্তুত হওয়া যত কাগজ পাওয়া "যায় তাহা পোকার দ্বারা নষ্ট হইয়া থাকে। কখন২ "কেবল পাঁচ কি ছয় বৎসরের কাগজ ঐ পোকায় নষ্ট "করণেতে একেবারে অপাঠ্য হয়। আমি যে কাগজ এক্ষণে "পাঠাইতেছি তাহা হরিতাল দিয়া প্রস্তুত করাইয়াছি "ভরসা হইতেছে যে তাহাতে কর্ম্ম দেখিবেক তাহা কোন "পোকায় ছুঁইবেক না এবং হরিতাল না দেওয়া কাগজে "যেরূপ লেখা যাইতে পারে সেইরূপ ইহাতে অনায়াসে "লেখা যাইতে পারিবেক। অতি সামান্য কাগজ অপেক্ষা ইহার মূল্য কেবল এক টাকায় চারি আনা অধিক "লাগিবেক সুতরাং সামান্য উত্তম কাগজঅপেক্ষা ইহার "মূল্য কিঞ্চিৎ কম হইবেক তাহা কোন স্থানে প্রস্তুত "করা যাইতে পারে। চাটিগাঁর বন্দোবস্তে যে কাগজ "ব্যবহার হইতেছে তাহা সকলি জেলখানার কয়েদীরদের দ্বারা প্রস্তুত হইয়াছিল অতএব আমার পরামর্শ এই যে বন্দোবস্তের জন্যে এইরূপে প্রস্তুত করা "কাগজ নিয়ত ব্যবহার হয়।"

Proprietors, must be noted in an intermediate Register to be carefully kept up by the Muhafiz.

16 The Board desire that the above rules may be immediately adopted in every District in which there is a Deputy Collector In Districts where there is more than one officer of that class the officer attached to the Sudder station should be appointed to the duty Districts having no Deputy Collectors attached to them will be supplied as soon as any are available from other quarters on the termination of their special duties —In the meantime the arrangement of the records in such Districts may be put in progress by the Collector himself The Board are aware that in the Districts of the Patna Division the records of the several Collectorates were systematically and carefully arranged a few years ago, at an expence authorized for the purpose, and it is to be hoped that in those districts the arrangement has been systematically maintained, and that very little, if any thing, will now require to be done In Midnapore also arrangement has been for sometime in progress under the superintendence of a Deputy Collector, and, in Burdwan, under the immediate supervision of the Collector In Chittagong, Deputy Collectors have been for sometime employed in arranging the records In all these Districts the work will be completed in conformity with these instructions

17 The Board request that having consulted the Collectors, you will submit a form of Register of records Having received the forms submitted by each of the Commissioners they will be collated here, and if possible, a form prescribed suitable to all Offices

18 The Board will expect to receive from you half yearly* reports of the progress made in carrying these orders into effect

19 As being intimately connected with this subject, I am directed to embrace this opportunity of calling on all the officers subordinate to this Board, to endeavour to effect a reformation in the style of writing which now so commonly prevails in the Mofussil Offices No petition or application of any sort should be received which is not written so as to be readable by any person acquainted with the character† It may occupy the writer an additional five minutes to prepare a plainly written paper, but at the cost of five minutes of his time, for which the public do not pay, the time of many public officers will be saved, for which the public do pay Every minute lost by Serishtadars, Collectors, and Commissioners in endeavouring to decipher ill-written petitions is to be grudged, for it may be saved at no cost at all? The Board are well aware that in all Offices hurried writing is

* 1st June, 1st December

† Vide Clause 5, Section 5, Regulation XXVI of 1814.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪১। ৩১ জুলাই।]

যে সকল খারিজদাখিল হয় তাহা অন্য এক দরমিয়ানী রেজিষ্টরের মধ্যে লিখিতে হইবেক এবং মহাফেজ তাহা অতি সাবধানরূপে রাখিবেন।

১৬। বোর্ডের সাহেবেরদের ইচ্ছা আছে যে যে প্রত্যেক জিলার মধ্যে এক জন ডেপুটী কালেক্টর থাকেন সেই জিলাতে উক্ত নিয়ম অগৌণে প্রতিপালন হয়। যে২ জিলার মধ্যে একঅপেক্ষা অধিক ডেপুটী কালেক্টর আছেন সেই২ জিলাতে সদর মোকামে নিযুক্ত ডেপুটী কালেক্টরকে এই কর্ম্ম অর্পণ করিতে হইবেক। যে জিলার মধ্যে কোন ডেপুটী কালেক্টর নাই সেই জিলাতে অন্য স্থানের ডেপুটী কালেক্টরের বিশেষ কার্য্য সমাপ্ত হইলে তাঁহাকে আনিয়া সেই কর্ম্ম দেওয় যাইবেক। ইতিমধ্যে ঐ প্রকার জিলাতে রোয়দাদ সাজাওনের কার্য্য কালেক্টর সাহেব আপনি আরম্ভ করিতে পারেন। বোর্ডের সাহেবেরা অবগত আছেন যে পাটনার এলাকার জিলাতে নানা কালেক্টরীর রোয়দাদ কএক বৎসর হইল নিয়মমতে এবং অতিসাবধানে সাজান গিয়াছিল এবং তাহাতে যে খরচ লাগিল তাহা সরকারহইতে দিবার হুকুম হইয়াছিল এবং ভরসা হয় যে ঐ২ জিলাতে সেই রীতি নিয়মমত প্রতিপালন হইরাছে এবং তাহাতে এক্ষণে প্রায় কিছু করণের আবশ্যক নাই। মেদিনীপুরেতে এক জন ডেপুটী কালেক্টরের অধীনে এইরূপে কাগজ সাজাওনের কর্ম্ম কিঞ্চিৎ কালাবধি চলিতেছে এবং বর্দ্ধমানে কালেক্টর সাহেবের নিজ কর্তৃত্বাধীনে ঐ কর্ম্ম নির্ব্বাহ হইতেছে। চাটিগাঁ জিলাতে কিছু কালাবধি ডেপুটী কালেক্টর রোয়দাদ সাজাওনের কর্ম্মে নিযুক্ত আছেন। উক্ত সকল জিলাতে ঐ কর্ম্ম এই হুকুমানুসারে সমাপ্ত হইবেক।

১৭। বোর্ডের সাহেবেরা আদেশ করিতেছেন যে তুমি কালেক্টর সাহেবেরদের সঙ্গে পরামর্শ করিয় রোয়দাদের রেজিষ্টরের এক পাঠ বোর্ডে পাঠাও। প্রত্যেক কমিস্যনর সাহেবের প্রেরিত পাঠ এইখানে পঁহুছিলে তাহার মোকাবিলা হইবেক এবং সকল কাছারীর মধ্যে ব্যবহার হওনার্থ সাধ্য হইলে এক পাঠ প্রস্তুত হইবেক।

১৮। বোর্ডের সাহেবেরদের এই অপেক্ষা আছে যে এই হুকুমানুসারে যেপর্য্যন্ত কার্য্য হইয়া থাকে তাহার ছয়২ * মাসান্তরে এক রিপোর্ট তাহারদিগের নিকটে পাঠাও।

১৯। এই বিষয়ের সম্পর্কীয় এই বোর্ডের অধীন সকল আমলাকে বোর্ডের সাহেবেরা এই সুযোগে হুকুম করিতেছেন যে মফসঃল দফ্তর এক্ষণে যেপ্রকার লিখনের ব্যবহার আছে তাহা উত্তম করণের উদ্যোগ হয়। যে কোনপ্রকার দরখাস্ত অথবা আরজী যদি এমত স্পষ্ট না লেখা যায় যে যে কোন ব্যক্তি দেশীয় অক্ষর পড়িতে পারে † সেই ব্যক্তি সেই দরখাস্তপ্রভৃতি অনায়াসে পাঠ করিতে পারে তবে সেই দরখাস্ত অথবা আরজী গ্রাহ্য করা যাইবেক না। সেই কাগজ স্পষ্ট লিখনেতে লেখকের অধিক পাঁচ মিনিট সময় লাগিতে পারে কিন্তু তাহার সময়ের সেই পাঁচ মিনিটের জন্যে সরকারের কিছু বেতন লাগে না তাহা হরণ হইলেও যে অনেক সরকারী আমলার জন্যে সরকারের অনেক বেতন দিতে হইতেছে তাঁহারদের সময় বাঁচিবেক। কদক্ষরে লিখিত দরখাস্ত পাঠ করণের উদ্যোগে সিরিশতাদার ও কালেক্টর সাহেবেরদের ও কমিস্যনর সাহেবেরদের যে সময় হরণ হয় তাহা অতিশয় খেদের বিষয় যেহেতুক তাহা বিনাব্যয়েতে লাভ হইতে পারে। সদর বোর্ডের সাহেবেরা অবগত আছেন

* ১ জুন তারিখে ও ১ ডিসেম্বর তারিখে।

† ১৮১৪ সালের ২৬ আইনের ৫ ধারায় ৫ প্রকরণ দেখ।

sometime unavoidable, and that hurried writing cannot be plain writing, but for the most part hurry can be avoided, and when avoidable it should always be borne in mind that writing is written to be read, and read readily It should never be forgotten that the writers are the lowest paid class, that all the readers are the higher paid classes, that half an hour of a Mohurir's time is saved at the expence of the time of four or five grades of more expensive officers.

20 While on this subject the Board would point out that it is not desirable that the Serishtadar should be much employed in the mechanical work of reading papers to the head of the Office It is impossible that a Serishtadar can efficiently perform the onerous and responsible duties of supervision expected from him, if he is employed four or five hours per diem in reading aloud The physical exhaustion occasioned by such labor must unfit him for his other more important duties, besides that, it is employing an officer receiving 100 Rs per mensem, to do that which may be equally well done by an officer receiving 10 Rs Collectors would do well, therefore, to relieve their Serishtadars of this duty as much as possible, by employing the subordinate officers of the Moonsheekanah alternately instead

G PLOWDEN, *Secretary*

Sudder Board of Revenue,
Fort William, the 15th June 1849

No 24

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

With reference to Circular Orders, No 26, dated the 9th of November, 1842, I am directed by the Sudder Board of Revenue to inform you, that the Government have ordered, that the restrictions imposed on the power of an Uncovenanted Deputy Collector to hold sales for arrears of revenue, under the Government Orders of the 24th October, 1842, No 1304, are to apply to the case of sales of Putnee Tenures

2 Whenever a Collector may desire, or it may be necessary, that an Uncovenanted Deputy Collector should hold sales, timely application should be made

G PLOWDEN,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 22d June, 1849

No 25

From the Secretary to the Sudder Board of Revenue to the Commissioner of Revenue for the Division of ———

I am directed by the Sudder Board of Revenue

[*Government Gazette, 31st July,* 1849]

যে সকল দপ্তরেতে কখন২ শীঘ্র২ না লিখিলে নয় এবং যাহা ত্বর২ করিয়া লেখা যায় তাহা স্পষ্ট হইতে পারেনা কিন্তু ত্বর২ করিয়া লিখনের প্রায় আবশ্যক নাই এবং যখন সেইরূপ লিখনের কোন আবশ্যক না থাকে তখন ইহা মনে রাখিতে হইবেক যে লিখনের অভিপ্রায় এই যে তাহা পাঠ হয় এবং অনায়াসে পাঠ হয়। ইহা কখন বিস্মৃত হইতে হইবেক না যে মুহরীরেরা সকলহইতে কম মাহিয়ানার আমলা কিন্তু যাঁহারা কাগজপত্র পাঠ করেন তাঁহারা সকল আমলারদের মধ্যে অধিক বেতনভোগী এবং মুহরীরের অর্দ্ধ ঘণ্টা সময়ের লাভ করণেতে তাহাহইতে অধিক বেতনভোগি আমলার চারি পাঁচ ঘণ্টা সময় হরণ হয়।

২০। এই বিষয় উল্লেখ করণের সুযোগে সদর বোর্ডের সাহেবেরা জানাইতেছেন যে কাছারীর কর্ত্তা সাহেবের নিকটে কাগজপত্র পাঠ করণের কর্ম্মে সিরিশ্তাদারকে বাহুল্যরূপে নিযুক্ত করা উচিত নহে। যদি সিরিশতাদার প্রতিদিন চারি পাঁচ ঘণ্টাপর্য্যন্ত উচ্চ স্বরে পাঠ করণে নিযুক্ত থাকেন তবে সিরিশতার সমস্ত বিষয় তদারক করণের যে ভারি এবং অত্যাবশ্যক কর্ম্মের ভার তাঁহার প্রতি আছে তাহা তিনি কর্ম্মণ্যরূপে নির্ব্বাহ করিতে পারিবেন না। এই পরিশ্রমেতে তাঁহার যে কায়িক শ্রান্তি জন্মে তাহাতে অন্যান্য ভারি কর্ম্ম করণেতে তিনি অপারক হন। পুনশ্চ বিবেচনা করিতে হয় যে ১০৲ দশ টাকা মাহিয়ানার যে আমলা পাঠের কর্ম্ম সিরিশতাদারের তুল্য করিতে পারেন তাহাতে ১০০৲ টাকা মাহিয়ানার আমলা নিযুক্ত করা উপযুক্ত নয়। অতএব কালেক্টর সাহেবেরদের উচিত যে মুনশীখানার তাবেদার আমলারদিগকে একাদিক্রমে এই কর্ম্মে নিযুক্ত করণের দ্বারা সাধ্যপর্য্যন্ত সিরিশ্তাদারকে সেই কর্ম্মহইতে মুক্ত করেন।

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ১৫ জুন।

২৪ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

১৮৪২ সালের ৯ নবেম্বর তারিখের ২৬ নম্বরী সরকুলর অর্ডরের উপলক্ষে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরদের হুকুমক্রমে তোমাকে জ্ঞাত করিতেছি যে ১৮৪২ সালের ২৪ অকটোবর তারিখের ১৩০৪ নম্বরী গবর্ণমেন্টের হুকুমক্রমে বাকী রাজস্বের নিমিত্তে মহাল নীলাম করণের অচিহ্নিত ডেপুটী কালেক্টরের পরাক্রমের বিষয়ে যে প্রতিবন্ধক হইয়াছিল তাহা পত্তনি তালুকের নীলামের বিষয়ে খাটিবেক।

২। যখন কালেক্টর সাহেব ইচ্ছা করেন যে অচিহ্নিত ডেপুটী কালেক্টর কোন প্রকার নীলাম নির্ব্বাহ করেন অথবা যখন তাঁহার সেইরূপ নীলাম করণের আবশ্যক হয় তখন তাহার বিষয়ে দিন থাকিতে দরখাস্ত করিতে হইবেক।

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম ১৮৪৯। ২২ জুন।

২৫ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞাক্রমে তো-

to inform you, that it has been ruled by Government, that, under Section 42, Regulation II of 1793, and the present Rules of Practice, Commissioners of Revenue have the power to grant temporary suspensions of the demands of Revenue, not extending beyond the current year

2. But His Honor the Deputy Governor is of opinion that, whilst the power to suspend, to some time within the current year, the demand of Revenue against a particular estate, may be safely and advantageously left to the Commissioners, those officers should not exercise their power by a general suspension of the demand against several estates, extending over a considerable tract of country, without a previous reference to the Board, whenever such a reference may be practicable, consistently with the object of that suspension You will be careful, therefore, to be guided strictly by this view

3 You will observe, that you are required by Section 42, Regulation II of 1793, whenever you grant a suspension to report the same, without delay, to the Board for the information of Government, with your reasons for the measure

G Plowden,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 29th June, 1849

No 26

From the Secretary to the Sudder Board of Revenue to the Commissioner of Revenue for the Division of ———

With reference to para 9, of Circular Order No 9A, dated the 29th of May, 1847, I am directed by the Sudder Board of Revenue, to request, that you will instruct the Collectors, to prefer a proformâ appeal in all cases decided against the Government in the Zillah Courts, in which the question of the propriety of appealing may be undecided when only four days of the period allowed for entering an appeal remain—and you will caution them that they will be held personally answerable for any loss which the Government may sustain through a disregard of this rule

G Plowden,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 13th July, 1849

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

APPOINTMENT

The 27th July, 1849

Moulvee Anwar Allee, Moonsiff of Issapore, Chittagong, having been appointed by the Government to be Moonsiff of Sundeep, vested with criminal powers, Moulvee Abdool Jubbar, late Moonsiff of Sundeep, is appointed Moonsiff of Issapore

তোমাকে জ্ঞাত করিতেছি যে ১৭৯৩ সালের ২ আইনের ৪২ ধারাক্রমে এবং কার্য্যের চলিত নিয়মক্রমে রাজস্বের কমিসানর সাহেবেরা সন হালের অতিরিক্ত না হয় এমত কএক কালের জন্যে রাজস্বের দাওয়া শৈথিল্য করিতে পারেন গবর্ণমেণ্ট এমত বিধান করিয়াছেন।

২। কিন্তু বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবর্নর সাহেব বোধ করেন যে যদ্যপিও কোন বিশেষ মহালের উপর রাজস্বের যে দাওয়া আছে তাহা সন হালের মধ্যে কিছু কালের নিমিত্তে শৈথিল্য করিতে ক্ষমতা কমিসানর সাহেবদিগকে দিলে বিঘ্ন হইবেক না এবং উপকার হইতে পারে তথাপি ঐ শৈথিল্যের অভিপ্রায়ের সম্পর্কে যখন বোর্ডের সাহেবদিগকে সেই বিষয় জিজ্ঞাসা করণের সাধ্য হয় তখন বোর্ডের সাহেবেরদের নিকটে জিজ্ঞাসা না করিয়া তাঁহারা বহুপরিমিত দেশ ব্যাপিয়া নানা মহালের উপর যে দাওয়া হয় তাহা সাধারণে শৈথিল্য না করেন। অতএব তুমি সাবধান হইয়া এই নিয়মানুসারে অতিদৃঢ়রূপে কার্য্য করিবা।

৩। তোমার আরো দৃষ্ট হইবেক যে ১৭৯৩ সালের ২ আইনের ৪২ ধারার দ্বারা হুকুম আছে যে এইরূপ সরকারী দাওয়া স্থগিত করণের অনুমতি দিলে তাহার এবং সেইরূপ কার্য্য করণের হেতুর গবর্ণমেণ্টের বিজ্ঞাপনের জন্যে অগৌণে বোর্ডের সাহেবেরদের নিকটে রিপোর্ট কর।

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ২৯ জুন।

২৬ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

১৮৪৭ সালের ২৯ মে তারিখের ৯ A নম্বরী সরক্যুলর অর্ডরের ৯ দফার উপলক্ষে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা হুকুম করিতেছেন যে তুমি কালেক্টর সাহেবদিগকে এই২ আদেশ কর যে জিলার আদালতে সরকারের বিরুদ্ধে যত মোকদ্দমার ডিক্রী হয় ঐ২ ডিক্রীর উপর আপীল করা উচিত কি না এই বিষয় নিশ্চয় না হইলে আপীল উপস্থিত করণের নিরূপিত মিয়াদের মধ্যে কেবল চারি দিন থাকিতে তাঁহারা ধারামত আপীল করেন। এবং তাঁহারদিগকে এই সাবধান কর যে এই নিয়ম প্রতিপালন না করাতে সরকারের যে ক্ষতি হয় তাহার বিষয়ে তাঁহারা স্বয়ং দায়ী।

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ১৩ জুলাই।

John C Marshman, *Bengalee Translator*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ২৭ জুলাই।

চাটিগাঁর ইস্লাপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী আনওয়ার আলী ফৌজদারীর ক্ষমতাপ্রাপ্ত হইয়া গবর্ণমেণ্টের দ্বারা সন্দ্বীপের মুনসেফী পদে নিযুক্ত হওয়াতে সন্দ্বীপের সাবেক মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল জব্বার ইস্লাপুরের মুনসেফী পদে নিযুক্ত হইয়াছেন।

LEAVES OF ABSENCE

The 24th July, 1849.

The unexpired portion of the leave of absence for three weeks, granted on the 15th ultimo, to Baboo Kassissur Mitter, Moonsiff of Sooksagur, Nuddea, has been cancelled from the 10th instant, the date on which he resumed charge of his office

Baboo Rajmohun Mitter, Moonsiff of Busheerhaut, Zillah 24-Pergunnahs, for six days, from the date of his quitting his station

Baboo Koonjolaul Banerjee, Moonsiff of Chowgong, Zillah Rajshahye, for seven days, from the 2d instant

The 26th July, 1849

Baboo Nilmoney Mitter, Moonsiff of Kudumgatchee, 24 Pergunnahs, for one month beyond the period of the ensuing Dusserah Vacation

B J Colvin, *Register*

রাজকর্ম্মে নিযোগ ।

১১১৫ নম্বর ।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম ।

নিযোগ '

১৮৪৯ সাল ১৭ জুলাই ।

শ্রীযুত মৌলবী আনওয়ার আলী মুনসেফের প্রথম শ্রেণীভুক্ত হইয়া ১৮৪৩ সালের ১৫ আইনের বিধানানুসারে নওয়াখালীর জাইন্ট মাজিস্ট্রেট সাহেবের আসিষ্টেন্টের ক্ষমতাপ্রাপ্ত হইয়া সন্দ্বীপে নিযুক্ত হইয়াছেন ।

১৮৪৯ সাল ১৮ জুলাই ।

শ্রীযুত ডাক্তর জে ডেবিস সাহেব (Dr J Davis,) আরাকানে সান্দোএর চিকিৎসকতা কর্ম্মের ভার প্রাপ্ত হইয়াছেন ।

১৮৪৯ সাল ২৩ জুলাই ।

শ্রীযুত এস এফ ডেবিস সাহেব (Mr S F Davis,) বাকরগঞ্জের মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন ।

ছুটী ।

১৮৪৯ সাল ১৭ জুলাই ।

কলিকাতার পোলীসের ডেপুটী সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত জে জে মাকান সাহেব (Mr J J McCann,) গত মাসের ১৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন ।

১৮৪৯ সাল ১৯ জুলাই ।

ভাগলপুরের মাজিস্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত ডবলিউ সি ওয়াটসন সাহেব (Mr W C Watson,) অস্বাস্থ্যের সর্টিফিকটক্রমে রাজধানীতে গমনার্থে আগামি মাসের ১ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন ।

বিজ্ঞাপন ।

১৮৪৯ সাল ২৪ জুলাই ।

সারণের মাজিস্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এফ এচ কুপর সাহেব (Mr F H Cooper,) বর্ত্তমান মাসের ১০ তারিখে আপন কর্ম্ম গ্রহণ করেন ।

দিনাজপুরের জজ শ্রীযুত জেম্স গ্রান্ট সাহেব (Mr James Grant,) সেশনের কর্ম্মে বালুরঘাটে গমনার্থে বর্ত্তমান মাসের ১৮ তারিখে আপনার সিরিশ্তার চলিত

ছুটী ।

১৮৪৯ সাল ২৪ জুলাই ।

নদীয়ার সুখসাগরের মুনসেফ শ্রীযুত বাবু কাশীশ্বর মিত্রকে গত মাসের ১৫ তারিখে যে তিন সপ্তাহের ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি রহিত হইয়াছে ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন ।

জিলা চব্বিশপরগনার বসিরহাটের মুনসেফ শ্রীযুত বাবু রাজমোহন মিত্র যে তারিখে আপন কর্ম্মস্থান ত্যাজেন সেই তারিখঅবধি ছয় দিনের ছুটী পাইয়াছেন ।

জিলা রাজশাহীর চৌগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু কুঞ্জলাল বাঁড়য্যা বর্ত্তমান মাসের ২ তারিখঅবধি সাত দিনের ছুটী পাইয়াছেন ।

১৮৪৯ সাল ২৬ জুলাই ।

জিলা চব্বিশপরগনার কদমগাছীর মুনসেফ শ্রীযুত বাবু নীলমণি মিত্র আগামি দশহরার বন্দের অতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন ।

বি জে কলবিন । রেজিষ্টর ।

কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী গোলাম আসগরের প্রতি অর্পণ করেন ।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে ।

জে পি গ্রান্ট ।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী ।

১১৫৭ নম্বর ।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম ।

নিযোগ ।

১৮৪৯ সাল ১৯ জুলাই ।

মুরশিদাবাদের ঔষধালয়ে নিযুক্ত শ্রীযুত বাবু যাদবচন্দ্র ধাড়া গত জানুআরি মাসের ১৭ তারিখের প্রকাশিত বিধানমতে সব-আসিষ্টান্ট চিকিৎসকের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন ।

১৮৪৯ সাল ২৩ জুলাই ।

শ্রীযুত ডাক্তর এফ জে মৌআট সাহেব (Dr F. J Mouat,) বাঙ্গলা মেডিকাল কালেজে ঔষধ ও সয়্যাগন্তেরদের বিষয়ি ঔষধের শিক্ষক হইবেন এবং শ্রীযুত ডাক্তর ই গুডিব সাহেব (Dr E Goodeve,) মাটিরিয়া মেডিকা এবং ঔষধ বিষয়ক ব্যবস্থার শিক্ষক হইবেন এই নিযোগ আগামি নবেম্বর মাসের ১৫ তারিখঅবধি চলিবেক সেই কালপর্য্যন্ত যে সাহেবেরা এক্ষণে ঐ২ কর্ম্মে নিযুক্ত আছেন তাঁহারা অর্থাৎ শ্রীযুত ডাক্তর জাক্সন সাহেব ও শ্রীযুত ডাক্তর মৌআট সাহেব (Drs. Jackson and Mouat,) আপন২ কর্ম্ম করিতে থাকিবেন ।

১৮৪৯ সাল ১৫ জুলাই ।

পাবনার সদর স্থানের চিকিৎসকতা কর্ম্মে নিযুক্ত সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত ডবলিউ জে এলিস সাহেব (Mr W J Ellis,) ঐ স্থানের ডাকাধ্যক্ষও হইবেন ।

ছুটী ।

১৮৪৯ সাল ২৩ জুলাই ।

চাটিগাঁর প্রথম প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আশরফ আলী স্বীয় কর্ম্মোপলক্ষে বারো দিনের ছুটী পাইয়াছেন ।

বর্দ্ধমানের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রসিককৃষ্ণ মল্লিক স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন

১৮৪৯ সাল ২৭ জুলাই ।

কলিকাতার শ্রীযুত লার্ড বিশপ সাহেব শ্রীযুত পাদরি জে কোলি সাহেবকে (Revd. J. Coley,) বর্ত্তমান মাসের

২৩ তারিখঅবধি যে দুই সপ্তাহের ছুটী দেন তাহা মঞ্জুর হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ২৭ জুলাই।

শ্রীযুত সি এফ কার্ণাক সাহেব (Mr C F Carnac,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে ময়মনসিংহের মাজিষ্ট্রেটী কর্ম্মের ভার শ্রীযুত এ এল মেল্‌বিল সাহেবের (Mr A L Melville,) প্রতি অর্পণ করেন।

জিলা চম্পারণের নীচের লিখিত প্রদারা ১৮১৯ সালের ৬ আইনের ৩ ধারার বিধানমতে সরকারী হইল এমত প্রকাশ হইয়াছে।

পুচরিয়া ওরফে রামনিয়া। ছসেনি। সূযার অথবা সূর্য্য। লালবেগিয়া। হরাজ। মণিযারি। লালঘর। বঞ্জরিয়া। সোআগোলী। মদনি ও রাঘা।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেণ্টের ইশতিহার।

OPIUM — আফিম।

আফিমের ইশতিহার।

ইশতেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৯ সাল তারিখ ৬ আগস্ট সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময় মোকাম কলিকাতার একস চেঞ্জ ঘরে সন ১৮৪৭। ৪৮ সালের পাদায়শী আফিমের দশম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩০৪০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	২২২০
বানারসের পাদায়শী আফিম	৮২০
জুমলা সিন্দুক	৩০৪০

২ দফা। উপরের লিখিত বেহারের পাদায়শী আফিমের অন্দরে ১৫ সিন্দুক আফিম ফরাসীস গবর্ণমেণ্টের নিমিত্তে মৌজুদ রাখা গেল

৩ দফা। এইক্ষণে যে নীলামের ইশতেহার হইল ইহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত যেরূপ ধারাবাহিকরূপে আমলে আসিতেছে সেইরূপ সকলি বহাল রহিল উক্ত সমুদয় শরতের বিবরণ সন ১৮৪৮ সালের ১৩ সেপ্টেম্বর তারিখে কলিকাতা গেজেট এবং এক্সচেঞ্জ গেজেট কাগজে যে ইশতেহার প্রকাশ হইয়াছিল তাহা দৃষ্টি করিলে অথবা পরমিট ও নেমক ও আফিম বোর্ডের দফ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৪ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিম্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৪৯ সালের ৮ আগস্ট ও ২১ আগস্ট এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিস্‌রী নোট অর্থাৎ তমঃসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সরট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজরি রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৪৯ সালের ৮ আগস্ট বুধবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পরে আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সবরে কিম্মতের পূরা টাকার দরুন কোন ট্রেজরী রসিদ সন ১৮৪৯ সালের ২১আগস্ট মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না।

৫ দফা। উপরের লিখিত নীলামের ইশতেহারের মেকদার আফিম সে ত্যোর ইম সন নীচের লিখিত মেকদার সন ১৮৪৭। ৪৮ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

	বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৪৯ সালের ৩ সেপ্টেম্বর সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২২০	৮২০	৩০৪০
ঐ ২৯ অক্টোবর ঐ অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৯	৮০৪	৩০১৩
	৪৪২৯	১৬২৪	৬০৫৩

সি বীডন। সেক্রেটারী।

বিমৌজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নিমক ও আফিম ইতি সন ১৮৪৯ সাল তারিখ ২৩ জুলাই।

LAND ADVERTISEMENT — ভূমিবিষয়ক ইশতিহার।

এস্তেহারনামা কাছারী কালেকটরী জিলা চট্টগ্রাম।

XX If the Collector has good reason to believe, either from information given by any Abkaree Officer or other person, to be taken down in writing, or from his own knowledge, or from the proceedings in any other case, that any Spirituous or Fermented Liquors, or intoxicating drugs, liable to confiscation under this Act, are kept or

নিকটে ইঙ্গরেজী ও বিদেশীয় বীর শরাব ও ওয়াইন শরাব ও মদিরাছাড়া এই আইনের ৫ ধারায় নির্দ্দিষ্ট প্রত্যেক দ্রব্যের পরিমাণঅপেক্ষা অধিক পরিমাণের পূর্ব্বোক্ত মদিরা বা গাঁজাধারা শরাব কি মাদক দ্রব্য কিম্বা সেই২ বস্তুতে প্রস্তুত কি মিশ্রিত কোন দ্রব্য থাকিলে এবং কোন ব্যক্তি কলিকাতা শহরের মধ্যে তাহা বহিলে যদি সেই ব্যক্তির নিকটে কালেক্টর সাহেবের দেওয়া অথবা অন্য যে কোন আমলার তাহা দেওনের ক্ষমতা থাকে তাঁহার দেওয়া এক পাস অথবা পরওয়ানা না থাকে তবে সেই ব্যক্তি (আফীনের বিষয়ব্যতিরেকে) পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। এবং আফীনের বিষয়ে হইলে যে প্রত্যেক শের সেই ব্যক্তির নিকটে পাওয়া যায় কি সেই ব্যক্তি শহরের মধ্যে বহে সেই প্রত্যেক শেরের জন্যে ষোল টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। এবং এই শেষোক্ত জরীমানা যদি পাচ শত টাকাপর্য্যন্ত না হয় তবে সেই ব্যক্তির আরো এমত জরীমানা করিতে হইবেক যে সর্ব্বসুদ্ধ তাহার পাঁচ শত টাকা জরীমানা হয় ইতি।

১৬ ধারা। মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্যের বিনানুমতির বিক্রয় করণ বা আপনার নিকটে রাখণ বা শহরের মধ্যে বহনের বিষয়ে উক্ত যে২ দণ্ড নির্দ্দিষ্ট আছে তদতিরিক্ত এই আইন উল্লঙ্ঘনকারি ব্যক্তির নিকটে ঐপ্রকার যে সকল শরাব ও মাদক দ্রব্য পাওয়া যায় তাহা ক্রোক ও জব্দ হইবেক। এবং যে পাত্র ও বস্তা ও ঢাকনির মধ্যে ঐ শরাব ও মাদক দ্রব্য পাওয়া যায় তাহা ও যে পশু বা গাড়িতে তাহা বোঝাই থাকে সেই সকল ক্রোক ও জব্দ হইবার যোগ্য হইবেক ইতি।

১৭ ধারা। যে ঘর বা দোকানে কোন পাট্টাপ্রাপ্ত ব্যবসায়ী মদিরা কি গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য বিক্রয় করে তাহাতে পেয়াদার কি চাপরাসীঅপেক্ষা উচ্চ পদস্থ কোন আবকারীর আমলা কোন সময়ে দিনে বা রাত্রিতে প্রবেশ করিতে ও তাহা তদারক করিতে পারেন এবং কোন আবকারীর আমলা দিনে তাহাতে প্রবেশ করিয়া তদারক করিতে পারেন ইতি।

১৮ ধারা। যে প্রত্যেক ব্যক্তি মদিরা অথবা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য বিক্রয়ার্থে পাট্টা পাইয়াছে সেই ব্যক্তি ঐ পাট্টার নির্দ্দিষ্ট ঘর বা দোকানে ঐ পাট্টা রাখিবেক এবং আবকারীর যে কোন আমলা তাহা দেখিতে চাহেন তিনি দাওয়া করিলে পাট্টাদার তাঁহাকে ঐ পাট্টা দেখাইবেক। এবং আবকারীর কোন আমলা পাট্টার বিষয় দাওয়া করিলে যদি কোন পাট্টাপ্রাপ্ত ব্যবসায়ী তাহা দেখাইতে অস্বীকার করে কি দেখাইতে না পারে তবে সেই ব্যক্তি দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

১৯ ধারা। যে মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্যের পাস না থাকে অথবা প্রকারান্তরে এই আইনানুসারে জব্দ হওনের যোগ্য হয় সেই মদিরাদি যে কোন ব্যক্তি বহন করে তাহাকে আবকারীর কোন আমলা ধরিয়া রাখিতে এবং আটক করিতে পারেন এবং সেই শরাব বা মাদক দ্রব্য এবং যে পাত্র ও বস্তা ও ঢাকনির মধ্যে তাহা পাওয়া যায় তাহা এবং যে পশু ও গাড়িতে তাহা বোঝাই থাকে তাহা ক্রোক করিতে পারেন ইতি।

২০ ধারা। যদি কালেক্টর সাহেবের আবকারীর কোন আমলা বা অন্য ব্যক্তির এজহারক্রমে (সেই এজহার লিখিয়া রাখিতে হইবেক) অথবা আপনার বোধক্রমে কি অন্য কোন মোকদ্দমার কার্য্যক্রমে ইহা বিশ্বাস করণের মাতবর কারণ থাকে যে এই আইনানুসারে জব্দের যোগ্য কোন মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য কোন স্থানে গচ্ছিত আছে বা লুক্কায়িত আছে তবে

concealed in any place, the Collector, by warrant under his hand, may empower any Abkaree Officer, above the rank of Jemadar of Peons, between sunrise and sunset, but always in the presence of a Constable or other Officer of the Peace, to enter into every such place, where any such liquors or drugs are suspected to be kept or concealed, and to seize and carry away such liquors or drugs; and, in case of resistance, to break open any door, and to force and remove any other obstacle to such entry, search, seizure or removal, as aforesaid, and to arrest and detain the owner or occupier of the premises, with all parties whom he suspects to be concerned in the unlawful keeping or concealing of such liquors or drugs, whom he shall find on the premises provided that, where there is ground to suspect that such liquors or drugs are unlawfully concealed in any zenana, the Officer charged with the execution of the warrant shall follow, as closely as may be, the rules for the seizure of property so concealed, adopted by the Supreme Court of Judicature at Fort William

কালেক্টর সাহেব আপনার দস্তখৎকরা ওয়ারেন্টের দ্বারা পেয়াদারদের জমাদার অপেক্ষা উচ্চ পদস্থ আবকারীর কোন আমলাকে এই ক্ষমতা দিতে পারেন যে তিনি সূর্য্যোদয়অবধি সূর্য্যাস্তপর্য্যন্ত কিন্তু নিয়ত ইউরোপীয় কোন সারজন বা পোলীসের অন্য কোন আমলার সাক্ষাতে যে প্রত্যেক স্থানে ঐ প্রকার শরাব বা মাদক দ্রব্য গচ্ছিত বা লুক্কায়িত থাকনের বিষয়ে শোবে হয় সেই স্থানের মধ্যে প্রবেশ করেন এবং সেই শরাব অথবা মাদক দ্রব্য ক্রোক করেন এবং লইয়া যান। এবং প্রতিবন্ধক হইলে কোন দর ওয়াজা ভাঙ্গেন এবং পূর্ব্বোক্তমতে ঐ প্রবেশ বা তালাশ কি ক্রোক বা স্থানান্তর করণের যে কোন বাধা থাকে তাহা বলপূর্ব্বক উঠাইয়া দেন এবং ঐ স্থানের মালিক অথবা সেই স্থানে বাসকারি ব্যক্তিকে এবং অন্য যে সকল ব্যক্তি বেআইনীমতে ঐ শরাব বা মাদক দ্রব্য গচ্ছিত করণ বা লুকাইয়া রাখণের কার্য্যে লিপ্ত থাকনের বিষয়ে তাঁহার শোবে হয় এবং সেই বাটীর মধ্যে পাওয়া যায় সেই ব্যক্তিরদিগকে গ্রেক্তার করেন ও আটকাইয়া রাখেন। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ শরাব অথবা মাদক দ্রব্য বেআইনীমতে কোন অন্তঃপুরে লুক্কায়িত থাকনের বিষয়ে শোবে করণের কারণ থাকিলে যে আমলার প্রতি ঐ ওয়ারেন্ট জারী করণের ভার আছে তিনি সেইরূপে লুক্কায়িত সম্পত্তি ক্রোক করণার্থে ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্টের যে২ বিধি আছে সাধ্যপর্য্যন্ত সেই২ বিধির অনুসারে কার্য্য করিবেন ইতি।

XXI. All Constables, and other Ministerial Officers of the Peace are required to help the Abkaree Officers in the due execution of this Act, upon notice given, or request made by any such Abkaree Officer and any Officer who, without lawful excuse, shall refuse or neglect to assist as aforesaid, on being required to do so, shall be liable to the penalty prescribed by Section XXVII of this Act for Abkaree Officers conniving at the escape of a person arrested under this Act

২১ ধারা। সকল ইউরোপীয় সারজন এবং পোলীসের অন্য২ আমলারদের প্রতি হুকুম হইল যে আবকারীর আমলা তাঁহারদিগকে এত্তেলা দিলে কিম্বা তাঁহারদের নিকটে দরখাস্ত করিলে ঐ আবকারীর আমলারদিগের এই আইন রীতিমতে জারী করণের কার্য্যে সাহায্য করেন। এবং পোলীসের যে কোন আমলা সাহায্য করিতে হুকুম পাইলে উক্ত প্রকারে সাহায্য করিতে কোন আইনসিদ্ধ ওজরবিনা অস্বীকার বা ত্রুটি করেন এই আইনানুসারে গ্রেক্তারকরা কোন ব্যক্তির পলায়নের বিষয়ে আবকারীর আমলারা জানিয়া শুনিয়া চুপ করিয়া থাকিলে যে দণ্ড এই আইনের ২৭ ধারাতে নির্দ্দিষ্ট আছে ঐ সারজন এবং পোলীসের আমলারা সেই দণ্ডের যোগ্য হইবেন ইতি।

XXII Whenever any Abkaree Officer, duly authorized under this Act, shall arrest any person, or shall seize any Spirituous or Fermented Liquors, or intoxicating drugs, or shall enter any house or shop for the purpose of searching for such illicit articles, he shall carry the person arrested, with the illicit articles seized, with all convenient despatch, to the Collector, and shall, within twenty four hours thereafter, make a full report to the Collector of all the particulars of such arrest, seizure, or search, and the Collector, after such further enquiry as he deems necessary, shall forthwith either release the person arrested, or send him in custody to a Justice of the Peace for the Town of Calcutta

২২ ধারা। এই আইনানুসারে রীতিমত ক্ষমতাপ্রাপ্ত কোন আবকারীর আমলা যখন কোন ব্যক্তিকে গ্রেক্তার করেন অথবা কোন মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য ক্রোক করেন অথবা ঐরূপ কোন বিনানুমতির দ্রব্য তালাশ করণের জন্যে কোন ঘর বা দোকানে প্রবেশ করেন তখন ঐ আমলা গ্রেক্তারহওয়া ব্যক্তিকে এবং ক্রোকহওয়া বিনানুমতির দ্রব্য যথাসাধ্য শীঘ্র কালেকটর সাহেবের নিকটে লইয়া যাইবেন এবং তাহার পর চব্বিশ ঘণ্টার মধ্যে সেই গ্রেক্তার বা ক্রোক কি তালাশের সমস্ত বৃত্তান্তের সম্পূর্ণ রিপোর্ট কালেক্টর সাহেবকে দিবেন। এবং কালেকটর সাহেব তদতিরিক্ত যে তদারক করা আবশ্যক বোধ করেন তাহা করিলে পর তৎক্ষণাৎ সেই গ্রেক্তারহওয়া ব্যক্তিকে খালাস করিবেন অথবা তাহাকে আমলারদের জিম্মায় দিয়া কলিকাতা নগরের এক জন জুষ্টিস অফ দি পীস সাহেবের নিকটে পাঠাইবেন ইতি।

XXIII Every person who shall maliciously give false information against any person, for being engaged in the unlicensed sale of Spirituous or Fermented Liquors, or intoxicating drugs, or for having in his possession, or carrying, or in respect of there being in any house or shop any Spirituous or Fermented Liquors, or intoxicating drugs, in contravention of this Act, shall be liable to a fine,

২৩ ধারা। এই আইনের বিধির বিরুদ্ধ কোন ব্যক্তির মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্যের বিনানুমতির বিক্রয়ে লিপ্ত হওনের বিষয়ে অথবা তাহার নিকটে কোন মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য থাকনের বা তাহা বহনের কি তাহা কোন ঘর বা দোকানে থাকনের বিষয়ে যে প্রত্যেক ব্যক্তি দ্বেষপূর্ব্বক মিথ্যা এজহার করে সেই২ ব্যক্তি পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক অথবা ছয় মাসের অনধিক

not exceeding Five Hundred Rupees, or to imprisonment in the Common Jail, for a period not exceeding six months, or to both

XXIV Every person, who shall obstruct or molest any Abkaree Officer, or any person acting, in aid of such Officer, in the due execution of this Act, shall be liable to a fine, not exceeding Five Hundred Rupees, and such person shall be further liable, if an affray or breach of the peace shall happen in consequence of his resistance, on conviction of the same before a competent tribunal, to such punishment as is prescribed by law for cases of affray and breach of the peace, in addition to the penalty above prescribed for resistance of process

XXV Any Abkaree Officer, who shall delay carrying to the Collector any person arrested or any illicit articles seized under this Act, or who shall neglect to report the particulars of an arrest, seizure or search, within twenty four hours thereafter, shall be liable to a fine, not exceeding Two Hundred Rupees

XXVI Any Abkaree Officer, who shall vexatiously and unnecessarily seize the goods or chattels of any person, on the pretence of seizing or searching for illicit Spirituous or Fermented Liquors, or intoxicating drugs, or who shall vexatiously and unnecessarily arrest any person, or commit any other excess, not required for the execution of his duty, shall be liable to a fine, not exceeding Five Hundred Rupees

XXVII Any Officer employed in the Abkaree Department, who shall unlawfully release or connive at the escape of any person arrested under this Act, or connive at the sale of Spirituous or Fermented Liquors, or intoxicating drugs, without license, or by any licensed dealer, contrary to the terms of such license, or act in a manner inconsistent with his duty, for the purpose of enabling any person to do any thing, whereby any of the provisions of this Act may be evaded or broken, or the Abkaree Revenue defrauded, shall be liable to a fine, not exceeding Five Hundred Rupees

XXVIII Any Abkaree Officer, who shall ask or take any gratuity, not authorized by any Law or Order of Government, or of the Board of Customs, Salt and Opium, in consideration of doing, or of omitting to do any act in his official capacity, and any person, who shall offer a bribe to any such Officer, in order to induce such Officer to act in a manner inconsistent with his duty, shall be liable, for every such offence, to a fine, not exceeding Five Hundred Rupees

XXIX Whenever any goods or chattels shall be seized by an Abkaree Officer, as liable to confiscation under this Act, such seizure shall, upon information, exhibited by order of the Collector, be heard and determined in a summary way, by any Justice of the Peace for the Town of Cal-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৮ আগষ্ট।]

মিয়াদে সাধারণ জেলখানায় কয়েদ হইবার কি উভয় দণ্ডের যোগ্য হইবেক ইতি।

২৪ ধারা। এই আইন রীতিমত জারীকরণ সময়ে যদি কোন ব্যক্তি আবকারীর কোন আমলা বা ঐ আমলার সহকারি কোন ব্যক্তির বাধা জন্মায় বা তাহাকে উত্যক্ত করে তবে সেই ব্যক্তি পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। এবং তাহার ঐ প্রতিবন্ধকতাতে যদি কোন দাঙ্গা কি শান্তিভঙ্গ হয় তবে সেই ব্যক্তির অপরাধ ক্ষমতাপ্রাপ্ত আদালতে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি পূর্ব্বোক্তমতে হুকুমের প্রতিবন্ধকতার নির্দ্দিষ্ট গুনাহগারীর অতিরিক্ত দাঙ্গা এবং শান্তিভঙ্গের অপরাধের বিষয়ে আইনে যে দণ্ড নিরূপণ আছে সেই দণ্ডের যোগ্য হইবেক ইতি।

২৫ ধারা। এই আইনক্রমে গ্রেপ্তারহওয়া কোন ব্যক্তিকে অথবা ক্রোকহওয়া বিনানুমতির কোন দ্রব্য কালেক্টর সাহেবের নিকটে লইয়া যাইতে যদি আবকারীর কোন আমলা বিলম্ব করেন অথবা গ্রেপ্তার কি ক্রোক বা তালাশী করণের পর চব্বিশ ঘণ্টার মধ্যে তাহার বৃত্তান্তের রিপোর্ট করিতে ত্রুটি করেন তবে সেই ব্যক্তি দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

২৬ ধারা। আবকারীর যে কোন আমলা বিনানুমতির মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য ক্রোক অথবা তালাশী করণের ছলে বৈরক্তিরূপে এবং অনাবশ্যকমতে কোন ব্যক্তির জিনিস কি দ্রব্য ক্রোক করেন অথবা কোন ব্যক্তিকে ক্লেশজনকরূপে এবং অনাবশ্যকমতে গ্রেপ্তার করেন অথবা আপনার কর্ত্তব্য কার্য্যের নিমিত্তে যে কর্ম্মের আবশ্যক না থাকে এমত কোন অত্যাচারের কর্ম্ম করেন সেই ব্যক্তি পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

২৭ ধারা। আবকারীর সিরিশতায় নিযুক্ত যে কোন আমলা এই আইনক্রমে গ্রেপ্তারহওয়া কোন ব্যক্তিকে বেআইনীমতে খালাস করেন অথবা তাহার পলায়নের বিষয় জানিয়া শুনিয়া চুপ করিয়া থাকেন কি পাট্টা বিনা মদিরা বা গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্যের বিক্রয়ের বিষয় অথবা কোন পাট্টাপ্রাপ্ত ব্যবসায়ির পাট্টার নিয়মের বিরুদ্ধে বিক্রয় করণের বিষয় জানিয়া শুনিয়া চুপ করিয়া থাকেন অথবা যে কার্য্যের দ্বারা এই আইনের কোন বিধি এড়ান যাইতে বা উল্লঙ্ঘন হইতে পারে অথবা আবকারীর রাজস্বের হানি হইতে পারে এইমত কর্ম্ম কোন ব্যক্তিকে করিতে দেওনের জন্যে আপনার কর্ত্তব্য কার্য্যের বিরুদ্ধে কোন কর্ম্ম করেন সেই আমলা পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

২৮ ধারা। আবকারীর যে কোন আমলা আপনার পদোপলক্ষের কোন কার্য্য করণ বা না করণের পুরস্কারস্বরূপ আইনের অথবা গবর্ণমেণ্টের কি হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের হুকুম না হওয়া কোন বকশীশ চাহেন বা লন এবং আবকারীর আমলাকে আপনার কর্ত্তব্য কার্য্যের বিরুদ্ধে কোন কর্ম্ম করণে প্রবৃত্তি দেওনার্থে যে কোন ব্যক্তি সেইরূপ কোন আমলাকে ঘুষ দিতে প্রবৃত্ত হয় সেই ব্যক্তি প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

২৯ ধারা। এই আইনানুসারে জব্দ হওনের যোগ্য বলিয়া যখন আবকারীর কোন আমলা কোন জিনিস বা দ্রব্য ক্রোক করেন তখন সেই ক্রোকী মোকদ্দমা কালেক্টর সাহেবের হুকুমে করা এজহারক্রমে শহর কলিকাতার কোন জষ্টিস অফ দি পীস সাহেবের দ্বারা সরাসরীমতে শুনা যাইবেক ও নিষ্পত্তি হইবেক। এবং সেই জিনিস ও দ্রব্য যে ব্যক্তিরদের থাকে তাহারদিগকে ঐ জষ্টিস অফ

cutta, and such Justice shall cause the persons to whom such goods and chattels belong to be summoned to appear before him, and upon their appearance or default shall examine into the cause of the seizure thereof, and give judgment, and if such judgment shall be for confiscation of the goods or chattels seized, shall issue his warrant to the Collector for the sale or disposal thereof, according to such orders as the Collector may receive from the Board of Customs, Salt and Opium

XXX Whenever any goods or chattels shall be seized as aforesaid, and within one Calendar month no person shall appear before the Collector to claim the same, the Justice shall examine into the cause of the seizure, at a place and time of which notice shall have been given by the Collector in the *Calcutta Gazette*, and give judgment for the confiscation of such of the goods and chattels, as, upon such examination, shall appear to him liable to forfeiture, and, upon confiscation thereof, shall issue his warrant for the disposal of them, as if the owner had been summoned to attend the said Justice

XXXI All fines leviable under this Act, except under Section XXXVIII, shall be adjudged by any Justice of the Peace for the Town of Calcutta, and the said Justice, upon information exhibited before him by order of the Collector, shall forthwith summon the parties accused, and upon their appearance or default shall examine into the matter, and upon due proof made thereof, by the voluntary confession of the parties, or by the oath, or solemn affirmation, in cases wherein a solemn affirmation is receivable by law instead of an oath of one or more credible witnesses, shall give judgment accordingly, and, in default of payment of any fine to which an offender is adjudged, he shall be liable, by order of the said Justice, to imprisonment in the Common Jail, for a period not exceeding six months, or until the fine is sooner paid and no proceedings shall be taken under this Section by any Justice of the Peace after the expiration of three Calendar months from the date of the offence by which the fine was incurred

XXXII Whenever any person shall be convicted before any such Justice as aforesaid of an offence against this Act, after having been previously convicted of a like offence, he shall be liable, in addition to the penalty attached to such offence, to imprisonment in the Common Jail, for a period not exceeding six months, and a like punishment of imprisonment, not exceeding six months, shall be incurred, in addition to the punishment which may be inflicted for a first offence, upon every subsequent conviction after the second

XXXIII One half of all fines levied from persons convicted of the illicit possession, carrying, or sale of Spirituous or Fermented Liquors, or intoxicating drugs, and of the proceeds from sale of articles confiscated, except Opium, and in the case

দি পীস সাহেব আপনার সম্মুখে হাজির হইতে তলব করিবেন এবং তাহারা হাজির হইলে অথবা হাজির হইতে ত্রুটি করিলে ঐ ক্রোকের কারণের তজবীজ করিবেন এবং ডিক্রী করিবেন। এবং ঐ ক্রোকহওয়া জিনিস ও দ্রব্য যদি জব্দ করণের ডিক্রী হয় তবে ঐ জুষ্টিস অফ দি পীস সাহেব হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের স্থানে কালেক্টর সাহেব যে২ হুকুম পাইয়া থাকেন সেই২ হুকুমানুসারে তাহা নীলাম কি হস্তান্তর করিতে কালেক্টর সাহেবের প্রতি আপনার ওয়ারণ্ট পাঠাইবেন ইতি।

৩০ ধারা। যখন কোন জিনিস অথবা দ্রব্য পূর্ব্বোক্ত মতে ক্রোক হয় এবং তাহার বিষয়ে দাওয়া করিবার জন্যে কোন ব্যক্তি এক মাসের মধ্যে কালেক্টর সাহেবের নিকটে হাজির না হয় তখন যে স্থান ও যে সময়ের বিষয়ে কালেক্টর সাহেব কলিকাতা গেজেটে এত্তেলা দিয়াছেন সেই স্থানে ও সেই সময়ে ঐ জুষ্টিস সাহেব ঐ ক্রোকের কারণের তজবীজ করিবেন এবং ঐ তজবীজক্রমে যে জিনিস এবং দ্রব্য তাঁহার বোধে জব্দের যোগ্য হয় তাহা জব্দ করণের ডিক্রী করিবেন। এবং তাহা জব্দ হইলে ঐ জিনিসের মালিক ঐ জুষ্টিস সাহেবের নিকটে হাজির হইবার নিমিত্তে তলব হইলে যেরূপ হইত সেই রূপ ঐ জিনিস নীলাম করণের ওয়ারণ্ট দিবেন ইতি।

৩১ ধারা। ৩৮ ধারানুসারের ভিন্ন যে সকল জরীমানা এই আইনানুসারে উসুল হইতে পারে তাহার বিষয়ে শহর কলিকাতার কোন জুষ্টিস অফ দি পীস সাহেব হুকুম দিবেন। এবং কালেক্টর সাহেবের আজ্ঞানুসারে ঐ জুষ্টিস সাহেবের নিকটে যে এজহার দেওয়া যায় সেই এজহারক্রমে তিনি তৎক্ষণাৎ নালিশগ্রস্ত ব্যক্তিরদিগকে তলব করিবেন এবং তাহারা হাজির হইলে অথবা হাজির হইতে ত্রুটি করিলে সেই বিষয়ের তজবীজ করিবেন এবং নালিশগ্রস্ত ব্যক্তিরদের স্বেচ্ছাতে কবুলক্রমে অথবা এক বা ততোধিক বিশ্বাসযোগ্য সাক্ষিরদের শপথক্রমে কি যে২ গতিকে শপথের পরিবর্ত্তে আইনানুসারে প্রতিজ্ঞা গ্রাহ্য হইতে পারে সেই২ গতিকে তাহারদের প্রতিজ্ঞাক্রমে সেই বিষয়ের যাথার্থ্য প্রমাণ পাইলে তদনুসারে ডিক্রী করিবেন। এবং অপরাধির যে জরীমানার হুকুম হয় তাহা না দেওয়া গেলে সেই ব্যক্তি উক্ত জুষ্টিস সাহেবের হুকুমক্রমে জেলখানায় ছয় মাসের অনধিক কালপর্য্যন্ত কয়েদ থাকনের যোগ্য হইবেক কিন্তু ছয় মাসের মধ্যে যে কোন সময়ে জরীমানা দেওয়া যায় সেই সময়ে সেই ব্যক্তি খালাস হইবেক। এবং যে অপরাধপ্রযুক্ত জরীমানা হইল সেই অপরাধের তারিখের পর তিন মাস অতীত হইলে কোন জুষ্টিস অফ দি পীস সাহেব এই ধারামতে কোন কার্য্য করিবেন না ইতি।

৩২ ধারা। যখন উক্ত জুষ্টিসের সম্মুখে কোন ব্যক্তির এই আইনের বিরুদ্ধ কোন অপরাধ সাব্যস্ত হয় এবং তৎপরে সেই ব্যক্তির পুনরায় সেই প্রকার অপরাধ সাব্যস্ত হয় তখন সেই অপরাধের যে জরীমানা নির্দ্দিষ্ট আছে তাহার অতিরিক্ত সেই ব্যক্তি জেলখানায় ছয় মাসের অনধিক কাল মিয়াদে কয়েদ হওনের যোগ্য হইবেক। এবং দ্বিতীয় অপরাধের পর যতবার তাহার ঐ অপরাধ সাব্যস্ত হয় ততবার প্রথম অপরাধের জন্যে যে দণ্ড নিরূপণ আছে তদতিরিক্ত ছয় মাসের অনধিক মিয়াদে কয়েদের যোগ্য হইবেক ইতি।

৩৩ ধারা। মদিরা বা গাঁজাধিরা শরাব কি মাদক দ্রব্য বিনানুমতিতে রাখণ বা শহরের মধ্যে বহন কি বিক্রয় করণের অপরাধে যে সকল জরীমানা অপরাধিরদের স্থানে আদায় হয় তাহার অর্দ্ধেক এবং আফীমছাড়া জব্দহওয়া জিনিস বিক্রয়ের উৎপন্নের অর্দ্ধেক টাকা যে

of Opium confiscated, and declared by the Opium Examiner at the Presidency to be fit for use, a reward of One Rupee Eight Annas for each seer, shall, upon adjudication of the case, be awarded to the Officer or Officers who apprehended the offender, or seized the illicit articles, and the other half, or in the case of Opium as aforesaid, a reward of One Rupee Eight Annas for each seer shall be given to the informer, and, if no fine is realized, the Board of Customs, Salt and Opium, may grant such reasonable reward, not exceeding the sum of Two Hundred Rupees as may appear to them fit and the Board of Customs, Salt and Opium, may direct, by general order, what class of Abkaree Officers shall receive rewards, and what classes shall have no title to share therein

XXXIV All fines levied under this Act, the disposal of which is not specially provided for, shall belong to Government, but the Board of Customs, Salt and Opium, may grant any portion thereof, not exceeding one half, as rewards to informers, or as compensation to parties injured by any proceedings under this Act

XXXV No Writ of *Certiorari* shall be issued at the suit of any party out of the Supreme Court of Judicature, to supersede, stay, remove or in anywise affect any information or judicial proceeding before any Justice of the Peace, in pursuance of this Act, and no judgment thereupon shall be quashed, except for error of law apparent on the face of the judgment

XXXVI When any penalty or confiscation shall be adjudged by a Justice of the Peace under this Act, the Commissioner of Abkaree, and, in his absence, the Board of Customs, Salt and Opium, within one month after judgment given, may call for the proceedings of the case (with which requisition the Justice of the Peace shall be bound to comply) and, if he or they shall see cause, may direct that the seizure, or any part thereof, be restored, and may remit or mitigate any penalty, and discharge the party

XXXVII All action and prosecutions to be commenced against the Collector or any Abkaree Officer, or any person acting in aid of any such Officer, for any thing done in pursuance of this Act, shall be commenced within three Calendar months after the fact committed, and not afterwards, and notice in writing of such action and of the cause thereof shall be given to the defendant one Calendar month at least before the commencement of the action, and no plaintiff shall recover in any such action, if tender of sufficient amends shall have been made before such action brought, or if after action brought, a sufficient sum of money shall have been paid into Court, with costs, by or on behalf of the defendant

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২৮ আগষ্ট।]

আমলা বা আমলারা অপরাধিকে গ্রেপ্তার করিয়াছিলেন অথবা বিনানুমতির দ্রব্য ক্রোক করিয়াছিলেন তাঁহারদিগকে মোকদ্দমার নিষ্পত্তি হইলে পর দেওয়া যাইবেক এবং যে আফীন জব্দ হয় এবং তাহা রাজধানীতে আফীনের পরীক্ষক সাহেব ব্যবহারের উপযুক্ত কহেন তাহার সের প্রতি ১৸০ টাকা পুরস্কার ঐ আমলা বা আমলারদিগকে দেওয়া যাইবেক। এবং অবশিষ্ট অর্দ্ধেক জরীমানা এবং পূর্ব্বোক্তমতে আফীনের বিষয়ি সের প্রতি ১৸০ টাকা পুরস্কার গোয়েন্দাকে দেওয়া যাইবেক। এবং যদি কোন জরীমানা উসুল না হয় তবে হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরদের যেমত উচিত বোধ হয় সেইমতে তাঁহারা দুই শত টাকার অনধিক কোন উপযুক্ত পুরস্কার দিবার হুকুম করিতে পারেন। এবং আবকারীর আমলারদের মধ্যে যে সম্প্রদায় ঐ পুরস্কার পাইবেন এবং যে সম্প্রদায় ঐ পুরস্কারের কোন অংশ পাইবেন না তাহা হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা এক সাধারণ হুকুমের দ্বারা নির্দ্দিষ্ট করিতে পারেন ইতি।

৩৪ ধারা। এই আইনক্রমে উসুল হওয়া যে সকল জরীমানা বিতরণের বিষয়ে কোন বিশেষ হুকুম নির্দ্দিষ্ট নাই তাহা সরকারের হইবেক। কিন্তু হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা তাহার অর্দ্ধেকের অনধিক কোন অংশ গোয়েন্দারদিগকে পুরস্কারস্বরূপ অথবা এই আইনক্রমে কোন কার্য্যের দ্বারা যে ব্যক্তিরদের ক্ষতি হইয়াছে সেই ক্ষতি পূরণ করণার্থে তাহারদিগকে দিতে পারেন ইতি।

৩৫ ধারা। এই আইনের বিধিক্রমে কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে করা কোন নালিশ বা আদালতসংক্রান্ত কার্য্য অন্যথা করিতে বা স্থগিত করিতে বা উঠাইয়া লইতে কি কোন প্রকারে ব্যাঘাত করিতে কোন ব্যক্তির নালিশক্রমে সুপ্রিম কোর্টহইতে কোন "সর্সিওরারি" রিট জারি হইবেক না। এবং এইরূপে কোন মোকদ্দমার ডিক্রীতে স্পষ্টতঃ আইনের বিষয়ে ভ্রম দৃষ্ট না হইলে সেই ডিক্রী অন্য কোন কারণে অন্যথা হইতে পারে না ইতি।

৩৬ ধারা। যখন কোন জুষ্টিস অফ দি পীস সাহেব এই আইনক্রমে কোন জরীমানা অথবা জব্দের হুকুম দিয়া থাকেন তখন আবকারীর কমিসানর সাহেব এবং তিনি উপস্থিত না থাকিলে হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা ডিক্রীর পর এক মাসের মধ্যে ঐ মোকদ্দমার সমস্ত কাগজপত্র তলব করিতে পারেন (এবং জুষ্টিস অফ দি পীস সাহেবের সেই কাগজপত্র অবশ্য পাঠাইতে হইবেক।) এবং যদি ঐ কমিসানর সাহেব অথবা বোর্ডের সাহেবেরা উপযুক্ত কারণ দেখেন তবে তিনি বা তাঁহারা ঐ ক্রোক হওয়া সমুদয় জিনিস বা তাহার কোন অংশ ফিরিয়া দিবার হুকুম করিতে পারেন এবং কোন জরীমানা ক্ষমা করিতে কি কমাইতে পারেন এবং ঐ ব্যক্তিকে খালাস করিতে পারেন ইতি।

৩৭ ধারা। এই আইনক্রমে করা কোন কার্য্যের জন্যে কালেক্টর সাহেব অথবা আবকারীর কোন আমলার কিম্বা ঐ আমলার সহকারি কোন ব্যক্তির বিরুদ্ধে যে সকল নালিশ ও মোকদ্দমা আরম্ভ হয় তাহা সেই কর্ম্ম হওনের পর তিন মাসের মধ্যে আরম্ভ করিতে হইবেক এবং তাহার পর করিতে হইবেক না। এবং নালিশ আরম্ভের অন্যূন এক মাস পূর্ব্বে সেই নালিশ এবং তাহার কারণের এত্তেলা লিপির দ্বারা আসামীকে দিতে হইবেক। এবং সেই নালিশ হওনের পূর্ব্বে যদি আসামীর দ্বারা বা তাহার পক্ষে ক্ষতিপূরণের উপযুক্ত টাকা দিবার প্রস্তাব হয় অথবা নালিশ হওনের পর উপযুক্ত সংখ্যার টাকা মায় খরচা আদালতে দাখিল হয় তবে কোন ফরিয়াদী এইমত মোকদ্দমায় কিছু টাকা পাইতে পারিবেক না ইতি।

XXXVIII The Collector, in respect of the duties to be performed by him under this Act, shall have power to punish any contempt committed in his presence in open Cutcherry, by fine, not exceeding Two Hundred Rupees, commutable, if not paid, to imprisonment in the Common Jail, for a period not exceeding one month provided, that an appeal from any order passed under this Section shall lie to the Commissioner of Abkarce, and, in his absence, to the Board of Customs, Salt and Opium, and the decision of the Commissioner or Board thereon shall be final

F J HALLIDAY,
Secy to the Govt of India

৩৮। এই আইনক্রমে কালেক্টর সাহেবের যে কার্য্য কর্ত্তব্য তাহার সম্পর্কে কালেক্টর সাহেব আপনার সম্মুখে খোলা কাছারীতে যে অবজ্ঞা হয় তাহার দুই শত টাকার অনধিক জরীমানার দণ্ড করিতে পারেন এবং যদি সেই জরীমানার টাকা না দেওয়া যায় তবে তাহার পরিবর্ত্তে এক মাসের অনধিক মিয়াদপর্য্যন্ত অপরাধি ব্যক্তিকে জেলখানায় কয়েদ করিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে এই ধারাক্রমে যে কোন হুকম হয় তাহার উপর আপীল আবকারীর কমিস্যনর সাহেবের নিকটে এবং তিনি উপস্থিত না থাকিলে মাসিল ও নিমক ও আফীমের বোর্ডের সাহেবেরদের নিকটে হইবেক এবং কমিস্যনর সাহেব অথবা বোর্ডের সাহেবেরা যে নিষ্পত্তি করেন তাহা চুড়ান্ত হইবেক ইতি।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

রাজকর্ম্মে নিয়োগ।

১৩১৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ১৩ আগষ্ট।

শ্রীযুত জে আলেন সাহেব (Mr J Allan,) ভাগলপুরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

১৮৪৯ সাল ১৫ আগষ্ট।

শ্রীযুত বকলাণ্ড সাহেবের (Mr Buckland,) অনুপস্থান কি অন্য হুকম না হওনপর্য্যন্ত শ্রীযুত জে এস স্পাঙ্কি সাহেব (Mr J S Spankie,) চাটিগাঁর মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৯ সাল ১৬ আগষ্ট।

শ্রীযুত এচ এস মাকেঞ্জি সাহেব (Mr H S Mackenzie,) বীরভূমের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

১৮৪৯ সাল ২০ আগষ্ট।

শ্রীযুত এচ ড্যাপর সাহেব (Mr H Diaper,) পূরণিয়ার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ১১ আগষ্ট।

ত্রিহুতের রেবিনিউ সরবেয়র শ্রীযুত এ ওয়াএট সাহেব (Mr A Wyatt,) স্বীয় কর্ম্মোপলক্ষে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ১৫ আগষ্ট।

চাটিগাঁর একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব (Mr C T Buckland,) যে তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত জে এস স্পাঙ্কি সাহেবের (Mr J S Spankie,) প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ১৬ আগষ্ট।

চাটিগাঁর দ্বিতীয় অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত বাবু পঞ্চানন্দ বাঁড়ুয্যা দশহরার বন্দের আরম্ভাবধি মহরমের বন্দের শেষপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

আসামের মঙ্গলদায় স্থানের সদর আমীনের ক্ষমতাপ্রাপ্ত মুনসেফ শ্রীযুত মৌলবী নুরুদ্দীন আহমদ স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি অক্টোবর মাসের ১৯ তারিখঅবধি ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ১৭ আগষ্ট।

গোআলপাড়াতে আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এ এ ষ্টর্ট সাহেব (Captain A A Sturt,) আপনার কর্ম্মের ভার সব-আসিষ্টাণ্ট শ্রীযুত এচ ড্রাইবর সাহেবের (Mr Sub Assistant H Driver,) প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিপুরার একটিং কালেক্টর শ্রীযুত ও ডবলিউ মালেট সাহেব (Mr O W Malet,) আগামি নবেম্বর মাসের ১ তারিখঅবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ২১ আগষ্ট।

মেদিনীপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্যকারী শ্রীযুত সি লিমণ্ড সাহেব (Mr C Limond,) গত মাসের ৯ তারিখে আপন কর্ম্ম স্থানে পহুছেন।

দিনাজপুরের কালেক্টর শ্রীযুত সি ষ্টিয়র সাহেব (Mr C Steer,) বর্ত্তমান মাসের ১৩ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত আর স্কট সাহেবের (Mr R Scott,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত সি কারনাক সাহেব (Mr C Carnac,) বর্ত্তমান মাসের ১৩ তারিখে ময়মনসিংহের মাজিষ্ট্রেটী কর্ম্মের ভার শ্রীযুত এ এল মেলবিল সাহেবের (Mr A L Melville,) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৩৪৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ২০ আগষ্ট।

শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেব (Mr R J Richardson,) স্বীয় কর্ম্মোপলক্ষে জিলা পাটনার বাহে ডাকাধ্যক্ষ হইবেন।

১৮৪৯ সাল ২১ আগষ্ট।

শ্রীযুত এ ফর্বস সাহেব (Mr A Forbes,) পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ লুক সাহেব (Mr W Luke,) রাজশাহীর কালেক্টর হইবেন এবং শ্রীযুত মিটন সাহেবের (Mr Mytton,) অনুপস্থান কি অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত মেদিনীপুরের সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন। শ্রীযুত জি পি লষ্টর সাহেব (Mr G P Leycester,) রাজশাহীর কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত জি জি মাকিণ্টশ সাহেব (Mr G G Mackintosh,) বর্দ্ধমানের কালেক্টর হইবেন।

শ্রীযুত জি লক সাহেব (Mr G Loch,) ভাগলপুরের কালেক্টর হইবেন।

শ্রীযুত এফ এ লশিংটন সাহেব (Mr F A Lashing ton,) বাঁকুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত ডবলিউ কুইণ্টিন সাহেবের (Mr W Quintin,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত সি ষ্টিয়র সাহেব (Mr C Steer,) বেহারের অতিরিক্ত জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ষ্টিয়র সাহেবের (Mr Steer,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জি ইউ ইউল সাহেব (Mr G U Yule,) দিনাজপুরের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত টি সাণ্ডিস সাহেবের (Mr T Sandys,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত আর পি হারিসন সাহেব (Mr R. P Harrison,) পূরণিয়ার কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত হারিসন সাহেবের (Mr Harrison,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত টি বি মাকটিয়র সাহেব (Mr T B Mactier,) মুরশিদাবাদের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন। শ্রীযুত মাকটিয়র সাহেবের (Mr Mactior,) না পহুছনপর্য্যন্ত শ্রীযুত সি এচ কাম্বেল সাহেব (Mr C H Campbell,) শ্রীযুত হারিসন সাহেবের (Mr Harrison,) স্থানে কর্ম্মের ভার গ্রহণ করিয়া মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

সুন্দরবনের ডেপুটী কালেক্টর শ্রীযুত জি আলেন সাহেব (Mr G Allen,) প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৪৯ সাল ২২ আগষ্ট।

কটকের সেনাপতি সাহেবের যে হুকুমক্রমে মান্দ্রাজ দেশীয় পদাতিক সৈন্যেরদের ৩০ পল্টনের কাপ্তান শ্রীযুত ওয়াকর সাহেব (Captain Walker,) কিঞ্চিৎ কালপর্য্যন্ত বালেশ্বর ও খোর্দ্দার পাইক কোম্পানির কর্ম্মের ভার শ্রীযুত লেপ্টেনেণ্ট ডিন্সডেল সাহেবের (Lieut Dinsdale) স্থানে গ্রহণ করিবেন তাহা মঞ্জুর হইয়াছে।

ছুটী।

১৮৪৯ সাল ২০ আগষ্ট।

শ্রীযুত ডাক্তর ওকালাগান সাহেব (Dr O'Callaghan,) যে তারিখ বহরমপুরে আপন পল্টনে উপস্থিত হইয়া ঐ স্থানের চিকিৎসকতা কর্ম্মের ভার শ্রীযুত ডাক্তর কীন সাহেবের (Dr Kean,) স্থানে গ্রহণ করেন সেই তারিখঅবধি মুরশিদাবাদের সিবিল চিকিৎসক শ্রীযুত ডাক্তর এ কীন সাহেব (Dr A Kean,) এক মাসের ছুটী পাইবেন।

বেহারের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ ইব্রাহিম খাঁ চিকিৎসকের সর্টিফিকটক্রমে জুলাই মাসের ২৩ তারিখঅবধি আগামি অক্টোবর মাসের ১৮ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু যোগেশচন্দ্র ঘোষ দশহরার বন্দ ও তদতিরিক্ত দশ দিনের অর্থাৎ আগামি সেপ্টম্বর মাসের ১৩ তারিখঅবধি অক্টোবর মাসের ২৮ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২১ আগষ্ট।

বাকরগঞ্জের ফৌজদারীর শ্রীযুত মৌলবী মহম্মদ সফাউদ্দীন স্বীয় কর্ম্মোপলক্ষে দশহরার বন্দের আরম্ভ অবধি মহরমের বন্দের শেষপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২২ আগষ্ট।

পূরণিয়ার অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত ডবলিউ নোনি সাহেব (Mr W Noney,) স্বীয় কর্ম্মোপলক্ষে দশহরার ও মহরমের বন্দ লইয়া তিন মাসের ছুটী পাইয়াছেন।

পূরণিয়ার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী রুকনুদ্দীন খাঁ দশহরার ও মহরমের মধ্য কালের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশতিহার।

OPIUM

আফিম।

আফিমের ইশতিহার।

ইশতেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৯ সাল তারিখ ৪ সেপ্টেম্বর মঙ্গলবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময় মোকাম কলিকাতার এক্স চেঞ্জ ঘরে সন ১৮৪৭। ৪৮ সালের পয়দায়শী আফিমের একাদশ নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩০৪০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	২২২০
বানারসের পয়দায়শী আফিম	৮২০
জমলো সিন্দুক	৩০৪০

১ দফা। এইক্ষণে যে নীলামের ইশতেহার হইল ইহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত যেরূপ ধারাবাহিকরূপে আমলে আসিতেছে সেইরূপ সকলি বহাল রহিল উক্ত সমুদয় শরতের বিবরণ সন ১৮৪৮ সালের ১৩ সেপ্টেম্বর তারিখে কলিকাতা গেজেট এবং এক্স চেঞ্জ গেজেট কাগজে যে ইশতেহার প্রকাশ হইয়াছিল তাহা দৃষ্টি করিলে অথবা পরমিট ও নেমক ও আফিম বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আম নং পেশগির টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিম্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৪৯ সালের ৬ সেপ্টেম্বর ও ১৮ সেপ্টেম্বর এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিস্যরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব ট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরী রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৪৯ সালের ৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পরে আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সবাব কিম্মতের পূরা টাকার দরুণ কোন ট্রেজুরী রসিদ সন ১৮৪৯ সালের ১৮ সেপ্টেম্বর মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না ইতি।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশতেহারের মেকদার আফিম দেওয়ায় ইম সন নীচের লিখিত মেকদার সন ১৮৪৭। ৪৮ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২৮ আগষ্ট।]

	বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৪৯ সালের ২৯ অক্টোবর সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৮	৮১২	৩০২০
	২২০৮	৮১২	৩০২০

সি বীডন। সেক্রেটারী।

বিশ্রৌজীর হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নিমক ও আফিম ইতি সন ১৮৪৯ সাল তারিখ ২০ আগষ্ট।

ADVERTISEMENT OF THE SOONDERBUNS COMMISSIONER'S OFFICE

NOTICE.—That the Pottah of the undermentioned Lots situated within the limits of the Soonderbuns, in the district of Backergunge known by the name of Chuck Khowlia Burrisaul, the property of Government, will be put up for Public Sale, at Noon, on Tuesday, the 28th day of August, 1849 corresponding with 13th Bhadoor, 1256 B S, at the Office of the Soonderbuns Commissioner, Allipore The individual who will bid for the Pottah above the others, and will immediately pay to the Soonderbuns Commissioner the full amount of his purchase money, the Pottah will be drawn up in his name, and will be made over to him with the confirmation of Government, and the said individual will become the grantee of the said Lot or Lots in every respect, and he will be subject to the conditions of the Pottah It is further notified that the intending purchaser wishing to see or be informed of the conditions of the Pottah, or the present state of the Lot, Map, &c can see and be informed with its particulars, on their personally or through Agent applying at the Office, and which will be moreover proclaimed at the time of sale

Lots 1, 2, 3, 4, 5, 6 and 7

OOMAKANTH SAIN, *Commissioner*

Soonderbuns Commissioner's Office, Allipore, the 19th July, 1849

সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানার ইশ্তিহার।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে সুন্দরবনের মধ্যে জিলা বাকরগঞ্জের চক খৌলিয়া বরিশাল নামে খ্যাত নীচের লিখিত নিজ সরকারী লাটের পাট্টা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ২৮ আগষ্ট তারিখ মোতাবেক বাঙ্গলা ১২৫৬ সালের ১৩ ভাদ্র মঙ্গলবার বেলা দুই প্রহরের সময়ে আলীপুরের সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানায় নীলাম হইবেক। যে ব্যক্তি ঐ পাট্টার জন্যে অধিক ডাকিবেক ও খরীদের সমুদয় টাকা অবিলম্বে সুন্দরবনের কমিস্যনরকে দিবেক তাহার নামে পাট্টা করা যাইবেক ও গবর্ণমেন্টের মঞ্জুরীক্রমে তাহাকে দেওয়া যাইবেক। এবং সেই ব্যক্তি সর্ব্ব বিষয়ে ঐ লাটভোগী হইবেক এবং পাট্টার সকল নিয়মে বদ্ধ থাকিবেক। আরো সম্বাদ দেওয়া যাইতেছে যে খরীদ করণাকাঙ্ক্ষী যে কেহ ঐ পাট্টার নিয়ম কি লাটের বর্ত্তমান দশা কি নকশাপ্রভৃতি দেখিতে কি জ্ঞাত হইতে চাহে সেই ব্যক্তি আপন হাজির হইয়া কি গোমাশ্তার দ্বারা সুন্দরবনের কমিস্যনরের নিকটে তদ্বিষয় জ্ঞাত হইতে পারে আরো নীলামের দিবসে ঐ পাট্টার নিয়মইত্যাদি প্রকাশ করা যাইবেক ইতি।

১।২।৩।৪।৫।৬ ৭ নম্বরী লাট।

উমাকান্ত সেন। সুন্দরবনের কমিস্যনর।

সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানা। আলীপুর। ১৮৪৯ সাল ১৯ জুলাই।

INSOLVENT COURT — দেউলিয়াদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

In the matter of JANE HUNT and CATHERINE ELIZA MADEIRA, Insolvents

On Saturday, the 4th day of August instant, it was ordered that the two several estates of the said Insolvents be consolidated, and that the Assignee do pay and divide the sum of Co.'s Rs 3696 9 9 to all the Creditors of the said Insolvents, in the following manner, that is to say, 100 per cent to all Creditors other than the two principal Creditors, and that the residue of such remaining sum be divided and paid to such two principal Creditors as aforesaid, in perfection to their respective claims

Assignee's Office, Calcutta, 20th August, 1849

কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

দেউলিয়া জেন হন্ট ও কাথরাইন ইলাইজা মাদেরার বিষয়ে।

বর্ত্তমান আগষ্ট মাসের ৪ তারিখ শনিবারে হুকুম হইল যে উক্ত দেউলিয়াদের স্বতন্ত্র ইষ্টেট সংযুক্ত হয় এবং আসৈনি সাহেব ৩,৬৯৬ ॥৶৯ টাকা নীচের লিখিতমতে উক্ত দেউলিয়াদের মহাজনদের মধ্যে বিলি করিয়া দেন অর্থাৎ দুই প্রধান মহাজনভিন্ন অন্য সকল মহাজনকে শতকরা ১০০৲ টাকা দেন এবং অবশিষ্ট টাকা উক্ত দুই মহাজনের নিকটে তাঁহারদের স্বতন্ত্র দাওয়াঅনুসারে সম্পূর্ণরূপে বণ্টন করিয়া দেন।

আসৈনি সাহেবের দফ্তরখানা।

কলিকাতা। ১৮৪৯। ২০ আগষ্ট।

MISCELLANEOUS ADVERTISEMENTS — সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

ADVERTISEMENT

Pursuant to a Decretal Order of the Supreme Court of Judicature at Fort William, in Bengal, bearing date the Twenty-fourth day of August, One Thousand Eight Hundred and Forty eight, made in the cause wherein PETER EMMER, and GRACE ELIZABETH EMMER, his wife, are Complainants, and George Samuel Crump, and James Alexander Crump, are Defendants. The Creditors

of Elizabeth Crump, late of the Town of Calcutta, widow, who died on the Twelfth day of December, One Thousand Eight Hundred and Forty five, are hereby required to come in and prove their respective debts before William Macpherson, Esquire, the Acting Master of the said Court, at his Office in the Court House, on or before the Fifteenth day of September next, or in default thereof they will be excluded from the benefit of the said Decretal Order

W. MACPHERSON, *Acting Master*
MOLLOY AND MACKINTOSH, *Complainants' Solicitors*

Calcutta, Master's Office, 18th August, 1849

ইশতিহার।

যে মোকদ্দমাতে পিটর এমর সাহেব ও তাহার স্ত্রী গ্রেস ইলিজাবেথ এমর ফরিয়াদী এবং জার্জ সামুএল ক্রম্প সাহেব ও জেমস আলেকজাণ্ডর ক্রম্প সাহেব আসামী সেই মোকদ্দমাতে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্টের ১৮৪৮ সালের ১৪ আগষ্ট তারিখের ডিক্রীঅনুসারে পূর্ব্বে কলিকাতা নগরনিবাসি এলিজাবেথ ক্রম্পনামক যে বিধবা ১৮৪৫ সালের ১২ ডিসেম্বর তারিখে মরেন তাঁহার সকল মহাজনকে ইহার দ্বারা হুকুম দেওয়া যাইতেছে যে তাঁহারা আগামি সেপ্টেম্বর মাসের ১৫ তারিখে কিম্বা তাহার পূর্ব্বে কোর্ট হৌসে উক্ত আদালতের একটিং মাষ্টর শ্রীযুত উলিয়ম মাকফর্সন সাহেবের দপ্তরখানায় গিয়া উক্ত সাহেবের সম্মুখে আপনং দাওয়ার টাকার প্রমাণ দেন এই বিষয়ে কসুর করিলে তাঁহারা ঐ ডিক্রীর দ্বারা কোন মঙ্গল পাইবেন না।

ডবলিউ মাকফর্সন। একটিং মাষ্টর।
মলয় ও মাকিণ্টশ। ফরিয়াদীরদের উকীল।

কলিকাতা। মাষ্টরের দপ্তরখানা। ১৮৪৯। ১৮ আগষ্ট।

اشتهار

مخفی نماند که احقر العباد عبد الله طبع ترجمهٔ فارسی سول کالج جدید برخود التزام نموده
پیشتر عرض درگورنمنت گزیت بنگاله ۲۴ اکتوبر سنه ۱۸۴۸ ع تفصیلا مرقوم نموده اعلمکه
ارباب جمیع مراتب واضح خدمت باطرین شده باشد ازانجا که درین روزها طبع این کتاب زائد
از نصف اهتمام یافته وانشاء الله تعالی قدر باقی هم بعرصهٔ زودیکه ممکن است اتمام خواهد یافت
وکتاب مذکور جمله ۷۰۰ جلد مطبع میشود وقیمتش فی جلد برای ارباب دستخط ۲۵ روپیه
وبرای دیگران ۳۲ روپیه مقرر کرده ام چنانچه حکم خرید ۲۵۰ جلد از سرکار گورنمنت
بنگاله صادر وهم از طرف دیگران دستخط قریب ۲۰۰ جلد گردیده است لهذا اشتهار
داده میشود که صاحبانیکه خواهش خریدش داشته باشند باید که زرقیمت آن بحساب فی جلد
۲۵ روپیه مع ذکر نام نامی ومسکن خودها بحضور جان کلارک مارشمن صاحب مولف کتاب
انگریزی بمقام سریرامپور ارسال فرمایند تا بعد اتمام طبع کتاب مطلوبه بخدمت آنصاحبان
رسانیده آید وخرچهٔ ڈاک بابت ارسال کتاب ذمهٔ خریدار است وبس *

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ২৮ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান ক্লার্ক মার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIAE

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 4, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ৪ সেপ্টেম্বর।

ACTS

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 18TH AUGUST, 1849

The following Act is passed by the Honorable the President of the Council of India in Council on the 18th of August 1849 with the assent of the Most Noble the Governor General of India, which has been read and recorded

Ordered, that the Act be promulgated for general information

ACT No XIII of 1849

To prevent the Smuggling of Salt into Calcutta

For preventing the smuggling of Salt into Calcutta, It is enacted as follows

I The Governor of Bengal may establish as many Chokies as he shall deem necessary for preventing the smuggling of alimentary salt into the Town of Calcutta, and upon that part of the River Hooghly which lies within the local jurisdiction of the Supreme Court, and such Chokies shall be under the charge of an Officer to be styled "The Superintendent of Salt Chokies," who in the exercise of his functions, shall be subject to the control of the Board of Customs, Salt and Opium

II The Superintendent may appoint Darogahs, Mohurrers, Jemadars, Burkundauzes, and other Officers to assist him in the discharge of his duties, and the Officers so appointed, beside their ordinary respective designations shall be styled "Officers of Salt Chokies"

III Excepting salt imported by sea, and stored under bond, as provided by Act No. XXV.

আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেন্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১৮ আগস্ট।

ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুরের সম্মতিক্রমে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরাবল প্রেসিডেন্ট সাহেব হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪৯ সালের ১৮ আগস্ট তারিখে পশ্চাৎ লিখিত আইন জারী করিলেন। শ্রীযুতের ঐ সম্মতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে অর্পণ হইয়াছে।

হুকুম হইল যে এই আইন সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১৩ আইন।

কলিকাতার মধ্যে বিনানুমতির লবণ আনয়ন নিবারণের আইন।

কলিকাতার মধ্যে বিনানুমতির লবণ আনয়নের নিবারণার্থে নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। কলিকাতা শহরে এবং হুগলী নদীর যে ভাগ সুপ্রিম কোর্টের বিশেষ এলাকার মধ্যে থাকে তাতে আহারীয় লবণ বিনানুমতিতে আনয়নের নিবারণার্থে বাঙ্গল দেশের শ্রীযুত গবরনর সাহেব যত চৌকী আবশ্যক বোধ করেন তত চৌকী স্থাপন করিতে পারেন এবং ঐ চৌকী "নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেন্ট" এই নামে বিখ্যাত এক জন কর্ম্মকারকের অধীনে থাকিবেক এবং তিনি আপন কার্য্য নির্ব্বাহ করণেতে হাসিল ও নিমক ও আফিমের বোর্ডের সাহেবেরদের কর্তৃত্বাধীনে থাকিবেন ইতি।

২ ধারা। ঐ সুপরিন্টেণ্ডেন্ট সাহেব আপন কর্ম্ম নির্ব্বাহ করণেতে আপনার সাহায্যের জন্যে দারোগা ও মুহুরীর ও জমাদার ও বরকন্দাজ ও অন্যান্য আমলা নিযুক্ত করিতে পারেন। এবং এরূপে নিযুক্ত আমলারা আপনার সাধারণ খ্যাতির অতিরিক্ত "নিমক চৌকীর আমলা" এই নামবিশিষ্ট হইবেন ইতি।

৩ ধারা। সমুদ্রপথে আমদানীহওয়া এবং ১৮৩৬ সালের ২৫ আইনের নির্দ্দিষ্টমতে বন্ধক্রমে গোলাজাত-

1836, it shall not be lawful to import alimentary Salt into the Town of Calcutta, or to carry such Salt within the said Town, or upon the River Hooghly, as aforesaid, in excess of the quantity of ten seers of eighty tolahs to the seer, or to store such Salt within the said Town in quantities exceeding one maund, except under a Rowannah, or Special Pass, from the Board of Customs, Salt and Opium, or a Charchittee, or Pass from the said Superintendent, to be granted under such rules, and on the payment of such fees, as the said Board shall direct

IV All alimentary Salt, found within the said Town, or upon the River Hooghly, as aforesaid, in contravention of this Act, shall be deemed contraband and liable to seizure and confiscation and if several persons shall be found carrying Salt, unprotected by a Rowannah, or Charchittee as aforesaid, in gangs, or companies, which Salt shall exceed in the whole quantity ten seers, such Salt shall be deemed contraband, but no Salt, found in store in any house or warehouse, shall be deemed to be contraband, unless, when the search is made, there shall be found more thereof than one maund, and the owner or person in charge shall be unable to account, satisfactorily, for the manner of its being found in his possession

V If any person shall carry, or attempt to carry, within the said Town, or upon the River Hooghly, as aforesaid, under a Rowannah, or Charchittee a greater quantity of salt than shall be therein specified, the excess shall be deemed contraband, and if such excess is found to be more than one-fortieth part of the quantity so specified, the whole quantity shall be deemed contraband, and liable to seizure and confiscation, and the Gomastah, or other person in charge of the Salt, shall be liable to a fine of ten Rupees for every maund of Salt in excess of the quantity specified in the said document And the excess shall be calculated upon the whole despatch as provided in Section II, Regulation IV 1832, of the Bengal Code

VI The provisions contained in Sections XXXVI to XLVII, both inclusive, Regulation X 1819, and in Regulation IV, 1832, of the Bengal Code as to the preparation, currency renewal, production, endorsement, delivering up and falsifying of Rowannahs, or other protective documents shall be applicable within Calcutta, and on the River Hooghly as aforesaid

VII Whenever any Salt shall be seized as contraband, the vessels, packages and coverings, in which such Salt shall be found, and the animals and conveyances used in carrying it, shall also be liable to seizure and confiscation

VIII All persons in whose possession contraband Salt shall be found, except in the case provided for by Section V of this Act, shall be liable to a fine, calculated at a rate, not exceeding five Rupees for each maund, upon the quantity so

হওয়া লবণব্যতিরেকে হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরদের দেওয়া রওয়ানা অথবা বিশেষ পাস বিনা কিম্বা উক্ত সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের ছাড়-চিঠী কি পাস বিনা আশী তোলা শেরের ।০ দশ শেরের অধিক আহারীয় লবণ কলিকাতা শহরের মধ্যে আমদানী করিতে অথবা ঐ শহরের মধ্যে কিম্বা পূর্ব্বোক্ত-মতে নির্দ্দিষ্ট হুগলী নদীর উপর বহিতে অথবা এক মোনের অধিক লবণ ঐ শহরের মধ্যে গচ্ছিত করিতে নিষেধ হইল। এবং ঐ পরওয়ানা অথবা ছাড়চিঠী উক্ত বোর্ডের সাহেবেরদের নির্দ্দিষ্ট নিয়মানুসারে এবং তাঁহারা যে রসুম নিরূপণ করেন সেই রসুম দিলে পর দেওয়া যাইবেক ইতি।

৪ ধারা। ঐ শহরের মধ্যে অথবা পূর্ব্বোক্তমতে ঐ হুগলী নদীর উপর এই আইনের বিরুদ্ধে যে সকল আহারীয় লবণ পাওয়া যায় তাহা বিনানুমতির এবং তাহা ক্রোক ও জব্দের যোগ্য বোধ হইবেক এবং পূর্ব্বোক্তমত রওয়ানা কি ছাড়চিঠী না পাইয়া যদি কএক ব্যক্তি দলেং বা সম্প্রদায়ে ঐ লবণ বহনেতে ধরা পড়ে এবং ঐ লবণ সর্ব্বশুদ্ধ ।০ দশ শেরের অধিক হয় তবে ঐ লবণ বিনানুমতির জ্ঞান হইবেক। কিন্তু যে লবণ কোন বাটীতে বা গুদামে গচ্ছিত পাওয়া যায় তাহা যদি তালাশীর সময়ে এক মোনের অধিক দৃষ্ট না হয় এবং তাহার মালিক কি যাহার জিম্মায় থাকে সেই ব্যক্তি তাহার স্থানে ঐ লবণ থাকনের মাতবর কারণ দিতে পারে তবে সেই লবণ বিনানুমতির জ্ঞান হইবেক না ইতি।

৫ ধারা। যদি কোন ব্যক্তি ঐ শহরের মধ্যে অথবা পূর্ব্বোক্তমতে ঐ হুগলী নদীর উপর রওয়ানা কিম্বা ছাড়-চিঠীক্রমে ঐ রওয়ানা কি ছাড়চিঠীতে যত লবণ নির্দ্দিষ্ট আছে তাহার অধিক লবণ বহে কি বহিবার উদ্যোগ করে তবে ঐ অধিক অংশ বিনানুমতির জ্ঞান হইবেক। এবং যদি ঐ অধিক অংশ রওয়ানা বা ছাড়চিঠীতে লিখিত লবণের চল্লিশ ভাগের এক ভাগের অধিক হয় তবে সমুদয় লবণ বিনানুমতির জ্ঞান হইবেক এবং ক্রোক ও জব্দের যোগ্য হইবেক। এবং যে গোমাশ্তা কিম্বা অন্য যে ব্যক্তির জিম্মায় ঐ লবণ থাকে সে ব্যক্তি উক্ত রওয়ানা কিম্বা ছাড়চিঠীতে যত লবণ নির্দ্দিষ্ট থাকে তাহার অধিকের ফি মোনের উপর দশ টাকা জরীমানাও যোগ্য হইবেক। এবং বাঙ্গলা দেশের চলিত ১৮৩২ সালের ৪ আইনের ২ ধারার নির্দ্দিষ্টমতে সমুদয় লবণের সহিত ঐ অধিক লবণ মিলান গিয়া হিসাব করা যাইবেক ইতি।

৬ ধারা। ঐ রওয়ানা এবং লবণ ছাড়িয়া দিবার অন্য দস্তাবেজ প্রস্তুত করণের এবং চলন থাকনের ও নূতন করণের এবং দেখাওনের ও পৃষ্ঠে দস্তখৎ করণের ও তাহা ফিরিয়া দেওনের ও তাহাতে মিথ্যা লিখনের বিষয়ে ১৮১৯ সালের ১০ আইনের ৩৬ ধারাঅবধি ৪৭ ধারাপর্য্যন্ত এবং ১৮৩২ সালের ৪ আইনে যে২ বিধি আছে তাহা কলিকাতার মধ্যে এবং পূর্ব্বোক্তমত হুগলী নদীর উপরে খাটিবেক ইতি।

৭ ধারা। যখন বিনানুমতির বলিয়া কোন লবণ ক্রোক হয় তখন যে পাত্র ও বস্তা ও ঢাকনিতে সেই লবণ পাওয়া যায় তাহা এবং যে পশু ও গাড়িতে তাহা বোঝাই থাকে তাহা ক্রোক ও জব্দের যোগ্য হইবেক ইতি।

৮ ধারা। যে সকল ব্যক্তির নিকটে বিনানুমতির লবণ পাওয়া যায় এই আইনের ৫ ধারার নির্দ্দিষ্ট গতিক-ভিন্ন সেই২ ব্যক্তি ঐরূপে পাওয়া লবণের প্রত্যেক মোনের উপর পাঁচ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক এবং মাসুল চোরের দলের অথবা যাহারা

found; and each one of a party of smugglers, or of the parties to the fraud on the Revenue, shall be liable to the whole fine

IX The Superintendent of Salt Chokies, and any of his Subordinate Officers, and any Officer of any other Department, whom the Governor of Bengal shall authorize in that behalf, may stop and detain any person removing, or carrying any Salt, without a Rowannah or Charchittee, or otherwise liable to confiscation under this Act, and may seize the Salt, with the vessels, packages and coverings, in which the Salt is found, and the animals and conveyances used in carrying it

X If the Superintendent has good reason to believe, either from information given by any of his Subordinate Officers or other person, to be taken down in writing, or from his own knowledge, or from the proceedings in any other case, that contraband Salt, exceeding in quantity one maund, is stored in any place, it shall be lawful for him, between sunrise and sunset, but always in the presence of a Constable or other Officer of the Peace, to enter into every such place where any such contraband Salt as aforesaid, is suspected to be stored, and to seize and carry away the same, and, in case of resistance, to break open any door, and to force and remove any other obstacle to such entry, search, seizure or removal as aforesaid, and to arrest and detain the owner or occupant of the premises, with all parties whom he suspects to be concerned in the unlawful storing whom he shall find on the premises and if the Superintendent shall not be able to proceed in person to make the seizure, he may, by warrant under his hand, empower any Officer of Salt Chokies, above the rank of a Jemadar of Peons to make the same, and the Officer so authorized shall proceed in the same manner and with the same powers, as above provided in respect of the Superintendent himself Provided that, where there is ground to suspect that such contraband Salt as aforesaid is concealed in any zenana, the Superintendent or Officer authorized as aforesaid shall follow, as closely as may be, the rules for the seizure of property so concealed, adopted by the Supreme Court of Judicature at Fort William

XI All Constables, and other Ministerial Officers of the Peace, are required to help the Superintendent and his Subordinate Officers, and other Officers authorized to make a seizure of Salt, in the due execution of this Act, upon notice given or request made by the Superintendent, or any such Officer Any Officer, who, without lawful excuse, shall refuse or neglect to help as aforesaid on being required to do so, shall be liable to a fine, not exceeding Five Hundred Rupees

XII Whenever a seizure of Salt in store, in any place, shall be made by the Superintendent, the facts of the seizure shall be recorded in an Official proceeding to be placed on record in his Office;

বাজস্ব চুরী করে এমত প্রত্যেক ব্যক্তি ঐ সমুদয় জরীমানার যোগ্য হইবেক ইতি।

৯ ধারা। যে কোন ব্যক্তি রওয়ানা বা ছাড়চিঠী বিনা বা প্রকারান্তরে এই আইনানুসারে জব্দ হওনের যোগ্য কোন লবণ স্থানান্তর করে কি বহে ঐ ব্যক্তিকে নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব এবং তাঁহার তাবে আমলারদের মধ্যে কোন ব্যক্তি এবং অন্য যে কোন সিরিশতার আমলাকে বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব তন্নিমিত্তে ক্ষমতা দেন তিনি ধরিয়া রাখিতে এবং আটক করিতে পারেন এবং ঐ লবণ ও সেই লবণ যে পাত্র ও বস্তা ও ঢাকনিতে পাওয়া যায় তাহা এবং যে পশু কি গাড়িতে তাহা বোঝাই থাকে তাহা ক্রোক করিতে পারেন ইতি।

১০ ধারা। যদি সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব আপনার অধীন কোন আমলার বা অন্য ব্যক্তির এজহারক্রমে (সেই এজহার লিখিয়া রাখিতে হইবেক) অথবা আপনার বোধক্রমে কি অন্য কোন মোকদ্দমার কার্য্যক্রমে ইহা বিশ্বাস করণের মাতবর কারণ দেখেন যে এক মোনের অধিক বিনানুমতির লবণ কোন স্থানে গচ্ছিত আছে তবে তিনি সূর্য্যোদয়অবধি সূর্য্যাস্তপর্য্যন্ত কিন্তু নিয়ত ইউরোপীয় কোন সারজন বা পোলীসের অন্য কোন আমলার সাক্ষাতে যে প্রত্যেক স্থানে ঐ বিনানুমতির লবণ থাকনের বিষয়ে শোবে হয় তাহাতে প্রবেশ করিতে পারেন এবং তাহা ক্রোক করিয়া লইয়া যাইতে পারেন। এবং প্রতিবন্ধক হইলে কোন দরওয়াজা ভাঙ্গিতে পারেন এবং একপ প্রবেশ বা তালাশী কি ক্রোক বা স্থানান্তর করণের যে কোন বাধা থাকে তাহা বলপূর্ব্বক উঠাইতে পারেন এবং ঐ স্থানের মালিক অথবা সেই স্থানে বাসকারি ব্যক্তিকে এবং অন্য যে সকল ব্যক্তি বেআইনীমতে ঐ লবণ গচ্ছিত করণের কার্য্যে লিপ্ত থাকনের বিষয়ে তাঁহার শোবে হয় এবং সেই বাটীর মধ্যে পাওয়া যায় তাহারদিগকে গ্রেপ্তার করিতে ও আটকাইয়া রাখিতে পারেন। এবং যদি সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব আপনি ঐ ক্রোক করিবার জন্যে যাইতে পারেন না তবে তিনি আপনার দস্তখৎকরা এক ওয়ারণ্টের দ্বারা পেয়াদারদের জমাদার অপেক্ষা উচ্চ পদস্থ নিমক চৌকীর কোন আমলাকে তাহা করিতে ক্ষমতা দিতে পারেন। এবং সেইরূপ ক্ষমতাপ্রাপ্ত আমলা সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের বিষয়ে যেরূপ উপরে নির্দ্দিষ্ট আছে সেইরূপে এবং সেই ক্ষমতানুসারে কার্য্য করিবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্তমতে বিনানুমতির লবণ কোন অন্তঃপুরে লুক্কায়িত থাকনের শোবে করণের কারণ থাকিলে ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব অথবা পূর্ব্বোক্তমত ক্ষমতাপ্রাপ্ত আমলা সেইরূপে লুক্কায়িত সম্পত্তি ক্রোক করণার্থে ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্টের যে বিধি আছে সাধ্যপর্য্যন্ত সেই বিধির অনুসারে কার্য্য করিবেন ইতি।

১১ ধারা। সকল ইউরোপীয় সারজন এবং পোলীসের অন্যান্য আমলারদের প্রতি হুকুম হইল যে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব অথবা অন্য সেই প্রকার কোন আমলা এত্তেলা দিলে কি দরখাস্ত করিলে তাঁহারা ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের এবং তাঁহার অধীন আমলার এবং লবণ ক্রোক করিতে অন্যান্য যে আমলারদিগকে ক্ষমতা দেওয়া গিয়াছে তাহারদের এই আইন রীতিমত জারী করণ কার্য্যে সাহায্য করেন। পোলীসের যে কোন আমলা সাহায্য করিতে হুকুম পাইলে উক্ত প্রকারে সাহায্য করিতে কোন আইনসিদ্ধ ওজরবিনা অস্বীকার বা ত্রুটি করেন সেই আমলা পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

১২ ধারা। যখন সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের দ্বারা কোন স্থানে গচ্ছিত হওয়া লবণ ক্রোক হয় তখন তিনি ঐ ক্রোকের সমুদয় বৃত্তান্ত এক রুবকারীতে লিখিবেন এবং ঐ রুবকারী তাঁহার দফ্তরের রোয়দাদের মধ্যে রাখা

and if the seizure shall be made by a Subordinate Officer, such Officer shall report the circumstances, within twenty-four hours, to the Superintendent

XIII Every person, who shall maliciously give false information against any person for importing or transporting, or in respect of there being in any house or shop any Salt, in contravention of this Act, shall be liable to a fine, not exceeding Five Hundred Rupees, or to imprisonment in the Common Jail for a period not exceeding six months, or both

XIV Every person, who shall obstruct or molest the Superintendent, or any Officer of Salt Chokies, or any Officer of another Department duly authorized to make a seizure of Salt, or any person acting in aid of the Superintendent, or any Officer, as aforesaid, in the due execution of this Act, shall be liable to a fine, not exceeding Five Hundred Rupees, and such person shall be further liable, if an affray or breach of the peace shall happen in consequence of his resistance, on conviction of the same before a competent tribunal, to such punishment as is prescribed by law for cases of affray and breach of the peace, in addition to the penalty above prescribed for resistance of process

XV Any Officer of Salt Chokies, or any Officer of another Department, duly empowered to make a seizure of Salt, who, without reasonable cause, shall delay carrying any person arrested, or any illicit articles seized, under this Act, to the Superintendent, or neglect to report the particulars of an arrest, seizure or search, within twenty four hours thereafter, shall be liable to a fine, not exceeding Two Hundred Rupees

XVI Any Officer of Salt Chokies, or any Officer of another Department, as aforesaid, who shall vexatiously and unnecessarily seize the goods or chattels of any person, on the pretence of seizing or searching for contraband Salt, or who shall vexatiously or unnecessarily arrest any person, or commit any other excess, not required for the execution of his duty, shall be liable to a fine, not exceeding Five Hundred Rupees

XVII Any Officer employed in the Salt Chokie Department, or any Officer of another Department, as aforesaid, who shall connive at the smuggling of Salt, or unlawfully release or connive at the escape of any person arrested under this Act, or act in a manner inconsistent with his duty for the purpose of enabling any person to do any thing, whereby any of the provisions of this Act may be evaded or broken or the Revenue derived from Salt defrauded, shall be liable to a fine, not exceeding Five Hundred Rupees

XVIII Any Officer employed in the Department of Salt Chokies, or any Officer of another Department, as aforesaid, who shall ask or take

যাইবেক। এবং ঐ ক্রোক যদি কোন অধীন আমলার দ্বারা করা যায় তবে সেই আমলা চব্বিশ ঘণ্টার মধ্যে তাহার সমস্ত বৃত্তান্তের রিপোর্ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে দিবেন ইতি।

১৩ ধারা। এই আইনের বিধির বিরুদ্ধ কোন ব্যক্তির কোন লবণ আমদানী করণ বা বহনের কি কোন দোকানে কিম্বা বাটীতে কোন লবণ থাকনের বিষয়ে যে কেহ দ্বেষপূর্ব্বক মিথ্যা এজহার করে সেই ব্যক্তি পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক অথবা ছয় মাসের অনধিক মিয়াদে সাধারণ জেলখানায় কয়েদ হইবার কিম্বা উভয় দণ্ডের যোগ্য হইবেক ইতি।

১৪ ধারা। এই আইনের রীতিমত কার্য্য করণের সময়ে যদি কোন ব্যক্তি সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের কিম্বা নিমক চৌকীর কোন আমলার কি লবণ ক্রোক করণের রীতিমত ক্ষমতাপ্রাপ্ত অন্য সিরিশতার কোন আমলার অথবা সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের কিম্বা পূর্ব্বোক্ত কোন আমলার সহকারি কোন ব্যক্তির বাধা জন্মায় কি তাঁহারদিগকে উদ্ব্যক্ত করে তবে সেই ব্যক্তি পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। এবং তাহার ঐ প্রতিবন্ধকতা করণপ্রযুক্ত যদি কোন দাঙ্গা কি শান্তিভঙ্গ হয় তবে সেই ব্যক্তির অপরাধ উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত আদালতে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি হুকুমের প্রতিবন্ধকতাচরণের নির্দ্দিষ্ট গুনাহগারীর অতিরিক্ত দাঙ্গা এবং শান্তিভঙ্গের বিষয়ে আইনে যে দণ্ড নিরূপণ আছে সেই দণ্ডের যোগ্য হইবেক ইতি।

১৫ ধারা। নিমক চৌকীর কোন আমলা অথবা লবণ ক্রোককরণের রীতিমত ক্ষমতাপ্রাপ্ত অন্য সিরিশতার কোন আমলা যদি উপযুক্ত হেতু বিনা এই আইনক্রমে গ্রেফ্তারহওয়া কোন ব্যক্তিকে বা ক্রোকহওয়া বিনানুমতির কোন দ্রব্য সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে লইয়া যাইতে বিলম্ব করেন অথবা গ্রেফ্তার কি ক্রোক বা তালাশী করণের পর চব্বিশ ঘণ্টার মধ্যে তাহার বৃত্তান্তের রিপোর্ট করিতে ত্রুটি করেন তবে সেই ব্যক্তি দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

১৬ ধারা। নিমক চৌকীর কোন আমলা অথবা পূর্ব্বোক্তমত অন্য সিরিশতার কোন আমলা যদি বিনানুমতির লবণ ক্রোক অথবা তালাশী করণের ছলে বৈরক্রমে এবং অনাবশ্যকমতে কোন ব্যক্তির জিনিস কি দ্রব্য ক্রোক করেন কিম্বা কোন ব্যক্তিকে ক্লেশজনকরূপে অথবা অনাবশ্যকমতে গ্রেফ্তার করেন বা আপনার কর্ত্তব্য কার্য্যের নিমিত্তে যে কর্ম্মের আবশ্যক না থাকে এইমত কোন অত্যাচারের কর্ম্ম করেন তবে সেই ব্যক্তি পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

১৭ ধারা। নিমক চৌকীর সিরিশতায় নিযুক্ত কোন আমলা অথবা পূর্ব্বোক্তমত অন্য সিরিশতার কোন আমলা যদি বিনানুমতিতে লবণ আনয়নের বিষয় জানিয়া শুনিয়া তাচ্ছল্য করেন অথবা এই আইনক্রমে গ্রেফ্তারহওয়া কোন ব্যক্তিকে বেআইনীমতে খালাস করেন বা তাহার পলায়নের বিষয় জানিয়া শুনিয়া তাচ্ছল্য করেন কিম্বা যে কার্য্যের দ্বারা এই আইনের কোন বিধি এড়ান যাইতে বা উল্লঙ্ঘন হইতে পারে অথবা লবণের রাজস্বের হানি হইতে পারে এইমত কর্ম্ম কোন ব্যক্তিকে করিতে দেওনের জন্যে আপনার কর্ত্তব্য কার্য্যের বিরুদ্ধে কোন কর্ম্ম করেন তবে সেই আমলা পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

১৮ ধারা। নিমক চৌকীর সিরিশতায় নিযুক্ত যে কোন আমলা অথবা পূর্ব্বোক্তমত অন্য সিরিশতার যে কোন আমলা আপনার পদোপলক্ষের কোন কার্য্য

any gratuity, not authorized by any Law, or Order of Government, or of the Board of Customs, Salt and Opium, in consideration of doing or of omitting to do any act in his official capacity, and any person, who shall offer a bribe to any such Officer, in order to induce such Officer to act in a manner inconsistent with his duty, shall be liable, for every such offence, to a fine, not exceeding Five Hundred Rupees

XIX. Whenever the Superintendent shall arrest any person, or shall seize any contraband Salt, he shall, with all convenient despatch, carry the person arrested, with the Salt, and any other chattels liable to confiscation, seized therewith, before any Justice of the Peace for the Town of Calcutta, and if the arrest or seizure shall be made by any of his Subordinate Officers, or other Officer duly empowered, such Officer shall immediately carry the person arrested, and the articles seized, to the Superintendent, who shall thereupon proceed as if the arrest or seizure had been made by himself Provided, that nothing in this section shall be construed to prevent the Superintendent, from releasing any persons arrested, or property seized when he considers such persons or property to have been improperly arrested or seized

XX Whenever any Salt or other chattels shall be seized by the Superintendent, or other duly authorized Officer, as liable to confiscation under this Act, such seizure shall, upon information, exhibited by the Superintendent be heard and determined in a summary way by such Justice of the Peace as aforesaid, and such Justice shall cause the persons to whom such Salt, or other chattels belong, to be summoned to appear before him, and upon their appearance or default shall examine into the cause of the seizure thereof and give judgment and upon confiscation thereof shall issue his warrant to the Superintendent for the disposal thereof, according to the orders of the Board of Customs, Salt and Opium

XXI Whenever any Salt, or other chattels shall be seized, as aforesaid, and no person shall appear before the Superintendent, within one Calendar month to claim the same, the Justice shall examine into the cause of the seizure, at a place and time of which notice shall have been given by the Superintendent in the *Calcutta Gazette*, and give judgment for the confiscation of such Salt and other chattels, as, upon such examination, shall appear to him confiscable, and, upon confiscation thereof shall issue his warrant for the disposal of them, as if the owner had been summoned to attend the said Justice

XXII All fines leviable under this Act, shall be adjudged by any Justice of the Peace for the Town of Calcutta, and the said Justice, upon information exhibited before him by the Superin

করণ বা না করণের পুরস্কারস্বরূপ আইনের কি গবর্ণমেণ্টের কি হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের হুকুম না হওয়া কোন পুরস্কার চাহেন বা লন এবং এইমত কোন আমলাকে আপনার কর্ত্তব্য কার্য্যের বিরুদ্ধে কোন কর্ম্ম করণের প্রবৃত্তি দেওনার্থে যে কোন ব্যক্তি সেইরূপ কোন আমলাকে ঘুষ দিতে প্রবৃত্ত হয় সেই ব্যক্তি প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

১৯ ধারা। যখন সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব কোন ব্যক্তিকে গ্রেপ্তার করেন অথবা কোন বিনানুমতির লবণ ক্রোক করেন তখন তিনি যথাসাধ্য শীঘ্র ঐ গ্রেপ্তারহওয়া ব্যক্তি এবং ক্রোকহওয়া লবণ এবং লবণের সঙ্গে অন্য যে কোন জব্দ হওনের যোগ্য দ্রব্য ক্রোক হইয়াছিল তাহা শহর কলিকাতার কোন জষ্টিস অফ দি পীস সাহেবের নিকটে লইয়া যাইবেন। এবং যদি ঐ গ্রেপ্তার অথবা ক্রোক কোন অধীন আমলাদের দ্বারা কি রীতিমত ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন আমলার দ্বারা হয় তবে সেই আমলা তৎক্ষণাৎ ঐ গ্রেপ্তারহওয়া ব্যক্তিকে ও ক্রোকহওয়া জিনিস সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে লইয়া যাইবেন এবং তিনি আপনি গ্রেপ্তার অথবা ক্রোক করিলে যেরূপ করিতেন সেইরূপ তিনি কার্য্য করিবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে এই ধারার লিখিত কোন কথার এমত অর্থ করিতে হইবেক না যে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের যখন বোধ হয় যে ঐ ব্যক্তি অনুচিতমতে গ্রেপ্তার হইয়াছে অথবা ঐ সম্পত্তি অনুপযুক্তমতে ক্রোক হইয়াছে তখন সেই গ্রেপ্তারহওয়া ব্যক্তিরদিগকে অথবা সেই ক্রোকহওয়া সম্পত্তি খালাস করিতে পারেন । ইতি।

২০ ধারা। এই আইনানুসারে জব্দ হওনের যোগ্য বলিয়া যখন সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব অথবা রীতিমত ক্ষমতাপ্রাপ্ত অন্য আমলা কোন লবণ বা অন্য দ্রব্য ক্রোক করেন তখন সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নালিশক্রমে ঐ ক্রোকী মোকদ্দমা পূর্ব্বোক্তমতে নিযুক্ত জষ্টিস অফ দি পীস সাহেবের দ্বারা সরাসরীমতে শুনা যাইবেক এবং নিষ্পত্তি হইবেক। এবং সেই লবণ কিম্বা অন্য দ্রব্য যে ব্যক্তিরদের তাহারদিগকে ঐ জষ্টিস অফ দি পীস সাহেব আপনার সম্মুখে হাজির হইতে তলব করিবেন এবং তাহারা হাজির হইলে অথবা হাজির হইতে ত্রুটি করিলে তিনি ঐ ক্রোকের বাবৎ তজবীজ করিয়া ডিক্রী করিবেন এবং ঐ জিনিসের জব্দ হওনের হুকুম হইলে হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের সাহেবেরদের হুকুমানুসারে ঐ জিনিস লইয়া যাহা করিতে হইবেক তাহা করিবার বিষয়ে ঐ জষ্টিস সাহেব সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে আপনার ওয়ারণ্ট দিবেন ইতি।

২১ ধারা। যখন কোন লবণ অথবা অন্য কোন দ্রব্য পূর্ব্বোক্তমতে ক্রোক হয় এবং তাহার বিষয়ে দাওয়া করিবার জন্যে কোন ব্যক্তি এক মাসের মধ্যে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে হাজির না হয় তখন যে স্থান ও সময়ের বিষয়ে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব কলিকাতা গেজেটে এত্তেলা দিয়া থাকেন সেই স্থানে ও সেই সময়ে ঐ জষ্টিস অফ দি পীস সাহেব ঐ ক্রোকের কারণের তজবীজ করিবেন এবং ঐ তজবীজক্রমে যে লবণ এবং অন্যান্য দ্রব্য তাঁহার বোধে জব্দের যোগ্য হয় তাহা জব্দ করণের ডিক্রী করিবেন। এবং তাহা জব্দ হইলে ঐ জিনিসের মালিক ঐ জষ্টিস সাহেবের নিকটে হাজির হইবার নিমিত্তে তলব হইলে যেরূপ হইত সেইরূপে ঐ জিনিসের নীলাম করণের ওয়ারণ্ট দিবেন ইতি।

২২ ধারা। যে সকল জরীমানা এই আইনানুসারে উসুল হইতে পারে তাহার বিষয়ে কলিকাতা শহরের কোন জষ্টিস অফ দি পীস সাহেব হুকুম দিবেন। এবং সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের দ্বারা ঐ জষ্টিস সাহেবের নিকটে

tendent, shall with all convenient despatch, and not later than three calendar months after the act for which the fine may be demandable, summon the parties accused, and upon their appearance or default, shall examine into the matter, and upon due proof made thereof, by the voluntary confession of the parties, or by the oath, or solemn affirmation, in cases wherein a solemn affirmation is receivable by law instead of an oath, of one or more credible witnesses, shall give judgment accordingly, and, in default of payment of any fine to which an offender is adjudged, he shall be liable, by order of the said Justice, to imprisonment in the Common Jail of Calcutta, for a period not exceeding six months, or until the fine is sooner paid

XXIII Whenever any person shall be convicted before any Justice of an offence against this Act, after having been previously convicted of a like offence, he shall be liable, in addition to the penalty attached to such offence, to imprisonment in the Common Jail, for a period not exceeding six months, and a like punishment of imprisonment, not exceeding six months, shall be incurred, in addition to the punishment, which may be inflicted for a first offence, upon every subsequent conviction after the second

XXIV One half of all fines levied from persons convicted of the illicit importation, transportation or storing of Salt, and of the proceeds from sale of articles confiscated, shall, upon adjudication of the case, be awarded to the Officer or Officers subordinate to the Superintendent, or other duly authorized Officer of another Department, who apprehended the offender, or seized the illicit articles, and the other half of all such fines and proceeds shall be given to the Informer, and, if no fine is realized, the Board of Customs, Salt and Opium, may grant such reasonable reward, not exceeding the sum of Two Hundred Rupees, as may appear to them fit, and such Officers and Informers shall further be entitled to the rewards specified in Section IV Act No IX 1835 Provided that the Board of Customs, Salt and Opium, may direct, by General Order, what classes of Officers of Salt Chokies shall receive rewards, and what classes shall have no title to share in them

XXV All fines levied under this Act, the disposal of which is not specially provided for, shall belong to Government, but the Board of Customs, Salt and Opium, may grant any portion thereof, not exceeding one-half, as rewards to Informers or as compensation to parties injured by any proceedings under this Act

XXVI No Writ of *Certiorari* shall be issued at the suit of any party out of the Supreme Court of Judicature, to supersede, stay, remove or

যে নালিশ হয় সেই নালিশক্রমে যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র এবং যে ক্রিয়ার দ্বারা জরীমানার দায় হয় সেই ক্রিয়া করণের পর তিন মাসের অধিক নহে এমত সময়ে ঐ জুষ্টিস সাহেব নালিশগ্রস্ত ব্যক্তিরদিগকে তলব করিবেন এবং তাহারা হাজির হইলে বা হাজির হইতে ত্রুটি করিলে সেই বিষয়ের তজবীজ করিবেন এবং নালিশগ্রস্ত ব্যক্তিরদের স্বেচ্ছাতে কবুলক্রমে অথবা এক বা ততোধিক বিশ্বাসযোগ্য সাক্ষিরদের শপথক্রমে কি যে যে গতিকে শপথের পরিবর্ত্তে আইনানুসারে প্রতিজ্ঞা গ্রাহ্য হইতে পারে সেই২ গতিকে তাহারদের প্রতিজ্ঞার দ্বারা সেই বিষয়ের মাতবর প্রমাণ পাইলে তদনুসারে ডিক্রী করিবেন। এবং অপরাধির যে জরীমানার হুকুম হয় তাহা না দেওয়া গেলে সেই ব্যক্তি উক্ত জুষ্টিস সাহেবের হুকুমক্রমে কলিকাতার জেলখানায় ছয় মাসের অনধিক কালপর্য্যন্ত কয়েদ থাকনের যোগ্য হইবেক কিন্তু ছয় মাসের মধ্যে যে কোন সময়ে জরীমানার টাকা দেওয়া যায় সেই সময়ে সেই ব্যক্তি খালাস হইবেক ইতি।

২৩ ধারা। যখন কোন জুষ্টিস সাহেবের সম্মুখে এই আইনের বিরুদ্ধ কোন অপরাধ কোন ব্যক্তির প্রতি সাব্যস্ত হয় এবং তৎপরে সেই ব্যক্তির পুনরায় সেই প্রকার অপরাধ সাব্যস্ত হয় তখন সেই অপরাধের যে জরীমানা নির্দ্দিষ্ট আছে তাহার অতিরিক্ত সেই ব্যক্তি ছয় মাসের অনধিক কাল মিয়াদে জেলখানায় কয়েদ হওনের যোগ্য হইবেক। এবং দ্বিতীয় অপরাধের পর যতবার তাহার ঐ অপরাধ সাব্যস্ত হয় ততবার প্রথম অপরাধের জন্যে যে দণ্ড নিরূপণ আছে তদতিরিক্ত ছয় মাসের অনধিক মিয়াদে সেই ব্যক্তি কয়েদের যোগ্য হইবেক ইতি।

২৪ ধারা। বিনানুমতির লবণ আমদানী করণ কিম্বা বহন অথবা গচ্ছিত করণের অপরাধে যে সকল জরীমানা অপরাধিরদের স্থানে আদায় হয় তাহার অর্দ্ধেক টাকা এবং জব্দহওয়া জিনিসের নালামে যাহা উৎপন্ন হয় তাহার অর্দ্ধেক টাকা মোকদ্দমার নিষ্পত্তি হইলে পর সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের অধীন যে আমলা বা আমলারা কি অন্য সিরিশতার রীতিমত ক্ষমতাপ্রাপ্ত যে আমলা অপরাধিকে গ্রেফ্তার করিয়াছিলেন অথবা বিনানুমতির দ্রব্য ক্রোক করিয়াছিলেন তাঁহাকে দেওয়া যাইবেক এবং অবশিষ্ট অর্দ্ধেক জরীমানা এবং জব্দহওয়া জিনিসের উৎপন্ন টাকার অর্দ্ধেক গোয়েন্দাকে দেওয়া যাইবেক। এবং যদি কোন জরীমানা উসুল না হয় তবে হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা দুই শত টাকার অনধিক যে পুরস্কার উপযুক্ত বোধ করেন তাহা দিবার হুকুম করিতে পারেন এবং ১৮৩৫ সালের ৯ আইনের ৪ ধারায় যে২ পুরস্কার নির্দ্দিষ্ট আছে তাহা সেই২ আমলা ও গোয়েন্দা পাইবার যোগ্য হইবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে নিমক চৌকীর আমলারদের মধ্যে যে সম্প্রদায় ঐ পুরস্কার পাইবেন এবং যে২ সম্প্রদায় ঐ পুরস্কারের কোন অংশ পাইবেন না তাহা হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা এক সাধারণ হুকুমের দ্বারা নির্দ্দিষ্ট করিতে পারেন ইতি।

২৫ ধারা। এই আইনক্রমে উসুলহওয়া যে সকল জরীমানা বিতরণের বিষয়ে কোন হুকুম নির্দ্দিষ্ট নাই তাহা সরকারের হইবেক। কিন্তু হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা তাহার অর্দ্ধেকের অনধিক কোন অংশ গোয়েন্দারদিগকে পুরস্কারস্বরূপ অথবা এই আইনক্রমে কোন কার্য্যের দ্বারা যে ব্যক্তিরদের ক্ষতি হইয়াছে সেই ক্ষতি পূরণ করণার্থে তাহারদিগকে দিতে পারেন ইতি।

২৬ ধারা। এই আইনের বিধিক্রমে কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে করা কোন নালিশ বা আদালতসংক্রান্ত কার্য্য অন্যথা করিতে বা স্থগিত করিতে বা

in anywise affect any information or judicial proceeding before any Justice of the Peace, in pursuance of this Act, and no judgment thereupon shall be quashed, except for error of law apparent on the face of the judgment.

XXVII When any penalty or confiscation shall be adjudged by a Justice of the Peace under this Act, the Board of Customs, Salt and Opium within one month after judgment given, may call for the proceedings of the case (with which requisition the Justice of the Peace shall be bound to comply) and, if they shall see cause, may direct that the seizure, or any part thereof, be restored, and remit or mitigate the penalty, and discharge the party

XXVIII All actions and prosecutions to be commenced against the Superintendent, or any Officer of Salt Chokies, or any Officer of another Department duly empowered to seize contraband Salt, or any person acting in aid of the Superintendent, or other Officer, as aforesaid, for any thing done in pursuance of this Act, shall be commenced within three Calendar months after the fact committed, and not afterwards, and notice in writing of such action and of the cause thereof shall be given to the defendant one Calendar month at least before the commencement of the action, and no plaintiff shall recover in any such action, if tender of sufficient amends shall have been made before such action brought, or if after action brought, a sufficient sum of money shall have been paid into Court, with costs, by or on behalf of the defendant

XXIX The term alimentary Salt as used in this Act shall be held to include and apply to Noonchye, Puckwah, and every other kind of salt substance, used as a seasoning for food

F J HALLIDAY,
Secy to the Govt of India

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 25TH AUGUST, 1849

The following Act is passed by the Honourable the President of the Council of India in Council, on the 25th of August, 1849, with the assent of the Most Noble the Governor General of India, which has been read and recorded

Ordered, that the Act be promulgated for general information

ACT No XIV OF 1849

To punish tampering with the Army or Navy

Whereas the laws in force for punishing mutiny and sedition do not sufficiently provide for the punishment of all persons endeavouring to stir up mutiny and sedition among the Forces of the East

উঠিয়া লইতে কি কোন প্রকারে ব্যাঘাত করিতে কোন ব্যক্তির নালিশক্রমে সুপ্রিম কোর্টহইতে কোন "সর্টিওরারি" রিট বাহির হইবেক না। এবং এইরূপে কোন মোকদ্দমার ডিক্রীতে স্পষ্টতঃ আইনের বিষয়ে ভ্রম দৃষ্ট না হইলে সেই ডিক্রী অন্য কোন কারণে অন্যথা হইতে পারে না ইতি।

২৭ ধারা। যখন কোন জষ্টিস অফ দি পীস সাহেব এই আইনক্রমে কোন জরীমানা অথবা ক্রোকের হুকুম দিয়া থাকেন তখন হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের সাহেবেরা ডিক্রী হওনের পর এক মাসের মধ্যে ঐ মোকদ্দমার সমস্ত কাগজপত্র তলব করিতে পারেন এবং জষ্টিস অফ দি পীস সাহেবের সেই কাগজপত্র অবশ্য পাঠাইতে হইবেক এবং যদি বোর্ডের সাহেবেরা উপযুক্ত কারণ দেখেন তবে তাঁহারা ঐ ক্রোকহওয়া সমুদয় জিনিস কিম্বা তাহার কোন অংশ ফিরিয়া দিতে হুকুম করিতে পারেন এবং দণ্ড ক্ষমা করিতে কি কমাইতে পারেন এবং ঐ ব্যক্তিকে খালাস করিতে পারেন ইতি।

২৮ ধারা। এই আইনক্রমে করা কোন কার্য্যের জন্যে সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের অথবা নিমক চৌকীর কোন আমলার কিম্বা বিনানুমতির লবণ ক্রোক করণের উপযুক্তমত ক্ষমতাপ্রাপ্ত অন্য সিরিশতার কোন আমলার কিম্বা ঐ সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের অথবা পূর্ব্বোক্ত অন্য আমলার সহকারি কোন ব্যক্তির বিরুদ্ধে যে সকল নালিশ ও মোকদ্দমা আরম্ভ হয় তাহা সেই কর্ম্ম হওনের পর তিন মাসের মধ্যে আরম্ভ করিতে হইবেক এবং তাহার পর করিতে হইবেক না। এবং নালিশ আরম্ভের অন্যূন এক মাস পূর্ব্বে সেই নালিশ এবং তাহার কারণের এত্তেলা লিপির দ্বারা আসামীকে দিতে হইবেক। এবং সেই নালিশ হওনের পূর্ব্বে যদি ক্ষতিপূরণের উপযুক্ত টাকা দিবার প্রস্তাব হয় অথবা নালিশ হওনের পর আসামীর দ্বারা বা তাহার পক্ষে উপযুক্ত সংখ্যার টাকা মায় খরচা আদালতে দাখিল হয় তবে কোন ফরিয়াদীর পক্ষে এইমত মোকদ্দমায় কিছু টাকার ডিক্রী হইবেক না ইতি।

২৯ ধারা। এই আইনের মধ্যে আহারীয় লবণ এই শব্দ নুনচাই ও পাকওয়া লবণ এবং আহারীয় দ্রব্য সুস্বাদু করণার্থে অন্য যে কোন প্রকার লবণীয় দ্রব্য ব্যবহার হয় তাহা বুঝাইবেক ও তাহার বিধান খাটিবেক ইতি।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেন্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ২৫ আগষ্ট।

ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুরের সম্মতিক্রমে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রেসীডেন্ট সাহেব হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪৯ সালের ২৫ আগষ্ট তারিখে পশ্চাৎ লিখিত আইন জারী করিলেন। শ্রীযুতের ঐ সম্মতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে অর্পণ হইয়াছে।

হুকুম হইল যে এই আইন সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১৪ আইন।

সৈন্যেরদিগকে ও যুদ্ধ জাহাজীদিগকে রাজদ্রোহ কর্ম্মে প্রবৃত্তি দেওনের দণ্ড করণের আইন।

যেহেতুক রাজদ্রোহিতা ও রাজ বিরুদ্ধাচরণের দণ্ড করণার্থে যে২ আইন চলন আছে সেই২ আইনেতে সকল ব্যক্তি কোম্পানি বাহাদুরের সৈন্যেরদিগকে রাজদ্রোহিতা ও রাজবিরুদ্ধাচরণের কর্ম্ম করিতে প্রবৃত্তি জন্মাইবার কিম্বা তাহারদিগকে প্রভুভক্তা ও কর্ত্তব্য ক

India Company, or to seduce them from their allegiance and duty, It is enacted as follows

I Every person who maliciously and advisedly endeavours to seduce any person or persons serving or engaged to serve in the Military or Naval Forces of the East India Company, from his or their allegiance to Her Majesty, or duty to the said Company, or who endeavours to stir up any person or persons belonging to either of the said Services to commit any act of mutiny, or to make or endeavour to make any mutinous assembly, or to commit any traitorous or mutinous practice whatsoever, shall, on conviction, suffer transportation for life, or imprisonment with or without hard labour for any term, not longer than seven years as the Court shall adjudge

II Any person charged with any offence, punishable under this Act, may be committed by any Magistrate within the territories under the Government of the East India Company and shall be tried by the Court of Sessions, or if the offender be not within the ordinary jurisdiction of the Court of Sessions, by the Supreme Court of Judicature established by Royal Charter within the Presidency in which he is in custody

III No Court shall on the trial of any offence under this Act require any Futwa from any law Officer

IV This Act shall not exempt any person governed by the Articles of War from being tried by a Court Martial, and punished according to the Articles of War, nor any person belonging to the Indian Navy from being tried by a Court Martial and punished according to the laws for the observance of discipline in the Indian Navy but no person shall be tried for the same offence under the said Articles or laws, and also under this Act

F J HALLIDAY,

Secy to the Govt of India

ত্যাগ করাইবার উদ্যোগ করে সেই২ ব্যক্তির দণ্ডের বিষয়ে যথোচিত নিয়ম নাই অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। যে ব্যক্তি কোম্পানি বাহাদুরের পল্টনকি জাহাজসম্পর্কীয় সৈন্যের কর্ম্ম করিতেছে অথবা করিতে অঙ্গীকার করিয়াছে সেই ব্যক্তিকে কি ব্যক্তিরদিগকে যে কেহ দ্বেষপূর্ব্বক এবং জানিয়া শুনিয়া শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি প্রভুভক্তা কিম্বা উক্ত কোম্পানি বাহাদুরের প্রতি কর্ত্তব্য কর্ম্ম ত্যাগ করাইবার উদ্যোগ করে অথবা উক্ত কর্ম্মে নিযুক্ত কোন ব্যক্তিকে কি ব্যক্তিরদিগকে সৈন্যাধ্যক্ষের বিদ্রোহিতা কোন কর্ম্ম করিতে কিম্বা বিদ্রোহিতাজনক সভা করিতে কি করিবার উদ্যোগ করিতে কিম্বা কোন বিশ্বাসঘাতকতা কি বিদ্রোহিতা কর্ম্ম করিতে প্রবৃত্ত করাইবার উদ্যোগ করে সে লোকের দোষ সাব্যস্ত হইলে সে লোক আদালতের হুকুমমতে যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরিত হওনের অথবা সাত বৎসরের অনধিক কালপর্য্যন্ত পরিশ্রমবিশিষ্ট কি বিনাপরিশ্রমে কয়েদ থাকনের দণ্ডের যোগ্য হইবেক ইতি।

২ ধারা। এই আইনানুসারে যে অপরাধ দণ্ডনীয় সেই অপরাধের নালিশগ্রস্ত কোন ব্যক্তিকে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে কোন মাজিষ্ট্রেট সাহেব সোপর্দ্দ করিতে পারেন এবং সেশন আদালতের দ্বারা তাহার বিচার হইবেক। অথবা যদি সে অপরাধী সেশন আদালতের সামান্য এলাকার মধ্যে না থাকে তবে যে রাজধানীর মধ্যে সেই ব্যক্তি কয়েদ থাকে সেই রাজধানীতে রাজকীয় চার্টরের দ্বারা স্থাপিত সুপ্রিম কোর্টের দ্বারা তাহার বিচার হইবেক ইতি।

৩ ধারা। এই আইনানুসারে কোন অপরাধের বিচার করণসময়ে কোন আদালত কোন মৌলবীর স্থানে ফতওয়া চাহিবেন না ইতি।

৪ ধারা। যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন কোন ব্যক্তি কোর্ট মার্শ্যালের দ্বারা বিচারিত হও ও যুদ্ধসম্পর্কীয় আইনের দ্বারা দণ্ডহইতে এই আইনের দ্বারা মুক্ত হইবেক না এবং ভারতবর্ষের যুদ্ধ জাহাজসম্পর্কীয় কোন ব্যক্তি কোর্ট মার্শ্যালের দ্বারা বিচারিত হও ও ভারতবর্ষের যুদ্ধজাহাজসম্পর্কীয় ব্যক্তিরদের শাসনার্থে যে আইন হইয়াছে সেই আইনানুসারে দণ্ডহইতে মুক্ত হইবেক না। কিন্তু একি অপরাধের জন্য ঐ যুদ্ধ কি জাহাজসম্পর্কীয় আইন এবং এই আইন অর্থাৎ উভয় আইনানুসারে কোন ব্যক্তির বিচার হইবেক না ইতি।

এফ জে হালিডে।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

DRAFTS OF ACTS

FORT WILLIAM, HOME DEPARTMENT, LEGISLATIVE,

THE 11TH AUGUST, 1849

The following Extract from the proceedings of the Hon'ble the President of the Council of India in Council, in the Legislative Branch of the Home Department under date the 11th August, 1849, is published for general information

Read a second time the Draft of a proposed Act, dated the 12th May 1849, and published in the *Bengalee Government Gazette* of the 29th May, 1849, to amend Act IV of 1846

Resolution —The President in Council resolves that the following amended Draft on the subject be published for general information

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম। দেশীয় ডিপার্টমেণ্ট। লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১১ আগষ্ট।

ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রেসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে দেশীয় ডিপার্টমেণ্টের লেজিসলেটিব নিদিশতায় ইঙ্গরেজী ১৮৪৯ সালের ১১ আগষ্ট তারিখে যে কার্য্য করেন তাহার পশ্চাৎ লিখিত বিবরণের চুম্বক সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

১৮৪৬ সালের ৪ আইন শুধরাণের বিষয়ে ১৮৪৯ সালের ১২ মে তারিখের প্রস্তাবিত যে মুসাবিদা ১৮৪৯ সালের ২৯ মে তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তাহা দ্বিতীয়বার পাঠ করা গেল।

নির্দ্ধারণ। হজুর কৌন্সেলের শ্রীযুত প্রেসীডেণ্ট সাহেব নির্দ্ধারণ করিয়াছেন যে উক্ত বিষয়ে আইনের নীচের লিখিত শুধরা মুসাবিদা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ACT No. —— OF 1849.

An Act for the forfeiture to Government of deposits made on incomplete sales of land under Regulation VIII of 1819, and Act IV of 1846

Whereas Putneedars and Judgment Debtors fraudulently avail themselves of the provision in Section IX, Regulation VIII of 1819, of the Bengal Code, and in Section V, Act IV of 1846, that forfeited deposits at Sales of Land in execution of decrees or for arrears of rent shall be applied as if they were purchase money, It is enacted as follows

I So much of Section IX, Regulation VIII 1819, of the Bengal Code and of Sections V and IX, Act IV, 1846, as provides that the deposit at any sale of Land, or any interest in Land, under the said Regulation or Act, if forfeited, shall be regarded as part of the proceeds of the sale, or applied as if it were purchase money, is repealed

II Any such forfeited deposit shall be applied to defray the expences of the sale, and the surplus shall be forfeited to Government

Ordered, that the said Draft be re considered at the first Meeting of the Legislative Council of India after the 11th day of October next

F J HALLIDAY,
Secy to the Govt of India

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 11TH AUGUST, 1849

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 11th of August, 1849

ACT No —— OF 1849

An Act to enable improvements to be made in Towns

Whereas Act No X 1842, was passed for enabling the inhabitants of any place of public resort or residence, under the Presidency of Fort William, not within the Town of Calcutta, to make better provision for purposes connected with public health and convenience, but the said Act has proved ineffectual for the purpose, and it is expedient to amend the provisions thereof, and to extend the like powers to the inhabitants of Towns in the other Presidencies under the Government of the East India Company, It is enacted as follows

I. Act No X 1842, is repealed

II If it shall appear to the Governor or Governor in Council, or Lieutenant Governor of any Presidency or Place within the Territories under the Government of the East India Company, that the inhabitants of any Town or Suburb, not within the Town of Calcutta, Madras, or Bombay, are desirous of making better provision for making, repairing, cleaning, lighting, or watching any

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

১৮৪৯ সালের ৮ আইন ও ১৮৪৬ সালের ৪ আইন অনুসারে যে ভূমির নীলাম অসিদ্ধ হয় তাহাতে বায়নার টাকা সরকারে জব্দ করণের আইন।

যেহেতুক বাঙ্গলা দেশের চলিত ১৮১৯ সালের ৮ আইনের ৯ ধারাতে এবং ১৮৪৬ সালের ৪ আইনের ৫ ধারাতে হুকুম হইয়াছিল যে ডিক্রী জারীক্রমে কিম্বা বাকী রাজস্বের নিমিত্তে ভূমির নীলামের সময়ে বায়নার টাকা জব্দ হইলে খরীদের টাকা লইয়া যাহা করা যায় ঐ বায়নার টাকা লইয়া তাহা করা যাইবেক এবং পত্তনিদারেরা ও যেং খাতকের প্রতিকূলে ডিক্রী হইয়াছে তাহারা ঐ ধারাক্রমে প্রবঞ্চনার কার্য্য করে। অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৮১৯ সালের ৮ আইনের ৯ ধারার ও ১৮৪৬ সালের ৪ আইনের ৫ ও ৯ ধারার যে ভাগে হুকুম আছে যে উক্ত আইনানুসারে ভূমির বা তৎসম্পর্কীয় লাভের নীলামেতে যে বায়নার টাকা দেওয়া যায় তাহা জব্দ হইলে নীলামের উৎপন্ন টাকার তুল্য জ্ঞান হইবেক অথবা খরীদের টাকায় যাহা করা যায় ঐ বায়নার টাকা লইয়া তাহা করা যাইবেক সেই ভাগ রদ হইল ইতি।

২ ধারা। এই প্রকার জব্দহওয়া বায়নার টাকা নীলামের খরচার জন্যে ব্যয় হইবেক এবং বাকী টাকা সরকারে জব্দ হইবেক ইতি।

হুকুম হইল যে আগামি অক্টোবর মাসের ১১ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হ্যালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১১ আগষ্ট।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ১১ আগষ্ট তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

শহরের মধ্যে পরিপাটী করণের আইন।

যেহেতুক কলিকাতা শহরছাড়া ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন সকল লোকেরদের গমনাগমনের অথবা নিবাসের কোন স্থানের নিবাসি ব্যক্তিরদিগকে স্বাস্থ্য ও উপকারের জন্যে পূর্ব্বাপেক্ষা উত্তম নিয়ম করিতে পারিবার জন্যে ১৮৪২ সালের ১০ আইন জারী হইয়াছিল কিন্তু ঐ আইন সেই অভিপ্রায়ের জন্যে বিফল হইয়াছে এবং তাহার বিধান সংশোধন করা এবং কোম্পানি বাহাদুরের শাসিত অন্যান্য রাজধানীসম্পর্কীয় নগরনিবাসিরদিগকে সেইরূপ ক্ষমতা দেওয়া বিহিত বোধ হইয়াছে অতএব নীচের লিখিতমত হুকুম হইল। [illegible]

১ ধারা। ১৮৪২ সালের ১০ আইন রদ হইল ইতি। [illegible]

২ ধারা। যদি কোম্পানি বাহাদুরের শাসিত মধ্যে কোন রাজধানী বা কোন স্থানের শ্রীযুত[illegible] থাকিতেছে সাহেব অথবা শ্রীযুত গবরনর সাহেব হজুরের সম্ভাবনা আছে অথবা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অথবা [illegible] বোধ হয় যে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই অথবা শ্রীযুত [illegible] কোন শহর বা শহরতলী নিবাসিরা কো[illegible] অথবা [illegible] বা পথ [illegible] নরদামা কি পুষ্করিণী করণীবা ওয়া কোন [illegible] কিম্বা পরিষ্কার করণ কি তাহাতে [illegible] পারন [illegible] ইতি।

public streets, roads, drains, or tanks, or for the prevention of nuisances, or for improving the said Town or Suburbs in any other manner, the said Governor or Governor in Council, or Lieutenant Governor may order this Act to be put in force within such Town or Suburb

III Whenever any application shall be made to the Government for putting this Act in force in any Town or Suburb, notice thereof shall be given in the *Government Gazette* of the Presidency, or place, setting forth the purposes of the application and giving reasonable time for all inhabitants of such Town or Suburb, who are minded to declare themselves for or against the adoption of this Act therein, for such purposes or any of them

IV The Governor or Governor in Council, or Lieutenant Governor shall take all such declarations into due consideration, and after the time allowed for receiving the same, shall make a final order, which shall be published in the *Government Gazette*, to the effect that the application appears, or does not appear, to be according to the wishes of the inhabitants, either wholly, or in respect to one or more of the purposes in respect of which it is made, and if the whole or any part of it shall appear to be according to the wishes of the inhabitants, then that this Act shall be thenceforth in force in such Town or Suburb for such purposes only as shall be mentioned in the order

V Whenever any such order shall be made and published as aforesaid, this Act shall come into force within the said Town or Suburb, for such purposes as are mentioned in the order, and the making and publication of the said Order shall be conclusive evidence that the provisions of this Act have been complied with, and that it is thenceforth in force within the said Town or Suburb, for such purposes as are mentioned in the Order

VI Whenever this Act shall come into force in any Town or Suburb, the Governor or Governor in Council or Lieutenant Governor shall appoint such number of the inhabitants thereof to be the first Commissioners for putting the Act in force as to him shall appear necessary, and shall give authority to them to prepare Rules for more effectually accomplishing the purposes for which they are appointed, which Rules, when approved by the Governor or Governor in Council, or Lieutenant Governor, shall be of the same force within the said Town or Suburb until altered or rescind

the
in Cou
Departm
is published

Read a second ... hereinafter provided, as if they were inserted ... dated the 12th ... Act

Bengalee Government ... the Rules to be prepared by the said 1849, to amend Act I ... shall provide, among other things, ... ing, that is to say

Resolution — The President of Commissioners, and the that the following amend... the Commissioners first appoint be published for general inf...

১৮৪৯। ৪ সেপ্টেম্বর।]

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ০

জঞ্জাতে চৌকী দেওনের নিমিত্তে বা সকলের অপকারক বিষয় নিবারণের নিমিত্তে কিম্বা অন্য কোন প্রকারে ঐ শহর বা শহরতলী পরিপাটী করণার্থে পূর্ব্বাপেক্ষা উত্তম উপায় করিতে চাহেন তবে ঐ শ্রীযুত গবরনর সাহেব অথবা শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে অথবা শ্রীযুত লেপ্টেনন্ট গবরনর সাহেব ঐ শহর বা শহরতলীর মধ্যে এই আইন জারী করিতে হুকুম করিতে পারেন ইতি।

৩ ধারা। যখন কোন শহর বা শহরতলীর মধ্যে এই আইন চলন করণের নিমিত্তে গবর্ণমেন্টের নিকটে কোন দরখাস্ত করা যায় তখন তাহার এত্তেলা ঐ রাজধানীর বা ঐ স্থানের গবর্ণমেন্ট গেজেটে দেওয়া যাইবেক এবং ঐ এত্তেলার মধ্যে ঐ দরখাস্তের অভিপ্রায় লেখা যাইবেক এবং ঐ শহর বা শহরতলীনিবাসি যে সকল ব্যক্তি উক্ত অভিপ্রায় বা তাহার কোন এক অভিপ্রায়ের জন্যে এই আইন চলন করণার্থে অথবা তাহার বিরুদ্ধ আপনার মত জানাইতে চাহে তাহারদিগকে তাহা জানাইতে ওয়াজিবী সময় দেওয়া যাইবেক ইতি।

৪ ধারা। ঐ শ্রীযুত গবরনর সাহেব বা শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে বা শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ঐ প্রকার সকল দরখাস্ত উপযুক্তমতে বিবেচনা করিবেন এবং তাহা লইবার জন্যে যে মিয়াদ নির্দ্দিষ্ট হয় সেই মিয়াদ অতীত হইলে এইমত এক চূড়ান্ত হুকুম দিবেন যে ঐ দরখাস্ত ঐ আইনের সকল অভিপ্রায় অথবা তাহার মধ্যের এক বা ততোধিক অভিপ্রায়ের জন্যে নিবাসি ব্যক্তিরদের ইচ্ছানুযায়ি বা ইচ্ছার বিপরীত বোধ হয় এবং যদি সেই সমস্ত অভিপ্রায়ের বা তাহার কোন ভাগের বিষয়ে নিবাসি লোকেরদের ইচ্ছা আছে বোধ হয় তবে এই আইন তদবধি ঐ শহরের মধ্যে বা শহরতলীর মধ্যে সেই হুকুমে যে অভিপ্রায় লেখা আছে সেই অভিপ্রায়ের জন্যে চলন হইবেক এবং শ্রীযুতের ঐ হুকুম গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ করা যাইবেক ইতি।

৫ ধারা। যখন এইরূপে কোন হুকুম পূর্ব্বোক্তমতে করা যায় এবং প্রকাশ হয় তখন ঐ হুকুমের মধ্যের লিখিত অভিপ্রায়ের জন্যে এই আইন উক্ত শহর বা শহরতলীর মধ্যে চলন হইবেক। এবং ঐ হুকুম করণ এবং প্রকাশ করণ এই আইনের নিয়মের প্রতিপালন হওনের এবং ঐ হুকুমের মধ্যের লিখিত অভিপ্রায়ের জন্যে ঐ শহর বা শহরতলীর মধ্যে সেইঅবধি চলন হওনের সম্পূর্ণ প্রমাণ হইবেক ইতি।

৬ ধারা। যখন এই আইন কোন শহর বা শহরতলীর মধ্যে চলন হয় তখন শ্রীযুত গবরনর সাহেব বা শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে অথবা শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের বিবেচনায় ঐ শহর বা শহরতলী নিবাসি যত ব্যক্তির আবশ্যক বোধ হয় তত ব্যক্তিকে এই আইন প্রবল করণার্থে প্রথম কমিস্যনরস্বরূপ নিযুক্ত করিবেন। এবং যে অভিপ্রায়ের জন্যে তাঁহারা নিযুক্ত হন সেই অভিপ্রায় সফলরূপে সিদ্ধ করণার্থে বিধি প্রস্তুত করিতে তাঁহারদিগকে ক্ষমতা দিবেন। এবং ঐ বিধিতে শ্রীযুত গবরনর সাহেব অথবা শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে কি শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সম্মত হইলে যাবৎ পশ্চাৎ লিখিতমতে তাহা মতান্তর অথবা রদ না হয় তাবৎ এই আইনের অন্তর্গত হইলে যেরূপ প্রবল হইত সেইরূপে ঐ শহর বা শহরতলীর মধ্যে প্রবল হইবেক ইতি।

৭ ধারা। ঐ কমিস্যনরেরা যে বিধি প্রস্তুত করেন তাহার মধ্যে অন্যান্য বিষয়ব্যতিরেকে এই২ বিষয়ের নিয়ম থাকিবেক বিশেষতঃ।

১। ঐ কমিস্যনরেরদের সংখ্যা এবং প্রথম নিযুক্ত কমিস্যনরেরা এবং তৎপরে নিযুক্ত কমিস্যনরেরা যত

ed and their successors shall continue in office, and the choice of Commissioners from time to time by the rate-payers, with the addition of such persons holding office under the East India Company in the said Town or Suburb as shall appear in each case expedient, and the filling of casual vacancies among the Commissioners

2 The appointment and management of all necessary Officers and Servants of the Commissioners, and the salaries to be allowed to them

3 The definition of the persons or property within the Town or Suburb to be taxed for raising the monies necessary for the purposes of the Act, the amount or rate of the taxes to be imposed, the manner of raising and collecting them, and ensuring the safety and due application of them when collected

4 The manner in which from time to time the Rules in force are to be amended or rescinded, and new Rules are to be made, with the approval in every case of the Governor or Governor in Council, or Lieutenant Governor

5 The definition and prohibition of nuisances, within the Town or Suburb

6 The imposition of reasonable penalties for breach of any Rule made by the Commissioners, not exceeding Fifty Rupees, or in the case of continuing nuisances, not exceeding Five Rupees for every day that such nuisance is continued

VIII The Commissioners appointed or chosen from time to time shall have full power to make all necessary contracts, for the purposes of this Act, and apply the taxes raised as aforesaid in the necessary works, and in payment of their Officers and Servants, and in the other expenses incident to the execution of this Act within the said Town or Suburb

IX No Commissioner shall be personally liable for any contract made by the Commissioners on behalf of the inhabitants of such Town or Suburb, but every Commissioner shall be liable for any misapplication of the monies collected, to which he shall have been knowingly party or privy, or which shall have happened through gross neglect of his duty, and shall be liable to be sued for the same as for money due to, and at the suit of the East India Company

X The Commissioners and also every one of their Officers and Servants employed in putting this Act in force, shall be deemed in the Public Service of the East India Company, within the meaning of Act No ( ) 1849, and each of them shall be liable to be punished accordingly for any fraudulent breach of his trust

XI The Governor or Governor in Council, or Lieutenant Governor shall be empowered forthwith to suspend, or dismiss from his Office any Commissioner, by whose continuance in office it shall appear that the safety or efficiency of the trust is endangered, and no Commissioner so dismissed shall be eligible for re appointment

[*Government Gazette, 4th September,* 1849]

কাল ঐ পদে থাকিবেন এবং টাক্সদেওনিয়া ব্যক্তিরদের সময়ক্রমে ঐ কমিস্যনরদিগকে মনোনীত করণ এবং ঐ শহর বা শহরতলীর মধ্যে কোম্পানি বাহাদুরের সরকারী কর্ম্মে নিযুক্ত যে২ ব্যক্তি প্রত্যেক গতিকে তৎকর্ম্মে নিযুক্ত করা উচিত এবং কমিস্যনরেরদের মধ্যে দৈবাৎ পদ শূন্য হইলে তাহা যেরূপে পূর্ণ হইবেক।

২। ঐ কমিস্যনরেরদের আবশ্যক সকল আমলা ও চাকরদিগকে নিযুক্ত করণ ও শাসন করণ ও তাহারদিগকে যে২ মাহিয়ানা দেওয়া যাইবেক।

৩। এই আইনের অভিপ্রায়ের জন্যে যে২ টাকার আবশ্যক হয় তাহা আদায় করণার্থে ঐ শহর বা শহরতলীর মধ্যে যে ব্যক্তি বা সম্পত্তির উপর টাক্স বসাইতে হইবেক তাহার নির্ণয় এবং যে টাক্স বসাইতে হইবেক তাহার সংখ্যা কিম্বা হার এবং তাহা আদায় ও উসুল করণের রীতি ও তাহা আদায় হইলে তাহা নির্ব্বিঘ্নে রাখণ ও উপযুক্তমতে ব্যয় করণ।

৪। যে প্রকারে শ্রীযুত গবরনর সাহেব কি শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে অথবা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের সম্মতিক্রমে চলিত বিধি সময়ক্রমে সংশোধিত অথবা রদ হইবেক এবং নূতন বিধি করা যাইবেক।

৫। শহর অথবা শহরতলীর মধ্যে অপকারক বিষয় নির্ণয় করণ ও নিবারণ করণ

৬। কমিস্যনরেরা যে কোন বিধি করেন তাহা উল্লঙ্ঘন হইলে পঞ্চাশ টাকার অনধিক ওয়াজিবী জরীমানা নির্দ্দিষ্ট করণ কিম্বা অপকারক বিষয় নিবৃত্ত না হইলে যে প্রত্যেক দিবস ঐ অপকারক বিষয় থাকে তজ্জন্যে পাঁচ টাকার অনধিক জরীমানা করণ ইতি।

৮ ধারা। যে কমিস্যনরেরা সময়ক্রমে নিযুক্ত হন অথবা মনোনীত হন তাঁহারদের এই আইনের অভিপ্রায়ের জন্যে সকল আবশ্যক বন্দোবস্ত করিতে এবং পূর্ব্বোক্তমতে আদায়হওয়া টাক্স আবশ্যক কার্য্যে এবং তাঁহারদের আমলা ও চাকরেরদের মাহিয়ানা দেওনেতে এবং উক্ত শহর বা শহরতলীর মধ্যে এই আইন জারী করণার্থে অন্য যে২ খরচ আবশ্যক হয় তাহাতে ব্যয় করিতে সম্পূর্ণ ক্ষমতা থাকিবেক ইতি।

৯ ধারা। ঐ শহর বা শহরতলীনিবাসি ব্যক্তিরদের পক্ষে ঐ কমিস্যনরেরা যে কোন বন্দোবস্ত করেন তাহার বিষয়ে কোন কমিস্যনর স্বয়ং দায়ী হইবেন না। কিন্তু যে টাকা আদায় হয় তাহা অনুপযুক্তমতে খরচ করণের বিষয়ে যে কমিস্যনর জানিয়া শুনিয়া তাহাতে সম্মত হন বা যে কমিস্যনরের জ্ঞাতসারে তাহা হয় অথবা যে কমিস্যনরের ভারি শৈথিল্যপ্রযুক্ত তাহা হয় সেই কমিস্যনর সেই বিষয়ে দায়ী হইবেন এবং তাঁহার স্থানে পাওয়া টাকার ন্যায় কোম্পানি বাহাদুরের পক্ষে তাঁহার নামে সেই বিষয়ের নালিশ হইতে পারে ইতি।

১০ ধারা। ঐ২ কমিস্যনর এবং তাঁহারদের যে প্রত্যেক আমলা ও চাকর এই আইন চলন করণের কার্য্যে নিযুক্ত হন তাঁহারা ১৮৪৯ সালের অমুক আইনের অর্থের মধ্যে কোম্পানি বাহাদুরের সরকারী কার্য্যে আছেন জ্ঞান হইবেক এবং তাঁহারদের মধ্যে প্রত্যেক জন চাতুরীপূর্ব্বক বিশ্বাসঘাতকতা কর্ম্ম করিলে সেই আইনানুসারে দণ্ডের যোগ্য হইবেন ইতি।

১১ ধারা। যে কোন কমিস্যনরের পদে থা[illegible]
র নগরবাস কর্ম্মের বিঘ্ন বা অকর্ম্মণ্য হইবার সম্ভা[illegible]
সেই কমিস্যনরকে শ্রীযুত গবরনর সাহেব [illegible]
গবরনর সাহেব হজুর কৌন্সেলে অথবা [illegible]
নেণ্ট গবরনর সাহেব তৎক্ষণাৎ মতে [illegible] যে
করিতে পারেন এবং এইরূপ ডগীব[illegible] ও ন্যায়-
পুনরায় কর্ম্মে মনোনীত হইতে [illegible] তাঁহারা যে
তত্ত্ব কর্ম্মের স্থাপিত

XII The powers of Act No II 1839, for the recovery of fines, shall be applied for the recovery of all arrears of taxes and penalties under this Act, and every Magistrate shall put in force the powers of the said Act No II 1839, for that purpose, whenever thereunto required by the Commissioners, or any of their Officers deputed by them for the purposes of enforcing payment of arrears of taxes imposed under this Act.

XIII No rate made under this Act shall be invalid for defect of form, and it shall be enough in any such rate on property, or any Assessment of value for the purpose of making such rate, if the property rated or assessed shall be so described as to be generally known, and it shall not be necessary to name the owner or occupier thereof

XIV All moveable property found in any house or building, or upon any land assessed under this Act may be seized, and sold by warrant of a Magistrate for payment of any arrear of tax laid on such house, building or land under this Act

XV All Commissioners acting in execution of this Act shall, on or before the last day of April in every year, make up and send to the Governor or Governor in Council, or Lieutenant Governor, an account of all works executed by them, and of all sums received and spent by them in the foregoing year, in such form and with such vouchers as the Governor or Governor in Council, or Lieutenant Governor shall from time to time order

XVI The Governor or Governor in Council, or Lieutenant Governor may, at any time, suspend the operation of this Act in any Town or Suburb, and appoint any person or persons to examine and report upon the behaviour of the Commissioners, or any of them, or their Officers in the execution of this Act

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be re considered at the first meeting of the Legislative Council of India, after the 11th day of November next

F J. HALLIDAY,
Secy to the Govt of India

১২ ধারা। জরীমানা আদায় করণার্থে ১৮৩৯ সালের ২ আইনে যে ক্ষমতা নির্দিষ্ট আছে তাহা এই আইনানুসারে সকল বাকী টাক্স এবং জরীমানা আদায়ের জন্যে আমলে আসিবেক। এবং কমিস্যনরেরা অথবা এই আইনানুসারে নির্দিষ্ট টাক্স আদায় করণের নিমিত্তে তাঁহারদের যেং আমলা নিযুক্ত হয় তাহারদের মধ্যে কোন এক ব্যক্তি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে দরখাস্ত করিলে ঐ মাজিষ্ট্রেট সাহেব তন্নিমিত্তে ঐ ১৮৩৯ সালের ২ আইনের ক্ষমতানুসারে কার্য্য করিবেন ইতি।

১৩ ধারা। এই আইনানুসারে করা কোন টাক্স রীতির ব্যতিক্রম হইয়াছে বলিয়া অসিদ্ধ হইবেক না এবং কোন সম্পত্তির উপর সেইরূপ টাক্স বসাওনেতে কি সেইরূপ টাক্স বসাওনের অভিপ্রায়ে সম্পত্তির মুল্য নিণয় করণেতে যে সম্পত্তির টাক্স বা মুল্য নিণয় হয় যদি তাহা এইরূপে বর্ণনা করা যায় যে সাধারণ লোকে তাহা চিনিতে পারে তবে তাহা প্রচুর হইবেক এবং সেই সম্পত্তির স্বামির অথবা দখীলকারের নাম লিখনের আবশ্যক হইবেক না ইতি।

১৪ ধারা। যে কোন বাটী বা এমারৎ কি ভূমির উপর এই আইনানুসারে কর বসান যায় সেই বাটী বা এমারৎ কি ভূমিতে যে সকল অস্থাবর সম্পত্তি পাওয়া যায় তাহা এই আইনানুসারে সেই বাটী বা এমারৎ বা ভূমির উপর বসান টাক্সের বাকী আদায়ের জন্যে মাজিষ্ট্রেট সাহেবের পরওয়ানাক্রমে ক্রোক ও নীলাম হইতে পারে ইতি।

XXXV Where any plaintiff shall have any demand recoverable under this Act whether founded on contract or wrong, against two or more persons jointly answerable, it shall be sufficient if any of such persons be served with process, and judgment may be obtained and execution issued against the person or persons so served, notwithstanding that others, jointly liable, may not have been served or sued, or may not be within the jurisdiction of the Court, and every such person against whom judgment shall have been obtained under this Act, and who shall have satisfied such judgment, shall be entitled to demand and recover in the Court, holden under this Act, contribution from any other person jointly liable with him, and in all cases of misjoinder of defendants, the Judges may order the suit to proceed against such of the defendants only against whom cause of action appears, and may give judgment against them only, giving also judgment for costs for the defendants improperly joined

XXXVI The Judges of the Court shall be empowered to determine all questions as well of fact as of law, in all cases which they have authority to try

XXXVII On the day in that behalf named in the summons, the plaintiff shall appear, and there-

সের মধ্যে সেই ব্যক্তির একসেকিউটর কি আডমিনিষ্ট্রেটরস্বরূপ তলব হইবেক না ইতি।

৩৩ ধারা। উক্ত আদালতে দুই বা ততোধিক মোকদ্দমা করিবার অভিপ্রায়ে কোন ফরিয়াদী আপনার মোকদ্দমার কারণ খণ্ড২ করিতে পারে না। কিন্তু যদি কোন ফরিয়াদীর পাঁচ শত টাকার অধিক নালিশের কারণ হয় তবে সেই ব্যক্তি ঐ অধিক টাকা ত্যাগ করিতে পারে এবং তাহা আরজীর বহীতে লেখা যাইবেক ও সমনে লিখিতে হইবেক। এবং তাহাতে ফরিয়াদী আপনার মোকদ্দমা প্রমাণ করিলে পাচ শত টাকার অনধিক টাকার ডিক্রী পাইবেক কিন্তু আদালতের এই ডিক্রী হইবেক যে মোকদ্দমার সেই কারণসম্পর্কে যত দাওয়া ছিল সেই সকল এই ডিক্রীর দ্বারা সম্পূর্ণরূপে নিষ্পত্তি হইয়াছে এবং তদনুসারে ডিক্রী লেখা যাইবেক ইতি।

৩৪ ধারা। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর এবং ভারতবর্ষের সুপ্রিম কৌন্সেলের অন্তঃপাতি সাহেব এবং বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর কৌন্সেলের শ্রীযুত গবরনর সাহেব ও অন্তঃপাতি সাহেব এবং রাজকীয় চার্টরের দ্বারা স্থাপিত নানা সুপ্রিম কোর্টের চিফ জুষ্টিস এবং জজ সাহেবেরা এই আইনানুসারে স্থাপিত কোন আদালতের পরওয়ানাক্রমে গ্রেফ্তার অথবা কয়েদ হইতে পারেন না এবং শ্রীযুত গবরনর বাহাদুরের হজুর কৌন্সেলের অনুমতিভিন্ন ১৮৪৪ সালের ১ আইন অথবা ১৮৪৮ সালের ১৮ আইনের দ্বারা বিশেষ ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তিরদের বিপরীত উক্ত আদালতহইতে কোন রিট কি পরওয়ানা বাহির কর যাইবেক না ইতি।

৩৫ ধারা। এই আইনানুসারে চুক্তিক্রমে কিম্বা অন্যায়প্রযুক্ত যে দাওয়া আদায় হইতে পারে যখন কোন ফরিয়াদীর এমত দাওয়া দুই বা ততোধিক ব্যক্তির প্রতিকূলে থাকে এবং তাহারা সাধারণে তদ্বিষয়ে দায়ী তখন ঐ ব্যক্তিরদের কোন এক জনের উপর হুকুম জারী করিলে তাহা প্রচুর হইবেক এবং অন্য যে২ ব্যক্তিরা সেই বিষয়ে সাধারণে দায়ী আছে তাহারদের উপর যদ্যপি হুকুম জারী না হইয়া থাকে বা তাহারদের নামে নালিশ না হইয়া থাকে অথবা যদ্যপিও তাহারা আদালতের এলাকার মধ্যে না থাকে তথাপি যে ব্যক্তি বা ব্যক্তিরদের উপর হুকুম জারী হইয়াছে তাহারদের প্রতিকূলে ডিক্রী হইতে পারে এবং সেই ডিক্রী জারী হইতে পারে। এবং এইরূপ যে প্রত্যেক ব্যক্তির বিরুদ্ধ এই আইনানুসারে ডিক্রী হইয়াছে এবং সেই ডিক্রীর মতাচরণ হইয়াছে সেই ব্যক্তির সঙ্গে অন্য যে কোন ব্যক্তি সাধারণে দায়ী ছিল তাহার স্থানে এই আইনানুসারে স্থাপিত আদালতে ঐ দেনার অংশের দাওয়া করিতে পারে ও পাইতে পারে। এবং যদি ভ্রমক্রমে কোন ব্যক্তিরদিগকে আসামী করা গিয়াছে তবে যে আসামীরদের বিরুদ্ধে নালিশ করণের কারণ দৃষ্ট হয় কেবল তাহারদের প্রতিকূলে মোকদ্দমা চালাইতে জজ সাহেব হুকুম দিতে পারেন এবং কেবল তাহারদের প্রতিকূলে ডিক্রী করিতে পারেন। এবং যে ব্যক্তিরদিগকে অনুচিতমতে আসামী করা গিয়াছিল সেই ব্যক্তিরদিগকে তাহারদের খরচা ফিরিয়া দিতে হুকুম করিতে পারেন ইতি।

৩৬ ধারা। আদালতের জজ সাহেবেরা যে২ মোকদ্দমার বিচার করিতে ক্ষমতা পাইয়াছেন সেই২ মোকদ্দমার ক্রিয়ার বিষয় এবং আইনের বিষয় নিষ্পত্তি করিবেন ইতি।

৩৭ ধারা। যে দিবস সমনে নির্দ্দিষ্ট থাকে সেই দিবসে ফরিয়াদী উপস্থিত হইবেক এবং আসামীকে জও-

upon the defendant shall be required to appear to answer, and on answer being made in Court, the Judges shall proceed in a summary way to try the cause, and give judgment, without further pleading or formal joinder of issue

XXXVIII A defendant, having any cause of action against the plaintiff, whether or not the same exceeds five hundred rupees, shall be entitled to set the same against the plaintiff's demand, and if judgment is given in such case for the plaintiff, shall be entitled to sue the plaintiff for the balance only of his original demand, after deducting the amount of debt or damages and costs recovered against him under this Act

XXXIX The Judges may, in any case, with the consent of both parties to the suit, order the same, with or without other matters within the jurisdiction of the Court in dispute between such parties, to be referred to arbitration, to such person or persons, and in such manner, and on such terms as they shall think reasonable and just, and such reference shall not be revocable by either party, except by consent of the Judges, and the award of the arbitrator or arbitrators or umpire shall be entered as the judgment in the cause, and shall be as binding and effectual to all intents, as if given by the Judges, provided, that the Judges may, if they think fit, on application to them at the first Court held after the expiration of one week, after the entry of such award, set aside any such award, or may, with the consent of both parties, revoke the reference, or order another reference to be made in the manner aforesaid

XL The Judges of each Court, holden under this Act, subject to the approval of the Judges of the Supreme Court, shall have power to make and issue all the general rules for regulating the practice and proceedings of the Court, and also to frame forms for every proceeding in the Court for which they shall think it necessary that a form be provided, and also for keeping all books entries, and accounts to be kept by the Clerk of the Court, and, from time to time, to alter any such rule or form, and the rules so made and the forms so framed, shall be observed and used in the Court of that Presidency, and shall be sent to the Supreme Court for approval, but shall be of force until disapproved, and in any case, not expressly provided for herein, or by the said rules, the general principles of practice in the Supreme Court may be adopted and applied at the discretion of the Judges, to actions and proceedings in their Court

[*To be continued*]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ৬ নবেম্বর।]

বাব দেওনার্থে উপস্থিত হইবার হুকুম হইবেক। এবং আদালতে উত্তর দেওয়া গেলে জজ সাহেবেরা সরাসরী-মতে সেই বিষয়ের বিচার করিবেন এবং আর কোন সওয়ালজওয়াব বিনা এবং নিবোধি বিষয়ে আর কোন উদ্যোগ না করিয়া ডিক্রী করিবেন।

৩৮ ধারা। যদি ফরিয়াদীর নামে আসামীর কোন না-লিশের কারণ থাকে তবে তাহা পাঁচ শত টাকার অধিক হউক বা না হউক ফরিয়াদীর দাওয়াহইতে আসামী তাহা বাদ দিতে পারিবেক এবং যদি এইরূপ মোকদ্দমায় ফরিদীর পক্ষে ডিক্রী হয় তবে এই আইনানুসারে তাহার স্থানে যে কর্জ কি খেসারৎ ও খরচা আদায় হয় তাহা বাদ দিয়া আসামী কেবল আসল দাওয়ার বাকীর বাবৎ ফরিয়াদীর নামে নালিশ করিতে পারে ইতি।

৩৯ ধারা। জজ সাহেবেরা কোন মোকদ্দমায় উভয় পক্ষের সম্মতিক্রমে যে ব্যক্তি বা ব্যক্তিরদিগকে এবং যেরূপে এবং যে নিয়ম যথার্থ ও উপযুক্ত বোধ করেন সেইরূপ সেই মোকদ্দমা এবং উভয় বিবাদির মধ্যে ঐ আদালতের বিচার্য্য অন্য যে কোন বিষয়ের বিরোধ থাকে তাহাসমেত বা তাহা বিনা সালিসীতে অর্পণ করিতে পারেন। এবং ঐ সালিসীতে অর্পিত মোকদ্দমা জজ সাহেবেরদের অনুমতিবিনা বাদিপ্রতিবাদী উঠাইয়া লইতে পারেন না। এবং সালিস বা সালিসেরদের কিম্বা মধ্যস্থ ব্যক্তির ফয়সলা এই মোকদ্দমার ডিক্রীস্বরূপ লেখা যাইবেক এবং জজ সাহেবের দ্বারা করা গেলে যেরূপ প্রবল ও সিদ্ধ হইত সর্ব্বতোভাবে সেইরূপ প্রবল ও সিদ্ধ হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে জজ সাহেবেরা উচিত বোধ করিলে ঐ ফয়সলা হওনের পর এক সপ্তাহ অতীতে যে প্রথম দিবসে আদালতের বৈঠক হয় সেই দিবসে তাঁহারদের নিকটে দরখাস্ত হইলে সেই ফয়সলা অন্যথা করিতে পারেন অথবা উভয় পক্ষের সম্মতিক্রমে সেই অর্পিত মোকদ্দমা উঠাইয়া লইতে পারেন কি পূর্ব্বোক্তমতে অন্য ব্যক্তিরদের প্রতি তাহা সালিসীতে অর্পণ করণের হুকুম দিতে পারেন ইতি।

৪০ ধারা। এই আইনানুসারে স্থাপিত প্রত্যেক আদালতের জজ সাহেবদিগকে সুপ্রিম কোর্টের জজ সা-হেবরদের অনুমতিক্রমে এই ক্ষমতা দেওয়া গেল যে আদালতের ব্যবহার ও কার্য্যের রীতির জন্যে সকল সাধারণ বিধি করিতে ও প্রকাশ করিতে পারেন এবং আদালতের যে প্রত্যেক কার্য্যের বিষয়ে কোন পাঠ নির্দ্দিষ্ট করা তাঁহারদের উচিত বোধ হয় সেই কার্য্যের জন্যে তাঁহারা পাঠ নির্দ্দিষ্ট করিতে পারেন এবং আদা-লতের ক্লার্ক সাহেবের যে সকল বহী ও খাতা ও হিসাব রাখিতে হয় তাহা রাখণের বিষয়ের পাঠ নির্দ্দিষ্ট করিতে পারেন। এবং সময়ক্রমে ঐ বিধি অথবা পাঠ মতান্তর করিতে পারেন। এবং যে বিধি এইরূপে করা যায় এবং যে পাঠ এইরূপে নির্দ্দিষ্ট হয় তাহা ঐ রাজ-ধানীর আদালতে প্রতিপালন ও ব্যবহার হইবেক এবং তাহা মঞ্জুর হওনার্থে সুপ্রিম কোর্টে পাঠান যাইবেক কিন্তু ঐ আদালতে তাহা যাবৎ নামঞ্জুর না হয় তাবৎ তাহা প্রবল থাকিবেক। এবং যে কোন গতিকে এই আইনের মধ্যে অথবা উক্ত বিধির মধ্যে কোন বিশেষ নিয়ম না থাকে সেই২ গতিকে জজ সাহেবেরা আপন২ বিবেচনাক্রমে আপনারদের আদালতের সকল নালিশের বিষয়ে এবং কার্য্যের বিষয়ে সুপ্রিম কোর্টের সাধারণ ব্যবহারের নিয়ম গ্রহণ করিতে ও খাটাইতে পারেন ইতি।

(ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।)

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE

The 26th October, 1849

Baboo Mohun Lall Panday, Moonsiff of Burjorah, Zillah West Burdwan, for six days in addition to the Dusserah Vacation

The 31st October, 1849

Baboo Degamber Biswas, Moonsiff of Nicklee, Zillah Mymensing, for 24 days in extension of that granted to him on the 24th of August last

Syud Khadem Hossein, Moonsiff of Putneetullah, Zillah Dinagepore, for one month from the 19th instant

Baboo Manickchunder Shome, Additional Moonsiff of Dinagepore, for one month from the 19th instant.

Basseerooddeen Mahomed, Moonsiff of Puteeram, Zillah Dinagepore, from the 19th instant to the end of the ensuing Mohurrum Vacation

Baboo Sreekunt Sing, Moonsiff of Samuntee, Zillah East Burdwan, to the end of the ensuing Mohurrum Vacation, in extension of that granted to him on the 31st of August last

B J Colvin, *Register*

রাজকর্ম্মে নিয়োগ ।

১৭০১ নম্বর ।

বাঙ্গল দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম ।

বিজ্ঞাপন ।

১৮৪৯ সাল ১৯ অক্টোবর ।

শ্রীযুত পাদরি আর পাণ্টিং সাহেব (Mr. R Panting,) "প্রিকর্সর" নামক বাষ্পীয় জাহাজে ইঙ্গলণ্ড-হইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৮ তারিখে খাজুরীতে পঁহুছে ।

১৮৪৯ সাল ২৩ অক্টোবর ।

বর্ত্তমান মাসের ১২ তারিখে ১৮৪৯। ৫০ সালের নিয়মিত ছুটীর যে দরখাস্তের বিজ্ঞাপন প্রকাশ হয় তদতিরিক্ত অদ্যকার তারিখপর্য্যন্ত নীচের লিখিত সাহেবেরদের দরখাস্ত পাওয়া গিয়াছে ।

শ্রীযুত জে উইলর সাহেব। (Mr J Wheler)

শ্রীযুত ডবলিউ এচ ব্রডহর্ষ্ট সাহেব (Mr W H Brodhurst)

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে । জে পি গ্রাণ্ট ।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী ।

১৭৩৩ নম্বর ।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম ।

নিয়োগ ।

১৮৪৯ সাল ২০ অক্টোবর ।

ত্রিপুরার মাজিস্ট্রেট শ্রীযুত ই সাণ্ডিস সাহেব (Mr E Sandys,) ঐ জিলার দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন ।

১৮৪৯ সাল ২২ অক্টোবর ।

শ্রীযুত উইলর সাহেবের (Mr. Wheler,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত ই সি ক্রাষ্টর সাহেব (Mr E C Craster,) পাবনার জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন ।

১৮৪৯ সাল ২৩ অক্টোবর ।

শ্রীযুত কাপ্তান জে লাঙ্গ সাহেব (Capt J Lang,) গত মাসের ১০ তারিখঅবধি নদীয়ার নদীর সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন ।

শ্রীযুত এচ প্রাট সাহেব (Mr H Pratt,) ও শ্রীযুত বাবু তারকনাথ চাটুয্যা হাবড়াতে গুদাবার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন ।

১৮৪৯ সাল ২৪ অক্টোবর ।

বর্ত্তমান মাসের ১০ তারিখে শ্রীযুত ডবলিউ টি লা সাহেবের (Mr W T Law,) কলিকাতার নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্টী পদে যে নিয়োগ প্রকাশ হয় তাহার পরিবর্ত্তে অন্য হুকুম না হওনপর্য্যন্ত বারুইপুরের নিমক চৌকার সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ জে বাম্বর সাহেব (Mr H J Bamber,) কলিকাতার নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্মও নির্ব্বাহ করিবেন ।

১৮৪৯ সাল ২৫ অক্টোবর ।

মুঙ্গেরের জরীপী কর্ম্মের এক্টিং সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এ মনি সাহেব (Mr. A Money,) জিলা দিনাজপুর ও পূরণিয়া ও রঙ্গপুর ও বগুড়া ও রাজশাহী ও মালদহে ১৮২২ সালের ৭ আইনের নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন ।

ছুটী ।

১৮৪৯ সাল ২১ অক্টোবর ।

পাবনার জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে উইলর সাহেব (Mr J Wheler,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

দারজিলিঙ্গের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এচ এচ বৌলিং সাহেব (Mr H H. Bowling,) আপনার কর্ম্মের আর উপস্থভোগি ব্যক্তিরদের চিকিৎসকতা কর্ম্মের ভারপ্রাপ্ত শ্রীযুত ডাক্তর ওয়াইথকোম সাহেবের (Dr. Withecombe,) প্রতি অর্পণ করিয়া ১৮৪৯ সালের

বিজ্ঞাপন ।

সদর দেওয়ানী আদালতের হুকুম ।

ছুটী ।

১৮৪৯ সাল ২৬ অক্টোবর ।

জিলা পশ্চিম বর্দ্ধমানের বড়যোড়ার মুনসেফ শ্রীযুত বাবু মোহনলাল পাঁড়ে দশহরার বন্দের অতিরিক্ত ছয় দিনের ছুটী পাইয়াছেন ।

১৮৪৯ সাল ৩১ অক্টোবর ।

জিলা ময়মনসিংহের নিকলির মুনসেফ শ্রীযুত বাবু দিগম্বর বিশ্বাস গত আগষ্ট মাসের ২৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চব্বিশ দিনের ছুটী পাইয়াছেন ।

জিলা দিনাজপুরের পত্নীতলার মুনসেফ শ্রীযুত সৈয়দ খাদিম হুসেন বর্ত্তমান মাসের ১৯ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন ।

দিনাজপুরের অতিরিক্ত মুনসেফ শ্রীযুত বাবু মাণিকচন্দ্র সোম বর্ত্তমান মাসের ১৯ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন ।

জিলা দিনাজপুরের পত্তিরামের মুনসেফ শ্রীযুত বসির উদ্দীন মহম্মদ বর্ত্তমান মাসের ১৯ তারিখঅবধি আগামি মহরমের বন্দের শেষ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন ।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের সামন্তীর মুনসেফ শ্রীযুত বাবু শ্রীকণ্ঠ সিংহ গত আগষ্ট মাসের ৩১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত আগামি মহরমের বন্দের শেষ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন ।

বি জে কলবিন । রেজিষ্টর ।

১০ নবেম্বর তারিখঅবধি ১৮৫০ সালের ১০ ফেব্রুআরি তারিখপর্য্যন্ত তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২৩ অক্টোবর।

ঢাকার একটিং কমিসনর শ্রীযুত আর এচ মিটন সাহেব (Mr R H Mytton,) আপন কর্ম্মের ভার রাখিয়া রাজধানীতে গমনার্থে এক মাসের ছুটী পাইয়াছেন।

যশোহরের ডেপুটী কালেকটর শ্রীযুত ই ডিরোসারিও সাহেব (Mr E D'Rosario,) গত মাসের ২০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

পাবনার ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু শ্যামচন্দ্র সরকার গত আগষ্ট মাসের ৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২৪ অকটোবর।

মুঙ্গেরের মাজিষ্ট্রেট শ্রীযুত ডি কনলিফ সাহেব (Mr D Cunliffe,) যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ছুটীবিষয়ক স্বধরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২৫ অক্টোবর।

মুরশিদাবাদের মাজিষ্ট্রেট (এইক্ষণে ঐ জিলার একটিং কালেকটর) শ্রীযুত আর পি হারিসন সাহেবকে (Mr R P Harrison,) বর্ত্তমান মাসের ৯ তারিখে যে এক মাসের ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

বাবাণসের আফীসের সহ-ডেপুটী একেন্ট শ্রীযুত জে এচ এম হারবার্ড সাহেব (Mr J H. M Harvard,) স্বীয় স্বাস্থ্যার্থে কেপে এবং অষ্ট্রেলিয়া দেশে গমনার্থ আঠার মাসের ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত আসিষ্টাণ্ট শ্রীযুত সি লিমণ্ড সাহেবকে (Mr C Limond,) গত মাসের ১৩ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ১২ তারিখঅবধি রহিত হইয়াছে ঐ তারিখে তিনি আপন কর্ম্মে প্রত্যাগমন করেন।

ত্রিপুরার মাজিষ্ট্রেট শ্রীযুত ই সাণ্ডিস সাহেবকে (Mr E Sandys,) আগষ্ট মাসের ১১ তারিখে ও অক্টোবর মাসের ৯ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ৫ তারিখঅবধি রহিত হইয়াছে ঐ তারিখে তিনি স্বীয় কর্ম্মের ভার গ্রহণ করেন।

বাকরগঞ্জের ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এচ রাইলি সাহেবকে (Mr J H Reily,) গত আগষ্ট মাসের ২৮ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ৩ তারিখঅবধি রহিত হইয়াছে ঐ তারিখে তিনি স্বীয় কর্ম্মে প্রত্যাগমন করেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ১১ অক্টোবর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনররিল ডেপুটী গবরনর সাহেব ভারতবর্ষের গবর্ণমেণ্টের সম্মতিক্রমে হাবড়ার ও শ্রীরামপুরের নীচের লিখিত গ্রাম এইক্ষণে যে থানার এলাকাভুক্ত আছে তাহা হইতে খারিজ করিয়া ঐ২ গ্রামের স্থান বিবেচনায় যে থানাভুক্ত করা উচিত তাহাতে দাখিল করিবার অনুমতি দিয়াছেন।

যে২ গ্রাম যে২ থানাহইতে খারিজ হইবেক তাহার কৈফিয়ৎ।

থানা শালকিয়ার	থানা উলুবেড়িয়ার	থানা রাজাপুরের	থানা আমতার	শ্রীরামপুরের জাইন্ট মাজিষ্ট্রেটীর
শ্রীরামপুরের	শালকিয়াতে	উলুবেড়িয়াতে		শালকিয়াতে
রঘুনাথপুর	ইচ্ছাপুর	সদরআলম		পাগুচক
উলুবেড়িয়াতে	শঙ্করদহ	চক সদরআলম		বড়গাছি
শলাভিয়া	অমরিয়া	পশ্চিমসুবরাবা		জগদীশপুর
বাহিরজলা কাগুয়া	শঙ্করদহ	সুবরাবা		
ভবানন্দপুর	অমরিয়া			
সাধপুর	জঙ্গলপুর			
মনোহরপুর	আবগরে			
মাতারি	খুরারিয়া			
গন্ধর্ব্বপুর	পাদরা			
নাকঘরা	পাঁচপাড়া			
পানিঘাদা	জঙ্গলপুর			
বেলডুবি	বাসুদেবপুর			
নলপুর	রাধাদাগী			
দাওকাল	ধুলিয়া			
সাঙঘরা	[illegible] বহাট			
ধামসা	নীলকণ্ঠপুর			
খোআজপুর	চতুর্ভুজকাঁথি			
শাহাপুর	মাকুয়া			
খাসখামার	নয়াচক			
চকউলি	মাদারগাছি			
চকশ্রীকৃষ্ণ	গোবিন্দপুর			
চকমধু	শালুন্দবেড়িয়া			
রঘুদেবপুর	ভগবতীপুর			
বাসুদেবপুর	উঞ্জাপুর			
ঘোষালচক	ছোট গদাঘাট			
ভুতীখালি	চকএলং			

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ৬ নবেম্বর।]

থানা শালকিয়ার।	থানা উলুবেড়িয়ার	থানা রাজাপুরের	থানা আমতার	শ্রীরামপুরের জা ইণ্ট মাজিষ্ট্রেটীর
বলরামপাথা	রাজাপুরে			
চড়াগুড়ীখালি	জগন্নাথপুর			
রায়েরচড়া	বরাহাজুলিয়া			
শিবরামচক	বাজেবাস্তপুব			
পরমানন্দচক	চকসাদৎ			
আয়মা চড়া বুদিয়া	জবিৎপুর			
রামেশ্বরবাটী	বামনপাড়া			
বাউদিয়া	নায়কুলি			
বায়খালি	হাবিবপুব			
চক কাশী	বোড়াইহাটি			
খাজিরী	শিবানব			
বুড়িখালি	কৃষ্ণানন্দপুব			
বামেশ্বর নগব	কাজিপাড়া			
রাধাবল্লভপুব	শঙ্করাহাটি			
ধরিচক	বামপুব			
	বিশ্বনাথপুব			
	ঘনশ্যামপুব			
	দাক্ষেশামপুর			
	নবেন্দ্রপুর			
	পাইকপাড়া			
	গড় বৌলিয়া			
	জাবিনবৌলিয়া			
	বামনপাড়া			
	ঘোষালবাটি			
	কুডারপুব			
	নন্দনপুর			
	মুলগাছি			
	বণমণ্ডল			
	যাদববাটি			
	সন্তোষপুব			
	মদগোকুর			
	উত্তবমাজু			
	চানন্দাকলি			
	পিজাগাছিয়া			
	পানবা			
	হরিনারায়ণপুব			
	ফুটিগাছিয়া			
	সিদ্ধেশ্বব			
	আন্দবাবপুর			
	জয়বামপুব			
	আমতার।			
	নাবিন্দীপুব			
	মল্লাবচক			
	ক নটপতা			
	ক বদকাচা			
	উত্তবমাজু			
	মধ্যমাজু			
	দক্ষিণমাজু			
	যাতশাবারাম			
	কাগগাছিয়া দিবা			
	গৌবীপুর			
	গোবিন্দপুর			
	বাউটন			
	নতুগাছাদিয়া			
	সাতা			
	পুলগাছাদিয়া			
	সতুগাছাদিয়া			
	মকটাহাতি			

থানা শালকিয়ার	থানা উলুবেড়িয়ার।	থানা রাজাপুরের	থানা আমতার	শ্রীরামপুরের জা ইণ্টম্যাজিষ্ট্রেটের
	জলালসই			
	মল্লিকপুর			
	যোতকাবরা			
	বামদেবপুর			
	ইশমালপুর			
	গোপীনাথপুব			
	বায়দেবপুব			
	কাজিবেড়			

যে থানাতে যে গ্রামভুক্ত হইবেক তাহার কৈফিয়ৎ।

থানা শালকিয়াতে	থানা উলুবেড়িয়াতে	থানা রাজাপুরে	থানা আমতার	শ্রীরামপুরের জাইণ্ট মাজি-ষ্ট্রেটীতে
	শালিকিয়াব	উলুবেড়িয়াব	উলুবেড়িয়াব	সাসিকিয়াব
উলুবেড়িয়ার	সোলাটিয়া	জগন্নাথপুর	নাবিন্দীপুব	বঘুনাথপুর
ইচ্ছাপুর	বাবাবজলা কামদুয়া	বড়বাঙ্গালিয়া	মলার চক	
শঙ্করদহ	ভবানন্দপুব	বজাহিবিষ্ণুপুর	চক নটপতা	
অমরিয়া	লাদপুব	চকসাদৎ	চক বদকাচা	
শঙ্কর দহ	মনোহবপুব	ভবিৎপুব	উত্তব মাজু	
অমরিয়া	মাতাবি	বামনপাড়া	মধ্য মাজু	
জঙ্গলপুব	গন্ধর্ব্বপুব	নায়কুলি	দক্ষিণ মাজু	
আরগনে	নাকঘবিয়া	হাবিজপুব	যোড শোভাবাম	
মাকুয়া	পাড়িয়াদহ	বুড়িহাটি	কাগগাছিয়া দিবা	
গোয়াবেড়িয়া	বেলডুবি	শিবানব	গবিপুব	
পদরা	নন্দপুব	কৃষ্ণানন্দপুব	গোবিন্দপুর	
পাঁচপাড়া	ডোকা	কাজিপাড়া	বান্টোব	
জঙ্গলপুর	সাতঘবা	শঙ্কবাবাটী	বড়গাছা দিয়া	
বাসুদেবপূব	বাইনসা	বামপুব	লাথা	
বাধাদাসী	গোবাজপুব	বিশ্বনাথপুব	পুলগাছা দিয়া	
ধুলিয়া	শাহাপুব	ঘনশ্যামপুব	বড়গাছা দিয়া	
যোড়হাট	খাসখামম	দঙ্গেশ্যামপুব	মাকালহাটি	
নীলকণ্ঠপুব	চকউলি	নবেন্দ্রপুব	জলাল সই	
চতুর্ভুজকাটি	চক শ্রীকন্ঠ	পাইকপাড়া	মল্লিকপুব	
নয়াচক	চকমধু	গড়বৌলিবা	যোত কায়বা	
মাদার গাছি	বঘুদেবপুব	জবিন বৌলিয়া	বামদেবপুব	
গোবিন্দপুব	বাসুদেবপুব	বামনপাড়া	ইশমালপুব	
শালুক বেড়িয়া	ঘোষালচক	ঘোষালবাটী	গোপীনাথপুব	
ভগবতীপুব	সুদিখালি	কুণ্ডাবপুব	বামদেবপুব	
কসুরাপুব	বলবামপথা	নন্দনপুব	কাজাবাএব	
ছোট গদাঘাট	চড়া শুণ্ডিখালি	মুলগাছিয়া		
চক এসৎ	বামেবচড়া	বণমহল		
শ্রীরামপুরেব	শিবনাবায়ণচক	যাদববাটী		
পান্দার চক	পবমানন্দচক	সন্তোষপুব		
বড়গাছি	আয়মাচড়া বুদিয়া	মদ্গকব		
জগদীশপুব	বামেশ্ববাটী	উত্তব মাজুরা		
	বাউদিয়া	চানপ্তকবি		
	বামনখালি	পিজাগাছিয়া		
	চক কাশী	পাওবা		
	খাজিবী	হবিনাবায়ণপুব		
	বুড়িখালি	ফুটিগাছা		
	বামেশ্ববনগব	সিদ্ধেশ্বব		
	বাধাবল্লভপুব	আবকাবপুব		
	ধবিচক	জয়বামপুব		
	রাজাপুরের			
	সদব আলম			
	চক সদর আলম			
	পশ্চিম সুবরাবা			
	সুবরাবা			

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ৬ নবেম্বর।]

১৮৪৯ সাল ২৪ অক্টোবর।

শ্রীযুত পাদরি টি ডবলিউ শা সাহেব (Reverend T W Shaw,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের আসিষ্টাণ্ট ধর্ম্মোপদেশকর্ত্তা পদে নিযুক্ত হইয়া "উএলেসলি" নামক জাহাজে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৩ তারিখে খাজুরীতে পঁহুছে।

১৮৪৯ সাল ২৬ অক্টোবর।

সারণের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর এ সিম্‌সন সাহেব (Dr A Simpson,) বর্ত্তমান মাসের ১৪ তারিখে আপন কর্ম্মে পঁহুছেন।

শ্রীযুত এ মনি সাহেব (Mr A Money,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে মুঙ্গেরের জবীপী কর্ম্মের ভার শ্রীযুত জে ওয়ার্ড সাহেবের(Mr J Ward,) স্থানে গ্রহণ করেন।

চম্পারণের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি সি ফ্লেচর সাহেব (Mr G C Fletcher,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত আর জে বিচার্ডসন সাহেবের (Mr R J Richardson,) স্থানে পুনর্গ্রহণ করেন।

ঢাকার জিবিল ও সেশন জজ শ্রীযুত এচ সুইটনহাম সাহেব (Mr H Swetenham,) বর্ত্তমান মাসের ২২ তারিখে আপনার সিরিশতার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত মৈয়দ আব্বাস আলীর স্থানে পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত এ জি মাকডনাল্ড সাহেব (Mr. A G. Macdonald,) বর্ত্তমান মাসের ১৯ তারিখে দিনাজপুরের কালেক্টরীর ভার শ্রীযুত আর স্কট সাহেবের (Mr. R. Scott,) স্থানে গ্রহণ করেন।

পাবনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে উইলর সাহেব (Mr J Wheler,) বর্ত্তমান মাসের ১৯ তারিখে আপনার কর্ম্মের ভার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জি আর বারি সাহেবের (Mr G R Barry,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট জে এস ডেবিস সাহেব (Lieutenant J S Davies,) বর্ত্তমান মাসের ১৯ তারিখে দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের ছোট আসিষ্টাণ্টী পদ গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS — ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

এহলানামা কাছারী কালেক্টরী জিলা যশোর।

সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারা মোতাবেক সংবাদ দেওয়া যাইতেছে যে নীচের লিখিত বাকীপড়া মহালাত অত্র কালেক্টরী কাছারিতে শ্রীযুত কালেক্টর সাহেবের হুজুরে সন ১৮৪৯ সালের ১৩ নবেম্বর বাঙ্গলা সন ১২৫৬ সালের ২৯ কার্ত্তিক রোজ মঙ্গলবার দিনা ওজরে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৪৯ সাল তারিখ ২৪ অক্টোবর বাঙ্গলা সন ১২৫৬ সাল তারিখ ৯ কার্ত্তিক।

শ্রেণীর নম্বর	মহালের প্রকার	রেজিষ্টরি নম্বর	মহালের নাম	মালেকের নাম	সদর জমা	বাকী লাং ভাদ্র সন ১২৫৬।	বর্ত্তেয়া বাকী	একুন বাকী	কৈফিয়ৎ
১	এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল	৩২৩	কিং শ্রীকালদিগর পং মাহামুদশাহি	গুরুদাস চৌধুরী ওগয়রহ	২০৫॥০	১০৫৲	০	১০৫৲	ষোল আনা নীলামে বিক্রী হইবেক ইতি।
ঐ	ঐ	২১৮	কিং ধুড়ুবাহাটী পং হাবেলী	খোনকার গোলাম হোসন দং এবরাহিম হোসন খোনকার	১৫৫/৭	৫০॥৶৬	০	৫০॥৶৬	ঐ
২	ঐ	৩১৭৫ ২৫৬৩	কিং চন্দ্রপুর বসিক নগর পং মাহামুদ শাহী	তিলকচন্দ্র বকসি চৌধুরী	৮৪।০	০	৪২।০	৪২।০	এই মহাল ছানী নীলামে বিক্রী হইবেক ইতি।
ঐ	এস্তমুরারী জমা ধার্য্য না হওয়া মহাল	২৯	চক ওঁড়াবুনিয়া মোং সুন্দরবন	কাজী আবদুল রহিম	৩২২।৶৯	৩৫৲	০	৩৫৲	ষোল আনা নীলামে বিক্রী হইবেক ইতি।

C D Russell, *Collector*

সন ১৮৪৫ ইং ১ আইনের ৬ দফামতে এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিতমতে ইং ১ লাগাএত ১০ নং জিলে ত্রিপুরার মোতালক পরগনে বরদাখতি হিং ৷৷৶১৩। ক্রান্তের অন্তঃপাতী জোওয়ার বহুল্যা'বাদের ইজারাদার বাসিরাম শাহা ও রামচন্দ্র দাসের জিম্মার সন ১২৫৫ সনের বাকী খাজানা আদায় কারণ তাহারদিগের জামীনদার কালীকান্ত মজুমদারের জামীনীর লিখিত বিস্ত গং ও ইং ১১ লাগাএত ১৫ নং পং টৌরা হিং /১৬৷৷–১০ ক্রান্তের মধ্যগত তিং আক্রুটপুর গএরহের ইজারাদার কৃষ্ণচরণ মজুমদারের জিম্মার ঐ সনের বাকী খাজানা আদায় কারণ কৃষ্ণচরণ মজকুরের নিজ ও তস্য জামীনদার অন্নপূর্ণা ও হরসুন্দরীর জামিনীর লিখিত মিলকিয়ত গং সন ১৮৪৯ ইং নবেম্বর মাসের ১৩ তারিখ মোতাবেক সন ১২৫৬ সনের কার্ত্তিক মাসের ২৯ তারিখ রোজ মঙ্গলবার কালেক্টর সাহেবের কাছারীতে নীলাম করা যাইবেক এবং নিশ্চয় বিক্রী হইবেক ইতি সন ১৮৪৯ ইং ২৩ অক্টোবর।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজীর মহলের নম্বর	জামীনদার ও মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	ইজারা মহালের বাকীর সংখ্যা	কৈফিয়ৎ
১	এস্তেমেরারী জমা ধার্য্য হওয়া মহাল	১০৫৪	পং মহরতপুর তাং কালিকাপ্রসাদ মজুমদারের মধ্যগত হিং /১৩।– অন্দরে জামীনীর লিখিত হিস্যা এক আনা জমা ২২৩।৵ আনা	কালিকাপ্রসাদ আহামুদ রাজা সরস্বতী শ্রীমতী কালীতারা শ্রীমতী করুণাময়ী লক্ষ্মীপ্রিয়া বৃন্দাবন দেও	৩০২০৸১০	১৮৬১৸১০	
২	ঐ	ঐ	উপরের লিখিত তালুক মধ্যে জামীনীর লিখিত হিস্যার অতিরিক্ত কালীকান্ত মজুমদার জামীনদারের অবশিষ্ট হকিয়ৎ	তথা	৩০২০৸১০	তথা	
৩	ঐ	১১৩৮	পং মহরতপুর তাং রামকৃষ্ণ তর্কালঙ্কার মধ্যে কালীকান্ত মং জামীনদারের হকিয়ৎ	রামপ্রসাদ দেও কৃষ্ণকান্ত চক্রবর্ত্তী কালীকান্ত মজুমদার	২৪১৮২	তথা	
৪	•	•	পং সিংহের গাও মৌজে আস্টা কালীকান্ত জামীনদারের বসতবাড়ির জমীন ও তথার পক্কন দলান ও চৌদেওয়ারি ও ঘাটলা মধ্যে জামীনদার মজকুরের হকিয়ৎ	কালীকান্ত মজুমদার	•	তথা	
৫	এস্তেমেরারী জমা ধার্য্য হওয়া মহাল	১২০৮	পং মহরতপুর তালুক কৃষ্ণনারায়ণ মধ্যে কালীকান্ত জামীনদারের হকিয়ৎ	গোপালকৃষ্ণ মজুমদার বলরাম বসু মধুসূদন বসু মুক্তামালা গোলোকচন্দ্র বর্দ্ধন	৭৭।১	তথা	
৬	ঐ	৬৬৪	পং সিঙ্গের গাও তাং হরহরি মজুমদার মধ্যে কালীকান্ত জামীনদারের হকিয়ৎ	শ্রীমতী মুক্তা মালা গোপালকৃষ্ণ মজুমদার বলরাম বসু মধুসূদন বসু গোলোকচন্দ্র মজুমদার	৪১৭।৯	তথা	
৭	ঐ	৫০৫	পং সিঙ্গে রগাও তাং জয়কাশী মজুমদার মধ্যে কালীকান্ত জামীনদারের হকিয়ৎ	শ্রীমতী সরস্বতী উদয়চন্দ্র মজুমদার	১৮২৷৷৴৯	তথা	

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজীর মহ-ল্লের নম্বর	জামীনদার ও মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	ইস্তাবা মহালের বাকীর সংখ্যা	কৈফিয়ৎ
৮	এস্তমেরারী জমা ধার্য্যাহওয়া মহাল	১১৬৩	পং মহবতপুর তাং রামলোচন শূর মধ্যে কালীকান্ত জামীনদারের হকিয়ৎ	উদয়চন্দ্র মজুমদার	১৫৬২	তথা	
৯	ঐ	১১৭৮	পং তথা তাং শঙ্কর শর্ম্মা মধ্যে কালীকান্ত জামীনদারের হকিয়ৎ	কালীকান্ত উদয়চন্দ্র মজুমদার	৪৸১০	তথা	
১০	মেয়াদী বন্দোবস্তী	৩১২	১১৩ নং টানচর বালুচর পত্তনী কেবলরাম মজুন্দার গং মধ্যে জামীনদারের হকিয়ৎ	কেবলরাম মজুমদার ও জগচ্চন্দ্র মজুমদার ও কাশীকান্ত মং	১১৫৸৪	তথা	
১১	এস্তমেরারী জমা ধার্য্য হওয়া মহাল	১০২৯	পং মহবতপুর তাং রামধন মজুমদারের ।/১৩ হিস্যা ষোল আনা রকমে হিস্যে ৸০ আনা	শ্রীমতী হরসুন্দরী শ্রীমতী অন্নপূর্ণা চৌধুরাইন কৃষ্ণচরণ মজুমদার শ্রীমতী উজ্জ্বলমণি	১১৮৯৸/১০	১৩৩১॥৶১	
১২	•	•	পং মহবতপুর মৌং শীলন্দীয়া কৃষ্ণচরণমজুমদার ইস্তাবাদার বাকীদারের বসত বাড়ি মায় দুই দলান মধ্যে ইস্তাবাদার মজকুরের হকিয়ৎ	কৃষ্ণচরণ মজুমদার ইস্তাবাদার	•	তথা	
১৩	এস্তমেরারী জমা ধার্য্যহওয়া মহাল	১০২৯	১১ নম্বরের লিখিত তালুক মধ্যে ইস্তাবাদার মজকুরের উক্ত একরারের অতিরিক্ত হকিয়ৎ যে থাকে	শ্রীমতী হরসুন্দরী শ্রীমতী অন্নপূর্ণা চৌধুরাইন কৃষ্ণচরণ মং ও শ্রীমতী উজ্জ্বলমণি	১১৮৯৸/১০	তথা	
১৪	ঐ	ঐ	পং মহবতপুর তালুকরামধন মং মধ্যে ।/১৪॥ ১০ হিস্যা ষোল আনা রকমে ৸০ আনা হিস্যা জামীনীর লিখিত হরসুন্দরী ও অন্নপূর্ণা জামীনদারের হকিয়ৎ	তথা	তথা	তথা	
১৫	ঐ	ঐ	উক্ত তালুক মধ্যে জামীনীর লিখিত বিষের অতিরিক্ত জামীনদারানের হকিয়ৎ যে থাকে	তথা	তথা	তথা	

O W MALET, Offg Collector

এডভানায়া কাছারী কালেক্টরি জেলা বাকরগঞ্জ।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ ইং ১ প্রথম আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নীচের লিখিত মহালাতের সন ১২৫৬ বাং লাং কীস্তি ভাদ্রের পাওনা বাকী মালগুজারি এবং অন্যান্য যে দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারির ন্যায় আদায় করার হুকুম আছে তাহার নিমিত্তক সন ১৮৪৯ ইং ১২ নবম্বর মোতাবেক সন ১২৫৬ বাং ২৮ কার্ত্তিক রোজ সোমবার এই কালেক্টরি কাছারিতে বিনাওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৯ ইং তারিখ ২০ অক্টোবর মোং সন ১২৫৬ বাং ৫ কার্ত্তিক।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা কোম্পানি	বাকী পাওনা সরকার লাংকিস্তী ভাদ্র সন ১২৫৬	মন্তব্য কথা
৬	বাকী মালগুজারি যে রূপ আদায় হয় সেই রূপ আদায় করণের দাওয়ার নিমিত্ত বিক্রয়হওয়া মহাল	সাবেক নম্বর ১১৪ হাল নম্বর ১১৩	বীরমোহন পরগনা	ছুরওবনেছাখাওন হিং/৩ গণ্ডা ও রামনারায়ণ রায় ও রঘুরাম রায় ও রাজারাম রায় ও রাম রায় হিং ॥/১৬৮৪ ॥ তিল ও হরিনাথ রায় হিং ৮১তিল ও রামকান্ত রায় ও হরেকৃষ্ণ রায় ও রামতনু রায় ও গোবিন্দপ্রসাদ রায় ও ঈশ্বরচন্দ্র রায় ও জয়মণি দেব্য হিং ১৯/৪ ॥ তিল ও দুর্গাচরণ চট্টোপাধ্যায় হিং ।০ ।/ ১০ তিল	৭৫৬ ।/৫	জমা ওয়াসীল বাকী ও নিষ্কর ভূমির কগজাত এই মহালের বাঁটওয়ারার আমীনের নিকট ন দেওয়াতে দৈনিক জরীমানা ৭৬	এই মহালের ॥/১৬৮৪ ॥ তিল হিস্যা রামনারায়ণ রায় ও রঘুরাম রায় ও রাজারাম রায় ও রাম রায়ের যে স্বত্ব তাহা জরীমানার টাকা আদায়নিমিত্তক নীলাম বিক্রয় হইবেক।
ঐ	ঐ	সাবেক নম্বর ১৪৬৭ হাল নম্বর ১৪৪৪	খাং পং বোজর্গ ওমেদপুর গোপালকৃষ্ণ দাস তালুক	ডাক্তর ক্রেমণ্ড	৩১৭৬৮	তলবি কাগজ না দেওয়াতে জরীমানা হয ১৪৪০৲	এই মহালের মধ্যে মানওয়াল কামেল কেরু সাহেবের যে স্বত্ব ও হক তাহা সপ্তম দ্বরের লিখিত জরীমানা আদায় কারণ নীলাম বিক্রয় হইবেক।
ঐ	ঐ	সাবেক নম্বর ১৪৭৬ হাল নম্বর ১৪৭৩	খাং পং ঐ গোবিন্দপ্রসাদ দত্ত তালুক	ঐ	১৫৮ ।১	ঐ	ঐ
ঐ	ঐ	সাবেক নম্বর ১৬৩১ হাল নম্বর ১১২৮	খাং পং ঐ রামপ্রসাদ তালুক	ঐ	৬৫২৬৮৩	ঐ	ঐ

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ৬ নবেম্বর।]

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা কোম্পানি	বাকী পাওনা সরকার লাং কিস্তী ভাদ্র সন ১২৫৬	মন্তব্য কথা।
৬	বাকী মাল্গুজারী যেরূপ আদায় হয় সেইরূপ আদায় করণের দাওয়ার নিমিত্ত বিক্রয় হওয়া মহাল অন্য মহালের বরং পাওনা বাকী মালগুজারি নিমিত্তে যে মহাল নীলাম হয় তাহা	সাবেক নম্বর ১৬৫৮ হাল নম্বর ১৬৫৫	খাং পং বোজর্গ ওমেদপুর শ্যামগোবিন্দ ঘোষ তাং	ডাক্তর ক্লেমণ্ড	২১৯/৮॥	তলবি কগজ না দেওয়াতে জরীমানা হয়	এই মহালের মধ্যে মালওয়াল কাম্মেল ফেবরু সাহেবের যে স্বত্ত্ব ও হক তাহা সপ্তম ঘরের লিখিত জরীমানা আদায় কারণ নীলাম বিক্রয় হইবেক।
৪		সাবেক নম্বর ১৯৮৮ হাল নম্বর ১৯৪৪	খাং পং জালালপুর রামকৃষ্ণ রায় তাং	রামমোহন রায় হিং ৷৵১০ আনী রাজকৃষ্ণ বিশ্বাস হিং ৵২॥ জানকীনাথ মৈত্র হিং ৷৫ আনী ও জগচ্চন্দ্র মুখুয্যা হিং ৵২॥	৬৪০৸১০	খাজানা লাং কিস্তী ভাদ্র সন ১২৫৬ ১৭১৲	২৩৮ নং পং জালালপুর চরকানকিনী ইজারা সূর্য্যমণি দেব্যা ও শিবসুন্দরী দেব্যা ও শ্যামাসুন্দরী দেব্যা ও ব্রহ্মময়ী ও রাজগোবিন্দ রায় ও হরগোবিন্দ রায় ও রামসুন্দর রায় ও কৃষ্ণমে হন সরদার ও নুরনেছা খাওন এই মহালের সন ১২৫৬ বাং লাং কিস্তী ভাদ্রের বাকী খাজানা মং ১৭১৲ টাকা আদায় নিমিত্তে চতুর্থ ঘরের লিখিত জায়দাদ মধ্যে জানকীনাথ মিত্র হিং ৷৫ আনী ও জগচ্চন্দ্র মুখুয্যা হিং ৵২॥ একুনে ৷৵৭॥ শিবসুন্দরী দেব্যা ও ব্রহ্মময়ী দেব্যা ও শ্যামাসুন্দরী দেব্যা ও সূর্য্যমণি দেব্যা একবারদেহেন্দাগণের হক নীলাম বিক্রয় হইবেক।
ঐ	ঐ		থানে নলছিটী পং সীলিমাবাদওগয়রহ হিং ৻১৩ গণ্ডা জমিদার শ্রীমতী রাজমণি চৌধুরাণীগয়রহ মধ্যে কিসমত বহরমপুর ও বাবৈআড়া বং তালুক নজীরাম রায় হক নবকৃষ্ণ রায় ও কৃষ্ণমঙ্গল রায় নীলাম খরিদ জগচ্চন্দ্র কর বং খোদ জামীনদার।	জগচ্চন্দ্র কর জামীনদার	৩১॥৭॥	খাজানা ৪৫৲ মালিকানা ৫৲ ———— ৫০৲	১০২ নং পং সীলিমাবাদ চক কদমতলা ইজারা রাজকুমার রায় এই মহালের সন ১২৫৬ বাং লাং কিস্তী ভাদ্রের খাজানা মায় মালিকানা মং ৫০৲ টাকা আদায় কারণ চতুর্থ ঘরের লিখিত জায়দাদ মধ্যে জগচ্চন্দ্র কর জামীনদারের যে হক তাহা নীলামে বিক্রয় হইবেক।
ঐ	ঐ		থানে মেন্দীগঞ্জ পং শিবপুর তালুক কৃষ্ণরাম পঞ্চানন ঠাকুর ও বলরাম বাচস্পতি ঠাকুর মধ্যে হাওলা নাথুল্লা উকিল গোলমামুদ মালিক দখীলকার সমসরুদ্দীন মোল্লা।	সমসরদ্দীন মোল্লা	২২৷৵	খাজানা ২॥৵২॥ মালিকানা ৷৯॥ ———— ৩৲	২২২ নং পং উত্তর শাহাবাজপুর দবিচর মনসা ইজারা সমসরদ্দীন মোল্লা এই মহালের সন ১২৫৬ বাং লাং কিস্তী ভাদ্রের খাজানা মব মালিকানা মং ৩৲ টাকা আদায় নিমিত্ত চতুর্থ ঘরের লিখিত জায়দাদ মধ্যে সমসরুদ্দীন মোল্লার যে হক তাহা নীলামে বিক্রয় হইবেক।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা কোম্পানি	বাকী পাওনা সরকার লাং কিস্তী ভাদ্রু সন ১২৫৬	মন্তব্য কথা
৪	অন্য মহালের বাবৎ পাওনা বাকী মালগুজারি নিমিত্তে যে মহাল নীলাম হয় তাহ	•	থান ও পরগনা ও তালুক ঐ হাওলা, বনামে তোক বিবি মালিক দখীলকার ঐ	সমসরুদ্দীন মোল্লা	১৭।৹	খাজানা ২॥৴২॥ মালিকানা ।৯৭ ——— ৩৲	২২২ নং পং উত্তর শাহাবাজপুর দরি চর মনসা ইজারা সমসরুদ্দীন মোল্লা এই মহালের সন ১২৫৬ বাং লাং কিস্তী ভাদ্রের খাজানা, মায মালিকানা মং ৩৲ টাকা আদায় নিমিত্তে চতুর্থ ঘরের লিখিত জায়দাদ মধ্যে সমসরুদ্দীন মোল্লার যে হক তাহা নীলামে বিক্রয় হইবেক।
ঐ	ঐ	•	থান পরগনা তালুক ঐ হাং মামুদ হানিফ চৌকীদার নিমকা সমসরুদ্দীন মোল্লা মালিক দখীলকার খোদ	ঐ	৩৪৴	ঐ	ঐ
ঐ	ঐ	•	থানে মেন্দীগঞ্জ তর্পে অজীমপুর জমিদারি রাজারাম দত্ত চৌধুরী মৌজে আন্দারমানিক হাওলা, বনামে অমরকিশোর মজুমদার মুনাফত সেন হবরুর দখীলকার নিজ অমরকিশোর মজুমদার এন্তবারদেহেন্দ।	অমরকিশোর মজুমদার	৪৩॥	খাজানা ৭৲	নং ১ পং জাহাপুর জনকর জাহাপুর ইজার রামকানাই দাস ও অমরকিশোর মজুমদার এই মহালের সন ১২৫৬। লাং কিস্তী ভাদ্রের খাজানা মং ৭০৲ টাকা আদায় কারণ চতুর্থ ঘরের লিখিত জায়দাদ মধ্যে অমরকিশোর মজুমদারের যে হক তাহা নীলামে বিক্রয় হইবেক।
ঐ	ঐ	•	থানা ও জমিদারি ও মৌজে ঐ হাওলা বং রামকানাই দাস মুনাফত বোলশ।	রামকানাই দাস	২৩৴	ঐ	উক্ত মহালের উক্ত বাকী আদায় কারণ চতুর্থ ঘরের লিখিত জায়দাদ মধ্যে রামকানাই দাসের যে হক তাহা নীলামে বিক্রয় হইবেক ইতি।

F. E Read, *Collector*

NOTICE

Required a Treasurer for the Calcutta Collectorate, who will be required to deposit, Government P Notes to the amount of Rs 10,000 as Security Salary for the present Rs 25 Candidates are requested to apply to the Collector of Calcutta.

Calcutta, the 30th October, 1849

বিজ্ঞাপন।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি শহর কলিকাতা এই যে যেহেতু অত্র কাছারির খাজাঞ্চীগীরি কর্ম্ম খালী এমতে জানান যাইতেছে খাজাঞ্চীর বেতন এইক্ষণে ২৫৲ টাকা যে কেহ উক্ত কর্ম্মের প্রার্থনীয় আছহ ১০,০০০ দশ-হাজার টাকার কোম্পানির কাগজ সহ কলিকাতার শ্রীযুত কালেকটর সাহেবের হজুরে উপস্থিত হইয়া প্রার্থনীয় হইবা ইতি।

সন ১৮৪৯ সাল তারিখ। ৩০ অকটোবর।

THE LEASE of 3 as 16 g 3 c 1½ kt Sudder Jummah Rs 11,168 9 as 10 p, Pergunnah Cutwa Ameerabad and Bedeeabad, under the management of the Court of Wards, will expire on the 30th of April next, when this Mehal, at present let at a rent 1 of 14,933 Rs 5 as 4 p will be re let, and parties wishing to take this farm during the minority of the Ward on a lease of Five years, may apply to the Deputy Collector of Bhullooah on or before the 1st of March next, and such parties should be prepared with security The offer that may be most advantageous for the Minor's estate will be accepted

E LATOUR, *Deputy Collector*

Bhullooah, Deputy Collector's Office, the 26th June, 1849

এস্তেহারনামা কাছারী ডেপুটী কালেক্টরী জিলে ভুলুয়া এই যে

সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে প্রচার করা যাইতেছে যে কোর্ট আফ ওয়ার্ডসের অধীনস্থ পরগনে কাদরা ও আমিরাবাদ ও বেদরাবাদের ৵১৬৸/১০ ক্রান্ত হিস্যার ইজারার মোয়াদ আগত ৩০ আপ্রেল তারিখে সমাপ্ত হইবেক ঐ মহালের সদর জমা ১১,১৬৮॥/১০ পাই ও বর্ত্তমান ইজারদার ১৪,৯৩৩।/৪ পাই জমাতে বন্দোবস্ত করিয়া লইয়াছিল অত্র মহাল আগত সন১৮৫০ সালের ১ মেইঅবধি নাবালগানের বয়স প্রাপ্তের দিন অর্থাৎ ১২৫৭ সালহইতে ১২৬১ সালপর্য্যন্ত ৫ পাঁচ বৎসরের কারণ বন্দোবস্ত করা যাইবেক অতএব যে কেহ ঐ মহালের বন্দোবস্ত করার প্রার্থনা রাখহ সন ১৮৫০ সালের ১ মার্চ তারিখে অথবা তাহার পূর্ব্বে জিলে ভুলুয়ার ডিপুটী কালেকটর সাহেবের নিকট প্রার্থনা করিলে যে ব্যক্তিকর্ত্তৃক মহালের অবস্থা ভাল হইবার সম্ভব তাহার সহিত বন্দোবস্ত করা যাইবেক ইতি। সন ১৮৪৯ সাল তারিখ ২৮ জুন।

মেষ্টর এডওয়ার্ড লাটওর। ডেপুটী কালেক্টর।

MISCELLANEOUS ADVERTISEMENTS সাধারণ ব্যক্তিবদের ইশ্তিহার।

বিসিবর আফিস।

বাজার ইজারা।

নবকৃষ্ণ মিত্রদিগর বাদী হরিশ্চন্দ্র মিত্রদিগর প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত মারিস ফিট জেরাল্ড সেণ্ডস সাহেব আগামি ১১ নবেম্বর বুধবার বেলা দুই প্রহর এক ঘন্টার সময় তাঁহার আফিসে শহর কলিকাতার চাদনিচক বাজারের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হযেন তাঁহারা ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

রিসিবর আফিস কোর্ট হৌস। ১ নবেম্বর ১৮৪৯ সাল।

[*Government Gazette, 6th November,* 1849]

আগামি বৃহস্পতিবার ১৫ নবেম্বর তারিখে শ্রীরামপুরের ছাপাখানাতে এই পুস্তক প্রকাশ হইবেক

বিশেষতঃ

সিবিল গাইড।

অর্থাৎ

দেওয়ানী আইনের সংগ্রহ

শ্রীযুত জান মার্শমন সাহেবকর্ত্তৃক সংগৃহীত।

দ্বিতীয়বার প্রকাশিত হয।

১৮৪৩ সালে এই পুস্তক প্রথমবাব প্রকাশিত হওনের পরে যে সকল আইন ও সরক্যুলর অর্ডর ও আইনেব অর্থ জারী হইযাছে তাহা এই পুস্তকে ছাপা হইল। তদ্ভিন্ন সদর দেওয়ানী আদালতেব নিষ্পত্তিহওযা আট শতেবও অধিক মোকদ্দমার বিপোর্ট অর্থাৎ নজিব এই পুস্তকে ছাপা হইযাছে। পুস্তকেব মূল্য ৩২৲ টাকা মাত্র।

যাঁহাবদেব প্রয়োজন হয় তাঁহারা শ্রীরামপুরেব ছাপাখানায আপনারদের ইচ্ছা জানাইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ৬ নবেম্বর।]

শ্রীরামপুরেব যন্ত্রালয়ে শ্রীযুত জান মার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 13, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ১৩ নবেম্বর।

DRAFT O 1 ACT

ACT No —— OF 1849

An Act for the more easy Recovery of Small Debts and Demands in Calcutta, Madras and Bombay

(Continued from page 564)

XLI If upon the day of the return of any summons, or at any continuation or adjournment of the said Court, or of the cause for which the said summons shall have been issued the plaintiff shall not appear, the cause shall be struck out and if he shall appear, but shall not make proof of his demand to the satisfaction of the Court, the Judges may nonsuit the plaintiff or give judgment for the defendant, and, in either case, where the defendant shall appear and shall not admit the demand, may award to the defendant, by way of costs and satisfaction for his trouble and attendance, such sum as they, in their discretion, shall think fit, and such sum shall be recoverable from the plaintiff by such ways and means as any debt or damage ordered to be paid by the same Court can be recovered provided always, that if the plaintiff shall not appear when called upon, and the defendant, or some one duly authorized on his behalf, shall appear, and admit the cause of action to the full amount claimed, and pay the fees payable in the first instance by the plaintiff, the Court, if it shall think fit, may proceed to give judgment, as if the plaintiff had appeared

XLII If on the day so named in the summons, or at any continuation or adjournment of the Court, or cause in which the summons was issued, the defendant shall not appear or sufficiently excuse his absence, or shall neglect to answer when called in Court, the Judges, upon due proof of service of the summons, may issue a writ of attachment to compel the appear-

আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইতে অল্প কর্জ ও দাওয়া পূর্ব্বাপেক্ষা সুগমমতে আদায় করণের আইন।

(৪৬৪ পৃষ্ঠাহইতে চলিতেছে।)

৪১ ধারা। যে দিবসে সমন ফিরিয়া আইসে সেই দিবসে অথবা উক্ত আদালতের বৈঠক কিম্বা যে মোকদ্দমার জন্যে সমন দেওয়া গিয়াছিল সেই মোকদ্দমা যে দিনপর্য্যন্ত স্থগিত হয় সেই দিবসে যদি ফরিয়াদী হাজির না হয় তবে মোকদ্দমার নম্বর খারিজ হইবেক। এবং যদি ফরিয়াদী উপস্থিত হয় কিন্তু আপনার দাওয়ার বিষয়ের আদালতের সন্তোষমতে প্রমাণ দিতে না পারে তবে জজ সাহেবেরা ফরিয়াদীকে ননসুট করিতে পারেন অথবা আসামীর পক্ষে ডিক্রী করিতে পারেন। এবং এই উভয় গতিকে যদি আসামী উপস্থিত হয় কিন্তু দাওয় স্বীকার না করে তবে জজ সাহেবেরা আসামীকে তাহার খরচার জন্যে ও তাহার ক্লেশ ও সময় হরণের জন্যে যে টাকা তাঁহারদের বিবেচনায় ওয়াজিবী বোধ হয় তাহা তাহাকে দেওয়াইতে পারেন। এবং যে কর্জের টাকা অথবা ক্ষতিপূরণের টাকা দিতে আদালত হুকুম করেন সেই কর্জপ্রভৃতি যেমতে ও যে উপায়ের দ্বারা আদায় হয় সেই মতে ফরিয়াদীর স্থানে ঐ টাকা আদায় হইতে পারে। কিন্তু জানা কর্ত্তব্য যে যদি ফরিয়াদীর তলব হইলে হাজির না হয় এবং যদি আসামী অথবা তাহার স্থানে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত অন্য ব্যক্তি হাজির হয় এবং যত টাকার দাওয়া হইয়াছিল তাহা সমুদয় স্বীকার করে এবং ফরিয়াদীর প্রথমতঃ যে রসুম দেয় হয় তাহা দেয় তবে আদালত উচিত বোধ করিলে ফরিয়াদী উপস্থিত হইলে যেরূপ করিতেন সেইরূপ ডিক্রী করিতে পারেন ইতি।

৪২ ধারা। যে দিবসে সমন ফিরিয়া আইসে সেই দিবসে অথবা উক্ত আদালতের বৈঠক কিম্বা যে মোকদ্দমার জন্যে সমন দেওয়া গিয়াছিল সেই মোকদ্দমা যে দিনপর্য্যন্ত স্থগিত হয় সেই দিবসে যদি আসামী হাজির না হয় অথবা হাজির না হইবার মাতবর কারণ না জানায় কি আদালতে তলব হইলে জওয়াব দিতে ত্রুটি করে তবে জজ সাহেবেরা সমন জারী হওনের উপযুক্ত প্রমাণ পাইলে আসামীকে হাজির করাওনার্থে ক্রোকী

ance of the defendant, or, in their discretion, may proceed to the hearing or trial of the cause on the part of the plaintiff only, and the judgment thereupon shall be as valid as if both parties had attended, provided always, that the Judges in any such case, at the same or any subsequent Court, may set aside any judgment so given in the absence of the defendant, and the execution thereupon, and may grant new trial of the cause, upon such terms, as to payment of costs, giving security for debt or costs, or otherwise, as they think fit, on sufficient cause shown to them for that purpose

XLIII The Judges may in any case make orders for granting time to the plaintiff or defendant to proceed in the prosecution or defence of the suit, and also may, from time to time, adjourn any Court, or the hearing or further hearing of any cause, in such manner as to them may seem fit

XLIV The defendant in any action brought under this Act, for the recovery of money, whether for debt or damages, within such time as shall be directed by the rules for regulating the practice of the Court, may pay into Court such sum of money as he shall think a full satisfaction for the demand of the plaintiff, with the costs incurred by the plaintiff up to the time of such payment, and the said sum of money shall be paid to the plaintiff; but, if he shall elect to proceed, and, if the plaintiff shall recover no further sum in the action than shall have been so paid into Court, the plaintiff shall pay to the defendant the costs incurred by him in the said action after such payment and such costs shall be settled by the Court, and an order shall thereupon be made by the Court for the payment of such costs by the plaintiff

XLV On the hearing or trial of any action or any other proceeding under this Act the parties thereto, their wives, and all other persons, may be examined, on behalf of either the plaintiff or defendant, subject nevertheless to the Acts and Regulations in force, with respect to the examination of women of a rank and situation in life, which, according to the customs of the country, would render it improper to compel them to appear in a Court of Justice

XLVI Every person shall be examined on oath, or when exempt by law from taking an oath in any Court of Justice, on solemn affirmation, and every person, who, in any examination upon oath or solemn affirmation under this Act, shall wilfully and corruptly give false evidence, shall be deemed guilty of perjury

XLVII Either of the parties to the suit or any other proceeding under this Act may obtain, at the office of the Clerk of the Court, summonses to witnesses, with or without a clause requiring the production of books, deeds, papers and writings in their possession or control, and in any such summons any number of names may be inserted

পরওয়ানা দিতে পারেন কিম্বা আপনারদের বিবেচনাক্রমে কেবল ফরিয়াদীর নালিশে মোকদ্দমা শুনিতে ও বিচার করিতে পারেন এবং বাদিপ্রতিবাদী হাজির হইলে জজ সাহেবেরদের ডিক্রী যেরূপ সিদ্ধ হইত সেইরূপ সিদ্ধ হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে এইমত কোন মোকদ্দমায় জজ সাহেবেরা আদালতের সেই বৈঠকে অথবা তৎপর কোন বৈঠকে আসামীর অনুপস্থানে যে ডিক্রী করিয়াছিলেন তাহা অন্যথা করিতে পারেন এবং তাহা জারী স্থগিত করিতে পারেন এবং নূতন মোকদ্দমার মাতবর কারণ তাঁহারদিগকে দর্শান গেলে তাঁহারা খরচা দেওনের বিষয়ে এবং কর্জ্জ ও খরচার জামিন দেওনের বিষয়ে অথবা প্রকারান্তরে যে২ নিয়ম উপযুক্ত বোধ করেন সেই২ নিয়মক্রমে মোকদ্দমার পুনর্ব্বার বিচার করিতে হুকুম দিতে পারেন ইতি।

৪৩ ধারা। জজ সাহেবেরা কোন মোকদ্দমা নির্ব্বাহ করণের কি জওয়াব দেওনের জন্যে ফরিয়াদী অথবা আসামীকে অধিক সময় দিতে পারেন এবং সময়ক্রমে যেমত তাঁহারদের উচিত বোধ হয় সেইমতে আদালতের বৈঠক অথবা কোন মোকদ্দমার শুনানি বা পুনশ্চ শুনানি অন্য দিবসপর্য্যন্ত স্থগিত করিতে পারেন ইতি।

৪৪ ধারা। কর্জ্জের টাকা হউক কি ক্ষতিপূরণের টাকা হউক যে টাকা ফিরিয়া পাইবার জন্যে এই আইনানুসারে নালিশ হয় তাহার আসামী আদালতের রীতির নিয়ম করণার্থ বিধিতে যে সময় নির্দ্দিষ্ট আছে সেই সময়ের মধ্যে যত টাকা সেই ব্যক্তি ফরিয়াদীর দাওয়ার সম্পূর্ণরূপে পরিশোধের জন্যে উপযুক্ত বোধ করে তাহা এবং ঐ টাকা দেওনের সময়পর্য্যন্ত ফরিয়াদীর যে সকল খরচা হইয়াছে তাহা আদালতে দিতে পারে এবং ঐ টাকা ফরিয়াদীকে দেওয়া যাইবেক। কিন্তু আসামী যদি মোকদ্দমা চালাইতে স্থির করে এবং যত টাকা আদালতে ঐরূপ দাখিল হইয়াছিল যদি তদপেক্ষা অধিক টাকার ডিক্রী না হয় তবে সেই টাকা দাখিল করণের পর আসামীর ঐ মোকদ্দমায় যত খরচা লাগিয়াছে তাহা ফরিয়াদী আসামীকে দিবেক এবং সেই খরচার সংখ্যা আদালত নিরূপণ করিবেন এবং তৎপরে ফরিয়াদীর সেই খরচা দিতে আদালত হুকুম করিবেন ইতি।

৪৫ ধারা। এই আইনক্রমের কোন নালিশ বা অন্য কার্য্য শুনানি অথবা বিচারের সময়ে ঐ মোকদ্দমাসম্পর্কীয় ব্যক্তিরদের এবং তাহারদের স্ত্রীর এবং অন্য সকল ব্যক্তির ফরিয়াদী কি আসামীর পক্ষে জোবানবন্দী লওয়া যাইতে পারে। কিন্তু যে মান্য স্ত্রীরদিগকে দেশের ব্যবহারানুসারে আদালতে হাজির করাওণ অনুপযুক্ত হয় তাহারদের জোবানবন্দীর বিষয়ে যে সকল আইন চলন আছে তদ্দৃষ্টে কার্য্য করিতে হইবেক ইতি।

৪৬ ধারা। প্রত্যেক ব্যক্তির শপথক্রমে জোবানবন্দী লওয়া যাইবেক অথবা আইনমতে কোন আদালতে শপথ লওনহইতে মুক্ত হইলে ধর্ম্মতঃ প্রতিজ্ঞাক্রমে তাহার জোবানবন্দী লওয়া যাইবেক। এই আইনক্রমে যে প্রত্যেক ব্যক্তির শপথ অথবা প্রতিজ্ঞাক্রমে জোবানবন্দী লওয়া যায় সেই ব্যক্তি যদি জানিয়াশুনিয়া এবং ঘুস লইয়া মিথ্যা সাক্ষ্য দেয় তবে সেই ব্যক্তি মিথ্যা শপথের অপরাধী জ্ঞান হইবেক ইতি।

৪৭ ধারা। এই আইনানুসারের নালিশ বা অন্য কোন কার্য্যে বাদী বা প্রতিবাদী ঐ আদালতের ক্লার্ক সাহেবের দফ্তরে সাক্ষিরদের নামে সমন পাইতে পারে এবং তাহারদের দখলে বা অধীনে থাকা কেতাব ও দলীলদস্তাবেজ ও কাগজপত্র ও লিপি আনিবার হুকুমের এক প্রকরণ ঐ সমনের মধ্যে দেওয়া যাইতে পারে বা না পারে এবং ঐ সমনে যত ব্যক্তিরদের নাম লিখনের আবশ্যক বোধ হয় তাহা লেখা যাইতে পারে ইতি।

XLVIII Every person, on whom any such summons shall have been served, either personally or in such other manner as shall be directed by the general rules or practice of the Court, and who shall refuse or neglect, without sufficient cause, to appear, or to produce any books, papers, or writings required by such summons to be produced, and also every person present in Court, who shall be required to give evidence, and who shall refuse to be sworn and give evidence, shall forfeit and pay such fine, not exceeding One Hundred Rupees, as the Judges shall set on him, and the whole or any part of such fine, in the discretion of the Judges, after deducting the costs, may be applied towards indemnifying the party injured by such refusal or neglect

XLIX The Judges of any Court established under this Act, in all suits where the debt or demand exceeds the sum of Thirty Rupees, upon proof before them, that any defendant against whom a summons has been taken out, conceals himself from, or otherwise evades process of the Court, or is disposing of his property and effects with intent to defraud the plaintiff, or his creditors generally, or is about to withdraw his person or effects from the jurisdiction of the Court, may issue a warrant for the apprehension of such person, and may commit him to gaol until he shall find security for his appearance in the said Court from time to time, until judgment shall be pronounced in the suit commenced by such summons, and for payment of the amount and the costs which may be decreed against him therein

L Payment of any fine imposed by any Court under the authority of this Act may be enforced upon the order of the Judges, in like manner as payment of any debt adjudged in the said Court, and shall be accounted for as herein provided

LI All the costs of any action or proceeding in the Court, not herein otherwise provided for, shall be paid by or apportioned between the parties, in such manner as the Judges shall think fit, and, in default of any special direction, shall abide the event of the action, and execution may issue for the recovery of any such costs, in like manner as for any debt adjudged in the said Court

LII. Every order and judgment of any Court holden under this Act, except as herein provided, shall be final and conclusive between the parties, but the Judges shall have power to nonsuit the plaintiff, in every case in which satisfactory proof shall not be given to them, entitling either the plaintiff or defendant to the judgment of the Court, and shall also in every case whatever have the power, if they shall think fit, to order a new trial to be had, upon such terms as they shall think reasonable, and in the meantime to stay the proceedings

৪৮ ধারা। যে কোন ব্যক্তির উপর এইমত কোন সমন তাহাকে দেওনের দ্বারা অথবা আদালতের সাধারণ নিয়ম বা ব্যবহারের নির্দিষ্ট অন্য কোন প্রকারে জারী হয় সেই ব্যক্তি যদি মাতবর কারণ বিনা হাজির হইতে অথবা ঐ সমনে যে কেতাব বা কাগজপত্র কি লিপি আনিবার হুকুম আছে তাহা আনিতে ত্রুটি কিম্বা অস্বীকার করে এবং আদালতে উপস্থিতথাকা যে কোন ব্যক্তিকে সাক্ষ্য দিবার হুকুম হয় সেই ব্যক্তি যদি শপথ করিতে এবং সাক্ষ্য দিতে স্বীকার না করে তবে জজ সাহেব এক শত টাকার মধ্যে যত টাকা জরীমানা নির্দ্দিষ্ট করেন সেই ব্যক্তি তত টাকা জরীমানা দিবেক। এবং ঐ সমুদয় জরীমানা বা তাহার কোন অংশ খরচাবাদে জজসাহেবের বিবেচনায় ঐ অস্বীকার অথবা ত্রুটির দ্বারা যে ব্যক্তির ক্ষতি হইয়াছে সেই ব্যক্তির ক্ষতিপূরণ র্থে ব্যয় হইতে পারে ইতি।

৪৯ ধারা। এই আইনানুসারের স্থাপিত কোন আদালতের জজ সাহেবেরা যে সকল মোকদ্দমায় কর্জ্জ অথবা দাওয়া ত্রিশ টাকার অধিক হয় সেই মোকদ্দমায় যে আসামীর নামে সমন বাহির হইয়াছে সেই ব্যক্তির বিষয়ে যদি এইমত প্রমাণ হয় যে সেই ব্যক্তি লুকাইয়া আছে অথবা প্রকারান্তরে আদালতের হুকুম এড়াইতেছে কিম্বা ফরিয়াদীর কি আপনার সাধারণ মহাজনেরদের ক্ষতি করণের অভিপ্রায়ে আপনার দ্রব্য ও সম্পত্তি হস্তান্তর করিতেছে অথবা আদালতের এলাকা হইতে প্রস্থান করিতে কি আপনার জিনিসপত্র উঠাইয়া লইতে উদ্যত আছে তবে জজ সাহেবেরা সেই ব্যক্তিকে গ্রেপ্তার করণার্থে ওয়ারণ্ট দিতে পারেন এবং ঐ সমনক্রমে তাহার বিরুদ্ধে যে মোকদ্দমা আরম্ভ হইয়াছে সেই মোকদ্দমার ডিক্রী না হওনপর্য্যন্ত সময়ে২ আদালতে হাজির হইবার বিষয়ে এবং সেই মোকদ্দমায় যে টাকা ও খরচা তাহার বিরুদ্ধে ডিক্রী হয় তাহা দেওনের বিষয়ে যাবৎ জামিন না দেয় তাবৎ তাহাকে জেলখানায় কয়েদ করিতে পারেন ইতি।

৫০ ধারা। এই আইনের ক্ষমতাক্রমে কোন আদালতে যে জরীমানার হুকুম হয় তাহার টাকা যেরূপ ঐ আদালতে ডিক্রীহওয়া কর্জ্জের টাকা আদায় হয় সেইরূপে জজ সাহেবেরদের হুকুমক্রমে আদায় হইতে পারে এবং এই আইনের লিখিতমতে তাহার হিসাব দেওয়া যাইবেক ইতি।

৫১ ধারা। এই আদালতের কোন নালিশ অথবা কার্য্যের যে সকল খরচার বিষয়ে ইহার মধ্যে কোন বিশেষ হুকুম নাই তাহা জজ সাহেবেরা যেমত উচিত বুঝেন সেই মতে বাদিপ্রতিবাদির দ্বারা দেওয়া যাইবেক অথবা তাহারা অংশাংশমতে তাহা দিবেক এবং যদি তাহার বিষয়ে কোন বিশেষ নিয়ম না হয় তবে যাহার বিরুদ্ধে ডিক্রী হয় তাহার দ্বারা দেওয়া যাইবেক। এবং উক্ত আদালতে কোন কর্জ্জের ডিক্রী যেরূপে জারী হয় সেইরূপে এইমত কোন খরচা আদায়ের জন্যে হুকুম জারী হইতে পারে ইতি।

৫২ ধারা। এই আইনের মধ্যে যে বর্জ্জিত হুকুম আছে তাহাছাড়া এই আইনানুসারের স্থাপিত কোন আদালতের প্রত্যেক হুকুম ও ডিক্রী বাদিপ্রতিবাদিরদের মধ্যে চূড়ান্ত ও নিশ্চিত জ্ঞান হইবেক। কিন্তু যে প্রত্যেক গতিকে জজ সাহেবেরদের নিকটে এইমত সন্তোষমতে প্রমাণ না হয় যে ফরিয়াদীর অথবা আসামীর পক্ষে আদালতের ডিক্রী করা উচিত সেই২ গতিকে ঐ জজ সাহেবেরা ফরিয়াদীকে ননসুট করিতে পারেন। এবং যে প্রত্যেক গতিকে তাঁহারা উচিত বোধ করেন সেই২ গতিকে তাঁহারা যে২ নিয়ম ওয়াজিবী বুঝেন সেই২ নিয়মক্রমে নূতন মোকদ্দমা করিতে হুকুম দিতে পারেন এবং ইতিমধ্যে মোকদ্দমার সকল কার্য্য স্থগিত করিতে পারেন ইতি।

LIII No cause commenced in any Court, holden under this Act, shall be removed from the said Court into the Supreme Court by any writ or process, unless the debt or damage claimed exceeds One Hundred Rupees, and then only by leave of a Judge of the said Supreme Court on proof to his satisfaction that some question of law is likely to arise therein, which, by reason either of its difficulty, novelty or general importance, or of some erroneous course of decision on the same point in the Court of Small Causes may appear to him fit to be tried in the Supreme Court, and upon such terms as to payment of costs, giving security for debt or costs, or otherwise, as he shall think fit

LIV The Judges of the Court of Small Causes may, in their discretion, reserve any question of law on which they entertain doubts, or which they shall be requested by either party to the suit to reserve, for the opinion of the Judges of the Supreme Court, and shall give judgment contingent upon the opinion of the said Supreme Court on a case which they shall thereupon be entitled to state to the said Court If only two Judges sit together, and shall differ in opinion, the question, on which they differ shall be so referred

LV The Judges may make orders concerning the time or times, and by what instalments, any debt or damages or costs, for which judgment shall be obtained in the said Court, shall be paid, and all such monies shall be paid into Court, unless the Judges shall otherwise order

LVI If there be cross judgments between the parties, execution shall be taken out by that party only, who shall have obtained judgment for the larger sum, and for so much only as shall remain after deducting the smaller sum, and satisfaction for the remainder shall be entered, as well as satisfaction on the judgment for the smaller sum, and, if both sums shall be equal, satisfaction shall be entered upon both judgments

LVII Whenever the Court shall have made an order for the payment of money, the amount shall be recoverable, in case of default or failure of payment thereof forthwith, or at the time or times and in the manner directed, by execution against the body or the goods and chattels of the person against whom such order is made without further notice or order, and the Clerk of the said Court, at the request of the person prosecuting such order, shall issue under the seal of the Court a writ of execution to one of the Bailiffs of the Court, which shall be his warrant to take the body of such person in execution, or to levy, or cause to

৫৩ ধারা। এই আইনানুসারের স্থাপিত কোন আদালতে যে মোকদ্দমা আরম্ভ হয় সেই মোকদ্দমার কর্জ বা ক্ষতিপূরণের দাওয়া এক শত টাকার অধিক না হইলে কোন রিট অথবা হুকুমের দ্বারা ঐ আদালতহইতে খারিজ হইয়া সুপ্রিম কোর্টে দাখিল হইতে পারে না। এবং এক শত টাকার অধিক হইলেও যদি ঐ সুপ্রিম কোর্টের জজ সাহেবের এইমত হৃদ্বোধ প্রমাণ না হয় যে ঐ মোকদ্দমায় এইমত কোন আইনঘটিত বিষয় উত্থিত হইবার সম্ভাবনা আছে যে তাহা কঠিন কি নব্য কিম্বা সাধারণ মতে গুরুতর হওনপ্রযুক্ত অথবা অল্প মূল্যের মোকদ্দমার আদালত সেই বিষয়ে কোন ভ্রমযুক্ত ডিক্রীর গতিপ্রযুক্ত তাঁহার বোধে সেই মোকদ্দমা সুপ্রিম কোর্টের বিচারে অর্পণ হওনের যোগ্য হয় এবং যদি ঐ জজ সাহেব তদনুসারে অনুমতি না দেন তবে সুপ্রিম কোর্টে তাহা অর্পণ হইতে পারে না। এবং সুপ্রিম কোর্টে অর্পণ হইলে খরচা দেওনের বিষয়ে অথবা কর্জ কি খরচার জামিন দেওনের বিষয়ে অথবা প্রকারান্তরে ঐ জজ সাহেব যেরূপ উচিত বুঝেন সেইরূপে কার্য্যের নিয়ম করিতে পারেন ইতি।

৫৪ ধারা। অল্প মূল্যের মোকদ্দমার আদালতের জজ সাহেবেরা আইনসম্পর্কীয় যে কোন বিষয়ে তাঁহারদের সন্দেহ জন্মে অথবা যে বিষয়ে মোকদ্দমার বাদী প্রতিবাদী তাঁহারদিগকে সুপ্রিম কোর্টের জজ সাহেবেরদের মত জিজ্ঞাসা করণার্থে পৃথক্ রাখিতে প্রার্থনা করে সেই বিষয় তাঁহারা আপনারদের বিবেচনাক্রমে স্বতন্ত্রে রাখিতে পারেন এবং যে বিষয়ে তাঁহারদিগকে এইরূপে উক্ত সুপ্রিম কোর্টে জিজ্ঞাসা করিতে ক্ষমতা দেওয়া গিয়াছে সেই বিষয়ে উক্ত সুপ্রিম কোর্টের মতের অপেক্ষা করিয়া তাহারা মোকদ্দমার ডিক্রী করিবেন। যদি কেবল দুই জন জজ সাহেব এক সঙ্গে বসেন এবং তাঁহারদের মতের ঐক্য না হয় তবে যে বিষয়ে অনৈক্য হয় তাহা উক্ত প্রকারে সুপ্রিম কোর্টে জিজ্ঞাসা করা যাইবেক ইতি।

৫৫ ধারা। যে কোন কর্জ বা ক্ষতি অথবা খরচার বিষয়ের উক্ত আদালতে ডিক্রী হয় সেই কর্জপ্রভৃতি যে সময়ে বা যে সকলসময়ে এবং যে কিস্তিবন্দীক্রমে দেওয়া যাইবেক তাহার বিষয়ে জজ সাহেবেরা হুকুম করিতে পারেন। এবং জজ সাহেবেরা অন্য প্রকার হুকুম না দিলে সেই সকল টাকা আদালতে দাখিল করা যাইবেক ইতি।

৫৬ ধারা। যদি বাদিপ্রতিবাদির মধ্যে পরস্পর বিরুদ্ধ ডিক্রী হয় তবে যে ব্যক্তির পক্ষে অধিক টাকার ডিক্রী হইয়াছে কেবল সেই ব্যক্তির পক্ষে ডিক্রী জারী হইবেক এবং অল্পসংখ্যক ডিক্রীর টাকা বাদ দিয়া যত টাকা বাকী থাকে কেবল তাহার জন্যে ডিক্রী জারী হইবেক। এবং অবশিষ্ট টাকা পরিশোধের বিষয়ে এবং অল্পসংখ্যক টাকার ডিক্রীর পরিশোধের বিষয়ের নিদর্শন বহীর মধ্যে লেখা যাইবেক এবং যদি উভয় ডিক্রীর টাকা তুল্য হয় তবে উভয় ডিক্রীর টাকা পরিশোধ হইয়াছে লেখা যাইবেক ইতি।

৫৭ ধারা। আদালত কোন টাকা দেওনের বিষয়ের হুকুম করিলে যদি সেই টাকা তৎক্ষণাৎ অথবা নির্দ্দিষ্ট সময়ে বা সময়সকলে দেওয়া না যায় তবে যে ব্যক্তির প্রতিকূলে সেই হুকুম হইয়াছে অন্য কোন এত্তেলা বা হুকুম বিনা সেই হুকুম জারীক্রমে সেই ব্যক্তি কয়েদ হইবেক অথবা তাহার সম্পত্তি কি জিনিসপত্র ক্রোক হইবেক। এবং যে ব্যক্তির পক্ষে ডিক্রী হইল তাহার দরখাস্তক্রমে উক্ত আদালতের ক্লার্ক সাহেব ঐ আদালতের মোহরকরা ডিক্রী জারীর এক রিট ঐ আদালতের কোন এক জন বেইলিফকে দিবেন এবং ঐ রিটের ক্ষমতাক্রমে ঐ বেইলিফ ঐ ব্যক্তিকে কয়েদ করিবেক অথবা যে টাকা দিবার হুকুম হয় তাহা এবং ডিক্রীজারীর খরচা সেই ব্যক্তির যে কোন জিনিস ও সম্পত্তি আদালতের প্রদে-

be levied, by distress and sale of the goods and chattels of such person such sum of money as shall be so ordered, wheresoever they may be found within the district of the Court, and also the costs of the execution, and all Constables and other Peace Officers within their several jurisdictions shall aid in the execution of every such writ

শের মধ্যে পাওয়া যায় সেই জিনিস ও সম্পত্তি ক্রোক ও বিক্রয়ের দ্বারা উসুল করিবেক এবং সকল দারগা ও পোলীসের অন্যান্য আমলা আপনং এলাকার মধ্যে ঐ রিট জারী করণের সাহায্য করিবেক ইতি।

LVIII If the Court shall have made any order for payment of any sum of money by instalments, execution upon such order shall not issue until after default in payment of some instalment according to such order, and execution or successive executions may then issue without further notice or order for the whole of the said sum of money and costs then remaining unpaid, or for such portion thereof as the Court shall order, either at the time of making the original order, or at any subsequent time, under the seal of the Court

৫৮ ধারা। যদি ঐ আদালত কোন টাকা কিস্তিবন্দী করিয়া দিবার হুকুম করিয়া থাকেন তবে সেই হুকুমক্রমে কোন কিস্তির টাকা দেওনের ত্রুটি না হইলে ঐ হুকুমক্রমে জারীর কার্য্য হইবেক না। এবং তাহা হইলে আর কোন এত্তেলা অথবা হুকুম বিনা উক্ত যত টাকা ও খরচা সেই সময়ে বাকী থাকে সেই সমুদয়ের জন্যে অথবা তাহার যে অংশের বিষয়ে আদালত আদো হুকুম করণের সময়ে অথবা তাহার পর কোন সময়ে আদালতের মোহরক্রমে হুকুম করেন তাহার জন্যে একেবারে কিম্বা ক্রমেং জারীর কার্য্য হইতে পারে ইতি।

LIX Whenever any warrant shall issue for taking in execution the body of any person under this Act, the Bailiffs of the Court shall be empowered, by virtue thereof, to take and convey him to any prison, appointed by the Governor in Council to be the prison of the Court, there to remain for such term as shall be directed by the warrant, not longer than six calendar months, or until he shall sooner perform the order of the Court

৫৯ ধারা। যখন এই আইনানুসারের ডিক্রী জারীক্রমে কোন ব্যক্তিকে কয়েদ করণের ওয়ারণ্ট দেওয়া যায় তখন আদালতের বেইলিফ সেই ওয়ারণ্টের ক্ষমতাক্রমে যে জেলখানা শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে এই আদালতের জেলখানার ন্যায় নির্দ্দিষ্ট করেন সেই জেলখানায় সে ব্যক্তিকে লইয়া যাইবেক এবং ছয় কালেণ্ডর মাসের অনধিক যে মিয়াদ ঐ ওয়ারণ্টের মধ্যে নির্দ্দিষ্ট থাকে সেই মিয়াদপর্য্যন্ত সেই ব্যক্তি সেইখানে থাকিবেক কিন্তু ছয় মাস অতীত হওনের পূর্ব্বে যদি আসামী আদালতের হুকুম প্রতিপালন করে তবে খালাস হইবেক ইতি।

LX No person shall be imprisoned twice under the same judgment, nor shall execution against the body and goods issue at the same time under the same judgment

৬০ ধারা। কোন ব্যক্তি একি ডিক্রীর জন্যে দুইবার কয়েদ হইবেক না এবং একি ডিক্রীক্রমে একি সময়ে ডিক্রী জারী করণার্থে আসামীকে কয়েদ করিতে এবং তাহার জিনিস জব্দ করিতে হুকুম হইবেক না ইতি।

LXI Every person suing out a warrant of execution against the body of any other person under this Act shall deposit with the Clerk of the Court, at the time of the issue of the warrant, diet money for one week, after the rate of one anna and a half for each day, which shall be paid by the Clerk to the keeper of the prison at the time of the execution of the warrant

৬১ ধারা। যে কোন ব্যক্তি এই আইনানুসারের ডিক্রী জারীক্রমে কোন ব্যক্তিকে কয়েদ করণের ওয়ারণ্টের দরখাস্ত করে সেই ব্যক্তি ঐ ওয়ারণ্ট দেওনের সময়ে দিনপ্রতি দেড় আনার হিসাবে এক সপ্তাহের খোরাকী আদালতের ক্লার্ক সাহেবের নিকটে আমানৎ করিবেক এবং ক্লার্ক সাহেব ওয়ারণ্ট জারীর সময়ে ঐ টাকা জেলখানার অধ্যক্ষকে দিবেন ইতি।

LXII Notice of the execution of every such warrant shall be forthwith given to the person at whose suit it issued, who shall thereupon deposit with the keeper of the prison, diet money for the remainder of the month in which the warrant is executed, after the same daily rate, and shall continue thereafter to deposit monthly with the said keeper, in advance, diet money at the same daily rate, for each month which the debtor is liable to be kept in prison at his suit

৬২ ধারা। যে ব্যক্তির নালিশক্রমে ওয়ারণ্ট বাহির হইয়াছে তাহাকে এইরূপ প্রত্যেক ওয়ারণ্ট জারী হওনের এত্তেলা অগৌণে দেওয়া যাইবেক এবং তাহাতে সেই ব্যক্তি যে মাসে ওয়ারণ্ট জারী হইল সেই মাসের অবশিষ্ট কালের খোরাকী সেইরূপ দৈনিক নিরিখক্রমে জেলখানার অধ্যক্ষের হাতে আমানৎ করিবেক এবং তৎপরে সেইরূপে যে প্রত্যেক মাস খাতক তাহার মোকদ্দমায় কারাবদ্ধ থাকিবার যোগ্য হয় সেই মাসের জন্যে মাসেং আগাম খোরাকী সেইরূপ দৈনিক নিরিখে আমানৎ করিবেক ইতি।

LXIII. The diet money shall be employed for the subsistence of the prisoner, and if, by default of the detaining creditor, such diet money is not paid, the prisoner shall be entitled to his discharge by order of the Court

৬৩ ধারা। ঐ খোরাকী আসামীর আহারাদিতে ব্যয় হইবেক এবং যে মহাজন তাহাকে কয়েদ রাখিতেছে সেই মহাজন যদি খোরাকী দিতে ত্রুটি করে তবে আসামী আদালতের হুকুমক্রমে খালাস হইবার যোগ্য হইবেক ইতি।

LXIV All diet money, which shall be spent in providing subsistence for any prisoner, shall be costs in the cause, and all diet money, which shall not be so spent, shall be repaid to the creditor advancing the same

৬৪ ধারা। যত খোরাকী টাকা আসামীর আহারাদিতে ব্যয় হয় তাহা মোকদ্দমার খরচার ন্যায় জ্ঞান হইবেক এবং যে সকল খোরাকী টাকা এইরূপে ব্যয় না হয় তাহা ঐ টাকাদেওনিয়া মহাজনকে ফিরিয়া দেওয়া যাইবেক ইতি।

[*Government Gazette*, *13th November*, 1849]

LXV Whenever any prisoner shall offer good and reasonable security for payment of any debt or damage and costs, either in full or by instalments as the Court shall think reasonable, the Court may order him to be discharged on giving such security

LXVI Upon payment of the debt or damage and costs in full, the prisoner shall be entitled to be forthwith discharged

LXVII If the debt or damage and costs are not paid, the imprisonment shall not extinguish the liability to pay the same, but all property then belonging to or afterwards acquired by the prisoner shall be liable to be taken in execution after his discharge from prison for satisfaction thereof, or of so much thereof as is not paid, including the diet money actually expended for subsistence of the prisoner

LXVIII Every Bailiff executing any process of execution issuing out of the said Court against the goods of any person, may, by virtue thereof, seize and take any of the goods of such person, (excepting the necessary wearing apparel and bedding of such person or his family, and the tools and implements of his trade,) and may also seize and take any money or Bank-notes, and any cheques, bills of exchange, promissory notes, bonds, specialties or securities for money belonging to any such person against whom any execution shall have issued as aforesaid

LXIX The Bailiff shall forthwith deliver any cheques, bills of exchange, promissory notes, bonds, specialties, or other securities for money, which shall have been so seized or taken as aforesaid, to the Clerk or other person appointed by the Judges to receive the same, who shall hold them as a security or securities for the amount directed to be levied by such execution, or so much thereof as shall not have been otherwise levied or raised for the benefit of the plaintiff, and the plaintiff may sue in the name of the defendant, or in the name of any person in whose name the defendant might have sued, for the recovery of the sum or sums secured, or made payable thereby, when the time of payment thereof shall have arrived

LXX If it shall, at any time, appear to the satisfaction of the Court that any defendant is unable, from sickness or other sufficient cause, to pay and discharge the debt or damages recovered against him, or any instalment thereof ordered to be paid as aforesaid, the Judges, in their discretion, may suspend or stay any judgment, order or execution given, made or issued in such action, for such time and on such terms as they shall think fit, and so, from time to time, until it shall appear by the like proof as aforesaid that such temporary cause of disability has ceased.

LXXI No sale of any goods, which shall be

৬৫ ধারা। যখন কোন আসামী কোন কর্জ্জ বা ক্ষতির টাকা এবং খরচা একেবারে অথবা যে কিস্তিবন্দী আদালত ওয়াজিবী বোধ করেন সেই কিস্তিবন্দীক্রমে দিবার উত্তম ও মাতবর জামিন দিতে প্রস্তাব করে তখন সেই জামিন দেওয়া গেলে আদালত তাহাকে খালাস করিবার হুকুম দিতে পারেন ইতি।

৬৬ ধারা। কর্জ্জ বা ক্ষতিপূরণের টাকা এবং খরচা সম্পূর্ণরূপে দেওয়া গেলে আসামী তৎক্ষণাৎ খালাস হইবেক ইতি।

৬৭ ধারা। যদি কর্জ্জ বা ক্ষতিপূরণের টাকা এবং খরচা না দেওয়া যায় তবে আসামীর কয়েদ হওনেতে সেই কর্জ্জপ্রভৃতি দেওনের দায়হইতে সেই ব্যক্তি মুক্ত হয় না। কিন্তু আসামীর তৎসময়ে যে সম্পত্তি থাকে অথবা তাহার পর যে সম্পত্তি প্রাপ্ত হয় তাহা তাহার জেলখানাহইতে মুক্ত হওনের পর তাহার কর্জ্জ অথবা সেই কর্জ্জের যে অংশ পরিশোধ না হইয়াছে তাহা পরিশোধ করণার্থে ক্রোক হওনের যোগ্য হইবেক এবং আসামীর আহারাদিতে যে খোরাকী টাকা নিতান্ত খরচ হইয়াছিল তাহাও তাহার দিতে হইবেক ইতি।

৬৮ ধারা। যে বেইলিফ উক্ত আদালতের ডিক্রী জারীর পরওয়ানা কোন ব্যক্তির সম্পত্তির প্রতি জারী করে সেই বেইলিফ ঐ পরওয়ানার ক্ষমতাক্রমে (সেই ব্যক্তির বা তাহার পরিবারের আবশ্যক কাপড়চোপড় ও বিছানা ও তাহার ব্যবসায়ের হাতিয়ার ও সরঞ্জাম ছাড়া) সেই ব্যক্তির কোন জিনিস ক্রোক ও জব্দ করিতে পারে এবং যাহার প্রতিকূলে এইরূপ ডিক্রী জারী হইয়াছে সেই ব্যক্তির কোন নগদ টাকা বা ব্যাঙ্ক নোট এবং কোন চেক কি হুণ্ডী বা প্রোমিসরি নোট কি খৎ কি টাকার নিদর্শন কি জামিনীনামা ক্রোক ও জব্দ করিতে পারে ইতি।

৬৯ ধারা। পূর্ব্বোক্তমতে যে কোন চেক বা হুণ্ডী কি প্রোমিসরি নোট বা খৎ অথবা টাকার কোন প্রকার নিদর্শন বা জামিনীনামা ঐ বেইলিফ সেইরূপ ক্রোক করিতে কিম্বা লইতে পারে তাহা বেইলিফ ক্লার্ক সাহেবকে অথবা অন্য যে ব্যক্তিকে তাহা লইতে জজ সাহেবেরা নিযুক্ত করেন তাঁহাকে দিবেক। এবং ঐ ডিক্রী জারীক্রমে যে টাকা আদায় হইবার হুকুম হইয়াছিল তাহা অথবা তাহার যে ভাগ অন্য প্রকারে আদায় বা উসুল না হইয়াছিল সেই ভাগের বাবৎ ঐ ব্যক্তি তাহা ফরিয়াদীর উপকারার্থে জামিন বা জামিনসকলস্বরূপ আপন হাতে রাখিবেক। এবং যে টাকা বা টাকাসকল ঐ চেকপ্রভৃতির দ্বারা ধার্য্য হইল অথবা দেয় হইল সেই টাকা পাইবার সময় আইলে ঐ ফরিয়াদী আসামীর পরিবর্ত্তে অথবা যে কোন ব্যক্তির পরিবর্ত্তে আসামী নালিশ করিতে পারিত সেই ব্যক্তির পরিবর্ত্তে নালিশ করিতে পারে ইতি।

৭০ ধারা। যদি কোন সময়ে আদালতের এইমত হৃদ্বোধ হয় যে যে কর্জ্জ অথবা ক্ষতিপূরণের টাকা আসামীর স্থানে উসুল করিতে হইবেক অথবা তাহার যে কিস্তি পূর্ব্বোক্তমতে দিবার হুকুম হইয়াছে তাহা সেই আসামী পীড়া বা অন্য কোন মাতবর কারণপ্রযুক্ত দিতে ও পরিশোধ করিতে পারেনা তবে ঐ জজ সাহেবেরা আপনারদের বিবেচনাক্রমে ঐ মোকদ্দমার যে কোন ডিক্রী বা হুকুম কি ডিক্রী জারীর হুকুম হইয়াছিল তাহা যে নিয়মে তাঁহারা উচিত বোধ করেন সেই নিয়মক্রমে কিছু কালের জন্যে মৌকুফ অথবা স্থগিত করিতে পারেন। এবং সেইরূপে সময়ক্রমে যাবৎ ঐ প্রকার প্রমাণের দ্বারা দৃষ্ট না হয় যে আসামীর টাকা দেওনের ঐ কিছু কালের অক্ষমতার কারণ নিবৃত্ত হইয়াছে তাবৎ হুকুম জারী স্থগিত করিতে পারেন ইতি।

৭১ ধারা। পূর্ব্বোক্তমতে ডিক্রী জারীক্রমে জিনিস

taken in execution as aforesaid shall be made, until after the end of five days at least next following the day on which such goods have been so taken, unless such goods be of a perishable nature, or upon the request, in writing, of the party whose goods have been taken

LXXII. Until such sale, the goods shall be deposited by the Bailiff by whom they were taken in some fit place, or they may remain in the custody of a fit person approved by the Judges to be put in possession by the Bailiff

LXXIII The Judges, from time to time, as they shall think proper, may appoint such and so many persons for keeping possession, and so many of their Bailiffs or other fit persons to be sworn brokers and appraisers for the purpose of selling or valuing any goods, chattels or effects taken in execution under this Act, as shall appear to them to be necessary, and may direct security to be taken from each of them, for such sum and in such manner as they shall think fit, for the faithful performance of their duties, without injury or oppression, and the Judges may dismiss any person, broker or appraiser so appointed

LXXIV No goods taken in execution under this Act shall be sold for the purpose of satisfying the warrant of execution, except by one of the brokers or appraisers so appointed

LXXV The costs to be demanded or taken for such appraisement, and sale shall be one anna in the rupee on the produce of the goods sold, and the Judges may apply the sum so raised as costs towards payment of the contingent charges and remuneration of the said brokers and appraisers, in such manner as shall be approved by the Governor in Council

LXXVI The Clerk of the Court shall keep an account of all sums received upon such sales, distinguishing the amount paid to the party entitled to the benefit of the execution, and the amount levied and retained as costs, and also of all sums allowed to the brokers and appraisers upon such sales

LXXVII Whenever any defendant against whom judgment shall have been given in the Court of Small Causes, shall go before execution thereof out of the jurisdiction of the Court, the Judge of any Zillah or Town where he shall be found, upon receiving from the plaintiff either in person or by vakeel, an application in writing setting forth these facts, with a duly authenticated copy of the judgment of the Court, shall execute the said judgment in the manner prescribed by law for execution of his own decrees, unless the defendant shall allege any reasonable cause, why the judgment should not be executed, and shall give security to such amount as the Judge of such Zillah or Town shall deem reasonable, that he will, within such time as shall be allowed him for that purpose, either satisfy the judgment, or produce a

ক্রোক হইলে সেই জিনিস যদি নাশ্য না হয় অথবা যাহার জিনিস ক্রোক হইয়াছে তাহার লিখিত দরখাস্ত দাখিল না হয় তবে যে দিবসে ঐ জিনিস ক্রোক হইল তাহার পর পাঁচ দিবস অতীত না হইলে তাহা বিক্রয় হইবেক না ইতি।

৭২ ধারা। নীলাম না হওনপর্য্যন্ত যে বেইলিফের দ্বারা তাহা ক্রোক হইল সেই বেইলিফ তাহা কোন উপযুক্ত স্থানে ন্যস্ত করিবেক অথবা যে কোন উপযুক্ত ব্যক্তির বিষয়ে জজ সাহেবেরদের সম্মতি আছে সেই ব্যক্তির জিম্মায় ঐ জিনিস বেইলিফ রাখিবেক ইতি।

৭৩ ধারা। জজ সাহেবেরা সময়ক্রমে যে২ ব্যক্তি এবং যত ব্যক্তিকে উচিত বোধ করেন সেই২ ব্যক্তিকে এবং তত ব্যক্তিকে জিনিস রাখিবার জন্যে নিযুক্ত করিতে পারেন এবং এই আইনানুসারের ডিক্রী জারীক্রমে যে সকল জিনিসপত্র অথবা সম্পত্তি ক্রোক হয় তাহা বিক্রয় বা যাচাই করণার্থে তাঁহারদের বেইলিফের যত জন অথবা অন্য উপযুক্ত যত ব্যক্তির আবশ্যক বোধ হয় তত ব্যক্তিকে শপথ করাইয়া দালালী এবং যাচনদারী কর্ম্মে নিযুক্ত করিতে পারেন এবং ক্ষতি অথবা অত্যাচার না করিয়া তাহারদের কার্য্য বিশ্বস্তরূপে নির্ব্বাহ করণার্থে যত টাকার ও যে প্রকার জামিন লওয়া তাঁহারদের উচিত বোধ হয় তত টাকার ও সেই প্রকারে প্রত্যেক জনের স্থানে জামিন লইতে হুকুম দিতে পারেন এবং এইরূপ নিযুক্ত কোন দালাল কি যাচনদারকে জজ সাহেবেরা তগীর করিতে পারেন ইতি।

৭৪ ধারা। এই আইনানুসারে যে জিনিস ডিক্রী জারীক্রমে ক্রোক হয় তাহা ডিক্রী জারীর পরওয়ানাক্রমে কেবল উক্তমতে নিযুক্ত দালাল অথবা যাচনদারের দ্বারা নীলাম হইবেক ইতি।

৭৫ ধারা। ঐ যাচাই ও বিক্রয়ের খরচাস্বরূপ বিক্রয়হওয়া জিনিসের উৎপন্নের টাকা প্রতি এক আনা করিয়া দাওয়া হইবেক ও লওয়া যাইবেক। এবং যেরূপে শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে সম্মতি করেন সেইরূপে জজ সাহেবেরা এইরূপে প্রাপ্ত টাকা লইয়া উক্ত দালাল ও যাচনদারেরদের উপরি খরচ এবং মেহনতানায় ব্যয় করিতে পারেন ইতি।

৭৬ ধারা। ঐ নীলামের দ্বারা যে সকল টাকা পাওয়া যায় আদালতের ক্লার্ক সাহেব তাহার হিসাব রাখিবেন এবং যাহার পক্ষে ডিক্রী জারী হয় সেই ব্যক্তিকে যত টাকা দেওয়া যায় এবং খরচা বলিয়া যত টাকা আদায় হয় ও হাতে রাখা যায় এবং নীলাম করণের জন্যে দালাল ও যাচনদারেরদিগকে যত টাকা দেওয়া যায় তাহার স্বতন্ত্র২ হিসাব রাখিবেন ইতি।

৭৭ ধারা। যে আসামীর বিরুদ্ধে অল্প মূল্যের মোকদ্দমার আদালতে ডিক্রী হয় সেই আসামী যদি তাহা জারী হওনের পূর্ব্বে ঐ আদালতের এলাকার বাহিরে যায় তবে যে জিলা অথবা শহরে ঐ ব্যক্তিকে পাওয়া যায় তাহার জজ সাহেবকে যদি ফারয়াদী অথবা তাহার উকীল এই বৃত্তান্তজ্ঞাপক এক লিখিত দরখাস্ত দেয় এবং তাহার সঙ্গে আদালতের ডিক্রীর রীতিমত দস্তখৎকরা এক নকল দাখিল করে তবে ঐ জজ সাহেবের আপনার ডিক্রী যেরূপে জারী করিতে আইনে হুকুম আছে সেইরূপে ঐ ডিক্রী জারী করিবেন। কিন্তু যদি আসামী ঐ ডিক্রী জারী না করণের কোন মাতবর কারণ দর্শায় এবং ঐ জিলা বা শহরের জজ সাহেব যত টাকার জামিন উচিত বোধ করেন তত টাকার জামিন এই মজমূনে দেয় যে ঐ ব্যক্তি নিরূপিত মিয়াদের মধ্যে হয় ডিক্রীর টাকা পরিশোধ করিবেক নতুবা আপনারদের সাবেক ডিক্রী রহিত করিতে অল্প মূল্যের মোকদ্দমার আদালতের জজ সাহেবেরদের হুকুমের এক রীতিমত দস্তখৎহওয়া

[*Government Gazette*, 13th November, 1849.]

duly authenticated copy of an order of the Judges of the Court of Small Causes, discharging their former judgment

LXXVIII No judgment or execution shall be stayed, delayed or reversed upon or by any writ of error or *supersedeas* thereon, to be sued for the reversing of any judgment given in any Court holden under the provisions of this Act, unless the amount recovered exceeds One Hundred Rupees, and then only after the person suing out such writ shall become bound with two sufficient sureties to be approved by the Clerk of the Court, in treble the sum adjudged to be recovered in the former judgment, to prosecute the said writ with effect, and also to satisfy and pay, (if the writ be not prosecuted, or if the judgment be affirmed), the debt or damages and costs adjudged, and all costs and damages to be awarded for the delay of execution

LXXIX Upon every warrant of execution issued against the goods and chattels of any person, the Clerk of the Court shall cause to be stated the sum of money and costs adjudged with the sum paid for such warrant, and if the party against whom such execution shall be issued shall, before an actual sale of the goods and chattels, pay or cause to be paid or tendered unto the Clerk of the Court, or to the Bailiff holding the warrant of execution such sum of money and costs, as aforesaid, or such part thereof as the person entitled thereto shall agree to accept in full of his debt or damages and costs, together with the fees herein directed to be paid, the execution shall be superseded, and the goods and chattels of the said party shall be discharged and set at liberty

LXXX The Clerk of every Court holden under this Act shall cause a record of all summonses, and of all orders, and of all judgments and executions, and returns thereto, and of all fines, and of all other proceedings of the Court, to be fairly entered, from time to time, in a book or books belonging to the Court, which shall be kept at the Office of the Court, and shall be duly authenticated by one or more of the Judges, and such entries in the said book or books or a copy thereof bearing the seal of the Court, and purporting to be signed and certified as a true copy by the Clerk of the Court, shall be admitted in all Courts and places as evidence of such entries, and of the proceeding referred to by such entry or entries, and of the regularity of such proceeding, without any further proof

LXXXI The Clerk of every such Court shall, in the month of *March*, in each year, make out a correct list of all sums of money belonging to suitors in the Court, which shall have been paid into Court, and which shall have remained unclaimed for five years before the first day of the month of *January* then last past, specifying the

নকল দাখিল করিবেক তবে সেই ডিক্রী জারী হইবেক না ইতি।

৭৮ ধারা। যদি প্রাপ্ত টাকা একশত টাকার অধিক না হয় তবে এই আইনের বিধিক্রমের স্থাপিত কোন আদালতে করা কোন ডিক্রী অন্যথা করণার্থে যে কোন "রিট অফ এরর" অথবা "সুপরসিডিয়সের' রিটের দরখাস্ত হয় তৎক্রমে অথবা তাহার দ্বারা কোন ডিক্রী অথবা ডিক্রী জারী স্থগিত বা বিলম্ব কিম্বা অন্যথা করা যাইবেক না। এবং এক শত টাকার অধিক হইলেও যে ব্যক্তি সেই প্রকার রিট অর্থাৎ পরওয়ানার দরখাস্ত করে সেই ব্যক্তি যদি সাবেক ডিক্রীর দ্বারা যে টাকা দেওনের হুকুম হইয়াছিল তাহার তিনগুণ টাকার আদালতের ক্লার্ক সাহেবের অনুমতিহওয়া দুই মাতবর জামিন এই মজমুনে না দেয় যে আমি উক্ত রিটক্রমে শেষপর্য্যন্ত মোকদ্দমা চালাইব এবং সেই রিটের অনুসারে মোকদ্দমা না হইলে অথবা সাবেক ডিক্রী বহাল হইলে যে কর্জ অথবা ক্ষতিপূরণের টাকা এবং খরচার ডিক্রী হইয়াছিল তাহা পরিশোধ করিব এবং দিব এবং ডিক্রী জারীর বিলম্বের বিষয়ে যে সকল ক্ষতি ও খরচা নির্দ্দিষ্ট হয় তাহা দিব তবে পূর্ব্বোক্ত রিটের দ্বারা কোন ডিক্রীজারী স্থগিতপ্রভৃতি হইবেক না ইতি।

৭৯ ধারা। কোন ব্যক্তির জিনিস ও সম্পত্তি ক্রোক করণার্থ ডিক্রী জারীর ওয়ারণ্ট হইলে আদালতের ক্লার্ক সাহেব যত টাকা ও খরচার ডিক্রী হইয়াছিল তাহা এবং সেই ওয়রণ্টের খরচা সেই ওয়ারণ্টে লিখিবেন। এবং যে ব্যক্তির বিরুদ্ধে ডিক্রী জারী হয় সেই ব্যক্তি যদি দ্রব্য ও সম্পত্তির প্রকৃতপ্রস্তাব নীলাম হওনের পূর্ব্বে পূর্ব্বোক্তমত টাকা ও খরচা অথবা তাহার যে অংশ ঐ টাকাপাওনিয়া ব্যক্তি আপন কর্জ বা ক্ষতিপূরণের টাকা এবং খরচার সম্পূর্ণরূপে পরিশোধার্থে লইতে স্বীকার করে তাহা ও যে রসুম দিবার হুকুম এই আইনে আছে তাহা ঐ আদালতের ক্লার্ক সাহেবকে অথবা যে বেইলিফের হাতে ডিক্রী জারীর ওয়ারণ্ট থাকে তাহাকে দেয় অথবা দেওয়ায় কি দিতে প্রস্তাব করে তবে ঐ ডিক্রী জারী নিবৃত্ত হইবেক এবং ঐ ব্যক্তির দ্রব্য ও সম্পত্তি খালাস ও মুক্ত হইবেক ইতি।

৮০ ধারা। এই আইনানুসারের স্থাপিত প্রত্যেক আদালতের ক্লার্ক সাহেব সকল সমনের ও সকল হুকুমের ও সকল ডিক্রীর ও ডিক্রী জারীর ও তাহার ওয়াপোস ও সকল জরীমানা ও আদালতের অন্য সকল কার্য্যের নিদর্শন সময়ক্রমে আদালতের এক কি ততোধিক বহীর মধ্যে স্পষ্টাক্ষরে লেখাইবেন এবং সেই বহী ঐ আদালতের দফ্তরে রাখা যাইবেক। এবং এক কি ততোধিক জজ সাহেব তাহাতে দস্তখৎ করিবেন এবং ঐ এক কি ততোধিক বহীর মধ্যে যে সকল লিপি থাকে তাহা অথবা আদালতের মোহরকরা তাহার যে এক নকল ঐ আদালতের ক্লার্ক সাহেব যথার্থ নকল বলিয়া সহী ও নির্দ্দিষ্ট করেন তাহা সকল আদালতে ও স্থানে ঐ প্রকার লিপির প্রমাণ এবং ঐপ্রকার লিপি বা লিপিসকলে যে কার্য্যের বিষয় লেখা আছে তাহার প্রমাণ এবং ঐ কার্য্য দাঁড়ামত হওনের প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবেক এবং তাহার বিষয়ে অন্য কোন প্রমাণের আবশ্যক হইবেক না ইতি।

৮১ ধারা। এইমত প্রত্যেক আদালতের ক্লার্ক সাহেব প্রত্যেক বৎসরের মার্চ মাসে আদালতের ফরিয়াদীরদের যে সকল টাকা আদালতে দাখিল করা গিয়াছে এবং তৎপূর্ব্বের জানুআরি মাসের প্রথম দিবসঅবধি পাঁচ বৎসরপর্য্যন্ত দাওয়া হয় নাই তাহার এক যথার্থ ফিরিস্তি প্রস্তুত করিবেন এবং যে২ ব্যক্তির জন্যে বা নিমিত্তে ঐ টাকা ঐরূপে আদালতে দাখিল করা গিয়া-

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৪৯ । ২৩ নবেম্বর ।]

names of the parties for whom or on whose account the same were so paid into Court, and a copy of such list shall be put up and remain during Court hours in some conspicuous part of the Court house, and at all times in the Clerk's Office, and all sums of money which shall have been paid into any such Court, to the use of any suitor or suitors thereof, and which shall have remained unclaimed for the period of six years before the passing of this Act, and which are now in the hands of any Commissioner or Officer of such Court, or otherwise held in trust for such suitors, and all further sums of money, which shall hereafter be paid into such Court to the use of any suitor or suitors thereof, shall, if unclaimed for the period of six years after the same shall have been so paid into Court, be applicable as part of the fees receivable on account of the Court, and shall be carried to the same account, and no person shall be entitled to claim any sum which shall have remained unclaimed for six years, but no time during which the person entitled to claim such sum shall have been an infant or married woman or of unsound mind, or out of the Territories under the Government of the East India Company, shall be taken into account in estimating the said period of six years

[To be continued next week]

ছিল তাহারদের নাম ঐ ফর্দে বিশেষরূপে লেখা থাকিবেক। এবং ঐ ফর্দের এক নকল আদালতের বৈঠকের সময়ে আদালত ঘরের সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে লট্‌কান যাইবেক ও থাকিবেক এবং সর্ব্বদা ঐ ক্লার্ক সাহেবের দফ্তরখানায় লট্‌কান থাকিবেক। এবং যে সকল টাকা কোন ফরিয়াদী বা ফরিয়াদীরদের জন্যে ঐ আদালতে দাখিল করা গিয়া থাকে এবং এই আইন জারী হওনের পূর্ব্বে ছয় বৎসরপর্য্যন্ত দাওয়া না হইয়া রহিয়াছে এবং এক্ষণে এইমত কোন আদালতের কমিস্যনর বা কর্ম্মকারকের হাতে আছে কি প্রকারান্তরে ঐ ফরিয়াদীরদের জন্য ধার্য্য আছে তাহা এবং আর যে সকল টাকা উত্তর কালে কোন ফরিয়াদী বা ফরিয়াদীরদের উপকারার্থে ঐ প্রকার আদালতে দাখিল করা যায় তাহা যদি আদালতে সেইরূপ দাখিল হওনের পর ছয় বৎসরপর্য্যন্ত দাওয়া না হইয়া থাকে তবে তাহা আদালতের জন্যে যে রসুম লওয়া যায় তাহার ন্যায় শোধ হইয়া ব্যয় হইবেক এবং সেই হিসাবে জমা করা যাইবেক। এবং যে টাকা এইরূপে ছয় বৎসরপর্য্যন্ত বিনা দাওয়ায় আদালতে রহিয়াছে তাহার দাওয়া কোন ব্যক্তি করিতে পারিবেক না। কিন্তু যে ব্যক্তি ঐপ্রকার টাকার দাওয়া করিতে পারে সেই ব্যক্তি যত কাল নাবালগ ছিল কিম্বা বিবাহিতা স্ত্রী কি উন্মাদ ছিল কিম্বা কোম্পানি বাহাদুরের শাসিত দেশের বাহিরে ছিল তত কাল ঐ ছয় বৎসরের হিসাব করণেতে গণ্য হইবেক না ইতি।

[ইহার শেষ আগামিতে প্রকাশ হইবেক।]

REPORT OF A SUMMARY CASE DETERMINED BY THE COURT OF SUDDER DEWANNY ADAWLUT

The 29th October, 1849

An appeal does not lie against an order of acquittal of parties, charged with resistance of process

Mr George Lamb,—Petitioner

The Petitioner was a decree holder The officer employed in executing the decree, reported that he was resisted in his duty The Judge, on enquiring, considered the charge of resistance of process not proved and, therefore, released the parties accused From the Judge's order, which was dated 25th April, 1849, the Petitioner appealed to the Sudder Dewanny Adawlut

By the Court, (Mr Jackson) " This appeal is " brought, not by the Peadah, or officer employed, " but by the decree holder It is obvious that he " was no party to the case of resistance of process, " and cannot be heard, in fact, as a case of resis' tance of process is of a criminal nature, I consi" der the principle of Section 4, Act 31 of 1841, " applicable to it, and that the accused, having " been acquitted, this Court has no power to in" terfere " Petition rejected

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তি হওয়া সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৪৯ সাল ২৯ অক্টোবর।

যাহারদের নামে পরওয়ানার বাধকতা করণের নালিশ হয় তাহারদের নির্দ্দোষি করণের হুকুমের উপর আপীল হইতে পারে না।

জর্জ লাম সাহেব। দরখাস্তকারী।

দরখাস্তকারী ডিক্রীদার ছিলেন। ডিক্রীজারী করিতে যে আমলা নিযুক্ত হইয়াছিল সে রিপোর্ট করিল যে আমার কর্ত্তব্য কার্য্যেতে প্রতিবন্ধকতা হইয়াছে। জজ সাহেব এই বিষয় তজবীজ করিয়া বোধ করিলেন যে পরওয়ানার প্রতিবন্ধকতা করণের প্রমাণ হয় নাই অতএব তিনি নালিশগ্রস্ত ব্যক্তিরদিগকে খালাস করিলেন। জজ সাহেবের ঐ হুকুম ১৮৪৯ সালের ২৫ আপ্রিল তারিখে হইল সেই হুকুমের উপর দরখাস্তকারী সদর আদালতে আপীল করিলেন।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুক্ত জাক্সন সাহেব কহিলেন যে " এই আপীল পেয়াদা কিম্বা পরওয়ানা " জারীর কর্ম্মে নিযুক্ত আমলা উপস্থিত করে নাই কিন্তু " ডিক্রীদার তাহা উপস্থিত করিয়াছেন। ঐ ডিক্রীদার পর" ওয়ানার বাধকতার মোকদ্দমার কোন পক্ষ নহেন ইহা " স্পষ্ট দৃষ্ট হইতেছে অতএব উঁহার কথা শুনা যাইতে " পারে না। আরো পরওয়ানার বাধকতা করণের কর্ম্ম " ফৌজদারী মোকদ্দমার বিষয় হওনাপ্রযুক্ত আমি বোধ " করি যে ১৮৪১ সালের ৩১ আইনের ৪ ধারার মূল নিয়ম " তদ্বিষয়ে খাটে এবং জজ সাহেব নালিশগ্রস্ত ব্যক্তিকে " নির্দ্দোষি করাতে এই আদালতের তাহাতে হস্তক্ষেপ " করণের ক্ষমতা নাই।" অতএব দরখাস্ত নামঞ্জুর হইল।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDER OF THE ACCOUNTANT GENERAL

No 754

To the Collectors of Land Revenue of Akyab, Bancoorah, Aeng, Gowalparah, Tipperah, Sandoway, Shahabad, Patna, Tirhoot, Ramree, Sylhet, Chittogong, Beerbhoom, Hazareebaugh, Cachar, Backergunge, Dacca, Dinagepore, Jessore, Hazareebaugh, Manbhoom Dn, Durrung, Hazareebaugh, Singbhoom Dn, Sarun, Purneah, Burdwan, Cuttack S D, Pooree, Hooghly, Furreedpore, Behar, Pubnah, Maldah, Kamroop, Bullooah, Moorsheda bad, Midnapore, Mymensing, Bograh, Nuddea, Cuttack N D, Balasore, Bhaugulpore, Rajshahye, Rungpore, Cuttack C D, Nowgong, Jorehaut, Monghyr, Luckimpore, Lohardugga Dn, 24 Pergunnahs, Calcutta

In consequence of a communication from the Sudder Board of Revenue, I have the honor to request that you will discontinue transmitting to this Department in future, the Annual Explanatory arrangement of the Bukya Towjee Balances, and the Register of Balances due by Land Revenue Defaulters, and that in lieu of the former Return you will furnish me annually from 1849 50 with an Abstract Statement of Balances, drawn up in the accompanying form, for the purpose of adjustment

2 In consequence of the above arrangement, it will be necessary for you, to omit the column of "Balances transferred to the Defaulter's Register" from your Hal and Bukya Towjees, and Annual Jumma Wasil Bakee, and also to write back into your Bukya Towjee for the current quarter, all Bukya Balances appearing in your Defaulter's Register, transferring at the same time, the Hal Balances into the Hal Towjee

3 Should any balances due by defaulters have been recovered by you during the present year and credited in your Treasury Accounts since May last, under the head of "Remanent Balances," it will be necessary for you to transfer such items to the head of "Land Revenue," by a debit to "Remanent Balances"

W MAPLES,

Asstt Acct to the Govt of Bengal

Fort William, Accountant's Office,
Revenue Dept, the 12th October, 1849

আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরক্যুলর অর্ডর।

৭৫৪ নম্বর।

আক্যাব ও বাঁকুড়া ও আয়েঙ্গ ও গোআলপাড়া ও ত্রিপুরা ও সান্দোয়ে ও শাহাবাদ ও পাটনা ও ত্রিহুত ও রামরি ও ছিলট ও চাটিগাঁ ও বীরভূম ও হাজারীবাগ ও কাছাড় ও বাকরগঞ্জ ও ঢাকা ও দিনাজপুর ও যশোহর ও হাজারীবাগে মানভূম এলাকা ও দরঙ্গ ও হাজারীবাগে সিংহভূম এলাকা ও সারণ ও পূরণিয়া ও বর্দ্ধমান ও দক্ষিণ কটক ও পুরী ও হুগলী ও ফরিদপুর ও বেহার ও পাবনা ও মালদহ ও কামরূপ ও ভুলুয়া ও মুরশিদাবাদ ও মেদিনীপুর ও ময়মনসিংহ ও বগুড়া ও নদীয়া ও উত্তর কটক ও বালেশ্বর ও ভাগলপুর ও রাজশাহী ও রঙ্গপুর ও মধ্যম কটক ও নওগাঁ ও যোড়হাট ও মুঙ্গের ও লক্ষ্মীপুর ও লোহারডগা এলাকা ও চব্বিশপরগনা ও কলিকাতার ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব সমীপেষু।

সদর বোর্ড রেবিনিউর সাহেবেরদের স্থানে প্রাপ্ত পত্রানুসারে আপনাকে আদেশ করিতেছি যে বকেয়া তৌজীর বাকীর স্পষ্ট করণের বার্ষিক বিবরণ এবং ভূমির রাজস্বের বাকীদারেরদের স্থানে যে টাকা বাকী আছে তাহার রেজিষ্টর উত্তর কালে এই দিবিশনে আর না পাঠান যায় এবং সাবেক কৈফিয়তের পরিবর্ত্তে হিসাব মোকাবিলা করিবার জন্যে ১৮৪৯।৫০ সাল অবধি পশ্চাৎ লিখিত পাঠানুসারে প্রতিবৎসরে বাকী টাকার এক চুম্বক কৈফিয়ৎ পাঠাও।

২। উক্ত নিয়মপ্রযুক্ত তোমার হাল ও বকেয়া তৌজী ও বার্ষিক জমা ওয়াসীল বাকীর কৈফিয়ৎহইতে "বাকীদারের রেজিষ্টারিতে খারিজদাখিলহওয়া বাকী টাকার" ঘর একেবারে বর্জ্জিত কর এবং তোমার বাকীদারের রেজিষ্টরীতে যে সকল বকেয়া বাকী দৃষ্ট হয় চলিত ত্রৈমাসিকের তোমার বকেয়া তৌজীতে পুনর্ব্বার লেখ এবং হাল বাকী খারিজ করিয়া হাল তৌজীতে দাখিল কর।

৩। যদি সন হালে বাকীদারের স্থানে কোন বাকী টাকা তোমার দ্বারা পাওয়া গিয়াছে এবং গত মে মাসের পর তোমার খাজানাখানার হিসাবে "অবশিষ্ট বাকীর" শিরোভাগের নীচে লেখা গিয়াছে তবে তাহা "অবশিষ্ট বাকীর" মধ্যে খরচ লিখিয়া "ভূমির রাজস্ব" এই শিরোভাগের নীচে খারিজদাখিল কর।

ডবলিউ মেপলস।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট। ১৮৪৯ সাল ১২ অক্টোবর।

Explanatory Arrangement of the Net Balance of the Bukya Towjee of Zillah ——
for the year ——

	Years antecedent to 1846 47	For 1846 47	For 1847 48	For 1848 49	Total Amount	
Net Balance as per Bukya Towjee for						

E E *Collector*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ১৩ নবেম্বর।]

অমুক জিলার অমুক বৎসরের বকেয়া তৌজীর নিট বাকী টাকা স্পষ্ট করণার্থ নিয়ম।

	১৮৪৫।৪৬ সালের পূর্ব্বের	১৮৪৬।৪৭ সালের	১৮৪৭।৪৮ সালের	১৮৪৮।৪৯ সালের	মোট
বকেয়া তৌজী দৃষ্টে অমুক সময়ের নিট বাকী					

অমুক কালেক্টর।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 13

To the Judges in the Lower Provinces, and to the Commissioners in the Extra Regulation Provinces

I am directed to enquire whether the practice prevails in your own or in the subordinate Courts of your district, of allowing respondents, decree holders, to take out execution of their decrees without giving security, on the ground that the appellants had not obtained orders to stay execution from the Appellate Court, and, if so illegal a practice exists, that you will state how it has originated and how long it has prevailed

W KIRKPATRICK, *Deputy Register*

Fort William, the 28th September, 1849

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

১৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের এবং আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত জজ সাহেব বরাবরেষু।

সদর আদালত জিজ্ঞাসা করিতেছেন যে আপেলাণ্ট আপীল আদালতহইতে ডিক্রী জারী স্থগিত করণের হুকুমপ্রাপ্ত হয় নাই এই জন্য যে রেস্পাণ্ডেণ্টেরা ডিক্রীদার হয় তাহারা জামিন না দিলেও তাহারদিগকে আপনং ডিক্রী জারী করিতে অনুমতি দিবার ব্যবহার তোমার অথবা তোমার জিলার অধীন আদালতে চলিতেছে কি না এবং যদি এমত বেআইনী ব্যবহার চলিতেছে তবে তাহা কিরূপে আরম্ভ হইল এবং কত কালঅবধি চলিতেছে তাহা লেখ।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৯ সাল ২৮ সেপ্টেম্বর।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDER OF THE SUDDER BOARD OF REVENUE

No 41

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

With reference to the Board's Circular, dated the 27th July last, No 30, I am directed by the Sudder Board of Revenue to annex, hereto, a Form of Statement to be adopted by Collectors, or other Officers exercising the powers of a Collector, whenever they may have occasion to report, for the information of Government as required by Section 2, Act XX of 1848, the imposition of fines by them under the authority vested in them by the 1st Section of that Act

2 It should invariably be mentioned in the Column of Remarks, along with any other suitable explanations, that the sanction of the Commissioner to the summoning of the parties, or the call for papers, was duly obtained in those cases in which such sanction is required by law

G PLOWDEN, *Secretary*
Sudder Board of Revenue,

Fort William, the 5th October, 1849

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

৪১ নম্বর

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ডের গত ২৭ জুলাই তারিখের ৩০ নম্বরী সরকুলর অর্ডরের উপলক্ষে সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে নীচের লিখিত কৈফিয়তের পাঠ পাঠাইতেছি। কালেক্টর সাহেবেরা বা কালেক্টর সাহেবের ভারপ্রাপ্ত অন্য কর্ম্মকারকেরা ১৮৪৮ সালের ২০ আইনের ১ ধারার দ্বারা তাহারদের প্রতি অর্পিত ক্ষমতানুসারে যে জরীমানা করেন তাহার রিপোর্ট ঐ আইনের ২ ধারাক্রমে গবর্ণমেণ্টের বিজ্ঞাপনার্থে করণের আবশ্যক হইলে ঐ পাঠানুসারে রিপোর্ট করিবেন।

২। যেং গতিকে আইনমতে ব্যক্তিরদিগকে বা কাগজপত্র তলব করণের বিষয় কমিসানর সাহেবের অনুমতির আবশ্যক আছে সেইং গতিকে ঐ সাহেবের অনুমতি রীতিমতে পাওয়া গিয়াছিল এই কথা এবং অন্যান্য উপযুক্ত বিবরণ মন্তব্য কথার ঘরে নিত্য লেখা উচিত।

জি প্লোডন। সেক্রেটারী।
সদর বোর্ড রেবিনিউ।

ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ৫ অক্টোবর।

Statement of Fines inflicted by Collector (or Superintendent of Survey,) of ———— under Section 1, Act XX of 1848

1 District.	2 Name of Estate and Pergunnah	3 Names of Zemindars	4 Object of call	Regulation under which call was made	Amount of daily fine	Date from which payable	Date of order inflicting the fine	Total amount of fine to date of report	Amount levied	Date or dates of levying fine	Remarks

১৮৪৮ সালের ২০ আইনের ১ ধারানুসারে অমুক জিলার কালেক্টর সাহেব অথবা জরীপের সুপরিন্টেণ্ডেন্ট সাহেব যে জরীমানা করিলেন তাহার কৈফিয়ৎ।

১ জিলার নাম	২ মহাল ও পরগনার নাম	৩ জমীদারের নাম	৪ তলবের অভিপ্রায়	যে আইনক্রমে তলব হইল।	প্রতি দিনের জরীমানার সংখ্যা।	যে তারিখঅবধি দেয় হইল।	জরীমানার হুকুম করণের তারিখ।	রিপোর্ট করণের তারিখপর্য্যন্ত জরীমানার মোট।	আদায়কৃত জরীমানা।	জরীমানা আদায় করণের তারিখ।	মন্তব্য কথা।

PRECEDENT OF THE SUDDER BOARD OF REVENUE

No 4

Upon a reference from the Commissioner of Chittagong, the Board held that under the Rules of Practice, a Commissioner may with the concurrence of the Lessee, cancel any lease at his own discretion, subject to an appeal to the Board, or to the Board's revision without appeal, but that a Collector is not competent to cancel any lease except on the ground of the default of the Lessee

G Plowden,

Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 30th October, 1849

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT

No 9

To the Session Judges in the Lower Provinces, and the Commissioners in the Extra Regulation Provinces

The Court notify the rescission of the Circular Orders cited in the margin* in consequence of the enactment of Act 1 of 1849, cases of acquittal on the ground of insanity, are to be entered as heretofore in statement (No 8) of acquittals for the month in which the trial was held

W Kirkpatrick, *Deputy Register*

Fort William, the 28th September, 1849

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

APPOINTMENTS

The 26th October, 1849

Baboo Kumlakunt, who has obtained a Diploma, to be Acting Moonsiff of Issapore, Zillah Chittagong, during the absence on leave of the incumbent

Moulvee Fuzul Ruhaman, who has obtained a Diploma, to be Acting Moonsiff of Bhuttearra, Zillah Chittagong, during the absence on leave of the incumbent

LEAVES OF ABSENCE

The 26th October, 1849

Moulvee Abdool Jubbar, Moonsiff of Issapore,

* Cir Order, No 233, dated 8th May, 1820

Para 6 C O No 307, dated 11th February, 1825

C O No 62, dated 4th September, 1840.
C O No 183, dated 27th September, 1844
C O No 201, dated 25th April, 1845

[*Government Gazette, 13th November*, 1849.]

সদর বোর্ড রেবিনিউর নজির।

৪ নম্বর।

চাটিগাঁর কমিস্যনর সাহেবের জিজ্ঞাসা করাতে সদর বোর্ডের সাহেবেরা ধার্য্য করিয়াছেন যে কার্য্যের রীতির বিধানমতে কমিস্যনর সাহেব পাট্টাদারের সম্মতিক্রমে আপন বিবেচনামতে কোন পাট্টা বদ করিতে পারেন কিন্তু তাহার উপর আপীল সদর বোর্ডে হইতে পারে অথবা বোর্ডের সাহেবেরা আপীলবিনা সেই বিষয়ের পুনর্ব্বিচার করিতে পারেন। কিন্তু পাট্টাদারের কসুরভিন্ন অন্য কোন হেতুতে কালেক্টর সাহেব কোন পাট্টা বদ করিতে পারেন না।

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ৩০ অক্টোবর।

John C Marshman, *Bengalee Translator*

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব এবং আইন বহির্ভূত প্রদেশের শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা জানাইতেছেন যে ১৮৪৯ সালের ৪ আইন জারী হওয়াপ্রযুক্ত নীচের লিখিত সরকুলর অর্ডর * বদ হইয়াছে। বাতুলতাপ্রযুক্ত যাহারদিগকে নির্দ্দোষী করা যায় তাহারদের মোকদ্দমা যেমন এইপর্য্যন্ত হইয়া আসিতেছে তেমনি যে মাসে বিচার হইল সেই মাসের নির্দোষির মোকদ্দমার ৮ নম্বরী কৈফিয়তে লেখা যাইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯ সাল ২৮ সেপ্টেম্বর।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ২৬ অক্টোবর।

জিলা চাটিগাঁর ইচ্ছাপুরের মুনসেফের ছুটী লইয়া অনুপস্থানপর্য্যন্ত যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু কমলাকান্ত ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

জিলা চাটিগাঁর ভটিয়ারার মুনসেফের ছুটী লইয়া অনুপস্থানপর্য্যন্ত যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত মৌলবী ফজল রহমান ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ২৬ অকটোবর।

জিলা চাটিগাঁর ইচ্ছাপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী

* ১৮২০ সালের ৮ মের ২৩৩ নম্বরী সরকুলর অর্ডর।

১৮২৫ সালের ১১ ফেব্রুআরির ৩০৭ নম্বরী সরকুলরের ৬ দফা।

১৮৪০ সালের ৪ সেপ্টেম্বরের ৬২ নম্বরী সরকুলর।
১৮৪৪ সালের ২৭ সেপ্টেম্বরের ১৮৩ নম্বরী সরকুলর।
১৮৪৫ সালের ২৫ আপ্রিলের ২০১ নম্বরী সরকুলর।

Zillah Chittagong, for two months from the 19th instant

Baboo Satcowree Deb, Moonsiff of Bhuttearra, Zillah Chittagong, for one month, from the 19th instant

The 2d November, 1849

Moonshee Sumeenooddeen Ahmud, Moonsiff of Sarhut, Zillah Beerbhoom, for a fortnight, in excess of the Dusserah Vacation

The 7th November 1849

The undermentioned Moonsiffs have obtained leave of absence for the period of the late Dusserah Vacation

Mymensingh Moulvee Mahomed Sadi, 1st Grade Moonsiff of Sherepore

Moulvee Ameenooddeen Mahomed, Moonsiff of Nusserabad

The 9th November, 1849

Moulvee Syud Ahmud, 1st Grade Moonsiff of Mahomedpore, Zillah Jessore, from the 26th ultimo, to the 17th instant

Mofeezooddeen Mahomed, Moonsiff of Mendigunge, Zillah Backergunge for one week, in addition to the period of the ensuing Mohurrum Vacation

B J Colvin, *Register*

আবদুল জব্বার বর্ত্তমান মাসের ১৯ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

জিলা চাটিগাঁর ভটিয়ারার মুনসেফ শ্রীযুত বাবু সাতকৌড়ী দেব বর্ত্তমান মাসের ১৯ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২ নবেম্বর।

জিলা বীরভূমের সারহাটের মুনসেফ শ্রীযুত মুনশী সমীনুদ্দিন আহমদ দশহরার বন্দের অতিরিক্ত দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৭ নবেম্বর।

নীচের লিখিত মুনসেফেরা গত দশহরার বন্দে ছুটী পান।

ময়মনসিংহের শেরপুরের প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ সাদী।

নসীরাবাদের মুনসেফ শ্রীযুত মৌলবী আমিনুদ্দিন মহম্মদ।

১৮৪৯ সাল ৯ নবেম্বর।

জিলা যশোহরের মহম্মদপুরের প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত মৌলবী সৈয়দ আহম্মদ গত মাসের ২৬ তারিখঅবধি বর্ত্তমান মাসের ১৭ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

জিলা বাকরগঞ্জের মেন্দিগঞ্জের মুনসেফ শ্রীযুত মফিজদ্দীন মহম্মদ আগামি মহরমের বন্দের অতিরিক্ত এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৭৫৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ১২ অকটোবর।

শ্রীযুত কাপ্তান হানিংটন সাহেবের (Captain Hinnyngton,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত কাপ্তান টি সিমসন সাহেব (Captain T Simpson,) ছোট নাগপুরের ডেপুটী কমিস্যনরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত কাপ্তান এস আর টিকল সাহেব (Captain S R Tickell,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত হাজারীবাগে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেন্ট সাহেবের প্রধান আসিষ্টান্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেন্ট জি ফেথফুল সাহেব (Lieut G Faithfull,) আরাকানের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৯ সাল ১৪ অকটোবর।

অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেন্ট এফ রিপলি সাহেব (Lieutenant F Ripley,) আরাকানের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টান্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৯ সাল ২৬ অকটোবর।

ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী হামিদউল্লা খাঁ ঢাকাহইতে ত্রিপুরাতে নিযুক্ত হইলেন। অতএব ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু কৃষ্ণকান্ত দত্তের চাটিগাঁহইতে ঐ জিলাতে নিযুক্ত হওন রহিত হইল।

১৮৪৯ সাল ১৯ অকটোবর।

শ্রীযুত মেজর রথরফোর্ড সাহেবের (Major Rutherford,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত কাপ্তান সি এস গথরি সাহেব (Captain C S Guthrie,) কলিকাতার এবং চতুর্দ্দিগের খালের মাসুলের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৯ সাল ১৪ অকটোবর।

ভাগলপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত ডবলিউ এস আলেকজাণ্ডর সাহেব (Mr W S Alexander,) যে তারিখে আপনার কর্ম্মের ভার সদর আমীনের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে মহরমের বন্দ এবং তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন। প্রধান সদর আমীন আপনার কর্ম্ম স্থানে প্রত্যাগমন করিলে সদর আমীন ঐ কর্ম্মের ভার তাঁহার প্রতি অর্পণ করিবেন।

১৮৪৯ সাল ২৫ অকটোবর।

পাটনার বাড়ের জাইণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ এম বোফর্ট সাহেব (Mr W M Beaufort,) যে তারিখে আপনার কর্ম্মস্থান ছাড়েন সেই তারিখ অবধি শুধরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

কলিকাতার গবর্ণমেন্টের দাসিলের কালেকটর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত আর ডবলিউ হিউজ সাহেব (Mr R W Hughes,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইঙ্গলণ্ডে গমনার্থে এক বৎসরের অনুমতি পাইয়াছেন।

১৮৪৯ সাল ১৬ অকটোবর।

শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব (Mr F A E Dalrymple) বগুড়াতে আপনার কর্ম্মে পঁহুছনের মিয়াদের অতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে আগামি মাসের ২৫ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২৭ অকটোবর।

বেহারের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ ইবরাহিম খাঁ গত আগষ্ট মাসের ২০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

সারণের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে কুম সাহেব (Mr J Combe,) গত মাসের ১৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ১৩ নবেম্বর।]

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ২৫ অক্টোবর।

কলিকাতার গবর্ণমেণ্টের হাসিলের কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত আর ডবলিউ হিউজ সাহেব (Mr R W Hughes,) গত মাসের ২২ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহা চিকিৎসকের সর্টিফিকটক্রমে পাইয়াছেন বোধ করিতে হইবেক।

যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু গোপাল লাল মিত্র গত মাসের ১৪ তারিখে যে ছুটী পান তাহা ঐ মাসের ২১ তারিখঅবধি আরম্ভ হয় ঐ তারিখে তিনি ছুটী গ্রহণ করেন।

জিলা চব্বিশপরগনার জরীপী কর্ম্মে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ ঘোষ গত মাসের ১৩ তারিখে যে ছুটী পান তাহা রহিত হইল।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৭৭৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ২৯ অক্টোবর।

আমাদের আসিষ্টাণ্ট ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি আর ব্লণ্ড সাহেব (Reverend R Bland,) যে তারিখে চেরাপুঞ্জীতে পঁহুছেন সেই তারিখঅবধি দুই মাসপর্য্যন্ত চেরাপুঞ্জীর পাদরি শ্রীযুত এ গার্ষ্টিন সাহেবের (Revd A Garstin,) কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৯ সাল ৩০ অক্টোবর।

শ্রীযুত ডবলিউ এম বোফোর্ট সাহেব (Mr W M[illegible] Beaufort,) জিলা পাটনার বাড়ে স্বীয় পদোপলক্ষে ডাকের অধ্যক্ষ হইবেন।

১৮৪৯ সাল ১ নবেম্বর।

সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে কে ওয়াল্টের সাহেব (Mr J K Walter,) এবং শ্রীযুত বেক সাহেব (Mr Beck,) ও শ্রীযুত হরমানসন সাহেব (Mr Herman son,) রঙ্গপুরের গুদারার নৌকার দ্বারা প্রাপ্য ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত মেজর জে লাঙ্গ সাহেব (Major J Lang,) নদীয়াতে গুদারার নৌকার দ্বারা প্রাপ্য ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ৩১ অক্টোবর।

চাটিগাঁর দ্বিতীয় প্রধান সদর আমীন শ্রীযুত পণ্ডিত শ্রীনাথ বিদ্যাসাগরীশ দশহরার বন্দে যে ছুটী পান তদতিরিক্ত তিন দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২ নবেম্বর।

গোয়ালপাড়াতে আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এ এ ষ্টর্ট সাহেবকে (Captain A A Sturt,) গত আগষ্ট মাসের ১৭ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ২ নবেম্বর।

মঙ্গলদায়ের ডেপুটী কালেক্টর ও আসামের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ এস হড্‌সন সাহেব (Mr W S Hudson,) গত মাসের ১০ তারিখে আপনার কর্ম্মে প্রত্যাগমন করেন।

আক্যাবে প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট এচ হপকিনসন সাহেব (Lieut H Hopkinson,) গত মাসের ১৫ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ জে লঙ্গমোর সাহেবের (Mr W J Longmore,) স্থানে পুনর্গ্রহণ করেন।

আরাকানের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এস আর টিকল সাহেব (Captain S R Tickell,) গত মাসের ১৬ তারিখে আয়েক্ক জিলার কর্ম্মের ভার শ্রীযুত এস ওয়াকোপ সাহেবের (Mr S Wauchope,) স্থানে গ্রহণ করেন।

রঙ্গপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত টি ওয়ায়াট সাহেব (Mr T Wyatt,) আপনার সিবিশভার চলিত কর্ম্মের ভার রাখিয়া গত মাসের ২২ তারিখে বগুড়াতে তৃতীয় ত্রৈমাসিক দওরাতে গমন করিলেন।

সব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু কালিদাস নন্দী গত মাসের ২৪ তারিখে বাঁকুড়ার চিকিৎসকতা কর্ম্মের ভার শ্রীযুত ডাক্তর জি এন চীক সাহেবের (Dr G N Cheek) স্থানে গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৮০২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ২ নবেম্বর।

সব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এ তামস সাহেব (Mr A Thomas,) আরাকানে রামরির সদর মোকামের চিকিৎসকতা কর্ম্ম পাইয়াছেন।

ছুটী।

১৮৪৯ সাল ৩ নবেম্বর।

বীরভূমের মাজিষ্ট্রেট শ্রীযুত টি ই উডকক সাহেব (Mr T I Woodcock) আপনার কর্ম্মের ভার কালেক্টর সাহেবের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে ছুটীবিষয়ক বিধির ১১ ধারানুসারে পনের দিনের ছুটী পাইয়াছেন। কালেক্টর সাহেব আপনার কর্ম্মের অতিরিক্ত মাজিষ্ট্রেট সাহেবের কর্ম্মও চালাইবেন।

বাঁকুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের আসিষ্টাণ্ট শ্রীযুত এ ডবলিউ রসেল সাহেব (Mr A W Russell,) স্বীয় কর্ম্মোপলক্ষে দশ দিনের ছুটী পাইয়াছেন।

নদীয়ার ফওজদারক শ্রীযুত মোলবী যাতব্বাদ হুসেন স্বীয় কর্ম্মোপলক্ষে মহরমের বন্দে ও তদতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৫ নবেম্বর।

নেহারের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর জে ডেনহাম সাহেব (Mr J Denham) ঐ স্থানের আপনার চিকিৎসকতা কর্ম্মের ভার সব-আসিষ্টাণ্ট চিকিৎসকের প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

হাবড়ার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর এ সি মাক্রে সাহেবকে (Dr A C Macrae,) গত মাসের ১৭ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল গত মাসের ৩১ তারিখঅবধি রহিত হইল। ঐ তারিখে তিনি আপনার কর্ম্ম পুনর্গ্রহণ করেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ৬ নবেম্বর।

শ্রীযুত এফ স্কিপউইথ সাহেব (Mr F Skipwith,) গত মাসের ২৯ তারিখে চাটিগাঁর সিবিল ও সেশন জজ ও স্পেসিয়ল কমিস্যনরের কর্ম্মের ভার শ্রীযুত এ স্কন্স সাহেবের (Mr A Sconce,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব গত মাসের ১ তারিখে কলিকাতার সুতানুটি ও

শ্যামবাজার ও বৈঠকখানার যে তিনটা চৌকী আছে তাহা ১৮৪৯ সালের ১৩ আইনের ১ ধারার বিধানমতে নিমক চৌকীস্বরূপ স্থাপন করেন।

চব্বিশপরগনার জবীপী কর্ম্মে নিযুক্ত ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু তারাচাঁদ ঘোষ গত মাসের ৮ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৮২০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ৬ নবেম্বর।

সারণের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর এ সিমসন সাহেব (Dr A Simpson,) ঐ স্থানের ডাকাধ্যক্ষও হইবেন।

শ্রীযুত মৌলবী ইবরাহিম আলী খাঁর অনুপস্থান কি অন্য হুকুম না হওন পর্য্যন্ত শ্রীযুত মৌলবী মহম্মদ রফিক বেহারের প্রধান সদর আমীনী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৯ সাল ৭ নবেম্বর।

এতদ্দেশীয় লঘু অস্ত্রধারি পদাতিক সৈন্যেরদের ১৬ পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত জে এমর্সন সাহেব (Lieut J Emerson,) দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের ছোট আসিষ্টাণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

নদীয়ার মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এচ এ আর আলেকজাণ্ডর সাহেব (Mr H A R Alexandor,) ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইলাছেন।

শ্রীযুত জে এস স্পাঙ্কি সাহেব (Mr J S Spankie,) জিলা চাটিগাঁর দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ৫ নবেম্বর।

থনাসরীম প্রদেশের কমিসনর শ্রীযুত মেজর এ বোগল সাহেব (Major A Bogle,) আপনার কর্ম্মের ভার শ্রীযুত কাপ্তান ই এচ ইম্পি সাহেবের (Captain E H Impey,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন তাহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত কাপ্তান ইম্পি সাহেব (Capt Impey,) কমিসনরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

মুঙ্গেরের ডেপুটী কালেকটর শ্রীযুত পণ্ডিত রামনারায়ণ রায় চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৬ নবেম্বর।

চাটিগাঁর সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ স্কিপউইথ সাহেব (Mr F Skipwith) বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি অথবা তিনি যে জাহাজে যান সেই জাহাজ আড়কাটি সাহেব যে তারিখে ছাড়েন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে ইঙ্গলণ্ডে গমনার্থে এক বৎসরের ছুটী পাইয়াছেন।

শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব (Mr C T Buckland) আপনার কর্ম্মস্থান ভাগলপুরে যাইবার মিয়াদের অতিরিক্ত অধরা বিধির ১১ ধারানুসারে স্বীয় কর্ম্মোপলক্ষে সাতের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৭ নবেম্বর।

ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এফ টকর সাহেব (Mr F Tucker,) আপনার কর্ম্মস্থানে গমনের মিয়াদের অতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

ছিলটের মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেব (Mr C W Mackillop,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

মালদহের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে লাম সাহেব (Mr J Lamb,) গত জুন মাসের ২৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি মাসের ছুটী পাইয়াছেন।

পাটনা এলাকার কমিসনর শ্রীযুত জি গফ সাহেব (Mr G Gough,) যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি আপনার কর্ম্মের ভার রাখিয়া ছুটীবিষয়ক সুধরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

যশোহরের কালেকটর শ্রীযুত সি ডি রসেল সাহেবকে (Mr C D Russell,) গত জানুআরি মাসের ২৭ তারিখে যে দুই দিনের ছুটী দেওয়া যায় তাহা তাহার প্রার্থনায় রহিত হইয়াছে।

ত্রিপুরার ডেপুটী কালেক্টর শ্রীযুত এল বারবর সাহেব (Mr L Barber,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ৮ নবেম্বর।

কলিকাতার ফোর্ট উলিয়ম কিল্লার ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি আর ইটিসন সাহেবকে (Rev R Eteson,) কলিকাতার শ্রীযুত লার্ড বিশপ সাহেব যে এক মাসের ছুটী দেন তাহা মঞ্জুর হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ৯ নবেম্বর।

শ্রীযুত জে ডেবিস সাহেব (Mr J Davis,) গত মাসের ১৮ তারিখে আরাকাণের সান্দোয়ের চিকিৎসকতা কর্ম্ম গ্রহণ করেন।

আসামে মঙ্গলদায়ের সব-আসিষ্টাণ্ট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ এস হডসন সাহেব (Mr W S Hudson,) গত মাসের ১০ তারিখে আপনার কর্ম্মে প্রত্যাগমন করেন।

বেহারের মাজিষ্ট্রেট শ্রীযুত জি জি বালফোর সাহেব (Mr G G Balfour,) বর্ত্তমান মাসের ২ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত এচ রোস সাহেবের (Mr H Rose,) প্রতি অর্পণ করেন।

আরাকাণের সৈন্যেরদের নীচের লিখিত সেনাপতি সাহেবেরা বর্ম্মীয় ভাষায়পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন এমত রিপোর্ট হইল।

শ্রীযুত লেপ্টেনেণ্ট ডি এ চেস সাহেব (Lieut D A Chase)

শ্রীযুত লেপ্টেনেণ্ট এফ ডবলিউ রিপলি সাহেব (Lieut F W Ripley)

শ্রীযুত লেপ্টেনেণ্ট ডবলিউ এফ নটহল সাহেব (Lieut. W F Nuthall)

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ১৩ নবেম্বর।]

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশতিহার।

SALT

নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নমক মায ৪ পরসেণ্ট গোলাশুক্তি বাদে লাগাদ ৩১ আগাষ্টের সন ১৮৪৯ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার নমকের গোলাজাতের মৌজুদ নমকের

এজেন্সীর নাম।	সন ১২৫০ সাল এবং পূর্ব্ব সন-হাবের	সন ১২৫১ সাল মোতাবকে ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মোতাবকে ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মোতাবকে ইং ১৮৪৬। ৪৭ সাল	সন ১২৫৪ সাল মোতাবকে ইং ১৮৪৭। ৪৮ সাল	সন ১২৫৫ সাল মোতাবকে ইং ১৮৪৮। ৪৯ সাল	মৌজুদ নমকের একুন
হিজলী।							
পাঙ্গা নমক ঘাট দক্ষিণ কালীনগর।	১,৮১,৬১৩	২,৭৬,১২৪	২,১৪,০৮৪৸০	০	৩,৯১১॥০	৫,২৯২	৭,৩১,৪২৫।০
ঐ ঐ কৃষ্ণনগর।	১৭,৪২৩৸০	০	০	০	০	৭,৬১ /	২৫,১৩৩৸০
ঐ ঐ রামনগর।	০	০	০	০	০	১,৮৯,৭৩৮/	১,৮৯,৭৩৮/
গাছা নমক।	১০৮২৭॥০	০	০	০	০	০	১০,৮২৭॥০
একুন।	২,০৯ ৯৩৪।০	২,৭৬,১২৪/	২ ১৪, ৮৪৸০	০	৩,৯১১॥০	২,০২,৯৪০/	৯,৮৭,১২৪॥০
তমলুক।							
পাঙ্গা নমক ঘাট নারায়ণপুর।	০	০	০	০	০	১,৯৮,০৭১।৩	১,৯৮,০৭১।৩
ক্রোকি নমক।	০	০	০	০	০	০	।১
একুন।	০	০	০	০	০	১,৯৮, ৭১।১	১,৯৮, ৭১॥৪
২৪ পরগনা।							
পাঙ্গা নমক ঘাট রাগুণী।	০	০	০	০	১,৭৫,৩৪৩/	০	১,৭৫,৩৪৩/
একুন।	০	০	০	০	১,৭৫ ৩৪৩/	০	১,৭৫,৩৪৩/

এজেন্সীর নাম।	সন ১২৫০ সাল এবং পূর্ব্ব সন হইতে	সন ১২৫১ সাল মোতাবেকে ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মোতাবেকে ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মোতাবেকে ইং ১৮৪৬। ৪৭ সাল	সন ১২৫৪ সাল মোতাবেকে ইং ১৮৪৭। ৪৮ সাল	সন ১২৫৫ সাল মোতাবেকে ইং ১৮৪৮। ৪৯ সাল	মৌজুদ নমকের একুন
চট্টগ্রাম।							
পাঙ্গা নমক ঘাট নেজামপুর ডোমখালি।	১,৩২,১৯২ ॥৫	৬৪,২৪৬ ॥৫	০	০	০	০	১,৯৬,৪৩৯ ।০
ঐ আবাকিন ঐ	০	০	০	০	০	৪৫,৯০৭/	৪৫,৯০৭/
ঐ সদর ঘাট এজেন্সী।	০	০	০	০	০	২,৯৫,০৯৯ ৭২	২,৯৪০,৯৯ ॥১
ঐ ঐ আবাকিন।	০	১,১০,৫৭৪ ।৯	১,৭৭,১৬৯ ।০	৩,৭০,১৭১৸৫	৫৫,৫১২ ॥০	০	৭,১৩,৪২৮/ ৪
ক্রোকি নমক।	০	০	০	০	৬৯/ ৯ ।৶	০	৬৯/ ৯ ।৶
একুন।	১,৩২ ১৯১ ॥৫	১,৭৪,৮২১ ৪	১,৭৭,১৬৯ ।০	৩,৭০,১৭১৸৫	৫৫,৫৮১ ॥৯ ।৶	৩,৪০,০০৬ ১	১২,৪৯,৯৪৩/ ৫ ।৶
ভুলুয়া।							
পাঙ্গা নমক ঘাট কান্ডা আবাকিন।	০	০	০	০	০	৪১ ৯৪৭/	৪১,৯৪৭/
ক্রোকি নমক।	০	০	০	০	০	০	০
একুন।	০	০	০	০	০	৪১,৯৪৭/	৪১,৯৪৭/
শালিখা।							
পাঙ্গা নমক কটক।	১,১৬,০৯৫ ।৭	৩,০০,৬৬৬ ॥০	১,৬২,১৭২/	১,৪৪,৩৮৬ ।০	১,৪৭,৭৫২ ॥০	০	৮,৭০,৪৭১ ॥৭
ঐ বালেশ্বর।	০	০	০	০	০	০	০
ঐ খোরদা।	০	০	০	০	০	০	০
ঐ চিল্কা।	০	০	০	০	০	০	০
করকচ নেমক মান্দ্রাজ পর মট ১ পহিলা রকম।	১৯১/	১০৩/	০	৩৫১/	০	০	৬৪৫/
ঐ ঐ ২ দোসরা রকম।	৩১,৪০০ ।০	২,১২,৮৩৮৸০	৭৭ ১০৮/	২,১৯৬/	০	০	৩,২৩,৪৪৩/
ঐ ঐ ৩ তেসরা রকম	০	০	০	০	০	০	০
পাঙ্গা হিজলী কালীনগর।	৩৮২,৪০৩/	০	০	০	০	০	৩,৮২,৪০৩/
গাছা নমক।	১৪,৬০৫/	০	০	০	০	০	১৪ ৬০৫/
ঐ ২৪ পরগনা নারায়ণপুর নমক।	০	০	০	০	০	৪, ১ ৫২৭/ ৪	৪,০১,৫২৭/ ৪
ঐ ঐ ডাইমন হারবর।	০	০	০	৪৩,৮১৩ ॥০	৭৮,৭৭১ ॥০	০	১,২২,৫৮৫/
ঐ ঐ সাগর।	০	০	০	০	০	৪৯,৭৭২ ॥০	৪৯,৭৭২ ॥০
একুন।	৫,৪৩,৯৯৪ ।৭	৫,১৩,৬০৮ ।০	২,৩৯ ৩৮০/	১,৯ ,৭৩৬৸০	২,০৬,৫২৪/	৪,৫১,২৯৯ ॥৪	২১,৬৫,৫৫৩ ।১
তামলিপ্ত।							
পাঙ্গা ঘাট কৈকফু।	০	০	০	৫,৫১১ ।০	২৩,৬৭৭/	১,১২,৮২১/	১,৪২,০০৯ ।০
একুন	০	০	০	৫,৫১১ ।০	২৩,৬৭৭/	১,১২,৮২১/	১,৪২,০০৯ ।০
মোট একুন।	৮ ৮৬,১৫১ ॥২	৯,৬৪,৬৫৩ ।৪	৭,১০,৬৩৪/	৫,৬৬,৪২৯৸৫	৪,৮৫,০৩৭/ ৯ ।৶	১৩,৪৭,০৮৫ ।৯	৪৯,৫৯,৯৯১৸০ ।৶

সি টীডন। সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ১৩ নবেম্বর।]

NOTICE

Notice is hereby given, that Five Bank of Bengal Notes, of the numbers and amounts noted below have been lost by a man named Anundnath Darogah

No	9044,	100 Rs
„	10033,	100 „
„	75025,	100 „
„	8185,	20 „
„	19526,	100 „
		420 Rs

R Abercrombie, *Magistrate*

Foujdarry Adawlut, Zillah Dacca,

The 1st November, 1849

ইশতিহার।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে আনন্দনাথ দারোগা নামক এক ব্যক্তি নীচের লিখিত নম্বরের ও মুল্যের পাঁচ কেতা বাঙ্গাল ব্যাঙ্ক নোট হারাইয়াছেন।

১০০৲	টাকার	৯০৪৪ নং
১০০৲	টাকার	১০,০৩৩ নং
১০০৲	টাকার	৭৫,০২৫ নং
২০৲	টাকার	৮১৮৫ নং
১০০৲	টাকার	১৯,৫২৬
		৪২০৲ টাক

আর আবরক্রম্বি। মাজিষ্ট্রেট।

ফৌজদারী আদালত। জিলা ঢাকা।

১৮৪৯ সাল ১ নবেম্বর।

NOTICE

Required a Treasurer for the Calcutta Collectorate, who will be required to deposit, Government P Notes to the amount of Rs 10,000, as Security Salary for the present Rs 25 Candidates are requested to apply to the Collector of Calcutta.

Calcutta, the 30th October, 1849

বিজ্ঞাপন।

ইস্তাহারনামা কাছারি কালেকটরি শহর কলিকাতা এই যে যেহেতু অত্র কাছারির খাজাঞ্চীগীরি কর্ম্ম খালী এমতে জানান যাইতেছে খাজাঞ্চীর বেতন এইক্ষণে ২৫৲ টাকা যে কেহ উক্ত কর্ম্মের প্রার্থনীয় আছহ ১০,০০০ দশ-হাজার টাকার কোম্পানির কাগজ সহ কলিকাতার শ্রীযুত কালেকটর সাহেবের হজুরে উপস্থিত হইয়া প্রার্থনীয় হইবা ইতি।

সন ১৮৪৯ সাল তারিখ ৩০ অক্টোবর।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিবদের ইশ্‌তিহার।

রিসিবর আফিস।

বাজার ইজারা।

নবকৃষ্ণ মিত্রদিগর বাদী হরিশ্চন্দ্র মিত্রদিগর প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত মারিস ফিট জেরল্ড সেণ্ডেস সাহেব আ-গামি ২১ নবেম্বর বুধবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় তাঁহার আফিসে শহর কলিকাতার চাঁদনি চক বাজারের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন তাঁহারা ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

আর বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

রিসিবর আফিস কোর্ট হৌস। ১ নবেম্বর ১৮৪৯ সাল।

[*Government Gazette, 13th November*, 1849]

আগামি বৃহস্পতিবার ১৫ নবেম্বর তারিখে শ্রীরামপুরের ছাপাখানাতে এই পুস্তক প্রকাশ হইবেক

বিশেষতঃ

সিবিল গাইড।

অর্থাৎ

দেওয়ানী আইনের সংগ্রহ

শ্রীযুত জান মাশমন সাহেবকর্ত্তৃক সংগৃহীত।

বঙ্গ ভাসায়

দ্বিতীয়বার প্রকাশিত হয়।

১৮৪৩ সালে এই পুস্তক প্রথমবার প্রকাশিত হওনের পরে যে সকল আইন ও সরক্যুলর অর্ডর ও আইনের অর্থ জারী হইয়াছে তাহা এই পুস্তকে ছাপা হইল। তদ্ভিন্ন সদর দেওয়ানী আদালতের নিষ্পত্তিহওয়া আট শতেরও অধিক মোকদ্দমার রিপোর্ট অর্থাৎ নজির এই পুস্তকে ছাপা হইয়াছে। পুস্তকের মূল্য ৩২৲ টাকা মাত্র।

যাঁহারদের প্রয়োজন হয় তাঁহারা শ্রীরামপুরের ছাপাখানায় আপনারদের ইচ্ছা জানাইবেন।

গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ১৩ নবেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 20, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ২০ নবেম্বর।

DRAFT OF ACTS

ACT No —— of 1849

An Act for the more easy Recovery of Small Debts and Demands in Calcutta, Madras and Bombay

(Continued from page 585)

LXXXII If any person shall wilfully insult any Judge, Clerk or Officer of the said Court, for the time being, during his sitting or attendance in Court, or shall wilfully interrupt the proceedings of the Court, or otherwise misbehave in Court, it shall be lawful for any Bailiff or Officer of the Court, with or without the assistance of any other person, by the order of the Judges to take such offender into custody, and detain him until the rising of the Court, and the Judges shall be empowered, if they shall think fit, by a warrant under their hands, and sealed with the seal of the Court, to commit any such offender to any prison to which they have power to commit offenders under this Act, for any time, not exceeding seven days, or to impose upon any such offender a fine, not exceeding Fifty Rupees for every such offence, and in default of payment thereof to commit the offender to any such prison as aforesaid, for any time, not exceeding seven days, unless the said fine be sooner paid, or instead of inflicting summary punishment under this Act may cause the offender to be indicted in the Supreme Court, if the offence be an indictable misdemeanour

LXXXIII If any Officer or Bailiff of any Court holden under this Act shall be assaulted while in the execution of his duty, or if any rescue shall be made or attempted to be made of any person arrested, or goods levied under process of the Court, the person so offending shall be liable to a fine, not exceeding One Hundred Rupees, to be

আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইতে অল্প কর্জ ও দাওয়া পূর্ব্বাপেক্ষা সুগমমতে আদায় করণের আইন।

(৫৮৫ পৃষ্ঠাহইতে চলিতেছে।),

৮২ ধারা। যে ব্যক্তি সময়ক্রমে আদালতের জজ বা ক্লার্ক সাহেব কি কর্ম্মকারক হন যদি কোন ব্যক্তি আদালতের বৈঠকের সময়ে বা তাহাতে উপস্থিত হওনের সময়ে জানিয়া শুনিয়া তাঁহার অপমান করে অথবা জানিয়া শুনিয়া আদালতের কার্য্যের ব্যাঘাত করে কি প্রকারান্তরে আদালতে কুব্যবহার করে তবে ঐ আদালতের কোন বেইলিফ কিম্বা কর্ম্মকারক অন্য কোন ব্যক্তির সাহায্য লইয়া বা তাহাবিনা জজ সাহেবেরদের হুকুমক্রমে সেই অপরাধিকে গ্রেপ্তার করিতে পারে এবং আদালতের বৈঠকের শেষ না হওনপর্য্যন্ত তাহাকে আটক করিয়া রাখিতে পারে। এবং জজ সাহেবেরা উচিত বুঝিলে আপনারদের দস্তখৎকরা এবং আদালতের মোহরকরা এক ওয়ারেণ্টের দ্বারা এই আইনক্রমে অপরাধিরদিগকে যে কারাগারে কয়েদ করণের শক্তি আছে সেই কারাগারে ঐ অপরাধিকে সাত দিবসের অনধিক মিয়াদপর্য্যন্ত কয়েদ করিতে পারেন। অথবা এইমত প্রত্যেক অপরাধের জন্যে অপরাধির পঞ্চাশ টাকার অনধিক জরীমানা করিতে পারেন এবং ঐ জরীমানার টাকা না দেওয়া গেলে অপরাধিকে সাত দিনের অনধিক কালপর্য্যন্ত পূর্ব্বোক্ত কারাগারে কয়েদ করিতে পারেন। কিন্তু সাত দিবসের পূর্ব্বে জরীমানার টাকা দেওয়া গেলে সে ব্যক্তি খালাস হইবেক অথবা যদি সেই অপরাধ সুপ্রিম কোর্টে নালিশের যোগ্য হয় তবে এই আইনানুসারে সরাসরী দণ্ড না করিয়া ঐ অপরাধির নামে সুপ্রিম কোর্টে নালিশ করিতে পারেন ইতি।

৮৩ ধারা। এই আইনক্রমের স্থাপিত কোন আদালতের কর্ম্মকারক বা বেইলিফের উপর যদি তাহার নিয়মিত কর্ম্ম করণ সময়ে চড়াউ হয় অথবা ঐ আদালতের হুকুমক্রমে যে ব্যক্তি গ্রেপ্তার হইয়াছে কি যে জিনিস ক্রোক হইয়াছে তাহা উদ্ধার করণার্থে যদি কোন উদ্যোগ হয় তবে যে ব্যক্তি এইরূপ অপরাধ করে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানা দেওনের যোগ্য হই-

recovered by order of the Court, or before a Magistrate as hereinafter provided, and the Bailiff of the Court, or any Peace Officer in any such case, may take the offender into custody, (with or without warrant,) and bring him before such Court, or Magistrate accordingly

LXXXIV If any Bailiff of the said Court, who shall be employed to execute any warrant of the Court, shall, by neglect, or connivance or omission, lose an opportunity of executing such warrant, then upon complaint of the party aggrieved by reason of such neglect, connivance or omission, (and the fact alleged being proved to the satisfaction of the Court,) the Judges shall order the Bailiff to pay such damages as it shall appear that the plaintiff has sustained thereby, not exceeding in any case the sum of money for which the said execution is issued, and the Bailiff shall be liable thereto, and upon demand made thereof, and on his refusal so to pay and satisfy the same, payment thereof shall be enforced by such ways and means as are herein provided for enforcing a judgment recovered in the said Court, without prejudice nevertheless to the execution of the original warrant

LXXXV If any Clerk, Bailiff or Officer of the Court, acting under colour or pretence of the process of the said Court, shall be charged with extortion or misconduct, or with not duly paying or accounting for any money levied by him under the authority of this Act, the Judges may inquire into such matter in a summary way, and for that purpose may summon and enforce the attendance of all necessary parties in like manner as the attendance of witnesses in any case may be enforced, and may make such order thereupon for the repayment of any money extorted, or for the due payment of any money so levied as aforesaid, and for the payment of such damages and costs, as they shall think just, and also, if they shall think fit, may impose such fine upon the Clerk, Bailiff or Officer, not exceeding One Hundred Rupees for each offence, as they shall deem adequate, and in default of payment of any money so ordered to be paid, payment of the same may be enforced by such ways and means as are herein provided for enforcing a judgment recovered in the said Court

LXXXVI Every Clerk, Bailiff or other Officer employed in putting this Act or any of the powers thereof in execution, who shall wilfully and corruptly exact, take or accept any fee or reward whatsoever, other than his lawful salary, for any thing done or to be done by virtue of this Act, or on any account whatsoever, relative to putting this Act into execution, shall, upon proof thereof before the said Court, and in the case of a Clerk, on confirmation of the finding of the Court by the Governor in Council, be for ever incapable of serving, or being employed under this Act in any of

বেক এবং তাহা আদালতের হুকুমক্রমে অথবা পশ্চাৎ নির্দ্দিষ্টমতে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উসুল হইবেক এবং আদালতের বেইলিফ কিম্বা পোলীসের অন্য কোন আমলা (ওরারণ্ট পাইয়া বা না পাইয়া) অপরাধি ব্যক্তিকে গ্রেফ্তার করিতে এবং আদালতে অথবা মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আনিতে পারে ইতি।

৮৪ ধারা। উক্ত আদালতের যে কোন বেইলিফ ঐ আদালতের কোন ওয়ারেণ্ট জারী করণেতে নিযুক্ত হয় সেই বেইলিফ যদি ত্রুটির দ্বারা কি চক্ষু মুদনের দ্বারা কিম্বা কসুরপ্রযুক্ত ঐ ওযারণ্ট জারী করণের সুযোগ হারায় তবে ঐ ত্রুটি বা চক্ষু মুদন বা কসুরের কার্য্য আদালতের হৃদ্বোধমতে প্রমাণ হইলে তাহার দ্বারা যে ব্যক্তির ক্ষতি হইয়াছে সেই ব্যক্তির নালিশক্রমে জজ সাহেবেরা ফরিয়াদীর যে ক্ষতি হইয়াছে বোধ হয় তাহা বেইলিফের দিতে হুকুম করিতে পারেন। কিন্তু কোন গতিকে যত টাকার বিষয়ে ঐ জারীর হুকুম হইয়াছিল তাহাহইতে অধিক টাকা হইবেক না এবং ঐ বেইলিফ তাহার বিষয়ে দায়ী হইবেক। এবং তাহার প্রতি সেই ক্ষতির টাকার দাওয়া হইলে যদি সেই টাকা দিতে ও পরিশোধ করিতে স্বীকার না করে তবে আদালতের ডিক্রী জারী করণের যে রীতি ও উপায় এই আইনের মধ্যে নির্দ্দিষ্ট আছে সেই রীতি ও উপায়ক্রমে ঐ টাকা আদায় করা যাইবেক কিন্তু তাহা হইলেও ঐ আসল ওয়ারণ্ট জারী হওনের কোন বাধা হইবেক না ইতি।

৮৫ ধারা। যদি আদালতের ক্লার্ক সাহেব অথবা বেইলিফ কি কোন কর্ম্মকারকের প্রতি এই অভিযোগ হয় যে ঐ আদালতের হুকুমের ছল বা প্রতারণাক্রমে তিনি জবরদস্তী করিয়া টাকা লইয়াছেন অথবা কোন কুক্রিয়া করিয়াছেন অথবা এই আইনের ক্ষমতাক্রমে যে কোন টাকা আদায় করিয়াছেন তাহা রীতিমতে দেন নাই অথবা তাহার হিসাব দেন নাই তবে জজ সাহেবেরা সরাসরীমতে সেই বিষয়ের তদারক করিতে পারেন এবং যেরূপে কোন মোকদ্দমার সাক্ষিরদিগকে হাজির করাণ যাইতে পারে সেইরূপে যে সকল ব্যক্তির তন্নিমিত্তে হাজির হইবার আবশ্যক আছে তাহারদিগকে তলব করিতে এবং হাজির করাইতে পারেন এবং যে টাকা জবরদস্তী করিয়া লওয়া গিয়াছিল তাহা ফিরিয়া দেওনের বিষয়ে অথবা যে টাকা সেইরূপে আদায় হইয়াছিল তাহা রীতিমত দেওনের বিষয়ে এবং ক্ষতিপূরণ ও খরচার টাকা দেওনের বিষয়ে যেমত যথার্থ বুঝেন সেইমত হুকুম দিতে পারেন। এবং আরো যদি উপযুক্ত বুঝেন তবে প্রত্যেক অপরাধের জন্যে এক শত টাকার অনধিক যে জরীমানা তাঁহারা প্রচুর বোধ করেন তাহা ঐ ক্লার্ক সাহেব ও বেইলিফ অথবা কর্ম্মকারকের দিতে হুকুম করিতে পারেন। এবং যে টাকা এইরূপে দেওনের হুকুম হয় তাহা যদি না দেওয়া যায় তবে আদালতের ডিক্রী জারী করাওনের যে রীতি ও নিয়ম নির্দ্দিষ্ট আছে সেইরূপে তাহা আদায় করাইবার হুকুম দিতে পারেন ইতি।

৮৬ ধারা। এই আইন জারী করণের কার্য্য অথবা এই আইনের ক্ষমতানুসারে কার্য্য করণেতে যে কোন ক্লার্ক সাহেব বা বেইলিফ কি অন্য কর্ম্মকারক আপনার নির্দ্দিষ্ট মাহিয়ানাছাড়া এবং এই আইন জারী করণের বিষয়ে এই আইনের ক্ষমতাক্রমে যে কার্য্য করা গিয়াছে বা করিতে হয় তজ্জন্যে অথব' অন্য কোন কারণে জানিয়া শুনিয়া এবং ক্লেশস্বরূপ কোন রসুম বা পুরস্কারের দাওয়া করেন বা লন কি গ্রহণ করেন তাহা আদালতের সম্মুখে প্রমাণ হইলে সেই ব্যক্তির বিষয়ে এই হুকুম হইবেক যে এই আইনক্রমে কোন লাভ বা প্রাপ্তির পদে আর কখন কর্ম্ম পাইতে বা নিযুক্ত হইতে পারিবেন না এবং ইহার মধ্যে নির্দ্দিষ্টমতে ক্ষতিপূরণের বিষয়েও

fice of profit or emolument, and shall also be liable for damages as herein provided.

LXXXVII If any claim shall be made to, or in respect of, any goods or chattels taken in execution under the process of any Court holden under this Act, or in respect of the proceeds or value thereof, by any person not being the party against whom such process has issued, the Clerk of the Court, upon application of the Officer charged with the execution of such process, as well before as after any action brought against such Officer, may issue a summons calling before the said Court, as well the party issuing such process as the party making such claim, and thereupon any action, which shall have been brought in the Supreme Court in respect of such claim, shall be stayed, and any Judge of the Supreme Court on proof of the issue of such summons, and that the goods and chattels were so taken in execution, may order the party bringing such action to pay the costs of all proceedings, had upon such action after the issue of such summons out of the Court of Small Causes, and the Judges of the Court of Small Causes shall adjudicate upon such claim and make such order between the parties in respect thereof, and of the costs of the proceedings as to them shall seem fit, and such order shall be enforced in like manner as any order made in any suit brought in such Court

LXXXVIII The powers of Act No VII 1847, to regulate distresses for small rents in Calcutta, shall be extended to the recovery of all arrears of rent not exceeding Five Hundred Rupees, and the Judges of every Court of Small Causes under this Act shall be empowered to exercise within their several jurisdictions the extended powers of the said Act, and the said Act shall be construed as if instead of Calcutta and the Settlement of Fort William in Bengal, the limits of the jurisdiction of the Court had been therein mentioned, and the Judges of the Court of Small Causes under this Act instead of the Commissioners of the Court therein mentioned, and the amount of Five Hundred Rupees instead of One Hundred Rupees, and the forms contained in the Schedule annexed to the said Act shall be altered accordingly, and shall refer to this Act instead of Act No VII 1847

LXXXIX The affidavit of arrear required by the said Act No VII, 1847, may, in every case be made either by the person entitled to such arrear or by his or her lawfully constituted attorney, and a warrant of distress may issue on such affidavit

XC Where any person shall hold or occupy any house, land or tenement, of which the value or the rent payable in respect thereof, does not exceed the rate of Five Hundred Rupees by the year, without leave of the owner, or under a lease or agreement which is ended, or duly determined by a legal notice to quit, and such tenant, or, if

দায়ী হইবেন। কিন্তু ক্লার্ক সাহেবের এই অপরাধ হইলে আদালতের হুকুম শ্রীযুত গবরনর সাহেবের হুজুর কৌন্সেলে মঞ্জুর না করিলে তাঁহার দণ্ড হইবেক না ইতি।

৮৭ ধারা। এই আইনক্রমের স্থাপিত কোন আদালতের হুকুম জারীক্রমে যে জিনিস কি সম্পত্তি লওয়া যায় তাহার বিষয়ে অথবা সেই জিনিসের উৎপন্ন বা মুল্যের বিষয়ে যে ব্যক্তির বিরুদ্ধে ঐ হুকুম বাহির হইয়াছে সে ছাড়া যদি অন্য কোন ব্যক্তির দ্বারা দাওয়া হয় তবে আদালতের ক্লার্ক সাহেব ঐ হুকুম জারীর ভারপ্রাপ্ত কর্ম্মকারকের দরখাস্তক্রমে তাহার নামে নালিশ হওনের পূর্ব্বে বা পরে এক সমন দিতে প বন এবং ঐ সমনের দ্বারা যে ব্যক্তি ঐ হুকুম বাহির করিল এবং যে ব্যক্তি সেইরূপ দাওয়া করিল উভয়কে আদালতে তলব করিতে পারেন। এবং তাহা হইলে ঐ দাওয়ার বিষয়ে সুপ্রিম কোর্টে যে কোন নালিশ উপস্থিত হইয়া থাকে তাহা রহিত হইবেক এবং সুপ্রিম কোর্টের কোন জজ সাহেবের নিকটে যদি এইরূপ প্রমাণ হয় যে ঐ সমন জারী হইয়াছে এবং সেই জিনিস ও সম্পত্তি জারীক্রমে ক্রোক হইয়াছিল তবে যে ব্যক্তি ঐরূপ নালিশ করিল সেই ব্যক্তিকে অল্প মুল্যের মোকদ্দমার আদালতহইতে ঐ সমন বাহির হওনের পর ঐ নালিশক্রমে যে সকল কার্য্য হইয়াছে তাহার খরচা দিবার হুকুম করিবেন এবং অল্প মুল্যের মোকদ্দমার আদালতের জজ সাহেবেরা সেই দাওয়ার বিষয়ের নিষ্পত্তি করিবেন এবং সেই দাওয়ার বিষয়ে এবং কার্য্যের খরচার বিষয়ে উভয় বিবাদির মধ্যে যে হুকুম উচিত বুঝেন সেই হুকুম করিবেন এবং ঐ আদালতে উপস্থিত কোন মোকদ্দমার কোন হুকুম যেরূপে জারী হয় সেইরূপে ঐ হুকুম জারী হইবেক ইতি।

৮৮ ধারা। শহর কলিকাতায় অল্প ভাড়ার জন্যে ক্রোকের নিয়ম করণের ১৮৪৭ সালের ৭ আইনে যে২ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তাহা পাঁচ শত টাকার অনধিক ভাড়ার বাকী আদায় করণার্থে খাটান যাইবেক এবং এই আইনক্রমে অল্প মুল্যের মোকদ্দমার প্রত্যেক আদালতের জজ সাহেবেরা আপন২ এলাকার মধ্যে উক্ত আইনের বিস্তারিত ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন। এবং ঐ আইনের মধ্যে "কলিকাতা এবং বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়মের বসতি" এই কথার পরিবর্ত্তে "ঐ আদালতের এলাকার সীমাসম্বন্ধ" পাঠ করা যাইবেক এবং "আদালতের কমিসনরেরা" এই কথার পরিবর্ত্তে "এই আইনানুসারের স্থাপিত অল্প মুল্যের মোকদ্দমার আদালতের জজ সাহেবেরা" এই কথা পাঠ করিতে হইবেক এবং ঐ আইনে যেখানে এক শত টাকা লেখা আছে সেখানে পাচ শত টাকা পাঠ হইবেক এবং উক্ত আইনের শেষের লিখিত তফসীলে যে নানা পাঠ আছে তাহা তদনুসারে ফেরফার করা যাইবেক এবং তাহাতে ১৮৪৭ সালের ৭ আইনের পরিবর্ত্তে এই আইন উল্লেখ করিতে হইবেক ইতি।

৮৯ ধারা। উক্ত ১৮৪৭ সালের ৭ আইনে যে বাকী টাকার আফিডেবিট অর্থাৎ মুক্তিপত্র লিখিবার হুকুম আছে তাহা প্রত্যেক গতিকে যে ব্যক্তি ঐ বাকী টাকা পাইবার অধিকার রাখে সেই ব্যক্তি কিম্বা তাহার রীতিমতে নিযুক্ত উকীল করিতে পারেন এবং এমত আফিডেবিট হইলে ক্রোকের পরওয়ানা জারী হইতে পারে ইতি।

৯০ ধারা। যে ঘর কি ভূমির কিম্বা বাটীর বার্ষিক মুল্য কিম্বা ভাড়া পাঁচ শত টাকার অধিক হারের না হয় এমত ঘর কি ভূমি কিম্বা বাটী যদি কোন ব্যক্তি মালিকের অনুমতিবিনা দখল করে কিম্বা যে পাট্টা অথবা একরার বাটী ত্যাগ করিবার আইনমত এত্তেলা দেওয়াতে শেষ এবং নিবৃত্ত হয় এইমত পাট্টা কি একরার-

such tenant do not actually occupy the premises, or occupy only a part thereof, any person by whom the same or any part thereof shall be then actually occupied, shall neglect or refuse to quit and deliver up possession of the premises, or of such part thereof respectively, the owner or his agent may take out a summons from the Court directed to such tenant or occupier, to show by what title he claims to hold or occupy the premises or part thereof

ক্রমে দখল করে তবে সেই ভাড়াটিয়া ব্যক্তি অথবা সেই ভাড়াটিয়া প্রকৃতপ্রস্তাবে ঐ বাটীতে না থাকিলে অথবা তাহার কেবল কতক অংশে থাকিলে যে ব্যক্তি সেই সময়ে প্রকৃতপ্রস্তাবে সেই বাটী অথবা তাহার কোন ভাগে থাকে সেই ব্যক্তি যদি সেই বাটী কি তাহার সেই ভাগ ত্যাগ করিতে এবং তাহার দখল ছাড়িয়া দিতে ত্রুটি বা অস্বীকার করে তবে সেই বাটীর মালিক অথবা তাহার গোমাশতা ঐ ভাড়াটিয়া কিম্বা দখীলকার ব্যক্তির নামে আদালতহইতে এই মজমুনে সমন বাহির করিতে পারে যে দখীলকার যে স্বত্বক্রমে ঐ বাটী কিম্বা তাহার একাংশ দখল করিবার দাওয়া করে তাহা প্রকাশ করে ইতি।

XCI If the tenant or occupier shall not thereupon appear at the time and place appointed, and show cause to the contrary, and shall still neglect or refuse to deliver up possession of the premises, or of such part thereof, of which he is then in possession, to the said owner or his agent, such owner or agent may give to the Court proof of the holding, and of the end or other determination of the tenancy, if any had existed, with the time or manner thereof, and of the right by which he claims the possession

৯১ ধারা। যদি তাহাতে ঐ ভাড়াটিয়া কি দখীলকার ব্যক্তি নিয়মিত সময়ে ও স্থানে হাজির না হয় এবং তাহার বিরুদ্ধ কারণ না দর্শায় এবং তথাপি ঐ বাটী অথবা তাহার যে ভাগ তৎসময়ে তাহার দখলে থাকে সেই ভাগের দখল সেই বাটীর মালিক বা তাহার গোমাশতার হাতে ত্যাগ করিতে ত্রুটি বা অস্বীকার করে তবে সেই বাটীর মালিক বা তাহার গোমাশতা সেই বাটী আপনার সম্পত্তি হওনের এবং যদ্যপি তাহা ভাড়া করিয়া দেওয়া গিয়া থাকে তবে সেই ভাড়ার মিয়াদের শেষ হওন অথবা প্রকারান্তরে নিবৃত্ত হওনের ও যে সময় ও যে প্রকারে তাহার শেষ হইল তাহার এবং যে স্বত্বের দ্বারা সে ব্যক্তি তাহার দখলের দাওয়া করে সেই স্বত্বের প্রমাণ দিতে পারে ইতি।

XCII Upon proof of due service of the summons, and of the neglect or refusal of the tenant or occupier, as the case may be, the Judges may issue a warrant under the seal of the Court, to any Bailiff of the Court requiring and authorizing him within a period to be therein named not less than seven, or more than ten clear days from the date of such warrant, to give possession of the premises to such owner or agent, and such warrant shall be a sufficient warrant to the said Bailiff to enter upon the premises with such assistants as he shall deem necessary, and to give possession accordingly Provided always, that entry upon any such warrant shall not be made on a *Sunday*, *Good Friday*, or *Christmas day*, or any other day observed by the Court as a Holiday, or at any time except between the hours of six in the morning and six in the afternoon Provided also, that nothing herein contained shall be deemed to protect any person by whom any such warrant shall be sued out of the Court of Small Causes from any action which may be brought against him by any such tenant or occupier for such entry and taking possession, where such person had not, at the time of suing out the same as aforesaid, lawful right to the possession of the same premises

৯২ ধারা। ঐ সমন উপযুক্তমতে জারী হওনের প্রমাণ এবং বিষয়বিশেষে ভাড়াটিয়া অথবা দখীলকারের ত্রুটি কি অস্বীকারের প্রমাণ হইলে জজ সাহেবেরা আদালতের মোহরকরা এক ওয়ারন্ট আদালতের কোন বেইলিফকে দিতে পারেন এবং তাহাতে তাহাকে এই হুকুম ও ক্ষমতা দেওয়া যাইবেক যে ঐ ওয়ারন্টের মধ্যের লিখিত মিয়াদের মধ্যে অর্থাৎ ঐ ওয়ারন্টের তারিখের পর সম্পূর্ণ সাত দিবসের কম না হয় ও দশ দিবসের অধিক না হয় ঐ বাটীর দখল ঐ বাটীর মালিক কি তাহার গোমাশতাকে দেন। এবং ঐ ওয়ারন্টের কর্তৃতাক্রমে ঐ বেইলিফ যত আমলা আবশ্যক বোধ করে তত আমলা লইয়া ঐ বাটীর মধ্যে প্রবেশ করিতে এবং তাহার দখল দেওয়াইতে পারে। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ ওয়ারন্টক্রমে রবিবারে অথবা গুড্‌ফ্রাইডে কি ক্রিসমিসডে অর্থাৎ বড় দিনে অথবা অন্য যে কোন দিবস ঐ আদালত পর্ব্বের ন্যায় মানেন সেই দিবসে বাটীর মধ্যে প্রবেশ হইতে পারে না অথবা প্রাতঃকালের ছয় ঘণ্টাঅবধি অপরাহ্নের ছয় ঘণ্টাপর্য্যন্ত সময়ছাড়া অন্য কোন সময়ে প্রবেশ করা যাইতে পারে না। কিন্তু জানা কর্ত্তব্য যে এই আইনের মধ্যের লিখিত কোন কথার এমত অর্থ করিতে হইবেক না যে যে ব্যক্তির দরখাস্তক্রমে অল্প মূল্যের মোকদ্দমার আদালতের ঐ ওয়ারন্ট দিয়াছেন সেই ব্যক্তির ওয়ারন্ট পাওন সময়ে যদি সেই বাটীর দখলের বিষয়ে কোন আইনসিদ্ধ স্বত্ব ছিল না তবে সেইরূপ বাটীর মধ্যে প্রবেশ ও তাহা দখল করণের বিষয়ে ঐ ভাড়াটিয়া কি দখীলকার তাহার নামে যে নালিশ করিতে চাহে সেই নালিশহইতে সেই ব্যক্তি রক্ষা পাইবেক ইতি।

XCIII Such summons, as last aforesaid, may be served either personally or by leave of the Court, upon proof that the tenant or occupier is not to be found within the jurisdiction of the Court, by leaving the same with some person being in, and apparently residing at the place of abode of the person or persons so holding over as aforesaid, or if the place of abode of such person

৯৩ ধারা। পূর্ব্বোক্ত সমন ভাড়াটিয়া ব্যক্তির উপর জারী হইতে পারে অথবা যদি ঐ ভাড়াটিয়া কি দখীলকার আদালতের এলাকার মধ্যে পাওয়া যায় না তাহার প্রমাণ দিয়া আদালতের অনুমতি লইয়া যে ব্যক্তি বা ব্যক্তিরা পূর্ব্বোক্ত মতে বাটী ত্যাগ করিতে অস্বীকার করে সেই ব্যক্তির বাসস্থানে যে কোন ব্যক্তি থাকে এবং দৃষ্টতঃ তথায় বাস করিতেছে সেই ব্যক্তিকে সমন দিলে তাহা জারী হইতে পারে। কিন্তু যদি সেই ব্যক্তি বা

or persons shall either not be known or admission thereto cannot be obtained for serving such summons, by posting the said summons on some conspicuous part of the premises so held over

ব্যক্তিরদের বাসস্থান জানা নাই অথবা সেই সমন জারী করণার্থে তাহাতে প্রবেশ হইতে পারে না তবে যে বাটী এইরূপে ত্যাগ করণের অস্বীকার হইয়াছে সেই বাটীর সকলের দৃষ্টিগোচর কোন স্থানে সমন লট্‌কাইলে ঐ সমন জারী হইতে পারে ইতি।*

XCIV No action or prosecution shall be maintainable against the Judges or against the Clerk of the Court, by whom such warrant as aforesaid shall have been issued, or against any Bailiff or other person by whom such warrant may be executed, or summons affixed, for issuing such warrant, or executing the same respectively, or affixing such summons, by reason that the person by whom the same shall be sued out had not lawful right to the possession of the premises

৯৪ ধারা। যে ব্যক্তির দরখাস্তক্রমে ওয়ারন্ট দেওয়া গিয়াছিল তাহার ঐ বাটীর দখলের বিষয়ে আইনসিদ্ধ কোন স্বত্ব ছিল না বলিয়া ঐ আদালতের যে জজ সাহেব অথবা ক্লার্ক সাহেবের দ্বারা পূর্ব্বোক্ত মতে ঐ ওয়ারন্ট দেওয়া গিয়াছিল তাঁহারদের বিরুদ্ধে ঐ ওয়ারন্ট দেওনের জন্য অথবা যে বেইলিফ কি অন্য কোন ব্যক্তির দ্বারা ঐ ওয়ারন্ট জারী হইয়াছিল কিম্বা ঐ সমন লট্‌কান গিয়াছিল তাহার বিরুদ্ধে তাহা জারী করণের বিষয়ে কি ঐ সমন লট্‌কাওনের বিষয়ে কোন মোকদ্দমা বা নালিশ হইতে পারে না ইতি।

XCV Where the owner, at the time of applying for such warrant as aforesaid, had lawful right to the possession of the premises, or of the part thereof so held over as aforesaid, neither the said owner nor his agent, nor any other person acting in his behalf, shall be deemed to be a trespasser, by reason merely of any irregularity or informality in the mode of proceeding for obtaining possession under the authority of this Act, but the party aggrieved may, if he think fit, bring an action on the case, for such irregularity or informality, in which the damage alleged to be sustained thereby, shall be specially laid, and may recover full satisfaction for such special damage with costs of suit Provided that, if the special damage so laid be not proved, the defendant shall be entitled to a verdict, and that, if proved, but assessed at any sum, not exceeding Ten Rupees, the plaintiff shall recover no more costs than damages, unless the Judge, before whom the trial shall have been holden, shall certify that in his opinion full costs ought to be allowed

৯৫ ধারা। যে গতিকে বাটীর মালিকের পূর্ব্বোক্তমত ওয়ারন্টের দরখাস্ত করণের সময়ে ঐ বাটীর অথবা পূর্ব্বোক্তমতে যে অংশ ত্যাগ করিতে অস্বীকৃত হইয়াছিল সেই অংশের দখলের আইনসিদ্ধ স্বত্ব ছিল সেই গতিকে ঐ বাটীর মালিক কি তাহার গোমাশ্তা কিম্বা তাহার পক্ষে কর্ম্মকারী অন্য কোন ব্যক্তির এই আইনের ক্ষমতানুসারে দখল পাইবার কার্য্যের রীতিতে কোন বেদাঁড়া বা অনিয়মিত কার্য্য হইয়াছে কেবল ইহা বলিয়া সেই ব্যক্তি "ত্রেসপাসর" অর্থাৎ অন্যায়রূপে প্রবেশকারী জ্ঞান হইবেক না। কিন্তু যে ব্যক্তির ক্ষতি হইয়াছে সেই ব্যক্তি উচিত বুঝিলে ঐ বেদাঁড়া অথবা অনিয়মের জন্যে নালিশ করিতে পারে এবং তাহার যে ক্ষতি হইয়াছে কহে তাহা বিশেষরূপে নালিশপত্রে লিখিতে হইবেক এবং ঐ বিশেষ ক্ষতির জন্যে মোকদ্দমার খরচাসমেত সম্পূর্ণ প্রতিকার পাইতে পারে। কিন্তু জানা কর্ত্তব্য যে যে বিশেষ ক্ষতির বিষয়ে দাওয়া হয় তাহার যদি প্রমাণ না করা যায় তবে আসামীর পক্ষে ডিক্রী হইবেক। এবং যদি ঐ ক্ষতির প্রমাণ হয় এবং সেই ক্ষতি দশ টাকার অধিক টাকাতে ধার্য্য না হয় তবে যে জজ সাহেব মোকদ্দমার বিচার করিলেন তিনি যদি আপনার এই মত না লিখেন যে ঐ ব্যক্তি সম্পূর্ণ খরচা পাইবার যোগ্য তবে ঐ ফরিয়াদীকে যত ক্ষতির টাকা দেওয়া গেল তাহাহইতে অধিক খরচা তাহাকে দেওয়ান যাইবেক না ইতি।

XCVI In every case in which the person by whom any such warrant shall be sued out of the Court of Small Causes, had not, at the time of suing out the same, lawful right to the possession of the premises, the suing out of any such warrant, as last aforesaid, shall be deemed a trespass by him against the tenant or occupier of the premises, although no entry shall be made by virtue of the warrant, and in case any such tenant or occupier will become bound with two sufficient Sureties, to be approved by the Clerk of the Court, in such sum as to the Judges shall seem reasonable, regard being had to the value of the premises and to the probable costs of such action, to sue the person by whom such warrant was sued out with effect and without delay, and to pay all the costs of the proceeding in such action, in case a verdict shall pass for the defendant, or the plaintiff shall discontinue or not prosecute his action, or become nonsuit therein execution upon the warrant shall be stayed until judgment shall have been given in such action of trespass, and, if upon the trial of such action of trespass, judgment be

৯৬ ধারা। যে ব্যক্তির নালিশক্রমে অল্প মূল্যের মোকদ্দমার আদালত ওয়ারন্ট দেন সেই ব্যক্তির যদি দরখাস্ত করণের সময়ে ঐ বাটীর দখলের বিষয়ি কোন আইনসিদ্ধ স্বত্ব ছিল না তবে ঐ ওয়ারান্টের শক্তিক্রমে বাটীর মধ্যে প্রবেশ না হইলেও ঐ ওয়ারন্ট বাহিরকরা ভাড়াটিয়ার কি দখীলকারের বিরুদ্ধে "ত্রেসপাস" অপরাধ বোধ হইবেক। এবং যদি কোন ভাড়াটিয়া ব্যক্তি কি দখীলকার বাটীর মূল্য এবং ঐ নালিশের আনুমানিক খরচা বিবেচনা করিয়া জজ সাহেবেরা যত টাকা উচিত বোধ করেন তত টাকার আদালতের ক্লার্ক সাহেবের অনুমতি-হওয়া দুই মাতবর জামিন দিয়া এই অঙ্গীকার করে যে যে ব্যক্তি ঐ ওয়ারন্ট বাহির করিয়াছিল সেই ব্যক্তির নামে আমি প্রকৃতরূপে এবং অবিলম্বে নালিশ করিব এবং আসামীর পক্ষে ডিক্রী হইলে কিম্বা ফরিয়াদী আপনার নালিশেতে ক্ষান্ত হইলে কি না চালাইলে অথবা ননসুট হইলে আমি সেই কার্য্যের সকল খরচা দিব তবে ঐ "ত্রেসপাসের" নালিশ যাবৎ ডিক্রী না হয় তাবৎ ওয়ারন্ট জারী স্থগিত হইবেক। যদি ঐ "ত্রেসপাসের" নালিশের মোকদ্দমার বিচারেতে ফরিয়াদীর

[*Government Gazette*, 20th *November*, 1849]

given for the plaintiff, such judgment shall supersede the said warrant.

XCVII Recovery of the possession of any such house, land or tenement shall be no bar to the institution of a regular suit, for trying the title thereunto, which may be brought in the Supreme Court, as if this Act had not been passed

XCVIII Every bond given on the removal of any action out of the Court of Small Causes or upon staying, delaying or reversing any judgment or execution awarded therein, or the execution of any such warrant of possession as aforesaid, or on moving for a new trial, or to set aside a verdict, judgment or nonsuit, shall be made to the other party to the action, and shall be approved by the Judges and attested under the seal of the Court, and if the bond so taken be forfeited, or if upon the proceeding for securing which such bond was given, the Judge, before whom such proceeding shall be had, shall not certify upon the record in Court, that the condition of the bond hath been fulfilled, the party to whom the bond shall have been so made may bring an action of debt and recover thereon Provided always, that the Court in which such action as last aforesaid shall be brought may, by a rule of Court, give such relief to the parties liable upon such bond as may appear to him reasonable, and such rule shall have the nature and effect of a defeasance to such bond

XCIX All actions and proceedings, which before the passing of this Act, might have been brought in the Supreme Court, where any Officer of the Court of Small Causes shall be a party, except in respect of any claim to any goods and chattels taken in execution of the process of the Court, or the proceeds or value thereof, may be brought and determined in the Supreme Court, at the election of the party suing or proceeding, as if this Act had not been passed

C If any action shall be commenced after the passing of this Act in the Supreme Court, for any cause other than those lastly herein before specified, for which a summons might have been taken out from a Court holden under this Act, and a verdict shall be found for the plaintiff for a sum less than Five Hundred Rupees, if the said action is founded on contract, or less than One Hundred Rupees, if it is founded on wrong, the plaintiff shall have judgment to recover such sum only, and no costs and if a verdict shall not be found for the plaintiff the defendant shall be entitled to his costs as between attorney and client unless in either case the Judge, who shall try the cause, shall certify on the back of the record that, by reason of the difficulty, novelty or general importance of the case, or of some erroneous course of decision on like cases in the Court of Small Causes, the action was fit to be brought in the Supreme Court

CI If any person shall bring any suit in the Supreme Court in respect of any grievance com-

পক্ষে নিষ্পত্তি হয় তবে সেই নিষ্পত্তির দ্বারা ঐ ওয়ারেন্ট বাতিল হইবেক ইতি।

৯৭ ধারা। এমত কোন ঘর কি ভূমি কি বাটীর দখল ফিরিয়া পাওয়া গেলেও তাহাতে ঐ ঘরপ্রভৃতির স্বত্বের বিচারার্থে জাবেতা মোকদ্দমা উপস্থিত করণের বাধা হইবে না এবং এই আইন জারী না হইলে যেরূপ হইত সেইরূপে ঐ স্বত্বের বিষয়ে মোকদ্দমা সুপ্রিম কোর্টে উপস্থিত করা যাইতে পারে ইতি।

৯৮ ধারা। কোন মোকদ্দমা অল্প মূল্যের মোকদ্দমার আদালত হইতে খারিজ হওনেতে অথবা ঐ আদালতের কোন ডিক্রী বা ডিক্রী জারী স্থগিত বা বিলম্ব কিম্বা অন্যথা করণেতে কিম্বা পূর্ব্বোক্ত দখলের ওয়ারেন্ট জারী করণেতে কি নূতন মোকদ্দমার বিষয়ের দরখাস্ত করণেতে অথবা কোন ফয়সলা বা ডিক্রী কি ননসুট অন্যথা করণার্থে যে বণ্ড দেওয়া যায় তাহা ঐ নালিশের অন্য পক্ষ ব্যক্তিকে দেওয়া যাইবেক এবং জজ সাহেবের তাহা মঞ্জুর করণের এবং তাহাতে আদালতের মোহর থাকনের আবশ্যক হইবেক এবং যদি ঐরূপ লওয়া বণ্ড খেলাফ হয় কিম্বা যে কার্য্য করণার্থে বণ্ড দেওয়া গিয়াছিল সেই কার্য্য যে জজ সাহেবের সম্মুখে হয় সেই জজ সাহেব যদি আদালতের রোয়দাদের মধ্যে ইহা না লেখেন যে ঐ বণ্ডের নিয়ম প্রতিপালন হইয়াছে তবে যে ব্যক্তিকে ঐ বণ্ড দেওয়া গিয়াছিল সেই ব্যক্তি কর্জের নালিশ করিয়া বণ্ডের লিখিত টাকা পাইতে পারে। কিন্তু জানা কর্ত্তব্য যে এই শেষোক্ত নালিশ যে আদালতে হয় তাহার জজ সাহেব যে ব্যক্তিরা ঐ বণ্ডক্রমে দায়ী আছে সেই ব্যক্তিরদিগকে যে প্রতিকার তাঁহার বোধে উপযুক্ত হয় সেই প্রতিকার আদালতের বিধানক্রমে দিতে পারেন এবং ঐ বিধানের ঐ বণ্ড বাতিল করণের ন্যায় ফল হইবেক ইতি।

৯৯ ধারা। এই আইন জারী হওনের পূর্ব্বে যে সকল নালিশ ও কার্য্য সুপ্রিম কোর্টে উপস্থিত হইতে পারিত সেই নালিশেতে যদি অল্প মূল্যের মোকদ্দমার আদালতের কোন কর্ম্মকারক এক পক্ষ হন এবং সেই নালিশে যদি এই আদালতের হুকুম জারীক্রমে লওয়া কোন জিনিস ও সম্পত্তি অথবা তাহার উৎপন্ন বা মূল্যের বিষয়ে দাওয়া না হয় তবে এই আইন না হইলে যেরূপ হইত সেইরূপে নালিশকারি ব্যক্তি চাহিলে তাহা সুপ্রিম কোর্টে করিতে পারে ইতি।

১০০ ধারা। যে২ কারণ পূর্ব্বোক্ত ধারায় নির্দ্দিষ্ট হইয়াছে তাহাছাড়া অন্য যে কোন কারণে এই আইনের দ্বারা স্থাপিত আদালত হইতে সমন বাহির করা যাইতে পারিত সেই কারণে যদি এই আইন জারী হওনের পর সুপ্রিম কোর্টে কোন নালিশ আরম্ভ হয় এবং বন্দোবস্তমূলক মোকদ্দমা হইলে যদি ফরিয়াদীর পক্ষে পাঁচ শত টাকার ন্যূনে ডিক্রী হয় অথবা হানিমূলক নালিশ হইলে যদি এক শত টাকার কমের ডিক্রী হয় তবে ফরিয়াদীর কেবল তত টাকা ফিরিয়া পাইবার ডিক্রী হইবেক এবং কোন খরচা দেওয়া যাইবেক না। এবং যদি ফরিয়াদীর পক্ষে ডিক্রী না হয় তবে উকীল ও মওক্কেলের মধ্যে যেরূপ খরচার নিয়ম হইয়া থাকে সেইরূপে আসামী আপনার খরচা পাইতে পারে। কিন্তু ইহার মধ্যে কোন গতিকে মোকদ্দমার বিচারকারি জজ সাহেব যদি মোকদ্দমার রোয়দাদের পৃষ্ঠে ইহা লেখেন যে ঐ মোকদ্দমার কাঠিন্য কি নব্যতা কিম্বা সাধারণ গুরুত্বপ্রযুক্ত অথবা ঐ অল্প মূল্যের মোকদ্দমার আদালতে সেই প্রকার মোকদ্দমার নিষ্পত্তির বিষয়ে কোন ভ্রমযুক্ত রীতি হওনপ্রযুক্ত ঐ মোকদ্দমা সুপ্রিম কোর্টে উপস্থিত করণের যোগ্য ছিল তবে উপরের উক্ত বিধি খাটিবেক না ইতি।

১০১ ধারা। এই আইনের দ্বারা স্থাপিত কোন আদালতের কোন ক্লার্ক সাহেব বা বেইলিফ কি কর্ম্মকা-

mitted by the Clerk, Bailiff, or Officer of any Court holden under this Act, under colour or pretence of the process of the said Court, and upon the trial of the action, no greater damages shall be found for the plaintiff than the sum of Five Hundred Rupees, no costs shall be awarded to the plaintiff in such action, unless the Judge shall certify in Court, upon the back of the Record, that the action was fit to be brought in the Supreme Court.

CII All penalties, fines and forfeitures by this Act, inflicted or authorized to be imposed, (the manner of recovering and applying whereof is not hereby otherwise particularly directed,) upon proof before any Justice of the Peace or Magistrate having jurisdiction where the offender shall reside or be, or the offence shall be committed, either by the confession of the party offending, or by the oath or affirmation of any credible witness, shall be levied, with the costs attending the summons and conviction, by distress and sale of the goods and chattels of the party offending, by warrant under the hand of any such Justice or Magistrate, and the overplus (if any) after such penalties, fines and forfeitures, and the charges of such distress and sale are deducted, shall be returned, upon demand, unto the owner of such goods and chattels

CIII If any such penalties, fines and forfeitures respectively, shall not be paid forthwith upon conviction, it shall be lawful for such Justice or Magistrate to order the offender so convicted to be detained in safe custody until return can conveniently be made to such warrant of distress, unless such offender shall give sufficient security to the satisfaction of such Justice or Magistrate for his appearance before him on such day as shall be appointed for the return of such warrant of distress, such day not being more than eight days from the time of taking any such security, which security the Justice or Magistrate shall be empowered to take by way of recognizance or otherwise, as to him shall seem fit

CIV If upon return of such warrant it shall appear that no sufficient distress can be had thereupon, or in case it shall appear to the satisfaction of the Justice or Magistrate, either by confession of the offender or otherwise, that he hath not within the jurisdiction of such Justice or Magistrate, sufficient goods and chattels, whereon to levy all such penalties, forfeitures, costs and charges, the Justice or Magistrate may, at his discretion, without issuing any warrant of distress, commit the offender to the Common Gaol or House of Correction, for any time not exceeding three calendar months, unless such penalties, forfeitures and fines, and all reasonable charges attending the recovery thereof, shall be sooner paid and satisfied

CV The monies arising from any such penalties, forfeitures and fines as aforesaid when paid and levied, shall, (if not by this Act directed to be otherwise applied,) be from time to time paid

রকের উক্ত আদালতের হুকুমের ছলে বা বাহানায় কোন অত্যাচার করণের বিষয়ে তাঁহার নামে যদি কোন ব্যক্তি সুপ্রিম কোর্টে নালিশ করে এবং সেই মোকদ্দমার বিচারে যদি ফরিয়াদীর পক্ষে পাঁচ শত টাকাহইতে অধিক টাকার ডিক্রী না হয় তবে জজ সাহেব যদি মোকদ্দমার রোয়দাদের পৃষ্ঠে আদালতে ইহা জ্ঞাত না করেন যে ঐ মোকদ্দমা সুপ্রিম কোর্টে উপস্থিত করণের যোগ্য ছিল তবে সেই নালিশে ফরিয়াদীর পক্ষে কোন খরচার ডিক্রী হইবেক না ইতি।

১০২ ধারা। যে সকল দণ্ড ও গুনাহগারী ও জরীমানা এই আইনের দ্বারা নির্দ্দিষ্ট হয় বা নির্দ্দিষ্ট হওনের হুকুম আছে এবং তাহা আদায় করণের ও ব্যয় করণের বিষয়ে এই আইনের মধ্যে কোন বিশেষ হুকুম না থাকে সেই২ দণ্ডপ্রভৃতির বিষয়ে অপরাধি ব্যক্তি যে স্থানে বাস করে বা থাকে অথবা যে স্থানে অপরাধ করা গিয়াছিল সেই স্থানে যে জুষ্টিস অফ দি পীস অথবা মাজিষ্ট্রেট সাহেবের এলাকা আছে তাঁহার সম্মুখে অপরাধি ব্যক্তির কবুলক্রমে অথবা বিশ্বাসযোগ্য সাক্ষিরদের শপথ বা প্রতিজ্ঞাক্রমে প্রমাণ হইলে সেই২ দণ্ডপ্রভৃতি এবং সমনের ও অপরাধ নির্দ্ধার্য্য করণের খরচা ঐ জুষ্টীস কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের দস্তখৎকরা ওয়ারণ্টক্রমে অপরাধি ব্যক্তির জিনিস ও সম্পত্তি ক্রোক ও বিক্রয়ের দ্বারা আদায় হইবেক এবং ঐ দণ্ড বা গুনাহগারী কি জরীমানা এবং ক্রোক ও নীলামের খরচা বাদ দিলে যদি কিছু অবশিষ্ট থাকে তবে তাহা ঐ জিনিস ও সম্পত্তির মালিকের দাওয়াক্রমে তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক ইতি।

১০৩ ধারা। যদি অপরাধ সাব্যস্ত হইলে সেইরূপে কোন দণ্ড বা গুনাহগারী এবং জরীমানা তৎক্ষণাৎ না দেওয়া যায় তবে ক্রোকী পরওয়ানার যাবৎ সুগমমতে ওয়াপোস হইতে না পারে তাবৎ ঐ জুষ্টিস কিম্বা মাজিষ্ট্রেট সাহেব দোষীকৃত অপরাধিকে আটক করিয়া রাখিতে হুকুম দিতে পারেন। কিন্তু ক্রোকী পরওয়ানা ওয়াপোস করণের যে দিন নিরূপণ হয় সেই দিবসে হাজির হইতে যদি ঐ অপরাধী জুষ্টিস কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে প্রচুর জামিন দেয় তবে সেই ব্যক্তি আটক হইবেক না ঐ দিবস জামিন লওনঅবধি আট দিবসের অধিক হইবেক না এবং ঐ জামিন জুষ্টিস কিম্বা মাজিষ্ট্রেট সাহেব মুচলকার দ্বারা বা প্রকারান্তরে যেরূপ উচিত বুঝেন সেইরূপে লইতে পারেন ইতি।

১০৪ ধারা। সেই পরওয়ানা ওয়াপোস হইলে যদি দৃষ্ট হয় যে তাহার দ্বারা প্রচুরমতে ক্রোক হইতে পারে না অথবা যদি অপরাধির কবুলের দ্বারা কিম্বা প্রকারান্তরে জষ্টিস কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের এমত হৃদ্বোধ হয় যে ঐ জুষ্টিস কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে যাহাতে ঐ দণ্ড ও গুনাহগারী ও খরচ ও খরচার টাকা দেওয়া যাইতে পারে এইমত সেই ব্যক্তির প্রচুর জিনিস ও সম্পত্তি নাই তবে জুষ্টিস কিম্বা মাজিষ্ট্রেট সাহেব আপন বিবেচনাক্রমে ক্রোকী পরওয়ানা বাহির না করিয়া তিন কালেণ্ডর মাসের অনধিক কালপর্য্যন্ত অপরাধিকে জেলখানায় কি হরিণবাটীতে কয়েদ করিতে পারেন। কিন্তু যদি সেই দণ্ড ও গুনাহগারী ও জরীমানা ও তাহা আদায় করণের সকল ওয়াজিবী খরচা তিন মাসের পূর্ব্বে দেওয়া যায় ও পরিশোধ হয় তবে সেই ব্যক্তি কয়েদহইতে মুক্ত হইবেক ইতি।

১০৫ ধারা। পূর্ব্বোক্ত দণ্ড ও গুনাহগারী ও জরীমানা দেওয়া গেলে এবং আদায় হইলে যদি এই আইনের মধ্যে তাহা প্রকারান্তরে ব্যয় করণের কোন হুকুম না থাকে তবে তাহা সময়ক্রমে ঐ আদালতের ক্লার্ক সাহে-

to the Clerk of the Court, and shall be applied in like manner as the fees thereof

বক্সে দেওয়া যাইবেক এবং ঐ আদালতের রুসুম যেরূপে ব্যয় হয় সেইরূপে ব্যয় হইবেক ইতি।

CVI In all cases in which by this Act any penalty or forfeiture is made recoverable before a Justice or Magistrate, he may summon before him the party complained against, and on such summons may hear and determine the matter of such complaint, and, on proof of the offence, may convict the offender, and adjudge him to pay the penalty or forfeiture incurred, and proceed to recover the same, although no information in writing shall have been exhibited before him, and all such proceedings by summons without information in writing shall be as valid and effectual to all intents and purposes, as if an information in writing had been exhibited

১০৬ ধারা। যে সকল গতিকে এই আইনের দ্বারা কোন দণ্ড কি জরীমানা জুষ্টিস কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আদায় হওনের যোগ্য হয় সেই সকল গতিকে তিনি নালিশগ্রস্ত ব্যক্তিকে আপনার সম্মুখে তলব করিতে পারেন এবং ঐ তলবক্রমে ঐ নালিশ শুনিতে ও নিষ্পত্তি করিতে পারেন এবং তাঁহার নিকটে সেই বিষয়ে কোন লিখিত এজহার না হইলেও অপরাধের প্রমাণ পাইলে অপরাধিকে দোষী করিতে পারেন এবং তাহার দণ্ড কিম্বা জরীমানা দিবার হুকুম করিতে পারেন এবং তাহা আদায় করিতে পারেন এবং তাঁহার সম্মুখে লিখিত এজহার হইলে যেরূপ হইত সেইরূপে লিখিত এজহারবিনা সমনক্রমে যে সকল কার্য্য হয় তাহা সর্ব্বতোভাবে সিদ্ধ ও প্রবল হইবেক ইতি।

First —Judges, Magistrates, and other judicial officers, law officers, vakeels, officers and servants of the Courts of justice

Second.—Commissioners, collectors, deputy collectors, and other persons in the revenue service

Third —Post masters, and persons in the service of the post office

Fourth —Officers and others in the Military Service of Her Majesty or the East India Company

Fifth —Surgeons and others, who openly and constantly practise in the profession of physic.

Sixth.—Chaplains, priests, and others employed in religious offices.

[*Government Gazette, 27th November,* 1849]

৬ ধারা। এই আইনের মধ্যে "মাজিষ্ট্রেট" এই শব্দেতে মাজিষ্ট্রেটের সকল কিম্বা তাঁহার কোন ক্ষমতামতে কার্য্য করণের শক্তি যে কোন নামে খ্যাত যে কোন কার্য্যকারককে দেওয়া গিয়াছে তাঁহাকেই বুঝায় ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে ১৮৫০ সালের ২৬ জানুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল ২৬ অক্টোবর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ২৬ অক্টোবর তারিখে হুজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

জুরির দ্বারা বিচার করণের আইন।

যেহেতুক জুরির দ্বারা মোকদ্দমার বিচার করণের যে আইন চলন আছে তাহার কোন২ বিষয় শোধন করা এবং ভারতবর্ষে ইঙ্গলণ্ডীয়েরদের রাজ্যের সকল স্থানে তাহা একি প্রকারে চলন করা আবশ্যক বোধ হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। মান্দ্রাজের চলিত ১৮২৭ সালের ১০ আইন এবং বাঙ্গলা দেশের চলিত ১৮৩২ সালের ৬ আইনের ৪। ৫। ৬ ধারা এবং ১৮৪৩ সালের ৭ আইনের ৩২ ধারা রদ হইল কিন্তু ঐ২ আইন রদ হওয়াতে যে সদর মোকামে আদালত স্থাপন আছে সেই মোকামে এই আইনের নকল পঁহুছনের পূর্ব্বে ঐ রদহওয়া ধারানুসারে কোন আদালতে যে কোন কার্য্য হইয়াছিল কিম্বা এই মত আদালতে যে সকল কার্য্য উপস্থিত থাকে তাহার সিদ্ধতার হানি হইবেক না ইতি।

২ ধারা। যে কোন ব্যক্তি সেশন জজ সাহেবের সম্মুখে বিচারার্থে সোপর্দ্দ হওনের সময়ে জুরির দ্বারা বিচার হইবার দাওয়া করে সেই ব্যক্তির এই আইনানুসারে বিচার হইবার অধিকার হইবেক ইতি।

৩ ধারা। পঁচিশ বৎসরের অন্যূন এবং পঞ্চাশ বৎসরের অনধিক বয়ঃপ্রাপ্ত প্রসিদ্ধ জ্ঞানবান ও সুখ্যাত ও বিশিষ্ট লোকসকল জুরির কর্ম্মে নিযুক্ত হইবার যোগ্য আছেন ইতি।

৪ ধারা। নীচের লিখিত সম্প্রদায়ের লোকভিন্ন অন্য সকল যোগ্য ব্যক্তি জুরির কর্ম্ম করিবার জন্যে তলব হইতে পারেন অর্থাৎ।

প্রথম। জজ ও মাজিষ্ট্রেট সাহেব ও অন্যান্য বিচারক ও পণ্ডিত ও মৌলবী ও উকীল এবং আদালতের আমলারা ও চাকরেরা।

দ্বিতীয়। কমিস্যনর ও কালেক্টর সাহেব ও ডেপুটী কালেক্টর এবং রাজস্বের কার্য্যে নিযুক্ত অন্যান্য লোক।

তৃতীয়। ডাকাধ্যক্ষেরা এবং ডাকঘরের কর্ম্মে নিযুক্ত ব্যক্তিরা।

চতুর্থ। সেনাপতিরা এবং শ্রীশ্রীমতী মহারাণীর অথবা কোম্পানি বাহাদুরের সৈন্যসম্পর্কীয় কার্য্যে নিযুক্ত অন্য লোকেরা।

পঞ্চম। চিকিৎসক এবং অন্য যে ব্যক্তিরা প্রকাশরূপে ও নিত্য চিকিৎসকের ব্যবসা করিয়া থাকেন।

ষষ্ঠ। ধর্ম্মোপদেশকেরা ও পুরোহিতেরা এবং অন্য যে লোকেরা ধর্ম্ম পদে নিযুক্ত আছেন।

Seventh—Principals, professors and teachers of any Government college or school

Eighth—Ascetics, and other persons, who, by habit or religious vows, have relinquished all care of worldly affairs

Ninth—Persons disabled by permanent diseases, which confine them to their homes

Tenth—Persons specially exempt by any order of Government

V The collector in each district shall make out yearly, under the direction of the commissioner, a list of the names and the dwelling places of all persons within his district qualified and liable to serve on juries, whose usual dwelling place is not more than ( ) miles from the Sudder station, where a Court of Sessions is held

VI Any person excluded from the list, who thinks that his rank, station and character entitle him to be included therein, and also every person improperly included therein, may require the collector to alter the list accordingly if the collector shall not comply with the request, an appeal from his decision shall lie to the commissioner, whose decision is final The list when finally corrected, shall be sent to the magistrate of the Sudder station

VII The magistrate at the Sudder station shall summon as many persons as seem to him to be needed for jury trials The names shall be drawn by lot, excluding those who have served within two years, unless when the number cannot be made up without them

VIII All persons liable to serve on juries, who shall refuse, or without lawful excuse, to be allowed by the Judge, neglect to attend when summoned, or who when attending, shall refuse to try the prisoners whom they are charged to try, shall be liable to such reasonable fine as the Judge, having regard to their rank and means of paying the fine shall set on them for their contempt of Court all such fines shall be subject to review on summary appeal to the Nizamut or Foujdaree Adawlut

IX Whenever any jury trial is to be had five persons shall be chosen by lot at the time of holding the sessions, from those who attend on their summons in default of a sufficient number, the judge shall make up the jury from the persons present in Court, or whom he shall cause to be summoned for the purpose

X Either the prosecutor or the prisoner may object to any of the persons chosen to be of the jury, stating the ground of his objection if it is allowed by the Judge, the juryman objected to shall be set aside for that trial and another chosen

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ২৭ নবেম্বর।]

সপ্তম। গবর্ণমেন্টের কোন কালেজের কি ইস্কুলের প্রধান শিক্ষক ও প্রোফেসর ও শিক্ষক।

অষ্টম। সন্ন্যাসিরা এবং অন্য যে কোন লোক ব্যবহারের দ্বারা কিম্বা ধর্ম্মব্রত করিয়া সাংসারিক বিষয় ব্যাপার ত্যাগ করিয়াছেন।

নবম। যে ব্যক্তিরা চিররোগিতাপ্রযুক্ত আপন২ ঘর ত্যাগ করিতে পারেন না।

দশম। যে ব্যক্তিরা গবর্ণমেন্টের কোন হুকুমক্রমে বিশেষমতে মুক্ত হন তাঁহারা ইতি।

৫ ধারা। প্রত্যেক জিলার কালেক্টর সাহেব আপন জিলার মধ্যে জুরির কর্ম্মের যোগ্য ও যাঁহারদের সেই কর্ম্মে তলব হইতে পারে এমত যে সকল ব্যক্তি সেশন আদালতের সদর মোকামহইতে এত ক্রোশের অধিক দূরে বাস না করেন তাঁহারদের নাম ও বাস স্থানের এক ফিরিস্তি বৎসরে২ কমিস্যনর সাহেবের হুকুমমতে প্রস্তুত করিবেন ইতি।

৬ ধারা। যাঁহার নাম ফিরিস্তিতে লেখা নাহি এমত যে কোন ব্যক্তি বোধ করেন যে আপনার পদ ও বিশিষ্টতা ও সদাচরণ প্রযুক্ত তাঁহার নাম তাহাতে লেখা উচিত তিনি এবং যে প্রত্যেক ব্যক্তির নাম অনুচিতমতে তাহাতে লেখা হইয়াছে তিনি তদনুসারে ফিরিস্তি মতান্তর করিতে কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত করিতে পারেন। যদি কালেক্টর সাহেব সেই দরখাস্তমতে কার্য্য না করেন তবে তাঁহার হুকুমের উপর আপীল কমিস্যনর সাহেবের নিকটে হইবেক তাহাতে কমিস্যনর সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত। ঐ ফিরিস্তি চূড়ান্তরূপে শোধন হইলে পর সদর মোকামের মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠান যাইবেক ইতি।

৭ ধারা। সদর মোকামের মাজিষ্ট্রেট সাহেব জুরির দ্বারা কোন মোকদ্দমার বিচারের নিমিত্তে যত লোকের প্রয়োজন জ্ঞান করেন তত ব্যক্তিকে তলব করিবেন। যাঁহারা দুই বৎসরের মধ্যে ঐ কর্ম্ম করিয়াছেন তাঁহারদের ছাড়া অন্য সকল ব্যক্তি গুলিবাঁটের দ্বারা মনোনীত হইবেন কিন্তু যাঁহারা দুই বৎসরের মধ্যে ঐ কর্ম্ম করিয়াছেন তাহারদিগকে বর্জ্জিত করিলে যদি উপযুক্ত সংখ্যার জুরি না হইতে পারে তবে তাঁহারদিগকেও লওয়া যাইতে পারে ইতি।

৮ ধারা। জুরির কর্ম্মে যে২ ব্যক্তির তলব হইতে পারে তাঁহারা তলব হইলে যদি হাজির হইতে অস্বীকার করেন কিম্বা জজ সাহেব যে ওজর মাতবর জ্ঞান করেন এই মত আইনসিদ্ধ ওজরবিনা হাজির হইতে ক্রটি করেন অথবা কোন ব্যক্তি হাজির হইয়া যে অপরাধির বিচার করিবার হুকুম তাঁহারদের প্রতি হয় সেই অপরাধির বিচার না করেন এইমত সকল ব্যক্তি জজ সাহেব আদালতের অবজ্ঞাহেতুক তাঁহারদের পদ ও জরীমানা দিবার শক্তি বিবেচনা করিয়া যে উপযুক্ত জরীমানা করেন তাহার যোগ্য হইবেন। কিন্তু তাহার বিষয়ে নিজামৎ কি ফৌজদারী আদালতে সরাসরী আপীল হইলে ঐ প্রকার জরীমানার পুনর্ব্বিচার হইতে পারে ইতি।

৯ ধারা। যখন জুরির দ্বারা কোন মোকদ্দমার বিচার করিতে হয় তখন যাঁহারা তলব হইয়া হাজির হন তাঁহারদের মধ্যহইতে সেশন করিবার সময়ে পাঁচ জন গুলিবাঁটের দ্বারা নিযুক্ত হইবেন। প্রচুর সংখ্যার লোক এমতে পাওয়া না গেলে জজ সাহেব আদালতে উপস্থিত ব্যক্তিরদের মধ্যহইতে অথবা যাঁহারদিগকে সেই অভিপ্রায়ে তিনি তলব করান তাঁহারদিগকে লইয়া জুরির ঐ সংখ্যা পূর্ণ করিবেন ইতি।

১০ ধারা। যে লোকেরা জুরির কর্ম্মে মনোনীত হন তাঁহারদের কোন লোকের বিষয়ে ফরিয়াদী কিম্বা আসামী আপত্তি করিতে পারে এবং আপনার আপত্তির হেতু জানাইবেক। যদি জজ সাহেব তাহা মঞ্জুর করেন তবে ঐ ঐ জুরি ব্যক্তি মোকদ্দমার বিচারের সময়ে অব-

in his stead The place of birth, descent, or creed of any juryman shall not be lawful ground of challenge It not objected to, the same jury may try as many prisoners successively as to the Judge seems expedient

XI One of the jury shall be appointed by the Judge to act as their foreman

XII All the evidence for and against the prisoner shall be taken in the presence and hearing of the jury, who shall also be entitled to suggest questions to the witnesses, which, if proper to be put, shall be put under the direction of the Judge At the end of the trial the Judge shall explain the evidence to the jury, and thereon the foreman shall declare, for the verdict of the jury, whether in their opinion, or in the opinion of a majority of them, the prisoner is guilty or not guilty

XIII As soon as the verdict is given, the Judge shall declare his approval or disapproval of it If the Judge approves of a verdict of not guilty, the prisoner shall be discharged if the Judge approves of a verdict of guilty, he shall proceed to pass sentence on the prisoner, or send the proceedings for final sentence to the Nizamut or Foujdaree Adawlut, as the case may be, according to law , and the jury shall have no voice in deciding on the amount of punishment to be awarded if the Judge disapproves of the verdict, he shall refer the case with his observations to the Nizamut or Foujdaree Adawlut In the last mentioned case the jury also shall be empowered to record, under the hand of their foreman, the reasons for their verdict, which the Judge shall send with the other records of the trial

XIV An appeal shall lie to the Nizamut or Foujdaree Adawlut against the decision of the Judge in not setting aside a juryman objected to if on such appeal the objection is sustained, the Court may order a new trial

XV. The Governor General of India in Council may from time to time suspend the operation of the previous Sections of this Act in those districts in which there is not a sufficient number of inhabitants qualified to furnish a jury

XVI After the passing of this Act no Futwah shall be required in any case from the law officer of any Court

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be re considered at the first Meeting of the Legislative Council of India, after the 26th day of January 1850

F J Halliday,

Secy to the Govt of India

[*Government Gazette, 27th November,* 1849]

সব হইবেন এবং অন্য ব্যক্তি তাঁহার স্থানে মনোনীত হইবেন। কোন জুরি ব্যক্তির বিষয়ে তাঁহার জন্মস্থান কি বংশ অথবা ধর্ম্ম প্রযুক্ত কোন আপত্তি হইতে পারিবেক না। যদি আপত্তি না হয় তবে তাঁহাদের দ্বারা যত আসামীর বিচার করা জজ সাহেব উপযুক্ত জ্ঞান করেন ঐ জুরি ব্যক্তিরা তত আসামীর একাদিক্রমে বিচার করিতে পারেন ইতি।

১১ ধারা। জুরিরদের মধ্যে এক ব্যক্তি তাঁহারদের সভাপতিস্বরূপ নিযুক্ত হইবেন ইতি।

১২ ধারা। আসামীর পক্ষে ও তাহার বিরুদ্ধে সকল সাক্ষ্য জুরিরদের সাক্ষাতে ও কর্ণগোচরে লওয়া যাইবেক এবং ঐ জুরিরা সাক্ষিরদের নিকটে কোন কথার জিজ্ঞাসা করিবার পরামর্শ দিতে পারেন যদি সেই জিজ্ঞাসা করা উচিত হয় তবে জজ সাহেবের হুকুমমতে তাহা করা যাইবেক। মোকদ্দমার বিচার শেষ হইলে পর জজ সাহেব জুরিরদের নিকটে সাক্ষ্যের ব্যাখ্যা করিবেন তাহার পর ঐ জুরিরদের কি তাঁহারদের অধিকাংশ ব্যক্তির বিবেচনায় অপরাধিত ব্যক্তি দোষী কি নির্দ্দোষী এই বিষয়ে জুরিরদের মত তাঁহারদের সভাপতি জানাইবেন ইতি।

১৩ ধারা। জুরিরদের মত প্রকাশ হইলে জজ সাহেব তদ্বিষয়ে আপনার সম্মতি কি অসম্মতি প্রকাশ করিবেন। যদি নির্দ্দোষিতার মতে জজ সাহেব সম্মত হন তবে অপরাধী খালাস হইবেক। যদি জজ সাহেব দোষী করণের মতে সম্মত হন তবে তিনি অপরাধির দণ্ডের হুকুম করিবেন অথবা বিষয়বিশেষে আইনমতে চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে সকল রোয়দাদ নিজামৎ কি ফৌজদারী আদালতে পাঠাইবেন এবং যত দণ্ডের হুকুম করিতে হইবেক তাহার বিষয়ে জুরিরদের কোন এলাকা থাকিবেক না। যদি জজ সাহেব তাঁহারদের মতে অসম্মত হন তবে তিনি আপনার মত লিখিয়া ঐ মোকদ্দমা নিজামৎ কি ফৌজদারী আদালতে পাঠাইবেন। যদি তিনি ঐ উপবিস্থ আদালতে মোকদ্দমা পাঠান তবে জুরিরা আপনারদের মতের হেতু আপনারদের সভাপতির দ্বারা লিখিতে পারিবেন এবং জজ সাহেব তাহা মোকদ্দমার অন্যান্য রোয়দাদের সঙ্গে পাঠাইবেন ইতি।

১৪ ধারা। যে জুরি ব্যক্তির বিষয়ে আপত্তি হয় তাঁহাকে জজ সাহেব অবসর না করিলে তাঁহার সেই হুকুমের উপর নিজামৎ কি ফৌজদারী আদালতে আপীল হইবেক। সেই আপীলসূত্রে যদি ঐ আপত্তি বহাল রাখা যায় তবে আদালত গোড়াগুড়ি নূতন বিচারের হুকুম করিতে পারেন ইতি।

১৫ ধারা। যেং জিলাতে জুরির কর্ম্ম করিবার উপযুক্ত ব্যক্তিরদের প্রচুর সংখ্যা না থাকে সেইং জিলাতে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে এই আইনের পূর্ব্ব ধারার লিখিত কার্য্য সময়ে স্থগিত করিতে পারেন ইতি।

১৬ ধারা। এই আইন জারী হওনের পরে কোন মোকদ্দমায় কোন ফৎওয়া কোন আদালতের মৌলবীর স্থানে লওয়া যাইবেক না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা পাণ্ডুলিপি সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে ১৮৫০ সালের ২৬ জানুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই পাণ্ডুলিপি পুনর্ব্বার বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটারী।

John C Marshman, *Bengalee Translator*

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

LEAVES OF ABSENCE

The 16th November, 1849

Baboo Anundchunder Banoorjee, Moonsiff of Kaloopole, Zillah Jessore, for four days, from the 15th instant

Baboo Poornochunder Mitter, 1st Grade Moonsiff of Jessore, for fifteen days, in excess of the period of the Mohurrum Vacation

Moulvee Moojeebul Ruhman, Moonsiff of Baulica, Rajshahye, for one month, in extension of that granted on the 7th September last

Syud Furhutoollah, Moonsiff of Bhojepore, Zillah Chittagong, for one month

The leave of absence for one month, in excess of the period of the Dusserah Vacation, granted to Baboo Habeiam Burrooah, Moonsiff of North Lukimpore, in Assam, has been cancelled at his own request

B J COLVIN, *Register*

রাজকর্ম্মে নিযোগ।

১৮৬২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ১৬ নবেম্বর।

বালেশ্বরের মাজিষ্ট্রেট ও কালেকটর ও নিমকের এজেন্ট ও সমুদ্রের হাসিলের কালেক্টর শ্রীযুত এফ লোথ সাহেব (Mr F Lowth,) বর্ত্তমান মাসের ৭ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ এন্সলি সাহেবের (Mr W Ainslie,) স্থানে গ্রহণ করেন।

সিবিলসম্পর্কীয় সিবিল্‌ভাব শ্রীযুত এফ স্কিপউইথ সাহেব ও শ্রীযুত জে উইলর সাহেব ও শ্রীযুত আর ডবলিউ হিউস সাহেব (Messrs F Skipwith, J Wheler and R W Hughes,) "প্লিকর্সর" নামক বাষ্পীয় জাহাজে ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১০ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

১৮৬৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ১১ নবেম্বর।

অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত শ্রীযুত জি জি বালফোর সাহেব (Mr G G Balfour,) মুঙ্গেরের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৯ সাল ১৩ নবেম্বর।

শ্রীযুত ডবলিউ জে লঙ্গমোর সাহেব (Mr W J Longmore,) পাবনার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের আসিষ্টান্ট হইবেন এবং ঐ জিলাতে জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ২৭ নবেম্বর।]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৯ সাল ১৬ নবেম্বর।

জিলা যশোহরের কালুপোলের মুনসেফ শ্রীযুত বাবু আনন্দচন্দ্র বাঁড়ুয্যা বর্ত্তমান মাসের ১৩ তারিখঅবধি চারি দিনের ছুটী পাইয়াছেন।

যশোহরের প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র মিত্র মহরমের বন্দের অতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

রাজশাহীর বৌলিয়ার মুনসেফ শ্রীযুত মৌলবী মুজীবল রহমান গত সেপ্টেম্বর মাসের ৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা চাটিগাঁর ভোজপুরের মুনসেফ শ্রীযুত সৈয়দ ফরহৎউল্লা এক মাসের ছুটী পাইয়াছেন।

আসামের উত্তর লক্ষ্মীপুরের মুনসেফ শ্রীযুত বাবু হাবিরাম বড়ুয়াকে দশহরার বন্দের অতিরিক্ত যে এক মাসের ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

বি জে কলবিন। রেজিষ্টর।

১৮৪৯ সাল ১৪ নবেম্বর।

শ্রীযুত ই ই উডকক সাহেব (Mr E E Woodcock,) পাবনার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব (Mr F A. E Dalrymple,) বীরভূমের মাজিষ্ট্রেট হইবেন।

১৮৪৯ সাল ১৫ নবেম্বর।

শ্রীযুত এম এ জি শা সাহেব (Mr M A. G Shawe,) শ্রীহট্টের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত শা সাহেবের (Mr Shawe,) অন্য স্থানে প্রেরিত হওন কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জে আর মসপ্রাট সাহেব (Mr J R Muspratt,) বাকরগঞ্জের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত সি লিমণ্ড সাহেব (Mr. C. Limond,) জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়া যশোহরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন এবং খুলনার এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইবেন।

১৮৪৯ সাল ১৬ নবেম্বর।

শ্রীযুত এফ এ লশিংটন সাহেব (Mr F A. Lushington,) বর্ত্তমান মাসের ১৫ তারিখঅবধি কলিকাতার গবর্ণমেন্টের হাসিলের কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন। ঐ তারিখে শ্রীযুত আর ডবলিউ হিউস সাহেব (Mr R W Hughes,) ইঙ্গলণ্ডে আপনার গমনের রিপোর্ট করেন।

১৮৪৯ সাল ১৯ নবেম্বর।

শ্রীযুত ডাক্তর কাম্বেল সাহেবের (Dr Campbell,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত সুভঙ্গকারি সিবন্দি সৈন্যেরদের সেনাপতি এবং দারজিলিঙ্গে সরকারী কর্ম্মের ডিপার্টমেন্টে কর্ম্মনির্ব্বাহক শ্রীযুত কাপ্তান অনরবিল আর পি বিঙ্গ সাহেব (Capt the Hon'ble R. P Byng,) দারজিলিঙ্গে সুপরিন্টেণ্ডেন্টের সিবিল্‌তার চলিত কর্ম্ম চালাইবেন।

শ্রীযুত কলিনস সাহেব ও শ্রীযুত বিন সাহেব (Messrs Collins and Bean,) মুঙ্গেরে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত জি পি লেষ্টর সাহেব (Mr G P. Leycester,) ও শ্রীযুত বাবু কিশোরীচাঁদ মিত্র রাজশাহীতে গুদারার

নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ১৫ নবেম্বর।

ছিলটের কালেকটর শ্রীযুত এ এস আনাণ্ড সাহেব (Mr A S Annand,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের সিবিল ও সেশন জজ শ্রীযুত ডি জে মনি সাহেব (Mr D J Money,) যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ১৬ নবেম্বর।

চাম্পারণের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত জি সি ফ্লেচর সাহেব (Mr G C Fletcher,) আপনার সিরিশতার কর্ম্মের ভার শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেবের (Mr R J Richardson,) প্রতি অর্পণ করিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানকি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত রিচার্ডসন সাহেব তাহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ভাগলপুরের দামোনিকোহের ডেপুটী কালেকটর ও সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত জে পন্টে সাহেব (Mr J Pontet,) স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ১৯ নবেম্বর।

শাহাবাদের ফতওয়াদারক শ্রীযুত মৌলবী জহবালী গত সেপ্টেম্বর মাসের ৫ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল গত মাসের ৩১ তারিখঅবধি রহিত হইল। ঐ তারিখে তিনি স্বীয় কর্ম্মে প্রত্যাগমন করেন।

বীরভূমের মাজিষ্ট্রেট শ্রীযুত ই ই উডকক সাহেবকে (Mr E E Woodcock,) বর্ত্তমান মাসের ৩ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল ঐ মাসের ১৪ তারিখঅবধি রহিত হইল।

চব্বিশপরগনার ডেপুটী কালেকটর শ্রীযুত গোবিন্দপ্রসাদ পণ্ডিত গত সেপ্টেম্বর মাসের ২৬ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল গত মাসের ১৮ তারিখঅবধি রহিত হইল। ঐ তারিখে তিনি আপন কর্ম্মস্থানে প্রত্যাগমন করেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ১৯ নবেম্বর।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত অনরবিল ই ড্রমণ্ড সাহেব ও শ্রীযুত এচ বি বেলি সাহেব ও শ্রীযুত সি এচ লশিংটন সাহেব ও শ্রীযুত জেম্স ওয়াটসন সাহেব (Hon'ble E Drummond, Messrs H V Bayley, C H Lushington and James Watson,) "বেণ্টিঙ্ক" নামক বাষ্পীয় জাহাজে ইঙ্গলণ্ডহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১১ তারিখে খাজুরীতে পঁহুছে।

১৮৪৯ সাল ১০ নবেম্বর।

খাসিয়া পর্ব্বতে পোলিটিকাল এজেন্ট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এচ ইঙ্গলিস সাহেব (Mr H Inglis,) বর্ত্তমান মাসের ১০ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত লেপ্টেনেন্ট জি এন কেব সাহেবের (Lieut G N Cave,) প্রতি অর্পণ করেন।

দারজিলিঙ্গের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত এচ এচ বোলিং সাহেব (Mr H H Bowling,) বর্ত্তমান মাসের ১০ তারিখে ঐ স্থানের চিকিৎসকত কর্ম্মের ভার শ্রীযুত ডাক্তর জে আর ওয়াইথকোম সাহেবের (Dr J R Withcombe,) প্রতি অর্পণ করেন।

চম্পারণের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত জি সি ফ্লেচর সাহেব (Mr G C Fletcher) বর্ত্তমান মাসের ১৩ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেবের (Mr R J Richardson,) প্রতি অর্পণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত এচ সি মেটকাফ সাহেব (Mr H C Metcalfe,) ও শ্রীযুত আর এফ হজসন সাহেব (Mr R. F Hodgson,) ও শ্রীযুত এচ বি বেরেসফোর্ড সাহেব (Mr H B Beresford) "মেড ষ্টোন" নামক জাহাজে কেপহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

১৮৯২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৪৯ সাল ১৯ নবেম্বর।

১৪ সংখ্যক অর্থাৎ মুরশিদাবাদ এলাকার কমিসানর শ্রীযুত টি টেলর সাহেব (Mr T Taylor) আপনার কর্ম্মের ভার স্বহস্তে রাখিয়া ছুটীবিষয়ক শুধরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২৩ নবেম্বর।

বর্দ্ধমানের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী ফজলরব্বি ও সদর আমীন শ্রীযুত মুনশী মহম্মদ সাযিম ও ফতওয়াদারক শ্রীযুত মৌলবী আলী মহম্মদ মহরমের বন্দে ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ২৩ নবেম্বর।

বীরভূমের মাজিষ্ট্রেট শ্রীযুত ই ই উডকক সাহেব (Mr E E Woodcock,) বর্ত্তমান মাসের ১২ তারিখে আপনার কর্ম্মের ভার কালেক্টর শ্রীযুত এ ওগলবি সাহেবের (Mr A Ogilvie,) প্রতি অর্পণ করেন।

নওয়াখালীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর সাহেবের সাবেক আসিষ্ট শ্রীযুত ডবলিউ জে লঙ্গমোর সাহেব (Mr W J Longmore) বর্ত্তমান মাসের ১৩ তারিখে ঐ স্থানে আপনার কর্ম্মে প্রত্যাগমন করেন।

চম্পারণের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত জি সি ফ্লেচর সাহেব (Mr G C Fletcher,) বর্ত্তমান মাসের ১৩ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেবের (Mr R J Richardson,) প্রতি অর্পণ করেন।

মুঙ্গেরের মাজিষ্ট্রেট শ্রীযুত ডি কনলিফ সাহেব (Mr D Cunliffe,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত আর ও হেউড সাহেবের (Mr R O Heywood,) প্রতি অর্পণ করেন।

ভাগলপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত ডবলিউ এস আলেকজাণ্ডর সাহেব (Mr W S Alexander,) প্রধান সদর আমীনের সেই স্থানে প্রত্যাগমন না হওনপর্য্যন্ত আপনার সিরিশতার চলিত কর্ম্মের ভার বর্ত্তমান মাসের ১৭ তারিখে সদর মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ হনীফের প্রতি অর্পণ করেন।

শ্রীযুত এফ সি ফৌল সাহেব (Mr F C Fowle,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে চাটিগাঁর মাজিষ্ট্রেটী কর্ম্ম শ্রীযুত জে এস স্পাঙ্কি সাহেবের (Mr J S Spankie,) স্থানে গ্রহণ করেন।

হুগলীর মাজিষ্ট্রেট শ্রীযুত এস ওয়াহোপ সাহেব (Mr S Wauchope,) বর্ত্তমান মাসের ২০ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ জি ইয় সাহেবের (Mr W G Young,) স্থানে পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

GOVERNMENT ADVERTISEMENTS
LAND ADVERTISEMENTS

গবর্ণমেন্টের ইশ্‌তিহার।
ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

এতেলানামা কাছারি কালেক্টরি জেলা কটক মধ্য প্রদেশের সমস্ত লোকদিগের জ্ঞাত কারণ সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সাল প্রথম আইনের ৬ ধারাঅনুসারে কটক জেলার নীচের লিখিত মাহাল সকল লাগাএদ কিস্তি মাহ জুন সন ১৮৪৯ সাল মোতাবক সন ১২৫৬ সাল ষোল পণী সরকারের পাওনা বাকী মালগুজারি আদাএর কারণ সন ১৮৪৯ সাল ডিসেম্বর মাহার ৮ তারিখ মোতাবক সন ১২৫৭ সাল অগ্রহায়ণ মাহার ২৫ তারিখ শনিবার দিবসে এই কালেক্টরি কাছারিতে নীলামে বিক্রয় হইবেক তারিখ ১৬ নবেম্বর সন ১৮৪৯ সাল।

শ্রেণীর নম্বর	মাহালের প্রকার	জেলার তৌজীর লিখিত মাহালের নম্বর	মাহালের নাম	মাহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১৮৪৯ সালের জুন মাহার কিস্তি পাওনা টাকা	কৈ.
২ নং	মেয়াদী বন্দবস্ত	৩৬ নং	কীসমত আবাজী জাগীর বাজেআপ্তী মৌজে মুকুন্দগোবিন্দ, পং জাজপুর	গুপ্ত শাহু ও কৃষ্ণ হরিচন্দন	মং ৬৬৴ ২	২৪৶৩।	এ মাহাল দোবরস্ত নীলাম হইবেক এবং এ মাহাল ৭ কানুন সন ১৮৪২ সাল অনুসারে সন ১২৭৪ সালপর্য্যন্ত বন্দবস্ত আমলে আসিয়াছে।
২ নং	ঐ	১১৪ নং	ঋষিদগী মৌজে বিক্রয়, ওগয়রহ পং জাজপুর ও	কুমন পাণ্ডা ও মাগুনি পাণ্ডা ও লোকনাথ পাণ্ডা ও অনন্ত পাণ্ডা ও চৌধুরী সুদর্শন মহাপাত্র	৫১৮৵ ০	২৯ ৷৶৩	ঐ
২ নং	ঐ	৫৫৬ নং	মৌজে সুকনই রাজাসপুর পং কীসমত কালুবিশী	রতনমণি দাসী	মং ৫৩৯৷৶৯	২৬৭ ৷৷৴ ৬	ঐ
২ নং	ঐ	৬২৫ নং	কীঃ আয়মা মুগপাল মৌজে তওরা পং ওসায়	গদাধর পহরাজ	মং ৭৮৬	৬ ৷৷৶৩	ঐ
২ নং	ঐ	৬৯৫ নং	কীং তাং রাধাকান্তপ্রসাদ মৌজে কাছাবিগাঁওঃ পং রকবা	জগন্নাথ বল্লভ রায় ও রামনাথ রায়	মং ২১১ ৷৷৶১	১০৩৶১	ঐ
২ নং	ঐ	৯৫৪ নং	মৌজে অউপাড়া পং সেবগড়া	হরিনারায়ণ মিত্র	মং ২৫০৷৷৶১১।	৯২ ।১১।	ঐ
২ নং	ঐ	১০৩৯ নং	মৌজে বায়াবেন্দা ওগয়রহ পং মাতকতাবাদ	দাস বিসুওয়াল দস্তখতকার বাধু বিসুওয়াল নাবালগ মহাফেজ সনাতন বিসুওয়াল	মং ৬৬ ৷৷৴১০	৪৪ ।৴২	ঐ
২ নং	ঐ	১০৩৯ নং	মৌজে পাটুলী পং মাতকতাবাদ	ভাগবত সাঁউতরা ও মুকলী চৌধুরী	মং ২৪১৶৭	১১৬৵৬	ঐ
২ নং	ঐ	১২৯০ নং	ঋষিদগী মৌজে হুসেনাবাদ পং গণ্ডীতো	আরথ মাইতি	মং ১০৴১০	১০৴১০	ঐ
২ নং	ঐ	১৩২৩ নং	মৌজে সাবলোহরিপাড়া পং খণ্ডীকোটযুল	ধর্ম্ম মাইতি ও নিত্যানন্দ দাস ও লোকনাথ দাস ও বংশী নিধি কানুনগোই ও দামোদর দাস ও সুদাম দাস	মং ৭৭ ৷৶৬	৪৬ ।৬	ঐ

শ্রেণীর নম্বর	মাহালের প্রকার	জেলার তৌজীর লিখিত মাহালের নম্বর	মাহালের নাম	মাহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১৮৪৯ সালের জুন মাহার কীস্তি পাওনা টাক	কৈ°
২ নং	মেয়াদী বন্দবস্ত	১৩৩৪ নং	কীং মৌজে সরদোলা পং ঝলকড	ভাগীরথী পাট নাএক	মং ১৫৬৸৶৩	৭২৸৶৩	এ মাহাল দোবরস্ত নীলাম হইবেক এবং এ মাহাল ৭ কানুন সন ১৮৪২ সালানুসারে সন ১২৭৪ সালপর্য্যন্ত বন্দবস্ত আমলে আনিয়াছে।
২ নং	ঐ	১৪৮০ নং	খরীদগী মৌজে দিঘী পং দেওগাঁ	চৌধুরী গোপীনাথ রায় ও সদাশিব রায়	মং ৫৶৫	৫৶৫	ঐ
২ নং	ঐ	১৫২৮ নং	তাং নরসিংহপুর পং বেনাহার	ভাবগ্রাহী চৌধুরী ও কিশারীচরণ দাস ও ভগবান দাস ও বাসুদেব দাস ও মানগোবিন্দ দাস	মং ৭১২ ।৮	১৩২৸৵১৸	এই মাহাল সন ১৮১৪ সালের ১৯ আইন মোতাবক বাঁটওয়ারার দাএর থাকা ও কীং ॥০ আনার সরিকদার ভাবগ্রাহী চৌধুরী আপন হিস্যার বাকী দাখিল করায় তাহার হিস্যা সন ১৮৩৯ সালের জুন মাহার ৫ তারিখের লিখিত ১১ নং সদর বোর্ড সরকুলর চিঠী মোতাবক জের বাঁটওয়ারানুসারে লাটবন্দীহইতে খারিজ ও কীসমত ॥০ আনা বাকীদারসকল আপন২ হিস্যা বাকী দাখিল না করাতে তাহাদিগের হিস্যা নীলাম হইবেক এবং এ মাহাল ৭ কানুন সন১৮২২ সালানুসারে সন ১২৭৪ সালপর্য্যন্ত বন্দবস্ত আমলে আনিয়াছে।
৪ নং	ঐ	১২৬ নং	তাং গণেশ্বরপুর পং হাতিমুণ্ডা	ভাগবৎ মালবেহারা ও শিবচরণ সামল ও বিশ্বাধর সামল ও লাক্ত সামল ও কল্পতরু সামল ও দনাই সামল ও বিনোদ সামল ও ঘনশ্যাম দাস	৩৫৮ ।/৯	৩০২ ॥৶৭	কীসমত ১৮৸ আঠারো গণ্ডা তিন কড়া তাং গণেশ্বরপুর পং হাতিমুণ্ডা মিলকীয়ৎ লাক্ত সামল ওরফে লাক্ত হরিচন্দন মালগুজারিদার জীবনধন সামল ও লাক্ত সামল মজকুর মুস্তাজরান মৌজে চন্দনপুর পং তেমানিঞা মুস্তাজরি মাহালের বাকী আদায় কারণ নীলাম হইবেক।
৪ নং	ঐ	•	খরিদা জমাবন্দী মৌজে চন্দনপুর শামিল মৌজে চন্দনপুর পং তেমানিঞা	সুদামচরণ দাস নওলকার লাক্ত সামল	•	৩০২॥৶৭	খরিদা জমাবন্দী মৌজে চন্দনপুর শামিল মৌজে চন্দনপুর পং তেমানিঞা তাহার মফস্বল জমা মং ৪০৸৵১১ মিলকীয়ৎ লাক্ত সামল মালগুজারিদার জীবনধন সামল ও লাক্ত সামল মজকুর মুস্তাজরান মৌজে চন্দনপুর পং তেমানিঞা মুস্তাজরি মাহালের বাকী আদায় জন্যে নীলাম হইবেক।

শ্রেণীর নম্বর	মাহালের প্রকার	কেলার তৌজীর লিখিত মহালের নম্বর	মাহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১৮৪৯ সালের জুন মাহার দৌল্তি পাওনা টাকা	কি৹
৪ নং	মোকাদী বন্দবস্ত	০	খরিদা জমাবন্দী তর্পে তেমানিঞা মং থানে অবঙ্গাবাদ পং অন্তীওঃ	লাভ মামল খরিদদার নীলাম	০	৩০২ ।৶৭	খরিদা জম বন্দী তর্পে তেমানিঞা মাং থানে অবঙ্গাবাদ পং অলতী ওঃ তাহার মফস্বল জমা মং ৫ ।৪ পাঁচ টাকা চারি আনা চারি পাই মিলকীয়ৎ লাভ মামল ওরাফ লাভ হরিচন্দন মালজামিন জীবনধন মামল ও লাভ মামল মজকুর মোস্তাজরান মৌজে চন্দনপুর পং তেমানিঞা মোস্তাজরি মাহালের বাকী আদায় কারণ নীলাম হইবেক।
৪ নং	ঐ	৩ ৯ নং	খরিদগী বাজে আমামী পং মোরাজ	চৌধুরী শ্যামসুন্দর দাস	১১০৶৪	১ ৬।।১	কীং ৷/৮ আন আট পাই খরিদগী বাজে আসামী পং মোরাজ মিলকীয়ৎ চৌধুরী শ্যামসুন্দর দাস মালজামিনদার সাধুচরণ দাস মোস্তাজর মৌজে সুর্জ্জকণ্ঠী পং কাটে কোটমুল মোস্তাজরি মাহালের বাকী আদায় জন্যে নীলাম হইবেক।

তারিখ সন সদর

S Bowring Collector

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে জেলা বর্দ্ধমান মোকাম বাকুড়ার নীচের লিখিত মহাল সন ১২৫৪ সালের হিসাবি বকেয়া বাকীর নিমিত্তে সন ১৮৪৯ সালের ৩ ডিসেম্বর তারিখের মং সন ১২৫৬ সালের ১৯ অগ্রহায়ণ মোতাবেক এই ডিপুটী কালেক্টরি কাছারিতে হিনাওজর ধরা যাইবেক এবং নিতান্ত নীলামে বিক্রয় হইবেক সন ১৮৪৯ সাল তারিখ ১৩ নবেম্বর মতাবক সন ১২৫৬ সাল তারিখ ২৯ কার্ত্তিক।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলাতে মহাল নম্বর তৌজীর	মহালের ও পরগনার নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা কোম্পানী	বাকী লাং সন ১২৫৪পর্য্যন্ত-হইতে ৩ নবেম্বর	মন্তব্য কথা
১	ইস্তমুরারি জম এ'র্হ্যত ওলা	৩৬১	বৃন্দাবনপুর বিষ্ণুপুর	বিপ্রদাস গোস্বামী	৫৩ ।৩	৪১৮৶৮	এই মহালের এইমালিকের সমুদয় স্বত্ত্ব নীলাম হইবেক।

A W Russell Asst Depy Collector

NOTICE

Required a Treasurer for the Calcutta Collectorate who will be required to deposit Government P Notes to the amount of Rs 10,000, as Security Salary for the present Rs 25 Candidates are requested to apply to the Collector of Calcutta

Calcutta, the 30th October, 1849

বিজ্ঞাপন।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি শহর কলিকাতা এই যে যেহেতু অত্র কাছারির খাজাঞ্চীগীরি কর্ম্ম খালী এমতে জানান যাইতেছে খাজাঞ্চীর বেতন এইক্ষণে ২৫৲ টাকা যে কেহ উক্ত কর্ম্মের প্রার্থনীয় আছহ ১০,০০০৲ দশ হাজার টাকার কোম্পানির কাগজ সহ কলিকাতার শ্রীযুত কালেকটর সাহেবের হজুরে উপস্থিত হইয়া প্রার্থনীয় হইবা ইতি।

সন ১৮৪৯ সাল তারিখ ৩০ অক্টোবর।

MISCELLANEOUS ADVERTISEMENT — সাধারণ ব্যক্তিবদের ইশতিহার।

গত বৃহস্পতিবার ১৫ নবেম্বর তারিখে শ্রীরামপুরের ছাপাখানাতে এই পুস্তক প্রকাশ হইয়াছে

বিশেষতঃ

সিবিল গাইড।

অর্থাৎ

দেওয়ানী আইনের সংগ্রহ

শ্রীযুত জান মার্শমন সাহেবকর্ত্তৃক সংগৃহীত।

বঙ্গ ভাষায়

দ্বিতীয়বার প্রকাশিত হইল।

১৮৪৩ সালে এই পুস্তক প্রথমবার প্রকাশিত হওনের পরে যে সকল আইন ও সরক্যুলর অর্ডর ও আইনের অর্থ জারী হইয়াছে তাহা এই পুস্তকে ছাপা হইল। তদ্ভিন্ন সদর দেওয়ানী আদালতের নিষ্পত্তিহওয়া আট শতেরও অধিক মোকদ্দমার রিপোর্ট অর্থাৎ নজির এই পুস্তকে ছাপা হইয়াছে। পুস্তকের মূল্য ৩২৲ টাকা মাত্র।

যাহারদের প্রয়োজন হয় তাঁহারা শ্রীরামপুরের ছাপাখানায় আপনারদের ইচ্ছা জানাইবেন।

[*Government Gazette, 27th November*, 1849]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান মার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 4, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ৪ ডিসেম্বর।

DRAFT OF ACT

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 26TH OCTOBER, 1849.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 26th of October, 1849

Act No —— of 1849

An Act for giving privileges to Registered Companies

For giving certain privileges to Registered Companies, It is enacted as follows

I A Registered Company within the meaning of this Act is an unincorporated Company of partners, associated under a deed registered according to this Act, which deed contains a provision, that the shares in the stock or business of the said Company are transferable without the consent of all the partners

II The Governor of Bengal, or Governor of Madras or Bombay in Council may grant to any persons desiring to register the Company to which they belong, a certificate that such Company is entitled to be registered under this Act

III Every petition for such certificate shall be signed by seven partners of the said Company at least, and shall set forth the following particulars, that is to say

First—The names and additions of all those who are at that time partners of the Company, and their usual places of residence

Second—The style under which the Company is to carry on its business

Third—The names of the principal place or places, within the Presidency in which they seek

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ২৬ অক্টোবর।

পশ্চাল্লিখিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ২৬ অক্টোবর তারিখে হজুর কোন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আকট।

রেজিষ্টরীহওয়া কোম্পানিকে কতক২ ক্ষমতা দেওনের আইন।

রেজিষ্টরীহওয়া কোম্পানিকে কতক২ ক্ষমতা দেওনার্থে নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। চার্টর না পাওয়া কোম্পানির যে২ অংশী এই আইনানুসারে রেজিষ্টরীহওয়া দলীলের দ্বারা সংযুক্ত হইয়াছেন তাঁহারা এই আইনের অর্থের মধ্যে রেজিষ্টরীহওয়া কোম্পানি। ঐ দলীলের মধ্যে এই বিধান থাকিবেক যে ঐ উক্ত কোম্পানির মূল ধন অথবা ব্যবসায়ের অংশ অংশিসকলের অনুমতি বিনা হস্তান্তর হইতে পারে ইতি।

২ ধারা। কোম্পানির অন্তর্গত যে কোন ব্যক্তিরা আপনার ঐ কোম্পানি রেজিষ্টরী করিতে চাহেন তাঁহারদিগকে বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেব অথবা মান্দ্রাজের কি বোম্বাইর শ্রীযুত গবর্নর সাহেব হজুর কৌন্সেলে এই সর্টিফিকট দিতে পারেন যে ঐ কোম্পানি এই আইনানুসারে রেজিষ্টরী হওনের উপযুক্ত ইতি।

৩ ধারা। ঐ প্রকার সর্টিফিকটের প্রত্যেক দরখাস্তে ঐ কোম্পানির অন্যূন সাত জন অংশী দস্তখৎ করিবেন এবং তাহার মধ্যে পশ্চাৎ লিখিত বিবরণ লেখা থাকিবেক বিশেষত।

প্রথম। যাঁহারা তৎসময়ে কোম্পানির অংশী সেই সকল ব্যক্তির নাম ও পদবী এবং তাঁহারদের সামান্যতঃ বাসস্থান।

দ্বিতীয়। যে নামঅনুসারে ঐ কোম্পানি আপনার ব্যবসা চলাইতেছেন।

তৃতীয়। যে রাজধানীতে তাঁহারা রেজিষ্টরী হওনের চেষ্টা করেন সেই রাজধানীর অধীন দেশের মধ্যে যে

to be registered, where the business is to be carried on

Fourth —The proposed amount of capital stock, not being in any case less than (   ) rupees, and the means by which it is to be raised, and the number of shares into which it is to be divided

Fifth —The amount of capital stock then paid, and where and how invested

IV The deed of partnership of every such Company in addition to any other provisions it may contain, shall contain specific provisions for the following purposes, that is to say

First —For holding Ordinary General Meetings of the Company twice at least in every year, at appointed times and places

Second —For holding Extraordinary General Meetings of the Company, whenever seven shareholders, or any greater number may require it

Third —For the management of the affairs of the Company, and the election and qualification of the Managers

Fourth —For preventing the Company from purchasing any shares or making loans of money or securities for money to any person on the security of a share or shares in the partnership business

Fifth —For preventing the loan of any money or securities for money to any Manager

Sixth —For the audit of the accounts of the Company twice at least in each year, by two or more Auditors chosen at a General Meeting of the Shareholders, and not being Managers at the time

Seventh —For the communication of the Auditors' report, and of a balance sheet, and profit and loss account, to every Shareholder, as often as the accounts are audited, and one week at least before each of the half yearly Meetings

V Such partnership deed shall be annexed to the petition, and if the Governor or Governor in Council shall think fit, he may, in his discretion, grant such certificate and refer the said deed to the Advocate General to be by him settled and approved, for which the Advocate General shall be entitled to have from the Company a fee of (   )

VI As soon as the deed of partnership, as finally settled by the Advocate General, has been duly executed by all the Shareholders, personally or by their lawfully constituted Attornies, and one-half at least of the capital stock of the Company has been paid and invested in the name of the Company, any seven or more of the partners may petition the Supreme Court of Judicature for leave to register the deed in the said Court, and the said Court or any Judge thereof on being satisfied that the provisions of this Act have been duly complied with, may order the deed to be registered in the said Court, and upon such registry the Company associated by the said deed

প্রধান স্থান বা স্থানসকলে ঐ ব্যবসা করা যাইবেক তাহার নাম।

চতুর্থ। তাঁহারদের কল্পিত মুল ধনের সংখ্যা (তাহা কোন গতিকে এত টাকার কম হইবেক না) এবং যে উপায়ের দ্বারা ঐ টাকা সংগ্রহ হইবেক এবং তাহা যত অংশেতে বিভক্ত হইবেক।

পঞ্চম। তৎসময়ে ঐ মুল ধনের যত টাকা দাখিল হইয়াছে এবং তাহা যে স্থানে ও যে প্রকারে অর্পণ হইয়াছে ইতি।

৪ ধারা। এই প্রকার প্রত্যেক কোম্পানির শরাকৎনামা অর্থাৎ অংশপত্রে অন্যান্য যে বিধান থাকুক তদতিরিক্ত পশ্চাৎ লিখিত অভিপ্রায়ের জন্যে বিশেষ২ বিধি থাকিবেক বিশেষত.

প্রথম। নিয়মিত সময় ও স্থানে প্রতিবৎসরে অন্যূন দুইবার ঐ কোম্পানির সাধারণ বৈঠক করিবার বিধি।

দ্বিতীয়। যে কোন সময়ে কোম্পানির সাত জন অংশী অথবা তাহাহইতে অধিক অংশী চাহেন সেই সময়ে উপরি বৈঠক করিবার বিধি।

তৃতীয়। কোম্পানির ব্যবসায়ের সরবরাহের বিষয়ি এবং সরবরাহকারেরদের মনোনীত করণ ও তাঁহারদের যোগ্যতার বিষয়ি বিধি।

চতুর্থ। ঐ অংশিত্রের ব্যবসায়ের কোন অংশ ঐ কোম্পানির খরীদ করণের অথবা এক বা ততোধিক অংশের বন্ধকক্রমে কোন ব্যক্তিকে টাকা বা টাকার নিদর্শনের কর্জ দেওনের নিবারণার্থ বিধি।

পঞ্চম। কোন সরবরাহকারকে কোন টাকা বা টাকার নিদর্শনের কর্জ দেওনের নিবারণের বিধি।

ষষ্ঠ। বৎসরের মধ্যে অন্যূন দুইবার কোম্পানির হিসাব তদারক করণার্থে অংশিরদের সাধারণ বৈঠকে তৎকালীন যাঁহারা সরবরাহকার নহেন এইমত দুই বা ততোধিক আডিটর মনোনীত করণের বিধি।

সপ্তম। যতবার হিসাব তদারক হয় ততবার ঐ আডিটরের রিপোর্ট এবং জমাখরচের বাকীর ফর্দ এবং লাভলোকসানের হিসাব প্রত্যেক অংশিকে দেওনের এবং প্রত্যেক ছয় মাসের বৈঠকের অন্যূন এক সপ্তাহ পূর্ব্বে তাহা দেওনের বিধি ইতি।

৫ ধারা। ঐ অংশপত্র দরখাস্তের শেষে দিতে হইবেক। এবং শ্রীযুত গবরনর সাহেব অথবা হজুর কৌন্সেলের শ্রীযুত গবরনর সাহেব উচিত বোধ করিলে আপনার বিবেচনামতে সর্টিফিকট দিতে পারেন এবং ঐ অংশীপত্র আডবোকেট জেনরল সাহেবের নিষ্পত্তি করণের ও সম্মতি দেওনের জন্যে তাঁহার হাতে অর্পণ করিতে পারেন এবং তন্নিমিত্তে ঐ আডবোকেট জেনরল সাহেব কোম্পানির স্থানে এত টাকা রসুম পাইতে পারিবেন ইতি।

৬ ধারা। ঐ অংশপত্র আডবোকেট জেনরল সাহেবের দ্বারা চূড়ান্তরূপ নিষ্পত্তি হইলে এবং সকল অংশিরা স্বয়ং অথবা আপন২ আইনমতে নিযুক্ত প্রতিনিধির দ্বারা তাহাতে রীতিমত দস্তখৎ করিলে এবং ঐ কোম্পানির মূল ধনের অন্যূন অর্দ্ধেক টাকা দাখিল হইলে এবং কোম্পানির নামে অর্পণ হইলে অংশিরদের কোন সাত বা ততোধিক ব্যক্তিরা সুপ্রিম কোর্টে ঐ পত্রের রেজিষ্টরী করণের অনুমতির দরখাস্ত করিতে পারেন। এবং এই আইনের বিধি রীতিমত প্রতিপালন হইয়াছে ঐ কোর্টের অথবা তাহার কোন এক জন জজ সাহেবের এমত হৃদ্বোধ হইলে তিনি ঐ পত্র কোর্টে রেজিষ্টরী করিবার হুকুম দিতে পারেন। এবং ঐ রেজিষ্টরী হইলে পর ঐ পত্রের দ্বারা যে কোম্পানি সংযুক্ত হই-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪১। ৪ ডিসেম্বর।]

shall be deemed a registered Company within the meaning of this Act

VII With the deed of partnership shall be registered a memorial, setting forth in alphabetical order the names of all the partners, with their several additions, places of abode, and the number of shares belonging to each, and the names of the Managers of the Company and in default of any other special provision in the deed, the persons by whom the petition for registry of the deed is signed shall be deemed the first Managers of the Company

VIII Within one month after the expiration of every twelve calendar months from the date of the registry of the first memorial, the Managers shall cause a further memorial to be registered in the same Court, setting forth the same particulars with respect to the persons then being Shareholders of the Company, and also the persons then being Managers of the Company

XI When several persons are jointly interested in any share, the name, addition and place of abode of every such person shall be separately entered in every such memorial, and each of such persons shall be considered as jointly and separately liable for the engagements of the Company on account of such share, unless when such share belongs to any other registered Company, in which case the name of such Company shall be entered in the memorial instead of the names of the partners thereof

X The several memorials shall be signed by one of the Managers of the Company, and verified by a declaration before the Master of the Supreme Court and if any such declaration be false in any material particular, the person wilfully making such false declaration shall be liable to the penalties of perjury

XI An office copy of any such registered deed or memorial or of any part thereof, issued under the seal of the Court, shall be received in evidence before all Courts as proof of the contents thereof, and no proof shall be required that the person, by whom any such memorial, purports to be verified, was a Manager of the Company

XII The keeper of the records of the Supreme Court shall allow all persons at reasonable times to inspect any such deed or memorial, and shall furnish office copies of any such deed or memorial, or any part thereof under the seal of the Court, to all persons applying for the same

XIII Such fees shall be paid for registering every such deed and memorial, and for allowing inspection and furnishing copies thereof, or of any part thereof as the Judges of the Supreme Court, with the approval of the Governor or Governor in Council, from time to time, shall establish

XIV Subject to the provisions of the deed of partnership, every Shareholder in any such registered Company may sell and transfer all or any of his shares therein by a deed according to the

য়াছেন তাহা এই আইনের অর্থের মধ্যে রেজিষ্টরী-হওয়া কোম্পানি জ্ঞান হইবেক ইতি।

৭ ধারা। ঐ অংশপত্রের সঙ্গে এক তালিকা রেজিষ্টরী করিতে হইবেক এবং তাহার মধ্যে সকল অংশিরদের নাম অক্ষরক্রম এবং তাঁহারদের নানা পদবী ও বাসস্থান ও প্রত্যেক জনের যত অংশ আছে তাহা এবং কোম্পানির সরবরাহকারেরদের নাম লেখা যাইবেক। এবং যদি অংশপত্র এর মধ্যে অন্য কোন প্রকার বিশেষ বিধান না থাকে তবে যাঁহারদের দ্বারা অংশপত্র রেজিষ্টরী করণের দরখাস্তে সহী হইয়াছিল তাহারা ঐ কোম্পানির প্রথম সরবরাহকার জ্ঞান হইবেন ইতি।

৮ ধারা। প্রথম তালিকা রেজিষ্টরী করণের তারিখঅবধি বারো মাস অতীত হইলে পর এক মাসের মধ্যে কোম্পানির সরবরাহকারেরা উক্ত কোর্টে আর এক তালিকা রেজিষ্টরী করাইবেন এবং তৎসময়ে যাঁহারা ঐ কোম্পানির অংশী হন এবং তৎসময়ে যাঁহারা ঐ কোম্পানির সরবরাহকার হন তাঁহারদের বিষয়েতে পূর্ব্ব লিখিত সকল বৃত্তান্ত লেখা থাকিবেক ইতি।

৯ ধারা। যখন এক অংশে নানা ব্যক্তিরদের সাধারণ স্বত্ব থাকে তখন প্রত্যেক ব্যক্তির নাম ও পদবী ও বাসস্থান স্বতন্ত্র করিয়া ঐরূপ প্রত্যেক তালিকাতে লিখিতে হইবেক এবং এরূপ প্রত্যেক ব্যক্তি ঐ অংশের বাবৎ ঐ কোম্পানির দায়ের বিষয়ে সাধারণমতে এবং একেং দায়ী আছেন জ্ঞান হইবেক। কিন্তু যদি ঐ অংশ কোন রেজিষ্টরীহওয়া কোম্পানির সম্পত্তি হয় তবে ঐ কোম্পানির নানা অংশির নাম তালিকাতে না লিখিয়া ঐ কোম্পানির নাম তাহাতে লিখিতে হইবেক ইতি।

১০ ধারা। ঐ নানা তালিকাতে কোম্পানির এক জন সরবরাহকারের দ্বারা সহী হইবেক এবং তিনি তাহার সত্যতার বিষয়ে সুপ্রিম কোর্টের মাষ্টর সাহেবের সম্মুখে এক এজহার করিবেন এবং যদি ঐ এজহারের মধ্যে কোন আবশ্যক বিষয়ে মিথ্যা থাকে তবে যে ব্যক্তি জানিয়া শুনিয়া ঐ মিথ্যা এজহার করিলেন তিনি মিথ্যা শপথের দণ্ডের যোগ্য হইবেন ইতি।

১১ ধারা। ঐ রেজিষ্টরীহওয়া পত্র অথবা তালিকা বা তাহার কোন ভাগের যে নকলে ঐ আদালতের মোহর দেওয়া যায় সেই নকল সকল আদালতে ঐ দলীল পত্রপ্রভৃতির মর্ম্মের প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবেক এবং যে ব্যক্তির দ্বারা ঐ তালিকার সত্যতার এজহার হইয়াছিল কথিত হয় সেই ব্যক্তি নিতান্ত ঐ কোম্পানির সরবরাহকার ছিলেন এই বিষয়ে আর কোন প্রমাণের আবশ্যক হইবেক না ইতি।

১২ ধারা। যে সাহেবের জিম্মায় সুপ্রিম কোর্টের রিকার্ড আছে তিনি উপযুক্ত সময়ে সকল ব্যক্তিকে ঐ অংশপত্র অথবা তালিকা দর্শন করিতে দিবেন এবং ঐ পত্র কি তালিকার অথবা তাহার কোন ভাগের নকল যত ব্যক্তি তাহার নিমিত্ত দরখাস্ত করেন তাঁহারদিগকে তাহা আদালতের মোহরে দিবেন ইতি।

১৩ ধারা। ঐ অংশপত্র এবং তালিকা রেজিষ্টরী করণার্থে এবং তাহা দেখিবার অনুমতি দেওনার্থে এবং তাহার বা তাহার কোন ভাগের নকল দেওনার্থে সুপ্রিম কোর্টের শ্রীযুত জজ সাহেবেরা শ্রীযুত গবর্নর সাহেবের অথবা হজুর কৌন্সেলের শ্রীযুত গবর্নর সাহেবের অনুমতিক্রমে সময়েং যে রসুম নির্দ্দিষ্ট করেন সেই রসুম দেওয়া যাইবেক ইতি।

১৪ ধারা। ঐ অংশপত্রের বিধানানুসারে ঐ রেজিষ্টরীহওয়া কোম্পানির প্রত্যেক অংশী এই আইনের শেষের লিখিত তফসীলের পাঠানুসারে অথবা তদনুযায়ি এক দলীলের দ্বারা আপনার সকল অংশ বা কোন অংশ

form in the Schedule annexed to this Act, or to the like effect, and the same, when duly executed, shall be delivered to the Secretary, who shall make an entry thereof in a book to be called the Register of Transfers, and shall endorse such entry on the deed of transfer, and deliver an acknowledgment of the receipt thereof to the purchaser, for which entry and endorsement the Company shall be entitled to have a fee not exceeding one rupee, and until such transfer is so entered and endorsed the purchaser of the share shall not be entitled to receive any share of the profits of the business, or to vote in respect of such share

XV No Shareholder shall be entitled to transfer any share until he has paid all calls at that time due on every share held by him

XVI The Directors may close the register of transfers for a time not exceeding fourteen days before each ordinary half yearly meeting, and may fix a day for closing the same, of which seven days' notice shall be given in the *Government Gazette*

XVII The Company shall not be bound to see to the execution of any trust, whether express, implied or constructive, to which any share is subject and the receipt of the person in whose name any share stands in the books of the Company, or in the case of a minor idiot or lunatic, the receipt of the guardian or Committee, or where the share stands in more than one name, the receipt of the person, whose name stands first shall be a sufficient discharge to the Company for any dividend or other sum of money payable on account of such share whether or not the Company had notice of any such trust, and the Company shall not be bound to see to the application of any money paid on such receipt

XVIII Every such registered Company shall sue and be sued by the registered name of the Company, as if it were an incorporated Company, and in no other manner

XIX In any indictment or information for any theft or embezzlement of the monies or goods of the said Company or for any other offence committed against them or their property or with intent to defraud or injure them, they may be described by the registered name of the Company

XX In any suit brought in the name of any such registered Company the plaintiffs shall be liable to be nonsuited, unless it is proved on their part that the suit is brought by direction of one or more of the partners appointed at a General Meeting to be Managers or Directors of the Company

XXI No such suit, indictment, information or other proceeding shall abate or be prejudiced by any change of the persons constituting the partnership, or of the Managers

বিক্রয় এবং হস্তান্তর করিতে পারেন। এবং ঐ দলীলে রীতিমত দস্তখৎ হইলে সেক্রেটারী সাহেবকে দেওয়া যাইবেক এবং তিনি তাহা “রেজিষ্টরী হস্তান্তর” নামে খ্যাত এক বহীতে লিখিবেন এবং ঐরূপ তাহা লিখনের নিদর্শন ঐ হস্তান্তরের দলীলের পৃষ্ঠে লিখিবেন এবং তাহা প্রাপণের অঙ্গীকারপত্র খরীদারকে দিবেন। এবং ঐ বহীর মধ্যে তাহা লিখন এবং দলীলের পৃষ্ঠে তাহা লিখনের নিমিত্ত ঐ কোম্পানি এক টাকার অনধিক রসুম পাইতে পারিবেন। এবং যাবৎ ঐ হস্তান্তরের কর্ম্ম বহীর মধ্যে এবং দলীলের পৃষ্ঠে না লেখা যায় তাবৎ ঐ অংশের খরীদার ঐ ব্যবসায়ের লাভের কোন অংশ পাইতে পারিবেন না অথবা ঐ অংশের বাবৎ বোট দিতে পারিবেন না ইতি।

১৫ ধারা। কোন অংশী আপনার অংশের উপর তৎসময়ে যে সকল টাকার তলব হইয়াছিল সেই সকল টাকা না দেওনপর্য্যন্ত ঐ অংশ হস্তান্তর করিতে পারিবেন না ইতি।

১৬ ধারা। ঐ কোম্পানির অধ্যক্ষেরা প্রত্যেক ছয় মাসের বৈঠকের পূর্ব্বে অনধিক চৌদ্দ দিনের জন্যে ঐ হস্তান্তরের রেজিষ্টর বন্দ করিতে পারেন এবং তাহা বন্দ করণার্থে দিন নিরূপণ করিতে পারেন এবং সেই দিনের বিষয়ের এত্তেলা গবর্ণমেণ্ট গেজেটে সাত দিবস পূর্ব্বে দিবেন ইতি।

১৭ ধারা। যদি কোন অংশের বিষয়ে কোন দায় থাকে সেই দায় বিশেষরূপে নির্দ্দিষ্ট থাকিলে কিম্বা অনুভব বা অর্থক্রমে নির্দ্দিষ্ট হইলে সেই দায় নিষ্পত্তি করিতে ঐ কোম্পানি বদ্ধ নহেন এবং ঐ কোম্পানি সেই দায়ের বিষয়ে এত্তেলা পাইয়া থাকুন কি না থাকুন ঐ কোম্পানির বহীতে কোন অংশ যে ব্যক্তির নামে লেখা থাকে তাহার রসীদ অথবা নাবালগ কি উন্মাদ কিম্বা বাতুল হইলে তাহার সংমারাধ্যক্ষ কিম্বা কমিটির রসীদ অথবা ঐ অংশ একের অধিক ব্যক্তিদের নামে থাকিলে যে ব্যক্তির নাম প্রথম লেখা থাকে তাঁহার রসীদ ঐ অংশের বাবৎ কোন ডিবিডেণ্ড অথবা দেয় অন্য কোন টাকার বিষয়ে ঐ কোম্পানির সম্পূর্ণ ফারখতের ন্যায় জ্ঞান হইবেক। এবং ঐ রসীদক্রমে যে কোন টাকা দেওয়া যায় তাহা যায় ব্যয় করণের বিষয়ে ঐ কোম্পানির তদারক করণের আবশ্যক হইবেক না ইতি।

১৮ ধারা। ঐরূপ রেজিষ্টরীহওয়া কোম্পানি চার্টর-প্রাপ্ত কোম্পানি হইলে যেরূপ হইত সেইরূপে আপনার রেজিষ্টরীহওয়া নাম ধরিয়া নালিশ করিতে পারেন এবং সেই নামে তাঁহাদের উপর নালিশ হইতে পারে এবং অন্য কোন প্রকারে উভয় পক্ষে নালিশ হইতে পারে না ইতি।

১৯ ধারা। উক্ত কোম্পানির কোন টাকা বা জিনিস চুরী বা তছরুফের জন্য অথবা তাহাদের কি তাহাদের সম্পত্তির বিরুদ্ধে অন্য কোন অপরাধের জন্যে কি তাহাদিগের বিষয় অপহরণ বা ক্ষতি করণের অভিপ্রায়ে যে অপরাধ হয় তাহার বাবৎ কোন মোকদ্দমা কি নালিশ হইলে ঐ কোম্পানির রেজিষ্টরীহওয়া নামে তাহাদের বর্ণনা করিলে কর্ম্ম সিদ্ধ হইবেক ইতি।

২০ ধারা। ঐরূপ রেজিষ্টরীহওয়া কোন কোম্পানির পক্ষে কোন নালিশ হইলে যদি বাদীরা এমত প্রমাণ না করিতে পারে যে সাধারণ বৈঠকে যে এক বা ততোধিক অংশী কোম্পানির সরবরাহকার বা অধ্যক্ষের কর্ম্মে নিযুক্ত হইয়াছিলেন তাহাদের হুকুমক্রমে ঐ নালিশ হইয়াছে তবে ঐ ফরিয়াদীরা নমঞ্জুর হইবার যোগ্য হইবেন ইতি।

২১ ধারা। ঐ অংশিত্বের অন্তঃপাতি ব্যক্তিরদের অথবা সরবরাহকারেরদের বদলী হইলে ঐ প্রকার কোন নালিশ বা এজাহার কি অন্য কার্য্য রহিত অথবা হানি হইবেক না ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ৪ ডিসেম্বর।]

XXII No suit by or against the Company shall be in any wise affected by the defendant or plaintiff therein being or having been a shareholder of the Company but any such shareholder, either alone or jointly with any other person or persons as against the Company or the Company as against any such shareholder, either alone or jointly with any other person or persons, shall have the same right of action remedy and execution, in respect of any claim whatever, as the Shareholder or Company would have had, if such claim had been against a stranger

XXIII Every judgment in any proceeding against the Company shall be executed in the first instance against the joint property and effects of the Company only, and not, except as hereinafter provided, against the separate property and effects of any shareholder

XXIV Any plaintiff, having obtained such judgment against the Company which is not satisfied within fourteen days thereafter, may apply to the Supreme Court of Judicature for a rule or rules, calling upon any one or more of the persons, who at the time when the proceedings were commenced were registered Shareholders of the Company, simultaneously or successively, to shew cause why execution in satisfaction of such judgment should not be had against him or them

XXV On the return of any such rule, the Court may, if it shall think fit, direct an issue or issues to be tried for determining any disputed points which are material to its judgment, and may either discharge or make the rule absolute or make such order or orders thereon and as to the costs of the application as to the Court shall seem fit, and if any such rule is made absolute, such writ of execution shall be sued out thereon as the Court, from time to time, shall devise and order, and execution of any such writ shall be had in like manner as of any other writ of the like nature

XXVI If satisfaction of the judgment cannot be had by the proceedings against the Company or the registered Shareholders as aforesaid the plaintiff may have execution, in like manner, against the person, property, and effects of any person who, within three years before the time when the proceeding was commenced, in which such judgment was obtained, was a registered proprietor, either when the cause of action arose, or at any time subsequently

XXVII Every person, against whom or against whose property and effects any such judgment shall have been executed, shall be reimbursed out of the property and effects of the Company for all monies paid and for all damages sustained by him to be ascertained and certified by some officer of the Court out of which the judgment is sued, and shall be entitled forthwith to have execution against the property and effects of the Company for the amount of such expenses and damages with lawful interest thereon.

[*Government Gazette, 4th December,* 1850]

২২ ধারা। কোম্পানির পক্ষে বা কোম্পানির বিরুদ্ধে কোন নালিশ হইলে সেই নালিশের আসামী বা ফরিয়াদী ঐ কোম্পানির অংশী আছেন বা ছিলেন বলিয়া ঐ নালিশের কিছু ক্ষতি হইবেক না। কিন্তু ঐরূপ কোন অংশী একলা অথবা কোন ব্যক্তি বা ব্যক্তিরদের সংযোগে কোম্পানির বিরুদ্ধে নালিশ করিতে চাহিলে অথবা কোম্পানি ঐরূপ কোন অংশির নামে একলা বা অন্য কোন ব্যক্তি বা ব্যক্তিরদের সংযোগে নালিশ করিতে চাহিলে কোম্পানির অসম্পর্কীয় ব্যক্তির উপর দাওয়া হইলে ঐ অংশী অথবা কোম্পানির যেরূপ নালিশ করণের ও প্রতিকার পাওনের ও ডিক্রী জারীর স্বত্ব হইত সেইরূপে কোন প্রকার দাওয়ার জন্যে সেই প্রকার নালিশপ্রভৃতির স্বত্ব থাকিবেক ইতি।

২৩ ধারা। কোম্পানির বিরুদ্ধ কোন কার্য্য হওয়াতে যে ডিক্রী হয় তাহা প্রথমে ঐ কোম্পানির কেবল সাধারণ সম্পত্তি ও বিষয়ের উপর জারী হইবেক এবং পশ্চাৎ লিখিত বিধানব্যতিরেকে কোন অংশির বিশেষ সম্পত্তি ও বিষয়ের উপর জারী হইবেক না ইতি।

২৪ ধারা। কোন ফরিয়াদী কোম্পানির বিরুদ্ধে এইরূপ কোন ডিক্রী পাইলে পর যদি তাহার টাকা চৌদ্দ দিবসের মধ্যে না দেওয়া যায় তবে সেই ফরিয়াদী সুপ্রিম কোর্টের নিকটে এক বা ততোধিক হুকুমের জন্যে দরখাস্ত করিতে পারেন যে ঐ নালিশ আরম্ভ হওন সময়ে যে এক বা ততোধিক ব্যক্তি ঐ কোম্পানির রেজিষ্টরী হওয়া অংশী ছিলেন তাঁহার বা তাঁহারদের বিরুদ্ধে ঐ ডিক্রী জারী না হইবার কারণ দর্শাইতে তাঁহারদের এককালীন অথবা একাদিক্রমে ঐ হুকুমের মধ্যে তলব হইবেক ইতি।

২৫ ধারা। এরূপ কোন হুকুম ফিরিয়া আইলে ঐ কোর্ট আবশ্যক বোধ করিলে আপন ডিক্রীর সম্পর্কের আবশ্যক কোন বিরোধি বিষয়ের নিষ্পত্তি করণার্থে সেই বিষয় বা বিষয়সকলের তজবীজ করিতে হুকুম দিতে পারেন এবং তৎপরে আপনার ঐ হুকুম অন্যথা করিতে বা বহাল রাখিতে পারেন অথবা তদ্বিষয়ে এবং দরখাস্তের খরচার বিষয়ে যে হুকুম বা হুকুমসকল আবশ্যক বোধ করেন তাহা করিতে পারেন। এবং যদি ঐ হুকুম বহাল করা যায় তবে ঐ আদালত সময়েই যে পরওয়ানা নিরূপণ ও নির্দিষ্ট করেন সেই পরওয়ানা জারীর দরখাস্ত হইবেক এবং সেই প্রকারের অন্য কোন পরওয়ানা যে প্রকারে জারী হয় সেই প্রকারে ঐ পরওয়ানাও জারী হইবেক ইতি।

১৬ ধারা। যদি পূর্ব্বোক্তমতে ঐ কোম্পানি অথবা রেজিষ্টরী হওয়া অংশিরদের বিরুদ্ধে পূর্ব্বমত কার্য্য করিলে ডিক্রীর টাকা না পাওয়া যায় তবে যে মোকদ্দমায় ঐ ডিক্রী হয় সেই মোকদ্দমার আরম্ভের পূর্ব্বে তিন বৎসরের মধ্যে যে কোন ব্যক্তি মোকদ্দমার কারণ ও সময়ে বা তৎপরে কোন সময়ে কোম্পানির অংশিস্বরূপ রেজিষ্টরী হইয়াছিল সেই ব্যক্তির উপর ও তাহার সম্পত্তি ও বিষয়ের উপর সেইরূপ ফরিয়াদী আপনার ডিক্রী জারী করিতে পারেন ইতি।

১৭ ধারা। যে পূর্ব্বোক্ত ব্যক্তির উপর অথবা তাঁহার সম্পত্তি ও বিষয়ের উপর ঐ প্রকার কোন ডিক্রী জারী হইয়া থাকে সেই ব্যক্তি যে সকল টাকা দেন ও তাঁহার যে সকল লোকসান হয় তাহা কোম্পানির সম্পত্তি ও বিষয়হইতে ফিরিয়া পাইবেন এবং যে আদালতে ঐ ডিক্রী হইল সেই আদালতের কোন কার্য্যকারক ঐ টাকা ও লোকসানের সংখ্যা নিশ্চয় করিয়া তদ্বিষয়ের সর্টিফিকট দিবেন। এবং তাহা হইলে ঐ ব্যক্তি আপনার সেই প্রকার খরচা ও লোকসানের টাকা ও তাহার উপর ন্যায্য সুদের বাবৎ ঐ কোম্পানির সম্পত্তি ও বিষয়ের উপর আপনার ডিক্রী জারী করিতে পারিবেন ইতি।

XXVIII If such Shareholder or former Shareholder be not thereby fully paid all such expenses and damages with interest thereon, the amount thereof or of so much as he has not received shall be divided into as many parts as there are then shares in the said business, not including forfeited shares, and the holder of every share for the time being shall pay one of such parts on demand, and in default thereof the person, against whom execution was had, in default of the Company, may apply to the Court for a rule calling on every such shareholder to shew cause why execution should not issue against him for the amount due from him, and, if such rule be made absolute, execution shall issue thereon as if the person suing out such rule had been the plaintiff, and the person to whom the rule is directed the defendant in a suit in which judgment had been given for recovering such amount

XXIX If by the bankruptcy or insolvency of any Shareholder, or from any other cause other than the neglect, or wilful default of the person entitled to have contribution as aforesaid from the Shareholders, the amount of any number of such parts shall not be recovered from the persons liable to pay the same, the deficiency shall be again divided in like manner as the original amount of the expenses and damages incurred, and the same process shall be repeated, and so as often as shall be necessary, until the whole amount of the said expense and damage shall have been rateably contributed by all the solvent shareholders, according to the number of their shares respectively

---

SCHEDULE

I ——— of ——— in consideration of ——— paid to me by ——— of ——— do hereby transfer to the said ——— the share (or shares) numbered ——— in the business called The ——— to hold unto the said ——— his [or her] Executors, Administrators and Assigns subject to the Conditions of the Partnership Deed of the ——— Company registered in the Supreme Court of Judicature at ——— and the other Conditions in which I held the same And I the said ——— do hereby agree to take the said share (or shares) subject to the same Conditions As witness our hands and Seals the ——— day of ——— in the year ———

Witness

A B (L S)

C D (L S)

Ordered, that the Draft now read be published for general information

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ৪ ডিসেম্বর।]

২৮ ধারা। যদি ঐ অংশী অথবা সাবেক অংশী আপনার সেইরূপ সকল খরচা ও খেসারৎ সায় সুদ সম্পূর্ণরূপে না পাইতে পারেন তবে তাহার সংখ্যা অথবা যত টাকা না পাইয়া থাকেন তাহা তৎসময়ে ঐ ব্যবসায়ের জব্দহওয়া অংশব্যতিরেকে যত অংশ থাকে তত অংশে বিভক্ত হইবেক এবং তৎসময়ে প্রত্যেক অংশী দাওয়া হইবামাত্র তাহার এক২ ভাগ দিবেন। এবং যদি তাহা না দেওয়া যায় তবে কোম্পানির কসুরেতে যে ব্যক্তির উপর ডিক্রী জারী হইয়াছিল সেই ব্যক্তি আদালতে এক হুকুমের দরখাস্ত করিতে পারেন এবং সেই হুকুমের দ্বারা প্রত্যেক অংশির স্থানে যে টাকা পাওনা হয় তাহার বাবৎ জারী না হইবার কারণ দর্শাইতে প্রত্যেক অংশির তলব হইবেক। এবং যদি ঐ হুকুম বহাল করা যায় তবে যে মোকদ্দমায় ততসংখ্যক টাকা দেওনের ডিক্রী হইয়াছিল সেই মোকদ্দমায় হুকুমের দরখাস্তকারি ব্যক্তি ফরিয়াদী হইলে এবং যাঁহার প্রতি হুকুম হয় তিনি আসামী হইলে যেরূপ হইত সেইরূপে ঐ দাওয়া জারী হইবার হুকুম হইবেক ইতি।

২৯ ধারা। যদি কোন অংশির যোত্রহীনতা বা দেউলিয়া হওনপ্রযুক্ত অথবা অংশিসকলের স্থানে পূর্ব্বোক্তমতে টাকা পাইবার যাহার স্বত্ত্ব আছে সেই ব্যক্তির ত্রুটি অথবা খামখা কসুর বিনা অন্য কোন কারণপ্রযুক্ত এং ভাগ যে ব্যক্তিরদের দেয় হয় তাঁহারদের স্থানে ঐ ভাগ আদায় না হয় তবে খরচা ও খেসারতের আসল সংখ্যা যেরূপে বিভাগ হইয়াছিল সেইরূপে এই অবশিষ্ট টাকারও বিভাগ হইবেক এবং যাবৎ উক্ত সমুদয় খরচা ও খেসারৎ সকল যোত্রাপন্ন অংশিরদের স্থানে আপনং অংশের সংখ্যানুসারে না পাওয়া গিয়া থাকে তাবৎ এবং ততবার ঐপ্রকার কার্য্য পুনরায় করা যাইবেক ইতি।

তফসীল।

আমি অমুক স্থানের অমুক অমুক স্থানের অমুক ব্যক্তির নিকটে এত টাকা পাইয়া ইহার দ্বারা অমুক নামে বিখ্যাত ব্যবসার অমুক২ নম্বরী অংশ অমুক ব্যক্তিকে অথবা তাহার টর্ণি বা আডমিনিষ্ট্রেটর কি আসৈনকে অমুক স্থানে সুপ্রিম কোর্টে রেজিষ্টরীহওয়া অমুক কোম্পানির অংশপত্রের নিয়মানুসারে এবং অন্যান্য যে নিয়মক্রমে আমি ঐ অংশ ধার্য্য করি তদনুসারে অর্পণ করিয়াছি। এবং আমি অমুক সেইং নিয়মানুসারে উক্ত অংশ বা অংশসকল লইতে অঙ্গীকার করিলাম। অমুক বৎসরের অমুক মাসের অমুক তারিখে আমরা এই পত্রে দস্তখৎ ও মোহর করিলাম।

সাক্ষী

অমুক (মোহর)

অমুক (মোহর)

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানা ইবার নিমিত্তে প্রকাশ হয়।

Ordered, that the said Draft be re considered at the first Meeting of the Legislative Council of India, after the 26th day of January, 1850

F J HALLIDAY,
Secy to the Govt of India

হুকুম হইল যে ১৮৫০ সালের ২৬ জানুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator*

রাজকর্ম্মে নিযোগ।

১৯০৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ১৫ নবেম্বর।

আসামে তেজপুরের মুনসেফ শ্রীযুত রমাকান্ত বড়ুয়া মঙ্গলদায়ের সদর আমীনের ক্ষমতাপ্রাপ্ত মুনসেফ শ্রীযুত নুরউদ্দীন আহমদের পরিবর্ত্তে কার্য্য নির্ব্বাহ করিবেন।

১৮৪৯ সাল ২০ নবেম্বর।

হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জে নেস্মিথ সাহেব (Mr J Nasmyth,) ১৮২১ সালের ৩ আইনের ২ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৯ সাল ২৩ নবেম্বর।

শ্রীযুত জি ইউ ইউল সাহেবের (Mr G U Yule,) অনুপস্থানকি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত আর পি হারিসন সাহেব (Mr R P Harrison,) বগুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জেমস ওয়াটসন সাহেব (Mr James Watson,) মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত হারবার্ড সাহেবের (Mr Harvard,) অনুপস্থান পর্য্যন্ত আজিমগড়ের আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত টি উইলসন সাহেব (Mr T Wilson,) বারাণসের আফীনের সব-ডেপুটী এজেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

জৌনপুরের আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত এচ ডবলিউ কুক সাহেব (Mr H W Cooke,) আজিমগড়ের আফীনের সব-ডেপুটী এজেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বলিয়াতে সবডেপুটী শ্রীযুত জে লামার্চাণ্ড সাহেব (Mr J Lemarchand,) জৌনপুরের আফীনের সব ডেপুটী এজেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৯ সাল ২৪ নবেম্বর।

নীচের লিখিত ডেপুটী কালেক্টরেরা আপনং নামের পরে লিখিত জিলাতে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত হাফিজ সরফরাজ আলী ত্রিহুতহইতে সোরে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত জয়গোপাল বাঁড়ুয্যা পাটনাহইতে যশোহরে।

শ্রীযুত ই ডিরোজারিয়ো সাহেব (Mr E D'Rozario,) যশোহরহইতে ঢাকায়।

গত সেপ্টেম্বর মাসের ১৭ তারিখের হুকুমমতে শ্রীযুত বাবু নবচন্দ্র চট্টুয্যার ত্রিপুরা হইতে বেহারে এবং শ্রীযুত জয়গোপাল বাঁড়ুয্যার পাটনাহইতে মুরশিদাবাদে যে নিয়োগ হয় তাহা রহিত হইল।

১৮৪৯ সাল ২৬ নবেম্বর।

অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জি ডবলিউ বাটী সাহেব (Mr G W Battye,) ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্ট এবং হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের ডেপুটী সেক্রেটারীর কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৯ সাল ১৫ নবেম্বর।

দিনাজপুরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে জোএট সাহেব (Mr J Jowett,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

পাটনা এলাকার ঠগী নিবারণার্থ আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট এবং বেহারের সদর স্থানের তৈনাতী সৈন্যেরদের অধ্যক্ষ শ্রীযুত মেজর ডবলিউ রিডল সাহেব (Major W Riddell,) নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনের পূর্ব্বে ছুটীবিষয়ক প্রবরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২০ নবেম্বর।

ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এফ টকর সাহেব (Mr F Tucker,) বর্ত্তমান মাসের ৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

ফরিদপুরের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ নাজিম মহরমের বন্দে ছুটী পাইয়াছেন।

সদর আদালতের একটিং জজ শ্রীযুত জে ডনবার সাহেবকে (Mr J Dunbar,) বর্ত্তমান মাসের ১০ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্টকাল ঐ মাসের ১৮ তারিখঅবধি রহিত হইল। ঐ তারিখে তিনি আপনার কর্ম্মে প্রত্যাগমন করেন।

১৮৪৯ সাল ২৩ নবেম্বর।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি ডবলিউ জে ওয়াইটিঙ্গ সাহেব (Reverend W J Whiting,) নিয়মিত ছুটী লইয়া ইঙ্গলণ্ডে গমনের অনুমতি পাইয়াছেন।

১৮৪৯ সাল ২৭ নবেম্বর।

সিবিলসম্পর্কীয় সিবিশ্তার শ্রীযুত ডবলিউ পি পামর সাহেব (Mr W P Palmer,) কেপহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করাতে তাঁহাকে ১৮৪৭ সালের ১৯ অক্টোবর তারিখের হুকুমক্রমে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ২৭ নবেম্বর।

শ্রীযুত কাপ্তান অনরবিল আর পি বিঙ্গ সাহেব (Capt the Hon'ble R P Byng,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে দারজিলিঙ্গের সুপরিণ্টেণ্ডেণ্টের চলিত কর্ম্মের ভার শ্রীযুত কাপ্তান জি ডবলিউ বিশপ সাহেবের (Capt G W Bishop,) স্থানে গ্রহণ করেন।

মুরশিদাবাদের সিবিল ও সেশন জজ শ্রীযুত ডি জে মনি সাহেব (Mr D J Money,) বর্ত্তমান মাসের ২৪ তারিখে আপনার সিবিশ্তার চলিত কার্য্যের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী সৈয়দ আবদুল ওয়াহিদ খাঁর প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[*Government Gazette, 4th December,* 1849]

গত বৃহস্পতিবার ১৫ নবেম্বর তারিখে শ্রীরামপুরের ছাপাখানাতে এই পুস্তক প্রকাশ হইযাছে

বিশেষতঃ

সিবিল গাইড।

অর্থাৎ

দেওয়ানী আইনের সংগ্রহ

শ্রীযুত জান মার্শমন সাহেবকর্ত্তৃক সংগৃহীত।

বঙ্গ ভাষায়

দ্বিতীযবার প্রকাশিত হইল।

১৮৪৩ সালে এই পুস্তক প্রথমবার প্রকাশিত হওনের পরে যে সকল আইন ও সরকুলর অর্ডর ও আইনের অর্থ জারী হইযাছে তাহা এই পুস্তকে ছাপা হইল। তদ্ভিন্ন সদর দেওযানী আদালতের নিষ্পত্তিহওযা আট শতেরও অধিক মোকদ্দমার রিপোর্ট অর্থাৎ নজির এই পুস্তকে ছাপা হইযাছে। পুস্তকের মূল্য ৩২৲ টাকা মাত্র।

যাঁহারদের প্রযোজন হয তাঁহারা শ্রীরামপুরের ছাপাখানায আপনারদের ইচ্ছা জানাইবেন।

اشتهار طبع ترجمهٔ فارسی مجسٹریٹ گائد

پوشیده نماند که احقر العباد من عبد الله در این روزها اجازت طبع ترجمهٔ فارسی مجسٹریٹ
گائد مولفهٔ جناب اسکیپ اویتهه صاحب جج جانگام که کتاب مذکور حاوی است لجمیع قوانین
و کمشنری و سرکولر و رپورتها وغیره ضوابط موجود از یمثل ترتیب سول گائد از طرف مولف
ممدوح بذریعهٔ چتهی ۱۷ اکتوبر سنه ۱۸۴۹ ع حاصل شده و بعد ازین موجب آغاز بترجمه و طبع آن
نموده ام بنابران جهت آگاهی عام مرقوم شد فقط فی التاریخ ۱۳ نومبر سنه ۱۸۴۹ ع *

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ৪ ডিসেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান মার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 11, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ১১ ডিসেম্বর।

DRAFTS OF ACTS

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 9TH NOVEMBER, 1849

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 9th of November 1849

ACT No —— OF 1849

An Act for Freedom of the Coasting Trade of India

Whereas by an Act of Parliament passed in the thirteenth year of the reign of Her Majesty intituled An Act to amend the Laws in force for the encouragement of British shipping and Navigation, it is enacted with regard to the Coasting Trade of India, that it shall be lawful for the Governor General of India in Council to make any regulations authorizing or permitting the conveyance of goods or passengers from one part of the possessions of the East India Company to another part thereof, in other than British Ships subject to such restrictions or regulations as he may think necessary, It is enacted as follows

I Goods and Passengers may be conveyed from one part of the territories under the Government of the East India Company to another part thereof, in other than British Ships, without any restriction, other than is or shall be equally imposed on British Ships, for securing payment of duties of Customs or otherwise

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 9th day of February, 1850

F J HALLIDAY,
Secy to the Govt of India

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ৯ নবেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ৯ নবেম্বর তারিখে হুজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

ভারতবর্ষের সমুদ্রের তীরস্থ বন্দরের অবাধিতরূপে বাণিজ্য করিবার অনুমতি দেওনের আইন।

যেহেতুক ‘ব্রিটনীয় জাহাজ নির্ম্মাণ করণের ও জাহাজ পরিভ্রমণের উৎসাহ দিবার জন্যে চলিত আইন সংশোধন করণার্থ আইন নামক’ যে আক্ট পার্লিমেণ্টে শ্রীমতী মহারাণীর অধিকারের ত্রয়োদশ বৎসরে জারী হয় তাহাতে ভারতবর্ষের সমুদ্রের তীরস্থ বন্দরের বাণিজ্যের বিষয়ে এই হুকুম হইয়াছিল যে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হুজুর কৌন্সলে [illegible] বিধান আবশ্যক বোধ করেন সেই নিয়মের [illegible] বিধানের অধীনে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের এক স্থানহইতে অন্য স্থানে ব্রিটনীয় জাহাজভিন্ন অন্য জাহাজে [illegible] কিম্বা গমনশীল লোকেরদিগকে লইয়া যাওয়ার অনুমতি কিম্বা [illegible] আইন করিতে পারেন অতএব নীচের লিখিত মত হুকুম হইল।

১ ধারা। কোম্পানি বাহাদুরের শাসিত দেশের এক স্থানহইতে অন্য স্থানে [illegible] লোকেরদিগকে ব্রিটনীয় জাহাজভিন্ন অন্য জাহাজে লইয়া যাওয়া যাইতে পারে এবং বাণিজ্য দ্রব্য [illegible] মাশুল আদায় করণের নিমিত্তে যে নিষেধ ব্রিটনীয় জাহাজের প্রতি খাটে কিম্বা উত্তর কালে খাটান যায় তাহাভিন্ন অন্য কোন নিষেধ ঐ জাহাজের প্রতি খাটিবেক না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্বসাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যায়।

হুকুম হইল যে ১৮৫০ সালের ৯ ফেব্রুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

FORT WILLIAM,

HOME DEPARTMENT,

LEGISLATIVE,

THE 16TH NOVEMBER, 1849

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 16th of November, 1849

ACT No —— OF 1849

An Act to amend the Law for the Dismissal of Pleaders in Bengal

Whereas the laws in force for the dismissal of Pleaders, practising in the Courts of the East India Company, in the Presidency of Fort William, in Bengal, require amendment, It is enacted as follows

I Section X, of Regulation XXVII 1814, of the Bengal Code, is repealed

II The power of dismissing Pleaders practising in either of the Sudder Courts of the said Presidency is vested in the Judges of these Courts, respectively the power of dismissing Pleaders practising in the Courts of the Zillah Judges, or in Courts subordinate to them, in the said Presidency, is vested in the Zillah Judges, respectively

III An appeal from the order of any Zillah Judge, for the dismissal of a Pleader, may be made to the Sudder Dewanny Adawlut, according to the rules in force, for the admission of appeals

IV No such Pleader shall be dismissed for any cause, other than is specified in Section VI, of Regulation XXVII, 1814, of the Bengal Code

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be re considered at the first Meeting of the Legislative Council of India, after the 16th day of January, 1850

F J HALLIDAY,
Secy to the Govt of India

FORT WILLIAM,

HOME DEPARTMENT,

LEGISLATIVE,

THE 16TH NOVEMBER, 1849

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 16th of November, 1849

ACT No —— OF 1849

An Act for the Protection of Judicial Officers

For the greater protection of Magistrates and others acting judicially, It is enacted as follows

I No Judge, Magistrate, Justice of the Peace, Collector, or other person acting judicially shall be liable to be sued in any Civil Court, for any act done or ordered to be done by him in the discharge of his judicial duty, whether or not within the limits of his jurisdiction, provided that he at the time, in good faith, believed himself to have jurisdiction to do or order the act complained of and no Officer of any Court or other person, bound

ফোর্ট উলিয়ম।

দেশীয় ডিপার্টমেন্ট।

লেজিস্লেটিব।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১৬ নবেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ১৬ নবেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

বাঙ্গলা দেশের উকীলেরদের তগীর করণ বিষয়ি আ- ইন শুধরিবার আইন।

যেহেতুক বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন কোম্পানি বাহাদুরের আদালৎসকলে যে উকী- লেরা ওকালতী করেন তাহারদের তগীর করণবিষয়ি চলিত আইন সংশোধন করা আবশ্যক হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৮১৪ সালের ২৭ আইনের ১০ ধারা রদ হইল ইতি।

২ ধারা। উক্ত রাজধানীর উভয় সদর আদালতে যে উকীলেরা ওকালতী করেন তাঁহারদের তগীর করণের ক্ষমতা ঐ২ আদালতের জজ সাহেবেরদের প্রতি অর্পণ হইয়াছে। উক্ত রাজধানীর অধীন জিলার জজ সাহেবেরদের আদালতে অথবা তাঁহারদের অধীন আ- দালতে যে উকীলেরা ওকালতী করেন তাঁহারদের তগীর করণের ক্ষমতা ঐ২ জিলার জজ সাহেবেরদের প্রতি অর্পণ হইয়াছে ইতি।

৩ ধারা। আপীল গ্রাহ্য করণের বিষয়ে যে২ বি- ধান চলন আছে তদনুসারে উকীলের তগীর করণের বিষয়ি কোন জিলার জজ সাহেবের হুকুমের উপর আ- পীল সদর দেওয়ানী আদালতে হইতে পারে ইতি।

৪ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৮১৪ সালের ২৭ আইনের ৬ ধারাতে যে২ হেতু নির্দ্দিষ্ট হইয়াছে তাহা- ভিন্ন অন্য কোন হেতুতে কোন উকীল তগীর হইবেন না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধা রণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে ১৮৫০ সালের ১৬ জানুআরি তারি- খের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।

দেশীয় ডিপার্টমেন্ট।

লেজিস্লেটিব।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১৬ নবেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ১৬ নবেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

বিচারকর্ত্তারদের রক্ষা করণের আইন।

মাজিষ্ট্রেট সাহেবেরদের এবং অন্যান্য যে ব্যক্তিরা বিচারকের কর্ম্ম নির্ব্বাহ করেন তাঁহারদের পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে রক্ষা করণার্থে নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। কোন জজ সাহেব কি মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জুষ্টিস অফ দি পীস সাহেব কিম্বা কালেক্টর সা- হেব অথবা অন্য যে কোন ব্যক্তি বিচারের কর্ম্ম নির্ব্বাহ করেন তিনি আপন এলাকার সীমার মধ্যে কি তাহার বাহিরে আপনার বিচার কার্য্যের ভারানুসারে যে কোন কর্ম্ম করেন কিম্বা করিতে হুকুম দেন যদি তৎসময়ে ঐ নালিশসম্পর্কীয় কার্য্য করিতে কি তাহা কর ণের হুকুম দিতে তাঁহার ক্ষমতা থাকনের বিষয়ে তাঁহার

to execute the lawful warrants or orders of any such Judge, Magistrate, Justice of the Peace, Collector, or other person acting judicially shall be liable to be sued in any Civil Court, for the execution of any warrant or order, which he would be bound to execute, if within the jurisdiction of the person issuing the same.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India, after the 16th day of February, 1850.

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of India.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 16TH NOVEMBER, 1849.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 16th of November, 1849.

ACT NO. —— OF 1849.

An Act for enabling Government to levy Tolls on Public Roads.

Whereas it is expedient to enable Government to levy Tolls upon roads constructed at the expense of the Government, It is enacted as follows:

I. Acts II, 1837, and VIII, 1838, are repealed, but not so as to revive any Regulation or Act thereby repealed.

II. The Governor of Fort William in Bengal, the Lieutenant Governor of the North Western Provinces of Bengal, the Governor of Fort St. George in Council, and the Governor of Bombay in Council, may cause such rates of Toll as they may respectively think fit to be levied upon any road, which may have been or may hereafter be made or repaired at the expense of the Government, and may place the collection of such Tolls under the management of such persons as may appear to them proper. And all persons employed in the management and collection of such Tolls shall be liable to the same responsibilities, as would belong to them, if employed in the collection of the land Revenue.

III. In case of non-payment of any such Toll on demand, the Officers appointed to collect the same may seize any of the carriages or animals on which it is chargeable, and if any Toll remains undischarged for twenty four hours, with the costs arising from such seizure, the case shall be brought before the Officer appointed to super-

বিশ্বাস ছিল তবে সেই কার্য্যের বিষয়ে তাঁহার নামে কোন দেওয়ানী আদালতে নালিশ হইতে পারিবেক না। এবং কোন আদালতের যে আমলা, বা অন্য ব্যক্তির ঐরূপ কোন জজ সাহেব কি মাজিষ্ট্রেট সাহেব কি জষ্টিস অফ দি পীস সাহেব কি কালেক্টর সাহেবের কি অন্য যে কেহ বিচার কর্ম্মে নিযুক্ত হন তাঁহার আইনানুযায়ি ওয়ারণ্ট কি হুকুম অবশ্য জারী করিতে হয় সেই আমলাপ্রভৃতির যে ওয়ারণ্ট অথবা হুকুম ওয়ারণ্টদেওনিয়া ব্যক্তির এলাকার মধ্যে হইলে তাহা জারী না করিলে নয় সেই প্রকার ওয়ারণ্ট বা হুকুম জারী করণের বিষয়ে ঐ আমলাপ্রভৃতির নামে কোন দেওয়ানী আদালতে নালিশ হইতে পারিবেক না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমি ও প্রকাশ হয়।

হুকুম হইল যে ১৮৫০ সালের ১৬ ফেব্রুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কোন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১৬ নবেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ১৬ নবেম্বর তারিখের হজুর কোন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

সরকারী রাস্তার উপর মাসুল বসাইতে গবর্ণমেণ্টের প্রতি ক্ষমতা দেওনের আইন।

যেহেতুক সরকারের খরচে যে রাস্তা প্রস্তুত করা যায় তাহার উপর মাসুল বসাইতে গবর্ণমেণ্টকে ক্ষমতা দেওয়া উচিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। ১৮৩৭ সালের ২ আইন এবং ১৮৩৮ সালের ৮ আইন রদ হইল। কিন্তু সেই দুই আইনের দ্বারা যে কোন আইন কি আক্ট রদ হইয়াছিল তাহা পুনর্ব্বার চলন হইবেক না ইতি।

২ ধারা। বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়মের শ্রীযুত গবরনর সাহেব এবং উত্তর পশ্চিম প্রদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ও মান্দ্রাজের শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে এবং বোম্বাইর শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে সরকারের খরচে যে কোন রাস্তা বাঁধা গিয়াছে কি যাইবেক অথবা মেরামৎ হইয়াছে কি হইবেক এমত রাস্তার উপর যে মাসুল বসাইতে উপযুক্ত বোধ করেন সেই মাসুল আদায় করণের হুকুম করিতে পারেন। এবং যে ব্যক্তিকে তাঁহারা উপযুক্ত বোধ করেন এমত ব্যক্তির প্রতি ঐ মাসুল আদায় করণের ভার অর্পণ করিতে পারেন। এবং ঐ মাসুলের সরবরাহ ও আদায় করণের কার্য্যে যে সকল ব্যক্তি নিযুক্ত হন তাঁহারা ভূমির রাজস্ব আদায় করণের কার্য্যে নিযুক্ত হইলে তাহারদের উপর যে ঝুঁকী থাকিত সেই ঝুঁকী থাকিবেক ইতি।

৩ ধারা। এমত কোন মাসুলের দাওয়া হইলে যদি তাহা না দেওয়া যায় তবে যে আমলারা ঐ মাসুল আদায় করণের কার্য্যে নিযুক্ত হন তাঁহারা যে গাড়ি কি পশুরদের বিষয় ঐ মাসুল দেয় হয় তাহা ক্রোক করিতে পারেন। এবং যদি কোন মাসুল এবং তাহা ক্রোক করণের খরচা চব্বিশ ঘণ্টার মধ্যে না দেওয়া যায় তবে যে কার্য্যকারক ঐ মাসুল আদায়ের তত্ত্বাবধারণ কার্য্যে

intend the collection of the said Toll, who may sell the property seized for discharge of the Toll, and all expenses occasioned by such non payment, seizure, and sale, and cause any balance that may remain to be returned, on demand, to the owner of the property

IV All Police Officers shall be bound to assist the Toll Collectors, when required, in the execution of this Act, and for that purpose shall have the same power, which they have in the exercise of their common Police duties

V Any person aggrieved by the unlawful seizure or sale of any property under this Act, may have redress by suit in the Civil Court of the Zillah

VI The Tolls, levied under this Act, shall be deemed public revenue

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be re considered at the first Meeting of the Legislative Council of India, after the 16th day of February, 1850

F J HALLIDAY,
Secy to the Govt of India

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 16TH NOVEMBER 1849

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 16th of November, 1849

ACT NO —— OF 1849

An Act for settling the Boundaries of the Tributary Mehals in Cuttack

Whereas certain jungle or hill zemindaries in the Zillah of Cuttack, enumerated in Section XXXVI, of Regulation XII, 1805, of the Bengal Code, and the Territory of Mohurbunge, in the same zillah, were temporarily exempt by the said Regulation from the Regulations relating to the settlement and collection of the public revenue, and, by Regulation XIII, 1805, of the Bengal Code, were temporarily exempt from the Laws and Regulations for the maintenance of the Police, and for the administration of justice in criminal cases, and whereas doubts have been entertained how disputes as to the boundaries of the said zemindaries are to be determined, It is enacted as follows

I Every case in which the boundaries between any of the said zemindaries, and an estate subject to the Regulations of the Bengal Code, shall be in dispute, shall be heard, tried and determined in the first instance by the Superintendent of the Tributary Mehals, in Zillah Cuttack, according to such instructions as he shall, from time to time, receive from the Governor of Bengal, and his award, when confirmed by the Governor of Bengal, shall

নিযুক্ত আছেন তাঁহাকে ঐ বিষয় জানান যাইবেক এবং তিনি ঐ মাসুলের নিমিত্তে এবং মাসুল না দেওনেতে ও ক্রোক করণ ও নীলাম করণেতে যে সকল খরচা হয় তাহার নিমিত্তে ঐ সম্পত্তি বিক্রয় করিতে পারেন এবং যে কিছু অবশিষ্ট থাকে তাহা ঐ সম্পত্তির মালিক দাওয়া করিলে তাহাকে ফিরিয়া দিবার হুকুম করিতে পারেন ইতি।

৪ ধারা। সকল পোলীসের আমলারদের প্রতি হুকুম হইলে তাঁহারা এই আইন জারী করণ কার্য্যে মাসুল আদায় করণিয়ারদের সাহায্য অবশ্য করিবেন এবং সাধারণ পোলীসের কার্য্য করণে তাঁহারদের যে ক্ষমতা আছে উক্ত কার্য্যের বিষয়ে তাঁহারদের সেই ক্ষমতা থাকিবেক ইতি।

৫ ধারা। এই আইনক্রমে যে কোন ব্যক্তি সম্পত্তি বেআইনীমতে ক্রোক কি নীলামের দ্বারা ক্ষতিগ্রস্ত হয় সেই ব্যক্তি জিলার দেওয়ানী আদালতে নালিশ করিয়া প্রতিকার পাইতে পারে ইতি।

৬ ধারা। এই আইনানুসারে যে মাসুল আদায় হয় তাহা সরকারী রাজস্ব জ্ঞান হইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে ১৮৫০ সালের ১৬ ফেব্রুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কোন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেন্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ১৬ নবেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ১৬ নবেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

কটকের পেশকসী মহালের সীমাসরহদ্দ নির্ণয় করণের আইন।

যেহেতুক জিলা কটকের মধ্যে যে কতক জঙ্গল কি পর্ব্বতীয় জমীদারী বাঙ্গলা দেশের চলিত ১৮০৫ সালের ১২ আইনের ৩৬ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা এবং ঐ জিলাতে ময়ূরভঞ্জের মহাল উক্ত আইনের দ্বারা সরকারী রাজস্বের বন্দোবস্ত ও আদায় করণের বিষয়ি আইনের কার্য্যহইতে কিঞ্চিৎ কাল বহির্ভূত হইয়াছিল এবং বাঙ্গলা দেশের চলিত ১৮০৫ সালের ১৩ আইনের দ্বারা পোলীসের প্রতিপালনের এবং ফৌজদারী মোকদ্দমা নির্ব্বাহ করণের বিষয়ি আইনের কার্য্যহইতে কিঞ্চিৎ কালপর্য্যন্ত বহির্ভূত হইয়াছিল এবং যেহেতুক ঐ২ জমীদারীর সীমাসরহদ্দের বিষয়ি বিবাদ যে প্রকারে নিষ্পত্তি হইবেক এই বিষয়ে সন্দেহ হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। যে কোন গতিকে উক্ত কোন জমীদারী এবং বাঙ্গলা দেশের চলিত আইনের অধীন মহালের মধ্যের সীমা লইয়া বিবাদ হয় সেই প্রত্যেক গতিকে সেই বিবাদ জিলা কটকের পেশকসী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব সময়ে২ বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের স্থানে যে উপদেশ পান তদনুসারে প্রথমতঃ তাঁহার দ্বারা শুনা যাইবেক ও বিচার ও নিষ্পত্তি হইবেক এবং বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব তাঁহার নিষ্পত্তি মঞ্জুর করিলে তাহা চুড়ান্ত হইবেক এবং

be final and conclusive, and shall be carried into execution by the Superintendent of Tributary Mehals by giving possession of the land in dispute to the parties entitled under his award

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India, after the 16th day of January, 1850

F J HALLIDAY,
Secy to the Govt of India

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE

No 43

From the Secretary to the Sudder Board of Revenue to the Commissioner of Revenue for the Division of ———

With reference to Circular No 15, dated 20th April last, and the replies received thereto, I am directed by the Sudder Board of Revenue to circulate for your information a copy of the correspondence specified on the margin *

G PLOWDEN,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 19th October, 1849

No 220

From the Secretary to the Sudder Board of Revenue to J P Grant Esquire, Secretary to the Government of Bengal, Revenue Department, dated Fort William, the 7th August, 1849

In reply to your letter, dated the 5th April last, No 299, forwarding a copy of a letter from the Secretary to Government North West Provinces, dated the 21st of March, No 970, and of its annexure, and enquiring with reference to the closing sentence of the latter, what is the actual, as well as the authorized practice, which obtains in the districts under the Board's control, in regard to the supply of fuel to Sepoys, I am directed to submit an abstract of the replies of the Local Officers on the subject and to observe as follows

2 The Board took the opportunity of enquiring respecting the supply of straw and cooking pots as well as fuel The rule, it would seem, is, that all articles should be paid for, but it appears that often-times the above several articles are not paid for Usually, the losses sustained by the Zemindars, are made good by a cess on the ryots in the neighbourhood

* Bd to Govt No 220, dated the 7th August, Govt in reply, No 765, dated the 18th September

তাঁহার নিষ্পত্তিঅনুসারে ঐ বিবাদি ভূমি যে ব্যক্তিরদের পাইবার অধিকার থাকে তাহারদিগকে পেশকসী মহালের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব দখল দেওয়াইয়া ঐ নিষ্পত্তি জারী করিবেন ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে ১৮৫০ সালের ১৬ জানুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

৪৩ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

গত আপ্রিল মাসের ২০ তারিখের ১৫ নম্বরী সরকুলর অর্ডরের বিষয়ে এবং তাহাতে যে উত্তর পাওয়া গিয়াছে তদুপলক্ষে সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমার বিজ্ঞাপনার্থে নীচের লিখিত* পত্রের নকল পাঠাইতেছি।

জি প্লোডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ১৯ অকটোবর।

২২০ নম্বর।

রেবিনিউ ডিপার্টমেণ্টে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত জে পি গ্রাণ্ট সাহেবের নিকটে সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ৭ আগষ্ট।

তোমার গত আপ্রিল মাসের ৫ তারিখের ২৯৯ নম্বরী পত্রের সঙ্গে তুমি উত্তর পশ্চিম দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের ২১ মার্চ তারিখের ৯৭০ নম্বরী পত্রের নকল ও তাহার সঙ্গে প্রেরিত লিপি পাঠাইয়াছিলা এবং ঐ প্রেরিত লিপির শেষ পদের বিষয়ে জিজ্ঞাসা করিয়াছিলা যে সিপাহীরদের জ্বালানি কাষ্ঠ যোগাওনের বিষয়ে বোর্ডের এলাকার নানা জিলার মধ্যে কোন ব্যবহার চলন আছে এবং কোন ব্যবহার হুকুম আছে। সে পত্রের উত্তরে আমি সেই বিষয়ে নানা স্থানে নিযুক্ত কার্য্যকারকেরদের প্রত্যুত্তরের খোলাসা পাঠাইতে এবং নীচের লিখিত মন্তব্য কথা লিখিতে হুকুম পাইয়াছি।

২। সদর বোর্ডের সাহেবেরা জ্বালানি কাষ্ঠ যোগাওনের বিষয়ের তদারক করণের সময়ে খড় এবং পাকের হাঁড়ি যোগাওনের বিষয়েরও তদারক করিলেন। তাহাতে দৃষ্ট হইল যে সকল দ্রব্যের মূল্য দেওনের নিয়ম আছে তথাপি দৃষ্ট হইতেছে যে বারম্বার ঐ দ্রব্যের মূল্য দেওয়া যায় না এবং সামান্যত তাহাতে জমীদারেরদের যে ক্ষতি হয় তাহা পূরণ করণার্থে নিকটবর্ত্তি রাইয়তেরদের উপর চাঁদা করিয়া লওয়া গিয়া থাকে।

* গবর্ণমেণ্টের নিকটে বোর্ডের ৭ আগষ্ট তারিখের ২২০ নম্বরী পত্র। তাহার উত্তরে গবর্ণমেণ্টের ১৮ সেপ্টেম্বর তারিখের ৭৬৫ নম্বরী পত্র।

[*Government Gazette, 11th December,* 1849]

3 All complaints on the part both of the Zemindars and the Troops would cease, the Board observe, if Collectors made over the supplies indented for, to the Quarter Master of the corps, and received from him cash for the whole, for immediate distribution to the owners of the articles supplied A Native Modee, and the Quarter Master's Establishment, would dispose of the supplies to those who wanted them, and any surplus might be sold by auction, before the Troops left the ground

4 By such arrangement, loss would seldom be sustained, for Estimates would be prepared with care and, payment being secured, prices would be moderate

G PLOWDEN,
Secretary

Sudder Board of Revenue

No 24

To the Secretary to the Government of Bengal

In reply to your Office communication No 669, of the 18th instant, I am directed by the Hon'ble the President of the Council of India in Council to observe, for the information of the Hon'ble the Deputy Governor of Bengal, that the non payment of the price of straw, fuel, and cooking pots supplied at halting places to Native Troops, seems to be principally confined to small parties under Native Commissioned or non-Commissioned Officers

2 The plea on which Sepoys are said to have resisted payment for these articles, on entering the districts subject to the Government North Western Provinces, viz "that no such demand was made in the Bengal Division of the Presidency," is, I am to state, altogether futile, for the Circular* from the Office of the Adjutant General of the Army No 1528, dated 15th August, 1848, promulgating to the Army a Notification in the Judicial Department by His Honor the Lieutenant Governor, dated Agra, 28th April, 1848, No 1695, relative to the provision of and payment for supplies from the Kurumnassa river to Kurnal, is well known to Commanding Officers of Regiments, and was ordered to be fully explained to the men of Native Corps, and the former orders on the subject, of which no Sepoy is ignorant, are applicable to every district in which Troops may be moving

3 It is believed on the other hand, that the people of the Country are well aware of their right to demand and receive a fair price for every article of supply furnished to Sepoys, and that every facility of complaint is afforded in case of payment being resisted

4 Believing, therefore, that existing regulations provide sufficiently for the interests of the

* Published by the Government N W P on the 2d September, 1848

৩। বোর্ডের সাহেবেরা কহেন যে যে সকল দ্রব্য যোগাওনের হুকুম হয় তাহা যদি কালেক্টর সাহেব সৈন্যেরদের কার্টর মাষ্টর সাহেবকে দেন এবং ঐ২ দ্রব্যের স্বামিরদের মধ্যে অগোণে বণ্টন করণার্থে ঐ কার্টর মাষ্টর সাহেব সকল দ্রব্যের নগদ মূল্য কালেক্টর সাহেবকে দেন তবে জমীদারেরদের এবং সৈন্যেরদের আর কোন নালিশ হইত না। এদেশীয় এক জন মুদী ও কার্টর মাষ্টর সাহেবের সিরিশতার লোকেরা ঐরূপ যোগান দ্রব্যসকল যাহারা চাহে তাহারদিগকে দিতে পারে এবং যাহা বাঁচে তাহা সৈন্যেরদের ছাউনি স্থানান্তর হওনের পূর্ব্বে নীলাম হইতে পারে।

৪। এই মত নিয়ম করিলে প্রায় ক্ষতি হইবেক না যেহেতুক এষ্টিমেট অর্থাৎ বরাওর্দ্দ ফর্দ্দ মনোযোগপূর্ব্বক প্রস্তুত হইত এবং মূল্য পাইবার সন্দেহ না থাকাতে সকল দ্রব্যের মূল্য কম হইত।

জি প্লৌডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।

২৪ নম্বর।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেব বরাবরেষু।

তোমার বর্ত্তমান মাসের ১৮ তারিখের ৬৬৯ নম্বরী সিরিশতার পত্রের উত্তরে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলের হুকুমক্রমে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবকে জানাইবার নিমিত্তে লিখিতেছি যে এদেশীয় সিপাহীরদের বিশ্রাম স্থানে যে খড় ও জ্বালানি কাষ্ঠ ও পাকের হাঁড়ি যোগান যায় তাহার মূল্য না দেওনের যে নালিশ হইয়াছে তাহা এদেশীয় সনদপ্রাপ্ত কি সনদঅপ্রাপ্ত ছুদ্দাদারেরদের অধীন সিপাহীরদের ক্ষুদ্র২ দলের বিষয়ে অধিক খাটে।

২। কথিত আছে যে উত্তর পশ্চিম দেশের গবর্ণমেণ্টের অধীন জিলাতে প্রবেশ করণের সময়ে সিপাহীরা ঐ২ দ্রব্যের মূল্য না দেওনের এই ওজর করিল যে বাঙ্গলা দেশে সেই সকল দ্রব্যের মূল্য আমারদের দিতে হইত না কিন্তু সেই ওজর সম্পূর্ণরূপে অপ্রকৃত যেহেতুক কর্ম্মনাশা নদীঅবধি কর্ণালপর্য্যন্ত নানা দ্রব্য যোগাওনের ও তাহার মূল্য দেওনের বিষয়ি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আগ্রাতে লিখিত ১৮৪৮ সালের ২৮ আপ্রিল তারিখের ১৬৯৫ নম্বরী জুডিসিয়াল ডিপার্টমেণ্টের বিজ্ঞাপন সৈন্যেরদের আজিটাণ্ট জেনরল সাহেবের সিরিশতার ১৮৪৮ সালের ১৫ আগষ্ট তারিখের ১৫২৮ নম্বরী সরক্যুলর * পত্রের দ্বারা সকল সৈন্যেরদের নিকটে প্রকাশ হইয়াছিল। ঐ সরক্যুলর পত্র পল্টনের সকল সেনাপতি সাহেব সুজ্ঞাত আছেন এবং এদেশীয় সিপাহীরদিগকে সম্পূর্ণরূপে তাহা বুঝাইবার হুকুম হইয়াছিল এবং তদ্বিষয়ে পূর্ব্বের হুকুমসকল কোন সিপাহী অনবগত নহে এবং যে কোন জিলার মধ্য দিয়া সিপাহীরা গমন করে সেই জিলার বিষয়ে সেই হুকুম খাটে।

৩। অন্য পক্ষে বোধ হইতেছে যে দেশীয় লোকেরা উত্তমরূপে জানে যে সিপাহীরদিগকে যে সকল দ্রব্য যোগান যায় তাহার উপযুক্ত মূল্য দাওয়া করিবার ও পাইবার তাহারদের অধিকার আছে এবং মূল্য দিবার প্রতিবন্ধক হইলে তাহারদের নালিশ করিবার সর্ব্বপ্রকার সদুপায় আছে।

৪। অতএব যে২ বিধান চলন আছে তাহার দ্বারা গ্রাম্য লোকেরদের এবং সিপাহীদের মঙ্গল প্রচুরমতে

* ১৮৪৮ সালের ২ সেপ্টেম্বর তারিখে উত্তর পশ্চিম দেশের গবর্ণমেণ্টের দ্বারা প্রকাশ হইল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ১১ ডিসেম্বর।]

villagers, and of the soldier, the Hon'ble the President in Council is not disposed to consider any further enactment on the subject necessary

5 The original enclosures of your despatch under reply, are returned, as requested, but I am to beg that copies may be furnished to this Department as early as practicable, to complete the records

(Signed) R WYLLIE *Major*,
Offg Secy to the Govt of India, in the Mily Department

Council Chamber,
Fort William, the 1st September, 1849

No 765

Copy forwarded to the Sudder Board of Revenue with reference to their Secretary's letter No 220, of the 7th ultimo

By order of the Hon'ble the Deputy Governor of Bengal

(Signed) W SETON KARR,
Under Secy to the Govt of Bengal

Fort William, the 17th September, 1849

(True Copies,)

G PLOWDEN,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 19th October, 1849

No 44

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

I am desired by the Sudder Board of Revenue to request that you will ascertain from the several Collectors subordinate to you, and report to the Board, with the least practicable delay, in what mode sales under Clause 7, Section 15, Clause 6, Section 23 and Section XXV Regulation VII of 1799, held under Act VIII of 1835, and also sales under Regulation I of 1820, as modified by Clause 1, Section XVI Regulation VII of 1832, are conducted—whether it is usual to exact any deposit on the occasion of such sales, and if so at what rate of percentage on the amount bid, and under what rules of forfeiture in the event of the purchase not being completed by the payment of the remaining price, and generally all the rules which obtain in connection with sales of the kind in question

G PLOWDEN,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 23d October, 1849

No 45

From the Secretary to the Sudder Board of Revenue to the Commissioner of Revenue for the Division of ———

The Sudder Board of Revenue having received and considered the Returns to their Circular No 72, dated the 19th of June, have desired me to

প্রতিপালন আছে বোধ করিয়া হজুর কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেন্ট সাহেব তদ্বিষয়ে অন্য কোন বিধান করা অনাবশ্যক বোধ করেন।

৫। তোমার যে পত্রের উত্তর এক্ষণে লেখা যাইতেছে তাহার সঙ্গে আসল প্রেরিত লিপি তোমার ইচ্ছাক্রমে ফিরিয়া পাঠান যাইতেছে কিন্তু আদেশ করিতেছি যে আমারদের রোয়দাদ পূর্ণ করিবার নিমিত্তে তাহার নকল যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র এই সিরিশ্তায় পাঠান যায়।

আর উইলি। মেজর।
মিলিটারী ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

কৌন্সেল ঘর।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ১ সেপ্টেম্বর।

৭৬৫ নম্বর।

সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের গত মাসের ৭ তারিখের ২২০ নম্বরী পত্রের উপলক্ষে নকল সদর বোর্ডে পাঠান গিয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

ডবলিউ সিটন কার।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ১৭ সেপ্টেম্বর।
(যথার্থ নকল।)

জি প্লোডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ১৯ অক্টোবর।

---

৪৪ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে আদেশ করিতেছি যে ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার ৭ প্রকরণ ও ২৩ ধারার ৬ প্রকরণ এবং ২৫ ধারানুসারে যে নীলাম ১৮৩৫ সালের ৮ আইনমতে হয় এবং ১৮৩২ সালের ৭ আইনের ১৬ ধারার ১ প্রকরণের দ্বারা মতান্তরহওয়া ১৮২০ সালের ১ আইনানুসারে যে নীলাম হয় তাহা কি প্রকারে নির্বাহ হইতেছে তুমি আপন অধীন কালেক্টর সাহেবেরদের স্থানে এবিষয় জিজ্ঞাসা করিয়া সদর বোর্ডে যথাশীঘ্র রিপোর্ট কর। বোর্ডের সাহেবেরা জানিতে চাহেন যে এইমত নীলাম হওনের সময়ে কোন টাকা আমানৎ করাওনের ব্যবহার আছে কি না এবং যদি থাকে তবে ডাকহওয়া টাকার উপর শতকরা কি হারে ঐ টাকা আমানৎ হয় এবং অবশিষ্ট টাকা যদি না দেওয়া যায় এবং তৎপ্রযুক্ত যদি বিক্রয় সিদ্ধ না হয় তবে আমানতী টাকা জব্দ করণের বিষয়ে কি নিয়ম চলে এবং সাধারণমতে ঐ প্রকার নীলামের সম্পর্কে যে সকল বিধান চলন আছে তাহার রিপোর্ট কর।

জি প্লোডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ২৩ অক্টোবর।

---

৪৫ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা জুন মাসের ১৯ তারিখের ৭২ নম্বরী আপনারদের সরকুলর অর্ডরের উত্তর পাইয়া এবং তাহা বিবেচনা করিয়া এক্ষণে জানাইতে

intimate, that the fixed Monthly sum of 50 Rupees, allowed to Commissioners by a Resolution of Government in the Territorial Department, dated the 30th December, 1828, for contingent expences of the kind specified in Government orders of the 24th November,* 1829, is shown by the Returns to be ordinarily ample to cover, not only those contingencies, but all legitimate contingent expences whatever, excepting boat hire for long trips on circuit, which may properly be included in the bills for the travelling allowances of the Establishment

2 The Board will accordingly expect the fixed allowance, in question, to cover all contingent expences, properly so called, whatever, boat hire incurred on account of long circuit trips excepted Whenever, therefore, a Contingent bill is submitted for the sanction of the Board, it must be explained why the charges included in it could not be met out of the fixed monthly allowance of 50 Rupees

3 Punkah pullers, and the expences attendant on Tatties, during the hot weather months, may properly be included as contingent charges, but it is to be distinctly understood, that charges on account of extra Establishment, such as Writers, Mohurirs, and Chuprassies, whether entertained temporarily or permanently, are not, as the Board find has sometimes been done, to be defrayed out of the allowance in question, even though a surplus may remain sufficient to meet such charges, inasmuch as any expenditure on account of extra establishment, without the previous sanction of Government, has been repeatedly and strictly prohibited

4 Any portion of the aggregate allowance of the year which may not be expended, under the present orders, should be carried annually to the credit of Government, through the Collector

G PLOWDEN,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 26th October, 1849

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

LEAVES OF ABSENCE

The 6th December 1849

Moulvee Abdool Roof, Moonsiff of Bhotmaree Zillah Rungpore, for one month in extension of that granted to him on the 12th October last

Moulvee Syed Khadim Hosain, Moonsiff of Putneetullah, Zillah Dinagepore for two months from the 3d instant

The undermentioned Moonsiffs have obtained leave of absence for the period of the Mohurrum Vacation

* P 118—Peter's

ছেন যে ঐ২ উত্তরের দ্বারা দৃষ্ট হইতেছে যে গবর্ণমেণ্টের ১৮২৯ সালের ২৪ নবেম্বর* তারিখের হুকুমে যেং প্রকারের উপরি খরচ নির্দ্দিষ্ট আছে তাহার নিমিত্তে দেশীয় ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের ১৮২৮ সালের ৩০ ডিসেম্বর তারিখের নির্দ্ধারণক্রমে কমিসানর সাহেবদিগকে মাসেং যে ৫০৲ টাকা নির্দ্ধার্য্য করিয়া দেওয়া গিয়াছে তাহা সাধারণমতে কেবল এ উপরি খরচের নিমিত্তে প্রচুর এমত নহে কিন্তু দওরার কার্য্যেতে দূরে যাইবার নৌকাভাড়া ছাড়া অন্য সকল আইনসিদ্ধ উপরি খরচের নিমিত্তে প্রচুর আছে। ঐ নৌকাভাড়া সিরিশতার রাহা খরচের বিলের মধ্যে লেখা উপযুক্ত হইতে পারে।

২। অতএব বোর্ডের সাহেবেরা হুকুম করিতেছেন যে দওরার কার্য্যে দূর স্থানে যাইবার নৌকাভাড়া ছাড়া অন্য যে সকল খরচ উপযুক্তমতে উপরি খরচ বলা যায় তাহা ঐ ৫০৲ টাকাহইতে দেওয়া যাইবেক। অতএব যখন সদর বোর্ডের মঞ্জুরীর নিমিত্তে উপরি খরচের কোন বিল পাঠান যায় তখন ঐ বিলের খরচ এ মাসিক নির্দ্ধারিত ৫০৲ টাকাহইতে যে হেতুতে দেওয়া যাইতে পারিল না তাহা জানাইতে হইবেক।

NOTICE is hereby given, that the Pottah of the undermentioned Government resumed Chuck situated in the limits of the Soonderbuns, in Pergunnah Moolie Zillah Jessore, will be put up for public sale, at noon, on Tuesday, the 18th day of December, 1849 corresponding with 4th Pous, 1256, B S, at the Office of the Commissioner of the Soonderbuns, Allipore The highest bidder will be entitled to the Pottah, and must immediately pay in to the Commissioner of the Soonderbuns the full amount of his purchase money, the Pottah will be drawn up in his name, and will be made over to him, with the confirmation of Government, and he will become the Grantee of the said Chuck under the conditions prescribed in the Pottah

It is further notified, that intending purchasers who may wish to see the Map of the Chuck and desire to obtain any particulars connected with it, and its present state can learn the same by attending either personally or through their Agent at the Office of the Commissioner These conditions and particulars will moreover be proclaimed at the time of sale

Pottah of Chuck Soorgodee

Oomakanth Sain, *Commissioner*

Soonderbuns Commissioner's Office, Allipore, the 1st December, 1849

সুন্দরবনের কমিস্যনরের দপ্তরখানার ইশতিহার।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে সুন্দরবনের মধ্যে জিলা যশোহরের মুলিপরগনার অন্তঃপাতি সরকারের নীচের লিখিত বাজেযাপ্ত চকের পাট্টা ইঙ্গরেজী ১৮৪৯ সালের ১৮ ডিসেম্বর তারিখ মোতাবেক ১২৫৬ সালের ৪ পৌষ তারিখ মঙ্গলবার দুই প্রহর সময়ে আলীপুরের সুন্দরবনের কমিস্যনরের দপ্তরখানায় নীলাম হইবেক। যে ব্যক্তি ঐ চকের জন্যে অধিক ডাকিবেক ও খরীদের সমুদয় টাকা অবিলম্বে সুন্দরবনের কমিস্যনরকে দিবেক তাহার নামে পাট্টা করা যাইবেক ও গবর্ণমেন্টের মঞ্জুরীক্রমে তাহাকে দেওয়া যাইবেক। এবং সেই ব্যক্তি সকল বিষয়ে ঐ চকভোগী হইবেক এবং পাট্টার সকল নিয়মে বদ্ধ থাকিবেক।

আর সম্বাদ দেওয়া যাইতেছে যে খরীদ করণাকাঙ্ক্ষী যে কেহ ঐ চকের নকশা দেখিতে চাহে কি তাহার নিয়ম কি বর্ত্তমান দশা জ্ঞাত হইতে চাহে সেই ব্যক্তি আপনি হাজির হইয়া কি গোমাশতার দ্বারা সুন্দরবনের কমিস্যনরের দপ্তরখানায় তদ্বিষয় জ্ঞাত হইতে পারে আরো নীলামের দিবসে ঐ চকের নিয়মইত্যাদি প্রকাশ করা যাইবেক ইতি।

চক শুরগদির পাট্টা।

উমাকান্ত সেন। সুন্দরবনের কমিস্যনর।

সুন্দরবনের কমিস্যনরের দপ্তরখানা। আলীপুর। ১৮৪৯ সাল ১ ডিসেম্বর।

INSOLVENT COURT — দেওলিয়াদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

In the matter of ALLAN GILMORE, JAMES PELHAM McKILLIGIN, WILLIAM FAIRLIE GILMORE, GRAHAM MOORE ROBERTSON and WILLIAM COLVILLE, Insolvents

NOTICE is hereby given, that Saturday, the 5th day of January next is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an Account in detail of the receipts and disbursements of the Assignee, has been filed and may be inspected in the Office of the Chief Clerk Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the estate of the said Insolvents, will be heard, Notice having been given, at the Office of the Chief Clerk three clear days before the hearing

Official Assignee's Office, 13th December, 1849

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

যে'ত্রহীন আলেন গিলমোর সাহেব ও জেমূস পেলহাম মাক্সিমিলিন সাহেব ও উলিয়ম ফের্জি গিলমোর সাহেব ও গ্রেহাম মোর বার্বটসন সাহেব ও উলিয়ম কলবিল সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করণের নিমিত্তে এই বিষয়ের শুনানি আগামি জানুআরি মাসের ৫ তারিখ শনিবারে পুনরায় হইবেক এবং আসৈনি সাহেবের জমাখরচের বিস্তারিত হিসাব দাখিল হইয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের সিরিশতায় দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এই বিষয়ে লিপ্ত অন্য যে কোন ব্যক্তি উক্ত যোত্রহীনেরদের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের সিরিশতায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনির দফ্তরখানা।

১৮৪৯ সাল ১৩ ডিসেম্বর।

In the matter of JOHN KEYLAND, an Insolvent

Notice is hereby given, that Saturday, the 5th day of January next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an Account in detail of the receipts and disbursements of the Assignee has been filed and may be inspected in the Office of the Chief Clerk Any Creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard, Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing

Official Assignee's Office, 14th December, 1849

যোত্রহীন জান কীলাণ্ড সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এই বিষয়ের শুননি আগামি জানুআরি মাসের ৫ তারিখ শনিবারে পুনরায় হইবেক। এবং আসৈনী সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের সিরিশতায় দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এই বিষয়ে লিপ্ত অন্য যে কোন ব্যক্তি উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনির দফ্তরখানা। ১৮৪৯ সাল ১৪ ডিসেম্বর।

The like Notice in the matter of CHARLES PEREIRA, an Insolvent

যোত্রহীন চার্লস পেরেরা সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে।

The like Notice in the matter of CHARLES MOTTLEY, an Insolvent

যোত্রহীন চার্লস মটলি সাহেবের বিষয়ে সেইপ্রকার সম্বাদ দেওয়া যাইতেছে।

The like Notice in the matter of ROBERT EDWARD BLANEY an Insolvent.

যোত্রহীন রাবর্ট এড্বার্ড ব্লেনি সাহেবের বিষয়ে সেইপ্রকার সম্বাদ দেওয়া যাইতেছে।

The like Notice in the matter of GEORGE ALBERT SHEPPARD, an Insolvent

যোত্রহীন জর্জ আলবর্ট শেপর্ড সাহেবের বিষয়ে সেইপ্রকার সম্বাদ দেওয়া যাইতেছে।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান মার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 25, 1849.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৯ সাল ২৫ ডিসেম্বর।

DRAFT OF ACT

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 7TH DECEMBER, 1849

The following Extract from the Proceedings of the Honourable the President of the Council of India in Council in the Legislative Branch of the Home Department, under date the 7th December, 1849, is published for general information

Read a second time the Draft of a proposed Act, dated the 8th March, 1849, and published in the *Bengalee Government Gazette* of the 13th March, 1849, for the Registry of Merchant Seamen

Resolution - The President in Council resolves that the following amended Draft on the subject be published for general information

ACT No —— OF 1849

An Act for the Registry of Merchant Seamen

Whereas it is expedient to form a register of Merchant Seamen, It is enacted as follows

I A General Register Office for Merchant Seamen, shall be established at each of the ports of Calcutta, Madras and Bombay, and at such other ports as the Governor General of India in Council shall hereafter deem necessary

II For every such Office there shall be a Registrar, with such Assistants, Clerks and servants, at such salaries and allowances, and subject to such regulations, as shall be, from time to time, directed, with the approval of the Governor General of India in Council, by the Governor, or Go-

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেন্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৯ সাল ৭ ডিসেম্বর।

দেশীয় বিধিশাস্ত্রের ব্যবস্থাপক ডিপার্টমেন্টে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রেসিডেন্ট সাহেব হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪৯ সালের ৭ ডিসেম্বর তারিখে যে কার্য্য করেন তাহার নীচের লিখিত চুম্বক সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

বাণিজ্য জাহাজের খালাসীদের রেজিষ্টরী করণের বিষয়ে ১৮৪৯ সালের ৮ মার্চ তারিখের প্রস্তাবিত আইনের যে মুসাবিদা ১৮৪৯ সালের ১৩ মার্চ তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ হয় তাহা দ্বিতীয়বার পাঠ করা গেল।

নির্দ্ধারণ।

কৌন্সেলের শ্রীযুত প্রেসিডেন্ট সাহেব নির্দ্ধারণ করিয়াছেন যে তদ্বিষয়ে নীচের লিখিত শুধরা মুসাবিদা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪৯ সাল —— আক্ট।

বাণিজ্য জাহাজের খালাসীদের রেজিষ্টরী করণের বিষয়ে আইন।

যেহেতুক বাণিজ্য জাহাজের খালাসীদের রেজিষ্টরী করা বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের প্রত্যেক বন্দরে এবং ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে উত্তর কালে অন্য যেং বন্দরে আবশ্যক বোধ করেন সেইং বন্দরে বাণিজ্য জাহাজের খালাসীদের জন্যে এক সাধারণ রেজিষ্টরী দপ্তর স্থাপন হইবেক ইতি।

২ ধারা। এইমত প্রত্যেক দপ্তরে এক জন রেজিষ্ট্রার নিযুক্ত হইবেন এবং যে রাজধানীতে বা স্থানে ঐ দপ্তর স্থাপিত হয় সেই রাজধানী বা স্থানের শ্রীযুত গবরনর সাহেব বা শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের অনুমতিক্রমে সময়েং যেরূপ হুকুম করেন সেইরূপে ঐ দপ্তরের আসিষ্টান্ট ও মুহুরীর ও চাকর নিযুক্ত হই-

Council, of the Presidency or place the office is established

III Each Registrar, before entering on the duties of his Office, shall, with two Sureties, execute a joint and several bond to the East India Company, according to such form as shall be, from time to time, approved by the Governor General of India in Council, conditional for the faithful performance of his duty, and for the due application and account of all monies that shall come to him, as such Registrar, under such amount of penalty as shall be from time to time fixed by the Governor, or Governor in Council of the Presidency or Place

IV Every person not having a Register Ticket from any port in the United Kingdom of Great Britain and Ireland, who intends to serve, (otherwise than as Master or Surgeon,) on board of any vessel navigated from a port within the territories under the Government of the East India Company, and registered as a British Vessel under the Statutes of Parliament and Acts of the Governor General of India in Council in force, for the time being, for the registry of British Vessels, shall be bound to appear at one of the said Register Offices for the purpose of procuring himself to be registered, and shall be bound to answer truly, to the best of his ability and knowledge, the several questions set forth in the Schedule (A) annexed to this Act, and such other questions as shall be, from time to time, directed by the Governor General of India in Council, and until so registered shall not be allowed after the ( ) day of ( ) to serve in any capacity, (other than Master or Surgeon,) on board of any such registered Vessel

V The Registrar shall be bound to register every Seaman, who shall appear at his office for that purpose, and truly answer the said questions to the best of his ability and knowledge

VI The Registrar shall give to every Seaman whom he shall register a Register Ticket, containing as accurate a description as may be, of such Seaman in such form as shall be, from time to time, approved by the Governor General of India in Council, for which he shall be entitled to take such Fee, not exceeding One Rupee, as shall be, from time to time, allowed by the Governor or Governor in Council, and shall keep recorded in his office a duplicate of every such Register Ticket The Registrar shall ascertain to the best of his ability, and specify on the Register Ticket, the class or rating of Seafaring persons to which each registered Seaman appears to him to belong, and, from time to time, shall note on any Ticket produced to him for that purpose any superior rating to which the holder of the Ticket appears at that time to be entitled

VII Whenever any Seaman shall lose his Register Ticket, he shall apply personally to one of

বেক এবং তাহারদের মাহিয়ানা ও বেতন ধার্য্য হইবেক এবং তাহার বিষয়ি নিয়ম নির্দ্দিষ্ট হইবেক ইতি।

৩ ধারা। প্রত্যেক রেজিষ্ট্রার আপনার পদের কার্য্যে প্রবৃত্ত হওনের পূর্ব্বে তাঁহার কর্ত্তব্য কার্য্য বিশ্বস্তরূপে নির্ব্বাহ করণের বিষয়ে এবং ঐ রেজিষ্ট্রারস্বরূপ তাঁহার হাতে যে সকল টাকা আইসে সেই সকল টাকার যথার্থরূপে ব্যয় করণের ও হিসাব রাখণের বিষয়ে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে সময়ক্রমে যে পাঠে সম্মত হন সেই পাঠানুসারে দুই জন জামিন সমেত কোম্পানি বাহাদুরের প্রতি সাধারণে ও প্রত্যেকে বণ্ড লিখিয়া দিবেন এবং ঐ রাজধানী বা স্থানের শ্রীযুত গবরনর সাহেব বা শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে সময়ক্রমে যতসংখ্যক জরীমানার দণ্ড ধার্য্য করেন সেই জরীমানা ঐ বণ্ডে লেখা থাকিবেক ইতি।

৪ ধারা। কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যস্থিত কোন বন্দরহইতে গমনকারি যে জাহাজ ব্রিটনীয় জাহাজের রেজিষ্টরীর বিষয়ে তৎসময়ে পার্লিমেণ্টের যে আইন এবং ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের যে২ আইন ব্রিটনীয় জাহাজের রেজিষ্টরীর বিষয়ে করা গিয়াছে সেই২ আইনানুসারে যে জাহাজ ব্রিটনীয় জাহাজস্বরূপ রেজিষ্টরী হইয়াছে সেই জাহাজের উপর (মালিম বা চিকিৎসক বিনা) অন্য যে কোন ব্যক্তি গ্রেটব্রিটন ও ঐরলাণ্ড রাজ্যের কোন বন্দরহইতে রেজিষ্টর টিকিট না পাইয়া খাটিতে মানস করে সেই ব্যক্তির আবশ্যক যে উক্ত কোন রেজিষ্টরী দফ্তরে আপনাকে রেজিষ্টরী করাওনার্থে হাজির হয় এবং এই আইনের শেষের লিখিত A চিহ্নিত তফসীলে যে নানা জিজ্ঞাসা লেখা আছে এবং সময়ক্রমে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে অন্য যে২ জিজ্ঞাসার হুকুম করেন সেই২ জিজ্ঞাসার উত্তর আপন বুদ্ধি সাধ্যপর্য্যন্ত সত্য করিয়া দেয় এবং যাবৎ সেই ব্যক্তি সেইরূপে রেজিষ্টরী না হয় তাবৎ অমুক সালের অমুক মাসের অমুক তারিখঅবধি (মালিম বা চিকিৎসক বিনা) অন্য কোন পদে ঐরূপ রেজিষ্টরীহওয়া জাহাজের উপর খাটিতে পারিবেক না ইতি।

৫ ধারা। যে প্রত্যেক খালাসী রেজিষ্ট্রারের দফ্তরে রেজিষ্টরী হওনার্থে আইসে এবং আপনার বুদ্ধিসাধ্যপর্য্যন্ত ঐ জিজ্ঞাসার সত্য জওয়াব দেয় এমত প্রত্যেক খালাসীকে ঐ রেজিষ্ট্রার রেজিষ্টরী না করিলে নয় ইতি।

৬ ধারা। যে প্রত্যেক খালাসীকে ঐ রেজিষ্ট্রার রেজিষ্টরী করেন তাহাকে তিনি এক রেজিষ্টর টিকিট দিবেন এবং শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে সময়ক্রমে যে পাঠেতে সম্মত হন সেই পাঠানুসারে ঐ খালাসীর সাধ্যপর্য্যন্ত যথার্থ চেহারা লেখা থাকিবেক এবং শ্রীযুত গবরনর সাহেব বা শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে সময়ক্রমে যে রসুমের অনুমতি দেন সেই রসুম ঐ রেজিষ্ট্রার ঐ টিকিটের জন্য লইতে পারিবেন কিন্তু তাহা এক টাকার অধিক হইবেক না এবং ঐ রেজিষ্ট্রার ঐ প্রত্যেক রেজিষ্টর টিকিটের এক নকল আপনার দফ্তরে রাখিবেন। এবং প্রত্যেক রেজিষ্টরীহওয়া খালাসী সমুদ্রে গমনাগমনকারি ব্যক্তিরদের যে সম্প্রদায় অথবা বেতনভোগী হয় তাহা ঐ রেজিষ্ট্রার সাধ্যপর্য্যন্ত নির্ণয় করিয়া রেজিষ্টর টিকিটে নির্দ্দিষ্ট করিয়া লিখিবেন। এবং ঐ টিকিটে উচ্চস্থ বেতন ভোগিস্বরূপ লিখিত হওনের জন্য টিকিটপ্রাপ্ত ব্যক্তি ঐ টিকিট রেজিষ্ট্রারের নিকটে আনিলে সেই সময়ে ঐ ব্যক্তির যে উচ্চস্থ বেতনভোগি হওনের স্বত্ব থাকে তাহা ঐ রেজিষ্ট্রার ঐ টিকিটেতে লিখিবেন ইতি।

৭ ধারা। যখন কোন খালাসী আপনার রেজিষ্টর টিকিট হারায় তখন সেই ব্যক্তি স্বয়ং উক্ত রেজিষ্ট্রারের-

the said Registrars, and shall be bound to answer truly, to the best of his ability and knowledge, all questions which the Registrar, or one of his Assistants shall put to him touching the time and manner of the loss, and if it shall appear that no fraud has been committed or intended, the Registrar shall furnish another Ticket to him, upon payment of such Fee, not exceeding Five Rupees, beside the common Fee for the issue of a Register Ticket, as the Registrar shall think fit, under the instructions to be issued to him by the Governor or Governor in Council having regard to the time and manner of the loss of the former Ticket

VIII Whenever any registered Seaman shall be committed to prison, or to any house of correction, the Court or Justice of the Peace shall cause his Register Ticket to be delivered to the keeper of such prison or house of correction, who shall keep it during the term of the Seaman's imprisonment, and at the end of the imprisonment give it to him again, and whenever any registered Seaman shall be sentenced to death or transportation, the person having him in custody shall send his Register Ticket to the office of the Registrar by whom it was issued

IX The Registrar shall cancel every Register Ticket, which shall come again into his possession, and, from time to time, shall make out lists, showing the number and name upon every Ticket, cancelled during the twelve months then last past, and of every Ticket, which shall have been represented to him to have been lost, and in respect of which he shall have issued another Ticket during the same twelve months, and shall cause such lists to be published in the *Gazette*, in the English and vernacular language of the port, and shall also send them to the Collector of Customs and principal officer of Police at such Towns or Ports as shall be directed by the Governor or Governor in Council, to be by them respectively exhibited in some conspicuous part of the Custom House and Police Office, and copies of such lists shall be sent to the Master Attendant at every such port, and shall be delivered to any Master or Owner of a registered Vessel on application, and on payment of a Fee of One Rupee

X The Master of any such Vessel shall not after the said (   ) day of (   ) engage or employ any unregistered Seaman or any Seaman having a cancelled Register Ticket at any port in the said Territories, and shall cause to be delivered to him the Register Ticket of every Seaman, whom he shall engage at any such port after the said (   ) day of (   ) before putting to Sea, which Ticket the Master shall keep safely (unless in the cases herein mentioned) until the end of the Service of such Seaman with him, and shall then give it back to the Seaman to whom it belongs and every Master of a Vessel, who shall wilfully offend against this enactment, shall be liable to a penalty not exceeding One

রের মধ্যে এক জনের নিকটে দরখাস্ত করিবেক এবং সেই টিকিট যে সময়ে ও যেপ্রকারে খোয়া গেল তাহার বিষয়ে রেজিষ্ট্রার বা তাঁহার কোন এক জন আসিষ্টাণ্ট যে সকল জিজ্ঞাসাবাদ করেন তাহার উত্তর আপন বুদ্ধি সাধ্যপর্য্যন্ত সত্যরূপে দিতে হইবেক। এবং যদ্যপি দৃষ্ট হয় যে ইহাতে কোন চাতুরী ছিল না বা চাতুরীর মানস ছিল না তবে রেজিষ্টর টিকিট দেওনার্থে যে রসুম নির্দ্দিষ্ট আছে তাহার অতিরিক্ত পূর্ব্বের টিকিট হারাইবার সময় ও প্রকার বিবেচনা করিয়া রেজিষ্ট্রার শ্রীযুত গবরনর সাহেব কিম্বা শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে তাঁহাকে যেং হুকুম দেন সেই হুকুমমতে যে রসুম উচিত বুঝেন এ মত পাঁচ টাকার অনধিক রসুম লইয়া তাহাকে অন্য এক টিকিট দিবেন ইতি।

৮ ধারা। যখন কোন রেজিষ্টরীহওয়া খালাসী কারাগারে বা কোন হরিণবাড়ীতে কয়েদ হয় তখন আদালত অথবা জষ্টিস অফ দি পীস তাহার রেজিষ্টর টিকিট ঐ কারাগার বা হরিণবাড়ীর অধ্যক্ষের হাতে দেওয়াইবেন এবং তিনি খালাসীর কয়েদ থাকন সময়ে তাহা আপনার নিকটে রাখিবেন এবং কয়েদের শেষ হইলে তাহাকে ফিরাইয়া দিবেন। এবং যখন কোন রেজিষ্টরীহওয়া খালাসীর প্রাণদণ্ড বা দ্বীপান্তর প্রেরণের দণ্ড হয় তখন যে ব্যক্তির নিকটে ঐ খালাসী কয়েদ থাকে সেই ব্যক্তি ঐ রেজিষ্টর টিকিট যে রেজিষ্ট্রার তাহা দিয়াছিলেন তাঁহার দফ্তরে পাঠাইবেন ইতি।

৯ ধারা। যে প্রত্যেক রেজিষ্টর টিকিট রেজিষ্ট্রারের নিকটে ফিরিয়া আইসে তাহা তিনি বাতিল করিবেন এবং সময়ক্রমে এক তালিকা প্রস্তুত করিবেন এবং তাহার পূর্ব্ব বারো মাস ব্যাপিয়া যে প্রত্যেক টিকিট বাতিল হইয়াছে ও যে প্রত্যেক টিকিট হারাইয়া যাওনের বিষয়ে তাঁহাকে সম্বাদ দেওয়া গিয়াছে এবং তাহার পরিবর্ত্তে তিনি ঐ বারো মাস ব্যাপিয়া অন্য টিকিট দিয়াছেন এমত টিকিটের নম্বর ও নাম ঐ তালিকাতে নির্দ্দিষ্ট থাকিবেক। এবং ঐ তালিকা ইঙ্গরেজী ভাষাতে ও বন্দরের চলিত ভাষাতে গেজেটে প্রকাশ করাইবেন এবং শ্রীযুত গবরনর সাহেব বা শ্রীযুত গবরনর সাহেব হজুর কৌন্সেলে যে সকল নগর বা বন্দর নিরূপণ করেন সেইং নগর বা বন্দরের তাহিলের কালেক্টর সাহেব এবং পোলীসের প্রধান কার্য্যকারক সাহেবের নিকটে পাঠাইবেন এবং ঐ সাহেবেরা তাহা পরমিট ঘরে এবং পোলীসের দফ্তরের দৃষ্টিগোচর কোন স্থানে টাঙ্গাইবেন। এবং ঐ তালিকার এক নকল প্রত্যেক বন্দরের মাষ্টর আটেণ্ডাণ্ট সাহেবের নিকটে পাঠান যাইবেক এবং কোন রেজিষ্টরীহওয়া জাহাজের মালিম বা অধ্যক্ষ দরখাস্ত করিলে এবং এক টাকা রসুম দিলে তাঁহাকে ঐ তালিকার নকল দেওয়া যাইবেক ইতি।

১০ ধারা। এইমত প্রত্যেক জাহাজের মালিম উক্ত অমুক সালের অমুক মাসের অমুক তারিখের পরে উক্ত রাজ্যের কোন বন্দরে রেজিষ্টরী না হওয়া খালাসীর সঙ্গে অথবা যে খালাসীর রেজিষ্টর টিকিট বাতিল হইয়াছে তাহার সঙ্গে বন্দোবস্ত করিবেন না বা তাহাকে কর্ম্ম দিবেন না। এবং উক্ত বন্দরে উক্ত অমুক সালের অমুক মাসের অমুক তারিখের পরে যে প্রত্যেক খালাসীর সঙ্গে বন্দোবস্ত করেন তাহার রেজিষ্টর টিকিট সমুদ্র গমনের পূর্ব্বে আপন হাতে সমর্পণ করাইবেন এবং (পশ্চাৎ লিখিত গতিকব্যতিরেকে) ঐ খালাসীর চাকরীর শেষপর্য্যন্ত ঐ জাহাজের মালিম অতিসাবধান করিয়া তাহা রাখিবেন এবং তৎপরে ঐ টিকিট যে খালাসীর হয় তাহাকে তাহা ফিরাইয়া দিবেন। এবং জাহাজের যে প্রত্যেক মালিম জানিয়া শুনিয়া এই আইন উল্লঙ্ঘন করেন তিনি যে প্রত্যেক খালাসীকে এইরূপে

Hundred Rupees, for each Seaman so unlawfully engaged or employed

আইনবিরুদ্ধে নিযুক্ত করেন বা চাকরী দেন তাহার জন্যে এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

XI Every person applying for a Register Ticket, who shall wilfully give a false answer to any question, which the Registrar or his Assistant is entitled to ask of him, or wilfully make any false statement before the Registrar or his Assistant as to the loss of any Register Ticket, shall be liable to a penalty, not exceeding Fifty Rupees

১১ ধারা। যে প্রত্যেক ব্যক্তি রেজিষ্টর টিকিটের নিমিত্তে দরখাস্ত করে সেই ব্যক্তি যদি রেজিষ্ট্রার অথবা তাঁহার আসিষ্টান্ট যে জিজ্ঞাসা করিতে পারেন সেই জিজ্ঞাসার মিথ্যা উত্তর জানিয়া শুনিয়া দেয় অথবা জানিয়া শুনিয়া রেজিষ্ট্রার অথবা তাঁহার আসিষ্টান্টের সম্মুখে আপনার টিকিট হারাইয়া যাওনের বিষয়ে কোন মিথ্যা এজহার করে সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

XII Every person, who shall wilfully alter, deface or destroy any Register Ticket, or counterfeit any such Register Ticket, or transfer or traffic in any such Ticket, issued or purporting to be issued under this Act, shall be liable to a penalty, not exceeding One Hundred Rupees

১২ ধারা। যে কোন ব্যক্তি জানিয়া শুনিয়া কোন রেজিষ্টর টিকিট মতান্তর করে কি বিরূপ করে কি নষ্ট করে অথবা এইমত কোন রেজিষ্টর টিকিট কৃত্রিম করে বা এই আইনানুসারে যে টিকিট দেওয়া গিয়াছে অথবা দেওয়া গিয়াছে কথিত হয় সেই টিকিট হস্তান্তর করে বা ক্রয় বিক্রয় করে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

XIII Every person, who shall become possessed of any Register Ticket other than that lawfully issued to him, (except Masters of Vessels and others directed to keep any such Tickets by this Act), either by the death of the Seaman to whom it belonged or otherwise, shall forthwith send it to the Registrar of the port whence it was issued, and in default of so doing shall be liable to a penalty, not exceeding One Hundred Rupees

১৩ ধারা। জাহাজের মালিম এবং অন্য যে ব্যক্তিকে এই আইনানুসারে সেই প্রকার টিকিট রাখিবার হুকুম হইয়াছে সেই ব্যক্তিছাড়া যে কোন ব্যক্তি আপনাকে আইনমত দেওয়া টিকিটব্যতিরেকে কোন টিকিট খালাসীর মরণের দ্বারা বা প্রকারান্তরে প্রাপ্ত হয় সেই ব্যক্তি তৎক্ষণাৎ তাহা যে বন্দরে দেওয়া গিয়াছিল সেই বন্দরের রেজিষ্ট্রারের নিকটে পাঠাইবেক এবং তাহা না করিলে এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

XIV Every Seaman, tendering to the Master or Owner of any Vessel a cancelled Register Ticket, or any Ticket not lawfully issued to him, shall forfeit to the Owner all wages accruing to him during the service for which he shall have agreed

১৪ ধারা। যে কোন খালাসী রাতিলহওয়া রেজিষ্টর টিকিট কিম্বা আইনমত প্রাপ্ত না হওয়া কোন টিকিট কোন জাহাজের মালিক কি অধ্যক্ষকে সমর্পণ করে সেই খালাসী যে কালপর্য্যন্ত কর্ম্ম করিতে বন্দোবস্ত করিয়াছে তাহার সেই কালের সকল মাহিয়ানা মালিকের নিকটে জব্দ হইবেক ইতি।

XV All penalties directed by this Act may be imposed on summary conviction before a Magistrate or Justice of the Peace, and may be recovered with costs, as if they were imposed by a Magistrate under Act II 1839

১৫ ধারা। এই আইনের দ্বারা যে সকল জরীমানা নির্দ্দিষ্ট হইয়াছে মাজিষ্ট্রেট সাহেবের অথবা জষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে সরাসরীমতে দোষ সাব্যস্ত হইলে ঐ জরীমানার হুকুম হইতে পারে এবং ১৮৩৯ সালের ২ আইনানুসারে মাজিষ্ট্রেট সাহেব ঐ জরীমানার হুকুম করিলে যে প্রকারে আদায় হইতে পারিত সেই প্রকারে ঐ জরীমানা খরচা সমেত আদায় হইতে পারিবেক ইতি।

XVI The Fees received by the Registrar shall be applied toward defraying the expences of this Act, besides which a yearly duty of one anna per ton shall be levied for the same purpose on all Vessels of the burden of one hundred and fifty tons and upwards, navigated to or from the ports within the Territories under the Government of the East India Company, and the production of a certificate of payment at one port of Registry shall free at all others during the current year, to be reckoned from the first day of January to the last day of December

১৬ ধারা। রেজিষ্ট্রার সাহেব যে সকল রসুম পান তাহাহইতে এই আইনের খরচ দেওয়া যাইবেক। তদ্ভিন্ন সেই খরচা দেওনার্থে দেড় শত টন ও তাহার অধিক বোঝাইধারি যে সকল জাহাজ কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যস্থিত বন্দরে প্রবেশ করে বা তাহাহইতে গমন করে সেই সকল জাহাজের উপর টন প্রতি এক আনা বার্ষিক মাসুল লওয়া যাইবেক। এবং রেজিষ্টরী এক বন্দরে ঐ টাকা দেওয়া যাওনের সর্টিফিকট দেখান গেলে তদ্দ্বারা সেই সনের মধ্যে অন্য সকল বন্দরে কোন মাসুল দিতে হইবেক না এবং ঐ সনের হিসাব জানুআরি মাসের প্রথম দিবসঅবধি ডিসেম্বর মাসের শেষ দিবসপর্য্যন্ত হইবেক ইতি।

SCHEDULE A

1 What is your name and Surname ?

2 What is your Father's name, and usual dwelling place ?

3 Have you been registered before ?

4 Where were you born ?

5 When were you born ?

A চিহ্নিত তফসীল।

১। তোমার নাম ও তোমার পদবী কি।

২। তোমার পিতার নাম কি এবং তাহার সামান্য বাস কোথায় আছে।

৩। ইহার পূর্ব্বে তোমার রেজিষ্টরী হইয়াছিল কি না।

৪। তোমার জন্মস্থান কোথায়।

৫। তোমার জন্মদিন কি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪১। ২৫ ডিসেম্বর।]

6 When did you first go to Sea ?
7 In what capacity did you first go ?
8 In what capacity have you since served ?
9 Have you served in the Royal or Indian Navy ? or in the Marine of the East India Company ?
10 If you have, how long ? and in what Ships ? and in what capacity ?
11 Have you been in Foreign Service ?
12 If you have, how long ? and in what capacity ? and under what Flag ?
13 How have you been generally employed at Sea ?
14 Where do you usually live when unemployed ?

৬। তুমি কখন্ প্রথমে সমুদ্রে গমন করিলা।
৭। তুমি কোন্ পদে প্রথমে সমুদ্রে গমন করিলা।
৮। তৎপরে তুমি কোন পদের কর্ম্ম করিয়াছ।
৯। তুমি রাজার যুদ্ধজাহাজে বা কোম্পানি বাহাদুরের যুদ্ধজাহাজে কি কোম্পানি বাহাদুরের কোন জাহাজে কর্ম্ম করিয়াছ কি না।
১০। যদি করিয়াছ তবে কত কালাবধি এবং কোন্২ জাহাজে এবং কোন২ পদে।
১১। তুমি ভিন্নাধিকারি জাহাজে কর্ম্ম করিয়াছ কি না।
১২। যদি করিয়া থাক তবে কত কালাবধি এবং কোন্ পদে এবং কোন্ পতাকার অধীনে।
১৩। সমুদ্রে থাকিয়া তুমি কোন কার্য্য করিয়াছ।
১৪। কর্ম্ম না থাকিলে তুমি সামান্যতঃ কোথায় বাস কর।

SCHEDULE B

Names and numbers of the Register Tickets of the Crew (including Apprentices) now serving on board the of the Port of of the burden of Tons, on taking departure from the Port of in the East Indies bound on a voyage to

No and date of Ship's Register	Name	Capacity	Number of Register Ticket

Dated this day of 18

Master

Ordered, that the said Draft be re considered at the first Meeting of the Legislative Council of India, after the 7th day of February, 1850

F J HALLIDAY,
Secy to the Govt of India

B চিহ্নিত তফসীল।

ভারতবর্ষের অমুক বন্দরহইতে অমুক স্থানে গমনশীল এত টন বোঝাইধারি অমুক বন্দরের অমুকনামক জাহাজে খালাসীরদের ও কর্ম্মশিক্ষাকারিরদের নাম ও রেজিষ্টর টিকিটের নম্বর।

জাহাজের নম্বর ও রেজিষ্টরের তারিখ	নাম	পদ	রেজিষ্টর টিকিটের নম্বর

অমুক সাল অমুক তারিখ অমুক মালিম।

হুকুম হইল যে ১৮৫০ সালের ৭ ফেব্রুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator,*

[*Government Gazette, 25th December,* 1849]

CIRCULAR ORDER OF THE ACCOUNTANT GENERAL

No 756

To the Collectors of Land Revenue of the Lower Provinces, with the exception of the Districts of Cachar, Calcutta, Durrung, Jorehaut, Kamroop, Luckimpore, Nowgong, Moulmein, Mergui, Tavoy, Singbhoom

Government having ruled, that the Audit of the Civil Auditor is unnecessary as authority for charges on account of 4 per cent discount allowed upon wholesale vend of Stamps, I have the honor to inform you, that such charges incurred by you under Clause 4, Section XI Regulation X of 1829, will in future be admitted by this Office upon the authority of the respective payee's receipts

2 For purposes of check in this Department, you will be good enough to enter such transactions in your Treasury Accounts in the manner shewn in the margin *

(Signed) W MAPLES,
Astt to the Acct to the Govt of Bengal

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 30th November, 1849

আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরকুলর অর্ডর।

৭৫৬ নম্বর।

কাছাড় ও কলিকাতা ও দরঙ্গ ও যোড়হাট ও কামরূপ ও লক্ষ্মীপুর ও নওগাঁ ও মৌলমেন ও মরগুই ও টাবয় ও সিংহভূম জিলা ভিন্ন বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

গবর্ণমেণ্ট বিধান করিয়াছেন যে ইষ্টাম্প কাগজ মোটে বিক্রয় সময়ে তাহার উপর যে শতকরা ৪৲ টাকার ডিসকৌণ্ট অর্থাৎ ছুটের অনুমতি আছে তাহা দেওনের পূর্ব্বে সিবিল আডিটর সাহেবের মঞ্জুরীর আবশ্যক নাই। অতএব তোমাকে জানাইতেছি যে ১৮২৯ সালের ১০ আইনের ১১ ধারার ৪ প্রকরণমতে এই বিষয়ে তোমার যে খরচা হয় তাহা ঐ টাকা পাওনিয়ার রসীদক্রমে এই দফ্তরখানায় উত্তর কালে গ্রাহ্য হইবেক।

২ দফা। এই সিরিশ্তায় মোকাবিলা করিবার নিমিত্তে তুমি আপন খাজানাখানার খাতা বহীর মধ্যে ঐপ্রকার সকল কার্য্য নীচের লিখিতমতে জমা খরচে লিখিবা ইতি।

ডবলিউ মেপলস।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের অক্কৌণ্টেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট।

ফোর্ট উলিয়ম। আক্কৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট। ১৮৪৯। ৩০ নবেম্বর।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDER OF THE SUDDER BOARD OF REVENUE

No 50

From the Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

I am directed by the Sudder Board of Revenue to request that you will ascertain and report how many Estates have been divided under the Butwarrah Laws in each of the Districts of your Division since 1793, and what proportion the aggregate Sudder Jummah of such Estates bears to the entire Sudder Jummah of the District

2 The above information may be exhibited in the accompanying Tabular Form if the Records of any District are not complete for so many years

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

৫০ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে আদেশ করিতেছি যে ১৭৯৩ সালের পর তোমার এলাকার প্রত্যেক জিলাতে বাঁটওয়ারার আইনমতে যত মহালের বণ্টন হইয়াছে তাহা এবং বাঁটওয়ারার মহালের মোট সদর জমা জিলার সমুদয় সদর জমার যে ভাগ হয় তাহা অবগত হইয়া রিপোর্ট কর।

২। উক্ত বিবরণ নীচের লিখিত পাঠানুসারে লেখা যাইতে পারে। যদি কোন জিলার তত বৎসরের কাগজ

---

* On the *Receipt* side

"To Superintendent of Stamps — Amount of Stamp duty realized during the month, viz Sold by Venders in Retail, 000

Do Do Wholesale under Clause 4 Section XI Regulation X of 1829, 000 000

On the *Disbursement* side

"By Superintendent of Stamps" (enter usual charges) 000

Four per cent Discount under Clause 4, Section XI Regulation X of 1829, as per parties' receipts transmitted, 000 000

জমা।

"ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের প্রাপ্ত।"

মাসের মধ্যে ইষ্টাম্পের যে মাসুল পাওয়া গেল অর্থাৎ বিক্রেতারদের খুচরা বিক্রয়ের দ্বারা ...

ঐ ঐ ১৮২৯ সালের ১০ আইনের ১১ ধারার ৪ প্রকরণক্রমে মোট বিক্রয় ... ...

খরচ।

"ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্টের ব্যয়" (এই স্থানে রীতিমত খরচ লেখ) ...

টাকা পাওনিয়ারদের প্রেরিত রসীদমতে ১৮২৯ সালের ১০ আইনের ১১ ধারার ৪ প্রকরণক্রমে শতকরা ৪৲ টাকার ছুট ... ...

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২৫ ডিসেম্বর।]

back, the Collector should be required to furnish the information for as many years as he can

(Signed) G PLOWDEN,
Secretary

Sudder Board of Revenue,
Fort William, the 4th December, 1849

পত্র পূরা না থাকে তবে তুমি কালেক্টর সাহেবকে হুকুম কর যে যত বৎসরের সম্বাদ দিতে পারেন ততই দেন।

জি প্লোডন। সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৯। ৪ ডিসেম্বর।

FORM

District	Number of Estates in District.	Sudder Jummah of District	Number of Estates which have been divided	Jummah of divided Estates	Proportion of Sudder Jummah paid by divided Estates to Sudder Jummah of the whole District
A B	1,500	10,00,000	100	50,000	1 20th or 5 per cent

পত্র।

জিলা।	জিলার মধ্যে যত মহাল [illegible]	জিলার সদর জমা	[illegible]	বাঁটওয়ারার মহালের জমা	বাঁটওয়ারার মহা সদর জমা সমুদায় সদর জমার যে [illegible]
অমুক	১৫০০৲	১০০ ০০৲	১০০৲	৫০০০০	কুড়ি ভাগের ১ ভাগ ৫৲ টাকা অর্থাৎ শত [illegible]

JOHN C MARSHMAN, Bengalee Translator

EDUCATION NOTICE

The next Meeting of the Committee appointed for the Examination of Candidates for promotion and employment in the Education Department, will be held in the Hindoo College, on Saturday, the 5th January, 1850, at 10 A M

Detailed particulars of the nature and extent of the Examination, the Number of Vacancies in the Department, &c &c will be afforded by the Secretary to the Council of Education to all Candidates on *personal* application

(By order)
I J MOUAT, M D,
Secretary

বিদ্যাধ্যাপন বিজ্ঞাপন।

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে উচ্চ পদ প্রাপণার্থ এবং কর্ম্মে নিযুক্ত হইবার আকাঙ্ক্ষকদের পরীক্ষার্থ কমিটির আগামি ১৮৫০ সালের ৫ জানুআরি তারিখ শনিবার দশ ঘণ্টার সময়ে হিন্দু কালেজে হইবেক।

পরীক্ষার প্রকার এবং যেপর্য্যন্ত পরীক্ষা হইবেক ও বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে যত পদ শূন্য আছে ইত্যাদি বিস্তারিত বৃত্তান্ত কর্ম্মাকাঙ্ক্ষি যে কোন জন জানিতে চাহেন তিনি বিদ্যাধ্যাপনের কোন্সেলের সেক্রেটারী সাহেবের নিকটে স্বয়ং উপস্থিত হইয়া তাহার স্থানে জানিতে পারিবেন।

(হুকুমক্রমে।)
এফ জে মৌআট। সেক্রেটারী।

A vacancy having occurred in the Office of Librarian of the Hooghly College, Candidates for the same are requested to forward their applications either to the Principal of the College or to this Office

হুগলী কালেজের পুস্তকরক্ষকের পদ শূন্য হইয়াছে অতএব যাঁহারা ঐ পদ প্রাপ্ত হইতে চাহেন তাঁহারা আপনারদের দরখাস্ত ঐ কালেজের প্রধান সাহেবের নিকটে অথবা এই সিরিশ্তায় পাঠাইয়া দেন।

[*Government Gazette, 25th December*, 1849]

The salary of the situation is Fifty Rupees a month

The preference in selection, qualifications being equal, will be given to the best of the unemployed Candidates on the Council's List

(By order,)

F J MOUAT, M D,
Secretary

Council of Education, 17th December, 1849

ঐ পদের মাহিয়ানা পঞ্চাশ টাকা।

গুণ সমান হইলে কৌন্সেলের ফর্দ্দে লিখিত যে কর্ম্মাকাঙ্ক্ষিরা কোন কর্ম্মে নিযুক্ত হন নাই তাঁহাদের মধ্যহইতে এক ব্যক্তি মনোনীত হইয়া নিযুক্ত হইবেন।

(হুকুমক্রমে)

এফ জে মৌআট। সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৯। ১৭ ডিসেম্বর।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

LEAVES OF ABSENCE

The 14th December, 1849

The remaining portion of the leave of absence granted on the 16th ultimo, to Baboo Poornoo Chunder Mitter, 1st Grade Moonsiff of Jessore Division is cancelled

Baboo Koonjo Lall Banerjee, Moonsiff of Chow-[illegible]g, Zillah Rajshahye, for ten days, under Mc Certificate

The 20th December, 1849

[illegible] Ramdoolub Doss, Moonsiff of Lingnah, [illegible]ymensingh, for three days, in excess of that [illegible]d to him on the 14th ultimo

B J COLVIN, *Register*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৯ সাল ১৩ ডিসেম্বর।

যশোহর এলাকার প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র মিত্র গত মাসের ১৬ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

জিলা রাজশাহীর চৌগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু কুঞ্জলাল বাঁড়য্যা চিকিৎসকের সর্টিফিকটক্রমে দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ২০ ডিসেম্বর।

জিলা ময়মনসিংহের পিঙ্গনার মুনসেফ শ্রীযুত বাবু রামদুলভ দাস গত মাসের ১৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত তিন দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

[illegible]জকর্ম্মে নিয়োগ।

১০৩৩ নম্বর।

বাঙ্গলা দেশে[illegible] [illegible]যুত অনরবিল ডেপুটী গবরনর [illegible]হেবের হুকুম।

[illegible]জ্ঞাপন।

১৮৪[illegible] [illegible] ১১ ডিসেম্বর।

সিবিলসম্পর্কীয় সি[illegible] [illegible]র শ্রীযুত টি ডবলিউ ক্লিফর্ড সাহেব ও শ্রীযুত ডব[illegible] বালমেন সাহেব (Messrs T W Clifford and [illegible] Balm[illegible]n,) এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া স[illegible]রী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

১৮৪৯ সাল ১৩ [illegible]সম্বর।

সিবিলসম্পর্কীয় সিবিশতার [illegible]ত এম আর গবিন্স সাহেব (Mr M R Gubbins,) [illegible]ন্স অফ ওয়েলস" নামক জাহাজে ইঙ্গলণ্ডহইতে প্র[illegible]গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ ব[illegible]ন মাসের ৮ তারিখে খাজুরিতে পঁহুছে।

সিবিলসম্পর্কীয় সিবিশতার শ্রীযুত [illegible] জে এম মিল্‌স সাহেব ও শ্রীযুত আর বি গারেট সাহে[illegible] শ্রীযুত আর হামটন সাহেব ও শ্রীযুত এ হামণ্ড সাহেব [illegible]essrs A J M Mills, R B Garrett, R Hamp[illegible] and A Hammond,) "হাডিংটন" নামক বাষ্পীয় জা[illegible]জে ইঙ্গলণ্ডহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপো[illegible]রেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৭ তারিখে খাজুরী প[illegible]ছে।

১৮৪৯ সাল ১৪ ডিসেম্বর।

১৪ সংখ্যক অর্থাৎ মুরশিদাবাদ এলাকার কমিস[illegible]নর শ্রীযুত টি টেলর সাহেব (Mr T Taylor,) গত মাসে[illegible] ১৯ তারিখে যে ছুটী পান তাহা বর্ত্তমান মাসের ৯ ত[illegible]রিখে গ্রহণ করেন।

শ্রীযুত এ এস আনাণ্ড সাহেব (Mr A S Annand,) বর্ত্তমান মাসের ১ তারিখে ছিলটের কালেক্টরীর ভার শ্রীযুত ডবলিউ বি বকল সাহেবের (Mr W B Buckle) প্রতি অর্পণ করেন।

বেহারের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর জে জি ডেনহাম সাহেব (Dr J G Denham,) গত মাসের ৫ তারিখে যে ছুটী পান তাহা বর্ত্তমান মাসের ১ তারিখে গ্রহণ করেন।

সদর আদালতের জজ শ্রীযুত আবরক্রম্বি ডিক সাহেব (Mr Abercrombie Dick,) গত মাসের ২৮ তারিখে যে ছুটী পান তাহা বর্ত্তমান মাসের ৩ তারিখে গ্রহণ করেন এবং সমুদ্রে গমনের পূর্ব্বে বর্ত্তমান মাসের ৭ তারিখে ঐ কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

মুরশিদাবাদের কালেক্টর শ্রীযুত আর এফ হজসন সাহেব (Mr R F Hodgson,) বর্ত্তমান মাসের ৫ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত আর পি হারিসন সাহেবের (Mr R P Harrison) স্থানে পুনর্গ্রহণ করেন।

রাজশাহীর মাজিষ্ট্রেট শ্রীযুত এ এ সুইন্টন সাহেব (Mr A A Swinton,) বর্ত্তমান মাসের ১০ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত এ ই রসল সাহেবের (Mr A E Russell,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১০৪৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৯ সাল ১২ ডিসেম্বর।

শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেব (Mr C W Mackillop,) চব্বিশপরগনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন ও জাইন্ট মাজিষ্ট্রেট ও

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৯। ২৫ ডিসেম্বর।]

ডেপুটী কালেকটরের ক্ষমতাপ্রাপ্ত হইবেন এবং ঐ জিলাতে দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

১৮৪৯ সাল ১৫ ডিসেম্বর।

শ্রীযুত এ হামণ্ড সাহেব (Mr A Hammond,) বীরভূমের মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন এবং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

ছুটী।

১৮৪৯ সাল ৭ ডিসেম্বর।

যশোহরের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ এফ জেমস সাহেব (Mr H F James,) যে তারিখে আপনার সিবিলতার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র ন্যায়রত্নের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে বিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৯ সাল ১৫ ডিসেম্বর।

উত্তর আসামের পোলিটিকাল এজেণ্ট শ্রীযুত কাপ্তান এচ বেচ সাহেব (Captain H Vetch,) আপনার সিবিলতার কর্ম্মের ভার শ্রীযুত লেপ্টেনেণ্ট সি হলরএড সাহেবের (Lieut C Holroyd,) প্রতি অর্পণ করিয়া স্বীয় কার্য্যোপলক্ষে রাজধানীতে গমনার্থে দুই মাসের ছুটী পাইয়াছেন।

ভাগলপুরের মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ এচ ব্রডহর্ষ্ট সাহেবকে (Mr W H Brodhurst,) গত সেপ্টেম্বর মাসের ২০ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা বর্ত্তমান মাসের ১ তারিখে আরম্ভ না হওয়া যে তারিখে আপনার কর্ম্মের ভার অন্য সাহেবের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি আরম্ভ হইবেক।

বিজ্ঞাপন।

১৮৪৯ সাল ১৮ ডিসেম্বর।

সাগরপুরে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত জে কেডনহেড সাহেব (Mr J Cadenhead,) এবং ছোট আসিষ্টাণ্ট ও [illegible] শ্রেণীর আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট জে এস ডেবিস সাহেব (Lieut J S Davies) এবং [illegible] সাহেবের একটি ছোট আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট জে এমসন সাহেব (Lieut J Emerson,) বর্ত্তমান মাসের ৬ তারিখে আপনার কর্ম্মের ভার গ্রহণ করেন।

ভাগলপুরের মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ এচ ব্রডহর্ষ্ট সাহেব (Mr W H Brodhurst) বর্ত্তমান মাসের ৭ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেবের (Mr C T Buckland,) প্রতি অর্পণ করেন।

ভাগলপুরের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু দ্বারকানাথ চাটুয্যা বর্ত্তমান মাসের ৩ তারিখে আপনার কর্ম্মস্থানে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

সদর আদালতের একটিং জজ শ্রীযুত জে ডনবার সাহেব (Mr J Dunbar,) গত মাসের ১০ তারিখে যে ছুটী পান তাহা ঐ তারিখে গ্রহণ করেন এবং এ মাসের ১৮ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করেন।

শ্রীযুত সি এচ লশিংটন সাহেব (Mr C H Lushington,) বর্ত্তমান মাসের ১১ তারিখে দারজিলিঙ্গের সুপরিণ্টেণ্ডেণ্টী কার্য্যের ভার শ্রীযুত কাপ্তান অনরবিল আর বি পি বিং সাহেবের (Capt the Honble R B P Byng,) স্থানে গ্রহণ করেন।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ সাহেব (Mr G C Cheap,) পাবনাতে দওরার গমনার্থে বর্ত্তমান মাসের ১২ তারিখে আপনার সিবিলতার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুল আলীর প্রতি অর্পণ করেন।

যশোহরের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ এফ জেমস সাহেব (Mr H F James) বর্ত্তমান মাসের ১৩ তারিখে আপনার কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র ন্যায়রত্নের প্রতি অর্পণ করেন।

বাকরগঞ্জের মাজিষ্ট্রেট শ্রীযুত এম এ জি শা সাহেব (Mr M A G Shawe) বর্ত্তমান মাসের ১০ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত জে আর মসপ্রাট সাহেবের (Mr J R Muspratt,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত জি লচ সাহেব (Mr G Loch,) বর্ত্তমান মাসের ৩ তারিখে ভাগলপুরের কালেকটরীর ভার শ্রীযুত এচ সি রেকস সাহেবের (Mr H C Raikes,) প্রতি অর্পণ করেন।

সিবিলসম্পর্কীয় সিবিলশ্রেণীস্থ শ্রীযুত এচ আর্মষ্ট্রং সাহেব (Mr H Armstrong) বর্ত্তমান কালের নিমিত্ত ছুটী লইবার অনুমতি পাইয়াছেন।

বাঙ্গালা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্ণর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।
বাঙ্গালা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১৩৭ নম্বর।

বাঙ্গালা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্ণর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৪৯ সাল ১৯ ডিসেম্বর।

নওয়াখালীর সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক ডাক্তর জে বেকর সাহেব (Dr J Baker,) গত [illegible] মাসের ৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত [illegible] মাসের ১৭ তারিখঅবধি দশ দিনের ছুটী [illegible]।

বীরভূমের মাজিষ্ট্রেট শ্রীযুত এফ এ [illegible] সাহেব (Mr F A E Dalrymple) [illegible] মাসের ২৬ তারিখে আপনার কর্ম্মের [illegible] নিমিত্তে যে ছুটী পান তদতিরিক্ত [illegible] পনর দিনের ছুটী পাইয়াছেন।

চম্পারণের জাইণ্ট মাজিষ্ট্রেট [illegible] শ্রীযুত জি সি ফ্লেচর সাহেব (Mr [illegible] Fletcher) [illegible] গমনের অনুমতির প্রার্থ[illegible] মাসের ১৬ তারিখে যে ছুটী [illegible] সর্টিফিকটক্রমে দুই মাসের [illegible] পাইয়াছেন।

১৮৪৯ সাল [illegible] ডিসেম্বর।

ভাগলপুরের ডেপুটী [illegible] ও মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত [illegible] পণ্টেট সাহেব (Mr [illegible] Pontet,) গত মাসের [illegible] তারিখে যে ছুটী [illegible] রহিত হয়।

বিজ্ঞাপন।

১৮[illegible] সাল ১[illegible] ডিসেম্বর।

সিবিলসম্পর্কীয় সিবিলশ্রেণীর শ্রীযুত ডি কনলিফ সাহেব (Mr D Cunl[illegible]) 'কাম্বরডেল' নামক জাহাজে [illegible] গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। [illegible] বর্ত্তমান মাসের ১৩ তারিখে [illegible] সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

১৮৪৯ সাল ২১ ডিসেম্বর।

আসামের ডেপুটী কমিসনর শ্রীযুত মেজর জে মাথি সাহেব (Major J Matthie) বর্ত্তমান মাসের ৫ তারিখে মধ্য ও উত্তর আসামে কিশন দওরার কার্য্য [illegible] গোহাটিহইতে প্রস্থান করেন।

বর্দ্ধমানের কালেকটর শ্রীযুত জি জি মাকিণ্টশ সাহেব (Mr G G MacIntosh,) বর্ত্তমান মাসের ১৮ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ সি লকনর সাহেবের (Mr W C Lochner,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত মেজর ডবলিউ রিডল সাহেব (Major W Riddell,) বর্ত্তমান মাসের [illegible] তারিখে [illegible]

টগী নিবারণার্থ আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্মের ভার মাজিষ্ট্রেট শ্রীযুত ই এচ লশিংটন সাহেবের (Mr I II Lushington) প্রতি অর্পণ করেন। এবং সেই তারিখে বেহারের তৈনাতী সৈন্যেরদের অধ্যক্ষতা কর্ম্মের ভার এদেশীয় ৬৭ সংখ্যক পদাতিক পল্টনের লেপ্টেনেন্ট শ্রীযুত জি এফ ডয়লি সাহেবের (Lieut G D'Oyly,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

জে পি গ্রান্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

MISCELLANEOUS ADVERTISEMENT

সাধারণ ব্যক্তিরদের ইশতিহার।

গত ১৫ নবেম্বর তারিখে শ্রীরামপুরের ছাপাখানাতে এই পুস্তক প্রকাশ হইয়াছে

বিশেষতঃ

সিবিল গাইড।

অর্থাৎ

দেওয়ানী আইনের সংগ্রহ

শ্রীযুত জান মার্শমন সাহেবকর্ত্তৃক সংগৃহীত।

বঙ্গ ভাষায়

দ্বিতীয়বার প্রকাশিত হইল।

১৮৪৩ সালে ঐ পুস্তক প্রথমবার প্রকাশিত হওনের পরে যে সকল আইন ও সর্কুলের অর্ডর ও আইনের অর্থ জারী হইয়াছে তাহা এই পুস্তকে ছাপা হইল। তদ্ভিন্ন সদর দেওয়ানী আদালতের নিষ্পত্তিহওয়া ১ শতেরও অধিক মোকদ্দমার রিপোর্ট অর্থাৎ নজির এই পুস্তকে ছাপা হইয়াছে। পুস্তকের মূল্য ৩ টাকা মাত্র।

যাঁহারদের প্রয়োজন হয় তাঁহারা শ্রীরামপুরের ছাপাখানায় আপনারদের ইচ্ছা জানাইবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৯। ২ ডিসেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রে শ্রীযুত জান মার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।